Pal, Shri, Ras Behari Pemantle, Shrimati Olive Platel, Shri R. E. Pramanik, Shri Rajani Kanta Pramanik, Shri Sarada Prodhan, Shri Trailokyanath Rafiuddin Ahmed, The Hon'ble Dr. Raikut, Shri Sarojendra Deb Ray, Shri Arabinda Ray, Shri Jajneswar Roy, The Hon'ble Dr. Anath Bandhu Roy, Shri Atul Krishna Roy, The Hon'ble Dr. Bidhan Saha, Shri Dhaneswar Sarkar, Shri Amarendra

Sen, Shri Narendra Nath Sen, The Hon'ble Prafulla Chandra Sen, Shri Santi Gopal Shakila Khatun, Shrimati Shukla, Shri Krishna Sinha, The Hon'ble Bimal Chandra Tarkatirtha. Shri Bimalananda Thakur, Shri Pramatha Ranjan Trivedi, Shri Goalbadan Tudu, Shrimati Tusar Wangdi, Shri Tenzing Yeakub Hossain, Shri Mohammad Zia-Ul-Huque, Shri Md.

AYES-41

Banerjee, Dr. Dhirendra Banerjee, Shri Subodh Basu, Shri Amarendra Nath Basu, Shri Gopal Basu, Shri Hemanta Kumar Basu, Shri Jyoti Bhaduri, Shri Panchugopal Bhagat, Shri Mangru Bhattacharjee, Shri Panchanan Chatterjee, Shri Basanta Lal Chatterjee, Dr. Hirendra Chatterjee, Shri Mihirlal Chattoraj, Dr. Radhanath Das, Shri Gobardhan Das, Shri Sunil Ghosal, Shri Hemanta Kumar Ghosh, Dr. Prafulla Chandra Ghosh, Shri Ganesh Ghosh, Shrimati Labanya Prova

Golam Yazdani, Dr. Halder, Shri Ramanuj Halder, Shri Renupada Hamal, Shri Bhadra Bahadur Hansda, Shri Turku Majhi, Shri Jamadar Majhi, Shri Ledu Maji, Shri Gobinda Charan Majumdar, Shri Apurba Lal Modak, Shri Bijoy Krishna Mukherji, Shri Bankim Muhhopadhyav, Shri Samar Mullick Chowdhury, Shri Suhrid Pakray, Shri Gobardhan Panda, Shri Basanta Kumar Pandey, Shri Sudhir Kumar Ray, Dr. Narayan Chandra Roy, Shri Rabindra Nath Roy, Shri Saroj Sen, Shri Deben Sengupta, Shri Niranjan Tah, Shri Dasarathi

The motion of Hon'ble Tarun Kanti Ghosh that a sum of Rs. 1,27,76,000 be granted for expenditure under Grant No. 5, Major Head "10-Forest" was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. day after tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-34 p.m. till 3 p.m. on Friday, the 3rd March, 1961, at the Assembly House, Calcutta.



ASSEMBLY PROCEEDINGS

Official Report

West Bengal Legislative Assembly

Twenty-Ninth Session

(February-March, 1961)

PART-2

3rd March, 1961

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Price Rs. 1.16 nP. English 1s-3d. per copy.

ASSEMBLY PROCEEDINGS

Official Report

West Bengal Legislative Assembly

Twenty-Ninth Session

(February-March, 1961)

PART-2

3rd March, 1961

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedus and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

'roceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 3rd March 1961, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hou'ble Bankim Chandra Kar) in the Chair, 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 181 Members.

[3-3.10 p.m.]

Unstarred Question

(to which written answer was laid on the table)

Test Relief Work in Banagram subdivision

- 22. (Admitted question No. 134.) Shri Ajit Kumar Ganguli: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—
 - (ক) ১৯৬০ সালের মার্চ হইতে ১৯৬১ সালের ৩১এ জামুয়ারি পর্যস্ত বনগ্রাম মহকুমায় কোন্ কোন প্রকারের টেস্ট রিলিফের কাজ করান হইয়াছে;
 - (খ) টেস্ট বিলিফ মারফত ইউনিয়নগুলিতে কয়টি রাস্তা হইয়াছে এবং তাহার দৈর্ঘ্য কত;
 - (গ) এই রান্তার জন্ম কত লোক কাজ করিয়াছে এবং মজুরি হিদাবে কত গম এবং কভ টাকা পাইয়াছে: এবং
 - (খ) এইসব রাস্তা করিবার ব্যাপারে নিযুক্ত পে-মাস্টার ও মোহরারের সরকার কর্তৃক নির্দিষ্ট যোগ্যতা কি ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

- কৃতন রাস্তা তৈয়ারি, রাস্তা মেরামত এবং খাল সংস্কারের কাল করান হইয়াছে।
- (খ) মোট ৭৫ ই মাইল দৈৰ্ঘ্যের ৩৬টি রাস্তা মেরামত এবং মোট ৪০ ই মাইল দৈর্ঘ্যের ১৮টি ন্তন বাতা তৈয়ার হইয়াছে।
- (গ) মোট ২২৯,৮-৪টি মজুরের কাজ (man-days of work) হইরাছে। মজুরি হিসাবে ১২,৬০৮ মণ ২৫ সের খাল্ডশস্ত এবং ২৮,০৬৬ টাকা নগদ দেওয়া হইরাছে।
 - (च) সাধারণত: বিশ্বস্তভা এবং হিসাব রাথিবার জ্ঞান।

Calling attention to matter of urgent public importance

The Hon'ble Abdus Sattar: Sir, A fatal accident occured in the Coalite Chemicals Private Ltd., at 8, Girish Chandra Ghose Road, Calcutta, due to failure of napthalene centrifuse machine which disintegrated and a part of the machine hit the deceased Kedar Ahir, who was passing by at that time, causing his instanteneous death. Shri Ahir was not actually working at the machine at that time. It appears that the machine was of an old design and some parts of it including the upright cast iron column from which rotor shaft mounted was broken into pieces.

The machine had been in use for a long time and a new occupier took over the machine and the premises from the previous occupier about six months back. The new occupier applied for registration and licensing of the factory on 29-12-60 and the factory was registered.

Investigation is being carried on to ascertain the causes of the accident and fixing of responsibility.

Adjournment motion

Mr. Speaker: There is one adjournment motion tabled by Shri Panchugopal Bhaduri. I consider it important and the honourable members may discuss it at the time when the budget discussion over this and other matters take place. I have decided to read out the adjournment motion though I have refused consent.

"The House do now adjourn to discuss a matter of grave and urgent public importance and of recent occurrence, viz., the failure of the State Government to check the sudden speculative rise of price of essential articles of public use and even the disappearance of some articles from the open market causing great suffering among the general public of the State of West Bengal."

Honourable member can discuss it when the demands for grants under the appropriate head will come up.

Shri Deben Sen: আমাদের এই বাজেটের কোন খাতে কোন item আছে যেখানে Central Government এর বাজেটের effect discuss করবো?

Mr. Speaker: Food - Extra-ordinary Charges.

Shri Panchugopal Bhaduri: আপনি যদি urgency স্বীকার করেন, তবে এখনি discussionএ অন্থবিধা কি ?

Mr. Speaker: Mr. Bhaduri, as you know, I have departed from the general rules which I have been following. I have read out the adjournment motion as I consider the honourable members must know and speak on it when the opportunity comes.

DEMAND FOR GRANT NO. 23

Major Heads: 40-Agriculture, etc.

The Hon'ble Tarun Kanti Ghosh: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 9,48,76,000 be granted for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agricultural, and 71-Capital Outlay on schemes of Agricultural improvement and Research outside the Revenue Account."

মাননীয় অধাক্ষ মহোদয়, এই যে ১ কোটি ৪৮ লক্ষ্য ৭৬ হাজার টাকা বায়বরাদ্ধ উপস্থিত করলাম. ভার মধ্যে ৬ কোটি ৩২ লক্ষ টাকা developmentএর জন্ম বায় করা হচ্ছে। এটা হচ্ছে, তৃতীয় পরিকল্পনার প্রথম বংসর খরচ করা হবে এবং এখানে দিতীয় পরিকল্পনার শেষ বংসরে যা খরচ করা হয়েছে তার সঙ্গে তলনা করলে দেখা যাবে যেখানে ২ কোটি ৩০ লক্ষ টাকা বায় করা হয়েছিল দেখানে এবার ৬ কোটি ৩২ লক্ষ টাকা ব্যয় করতে যাচ্ছি প্রথম বংসরে। আমাদের এই কৃষি বিভাগের কথা বলতে গিয়ে প্রথমেই বলতে চাই পশ্চিমবঙ্গে যে জমি রয়েছে তার প্রায় ৮১ ভাগ জমি মামরা কৃষির জন্ম ব্যবহার করে থাকি। এটা যে ৩৪ ভারতবর্ষের মধ্যে বেশী তানয়, সম্প্র পুধিবীতে এত বেশী land utilisation আর কোপাও হয়নি। এবং অন্তান্ত প্রদেশের সঙ্গে তলনা করলে দেখা যাবে West Bengalo 87 percent; Andhrao 41.4 percent; Assam 9.4 percent; Bihar 44.6 percent; Bombay 55 percent। अभन कि Kerala, যেখানে density of population বেশী দেখানেও 47.1 percent ৷ মধ্যপ্রাদেশে 35 percent: Madras 44 percent; Orissa 66 percent; Punjab 60 percent; রাজ্যান 36 percent : উত্তরপ্রদেশ 57 percent. জমি ব্যবহার করে থাকে। এবং আমরা জমি ব্যবহার করি 87 percent। অবশ্য এটা বিল বা জলা জায়গা এবং পাহাড় বাদ দিয়ে বলেছি, আমাদের যে জমি আছে তার মধ্যে 87 percent. আমরা বাবহার করি। তার ভিতর ধানের জন্ম বাবহার করি 83.7 percent। সামার মনে হয় পুথিবীতে এত বিরাট অংশ আর কোপাও utilise হয় না। এবং প্রিবীতে যে রকম জমি কোথাও ব্যবহার হয় না আমরা সে ধরণের জমিও চাষের মধ্যে আনতে চেষ্টা করেছি। আমাদের এথানে ধানের জন্ম 83.7 percent জমি ব্যবহার হয় এবং অন্তান্ত প্রদেশের সঙ্গে তুলনা করলে দেখা যাবে Andhraএ 25.7 percent. of total land utilised, cultivation 25.7 percent, for Agriculture; Bihar 64.2 percent; Bombay 5.5 percent; Kerala 45.2 percent; M. P. 25.1 percent; Punjab 4.1 percent; Rajasthan 0.7 percent; U. P. 22.8 percent। সমত্ত জায়গা থেকে পশ্চিমবাদ আনেক বেনী জায়গা utilise করা হয়েছে ধানের জন্ম।

Shri Bankim Mukherjee: এটা কি থুব ক্তিত্ত্বে কণা?

The Hon'ble Tarun Kanti Ghosh: কৃতিত্বে কথা বলছিনা, যেটা করা হয়েছে সেটাই বলছি। এবং তার ফলে বংসরে বংসরে marginal and sub-marginal land, আন্ত জায়গার হয়ত অন্ত কোন চাষ করছে কিন্তু আমরা তাতে ধান চাষ করছি। তা সত্তে আমি আপনার কাছে বলতে চাই যে কথা রাজ্যপালের বক্তৃতার সময় বলা হয়েছিল যে আমাদের production বাড়েনি তা ঠিক নয়। আমাদের এইরকম অবস্থা সত্তেও যেখানে ১৯৫১ সালে পশ্চিমবঙ্গে per acre Yield হোত 10:14 maund, আর সেখানে আজকে First Pland হয়েছে 11:13; Second Pland হয়েছে 11:26; এবং এই বংসর হয়েছে 12:96।

[3-10-3-20 p.m.]

এখানে আরেকটা কথা বলতে চাই, আমরা যদি average হিসাব করে যাই ভাহলে আনক সময় আমরা যা করেছি তার ঠিক চিত্র পাওয়া যায় না, তার কারণ যে-জমিতে আমরা জলসেচের ৰলোবন্ত করতে পারিনি, যে জমিতে দার দিতে পারিনি, বীজ সরবরাহ করতে পারিনি, সেইসব জ্মিতে ফ্লল ৰাড়া সম্ভব নয়, ষেটুকু বেড়েছে cultivation by modern methods এর জন্তই বেড়েছে। আমরা যেটুকু করেছি দেটা দেখলে পরই বুঝতে পারবেন আমরা স্ভিচ্চারের উৎপাদন বাড়াতে পেরেছি কি না। বর্ধমান, বীরভূম, ত্গলী, মুর্শিদাবাদ এই ক'টা জেলাতে আমরা জল-সেচের বন্দোবন্ত করতে পেরেছি, এবং এই গট জেলাতে আমরা বেশী করে সার এবং অভাত জিনিস সরবরাহ করতে পেরেছি। এই ৪টি জেলার হিসাব যদি আমরা দেখি তাহলে দেখব, ১৯৪৭-৪৮ সালে ষেবংসৰ স্বাধীন হয়, সেই বছৰ বৰ্ধমান জেলায় একব্ৰপিছু 10.48 mds উৎপাদন ছিল, তা 1960-61এ 16:42; বীরভূমে ১৯৪৭-৪৮ সালে ছিল 9:96, 1960-61এ হয়েছে 14:54; হগলী रक्रमात्र किन 10·67, ১৯৬०-७> मार्ग (वर्ष श्याह 15·42 : मुर्निमावाम रक्षमात्र 8·83, ১৯৬०-৬১ সালে হয়েছে 12:69। আপনারা বলতে পাঝেন এই বছর ভাল বৃষ্টি হয়েছে। 1959-60তে ব্যা হয়ে-ছিল। এখানে একটা হিসাব দিলে আপনারা দেখতে পাবেন যে. ১৯৪৭-৪৮ সালে বর্ধমান জেলায় যেখানে উৎপাদন ছিল 10.48 mds সেক্ষেত্রে 1959-60এ বলা হওয়া সত্তেও 12 77, বীরভূম জেলায় 9:96 থেকে 12:53, ভুগলী জেলায় 10:67 থেকে 11:18, মশিদাবাদে 8:23 থেকে 8:10— मुर्निमावारम फरलहा, कावण मुर्निमावारमव दर्गाव जांश जारम वलाशांविक शरहार वरम छेरशामन श्वान । অকাত জারগায় উৎপাদন বেডেছে। মাননীয় অধাক মহোদয়, average productionএর হিসাব দেখতে গেলে—আমি যেকপা বলছিলাম—ভাহলে দেখতে পাব যে, যেখানে আমরা স্ব জিনিস দিতে পেরেছি দেখানেই বেশী করতে পেরেছি, তাতে সন্দেহ নাই। ষেধানে আমরা এখনো পর্যস্ত irrigation এর বন্দোবস্ত করতে পারিনি সেখানে আমাদের পক্ষে উৎপাদন বাডান সম্ভব হয়নি। একটা জিনিস লক্ষ্য বাখবেন এখানে যে figure আছে, যে ৩৭ লক্ষ্য একর জমিতে irrigation এর বন্দোবস্ত হয়েছে it is not a very correct figure—ভার কারণ হচ্ছে. যে ১২ লক্ষ একর জমিতে major irrigation বরতে পেরেছি সেটা এবছর বেড়ে হয়েছে ১৪ লক্ষ একর — চিরকাল ধরে বাংলাদেশে ছোটখাট পুমবিণী ও খালবিল থেকে জলসেচ হয়ে এসেছে— দেটাধরে মোট ৩৭ লক্ষ একর জমি। তারপর, আমাদের যেসমস্ত পরিকল্পনা করা হয় তার 50 percent deduct। কাজেই স্ত্যিকারের ২৩ লক্ষ জমিতে irrigation কার্যক্রী রয়েছে। দেদিক পেকে আমাদের irrigation যা বাংছে ভাতে যা আমাদের food production যা হছে ভাতে আশ্চৰ্য হবার কিছু নাই। ভারণর average food productionএর আরেকটা লক্ষ্যনীয় ব্যাপার হচ্ছে, ভাল বৃষ্টির অভাব ছাড়াও আরেকটা জিনিসের প্রতি আপনাদের দৃষ্টি আবর্ষণ করতে চাই-কুষকদের holding জান্লে পঞ্চ বুঝতে পারবেন আমাদের দেশে সভি)কারের ক্ষির উর্গ্নিত কর। কভ কঠিন ব্যাপার। মাননীয় থগেনবাবু যদি টাকা পান, দিমেণ্ট পান, লোহা পান ভাহলেই ভাঁর পক্ষে রাস্তাঘাট করা সম্ভব। কিন্তু কৃষির কথা বলতে গেলে, কোন মন্ত্রী বা সরকারী কর্মচারীর পক্ষে সম্ভব নয়, সরকার তো নিজে চাষ করে উৎপাদন করবে না। সাহাষ্য দিতে পারেন সরকার ---এবং বর্তমানে যেসব অস্তরায় আছে কৃষির উন্নতির পথে, তা দূর করার জন্ত ভাল বীজ ও সার সরবরাতের বন্দোবন্ত করতে পারেন, irrigation facilities এর ব্যবস্থা করতে পারেন। তাই আমি আপনাদের কাছে জানাচ্ছি, বাংলাদেশের ক্লযকদের land holdingsএর কথা জানাচ্ছি-বাংলাদেশে less than 2 acres রয়েছে যাদের, তাদের সংখ্যা সমগ্র ক্রফসমাজের 34.5 percent. 2 to 3 acres বাদের তাদের সংখ্যা 15.2 percent; 3 to 4, তাদের সংখ্যা 12'3 percent, 4 to 5, ভাষের সংখ্যা 8.6 percent, 5 to 10, ভাষের সংখ্যা 20.3 percent, more

than 10 acres 9 percent। স্থভরাং এটা পরিস্কার করেই বোঝা বায়, বেশীসংখ্যক ক্রযকদের আর্থিক অবস্থা এমন নয় যে তারা কোনপ্রকার উন্নতি করতে পারে সরকারের পুরো সাহায্য ছাডা। এবং সরকারের পক্ষেও পুরো সাহায্য দেবার অনেক বাধা আছে। এপ্রসংগে আমি আপনাদের चारतको। figure दिन, चार्मादित या requirement छ। दिश्यल श्रेत चारता दिश्यल श्रेत वार्मादिक श्रेत per head per day cereal দরকার। এই হিসাবে আমাদের খাগুবিভাগের মতে 10°5 প্রায় 17 oz দরকার; কিন্তু ভারত সরকারের হিসাবে তা অনেক কম। তাঁরা যে Expert Committee वनिरम्भिहानन जारन मरा 16 oz minimum धरा हत्-(वन्। धरा भारानहे ভাল হয়। আজকে যে population বাড়ছে—यिष्ठ আমাদের census এখনো হয়নি—যে 25 percent বাড়ে দেটা যোগ করলে ২ কোটি ৬৩ লক্ষর জায়গায় ৩ কোটি ১৩ লক্ষ দাঁডায়— ভাতে আমাদের minimum requirement 53 lac tons। এবং এই 53 lac tons cereal যা দরকার তা উৎপন্ন করলেই হবে না, উৎপন্ন করতে হবে আব্রো 10 percent বেশী। নিয়ে ষাওয়া-আদা, তারপর ধানের বীজ রাথতে হয়। অতএব, হিদাব করলে দেখতে পাবেন, যদি 59 lac tons উৎপন্ন করতে পারি তাহলে আমরা থাতের স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে পারি। এই হচ্ছে আমাদের দরকার। তাতে গভ ৪।৫ বংসরে আমাদের যা উৎপন্ন হয়েছে, এবং এই বছর যা खेरशामन रुख्छ रमें हो जानार्क हारें — ১৯৫৬-৫৭ मार्ल रुखिल ८७ लक्क हेन हाल, २८ हाजात हेन wheat, 1957-584 48 lac tons, 1958-594 40 lac tons, 1959-604 41 lac tons. কিন্ত বেশী হয়েছে সেই বংগর বভা সংখও 1960-61এ 53 lac 50 thousand tons। এর থেকেই আপনারা বুঝতে পারবেন আমাদের যা দরকার তার থেকে ১২-- ১৫ লক্ষ টন ঘাট্ডি উংপাদন হয় যার ফলে চালের দাম আমাদের দেশের নিয়মধ্যবিত্তদের ক্রয়-ক্রমভার বাইরে আনেক সময় চলে যায়। 1966এর population যদি ধরি ভাহলে দেখতে পাব, population যা বাড়বে তাতে আমাদের requirement হয় 64 lac tons প্রতিবছর এবং এই 64 lakh tonsই आमारिक target । हारनद छेरलाकन आमारिक वाष्ट्रांट श्रुट 15 lac tons, आहे। ब छेरलाकन > লক্ষ টন—মোট ১৭ লক্ষ টন। আমাদের average production ও consumption যদি দেখি—নিট প্রায় ৮ লক্ষ টন আমরা consume করি—তাহলে দেখব 45 lac tons চালের দরকার এবং তার সংগে ৪॥ লক্ষ টন (সাডে চার) যোগ করে 50 lacs আমাদের দরকার।

[3-20-3-30 p.m.]

আমাদের টোটাল নিরিয়াল যা দরকার তার চেয়ে কম হছে। ১৯৬৬ সালে ৬৪ লক্ষ টন দরকার এবং তার থেকে যদি ৮ লক্ষ টন বাদ দিয়ে দিই তাংলে চালের দরকার হবে ৫৬ লক্ষ টন। আর যদি এভারেজ ধরে নিই ৪২।৪৩ লক্ষ টন এবং তার সংগে যদি ১৫ লক্ষ টন বাড়াতে পারি তাহলে আমরা চালে স্বয়ংসম্পূর্ণ হতে পারব। আশা করি আমরা তা করতে পারব। আমাদের এখন যা টোটাল ক্রণ এরিয়া রয়েছে তার সংগে ৮ মিলিয়ন এ কারণ আমরা দো-ফ্ললা করে থাকি এবং আমাদের দেশে যদি থাতোৎপাদন এবং অভাভ বিষয়ে এক উৎপাদন করতে হয় তাহলে আমাদের একমাত্র উপায় হচ্ছে অল্ল জমিতে বেশা করে ধান উৎপন্ন করা। এজ্ঞ জমিকে অভাভাবে utilise করতে পারি তার বন্দোবস্ত করতে হবে – অর্থাৎ দো-ফ্ললা জমি বাড়ান দরকার। তৃতীয় পরিকলনার মধ্যে আমাদের ক্রষিবিভাগ ও সেচবিভাগ মিলে যে জমি ইরিগেট করতে যাচ্ছি তার সংখ্যা সিয়ে দাঁড়াবে প্রায় ১৫ থেকে ২০ লক্ষ একর। তারপর ডিপ টিউবওয়েল ও লিফ্ট ইরিগেশানের বারা আমরা ১ মিলিয়ন থেকে ১২ লক্ষ একর জমি ইরিগেট করতে পারব এবং এইভাবেই আমরা ডবল ক্রপিং করতে পারব। অভএব যেখানে ২ মিলিয়ন জ্মিতে ডবল

ক্রপিং রয়েছে দেখানে ৩ মিলিয়নের চেয়ে বেশী ডবল ক্রপিং করব বলে আশা করছি। আমরা कार्टिनाहेकात या (भारत थाकि जात এको। हिमाव चाभनारमत कारह मिछि। चामारमत या मत्रकात ভার তুলনায় নিশ্চয় আমরা কম পেয়ে থাকি। এখন পর্যন্ত সিন্দ্রির কারখানায় যা তৈরী হয় তা ভারতের চাহিলার পক্ষে পর্যাপ্ত নয়। দেদিক থেকে আমি বলব যে ১৯৫৫-৫৬ সালে যেখানে ১৫ হাজার ৫০০ টন, ১৯৫৬-১৯৫৭ সালে ৩২ হাজার টন, ১৯৫৭-৫৮ সালে ৩৫ হাজার টন পেয়ে-ছিলাম দেখানে ১৯৬০-৬১ দালে আমরা ৩৬ হাজার ৭০০ টনের বেশী পেয়েছি। আর একটা কথা বলব, ১৯৬০-৬১ সালে সেথানে ওরা ৪টা কোয়াটালি ভাগ করে দেয়। প্রথম কোয়াটালিতে প্রথম বছরে যেথানে ছিল ১০ হাজার ৬০০ দেখানে এ বছরে ২৪ হাজার ৮ টন দেবার প্রতিশ্রুতি দিয়েছে এবং আশা করছি এ বছরে ফার্টিলাইজার আরও বেশী পাব! কিন্তু যতক্ষণ পর্যন্ত কেমিঞাল ফার্টিশাইজার পাওয়া না যাচেচ বা আমাদের নিজেদের ফার্টিলাইজার ফ্যান্টারী তৈরী না হচ্ছে ডভক্ষণ পর্যস্ত আমাদের নির্ভব করতে হবে গ্রীন মাামুওর ও কম্পোষ্ট এর উপর। এদিক থেকে আমরা কি করেছি সেটা জানাতে চাই। এই জিনিষ্টাতে যদি পুরে। সমর্থন থাকে এবং দরকারী ও বেদরকারী ভাবে যদি প্রচারকার্য ভালভাবে চালাতে পারি তাহলে আমরা অনেক উন্নতি করতে পারব। আমরা ১৯৫৯-৬০ সালে ২ লক্ষ্ম ২০ হাজার টন কম্পোষ্ট—টাউন কম্পোষ্ট সরবরাহ করতে পেরেছি এবং এ বছর ৩ লক্ষ ৪৯ হাজার টন করতে পেরেছি। এখানে আর একটা কথা বলব, সেটা হচ্ছে এই বেথানে আনাদের ফার্টিলাইজারের এত অভাব সেথানে আমরা দারের কাজ করতে পারতাম গোবর দিয়ে, কিন্তু দেটা use হয়ে যাচ্ছে fuel হিদাবে। আমি একটা হিদাব নিয়ে দেখলাম যে আমাদের টোটাল ক্যাটেল পপুলেশান ১৯৫৬ দালের দেনসাদে ১১ মিলিয়ন এবং ভাদের থেকে ২২ মিলিয়ন টন গোবর আমারা পাই যার নাইট্রোজেন ভ্যালু হচ্ছে ৮০ হাজার টন। আমাদের যা হিসাব তাতে স্থামরা ৮০ পার্সেণ্ট ঘুঁটে করে পুডিয়ে ফেলি—অর্থাৎ প্রায় ৭০ হাজার টন। এইভাবে আমরা ষে জিনিষকে ধান এবং অভাভ জিনিষের জভ সার হিসাবে utilise করতে পারতাম সেটাকে আমরা fuel হিসাবে বাবহার করছি। সেজত আমি বলব যে পশ্চিমবাংলায় যত গ্রাম রয়েছে সেখানে সন্তা দরে বন্দোবন্ত করে যদি কয়লা সরবরাহ করতে পারতাম কিছা বনবিভাগ থেকে কাঠ বা forest farm করতে পারতাম তাহলে এই জিনিষ্টাকে আমরা রুষির জন্ম use করতে পারতাম। এবং ভাতে করে ধান চাষের বেশী উৎপল্লের দিকে সাহায্য করতে পার্ভাম।

আমাদের এখানে গতবার যথন টিউবওয়েল সম্বন্ধে আলোচনা হচ্ছিল তথন সুবোধবার এবং আরও করেকজন সদস্য গিজ্ঞাস করেছিলেন যে, আমাদের যে টিউবওয়েলগুলো হয়েছে সেগুলো চালু করবার জন্ম কি ব্যবস্থা করছেন ? কাজেই আজ পর্যন্ত আমাদের কয়টা টিউবওয়েল হয়েছে এবং কয়টা চালু আছে তার একটা হিসেব দিছি । প্রথমতঃ, সমাজ উন্নয়ন পরিকল্পনা থেকে আমরা ৩৬টি টিউবওয়েল এনার্জাইশ্ করেছিলাম এবং তার মধ্যে কোনটাতেই কোনরকম গোলমাল ছিল না। তারপর ১৯৫৯-৬০ সালে আমরা ৫৮টি টিউবওয়েল করেছিলাম এবং তার মধ্যে ৫৫টি এনার্জাইশ্ করেছি এবং এ বছর যে ৭২টি টিউবওয়েল করতে শান্তি তার মধ্যে ১০টি এনার্জাইশ্ হয়ে গেছে এবং আরও ২০২২টি ৩২শে মার্চের মধ্যে এনার্জাইশ্ করেছে পারব বলে আশা করি।

শামাদের পশ্চিমবাংলায় থাত্য-উৎপাদন বৃদ্ধি করা যে একান্তই প্রয়োজন সেকথা আমরা সকলেই জানি এবং উৎপল কমিটিও এ সম্বন্ধে বলেছেন যে, আমাদের এথানে যে বিভিন্ন ধরণের ওয়েই ল্যাণ্ড পড়ে রন্ধেছে সেগুলোকে ইউটিলাইজ করতে হবে এবং তাঁরা বলেছেন যে প্রায় ১ লক্ষ ১০ হাজার একর জমি ইউটিলাইজ করা সম্ভব হবে। তবে এ প্রসঙ্গে আমি জানাতে চাই যে, সেকেণ্ড ফাইজ প্রয়ানে বেথানে আমাদের ৩৭ হাজার ৫০০ একর ওয়েই ল্যাণ্ড বিক্লেম করবার টার্গেট ছিল সেথানে আমান ৪১ হাজার ৩০০ একর ওয়েই ল্যাণ্ড বিক্লেম করেছি এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিক্লনায়

৯৩ হাজার ৫০০ একর ওয়েই ল্যাণ্ড বিক্লেম করব। তবে এখানেই আমার বক্তব্য শেষ হবে না ৰদি এর সংগে সংগে আর কয়েকটা কথা না জানাই এবং সেগুলো হোল য়ে, য়িদ আমাদের অর্থ নৈতিক উন্নতি করতে হয় তাহলে কেবল থানের উপর লক্ষ্য না রেথে ভাবল ক্রেপিং বা অফ্রান্ত নানারকম চাষবাদেরও ব্যবস্থা করতে হবে। তারপর জ্ট-এর দিক দিয়ে আমরা দেখেছি য়ে, এ বছর জ্টের দাম অনেক বেশী পাবার ফলে কয়কদের লাভ হয়েছে। তবে পন্চিমবংগ সরকারের তয়ফ থেকে য়ে কথা বার বার বলা হয়েছে আমি মনে করি তা ভাষ্য—অর্থাৎ কয়কদের জভ্র য়থন একটা থরচ হয় তথন য়দি একটা মিনিমাম্ দাম জুট কমিটির কাছ থেকে পাই তাহলে এই জিনির বাড়াবার কাজে তাদের এন্কারেজমেণ্ট বা ইন্সেন্টিভ্ থাকবে। কিন্তু বেশী উৎপন্ন হলে য়িদ দাম কমে যায় তাহলে বদিও ভাচারালী জুট প্রোডাকসন্ কমে যাবে তবে আমরা উৎপন্ন রিদ্ধির জভ্র চেষ্টা কয়ব এবং উৎপন্ন রিদ্ধির সংগে সংগে কয়কদের আর্থিক অবস্থার উন্নতির জন্ত যাতে তাঁরা একটা ভাষ্য মিনিমাম্ প্রাইদ্ পায় ভার চেষ্টা কয়ব।

ভারপর আমাদের দেশে ৩টি জিনিষের প্রচলন করতে চাই এবং ভার মধ্যে একটা হচ্ছে নিমল প্ল্যাণ্টেদন। এই জিনিষের স্থবিধা হচ্চে যে, ষেখানে ওয়েষ্ট ল্যাণ্ড রয়েছে এবং বৃষ্টি কম হয় দেখানে এই প্ল্যাণ্টেমন করা সম্ভব: তবে আপনারা এগ্রিকালচারাল ফেয়ারে গিয়েছেন কিনা জানি না, कि इ यनि याने जाश्त प्रथा भारतन त्य त्रथान এই निमालत बाता देखती निष् होलान तरसह । ভবে এই দিসল প্লাণ্টেসন এর কথা বলভে গিয়ে একটা কথা বলতে চাই যে, আজ পর্যন্ত ভনেছি আমাদের ৪ কোটি টাকার রোপ বিদেশ থেকে আমদানী করতে হয় এবং তারজন্ত ৪ কোটি টাকার ফরেন এক্সচেঞ্জ থরচ হয়। কাজেই দিসল-এর দারা দড়ি তৈরী করতে পারলে বহু লোকের স্মান্-এমপ্রয়মেণ্ট ঘোচান ষেতে পারে। ভারপর আমাদের দেশে কাপাস তৈরী হয় না বটে কিন্তু রামি থেকে যে ফাইবার আমর। পাই তা থেকে জামা, কাপড প্রভৃতি তৈরী হতে পারে এবং জনপাইগুড়িতে ১০০ একর জমিতে আমরা যে এক্সপেরিমেণ্ট করেছিলাম তাভেই দেখেচি যে রামি ভাল করে করলে তা থেকে আমাদের কডটা আর্থিক উন্নতি হতে পারে। তারপর মোথরা দিয়ে শিতলপাট তৈরী হতে পারে এবং পশ্চিমবাংলায় রিফিউজিরা তা তৈরী করেছিল। অবশু এখন এই যে ৫০ হাজার স্মাডিদনাল ফ্যামিলী চলে এসেছে তাঁরা এই সাছের অভাবে আর এগুলোকরতে পারছেনা। সিদল শুক্ষ জমিতে হয় এবং মোধরা ওয়াটার লগ ড জমিতে হয়, কাজেই এর ধারা বিভিন্ন জলাজমি ইউটিলাইজ করে আমরা বহু লোকের কর্মসংস্থানের বাবস্থাকরতে পারব। যা হোক, বিভীয় পঞ্চবাষিকী পরিকল্পনার পরিপ্রেক্ষিতে তৃতীয় পঞ্চবাষিকী পরিকল্পনায় কত বায় হবে তা যথন আধনারা সকলেই জানেন তথন আমি প্রত্যেক সদস্তের কাছে এবং বিশেষ করে ষতীনবাবুর কাছে কৃতজ্ঞতা জানাচ্চি, কেন না তারা প্রত্যেকেই এই কৃষিবিভাগকে খব গুরুত্বপূর্ণ বিভাগ বলে খীকার করে এর জন্ম বেশী টাকা থরচ করবার জন্ম বলেছেন। তবে আপনাদের সকলের অবগতির জন্ম আর একবার জানাচ্ছি যে. ষেথানে আমাদের ৭ কোটি ৮৪ লক্ষ টাকা ছিল দেখানে আমরা ৬১ কোটি টাকা খরচ করতে যাচিত।

[3-30 - 3-40 p.m.]

তবে থবচ করাটাই বড় কথা নয়, বড় কথা হচ্ছে এই টাকা থবচ করে কন্তটা থাল্যন্তিপোধন বৃদ্ধি করতে পারলাম। এই কাজ করবার জন্ত আমাদের যে ডাইরেক্টরেট্ রয়েছে, ডিট্রন্ট লেভেলে যে অফিনার রয়েছে এবং গ্রাম লেভেলে যে গ্রাম-নেবক রয়েছে ভাদের ট্রেছন করবার জন্ত আমবা একটা বন্দোবন্ত করবার চেটা করছি। সেই সংগে সংগে

শামি একথা বলতে পারি যে যতই আমরা চেষ্টা করি না কেন, আজকে যদি এ-ব্যাপারে আমাদের সন্তিয়কারের সাফল্যলাভ করতে হয় তাহলে এ-ব্যাপারে প্রত্যেকের সম্পূর্ণ সহযোগিতা দরকার। করি একটা জিনিস বেখানে লক্ষ লক্ষ টাকা থরচ করে তার পথের অন্তরায় দ্ব করতে পারি মাত্র। আজকে করি এমন একটা শুরুত্বপূর্ণ জিনিস যার উন্নতির উপর সমস্ত বাংলাদেশের উন্নতি নির্ভর করছে। সেজ্যু এ-ব্যাপারে প্রভ্যেকের সহযোগিতা চাইছি। আমরা যদি ২৫ লক্ষ টন চাল, ২০ লক্ষ টন আলু বৃদ্ধি করতে পারি তাহলে আমাদের একশো কোটা টাকা জাতীয় আয় বৃদ্ধি করতে পারি এবং সেই টাকা কন্ডিউমার শুড্স কেনবার জন্ম মার্কেটে আসবে তাতে ইণ্ডাইরালাইকোন বৃদ্ধি পাবে, এবং সেই উপায়ে আন-এম্প্রয়মেন্ট প্রব্ লেম সল্ভ করতে পারব। সেজ্যু এ-ব্যাপারে সকলের সমর্থন যাক্রা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: All the cut motions are taken as moved.

Shri Gobardhan Das: I beg to move that the demand of Rs. 9,48.76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Bhadra Bahadur Hamal: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Haran Chandra Mandal: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Phakir Chandra Ray: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Satyendra Narayan Mazumdar: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Shyama Prasanna Bhattacharjee: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Ghosal: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Mihirlal Chatterjee: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sasabindu Bera: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Jamadar Majhi: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Basanta Kumar Panda: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Ledu Majhi: I beg to move that the demand of Rs. 9.48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Pramatha Nath Dhibar: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No, 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sudhir Kumar Pandey: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Ramanuj Halder: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improve ment and Research outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Natendra Nath Das: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Chitto Basu: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40 Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40 Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outeside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr. Hirendra Kumar Chattopadhyay: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Ajit Kumar Ganguly: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. '3, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account," be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr. Brindaban Behari Basu: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Apurbalal Majumdar: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture. and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs 100.

Shri Bijoy Krishna Modak: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Khagendra Kumar Roy Chowdhury: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads '40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced by Rs. 100.

Shri Gangadhar Naskar: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Accounts", be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Gobardhan Pakray: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture --Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account," be reduced by Rs. 100.

Shri Saroj Roy: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Bhandari: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Shri Radhanath Chattoraj: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40 Agriculture—Agriculture, and 71-Capital Outlay on schemes of Agricultural Improvement snd Research outside the Revenue Account", be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71, Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced to Re. 1.

Shri Renupada Halder: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced to Re. 1.

Shri Hare Krishna Konar: I beg to move that the demand of Rs. 9,48.76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced to Re. 1.

Shri Jatindra Chandra Chakravorty: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71, Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced to Re. 1.

Shri Rabindra Nath Roy: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced to Re. 1.

Shri Ramanuj Halder: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on scheme of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced to Re. 1.

Shri Syed Badrudduja: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced to Re. 1.

Shri Gobinda Charan Maji: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced to Re. 1.

Shri Niranjan Sen Gupta: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure, under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced to Re. 1.

Shri Chitto Basu: I beg to move that the demand of Rs. 9.48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced to Re. 1.

Shri Phakir Chandra Ray: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be Reduced to Re. 1.

Shri Subodh Banerjee: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71, Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced to Re. 1.

Dr. Golam Yazdani: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account" be reduced to Re. 1.

Shri Sunil Das: I beg to move that the demand of Rs. 9,48,76,000 for expenditure under Grant No. 23, Major Heads "40-Agriculture—Agriculture, and 71 Capital Outlay on schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account", be reduced to Re. 1.

Shri Khagendra Kumar Roy Choudhury: মাননীয় অধ্যক্ষ মহাশ্য, আমি মাননীয় মন্ত্ৰী তরুণকান্তি ঘোষ মহাশ্যের বক্তৃতা শুনছিলাম এবং আগামী অর্থনীতি বে সাফল্যলান্ত করবে ভার একটা চিত্র তিনি এখানে উপস্থিত করলেন। ফিগারের ব্যাপারে আমরা একটা জিনিস দেখতে পাছি যে বছরের পর বছর ফিগারের অংক তফাৎ এবং ফিগারের অংক বেড়ে যায়। ভাতে অন্ততঃ আমার মনে হচ্ছে জমিতে সারটা না দিয়ে ফিগারে সারটা লাগিয়েছেন, জমির ফলল না বেড়ে ফিগার বেড়ে যাছে। এখন দেখছি ফিগারটা বাড়াবার জন্তা বে সাল ওঁদের স্থবিধা হয় সেই সালের হিসাব দিছেন। যাহোক, আমি একটা কথা শুধু জিল্পাসা করতে চাই সেটা হছে এই যে এত আমরা সাফল্য লাভ করছি কিন্তু চালের দর কমছে না কেন? বছরের পর বছর নাকি আমাদের উৎপাদন বেড়ে যাছে কিন্তু চালের দর মোটে কমছে না। এইগবের বদি একটু জ্বাব দেন ভাহলে ভাল হয়। কোথায় কোথায় কুটি আছে সেগুলি না বলে কেবল সাফল্যের কথা বলে গেলেন। কুষির উৎপাদন বাড়ানর ব্যাপারে কভগুলি নীতির প্রয়েজন আছে। সেই নীতি

ষদি ওঁরা গ্রহণ নাকরেন ভাহদে কোনদিন কৃষির উৎপাদন বাড়াতে পারবেন না। সেই নীতি হচ্ছে কুষককে বাদ দিয়ে, কেতমজুরকে বাদ দিয়ে, বর্গাদারকে বাদ দিয়ে ওঁরা যদি কৃষির উল্লভির क्कज. छेर्लामन वांजावात क्रज (हर्ष) कररेन छारान जा कानश्रकात मख्य राय ना धवर धरे निष् ৰৱাৰর বিরোধীপক্ষ সমালোচনা করে এসেছেন। একটা কথা ভরুণবাবু বলেননি যে কন্ট্রাক্টিভ্ সাজেসান নেই। কংগ্রেসপক্ষ থেকে মন্ত্রীরা এবং সদস্তরা বলেন যে আমাদের বক্তৃতার মধ্যে কন্ট্রাকটিভ সাজেদান থাকে না। আমরা কন্ট্রাক্টিভ সাজেদান দিই। ওঁদের বলার কথা তাই ওঁদের বলতে হয় যে আমবা কন্ট্রাকৃটিভ্ সাজেসান দিই না। যাই হোক, ক্ষককে বাদ দিয়ে ভূমি সংস্কার না করে ক্লয়ির যে উন্নতি হয় না এটা গোড়ার কথা। এই গোড়ার কথা ওঁরা বুঝবার ্চেষ্টাকরেন না। দ্বিতীয় কথা হচ্ছে, দেশের বেশীর ভাগ লোক হচ্ছে ক্রবির উপর নির্ভরশীল। ভাদের যদি আরু বাড়ান বায়, তাদের যদি ক্রয়ক্ষমভা বাড়ে তাহলে আভাত্তরীণ বাজারটাও বেড়ে ষায়। দেদিক থেকে ওঁরা চান না, বরং উল্টো করেন। প্রামের দিকে যদি তাকানো যায় ভাছলে দেখা যাবে যে গ্রামের অবস্থা কি। আমি কয়েকটা বই থেকে তথ্য দেব। এটা কমিউনিষ্ট পার্টির কোম বই নয়— এটা হচ্ছে এগ্রিকালচারাল জিওগ্রাফী অব ওয়েই বেংগল Government of West Bengalএর Statistical Handbook। আর একথানা বই রয়েছে, সেটা হচ্ছে Agricultural Situation in India, Government of India বের করেছেন। এইসব বইতে যে তথ্য রয়েছে, তা থেকে দেখা যায় যে কৃষির উপর চাষ নির্ভরশাল করাল এরিয়ার লোক তাদের মাণাপিছু আয় হচ্ছে ১৮ টাকা, আর কেতমজুর যারা তাদের মাণাপিছু আয় ১৫ টাকা মাসে এবং ১৫ থেকে ৫৫ বছর বয়স যাদের যারা এই গ্রুপের মধে) পড়ে তাদের শতকরা ৩০ ভাগ হচ্ছে বেকার। এখন প্রশ্ন হচ্ছে যে উৎপাদন বাড়ানোর ব্যাপারে, বেশী জমি চাষে আনার ব্যাপারে, দোফসলা করার ব্যাপারে এদের সহযোগিতা প্রয়োজন বলে মনে করেন কি না? তা যদি মনে করেন তাহলে একরকম নীতি হয়, আর তাষদি না করেন তাহলে আর একরকম নীতি হয়। আপুনি অনেক ভণা দেন। প্রফুলবাবুও প্রত্যেক বছর তথা দেন—কথনও মণে দেন, কথনও টনে দেন, কথনও ধানের হিসাব দেন, কথনও চালের দেন। ফেব্রুয়ারী মাসে একরকম দিছেন, জুন মাদে আহার একরকম দিছেন লোককে বিভ্রাস্ত করবার জন্ত, ভূল বোঝাবার জন্ত। আমি বিশেষ করে কভকগুলি ভণা দিতে চাই। কৃষির উন্নতি হচ্ছে কি হচ্ছে না সেটা বুঝতে গেলে প্রথমে দেখা দরকার একর প্রতি উৎপাদন বাড়ছে কি না। মাধাপিছু উৎপাদন বাড়ছে কি বাড়ছে না—দেশে সমগ্রভাবে উৎস্থাদন বাড়ছে কি কমছে। তর্রণবাবু একটু স্থাগে হিসাব দিয়ে গেলেন ১৯৪৭ সালে কি হয়েছিল, আর ১৯৬১ সালে কি হয়েছে কিন্তু ১২ বছরের হিসাবটা না দিলে কিছু বুঝা যায় না— প্রপ্র যদি হিসাব দেন ভাহদে একটা সামগ্রিক চিত্র হাউসের সামনে থাক। আপনি ২।১ জায়গার ছিসাব দিলেন—বর্ধমান বীরভূমের হিসাব, কোণা থেকে তণ্য পেলেন জানি না, বল্লেন আমরা ১৬ মণ করেছি ১২ মণ থেকে। আমি কভকগুলি তথ্য দিচ্ছি যার থেকে বুঝতে পারবেন কিভাবে কৃষির উন্নতি হচ্ছে। এটা আমি জানি না ওঁদের কাছে কন্ট্রাক্টিভ্নাডেস্ট্রাক্টিভ্সাজেসান ছবে। আমি ভণ্য দিচ্ছি গভর্মেণ্ট অব ওয়েই বেংগলের পারিস্ড বই থেকে। ১৯৫০-৫১ সালে প্রোডাক্সন ছিল ৩৯ লক ৪২ হাজার ৪ শো টন, ১৯৫১-৫২ সালে ৩৫ লক ৭ হাজার ৯৭০ টন, ১৯৫২-৫০ সালে ৩৯ लक ৪२ होकात २৫० हेन, ১৯৫৩-৫৪ সালে ৫२ लक २৪ होकात ৯०० हेन, ১৯৫৪-: ८ সाल ७१ नक ६८ हाङाब ७ (मा हेन, ১৯৫६-६७ माल ४) नक ४८ हाङाव १ (मा हेन. ১৯৫৬-৫৭ সালে ৪০ লক্ষ ৩৬ হাজার ৭ শো টন, ১৯৫৭-৫৮ সালে ৪৩ লক্ষ ৬ হাজার টন, ১৯৫৮eə সালে ৪০ লক্ষ en হাজার টন, ১৯৫৯-৬০ সালে ৪১ লক ৭২ হাজার টন, আবে ১৯৬০-৬১ সালের হিদাব একটু আগে দিলেন। এর থেকে কি বুঝবো ? ভিনরকমভাবে হিদাব দিতে পারেন —এক হচ্ছে ১৯৫০ থেকে ১৯৬০ সাল পর্যন্ত ১০ বছরের টোটাল প্রোডাক্সনকে ১০ দিয়ে ভাগ

করে য়াভারেজ করুন। আর এক রকমে হতে পারে, ১৯৫৩-৫৪ সালকে যদি মনে করেন যে ওটা উন্নতি হচ্ছে, আর ১৯৬০-৬১ সাল যথন অন্ত কোন ক্যাপাসিটিজ হয়নি সেটাকে ধরেন ভাহলে দেখবেন আমাদের কডটুকু বেড়েছে। আবার যদি ১৯৫০-৫১ সালের হিসাব ধরেন এখন পর্যন্ত দশ বছরের বাল্পীয় ক্রপ বাদ দিয়ে ভাহলে মোটামুটি কি দাঁড়ায় ? সেদিক দিয়ে বলি—যদি ১৯৫০ সালের য়াভারেজ ধরেন ভাহলে এত বছরে আপনি ২ লক্ষ টন ফসল বাড়াতে পেরেছেন। যদি ১৯৫০ সালকে য়াভারেজ ধরেন ভাহলে ১৯৬০-৬১ সালে দেখবেন যে ১ লক্ষ টনের সামান্ত কিছু বেশী উৎপাদন আপনাদের বেড়েছে। আবার যদি ১০ বছরের হিসাব একসংগে ধরেন ভাকে দশ দিয়ে ভাগ করেন ভাহলে দেখবেন ৩৪ লক্ষ টন বেড়েছে এবং এই যে বেড়েছে এতে আপনাদের ক্তিত্ব কিছু নেই। আপনি একটু আগে বল্লেন শতকরা ৮৭ ভাগ জমি চাযের মধ্যে এনেছেন, আবাদ্যোগ্য করেছেন। কাজেই জমির পরিমাণ বেড়েছে বলে উৎপাদন বেড়েছে।

স্কৃতরাং তাঁরা সংঘাতিক একটা কিছু করেছেন—২ লক্ষ টন ফসল বাডিয়ে গত বছর ধরে। আর কি করে বুঝবো—আমরা অয়ংসম্পূর্ণ হচ্ছি!

[3-40-3-50 p.m.]

তারপর per Acre production কি হচ্ছে দেখুন! ১৯৫৩-৫৪ সালে ১০°৮১ মণ; ১৯৫৪-৫৫ সালে ১৪°২৬ মন; ১৯৫৫-৫৬ সালে ১১°১২ মন; ১৯৫৬-৫৭ সালে ১১°৭৩ মন; ১৯৫৭-৫৮ সালে ১০°৭৪ মন; ১৯৫৮-৫৯ সালে ১০°৩৯ মন; ১৯৫৯-৬০ সালে ৩°৩২ মন। অর্থাৎ ১৯৫০-৫১ সালে 10°86 per acre পেকে ১৯৬০ সালে ৩°৩২ হয়েছে উৎপাদন। এটা তাঁদের ফিগার। আমারা কি উন্নতি করতে পেরেছি দশ বছরে 10°86 পেকে 10°32 এসেছি। এটা আপনাদের ধারণা—এবড় অগ্রাতি আপনাদের হয়েছে।

এখন per capita production কি হয়েছে দেখা যাক। এই per capita production ১৯৪৭--৮ সালে ছিল 4.45; ১৯৪৯-৫০ সালে ছিল 4.73; ১৯৫-৫৬ সালে 4.75; আর ১৯৫৯-৬০ সালে 3.9। চমৎকার! এ বিষয়ে আর কোন সন্দেহ থাকা উচিত নয় যে আমাদের উৎপাদনের দিক দিয়ে কত অগ্রগতি হয়েছে >০ বছরে; 4.73 থেকে 3.9-এ নামিয়ে নিয়ে আসতে পারায় আপনাদের বিলক্ষণ কৃতিত্ব আছে! আবো সার ইত্যাদি কত কি দিয়েছেন।

আজ ১৩ বছর ধরে আপনারা self-sufficient হতে পারলেন না। উনি ফিগার দিলেন—বর্তমানের এই লোকসংখ্যা যদি থাকে, ভাহলে তাঁরা ১৯৬৬-৬৭ সালে থাতে স্বয়ংসম্পূর্ণ হবেন। পনের বছর ধরে গুনছি—এ থাতে স্বয়ং সম্পূর্ণ হবার কথা। কেন্দ্রীয় থাত্তমন্ত্রী কিদোরাই সাহেব যথন ছিলেন, তিনি বললেন—আমরা থাতে স্বয়ংসম্পূর্ণ হওয়া দ্রের কথা, আমরা স্বয়ংসম্পূর্ণ হরেও অন্ত দেশে থাত রগুানী করি। আর এখন দেখা গেল এই খাত আমদানীর ব্যাপারে আমরা আমেরিকার সঙ্গে ৫ বছরের একটা চুক্তি করেছি। তাতে এক কোটা টন থাবার সে দেশ থেকে আমরা এই পাচ বছরে আনছি। এমনই আমরা থাতে স্বয়ংসম্পূর্ণ হয়েছি যে ৫ বছরের চুক্তি করতে হয়েছে! তবে তর্মণবার্ একটা জিনিয় উল্লেখ করেন নাই যেটা প্রফুলবার্ বরাবর উল্লেখ করে আসছেন—সেটা হচ্ছে এই রিফিউজি সমস্তা। তাই তিনি থাত্ত সমস্তারিক দেশের সঙ্গে তুলনা করে বলছি না; সমাজতান্ত্রিক দেশের নাম গুনলে ওঁরা আঁথকে ওঠেন। অবশ্র তাঁদের কছে থেকে সাহার্য নিতে পারেন, তাতে দোষ হয় না। আমি ধনতান্ত্রিক দেশের কথা বলছি। তাঁরা জাপান

ও প্রেটব্রেটনের মত ধনতান্ত্রিক দেশের কারদার কৃষি ও কৃষকের উন্নতি করতে পারেন। তাঁরা হয়ত বলবেন—আমরা অন্তের অমুকরণ করবো কেন ? আমাদের জাতীর ঐতিহ্ আছে—জমিদার-জোতদারদের সহযোগিতা করতে হবে। অপরের স্পৃট্নিক যদি উপরের দিকে ওঠে, আমাদের স্পৃট্নিককে নীচের দিকে পাঠাতে হবে। ওঁরা জাতীয় ঐতিহ্ বলতে একরকম বোঝেন; আর আমরা একরকম বৃথি। ওঁরা এমন ব্থেছেন যে ১৩ বছরেও খাতে স্বয়ংসম্পূর্ণ হতে পারলেন না।

গ্রামের অবহা আমরা কি দেখছি ? আমরা ক্রষিসংস্থারের কথা বারবার বলি, ওঁরা শোনেন না। ওঁরা ঐটা বাদ দিয়ে করবার চেষ্টা করেন। ২৫ থেকে ৫০ বংসর বয়য় লোক যারা গ্রামে বাস করে, তাদের মধ্যে বেনীরভাগই হচ্ছে ভাগচাষী। এই সকল ভাগচাষীদের মাত্র ছই থেকে ভিন মাসের মত থোরাক থাকে। পশ্চিমবাংলা সরকারের রিপোর্টের পুস্তকের মধ্যে আছে, ১৯৫১ সালের একটা ফিগারে বলা হচ্ছে বে বাংলাদেশের ৭ লক্ষ ভাগচাষী পরিবার, যাদের জমি নেই, বা খুব অর জমি আছে। ওঁরা সব সময় দাবী করে থাকেন যে আমাদের চেয়ে ভাল জানেন। উনি একটু আগে কতকগুলি ফিগার দিয়ে গেলেন, তাতে বললেন যে পশ্চিমবাংলায় সাড়ে ছয় লক্ষ কেডমজুর গ্রামের মধ্যে আছে। এই সমস্ত পরিবারদের বাদ দিয়ে আপনি কি করে উৎপাদন বাড়াবেন ? রাইটার্স বিভিং-এর কাছে উৎপাদন হবে ?

ভারপর টেষ্ট রিলিফের কথা বলেছেন। গ্রামে টেষ্ট রিলিফের জন্ম বেভাবে থরচ করা হয়, তা থেকে বোঝা বাচ্ছে গ্রামের অবস্থা কি ? প্রত্যেক বছর দেখা যায় ভাগচাষীরা চাষ করলেই সেই সময় জমিদার, জোতদাররা পুলিশ সংগে নিয়ে সেথানে গিয়ে হাজির হয় এবং তাদের উৎপল্ল ফসল দুর্থশ করবার চেষ্টা করে। স্কুতরাং ভাগচাষীরা চাষ করবে কেন ? তারা চাষ করতে ভরসা পায় না। উৎপন্ন যাতে বাড়ে ভারজন্ম চাষীদের ভাল বীজ, সার, সেচ প্রভৃতি দিয়ে সাহায্য করা উচিত। এবং সরকারের তরফ থেকে তাদের সাহস দেওয়া উচিত, তানা হলে তারা মনে করে যে ভারা ফদল উৎপন্ন করলেই দেখানে জমিদার, জে।তদারদের হীন আক্রমণ সুরু হবে। গ্রামের কংগ্রেদ, পুলিশ তারা এদে তাদের উৎপন্ন ফসল কেড়ে নিয়ে যাবে। স্থতরাং তারা ফসল উৎপন্ন করতে সাছদ করবে কি করে ? চাষের জন্ম ভারা টাকা ঢাশবে কেন ? স্থতরাং সরকারের এই ধরণের প্রচেষ্টার উৎপন্ন বাড়ান যায় না, ভাতে থালি ফিগার বাড়ান যায়। ফিগার ভৈরী করা যায়। ভাই শামি অনুবোধ করবো—আপনি সভিয়কার ফিগার দেবার চেটা করুন। আপনারা বলেছেন আগামী বছবের মধ্যে বাংলাদেশকে থাতে অয়ংসম্পূর্ণ করে দেবেন। সেটা যাতে হয়, ভার ব্যবস্থা করুন। ভারপর অবাপনি গোবরের কথা বলেছেন। গোবরে হাত দিলে এবার ঘুঁটের দাম বেড়ে ষাবে। ক্বৰুদের দিয়ে বদি কৃষি উৎপাদন বাড়াতে হয় তাহলে তাদের প্রয়োজনীয় লোন সময়মত দিতে হবে। অবশ্র আপনার। ক্তবকদের কিছুলোন সময় সময় দেন। যেমন—গ্রুপ লোন চালু करत, तना रुष्क्र २८ টाका करत राजाया नाय। किन्न के स्व मामाछ २८ টाका लान रेनन, छा पिरह জোড়া বলদের লেজও কেনা বাবে না। বে সামাত লোন দেওয়া হয়, তাও তারা সময়মত পায় না। সার বিতরণ করা হয়, কিন্তু সে সার ভাদের কাছে পৌছায় না, অধ্চ সার কলকাভায় কেনা, বেচা হয়। কুষকদের অংশির উপর যদি অংথিকার দেওয়ানা হয়, ভাদের যদি ভাল বীজ ধান, সার প্রাকৃতি সময়মত দেওয়ানা হয়, তাহলে কিসে আপনি উৎপাদন বাড়াবেন ? ওঁৱা বড়াই করেন আমাদের লেচের ব্যবস্থা খুব ভাল। তাাঁরে ফি রকম চমংকার সেচ ব্যবস্থা! জল হলে কি হবে বলা বায় না। হয়ত খুব জল হল, তার ফলে ১৪টা জেলা ভেসে গেল। মাননীয় সেচমন্ত্রী অজয়বাবু বলতে পারবেন ৰে স্থামার ক্ষেণান্তে উত্তরভাগে সেচ পরিকরনা এমন হয়েছে বে দেখানে সেচের জলে কুলাচ্ছে না ভারা বাধা হয়ে আকাশের জলের দিকে চেমে আছে। স্তরাং দেচের বদি উর্ভি না হয় এব চাৰ সম্পৰ্কীর অ্সান্ত ব্যবস্থা না হয় ও ক্ষকের হাতে জমি দেওরা না হয়, তাহলে উৎপাদন বাড়ছে

পারে না। শ্রন্তরাং উৎপাদন বাড়াতে হলে এই কয়েকটি জিনিসের প্রতি সরকারের দৃষ্টি দিতে হবে। প্রথম কয়েকর হাতে জমি দিয়ে, তাকে জমির মালিক কয়েত হবে। ছিতীয়তঃ কয়েকয় থাজনার হার কমাতে হবে। তৃতীয়তঃ তাদের এক বিঘা বাল্বজমি নিয়র কয়তে হবে। এবং তাদের progressive tax বন্ধ কয়তে হবে, এবং তাদের প্রয়োজন অমুয়ায়ী সময়মত লোন দেবার ব্যবস্থা কয়তে হবে। তাছাড়া তাদের উপর যে সাটিফিকেট জারী কয়ে লোনের টাকা আদায় কয়ায় ব্যবস্থা রয়েছে, তা রহিত কয়তে হবে। উনি জানেন উৎপাদন বাড়েনি। কায়ণ ছিতীয় পঞ্চবার্ষিকী পরিকয়নায় ১৫ লক্ষ টন থাতশশু বাড়ানর ব্যবস্থা কয়া হয়। কিয় এথন এষ্টিমেটে দেখছি— ৩ লক্ষ ২০ হাজার টনের বেশী বাড়তে পারে না। যে কৈফিয়ৎ তাঁরা দিছেন, তাতে হবে না। ১২টি ডিস টিউবওরেল ইরিগেসন স্কীমে কয়বার কথা ছিল। তার মধ্যে মাত্র ৮টি কার্যকরী হয়েছে।

যে পরিকরনা নিচ্ছেন তাতে আমাদের সাজেশানগুলি যেন গ্রহণ করেন এবং একথা মনে না করেন যে আমাদের সাজেশান নিলে বেকায়দায় পড়বেন এবং ফলে সর্বনাশ হয়ে যাবে এবং লোক কমিউনিষ্ট হয়ে যাবে।

[3-50-4 p.m.]

Shri Mihir Lal Chatterjee: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় কৃষিমন্ত্ৰী তাঁৱ প্রারম্ভিক অভিভাষণে অনেক কথা আমাদের গুনিয়েছেন এবং বহু তথা প্রিবেশন করেছেন কিন্ত আমর। বাজেট পুস্তকে যে সকল তথ্য দেখতে পাই তাতে আমার মনে হয়, কুষিবিভাগের যোগ্যভার চেয়ে অযোগ্যতাই বেলা। যেমন আমরা দেখি যে দিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৯৫৬ দাল ্থকে ১৯৬১ সালের মধ্যে Plan Projectএ খরচ হওয়ার কথা ছিল ৭ কোটি ৪৮ লক্ষ্ণ ৮৮ হাজার টাক। কিন্তু দেক্ষত্রে দেখি ১১ কোটি টাকা খরচ করতে পারেননি। ১৯৬০-৬১ সালের হিসাবেও ্দেখি কতকগুলি খাতে তিনি টাকা খরচ করতে পারেননি যদিও এই হাউস তাঁর বিভাগের জন্ম গাকা বরাদ করেছে। Distribution of Sludge এর জন্ম হাউদ থেকে বরাদ করা হয়েছিল ংলক্ষ ৭৫ টাকা। কৃষি বিভাগের মুখপত্র বহুদ্ধরা নামক কাগজে আনেক-কিছু প্রচার করা হয়, াধা. Sludge পৌছে দেওয়া হবে, নগদ টাকা দেওয়া হবে। কিন্তু বাজেটে যদিও বরাদ ছিল ংলক্ষ ৭৫ টাকা--- সরকার থরচ করতে পেরেছেন মাত্র ১ লক্ষ ৬৭ হাজার টাকা। আবারও এবার চ্যেছেন ২ লক্ষ্ ওং হাজার টাকা। Distribution of Bone meal খাতে ৩ লক্ষ টাকা বরাদ ছল, থরচ করেছেন ১ লক্ষ ১২ হাজার টাকা। কেন ৭ এবারে চাইছেন ২ লক্ষ ১৯ হাজার টাকা। Distribution of Super Phosphateএর জন্ত বরাদ ছিল ৫ লক্ষ টাকা, খরচ করতে পেরেছেন শক্ষ ৯৭ হাজার টাকা। এবারে চাইছেন ৩ শক্ষ ৪৭ হাজার টাকা। Development of nemorial resources এর জন্ত কৃষিবিভাগ গতবছর চেয়েছিলেন ৮ লক্ষ ৫৮ ছাজার টাকা। ুই House সেই টাকা বরাদ করেছিল কিন্তু ক্লেষিবিভাগ থরচ করলেন মাত্র ১ লক্ষ ৮৮ হাজার াকা, এর চেয়ে ত্রংখের বিষয় কি হতে পাবে ? সরকার কি কাজ করছেন ? এবারেও চেয়েছেন লক টাকা। আবার আর একটা খাতে compost scheme for under-developed "Iunicipality খাতে দেখছি গত বংসর ৮১ হাজার টাকা বরাদ ছিল, সরকার এক প্রসাপ্ত ারচা করতে পারেননি। এবার ঐ থাতে ৩৯ হাজার টাকা চাইছেন। গত বংসর যদি ফস**ল** বড়ে থাকে তো ভগবানের দরায় বেড়েছে, বৃষ্টি দেবতার দরায় বেড়েছে । এই House থেকে ^{ৰ টাকা} কৃষির জন্ম বরাদ ছিল তা যদি ঠিক্মত কৃষিবিভাগ থবচ ক্রতে পারতেন তাহলে ফুসল মনেক পরিমানে বাড়ত। বিভীয় পঞ্চবার্সিকী পরিকরনায় প্রায় ১ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্ধ

থাকা সত্ত্বেভ সবকাব থবচ করতে পারেনি। মাননীয় তরুণকান্তিবাবু বলেছেন Agriculture Exhibition যেন দেখে আসি। আমি যেটা দেখে এসেছি। তিনি গিয়েছিলেন রাণীর সংগে—কাজেই আমার দেখা আর ওঁর দেখায় তফাৎ হবে। তিনি যদি মাদ্রাজ pavilionএ গিয়ে থাকেন তাহলে দেখবেন ১৯৫৯ সালে মাদ্রাজ রাজ্যে ১৭৯ লক্ষ টন চাল উৎপন্ন করেছে, আর ৯৬১ সালে তার বিগুণ উৎপাদন বৃদ্ধি পেয়ে ৩৪১ লক্ষ টন হয়েছে। আর যদি acreage ধরেন তো দেখবেন সেখানে ১৯৫২ সালে ৪৬৫ লক্ষ একর ছিল—সেট বেড়ে গেছে ২৫ পার্দেণ্ট এবং বেড়ে হয়েছে ৫৭০ লক্ষ একর।

যদি পাঞ্জাব pavilionএ যান, দেখবেন দেখানে তারা গর্বের সংগে chart এবং ছবি দিয়েছে, facts and figures দিয়েছে যে, আমরা ভারতবর্ধের ভিতর স্বচেয়ে বেশা গম উৎপাদন করি। ভারা তুলনামূলকভাবে figure দিয়ে দেখিয়েছে যে, পঞ্চবার্ধিকী পরিকল্পনার প্রথম দিকে কি পরিমাণে গম হোত, আর ছিতীয় পরিকল্পনায় কি পরিমাণে গমের ফলন বেড়েছে। তারা তূলা স্থান্ধে কত ফলন বাড়িয়েছে, ভূটা ইত্যাদির উৎপাদন কি পরিমাণ আগের চেয়ে বেড়েছে, তা দেখিয়েছে। আর আপনার বাংলার pavilion, যেটা গর্বের সংগে দেখতে গিয়েছিলাম স্বচেয়ে বড় pavilion, ৭ লক্ষ টাকা থরচ করছেন, দেখানে কিন্তু কোন তুলনান্লক হিসাব পাবার উপায় নেই। এইবকম কলংকজনক pavilion আর একটাও দেখিনি। মাদ্রান্ত pavilion বান, রাজস্থান Pavilion যান, মধ্যপ্রদেশের Pavilion যান, পাঞ্জাব Pavilion যান, দেখানে আপনি তুলনামূলক হিসাব পাবেন যে, দেখানে ক্ষি কি পরিমাণ বেড়েছে, আর আপনার বাংলাদেশের pavilion, যেখানে ৭ লক্ষ টাকা থরচ করা হল দেখানে একটা figure পাবার উপায় নেই। এটা থুবই লজ্বার কথা।

ভারণর, Sir, আমি আর একটা কথা বলছি। Deep tube wellর কথা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বলেছেন যে, সামনের বৎনর তারা ১০-১২ লক্ষ একর জমিতে জল দিয়ে তুইবার ফদল ফলাবেন। ছইবার ফদল করতে গেলে deep tube well থেকেই ভা করতে হবে। বাংলাদেশে দব জায়গায় ময়ুৱাক্ষী নেই, দব জায়গায় দামোদর নেই, দব জায়গায় কংসাবতী নেই: বাংলাদেশে এমন কতকগুলি এলাকা আছে ষেথানে deep tube well ছাড়া ছুইবার ফদল হতে পারে না। অপচ deep tube well থাতে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বরাদ হয়েছিল ৯৫ লক্ষ টাকা। আব এই ৎ বংসর অতিক্রম হবার পর এই deep tube wellএর কি কাজ আমরা দেখছি ৪ মাত্র ৪১'২ লক্ষ টাকা সরকার খরচ করেছেন, আর ৫৪ লক্ষ টাকা খরচ করতে পারেননি। এই হচ্ছে সরকারের কৃষি বিভাগের কাজের নমুনা। যেখানে ১২৫টি deep tube well করার কথা ছিল সেখানে মাত্র ৩০টা করা হয়েছে, তথাপি তিনি বলছেন যে পশ্চিমবংগে তিনি হুইবার ফদল উৎপাদন করবেন। কাজের নমুনা দেখে আমার গভীর সন্দেহ আছে। আমি ব্যক্তিগতভাবে চাহের জন্ত জল সরবরাহের কাজ কিছু জানি। আমি নিজে জল সরবরাহ সংক্রান্ত ক্লীপারে, সরকারের সাহায্য না নিম্নে, নিজেদের চেষ্টায় একটা Co-operative মাধ্যমে Pump irrigation করে থাকি। এই ধরণের কাজ আপাতত: সারা বাংলাদেশে আর কোণাও নেই। সেই অভিজ্ঞতা থেকে ব্রেছ (र, यहरे tube well sink कवा दाक ना त्कन, मञ्जी महानव कि इवहरे (गरे tube well कारक লাগাতে পারবেন না। কারণ এপর্যস্ত tube well তিনি করেছেন জল সরবরাহ করার জন্ম দে-কাজে লাগাতে পারেননি electric connectionর বহু ঝামেলার জন্ত। Deep Tube Well कार्यकरी कवात भाष Electricity Department প্রবল্ভম বাধা। একথা শংকরদাস ব্যানার্জী মহাশয়কে জিজ্ঞাসা করুন, জগরাধবাবুকে জিজ্ঞাসা করুন, হরিদাস দে মহাশয়কে জিজ্ঞাসা করুন, তারা দকলেই বলবেন যে, জায়গায় জায়গায় deep tube well হয়ে পড়ে আছে, কোধাও

কোণাও ছ' একবার জল সরবরাহ করা হয়েছে ভারপর Electricity Departmentর নানা ঝামেলার জন্ম কাজ অচল হয়ে পড়েছে। এবারও দেখছি deep tube wellর জন্ম ২০ লক্ষ্টাকা এই বংসরের বাজেটে ধরা আছে এবং electric সংযোগের জন্ম আবা ৷৬ লক্ষ্টাকা চাচ্চেন, মোট ৩৬ লক্ষ্টাকা এই ব্যাপারের বাজেটে চাওয়া হয়েছে। এ টাকাও আপনারা ব্যবহার করতে পারবেন না। গত ৫ বংসরের মধ্যে tube well কাজে লাগাতে পারেননি, tube well মাটির তলায় অকাজে পড়ে আছে। আবার এই বাজেটের টাকা থরচ করলে ভা-ও নই হবে। আমি বলি শুমুন, এই deep tube wellগুলি পড়ে থাকার প্রধান কারণ হছে Electricity Department। তারা কাজ করতে চায় কার্শীওয়ালার অন্তর নিয়ে। ভারা চায়, জল ভোলা হোক্ বা না হোক্, রৃষ্টি হলে টিউব ওয়েলের জল সরবরাহের প্রয়োজন না হলেও, minimum electric charge দিতেই হয়। আর এই chargeর নমুনা কি বলছি, আমরা যে Cooperative Society করেছি, যাতে সরকার কোন টাকা দেননি, সেখানে দেখেছি ২১৭৫ টাকা minimum electric charge বংসরে দিতেই হবে tube wellর জল লোকে চায়ের প্রয়োজনে ব্যবহার করক বা না করক।

[4-4-10 p.m.]

এবং আরও :০০০ টাকা জোগাতে হবে security deposit হিসাবে। Electricity বিভাগের বিরাট দাবী পূর্ণ করে সরকার কয়টা Tube well কার্যকরী করতে পারবেন ? Tube wellএর জন্ম সরকারী অর্থ সম্ভবত: লোকসানই হবে। জমিতে তুইবার ফসল উৎপন্ন করা ভিন্ন বাংলাদেশের ফসল করানোর বিতীয় কোন পথ নাই। চাষীকে জমির মালিক করতে হবে, বেখানে irrigationএর বন্দোবন্ত হয়েছে দেখানে বিশেষ করে চাষীকেই জমির মালিক করার পরীক্ষা স্থক করতে হবে। এটা যদি নাকরা যায় এবং absentee landlordই জমির মালিক হয়ে বদে পাকে ভাহলে কোনদিন হু'বার করে ফসল হতে পারে না। জলের সম্বাবহার হলে পর বেশা পরিমাণে ফদল উৎপন্ন হতে পারে। যে যে জায়গায় এখন পর্যন্ত irrigation দেওয়া সম্ভব হয়েছে, সেখানে অবিলম্বে আইন করা প্রয়োজন যে, যদি জমি পতিত থাকে তাহলে জমির মালিকের সেই জমিতে চাষের অধিকার পরবর্তী বংসর থাকবে না। Irrigation arears যে মালিক জমি চাষের কাজে লাগাবে সেই মালিকের জমিতে চাষের অধিকার থাকবে। স্থার, আরেকটা কথা বলব, আমা**ণের** দেশে প্রত্যেকটা ব্যাপারে আমরা পরমুখাপেক্ষী, চাল, গম, ডাল ইত্যাদি নিত্য প্রয়োজনীয় জিনিস আমাদের আদে উড়িক্টা, রাজস্থান, পাঞ্জাব প্রভৃতি দেশ থেকে। তারপর, আমাদের এথানে চিনির কি অবস্থা! Sugar cane cultivation এ দিতীয় পঞ্চবাৰিকী পরিকল্পনায় ১৯৫৬—১৯৬১ সালের মধ্যে আমাদের বরান্দ ছিল ১২ লক্ষ ৪০ হাজার টাকা, আমরা থরচ করেছি ১০ লক্ষ ৪৭ হাজার টাকা। এবারকার বাজেটে আথের চাষ বাডাবার জন্মন্ত্রী মহাশয় চাচ্চেন ৬ লক্ষ টাকা। Before partition of Punjab, পাঞ্জাবে মাত্র তিনটি চিনির কল ছিল, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা 🗝 দিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তারা আরো চিনির কল করেছে, এখন ভাদের সবগুদ্ধ চিনির কল দাঁভিয়েছে ১ টা। আমাদের পশ্চিমবাংলায় আথের ফলন কোথায় ? বাংলাদেষে partitionএর সময় একটামাত্র চিনির কল চালু ছিল, এতদিন পর Central Governmentএর টাকায় আর একটা মাত্র চিনির কল তৈরী হয়েছে। আম চাষের জন্ত এ কয়বংসর এত টাকা খরচ করা সত্ত্বেও এই কলটির জন্ম সামান্ত প্রয়োজনীয় আথ আসে বিহার থেকে। শামাদের এথানে যে আথ আদে বিহার থেকে তার জন্ম বেণী দাম দিতে হয়, থরচাও অনেক। তাই

আমার বক্তব্য হচ্ছে, আবার বক্তব্য যে, আথের জন্ম বরাদ্দ এই টাকার সন্ধায় হয় না। যদি এই টাকা সন্ধারহার হত তাহলে যেকেত্রে পাঞ্জাবে ওটার জায়গায় ১০টা চিনির কল হয়েছে আমাদের বাংলাদেশে আরো বেণী চিনির কল হওয়া উচিত ছিল, হয়েছে মাত্র একটা। ময়ুরাকী, দামোদর এলাকায় জলের ব্যবহা হয়েছে, কিন্তু জলের ব্যবহার কোথায় ? রবিশস্তের জন্ম ময়ুরাকী অঞ্চলে ১ লক্ষ ২০ হাজার একর জমতে জল দেবার ব্যবহা আছে বলা হয়, কিন্তু জলের utilisation কোথায় ? Utilisation নাই।

এই প্রসংগে আরেকট। কথা বলতে চাই। Agricultural marketing organisation-এর জন্ত এই বছর বাজেটে ৫ লক্ষ টাকা ধার্য হয়েছে এবং agriculture directorate বাড়াবার ব্যবস্থা মন্ত্রী মহাশয় করছেন। কিন্তু চাষ অর্থাৎ প্রকৃত ফলন বৃদ্ধির জন্ত কি ব্যবস্থা করছেন?

তারপর বাংলাদেশে বিভিন্ন জায়গায় বিভিন্ন ধরণের ওজন প্রচলিত রয়েছে, এতে অনেক রকম প্রভারণা ও অন্থায় হয় চাধীদের উপর— ঢলতা, ঈশ্বরুত্তি ইত্যাদি নানারকম জিনিস তাদের থেকে আদায় করা হয়— এর প্রতিকারের জন্ম এখানে বহুবার বলা হয়েছে। আবারো বলছি, মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি যে, বাংলাদেশের চাধীকে এসব অন্থায় exaction থেকে রক্ষা করার ব্যবস্থা করুন।

Shri Sasabindu Bera: মি: স্পীকার, হার আজকে যে ব্যয়বরাদের দাবী উথাপন করা হয়েছে তা' অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এর উপর সমস্ত জাতির বাঁচামরা নির্ভর করছে। দেশের থাছাবস্থা দিনের পর দিন আশংকাজনক হয়ে উঠছে— আজকে আমাদের প্রত্যেকটা জিনিসের জন্ত অন্তদেশের উপর নির্ভর করতে হয়। এবং শুধু তাই নয়, এটা আমাদের সবসময় বোঝা দরকার য়ে, জিকা করে, ঋণ করে, থারাতী সাহায়্য দিয়ে জাতিকে কোনরকমে বাঁচিয়ে রাখতে পারা য়াবে না। ১৯৬০ সালের যে মকল রাষ্ট্রপুঞ্জের পরিসংখ্যান সম্বাতি ১৯৫৯ সালের যে বর্ষপঞ্জী প্রকাশিত হয়েছে তাতে যে ৪০টি দেশের তথ্য তারা সরবরাহ করেছেন, ভাতে দেখান হয়েছে যে থাছাগ্রহণের দিক থেকে ভারতের স্থান সবচেযে নীচে, এবং থাছাগ্রহণের মান ভারত দিনদিন অবনতির দিকে য়াছে। ১৯৩৪—৩৮ সালে প্রতি ভারতবাসী গড়ে ১৯৫০ calory থাছা পেত, ১৯৫৪—৫৬ সালে দেখছি সেক্ষেত্রে ১৮৯০ calory থাবার থেয়েছে। এইভাবে যদি আমাদের খাছাবস্থা চল্তে থাকে তাহলে জাতি কতদিন বাঁচবে ? বিশেষজ্ঞরা এবং ওয়াকিবহাল মহল মনে করেন যে, আমাদের দেশে ধনবর্তনের বৈষম্য বেড়ে যাছেছ আর্থাৎ সাধারণ মান্ত্রের ভাগ্যে আরও কম জুট্ছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আজকে আমাদের ক্রি উৎপাদনের দিকে খুব বেশী নজর দিতে হবে একথা অনস্বীকার্য। সরকারী তরফ থেকে আমাদের দেশান হয় এই খাতে ব্যবহার টাকার অংক দেখি যে, তাঁরা এই ব্যাপারে যথেষ্ট গুরুত্ব দেন।

[4-10-4-20 p.m.]

কিন্তু টাকার অংকের দিকেও যদি দেখি তাহলে .৯৫৭-৫৮, ১৯৫৭-৫৯, ১৯৫৯-৬০ সালে ও বছরের দেখলে দেখব যে ১৯৬০-৬১ সালে প্রকৃত ব্যয় দেখতে পাই না। ১৯৫৭-৫৮ সালে কৃষিখাতে ৪ কোটি ৫৬ লক ৭২ হাজার টাকা ব্যয় হয়েছে, ১৯৫৮-৫৯ সালে ও কোটি ৮৯ লক ৬ হাজার টাকা। বাজেটে অংকের যাহু দেখিয়ে আমাদের দেখাবার চেষ্টা করা হয় যে এই খাতে প্রতি বংসর ব্যয়ের পরিমাণ বেড়ে যাছে। Revised Budget, মূল বাজেট তুলনায় অনেক সময় বেশী বরাদ্ধ

করা হয়। আমার সময় কম, ভা' না হলে বাজেটের টাকার অংক আলোচনা করে দেখাতে পারতাম বে, বাজেট এবং Revised Budgetএর তুলনার প্রতি বংসর প্রকৃত ব্যায়ের সময় টাকা কভ কমছে। অর্থাৎ এই বিষয়ে যে সরকারী উদাসীনতা চরম সীমায় গিয়ে পৌচেছে—এগুলিই তার প্রকৃষ্ট নিদর্শন। সরকারপক্ষ থেকে বলা হয় যে বহু অর্থ বায় করা হয়েছে, উৎপাদন বৃদ্ধি হচ্ছে, কিন্তু কার্যত ষেটা দেখা ষাচেচ সেটা আমি বলব। পশ্চিমবাংলায় উৎপাদনের যে হিসাব মন্ত্রী মহাশয় দিয়েছেন তা'থেকে দেখছি যে ১৯৫৮-৫৯, ১৯৫৯-৩০ এবং ১৯৬০-৬১ সালে যথাক্রমে ৪০ ৫৭ লক্ষ টন, ৪১ ৭২ লক্ষ টন এবং ৫৩.৫১ লক্ষ টন চাউলের উৎপাদন বেড়েছে। কিন্তু এবংসরে সকলেই স্বীকার করবেন ধে চাৰের যে ভাল অবস্থা সেটা ভগবানের করুণায় সম্ভব হয়েছে, তা' না হলে হোত না। কারণ ক্লবি-সংস্কারের জন্ম যে জিনিসগুলি করা দরকার সেই পথগুলি সরকারণক্ষ থেকে অবলম্বিত হয়নি বলে আমাদের দেশে কৃষির ক্ষেত্রে সেই একই অবস্থা রয়েছে। আমাদের দেশের উৎপাদনের সংগে অক্তান্ত কয়েকটি দেশের উৎপাদন যদি তুলনা করি ভাহলে দেথব যে আমরা কোথায় রয়েছি। ভারত-বর্ষের উৎপাদনের গড—তশ্চিমবাংলা তার বাতিক্রম নয়—অন্তান্ত কয়েকটা দেশের সংগে তুলনা করলে দেখা যাবে যে ভারতে যেখানে প্রতি একরে ধানের গড় বংপাদন ১০৭৯ পাউণ্ড সেথানে মিশরে ২ হাজার ৯০৫ পাউত্ত, ইটালীতে ৪.৪২৫ পাউত্ত, স্পেনে ৪.৫৫৮ পাউত্ত, অষ্টেলিয়ায় ৫.২৯১ পাউও ৷ বৈজ্ঞানিক পদ্ধতিতে যদি চাষবাস করা যায় তাহলে উৎপাদন বাডান যেতে পারে, কিন্তু সে-চেষ্টা সরকার পক্ষ থেকে করা হয়নি। Land utilisationএর কথা বলা হয়েছে। মন্ত্রী মহাশয় এথানে বলেছেন যে আমাদের পশ্চিমবাংলায় স্বাভাবিকভাবে Land utilisation স্বচেয়ে বেশী, কারণ জনসংখ্যার চাপ। তা' সত্ত্বেও আমরা দেখছি, এখনও যে ল্যাও আছে সেই Landক ulilise করে কাজে লাগান দরকার জনসংখ্যার চাপ ও আমাদের দেশের খাত্যের অভাবের কথা বিবেচনা করে। ১৯৫৯-৬০ সালে ভারত সরকারের ভৃতপূর্ব কৃষি ব মিশনার ডাঃ বি. এন. উৎপলের নেতৃত্বে যে কমিটি গঠিত হয়েছিল তাঁদের রিপোর্টে তাঁরা বলেছেন, যে পশ্চিমবাংলার কয়েকটা বডবড ফত্তে মোট ১ লক্ষ ১০ হাজার ৬৪০ একর পতিত জমি আছে এবং সেগুলিকে উদ্ধার করে চাষের কাজে যদি লাগান যায় ভাহলে পশ্চিমবাংলার কুমিজমি পাওয়া যাবে। তাঁরা আরও বলেছেন এর জন্ত খরচ হবে ১ কোটি ৩২ লক্ষ টাকা—অর্থাৎ একর প্রতি ১৬ টাকার মন্তন এতে অভিরিক্ত ফস্প হবে ৪২,৮২৫ টন এবং এর মূল্য ৪০ লক্ষ টাকা। এদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। ল্যাও নেই বলে বদে পাকলে হবে না-Land utilisation এর দিকে বেশা দৃষ্টি দিতে হবে। এইসংগে বৈজ্ঞানিক পদ্ধতিতে ক্লয়িকে উন্নত করার জন্ম যা দরকার সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। ডাঃ রায় দেদিন গত ১০ই ফেব্রুয়ারী ঠাকুরপুকুর ব্রুডচারী গ্রামে তরুণ কুবিজীবিকের বৈজ্ঞানিক পদ্ধতিতে ক্ষিবাবস্থা অবলম্বনের জন্ম উপদেশ দিয়েছেন। কিন্তু এই বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষবাস আমাদের দেশে প্রবর্তন করতে হলে চাষের উন্নতির জন্ম এর ফদল বাড়াতে হলে তার জন্ম আমাদের কি কি দ্রকার দেদিকে সরকার তরফ থেকে তো তেমন কিছুই করা হচ্ছে না।

কৃষির উন্নতির জন্ম আসল ব্যবস্থা হলো ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন করে ক্লমকদের হাতে জমি দিতে হবে এবং তারজন্ম যা করা প্রয়োজন সে সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা আনেক বলেছেন। আমাদেরও তরফ থেকে বারে বারে বলা হয়েছে যে, জমিদথল আইনের সংশোধন করা উচিত কেননা এই আইনের ফাঁক দিয়ে কিছু কিছু মানুষের হাতে জমি রাথবার ব্যবস্থা করা হয়েছে। কাজেই সেগুলো ক্লম করে দেশের ক্লমকদের হাতে জমি দেওয়াই দরকার। তারপর সরকারের ভরফ থেকে বলা হয়েছিল যে ৬ লক্ষ একর জমি পাওয়া যাবে, কিন্তু এথন বলা হয়েছে যে ২॥ লক্ষ একর জমি পাওয়া যাবে এবং কবে পর্যন্ত বন্টান করা হবে সেটা জানতে চাই। সরকার অবশ্র বল্লেন স্থক্ষ করা হছে, কিন্তু কভিদিন সময় লাগবে এই কাজ শেষ করতে সেটাও

জানতে চাই। তারপর ক্ষিবিভাগ থেকে ক্ষির জন্ম অর্থ ব্যয় করা হচ্চে, কিন্তু বান্তবিক পক্ষে বৈজ্ঞানিক পদ্ধতিতে ফদল উৎপন্ন হয়নি এবং বিভিন্ন জেলায় যে ব্যবস্থা অবলম্বিত হচ্ছে তাতে দেখছি ষে চাষের উন্নতির জন্ম যা করা দরকার তা করা হয়নি ক্রমকদের মধ্যে উৎসাহ আনা যায়নি এবং ভিমনেদষ্ট্রেদন ফার্মগুলি হয়েছে। কাজেই এমভাবস্থায় ক্ষকদের দঙ্গে প্রত্যক্ষভাবে মিশে তাদের দিকে দৃষ্টি দিতে হবে এবং ছোট ছোট খণ্ড খণ্ড জমি থাকার জন্ত যথন অমুবিধা হচ্ছে তথন সেই খণ্ড খণ্ড জমিণ্ডলোকে একত্রিত করে বৃহত্তর আকারে সমবায় পদ্ধতিতে চাষবাদের দিকে ভাদের আরুষ্ট করা যায় কিনা সেটার প্রতি লক্ষ্য রাখতে হবে এবং এর সঙ্গে সঙ্গে জলের ব্যবস্থাও করতে ছবে। তারপর ক্রমকদের যথন ঋণের প্রয়োজন তথন সেই ঋণ যাতে তারা সময়মত পেয়ে ক্রমির উন্নতির কাব্দে লাগাতে পারে তার প্রতি দৃষ্টি রাথতে হবে এবং এই ভাবে যদি তাদের প্রতি দৃষ্টি **দেওয়া যায় ভবেই কুষির উন্ন**তি হবে। স্থার, আমাদের কুষিবিভাগ থাক। সত্ত্বেও এবং সরকার পক থেকে যা কিছু বলা হচ্ছে তা' সত্ত্বেও আমাদের দেশের ক্লয়কদের মধ্যে কোন উৎসাহ দেখছিনা এবং ভার ফলে একর প্রতি ফলন বাড়ছে না। তবে আমার মনে হয় এক্ষেত্রে সবচেয়ে অস্কবিধা এবং ক্রটি রয়েছে অন্যভমিনিষ্ট্রেসনএর মধ্যে এবং ১৯৫৮ সালের নালাগড় কমিটিও তাঁদের যে রিপোর্ট দাখিল করেছেন তাতে এই আাডমিনিষ্ট্রেটভ ডিফিকালটিস-এর কথা বলেছেন। কাজেই সেই রিপোর্ট-এর প্রতি দৃষ্টি রেখে যদি অ্যাডমিনিস্ট্রেসন-এর গলদ দর করা যায় তাহলে ক্র্যির উন্নতি হবে বলে আশাকরি।

Date for School Final Examination

Shri Mohammed Israil: স্থার, আমি একটা জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হলে। আগামী ২০শে ভারিথ যে মাট্রিকুলেসন পরীক্ষা আরম্ভ হওয়ার কথা আছে সেটা যদি ২০শে ভারিথ আরম্ভ হয় তাহলে ভাল হয়।

DEMAND FOR GRANT NO. 23

Major Heads: 40 Agriculture, etc.

Shri Parimal Ghosh: মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই সভার কাছে আমি আমার বক্তব্য রাথতে গিয়ে করির উরতির পথে যে সমস্ত বাধা 'আছে তার উপরেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাথব। প্রথমতঃ, করির জন্ত বাজেটে বেনা টাকা বরাদ করা হয়েছে এবং করির উরতির জন্ত আর একটা বিশেষ ধাপ হিসেবে যে সার, বীজ প্রভৃতি সরবরাহ করবার সঙ্গে সঙ্গে অভাত ব্যবহা করা হয়েছে তারজন্ত আমি ধত্তবাদ জানাছি। স্তার, ভারতবর্ষ ক্ষিপ্রধান দেশ এবং সেইজন্ত প্রথম ও ঘিতীয় পঞ্চবার্ধিকী পরিকল্পনায় যদিও ক্ষরি উর্য়নিকটে টপ প্রাওরিটি দেওয়া হয়েছিল কিন্তু তা সঙ্গেও আমরা দেখেছি যে কৃষির উর্লিত ঠিকমত হয়িন। ভবে বাজেট বক্তৃতায় আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, ১৯৫৮-৫৯ সালে যেথানে চালের উৎপাদন ছিল ৪০ ৫৭ লক্ষ টন, ১৯৫৯-৬০ সালে সেটা বেড়ে হয়েছে ৪১ ৭ লক্ষ টন এবং এবারে তিনি আশা করেন যে সেটা বেড়ে দাড়াবে ৫০ ৫০ লক্ষ টন। কাজেই এথেকে বোঝা যায় ম্কে ১৯৫৮-৫৯ সাল থেকে ১৯৫৯-৬০ সালে যে উৎপাদন বড়েছে সেটা যদিও খুবই ইন্সিয়িফিকাণিট কিন্তু ১৯৫৯-৬০ সাল থেকে এবছরে যেটা বাড়বে তার পরিমান হছে ১১ ৭৯ লক্ষ টন। তবে মাননীয় স্পীকার মহাশয়, এ প্রসঙ্গে একটা কথা না বলে পারছিনা এই যে বাড়িতি ক্ষপল উৎপন্ন হয়েছে তার কারণ সময় মত রৃষ্টিপাত ছাড়া আর কিছুই নয় এবং একথা আশাকরি সকলেই অমুধাবন করবেন। কাজেই এই সভ্য আর একবার নুজন করে প্রমানিত হোল

বে, কুন্তু সেচ পরিকরনা ছাড়া আমাদের আর কোন উপায় নেই। এবং বে কথা এথানে বছ মাননীয় সদন্তেরা উল্লেখ করেছেন। ভবে স্থাথের কথা যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকরনায় কুন্তু সেচ পরিকরনার দিকে নজর দেওয়া হয়েছে এবং মাননীয় মন্ত্রীমহাশয় এ ব্যাপারে যথেষ্ট সজাগ রয়েছেন।

[4-20-4-30 p.m.]

ভারপর আমার বক্তব্য হচ্ছে ধে, সরকার গবেষণা লব্ধ ফলকে কাজে লাগাবার ব্যাপারে অভ্যন্ত অদ্রদর্শীভার পরিচয় দিয়েছেন এবং তার উদাহরণস্থরণ আমি দেখাতে পারি যে কতগুলো নিজ্যব্যবহার্য জিনিসের দাম অত্যন্ত বেড়ে গেছে। যেমন, সরিষার তেল—ভা ওয়াগন ঘাটভির জগুই হোক আর উৎপাদন কম হয়েছে বলেই হোক সাধারণ ক্রেভাদের ভারজগু থেসারত দিতে হচ্ছে। অথচ এই অবস্থায় কিছুটা উন্নতি করা যেত যদি বোস রিসার্চ ইনষ্টিটিট-এ যেয়ে improve mutent variety evolve করা হয়েছে সেগুলো চাষীদের কাছে পৌছে দেওয়া হোত।

স্থার, এক্ষেত্রে আমি আচার্য জগদীশ চন্দ্র বোদের বার্থ সেন্টিনারীর মধ্যে বোটানি সেকসান সম্বন্ধে যেটা আছে সে সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষন করছি। Exhibit No. 9 বলা হচ্ছে X-Ray induced higher yielding—Early flowering selections in mustard (Brassica Sp.)

Descriptionএ বলা হচ্ছে higher yielding-early flowering selections continue to breed true for these characters with increased percentage of oil.

ভারপর Exhibit No. 11এ বলা হচ্ছে-

"Good edible of the X-irradiated progenies: Percentage of 'free fatty acids' along with other chemical characteristics of the oil of the irradiated progenies compared with the control".

এর descriptionএ বলা হচ্ছে-

"The percentage of free fatty acids in the oils of the progenies are not only lower than the control but also far more satisfactory on the basis of the government prescribed limit of 3 percent., with much lower rancidifiability".

ভারপর Jute সম্পর্কে বলা হচ্ছে radiation induced jute mutants yield more fibreএর descriptionএ বলা হচ্ছে —

By irradiation of jute seeds with X-rays and radiophosphorus it has been possible to induce new types with yield more fibre. In the year 1947, following treatment with X-rays, a type named Tall Mutant was isolated, which was taller than the parent type and yielded 40-50 percent more fibre. This type is breeding true for the last 12 years, Types simulating to Tall Mutant were also isolated in 1953 55 and 1957 following treatment with radiophosphorus....

ভারে, দেজন্ত আমি বলছি যে এসম্বন্ধে যদি কিছু কর। সন্তব হয় সরকার পক্ষ থেকে ভাহলে আমি ভাদের এ-বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কারণ, definite percentage of oil আনেক নেশি—এব কোন ব্যবস্থা সরকার এখন পর্যন্ত করতে পেরেছেন বলে আমার জানা নেই।

ভার, লোকাল ম্যানিওর্যাল রিজিন্দ্ বলে একটা সাব হেড এই বাজেটের মধ্যে আছে এবং কিছু টাকা ভার মধ্যে বরাদ্দ আছে। কিন্তু ভার কাজ সম্পর্কে কিছু বোঝা যায় না। একটা উদাহরণ দিয়ে বলছি—বোরালের এক ভদ্রালাক এক সার বের করেছেন। সার সম্বন্ধে চাষী মামুষের থুব উৎসাহ দেখা গেছে। সাধারণভাবে দেখা গেছে সারটা দিলে ফলল সত্যই বেশী হয় এবং ফলমূলের আকার সভ্যই বাড়ে। সারটি দামে সন্তা। Foliar feeding করাতে হওয়া মানে গাছ একটু বড় হলে সারটি জলে মিশিয়ে গাছের উপর ছিটিয়ে দিতে হয়। সারটি সম্পর্কে সরকারী মহলে জানাজানি হবার পর দেখা গেল যে ডেভেলপমেণ্ট কমিশনার সারটির গুণাগুল সম্পর্কে জানবার চেষ্টা করছেন; এই সার সব জায়গার চাষীদের ব্যবহার করা স্থবিধা হবে কিনা অমুসন্ধান করছেন। কিন্তু এর রিপোর্ট এখনও জানা গেল না এবং সারটির গুণাগুল সম্পর্কে সরকারীভাবে কিছু বলা হল না। কিছুদিন আগে যুগাস্তর কাগজে এসম্পর্কে একটা লেখা বেরিয়েছিল। তাতে লেখক আশা প্রকাশ করেছিলেন যে যদি গভর্পমেণ্ট এই সারটি সব জায়গায় ডিম্বিবিউটের বাবস্থা করেন থাহলে স্থামাদের ক্ষিদ্রবার উৎপাদন অনেকাংশে বেড়ে যাবে। আমি এব্যাপারে লেখকের সাথে একমত।

ভাব, এবাবে আমি একটা cash cropএর কথা উল্লেখ করব যার উপর একটা বিরাট ইণ্ডাঞ্চি গড়ে উঠেছে এবং সেটা হচ্ছে আথ। ভার, আপনি জানেন যে এই ক্রপটি আমাদের মুর্শিদাবাদ এলাকায় থুব ভাল হয় জলবায় এবং মাটির গুলে। কিন্তু বড় ছঃথের কথা এই যে গত ১০ বছর যাবৎ এর কোন উন্নতি করা সন্তব হয়নি। কারণ, মুর্শিদাবাদ জেলায় যে-কয়টি বড় ইণ্ডাঞ্চি ছেল তার মধ্যে বেলডাংগ। হুগার মিল একটি। রাজ্যসরকার ইচ্ছা করলে এই মিলটাকে চালু করতে পারতেন অন্ত জায়গায় মিল না খুলে। আমাদের জেলায় কোন হেভী ইণ্ডাঞ্চি নেই বলে আন-এমপ্লয়মেণ্টের সংখ্যা দিন দিন বিপদজনকভাবে বেডে যাচছে। বেলডাংগায় মিল চালু হলে এই দিয়ে অস্ততঃ জেলার লোকের একটা হুবিধা হত এবং চাষীরা কিছু লাভবান হত। যার। খবর রাথেন তাঁরা জানেন মিলটা এখন নঃ যথে। নঃ তত্থো অবহায় আছে। আমি কর্ভূপক্ষের দৃষ্টি এইদিকে আকর্ষণ করছি যাতে মিলটাকে গভর্পমেণ্ট চালাতে পারেন অথবা বিকল্প এমন ব্যবহা করতে পারেন যাতে করে আমাদের জেলায় ভাগারণীর ছধারে ইণ্ডাঞ্চি গড়ে উঠতে পারে বিশেষ আমরা যথন জানতে পেরেছি তৃতীয় পরিকল্পনায় ফরাকা ব্যারেজের কাজ অনেকদূর এগিয়ে যাবে।

স্থার, S. A. S.' class I serviceএ আজ এমন একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে যেটার কোন সলিউসান যদি এখনই ঠিক না করা হয় ভাংলে 3rd Five Year Pland top priority দিলে এর ভবিষ্যুৎ যে অন্ধকার এই ব্যাপারে আমার বিন্দুমাত্র সন্দেহ নেই।

বার বার য়াডভারটাইজ করা সত্ত্বেও এ. ই. ও. পোষ্টের জন্ম যথেই সংখ্যক য়াালিক্যাণ্ট পাওয়া মায় না এবং বাঁরা আসেনি তাঁরাই সিলেক্টেড হন কারণ লোক খুঁজে পাওয়া যায় না। আর বাঁরা সিলেক্টেড হন তাঁরাও শেষ পর্যস্ত জয়েন করেন না, কারণ তাঁদের পে স্বেল অতি জঘন্ম ধরণের—১৫০ থেকে ৩০০ টাকা পর্যস্ত। এসম্বন্ধে সরকারের একটু দৃষ্টি দেওয়া দরকার। আমার কাছে কভকগুলি ফিগার আছে যা থেকে জিনিসটা বুঝতে পারা মাবে—১৮৯টা পোষ্টের মধ্যে টোটাল ভেকেন্দ্রীর মধ্যে ৫৮টা পোষ্ট ভেকেন্ট এখনও বয়েছে উপযুক্ত প্রার্থীর অভাবে। এইসমন্ত পদগুলি পূরণ করা হছেন না বার ফলে এগ্রিকালিটারের কাজগুলি ফুষ্টুভাবে চালু করা মাছেন।। বার বার এক্ষা য়্যাডভারটাইজ করা হয়—পাবিলিক সার্ভিস কমিশনে ৮০ জনের মধ্যে ২৮ জন সিলেক্টেড হন, ভার মধ্যে মাত্র ১৪ জন জয়েন করেন। কাজেই অবস্থাটা কি ভা সহজেই বুঝতে পারেন। যথন য়্যাডভারটাইজ করা হল তথন ২২ জনের জন্ম য়্যাডভারটাইজ করা হল—৮ জন য়াগ্রাই করলেন,

ত জন ম্যাপিয়ার হয়নি এবং তার মধ্যে ২ জন সিলেক্টেড হন। এটা বড়ই লচ্ছার কথা যে একজন এগ্রিকালচার গ্রাজুয়েট এত কম বেতন পান দেখানে অস্তান্ত টেকনিকাল গ্রাজুয়েট এমনকি ভেটারিনারী গ্রাক্তরেটের ২০০ টাকায় ষ্টার্ট করেন। যার। শেষ পর্যন্ত জয়েন তাঁরাও চাষ্প পেয়ে সবাই চলে যায় এবং তাঁদের পক্ষে চাফা পাওয়াটাও খুব সোজা, কারণ যদি তাঁরা মাল্টিপার্পাস স্কুলে চাকরী করেন ভাহলে অনেক বেশী তাঁরা মাইনা পাবেন। কাজেই এস. এ. এস. ক্লাস ওয়ানের পে ফেল যদি বাডিয়ে দেওয়া না হয়-তাহলে টেকনিকাল ষ্টাফ পে-তে সরকারের খুব অস্থবিধা হবে এবং কোন পরিকল্পনা সার্থক করে ভোলা যাবে না। আর একটা অভুত ব্যাপার আমাদের পশ্চিম-বংগে চলে আসছে। সেটা হল এম. এস. সি. (এ. জি.) এবং বি এস সি (এ. জি.) দের পে স্কেল এক্ট ১৫০ থেকে ৩০০ টাকা অথচ আমাদের পাশের প্রদেশগুলিতে, যথা আসাম, উড়িয়া প্রভৃতি জায়গায় এম. এম. সি. (এ. জি.)দের কতকগুলি ইনিসিয়াল ইনক্রিমেণ্ট দিয়ে দেয় কিন্তু আমাদের পশ্চিমবাংলায় এই ব্যবস্থা না থাকায় যে একটা অন্তত সিচুয়েসন সৃষ্টি হয়েছে সেটা আপনাদের জানাচ্ছি। পশ্চিমবংগ সরকার প্রভােকবার কিছু কিছু ষ্টুডেণ্ট আই এ আর আইতে এম এস সি পড়তে পাঠান এবং মাসে মাদে তাঁরা ১১৫।১২০ টাকা পশ্চিমবংগ সরকারের কাছ থেকে পান এই সর্তে যে তাঁরা যথন এম জি পাশ করে ফিরে আসবেন তথন অন্ততঃপক্ষে ৫ বছর তাঁরা গভর্ণমেন্ট সাভিস করবেন কিন্তু হারা এম এস সি পাশ করে এলেন তাঁদের অধিকাংশই ডিমাও করলেন যে তাঁরা গভর্ণমেণ্ট সার্ভিস করতে রাজী আছেন কিন্তু এম এস সি (এ. জি.) নিয়ে ঐ স্বেলে চাকরী করতে রাজী নন এবং তারা আরো জানালেন যে আই এ আর আইতেই তারা পি এইচ ডির চাষ্ পাচ্ছেন এবং তাতে ডিপার্টমেন্ট বাধা দিতে পারেন না কারণ তাঁরা খুব ভাল করে জানেন যে একজন এম এস সি (এ. জি.)কে ১৫০—৩০০ টাকা স্বেলে রাখা খুব অন্তায়। স্থার, আমি নিজে জানি যে তাঁদের অনেকে এখন আই এ আর আইতে পি এইচ ডি করছেন, আর ওখানে থারা চাষ্স পাননি তাঁরা এথানে চাকরীতে চুকেছেন রিসার্চ য়্যাসিষ্ট্যান্ট হয়ে কিন্তু পাট টাইম রিসার্চ করার জন্ম তাঁদের অভ্য কোন ইনষ্টিটিউটে বাইরে ছেড়ে দিতে হচ্ছে। এটা বুঝা যাচ্ছে না তারা যথন পি এইচ ডি হঙ্গে ফিরে আসবেন তথন গভর্ণমণ্ট তাদের কোন স্কেলে মাইনে দেবেন। ১৫০—৩০০ টাকা স্কেলে কি? এসম্বন্ধে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমি জানতে চাই।

[At this stage the speaker having reached time limit resumed his seat.]

[4-30-4-40 p.m.]

Shri Shyama Prasanna Bhattacharjee: ভার, মন্ত্রী মহাশয় বলেছেন যে আমাদের দেশ থাতে ঘাট্তি—এটা একটা থুব বড় সমস্তা। একথা নিশ্চিৎ যে ভারতবর্ষে যেথানে শতকরা ৭০ ভাগ মামুষ ক্রবিতে নিয়োজিত এবং বাংলাদেশে ৫৭ ভাগ মামুষ ক্রবিতে নিয়োজিত—সেদেশে বিদেশ থেকে থাত আমদানী করে ঘাট্তি পূরণ করাটা কেবল ক্ষতিকর নয়, জাতির পক্ষে এটা অণমানকরও বটে। এটা অনেকেই জানেন প্রায় ১৫।১৬ শো কোটা টাকা থরচ করতে হয়েছে বিদেশ থেকে থাত আমদানী করতে। এই ঘাট্তি দূর করা উচিত, দেশের থাত ফসল বাড়ানো উচিত—এটা থুব প্রয়োজন। কতকগুলি কারণ ক্রবিমন্ত্রী দেথিয়েছেন। বেমন আমাদের দেশে, পশ্চিমবাংলায় শতকরা ২০ ভাগের মত বোধহয় সেচযুক্ত ক্ষমি আছে।

আমাদের বাংলাণেশের দো-ফদলী জমির পরিমাণ শতকরা ২০ থেকে ২০ ভাগের মত হবে। আর বাকী জমি এক-ফদলী বা দেচযুক্ত নয়। এই অবস্থা আমাদের বাংলাদেশে রয়েছে। এর প্রতিকার করা নিশ্চরই সম্ভব। আমাদের দেশের গ্রামাঞ্চলে যে বেকার মান্নর বরেছে, তাদের শক্তিকে কাজে লাগালে এই সেচের উন্নতি করা যায়। এই এক-ফসলী জমিকে দো-ফসলী করা যায়, যায় সেচবুক্ত যরা যায়। এব জন্ম আমি বলেছিলাম—বর্তমান আইনের পরিবর্তন করা দরকার। ছোট ছোট সেচ পরিকল্পনা সম্বন্ধে কৃষি বিভাগের নিয়ম আছে যে দশ হাজার টাকার ছোট পরিকল্পনার আর্থেক জনসাধারণ দেবে, বাকী অর্থেক সরকার দেবে। এটা হলে তবে সেচ হবে। এই নিয়মের পরিবর্তন করা দরকার যদি দেশের উন্নতি করতে হয়। তাহলে ফসলও বাড়তে পারে, চাষেরও উন্নতি হতে পারে। ফসল বাড়লে পর তাদের উন্নতির অংশ নেওয়া হবে। আগে টাকা দিলে তবে সেচ হবে—এইরকমভাবে সেচ-পরিকল্পনা কার্যকরী করা সন্তব হয় না। যেথানে সেচের জল পাওয়া যায় না, সেথানে যদি জলাশয় করা যায়, তাহলে ধান ছাড়াও সেখানে রবিশন্ত উৎপাদন করা সন্তব হয়। তাতেও আনক একফসলী জমি দোফসলী হতে পারে। সেদিকে মন্ত্রী মহাশয়ের বিশেষ নজর দেওয়া সন্তব, তা' দেওয়া উচিত এবং দিলে অনেক ফসল বেশা পাওয়া যাবে। এরই জন্ত আইনকাম্রনের পরিবর্তন প্রয়োজন।

তারপর পতিত জমি যা রয়েছে, যেথানে ভূমিহীন ভাগচাষী রয়েছে, যাদের একফোঁটা জমি নাই, তাদের ঐ পতিত জমি দেওয়া উচিত। সেদিকে সরকারের কোন চেষ্টা নাই। তাহলে পর সেই পতিত জমি তারা কাজে লাগাতে পারে, ফদল ফলাতে পারে। মন্ত্রী মহাশয় বলেছেন-- শতকরা ৩৪ ভাগ ক্রমকের ২ একরেরও কম জমি। এটা ক্রমিমন্ত্রী নিশ্চয়ই জানেন বাংলাদেশে প্রায় ৩০ লক্ষ কেত মজুর ও ২৯ লক্ষ ভাগচাষী রয়েছে। তাদের জমি নেই বললেই চলে। এই ভাগচাষী, কেতমজুর মধ্যচাষী — এরাই হচ্ছে আমাদের দেশের মেরুদণ্ড, এরাই চাষ করে, বর্গাদারও বটে। কিন্তু তাদের দিকে সরকারপক্ষ থেকে কোন নজর পড়েনা। কেন্দ্রীয় সরকারের যে দ্বিতীয় Agricultural Report আছে, তাতে কেতমজুরদের অধংণতন ও হরবস্থার কথা যা বলা হয়েছে, সেদিকে আমাদের কৃষিমন্ত্রীর নজর থাকা উচিত। তাদের কাজ কমে যাচেছ, মজুরী কমে যাচেছ, ভাদের দারিদ্রা ও দেনা ক্রমেই বেড়ে চলেছে। শিশুকেও জোর করে কাজে শাগান হচ্ছে। মেয়ে মজুরকেও কাজে লাগান হচ্ছে সন্তায় পাওয়া যাবে বলে। এতে করে তাদের হুঃস্থতা আরো বেড়ে যাবে। সেদিকে সরকারের থেয়াল থাকা উচিত। যদি শ্রমশক্তি কাজে লাগান যায়, ভাহলে স্মামাদের উন্নতি হওয়া সম্ভব। তাতে বাধা কোনখানে? তার বাধা হচ্ছে এইখানে, যাদের উপর সরকার নির্ভর করে টিকে আছে ঐ বড় বড় জমির মালিক জোতদার, তাদের গায়ে সরকার হাত দিতে পারেন না। ভূমিদংস্কার আইন পাশ হওয়া সত্ত্বেও সেই বড়বড় জমির মালিকের হাতে নানা কৌশলে জমি রয়ে গেল। টি বি রোগ যেমন মামুষকে ধ্বংস করে ফেলে, ভেমনি এই বড় বড় জমির মালিক জোদার প্রামাঞ্চলে ক্রষককে শুকনো করে ফেলেছে—ধ্বংস করে ফেলেছে, যারা চাষ করে তাদের সর্বনাশ করেছে। তাদের উপর নির্ভর করে এই সরকারকে বাঁচতে হচ্ছে। সেখানে হচ্ছে वाथा ; मिट वाथा पृत्र ना हल कि छूटे हरव ना।

তারপর হচ্ছে সার বন্টন। এই সার বন্টনের যে ব্যবস্থা রয়েছে, তা হচ্ছে দলীয় স্বার্থে; বর্ধমানে যে সারের বন্টনের ব্যবস্থা হয়েছিল, তা' দলের লোকের হাতে দেওয়ার ফলে আসল যারা চাযী—
যারা সার চায় আব যাদের প্রয়োজন, তারা সার পেল না। সার সব দলের লোকের হাতে চলে
বেল। তারা সার নিয়ে black-market করলো। কাজেই আমি বলবো শতকরা ১০ ভাগ
মায়ুষের স্বার্থে এই ব্যবস্থার পরিবর্তন করা দরকার। বড় বড় জমির মালিকদের হাতে থেকে জমি
নিয়ে এসে যারা জমি চায় করে— তাদের হাতে দেওয়া প্রয়োজন। সেই কৃষকদের হাতে যাতে জমি
আদে, তারা যাতে নিরাপতা পায়, এটা হচ্ছে কৃষি উৎপাদন বৃদ্ধির পক্ষে প্রয়োজন। আমরা ভ্রমা
করি না—সরকার সেই কাজ করবেন। কারণ ভাহলে সরকারের গোড়াতে হাত পড়বে; দলগত

হার্থের কারণে সেটা তাঁরা করবেন না। সরকার নির্ভর করে আনছে বড় বড় জমির মালিকের উপর।

ভূমিসংশ্বার আইনের সিলেক্ট কমিটীতে দেখেছি—জনগণের স্বার্থে সামান্ত আইনের পরিবর্তন চারা করলেন না। বড় বড় জমির মালিক ধারা জমি চুরি করছে, ভাদের গায়ে হাত দেওয়া হ'ল না। একমাত্র জন-আন্দোলন ছাড়া অন্ত উপায়ে এদেশের মুক্তি নাই। যদি ক্ষির ব্যাপারে পরিবর্তন আনবেন মনে করেন, তাহলে এই বড় জমির মালিককে বাংলাদেশ পেকে লোপ করে দেন, ক্ষককে জমি দেন, ভাদের নিরাপতা দেন, ভরসা দেন। তাহলে যে ফলন হচ্ছে—ভার ডবল দলন হবে। এছাড়া গভান্তর নাই। শুধু এ-খাতে সে-খাতে থরচ বাড়িয়ে রমির উরতি করতে পায়বেন না। যতক্ষণ নাভূমিবারস্থার পরিবর্তন হচ্ছে, ততক্ষণ কিছুপেই ফলন বাড়াতে পারবেন না। সমস্তকিছু নির্ভর করছে ঐ ভূমিবারস্থার পরিবর্তনের উপর। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Haran Chandra Mandal: মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় ক্ষি মন্ত্রীমহাশয় ক্ষয়ি থাতে ৯,৪৮,৭৬,০০০ টাকার দাবী আমাদের সামনে উত্থাপন করেছেন। এ বিষয় আলোচনা করতে উঠে আমি প্রথমে বলবো আজ পশ্চিম বাংলার শতকরা ৭০ থেকে ৭৫ জন লোক ক্লবির উপর নির্ভরশাল এবং বিশেষ করে পশ্চিম বাংলার উত্তর অঞ্চলে ও স্থন্দরবন অঞ্চলে,—এই ছই অঞ্চলে শতকরা ৯৫ জন লোক একেবারে হৃষির উপর নির্ভরনীল। কৃষিকর্ম ছাড়া, এদের জীবিকা উপার্জনের আর কোন পথ নেই। কিন্তু কুষকের হাতে যদি জমি না থাকে, তাহলে খাগুশশু উৎপাদন বাড়বে কি করে ? এবং কোথা থেকে উৎপাদন আনবে ? বাংলাদেশের অধিকাংশ ক্লষক ক্লষিকার্য করে থায়—এবং তাদের বর্গাদার জমিতে চাষ করে। আজকে আবরা দেখতে পাচ্ছি হাজার হা**জার** কৃষককে বেমাইনী ভাবে তার অমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। মাশিকরা ভাড়াটিয়া গুণ্ডার সাহায্যে —কৃষকদের জমি থেকে উচ্চেদ করছেন। তারা জমি থেকে একেবারে বঞ্চিত হয়ে যাচেছ। কাজেই তারা কিসের উপর উৎপাদন করবে ? থাগুশশু উৎপাদন ও শিরের জন্ম কাঁচা মাল যেমন পাট, আথ প্রভৃত্তি উংপন্ন করা—একশত কুষকের উপর নির্ভর করে। কিন্তু দেখা যায় সরকারের সেদিকে বিশেষ দৃষ্টি নেই, তাদের প্রতি অবহেলা করছেন। চাষ উৎপাদনের জন্ত যে সকল প্রয়োজনীয় জিনিস আবশ্যক, যেমন বীজ, সার, সেচ প্রভৃতি তা তারা সময় ত পায় না। ক্রমকের জন্ম ঋণের টাকা বরাদ্দ করা হলেও, তার সামাত অংশ ক্ষকের হাতে পৌছায়, বাকী টাকা জমা থেকে যায়। কাজেই তারা কি করে উৎপাদন বাড়াবে ? অন্তদিকে ঋণের অভাবে ক্লয়করা চাঘ সময়মত করতে পারে না। ফলে ফদলও বাড়তে পারে না। আমি তার কতকগুলি প্রমান তুলে ধরছি। ধরুন একটা ইউনিয়নের মধ্যে—৫০ জন লোক গরু থরিদের টাকা চাইল, তাদের মধ্যে থেকে বেছে বেছে इ-একজনকে দেওরা হল, যারা সরকারের খুব গুণকীর্তন করে, আর বাকী লোকরা ঋণ পেল না। সরকারের পক্ষে এই রকম পক্ষপাত মূলক ব্যবহা করা অত্যস্ত অন্তায় বলে আমি মনে করি। স্বভরাং বাস্তব ক্লেত্রে দেখা যায়- যাদের গরুর প্রয়োজন, তাদের এই গরুর প্রয়োজন, তাদের এই গরু থরিদের জন্ম খণের টাকা দেওয়া হয় না। অথচ যাদের গরু আছে—ভারা টাকা পায়। সরকারের এই রকম অব্যবস্থা বন্ধ করা উচিত। তারপর বীজধান ক্রমকরা প্রয়োজমুষায়ী সময় মত পায় না। বীজ্ধান প্রত্যেকটি কৃষককে দেওয়া সম্ভব নয় জানি। কিন্তু বীজ্ধান কেনার জন্ম যে যে পরিমান টাকা দেওয়া প্রয়োজন, দেই টাকা তাদের দেওয়া হয় না। যেথানে প্রচুর পরিমাণে বীজ্ধান দ্বকার, দেখানে নাম মাত্র, ৬।৭ মণ করে বীজধান ক্ষকদের দেওয়া হচ্ছে। অথচ প্রভ্যেক ইউনিয়নে প্রচার পত্তে বাড়িয়ে দেখান হল। 'বহুদ্ধরাতে' লেখা হল ক্বকের প্রয়োজনের তুলনায় 'মনেক বেলা বীজধান বিভরণ করা হয়েছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যায় প্রভ্যেক ইউনিয়নে ছয় থেকে সাত মণ দেওয়া হয়েছে, এর চেয়ে বেলা কেউ পায়নি।

ভারপর সব চেয়ে প্রয়োজনীয় হল ক্ষিঞ্জণ তা কৃষকরা সময় মন্ত পাচ্ছে না, এবং যাও পায়, তা অতি সামান্ত। আমি নিজে একজন কৃষক, আমি ভৃক্তভোগী, এবং আমি দেখেছি থাওয়া পরা মেটাবার জন্ত অর্থের প্রয়োজন এবং চাষের জন্ত প্রচুর পরিমানে কৃষিঞ্জনের প্রয়োজন; সেই কৃষিঞ্জণ সরকার দেন না। সরকারের কৃষি বিভাগ থেকে নিয়ম করা হয়েছে যে প্রথম ক্রণের জন্ত ২০ টাকা এবং সেকেণ্ড ক্রণের জন্ত ২০ টাকা দেওয়া হবে। অর্থাৎ কৃটা মিলিয়ে বছরে মাত্র ৩০ টাকা দেওয়ার ব্যবস্থা আছে। এই সামান্ত ৩০ টাকা দিয়ে কি করে তাদের পক্ষে সম্ভব হবে সারা বছরের চাব ভোলা ?

[4-40—4-50 p.m.]

ক্ববিশ্বণ ক্ষকরা সময়মত পায় না এবং যা পায় তা অতি সামাত। যেথানে ২০০া২৫০ টাকার প্রয়োজন দেখানে দেওয়া হয় ৩০ টাকা—এতে ভাদের কিছই হয় না। ফলে চাষীদের চড়া স্থদে মহাজনদের কাছ থেকে টাক। নেওয়া ছাড়া উপায় থাকে না। এত চড়া স্থদ যে তা শোধ করা তাদের পক্ষে কঠিন হয়ে পড়ে। আপনি স্থার হয়ত জানেন গ্রামাঞ্চল ঘড়ি নেই, মেখানে এই কথা প্রাকে, অমক তারিখের মধ্যে যদি ৪ হাত যথন বেলা তথন তার মধ্যে ঋণ শোধ দিতে পার তাহলে ভোমার জিনিস ভূমি পাবে নইলে জিনিস আমার হয়ে যাবে, অর্থাৎ মহাজনের হয়ে যাবে। এ পরিস্থিতিতে ক্রয়করা তাদের ফ্রলের দাম ঠিক মত পায় না-কেননা ফ্রল উঠলে যথন দাম ক্রম তথনই তার জমি জিরোত বাঁচানোর জন্ম অল মূল্যে ফ্যন্ম বিক্রী করতে বাধ্য হয়। :৬ টাকা ধানের বস্তা অর্থাং ১০।১০॥ মণ। ধানের বাজার কিছুদিন পরে উঠবে কিন্তু ততদিন পর্যস্ত অপেকণ করতে পারে না। আবার যাদের টাকা আছে, যার। ঐ ধান গুদামজাত করে রেথে দাম বাড়ায় তারা এসে টাকা হাতে নিয়ে ঐ চাষীদের নাচায় এবং ৮ টাকা করে ধান কেনে, চাষীরাও ঐ সময় ঐ কম দামে প্রয়োজনের তাগিদে, সুদের টাকা শোধ দেবার জন্ত ধান বিক্রী করতে বাধ্য হয়। এটা বন্ধ কয়। দরকার। ঋণুযে করে স্থাদের হার এত বেশা যে, যে পরিমাণ ধার করে অনেক সময় ৩ গুণু ৪ গুণু দিয়ে তা শোধ করতে হয়। তারপর চাষের থরচ চলে না তাই ৪০।৫০ বিবার মালিক চাষীকেও সময় সময় reliefএর দরজায় ধর্না দিতে হয়, ভিক্ষাপাত্র হাতে নিয়ে দাঁড়াতে হয়। সরকার এদিকে প্রচার করেন, অল্ল ফ্লনে ধার দেন কিন্তু তার পরিমাণ অতি নগণ্য ৩০ টাকায় কি হয় চিন্তা করে দেখন!

Mr. Speaker: এটা agricultural loanএর মধ্যে বলবেন। এখাতে কেন ?

Shri Haran Chandra Mandal: পশ্চিমবাংলার মন্ত্রীমণ্ডলী তথা ক্লষিমন্ত্রী যদি বাস্তব কর্মী না হন ভাহলে কোন দিন ক্ষকের উন্নতি হবে এবং থালাভাব মিটবে না। আমি একবার ক্লষিমন্ত্রীকে বলেছিলাম প্রকৃত অবস্থা চাষীর কি—চলুন স্থান্তরনে দেখে আসবেন। তিনি বললেন—ভখন বর্ধাকাল ছিল স্থান্তরন ভো কাদা, যাওয়া কট। কট তো হবেই, দেশের মাম্যেরর সেখা করতে গোলে দেখা দরকার, যাওয়া দরকার শুধু কানে শুনলে কি হবেণ কেননা অনেকে অসভ্য কথা লোনায়, কানে শুনে কিছু হবে না। এই বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

Shri Ledu Majhi: কৃষ্ণি বিষয়ে বিপুল পরিমাণ অর্থের বরাদ্দ হয়েছে সেজগু আমরা আশক্ষিত হছি আমাদের কৃষির শ্রাদ্ধ এবার বিপুল আকারেই হবে কারণ কৃষির উন্নতির জগু যদি সর্বালীন ব্যবস্থা না হয় থাপছাড়া ব্যবস্থায় কৃষির মারাত্মক ক্ষতিই হয়। সাহায্যের লোভ এবং আশায় চাষীর আবলদ্দের ভ্রমণ্ড নষ্ট হয়। এদিকে বিভাগীয় বিকৃত অসম্পূর্ণ ব্যবস্থা চাষীকে ছন্নছাড়া ক্রে। চাষীর নিজ জীবনের সম্প্রাগুলিকে উপলব্ধি করে কৃষিবিভাগ যদি সাহায্য করতেন চাষীকে

নজের পায়ে দাঁড়াবার উন্নততর ব্যবহা করতেন তবেই কাজ হোত। এতবড় ক্ষিবিভাগ আছে হন্তু দেশের ক্ষরির প্রসার নেই—উন্নতি নেই পৃথিবীতে হাইত্রীড জনারের বহু প্রশংসা আগে শুনতাম। মামাদের জেলায় জনারের ক্ষেত্র বিবাট কিন্তু সরকারী বিভাগ থেকে এ বিষয়ে কোনো চেটাই ইল না লোকসেবক সংঘের ক্ষিবিভাগের মাধ্যমে ক্রতগভিতে হাইত্রীড জোনারের ব্যাপক প্রচেটা লেছে কৃষির অ্যান্স প্রচেটাও চলেছে, জেলার চাষীরা সামান্স কিছু ভরসাও পেয়েছে। আমাদের ঘেলর কৃষিক্রের বিঘা প্রতি ৩৫ মন ৪০ মন পর্যান্ত জনার আমরা ফলিয়েছি কিন্তু হুংথের কথা এই গাণক হাইত্রীড থেকে বা আমাদের জেলায় এক ছটাকও স্থুপার ফ্রম্ফেট বা হাড্চুর্ণ পাইনি। তাঁরা ব্রবহাহ করতে পারেন নি সমবায়কে অবলম্বন করে যে কৃষিশক্তি গড়া দরকার ভাব কোনো দৃষ্টি পরিকল্পনা নেই। বিকেন্দ্রিভ সেচ ব্যবহা যা সভাই নিভরযোগ্য ভারও চেটা নেই দীর্ঘমেয়াদী বিকল্পনা গুলি আজকের মৃত্রপ্রায় চাষীসমাজকে সহায়ভা দিতে পারছে না, এগুলি কেবল কংগ্রেমের ভাটের প্রচারবস্তু হয়েই আছে; কৃষিবিভাগগুলির অব্যবহাও তার ফলে লোকের ক্ষতির বহু ইন্তি জনা আছে। এই পরিকল্পনা ও এই ব্যবহা নিয়ে আমরা কি নৃতন ভারতের কৃষি গড়ে তুলতে বারবো গুলি

Shri Ras Behari Pal: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট পিন্তিত করেছেন তার সম্বন্ধে কতকগুলি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা দখতে পাছি, বর্তমান বাজেটে বেনা টাকা বরাদ্ধ হয়েছে অন্যান্ত বৎসরের চেয়ে এবং এর সংগে সংগে তকগুলি নৃতন ব্যবস্থাও হয়েছে। আমাদের এই প্রদেশে ও রাজ্যে কৃষিশিক্ষা ব্যবস্থা যেভাবে ছল, যে অভাব ছিল, তারজন্ত আমাদের অনেক অস্থবিধা হয়েছে একটু আগে আমরা তা শুনেছি। স্থানে আবৃগ্রুক মত graduate কৃষি পাওয়া যায়না, তারজন্ত আমাদের extension block বং অন্যান্ত কাজে উপযুক্ত লোকের অভাব হছে। আমরা বর্তমান বাজেটে দেখতে পাছি যে এখানে যে কলেজ আছে, বিড়লা কলেজ, সেথানে আরো বেনা পরিমাণে শিক্ষাদানের জন্ত ব্যবস্থা য়েছে। তাছাডা দিতীয় কলেজ থোলার ব্যবস্থা হছে। আমরা দেখেছি বিভিন্ন block area যে যায়িব্রুছ level workersদের শিক্ষা দেওয়া হয় সেই শিক্ষার দারা যথেষ্ট কাজ পাওয়া যায়না। সইজন্ত হেটি agricultural farming করে training এর জন্ত Institute খোলার ব্যবস্থা যেছে। বর্তমানে উন্নত ধরণের যে কৃষিশিক্ষার ব্যবস্থা হয় তাহলে আমাদের কৃষি উন্নতির যথেষ্ট সাহায্য যে

4-50—5 p m.]

আমি মনে করি এই ষে training centre থোলা হচ্ছে, এই training centre মদি স্পরিকরিতভাবে কয়েকটা প্রাম নিয়ে থোলা যায় তাহলে শিক্ষাদানের ব্যবহা ভালভাবে হতে পারে।
শিদাবাদ জেলায় কাঁন্দি মহকুমার এক জায়গায় সরকারের মধেষ্ট জমি আছে, এথানে যদি এই বিণের একটা প্রতিষ্ঠান থোলা হয় তাহলে অন্তশিক্ষিত যুবকদের ক্ষবিবিষয়ে শিক্ষাদানের ব্যবহা করা মতে পারে। তারপর ক্ষিতিংপাদন বৃদ্ধির জন্ম অথবই পরিমাণে জলের আবশুক। যদি প্রয়োজনমত সল দেওয়ার ব্যবহা করা যায় তাহলে অনেক জমিই দো-ফদলা জমিতে রূপাস্তরিত হতে পারে।
মার মেদব অঞ্চলে অভ্যধিক বৃষ্টিপাতের ফলে, যেমন basin area ভূবে যায় সেইদব অঞ্চলে যদি ফলনিকাশনের ব্যবহা করা যায় তাহলে উৎপাদনে যথেই সহায়তা হতে পারে। তারপর, ক্ষিজমিতে বভার জল যাতে না চুকতে পারে ও আটকে থাকতে পারে তারজন্ম sluice gate ও calvert

ইত্যাদি দেওয়ার ব্যবস্থা করা যায় তাহলে ফসল উৎপাদনে সহায়তা হতে পারে। এবার দেখছি minor irrigation বাবৎ ৰপেষ্ট টাকা ধরা হয়েছে। Deep tubewell irrigationএর জন্ত আবাপে যে টাকাধরা হয়েছিল তা সমস্ত থরচ হয়নি। গত বংসর মেদিনীপুর জেলায় গভীর নলকুপ রসানো হয়েছে, তা ছাড়াও কিছু কিছু ছোটধরণের নলকুপ শালাবতী নদীর হুইধারে বসানো হয়েছে যাতে করে ১০ হাজার একর জমিতে ২।০ বার ফদল উৎপাদন হতে পারে। ভারপর, এই বছর দেখছি পাচশতের উপর tank সংস্থাবের ব্যবস্থা করা হয়েছে। এরজন্ত বাতে ঠিক স্থান নির্বাচন করা হয় সেদিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখন পর্যন্ত নদী থেকে যে deep irrigation এর ব্যবস্থা আছে তাতে যদি pumpএর ব্যবস্থা করা যায় তাহলেও যথেষ্ট উপকারের সম্ভাবনা আছে এবং দেদৰ hire purchase systema কৃষকদের দেওয়া যেতে পারে। মেদিনীপুর জেলায় এই ব্যবস্থায় অনেক কাজ হতে পারে। কেলেঘাই নদীর ছই ধারে, এবং শিলাবভী নদীর ত্র'ধারে এই ব্যবস্থার দার। যথেষ্ট উপকারের সম্ভাবনা আছে। অনেক অঞ্চল আছে যেথানে shallor tubewell করা যেতে পারে এবং windmillএর সাহায্যে জল পাওয়া যেতে পারে। ঝাড়গ্রাম অঞ্চলে যেসব ঝরণা আছে তাদের জল যদি সংরক্ষণের ব্যবস্থা করে প্রয়োজনামুসারে কৃষকদের সরবরাহ করার ব্যবস্থা করা যায় তাহলে প্রচুর জমিতে একাধিক ফদল উৎপন্ন হতে পারে। তারপর, স্থানীয় বেসব co-operative society আছে তাদের মাধ্যমে যাতে করে স্কুছভাবে সার ও বীজ বন্টনের ব্যবস্থা করা হয় তার প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কয়েক বছর ধরে পঙ্গপালের উৎপাত আরম্ভ হয়েছে, এদিকেও সরকারের দৃষ্টি দেওয়া উচিৎ।

Shri Renupada Haldar: মা: স্পীকার মহাশয়, বাংলাদেশে মোট জনসংখ্যার শতকরা ৭৫ জনের বেশী লোক পরোক্ষ ও প্রত্যক্ষভাবে কৃষির উপর নির্ভর্মাল। স্বাধীনতা প্রাপ্তির ১৪ বংসর পরেও আমরা আমাদের থায়ঘাটিত পূরণ করতে সক্ষম হইনি। থায়ে স্বয়ংসপ্রতা অর্জনের কথা অনেক ফলাও করে বলা হয়—স্বয়ংসপ্রতা অর্জন করা তো দ্বের কথা, আজ পর্যন্ত সরকার বাংলা দেশের চিরনিপ্সেভিত ক্ষকদের আর্থিক মানোয়য়নের কোন বাবছা করতে পারেন নি। এ বংসর ভাল উংপাদন হয়েছে বলে সরকার কৃতিত্ব নেবার চেষ্টা করছেন। কিন্তু এর মধ্যে সরকারের কোন কৃতিত্ব নাই, কারণ ফলল যা ভাল হয়েছে, তা সরকারের প্রচেষ্টায় হয়িন, হয়েছে প্রকৃতির দয়াদাক্ষিণে। Irrigationএর ব্যাপারে দেখছি, small irrigationএ যে টাকা খরচ করার কথা ছিল, তা তারা খরচ করতে পারে না। অর্থচ হয় অনার্ষ্টির দক্ষন, না হয় অত্যধিক র্ষ্টিপাভের দক্ষন বাংলার কৃষক ক্ষতিগ্রন্থ হয় বছরের পর বছর। এ বছর বীরভূমের মুরারই থানার ৬টি ইউনিয়নের চাম নই হয়েছে, ২০ হাজার একর জনিতে জলের অভাবে চাম করতে পারেনি এবং যারা চাম করতে পেরেছিল, ভারাও বিধাপ্রতি :)১০০ মণের বেশী ধান পায় নি।

[5—5-20 p.m.]

ইভিপূর্বে আমরা দেখেছি রৃষ্টির অভাবে চাষীরা চাষ করতে পারেনি, এগুলি যদি দূর করতে হয় জাহলে small irrigation এর ব্যবহা স্ফুভাবে হওয়া দরকার। আমরা এও দেখি যে বাংলাদেশে জলনিকাশের অভাবে থান্তশশু নষ্ট হয়ে যাছে। গত ২ বংসর আগে যে অনারৃষ্টি হয়েছিল তার ফলে বিভিন্ন জায়গায় ফদল চাষীরা যা আলশা করেছিল দেভাবে করতে তারা সক্ষম হয়নি। এ বংসরও আনেক জায়গায় চাষ নষ্ট হয়ে গেছে। অন্তান্ত জায়গার কথা ছেড়ে দিয়ে আমি আমাদের জয়নগর ধানার কথা বলতে পারি যে সেথানে প্রায় ১০৷১২ হাজার একর জমির ফদল রৃষ্টিতে সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। সরকার জানেন যে চাষবাদের উন্নতি করতে হলে স্কুষ্ঠ জলনিকাশের ব্যবহা

রাখতে হবে। বিশেষকরে স্থলবনৰ অঞ্চলে যে সমন্ত বাঁধবন্দী এলাকাগুলিতে জলনিকাশ করতে চলে ইরিগেশানের পারমিশান নিতে হয়। কিন্তু ইরিগেশান থেকে সময়মত পারমিশান পাওয়া যায় না যার ফলে সমস্ত আবাদী জমির ফলল নই হযে যাচেচ। অথচ সরকারের তরফ থেকে জল নিকাশ করার কোন স্বচ্নূ হাবস্থা করা হয় না। তারপর আমরা দেখছি যে সরকারের তরফ থেকে জল নিকাশ করার কোন স্বচ্নু হাবস্থা আছে সেটা অত্যস্ত কম। অত্যান্ত জায়গার সদস্তরা বলেছেন কৃষি লোন যেতাবে বিলি করা হয় তাতে কৃষকের উপকার হয় না এবং সময়মত সে লোনও গিয়ে পৌছায় না। আমাদের জ্বনগর থানায গত বছর যে লোন দেওয়া হয়েছিল তার পরিমাণ হচ্ছে মাত্র ১২ হাজার টাকা। এইভাবে যেথানে ২ লক্ষ ০০ হাজার লোক বাস করে সেখানে মাত্র এই টাকা দেওয়া হয়েছে। গুরু লোন নয়, বীজ ধান দেবার যে বাবস্থা আছে তাতে সেটা এমন সময় দেওয়া হল যথন তাদের চায় শেষ হয়ে গেছে। নারকেল চার। ইত্যাদি যে সমস্ত চারা দেবার বাবস্থা আছে তার দাম ত্র করার থেকে দেওয়া হয় তার দাম ৪০ টাকা, কিন্তু বাজাবে ১৪।১৫ টাকায় পাওয়া যায়, তাছাড়া ধনচে বীজ না নিলে নাকি লোন দেওয়া হবে না একথা বলা হচ্ছে। সেজত আমি বলছি যে চাযের যদি উন্নতি করতে হয় তাহেল অত্যান্তগুলির সাথে সরকারের তরফ থেকে যথাসময়ে সন্তা দরে সার, বীজ ইত্যাদি নিয়মিতভাবে প্রযোজনমত সরকারের বাবস্থা থাকা উচিত।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After Adjournment]

[5-20-5-30 p.m.]

Non-sitting of the Assembly on the 20th March, 1961 and postponment of the School Final Examination.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, may I have your permission to make a statement. Three points have been raised before me. One is the question whether the School Final Examination which is to start on the 20th March can be postponed because that is the Idd Day. So, I telephoned the Administrator, Shri Mitra and he has agreed to postpone the date—not to start on the 20th as had been arranged. This would give relief to the Muslim students.

The second point is that whether on the Idd Day people who sell fruits, vegetables will be allowed to hawk fruits etc. near the Musjids. As members are aware, there has been a case in the High Court not for hawking or making permanent obstruction to the roads and footpaths. Although I have not got the final judgment of the Court but what it appears in the Press is that the High Court Judge has held that is the duty of the policemen not to allow any obstruction. Personally I feel that this would not be an obstruction if the people do not place their articles fixed in a particular place but move about. So, I am instructing the Police to allow these men to hawk fruits and vegetables and food on the Idd Day without any let or hindrance so long as they do not obstruct the foothpath.

The third point is that there is a certain case which has occurred on the 26th February about which my friend Dr. Narain Roy has made a mention. I have asked the Police to give me a full report as to what had happened and I may be able to give information to the House when the report comes.

Finally, Sir, this is not merely my job but it is a job to be decided between you and the members of Legislature including myself and that is that if we are prepared to meet on the afternoan of Saturday, the 18th March to finalise our budget, then we can declare 20th as a holiday so far as the Assembly work is concerned. The only work on the 20th we have for three hours is the guillotine arrangement. So, if the members are prepared to accept afternoon session on the 18th, say between 3 p.m. and 6 p.m. or 3 p. m. and 6-30 p.m. or 7 p.m.—whatever the period is—then we can declare 20th as a holiday. I say for this reason as I understand from my Muslim friends that they are not quite sure as to whether the Idd will fall on 19th or 20th—it may be on the 19th or it may be on the 20th. Therefore, Sir, in order to make sure I thought of placing this before you and if you like you may get the opinion of the House.

Dr. Narayan Chandra Roy: ভার, ঈদের দিনে আমাদের এলাকায় সামিয়ানা টানিয়ে অনেক লোক জলখাবার থায়, কাজেই এই দিনে জলের ফ্লো যাতে একটু বেশী করে হয় ভার জন্ত ব্যবহা করুল।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: হাইকোট যদিও খুব সেনসেটিভ তবে তাঁদের জাজমেন্টের এ্যাকচুমাল ওয়াডিং আমি পাইনি except what I said in the Press. তবে মনে হয় এটা creating a permanent obstruction হবেনা, কাজেই I do not think it will be objected.

Dr. Narayan Chandra Roy: তাঁদের যথন বছরে এই একটি মাত্রই উৎসবের দিন ভখন আমার মতে একটু বিল্যাক্সেমন করলেই ভাল হয়।

Mr. Speaker: I request Mr. Basu and Mr. Sen to come and have a talk with me in my chamber to arrange finally whether we should declare **20**th a holiday or not.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: এটা ডিক্লেয়ার করবার প্রয়োজন হবে না। We do not sit.

Shri Jyoti Basu: অবশ্র শনিবার আমাদের একটু কাজ ছিল, তবে ঈদের জন্ত যদি সোমবার ছুটি থাকে তাছলে শনিবার আমাদের ছ-বেলা বসতেই হবে। তবে যদি আমাদের দিন পরিবর্তন করতে হয় তাহলে আবার একটা কনফারেন্স না করে এথানে বসেই তো তা ঠিক করে নিতে পারি।

Shri Deben Sen: আনুষারও মত বে, ঈদের জন্ত সোমবার ছুট দিয়ে তার পরিবর্তে শনিবার একটু বেশী সময় বসা ভাশ।

Mr. Speaker: There would be two sittings on Saturday and 20th would be a holiday.

Shri Elias Razi: মি: স্পীকার, স্থার, বাংলার ক্রম্নিভাত ফদলের কথা বলতে আমরা প্রধাণত: ধান এবং পাটকে বৃঝি। ক্রমি মন্ত্রী আমাদের বললেন যে এবারে বাংলাদেশে ধান প্রচুর উৎপন্ন হয়েছে। হয়ত কোন কোন জেলায় ধান উৎপন্ন হয়েছে ঠিকই কিন্তু তাই বলে খুব একটা উৎজুল্ল হবার কোন কারণ নেই। মালদহ জেলার কথা আমি বলতে পারি যে সেখানে এবারে ধান ভাল উৎপন্ন হয়নি। এবং ভাল উৎপন্ন না হওয়ার কারণ লেট সোয়িং এবং সেখানে সম্পূর্ণ অফুকূল প্রাকৃতিক আবহাওয়ার উপর নির্ভর করতে হয়। হয়েবের বিষয় আমাদের হুটো পঞ্চবাধিকী পরিকল্পনা শেষ হয়ে এল কিন্তু মালদহে এ পর্যন্ত সেচের উন্নতির জন্ত কোন পরিকল্পনা কার্যাক্রী করা হয়নি। যদি ফলণকে বাডাতে হয় তাহলে সেচের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। তৃভীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হরিশচন্দ্রপুরে যে মালিয়োর স্কীম গ্রহণ করা হয়েছে সেই স্কীমের কাল্ক যাতে অভি ক্রত সম্পন্ন করা হয় সে দিকে আমি কৃষি মন্ত্রী এবং সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি।

তারপর আর একটা ফদল পাট সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আমাদের আর্থ মন্ত্রী বাজেট বক্তৃতায় বলেছেন যে পাটের ফলন বছরের পর বছর কমে যাছে। তাঁর বাজেট বক্তৃতায় প্রদত্ত পরিসংখ্যান অন্থ্যায়ী পাট ও মেতার উৎপাদন যথাক্রমে ১৯৫৮-৫০ সালে হয়েছে ৩৫ ৬০ লক্ষ গাইট, ১৯৫৯-৬০ সালে হ্রাস পেয়ে হয় ২৫ ৭৮ লক্ষ গাইট এবং ১৯৬০-৬০ সালে হয় ২০ ৮২ লক্ষ গাইট। স্কুতরাং আমারা দেখতে পাছিচ যে ১৯৫৮ সাল থেকে আরম্ভ করে ১৯৬০ সাল পর্যন্ত প্রত্যেক বছর পাটের উৎপাদন কমে এসেছে। এই পাট এমন একটা জিনিস যেটা বিদেশ থেকে ফরেন একাচেঞ্জ নিয়ে আসে। এই পাট যদি ভাল হয় এবং পাটের দর যদি ভাল পাওয়া যায় তাহলে গ্রামের শতকরা ৮০।৯০ জন লোক তাদের আপিক অবস্থার পরিবর্তন করতে পারে এবং তাদের সাংসারিক বিভিন্ন রকমের খরচ এই একমাত্র পাট বিক্রীর টাকা ছারাই প্রায় নির্বাহ করে নিতে পারে।

[5-30-5-40 p.m.]

কিন্তু ছঃথের বিষয় পাটের উৎপাদন আজ তিন বছর ধরে প্রত্যেক বছরই কম হয়ে যাচেছ এবং কম হবার কারণ হচ্ছে এই যে পাটের দর কোন সময়ে ঠিক পাকে না, দব সময় বাজার দর বিপদজনক ভাবে ফ্লাকচয়েট করে থাকে। যথন চাষীদের ঘরে পাট থাকে, যথন পাট উঠতে আরম্ভ করে তথন পাটের দর অত্যন্ত কম থাকে—২৫ টাকা থেকে আরম্ভ হয়। কোন সময়ে ২০ টাকা থেকে আরম্ভ হয়, এবারে আরম্ভ হয়েছে ৩৫ টাকা থেকে এবং মেটা উঠতে উঠতে ৮০/৮৫ টাকা পর্যস্ত হয়েছিল। যথন সমস্ত চাষীর ঘরে কিছু কিছু পাট থাকে ত্থন পাটের দর অত্যস্ত কম থাকে এবং ষথন চাষীর ঘর থেকে পাট বেরোয় বড় বড় মহাজন, ব্যবসায়ীদের হাতে যায় তথন পাটের দর অত্যধিক বেণী হয়ে যায়। ফলে যারা অত্যধিক পরিশ্রম করে পাট উৎপাদন করে তারা তার লাভের অংশ কিছুই পায় না-লাভটা যায় বড় বড় মহাজন, বাবসাদারদের পকেটে। কাজেই পাটের একটা ন্যুনতম দর যদি ঠিক করা থাকে তাহলে চাষীরা প্রোডাক্সন বাডাবার জন্ত আবালা চেষ্টা করতে পারে। এবারে পাটের দর অত্যধিক বেশা হয়েছে পাট ভাল হয়নি বলে কিন্তু যদি চাষীরা ব্ঝতে পারে এবং জানতে পারে যে তারা তাদের উৎপন্ন দ্রব্যের একটা ন্যুন্তম ভাষ্য দর পারে ভাহলে তার। পাটের উৎপাদন বাড়াবার উৎসাহ পাবে। এজন্ত আমি কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে অমুরোধ জানাই যে পাটের ন্যুনতম দর অস্ততঃপকে ৫০ থেকে ৫৫ টাকার মধ্যে বাধিয়া দিয়া চাৰীদের তাহাদের উৎপন্ন অব্য স্থাষ্য দরে বিক্রী করার সঠিক বাজারের একটা কার্যকরী বন্দোৰত্ত করার ব্যবস্থা গ্রহণ করুন। যদি চাষীকে বাঁচাতে হয়—তাদের উৎসাহিত করতে হয় এবং ক্লষি

অর্থনীতি বা গ্রামীন অর্থনীতির মধ্যে পরিবর্তন আনতে হয় তাহলে এই ব্যবস্থা করা একান্ত দরকার। আর একটা জিনিস লক্ষ্য করার আছে—গ্রামের সমস্ত মহাজনদের হাত থেকে গ্রামের চারীদের রক্ষা করতে হবে। চারীরা আজ মহাজনদের কাছে ঋণে অত্যস্ত ভর্জরিত এবং এর কারণ উপযুক্ত এবং সহজ্পপ্রাণ্য সময়োচিত সরকারী ঋণের পোচনীয় স্বল্পতা। পরিণামে তারা পাট উৎপাদনের সময়ে ১/০ এক মণ পাটের বিনিময়ে মাত্র ১৫/২০ টাকা ঋণ নিতে বাধ্য হয়। পরে সেই এক মণ পাটের দাম ৩৫/৪০/৪৫/৫০ টাকা, এমন কি ৮০ টাকা পর্যস্ত উঠে। অতএব চারীরা বে-উদ্দেশ্যে টাকা ঋণ নেয় সেই উদ্দেশ্য তোকা, এমন কি ৮০ টাকা পর্যস্ত উঠে। অতএব চারীরা বে-উদ্দেশ্যে টাকা ঋণ নেয় সেই উদ্দেশ্য তো মোটেই সফল হয় না, বরং তারা আবো ক্ষতিগ্রস্ত হয়। যদি চার্যীদের এইসমস্ত মহাজনদের হাত থেকে রক্ষা করা না যায় তাহলে এই পাটের ফলন কোনরকমে বাড়তে পারে না বা চারীদের অবস্থার কোনরকম পরিবর্তন হতে পারে না। এইসমস্ত মহাজনদের কঠোরহত্তে দমন করার ব্যবস্থা করা একাস্ত প্রয়োজন। কারণ এদের জন্ম যারা প্রক্তপক্ষে পাট উৎপাদন করে তারা ক্ষতিগ্রস্ত হয়। এবং এই অবস্থা অব্যাহত থাকলে কোনদিন দেশের আর্থিক উন্নতি সন্তবশর নয়। স্বত্রাং এদিকে সরকারের দৃষ্টি দেওয়া একাস্ত দরকার বলে আমি মনে করি।

Shri Sudhir Chandra Bhandari: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ ১৪ বছর দেশ আধীন হবার পর আমরা দেখতে পাচ্ছি আমাদের ক্ষি-উৎপাদন সম্পূর্ণ প্রেক্কভির খেয়াল-খুসীর উপর নির্ভর করছে। তার কারণে আমরা সরকারের কাছে শুনছি—একরে কোন বছর ৩ মণ, কোন বছর ১১ মণ কোন বছর বা ৯ মণ ফলন হয়েছে। সরকারের এ-ব্যাপারে কোন নিয়ন্ত্রণ করবার ভূমিকা দেখতে পাচ্ছি না।

আর একটা জিনিদ দেখতে পাছি-আমাদের দেশে যেভাবে ক্রমাগত উৎপাদন কমে যাছে, অক্তান্ত প্রদেশের তুলনায়ও উৎপাদন আমাদের কমে যাচ্ছে, এটা বাস্তবিক্ট চিন্তার কারণ হয়ে পড়েছে। এটা একটা মারাত্মক বিপর্যয়ের হুচনা করছে। এছাড়া আরো আমরা দেখতে পাছি-আমাদের দেশে ক্রমাগত জমির উর্বরতা কমে যাচ্ছে এবং তার প্রতিষেধক ব্যবস্থা হিসেবে সরকারের কোন ভূমিকা এসম্বন্ধে দেখতে পাচ্ছি না। তাছাডা সেচের যা স্ক্রোগ স্থবিধা, তা প্রয়োজনের তুলনায় অনেক কম। বহু ঢাক ঢোল পিটিয়ে প্রথম ও বিভীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যেও দেখতে পাচ্ছি সেচের পরিকল্পনা কোনটাই কার্যকরী হচ্ছে না ৷ মাত্র ২০ লক্ষ একরের মন্ত জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। অবশ্য আমাদের আবাদযোগ্য জমির পরিমাণ যে কভ, দেকথা মন্ত্রী মহাশয় এখানে রাখলেন না, শুধু লোকসংখ্যা ৩ কোটী ২০ লক্ষ—একথাই বললেন। এর জন্ম একটা স্কুটু পরি-সংখ্যান দেওয়া বাঞ্নীয়। দেশের অক্ষরতা ও নিরক্ষরতা স্বরে যা দেখতে পাচ্ছি—: ৪ বছরে শিক্ষা ও অভাত ব্যাপারে কোন উন্নতি দেখতে পাছি না ৷ ক্রষির কাজত কুদ্র কুদ্র আয়তনে চলছে, কোন একটা সমবায় পদ্ধতির মধ্যে ব্যাপকভাবে লক্ষ্য করছি না। ব্যক্তিগত জমি এত টুক্রো টুকরো ও বিচ্ছিল্লভাবে রয়েছে যে তাতে উন্নত ধরণের চাষ আবাদ করা দম্ভব হচ্ছে না। কৃষি উৎপাদনের এইদব নানারকম অন্তরায় রয়েছে। তা'ছাড়া ক্র্ষিব্যবস্থা একেবারে আদিম ব্যবস্থায় রয়েছে। সেই কাঠের লাঙ্গল, যার ছারা দেড় ইঞ্চি হু' ইঞ্চির বেশী মাটি এঠে না, এসম্বন্ধে সরকারের কোন বৈজ্ঞানিক দৃষ্টিভংগী দেখতে পাছি না। কৃষক চাষ আবাদ করবে কি করে—ভার জন্ত পর্যাপ্ত মূলধনও নাই। ক্রমকর। মহাজনদের কাছে দেনার দায়ে ভূবে আছে। সেই ঋণভার থেকে র্যকদের মুক্ত করার কোন ব্যবস্থা সরকারের নাই। যদিও সমবায়ের মাধ্যমে নানারকম লোনের আকারে যে টাকা দেওয়া হচ্ছে—তা' রুষকদের হাতে পৌছাছে না। রুষিজাত ফদলের উপযুক্ত দামও ভারা পাছে না। নানারকম ক্রটা রয়েছে, যানবাহনের ক্রটাও তার মধ্যে একটা; সেটাও ভাদের উৎপন্ন ফসলের তাষ্য দাম পাওয়ার পক্ষে অন্তরায়। স্থাকরা যেসময় ধানচাল বিক্রী করে, তথন দাম থাকে কম; ভারা ফদল হাতে ধরে রাখতে পারে না।

ভারপর তো সামান্ত বৃষ্টিতেই বলা হয়ে যায়। গড়পড়ভা বাংলাদেশে ৬০ থেকে ৭০ ইঞ্চি বৃষ্টি চয়—যার **অর্থেক মা**টিতে টেনে নেয়। এই বক্তা সম্পর্কে যে তদন্ত কমিটী হয়েছে, তাব তদন্ত করতে ক তদিন লাগবে জানি না। কৃষি উৎপাদন মোটেই লাভজনক হচ্ছে না। চাষবাদ করতে যে টাকা থবচ হয়, ফদলের দামে তা উত্তল হয় না, ক্ষতি হয়। কাজেই লাভজনক না হলে ক্ষির উৎপাদন কিছতেই এণ্ডতে পারে না। আজ ১৪ বছরে এই জিনিসটা দেখতে পাওয়া যাচ্ছে যে শতকরা ২৫ পেকে ৩০ জন কৃষক ভিক্ষুকের পর্যাযভুক্ত হয়ে গেছে। এই যদি অবস্থা হয়, তাহলে জমি চাষবাস করবে কারা এবং কিভাবেই বা কৃষির উন্নয়ন হবে ? আবে একটা ব্যাপার হচ্ছে—যারা প্রকৃত কুষক. তাদের হাতে জমি নাই। জমির উপর তাদের দরদ কোপা থেকে আসবে ? এই যে ভমিসংস্বার আইন হলো, জমিদারী দথল আইন পাস হলো, কিন্তু এখন পর্যন্ত ভূমিহীন কুষকদের মধ্যে জমি দেওয়ার বাবস্থা হ'ল না। থাত-সমস্থার সমাধান করতে এই সরকার অসমর্থ। সরকার অবস্থা নানারকম কথা বলে থাকেন যে লোকসংখ্যা বেড়ে যাছে, মানুষের স্বাস্থ্য ভাল হচ্ছে ইভ্যাদি অর্থাৎ লোক বেণী মরছে না। তাহলে লোক যথন বাড়ছে, তথন উৎপাদন কেন বাড়ছে না । লোক-সংখ্যা বাডলে আবোলোক জমিতে খাটবে— ফসল বৃদ্ধি হবে। ত।'তো হচ্ছে না! কেন আমেরা একর-পিছু ৫০ মণ ফলাতে পারছি না? ক্রমাগত কেন ফলন কমে যাচ্ছে ? আজ ১৪ বছরেও ফলন বাডাতে সরকার পারছেন না। আমার মনে হয় এই সরকার গদীতে বদে থাকার কোন সাৰ্থকভা নাই।

[5-40—5-50 p.m.]

Shri Ramanuj Halder: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন পরিসংখ্যান দেখে এবং কৃষক সমাজের বাস্তব অবস্থালক) করলে আমরা গুব হতাশ হই ও এক ভয়াবহ চিত্র দেখতে পাই। এই অসহায় ক্লমক সমাজের উন্নতির উপর কৃষি উন্নতি বিপুল পরিমাণে নির্ভর করে থাকে এবং নির্ভর করে পাকে সরকারী ব্যবস্থাপনা। যে পরিমাণ টাকা এবার বরাদ্দ করা হয়েছে, তার পরিমাণ বৃদ্ধির জ্ঞা কিছু আশা সঞ্চার করা যায় যদি এই অর্থকে যথায়থভাবে নিয়োজিত করা যায়। কিয়ু এটা অবশ্র প্রাসংগিক বক্তব্য যে, বাংলাদেশের যেসমন্ত সমস্তা সংকূলতা রয়েছে, তার পরিপেক্ষিতে বিচার করলে সমস্তা সমাধানের জন্ত যে অর্থের প্রয়োজন সে তুলনায় এর প্রতুলতা আদৌ নেই। এক দিকে কৃষককুলের অবস্থা যেমন শোচনীয়, তেমনি ভূমি ও অস্তাস্ত সমস্তাও জটিল এবং পক্ষাস্তরে এই বিভাগে সরকারী কর্মচারী থারা নিযুক্ত আছেন এই কাজে,—এতে ভাদের উপযুক্তভা বিবেচনা করে এই বিভাগে তাদের রাথা দরকার। অর্গাৎ যারা কৃষক সমাজের সংগে ওতঃপ্রোতভাবে জডিত, তাঁরা দেশের কল্যাণসাধনের চেষ্টায় অগ্রসর হবেন। এবং সংগে সংগে সরকারের লক্ষ্য রাখা দুরুকার— শরকারের অন্তান্ত বিভাগের সরকারী কর্মচারীদের যে হারে বেছন দেবার বাবস্থা আছে, এই বিভাগের কর্মচারীদের সেই হারে বেতন দেবার যেন ব্যবস্থা হয়। এর পেকে বোঝা যায় যে সরকার কৃষি বিভাগের প্রতি কি পরিমাণ পক্ষপাতিত্ব পোষণ করে এবং তার ফলে এই বিভাগের কর্মচারীগ**ণ কি অবিচার হচ্ছে।** ক্র্যিমন্ত্রীর কাছ পেকে আমরা একটা প্রিসংখ্যানের ছিসাব পেলাম। কিন্তু আমি তাঁর কাছে আর একটা পরিসংখ্যান রাখতে চাই যে—পশ্চিমবংগের মোট ১৫ লক্ষ পরিবারের মধ্যে অবস্তৃতঃ ২৯ লক্ষ পরিবার কৃষির উপর নির্ভরণাল। এবং তার মধ্যে ১৫ ^{লক্ষ} পরিবার, ভারা যে ফ্সল ফ্লায়, তাতে তাদের সাবা বংসর চলে না, ভাদের ঘাট্তি পরিবার ^{বলা} যেতে পারে।

Shri Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 4,61,54,000 for expenditure under Grant No. 42, Major Heads: "57-Miscellaneous-Expenditure on Displaced Persons 82-Capital Account of other State Works outside the Revenue Account-Expenditure on Displaced Persons Loans and Advances by State Govt.-Loans and Advances to Displaced Persons", be reduced to Re. 1/-.

Shri Basanta Kumar Panda: Sir, 1 beg to move that the demand of Rs. 4,61,54,000 for expenditure under Grant No. 42, Major Heads: "57-Miscellaneous Expenditure on Displaced Persons-82-Capital Account of other State Works outside the Revenue Account-Expenditure on Displaced Persons-Loans and Advances by State Govt.-Loans and Advances to Displaced Persons", be reduced to Re. 1/-.

Shri Samar Mukhopadhyay: Sir, I beg to move that the demand of Rs 4,61,54,000 for expenditure under Grant No. 42, Major Heads "57-Miscellaneous-Expenditure on Displaced Persons-82 Capital Account of other State Works outside the Revenue Account-Expenditure on Displaced Persons Loans and Advances by State Govt.-Loans and Advances to Displaced Persons", be reduced to Re. 1/-.

Shri Samar Mukhopadhyay: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়ের বক্তৃতা আমি গুনলাম এবং ইলেকগানের আমারে বাস্তহারাদের মন জয় করার জন্ম এই ধরণের বক্তৃতা তারা ছেবে চিস্তে করেছেন। প্রতিশ্রুতি আরে বহু গুনেছি কিন্তু প্রতিশ্রুতিগুলি কার্যে পরিণত হওয়ার ব্যাপারে শামাদের তিক্ত অভিজ্ঞত। আছে—দেটা না আঁচালে বিশ্বাস নেই। প্রয়ন্ত দেন মহাশয় দণ্ডকারণ্য দিয়ে আরম্ভ করলেন এবং দণ্ডকারণ্য দিয়ে শেষ করলেন। আমিও দণ্ডকারণ্য সন্থম্ম হ'বেটা কথা শুধু এখানে বলতে চাই। লাউ কুমড়া এইসব দণ্ডকারণ্য থেকে আনিয়ে দণ্ডকারণ্যের সব প্রচার করা হয়েছিল এবং স্কুমার বাবুর ছবি সমেত দেউটসম্যানে রিপোর্ট বেরিয়েছে—২০শে নভেছর তাদের দণ্ডকারণ্য থেকে আনা হয়েছিল, পুব সেখানে, অগ্রগতি হয়েছে। তাদের নিয়ে একটা প্রেস কন্যাবেন্স হয়, সেই প্রেস কন্যাবেন্সর রিপোর্ট সেটসম্যান কাগজে বেরোয়। যাদের আনা হয়েছিল তাদের প্রসের লোকেরা জিজ্ঞানা করে যে দণ্ডকারণ্য থেকে কুমড়া লাউ ভরিতরকারি এনেছেন কিন্তু ধানের অবস্থাটা কি ? যিনি বক্তা ছিলেন গৌরাঙ্গ দাল ভিনি বললেন ধানের অবস্থা সম্প্রোক্ষনক নয়—''The soil, I think, is exceptionally good for vegetables like sweet gourds and cucumbers, but it may not be as good for paddy.'' তারপর জলের ব্যাপারে যেটা নিয়ে খুব হৈটে হয়েছিল, তাঁকে জিঞ্জানা করা হলে ভিনি তাঁর উত্তরে বলেন "But they still had their grievance about water.'' তারপর বলছেন "Our tank which was not fully dug last year is dry. Our masonry well is also incomplete. We have to depend upon tubewells which are in working order.''

এটা আপনার। সকলেই জানেন দে আমাদের মে মাসে নিয়ে যাওয়া হয়েছিল এবং তার আগে জলের ব্যাপার নিয়ে তুমুল প্রতিবাদ হয় এবং সেখানে একটা মন্তব্ড সমস্তা আমাদের দেখানো হল—
ট্রাক্টর দিয়ে কি রকম পুকুর কাটানো হচ্ছে। এই বলা হল বর্ষার জল ধরে এই সমন্ত পুকুরে জলের সমস্তা সমাধান করা হবে। প্রেস কন্ফারেন্স করা হচ্ছে বর্ষার পরে নভেম্বর ২০শে তারিখে এবং সেই প্রেস কন্ফারেন্স তাঁরা স্বীকার করছেন যে পুকুরগুলি ড্রাই এবং কুয়োতে কোন জল নেই।
ভারপর বলছেন We have to depend upon tubewells.

আমরা ধথন দণ্ডকারণ্যে গিয়েছিলাম তখন টিউবওয়েলের দায়িত্ব যাদের উপর ছিল তাঁরা বলেছিলেন The tubewell is a failure এই হচ্ছে জলের অবস্থা। এটা আমার কথা নয় ক্টেটসম্যানের দণ্ডকারণা থেকে থারা এসেছেন তারা বলেছেন। তারপর জংগল সহস্কে আমরা আশংকা প্রকাশ করছিলাম— টুক্টর দিয়ে জমি ডেভোলপ করে দেখিয়েছেন যে ডেভোলপড় হয়ে গেল, এখন চাষ করলে ফদল ফলবে। দেখানে আমরা বলেছিলাম যে এই ট্রাক্টর দিয়ে জংগল পরিষ্কার করলে মাটার তলায় যেখানে শিক্ত থেকে যায় সেখানে স্প্রাউট গজিয়ে উঠে এবং থেটা স্মামরা দেখে এসেছিলাম। বাস্তহারারা তথন স্মাপত্তি তলেছিল এনিয়ে। "দণ্ডকাহণোর কথা" বলে একটা বুলেটিন দণ্ডকারণ্য থেকে প্রচার বিভাগ পাঠান—সেই বুলেটিনটা পড়ে দেখছিলাম. দেখানে লেখা হয়েছে জংগল বন ছাপ করে জমি যে ডেভোলপ করা হয়েছে তাতে দেখানে উমেরকোটে ২। ১টা গ্রাম আছে তার খুবই খারাপ অবস্থা। আগাছা, জংগল, বন গ্রামটারে ছেয়ে ফেলছে অথচ গ্রামের বাসিন্দাদের সেদিকে দৃষ্টি আছে বলে মনে হয় না। তারা হয়ত এই আশায় আছে যে দওকারণ্য কর্তৃপক্ষ থেকে জংগলগুলি সাফ করা হবে কিন্তু তারা মন্তব্ড ভূল করেছে. অর্থাৎ এখানে আগাছায় গ্রামগুলি ভত্তি হতে আরম্ভ করেছে। এখন বাস্তহারাদের গালাগালি দেয়া হচ্ছে যে আগাছা পরিষ্কার ৰুরার দায়িত্ব তোমাদের। তোমরা এই আশা নিয়ে থেক না যে ট্রাক্টার এসে আবার জংগলগুলি পরিষ্কার করে দেবে। তারমানে হচ্ছে একটার পর একটা গ্রাম আবার জংগলে পরিণত হবে—ঐ লোকগুলি সেখানে চাষ করতে পারবে না এবং তাদের গ্রাম পরিত্যাগ করে ডেজাট করে চলে আসতে হবে। অথচ সেখানে যন্ত্রপাতী সব কিছুই আছে।

জগন্নাথবাবু আগের দিন বক্কৃতায় বলেছিলেন যে পারেলকোটে যে লোকগুলিকে পাঠানো হল তারা পাচ মাস ধরে ডাক্টার পায়ন। তারপর ভাম্প্রতাপপুর থেকে একজন ডাক্টার নিয়ে গিয়ে সেথানে প্রয়্রধপত্রের ব্যবস্থা, মেডিকেল ট্রিটমেন্টের ব্যবস্থা, ডাক্টারের ব্যবস্থা কিছু হয়েছে। অথচ লোকের সামনে রঙ্গীন চিত্র তুলে বলা হচ্ছে তোমরা সেথানে গেলে সোনার রাজ্য আর রাজকন্তা পাবে। এই দগুকারণে)র পরিস্থিতি সম্বন্ধে আমরা সাবধানবাণী উচ্চারণ করেছিলাম। এখন আরবিট্রাবিলি বিভিন্ন ক্যাম্পে আবার নোটাশ জারী করা হচ্ছে কিন্তু এই সমস্ত তিক্তমভিজ্ঞতা থেকে বাংলা গভর্ণমেন্ট কোন শিক্ষা গ্রহণ করেন দেথি কেবল লোকগুলিকে ধরে ধরে সেথানে পাঠাবার ব্যবস্থা করছেন।

[9-50—10 a.m.]

তিনি গতবারে স্বীকার করেছেন ১৪ হাজার ফ্যামিলীর উপর নোটীশ দেওয়া হয়েছিল—. ১৩শো গিয়েছিল। আমি স্কুকুমার বাবুর সঙ্গে দেখা করে বলেছিলাম আপনার। এই পদ্ধতি নেবেন না. ভলাণ্টারিলী লোকে যাতে যায় তারজন্ত চেষ্টা করুন; তাদের বোঝান, তাদের আন্থা অর্জন করুন, ওভাবে তাদের উপর নোটীশ দেবেন না। তিনি বললেন—কি করবো! লোক তো এমনি যেতে চায় না; তাই একটু জবরদন্তি করতে হয়। তাঁরা জানেন যে এক হাজার লোক নিয়ে যেতে হলে তিন চার হাজার লোকের উপর নোটাশ দিতে হবে। আগেকার তাঁদের হিসেবে ছিল যা নোটাশ দেওরা হবে, তার ৫০% লোক যাবে। কিন্তু আমাদের অভি**জ্ঞ**তায় দেখা যাচ্ছে এক হা**জার লোক** নিতে গেলে : • হাজার লোকের উপর নোটীশ দিতে হবে। এখন দেখছি বিভিন্ন ক্যাম্পে নোটীশ দিয়ে লোকগুলোকে তাডিয়ে দেবার ব্যবস্থা হচ্ছে। তাদের ডোল বন্ধ হয়ে গেছে। প্রফল্লবার হিসেব দিলেন— ৭৮ হাজার উদ্বাস্ত ক্যাম্পে আছে। অর্থাৎ ১৮ হাজার ফ্যামিলী আছে। এরমধ্যে ১৪।১৫ হাজার হচ্ছে ক্রবিজীবী ফ্যামিলী। তাদের উপর জবরদন্তি চালিয়ে বাংলাদেশ থেকে তাড়িয়ে দিয়ে বাংলাদেশকে density হাত থেকে save করবেন। তাঁরা ওদের দণ্ডকারণ্যে নিয়ে ছিমহীন ক্ষকদের জমি দেবেন। এটা বোগাস কথা। এই কথা বলে তাঁরা রাজনৈতিক উদ্দেশ্য সফল করতে চান। কিন্তু এজিনিষ আজ আর চলে না। এই ১৪।১৫ হাজার কৃষিজীবী পরিবারকে জমি দেবার মত জমি এখনো পশ্চিমবাংলায় আছে। তাদের প্রতি এই রকম নিষ্ঠর ও নির্মম প্রথা গ্রহণ করা যায় না, তা সমীচীনও নয়। তাঁরা যে উদ্দেশ্যে তা করতে চাচ্ছেন, তা বার্থ হবে।

এই বাস্তহারাদের সঙ্গে আমার যোগাযোগ আছে এবং ডিপার্টমেণ্টের বিভিন্ন functionএ দেখেছি এই অবস্থা সম্পূর্ণ chaotic, চরম বিশৃজ্ঞল পদ্ধতি, system বলে কোন জিনিষ সেখানে নাই। লোকগুলিকে অযথা harass করা হছে; তার কোন Justification নাই। বায়নানামা স্কীম তাঁরা বন্ধ করে দিয়েছেন—জোর করে তাদের দগুকারণ্যে পাঠাবেন বলে। একবার বন্ধ হলো, আবার চালু হ'লো, আবার তা বন্ধ হলো। আবার যারা পার্টির লোককে ঘূষ দিতে পারলো, তারা বায়নানামা পেয়ে গেল। Harass করে কিরকম দেখুন। গত ১৯৫৮ সালে কলাবনী ক্যাম্পের রেবতী মোহন দাস, হরিবল্লভ দাস, হর্যামনী দাসী—বায়নানামা করেলো। তাদের উপর নোটীশ গেল ২৭১০।৫৯ তারিথে তোমাদের বায়নানামা ক্যান্সেল, ও চলবেনা। তারপর ১৫।৩।৬০ তারিথে মেদিনীপুর ডিট্রান্ট ম্যাজিট্রেটের অফিস থেকে জানান হলো তোমাদের বায়নানামা ফোন্সেলশাস্ অর্ডার হয়েছিল, সেটা উইথ ডু করে নেওয়া হলো। এখন আবার তোমরা বায়নানামা করতে পার। ত্রহুর আগে যে বায়নানামা করেছিল, সে জমি তারা গিয়ে দেখে অপরে কিনেনিয়েছ। তাদের পুরান বায়নানামা নই হয়ে গেছে। ১৯৫৮ সাল থেকে এর পেছনে ঘূরে ঘূরে ছালের ছালা টাকার উপর থরচ হয়ে গেছে। ডিপার্টমেন্টে গেলে একজন অফিসার ছঃখ করে

ৰশদেন দেখুন আমরা সব মিধ্যাবাদী, আমরা একবার বলছি হবে, আবার বলছি হবে না, আবার বলছি হবে। এখন আর কিছু করতে পারবো না। এই বায়নানামার ব্যাপারে এইভাবে চরম বিশৃষ্থলা চলেছে। বায়নানামা ল্যাক্যাল অথরিটী দেখে সেখানে আবার তাদের নোটাশ দেওরা হয়েছে। এমতী পূরবী মুখার্জীর Constituencyতে দেখলাম বিরাট পুলিশের ব্যবস্থা; সেখানে তিনি electionএ সিট্ রাখার চেষ্টা করছেন। সেখানে এই সমস্ত রিফিউজী পরিবারের উপর নোটাশ দেওয়া হয়েছে—বাকুড়া ডিষ্ট্রান্ট ম্যাজিষ্টেরে অফিস থেকে চিঠি বিয়েছে—

This is to inform you that the Government has been moved for allotment of fund for the purpose.

মানে বায়নানামার জন্ম। এর Memo No. 344 R.R. of 17-2-61.

টাকা চেয়ে পাঠাবার জন্ম এথান থেকে অফিস থেকে চিঠি গিয়েছে সেণ্ট্রাল গভর্ণমেণ্টে। শচীক্র নাথ সরকার, যজ্জেশর হালদার, পুলিন বিহারী মজুমদার— এদের ২রা মার্চ্চ থেকে ডোল বন্ধ হয়ে যাবে।

ঐ ডিপার্টমেণ্ট কিভাবে কাজ করে দেখুন। ১৯৫৯-৬০ সালে দণ্ডকারণ্যে জোর করে নিয়ে যাবার প্রতিবাদে যার তার বিরুদ্ধে আন্দোলন করেছে, তাদের ডোল আজও বন্ধ আছে।

বারে বারে বলেছি Govt.এর কাছে, জ্যোতিবাব বলেছেন, তারপর আনেক বিধানবাবকে বলার পর তিনি চিঠি দিলেন ২০শে মে ১৯৬০ সালে, তাতে লেখা আছে I have directed the Refuge Relief & Rehabilitation Dept. to give them rehabilitation benefit on a priority basis. তারপর কিছু হল না। আবার ডাঃ রায়কে চিঠি লেখা হল ৩১শে আগষ্ট এবং তার একটা জবাব গেল Assistant Secretary থেকে ১৩ই অক্টোবর এবং শেটার জবাবে ডা: রায়ের চিঠির reference দিয়ে লেখা হল—I am directed to request you to refer to the Chief Minister's letter D. O. No. 476 P.S. dated 20th and to say that Government has nothing further to add except that with regard to those families whose names were removed from the camp, etc. etc. orders for their rehabilitation have already been passed on a priority basis তারপর গুনলাম order পাশ হয়ে গেছে কিন্তু Priority Basisএ Rehabilitation হলনা আজও। ফুচারটা familyর হয়ত হয়েছে, দাশপাড়া campএর কয়েকটা হয়েছে এবং এর পেছনে অনেক লেকে থাকান ছচারটা familyর rehabilitation হয়েছে। কিন্তু ২।২॥ বছর ধরে এদের ডোল বন্ধ হয়ে গেছে এবং তারা খুব হুরবন্থায় রয়েছে। ডাঃ রায় লিখেছিলেন Direction দিয়েছি কিন্তু Deptt. not functioning তাছাড়া বহু বুক্ম complain পাঠিয়েছি কোন প্রতিকার হয়নি।

কাল নির্যাতিত বাস্তহার। political sufferer কয়েকজন লোক এলেছিলেন, তারা এলে বললেন Central Govt. > হাজার House Building Loan, Land Purchase Loanএর জন্ত sanction করেছে বেহালায় বন হুগলীতে কোন জমি > হাজার টাকা পাওয়া যাছেনা। স্ক্তরাং দেখা যাছে Central Govt. একটা Direction দিলেন, Bengal Govt. সেটা execute করতে পাছেনা dead lock অচল অবস্থা হয়ে রয়েছে।

তারপর ঋণ আদায়ের ব্যবস্থার থারা। সাহেব বলেছিলেন—যাদের অবস্থা নাই তাদের কাছ থেকে ঋণ আদায় করা হবে না। অওচ certificate জারী করা হচ্ছে, জোর জবরদন্তি করা হচ্ছে, করে ঋণ আদায়ের ব্যবস্থা হচ্ছে। আর বাংলাদেশে possiblity tap কি করেছেন ? White Bookএ দেখলাম মাত্র ১৯ একর জমি ১৯ ৩-৬১ সালে reclaim করে ৭ শত কত পরিবারের মধ্যে বণ্টন করে দিয়েছেন। আর বাকী যে সমস্ত স্কীম আছে তাতে progress অত্যন্ত slow, chaotic অবস্থা হয়ে আছে। এই এবস্থার যদি পরিবর্ত্তন না হয় বাস্তহারাদের জীবনে চরম ছ্রবস্থা নেমে আসবে।

Shri Hari Das Mitra: ন্থার, থারা সাহেবের দপ্তর থেকে 28th February একটা note, একটা Bulletin বেরুল। তাতে দেখলাম পশ্চিমবঙ্গে refugeeদের জন্ত মোটামূটী ১২৯ কোটি টাকা থরচ হয়েছে। আজকে এখন প্রফুল্লবাবু যে বক্তৃতা দিলেন তা আমি অতি মনোযোগ সহকারে শুনেছি তিনি বলেছেন ১৯৫৭ সালে যখন তিনি এই বিভাগের ভারপ্রাপ্ত হন তখন ২,৭৭,০০০ লোক campa এবং হোমসে ছিল, এখন ১,২৬,০০০ আছে। আমি জিজ্ঞাসা করি এটা কি death discharge and desertion এ কমে গেল, নাকি সত্যসত্যই তাদের মুঠ পূন্বাসন হয়েছে? উনি নিজে গত বছর এই এসেম্বলীতে দাঁডিয়ে বলেছিলেন refugeeদের বাংলাদেশে সুঠু পূন্বাসন দিতে পাবিনি। অপচ আজকে যেটা বলছেন, তার সঙ্গে পূব্কপার দামহন্ত কোথায় বুঝতে পাছিন।

10-10-10 a. m.]

পুনর্বাসনের কথা উঠলেই মোটা মোটা টাকার অঙ্কের ফিরিস্তি দেন। তবুও আমবা বলবো, এই গ্ৰাক। খরচের ইতিহাস যদি তলিয়ে দেখা যায়, তাহলে দেখা যাবে এই মন্ত্রীত্ত্বের অস্থির চিত্ততা, mplanned economy, স্বেচ্চাচারিতা, এবং একটা চরম ব্যর্থতার কলক্ষময় ইতিহাস। আমি এই ব্যর্থতার একটা উদাহরণ, স্পীকার মহাশয় আপনাকে দিতে চাই। ১৯৫১ সালে ধুবুলিয়া camp প্রকে ৬৫০০ লোক নিয়ে মেদিয়ায় একটা Govt. sponsored colony করা হয়েছিল, গোবরডাক্সা রল ষ্টেশনের থেকে আধ মাইল দূরে। এই station থেকে ওখানে যেতে হলে সোজাপুথে একটা গাওড পডে। সেই বাওড নৌক। করে পার হতে হয়, এবং সেই নৌকাও অনেক সময় পাওয়া যায় গ। এথানে এই বাস্তহারারা বাওড় পার হবার সময় ১৯৫৭ সালে ছুইজন লোক জলে পড়ে মার। ায়। এই নিয়ে দেখানে একটা আন্দোলনও হয় এবং তারই ফলে মেহেরটাদ খালা সাহেব দেখানে -গয়ে তা পরিদর্শন করে এসেছেন। পরিদর্শন করতে গিয়ে সেখানে হুই লক্ষ টাকায় ঐ বাওডের উপর একটা ব্রীব্দ তৈরির জন্ম Scheme Sanction করে গিয়েছিলেন। এই বিষয় খালা সাহেব যে চিঠি ^{লিথে}ছেন তাতে পশ্চিমবঙ্গ সরকারের অপকীর্ত্তির কথা আছে, সেটা আমি পড়ে দিচ্ছি। চিঠিটার No. 3/13/58H. Govt. of India, Rehabilitation dept. থেকে লিখেছে M. N. hunder Union Minister agrees to consider their request for a bridge. I'he Govt. of West Bengal was accordingly requested to forward the plans ind estimate of the said bridge. In July 1959, an estimate of Rs. 2 lakhs vas received in this Ministry but technical data in support of the estimates vere not furnished. Consequently sanction to an expenditure of Rs. 2 akhs was issued in December 1959 and the State Govt. was requested to

forward detailed plans and estimates for approval of this Ministry before the tenders are accepted for the bridge. As the detailed plans and estimates as asked for were not forwarded by the State Govt. during the long period of 11 months for which sanction was issued in December 1959, the sanction was recalled. The question of issuing a fresh sanction would be considered if and when the detailed plans are received.

> Sd M. N. Chunder, Under Secy. Govt. of India.

চিটিটার তারিথ হচ্ছে 11th Jany. 1961 এবং লেখা হচ্ছে To the Secretary, Chhatra Kalvan Samiti, নদীয়া। আমরা জানতে চাই, অস্ততঃ প্রফুলবাব এর জবাব দেবেন, আমাদের ষে আখাদ দেওয়া হয়েছিল—যদিও এতদিন হয়ে গেল—তবুও তিনি এই দম্বন্ধে কি করছেন। >> মাস ক্সতকর্ণের ঘুম ঘুমালেন, সামান্ত technical data পুর্যান্ত দিতে পারেননা, অথচ হাজার হাজার টাকা মাইনে দিয়ে অকেজো Engineerদের কেন রেখেছেন সেকথা বলতে হবে। এথানে প্রফল্ল বাব বলে আছেন, নির্বিকল্ল সমাধির মধ্যে ডবে আছেন, অথচ ঐ মোদিয়া কলোনীর এই ৬৫০০ জন লোকের মধ্যে ২০০০ লোক desertion করে কলোনি ছেডে চলে গেল, এবং সেখানে গিয়ে আমি দেখে এসেছি তাদের plotএ অন্ত লোককে বসাবার ব্যবস্থা করছেন। Sir, আজকে পশ্চিমবঙ্গের উদ্বাস্ত জীবনে স্বচেয়ে বড় অভিশাপ হচ্ছে certificate। চারধারে certificate জারী হচ্ছে এবং সেই সম্বন্ধে বলতে গিয়ে প্রথমেই বলতে হয় যাদের স্কুষ্ঠ পুনর্বাসন দেওয়া হল না. যাদের গডপডতা আয় পশ্চিমবঙ্গের সাধাবণ মামুষের ধারে কাছেও এদে দাঁডাতে পারেনি, সেই সমস্ত লোকের উপর certificate জারী করছেন। সরকারী কলোনি গয়েশপুর, তাহেরপুর, চাকদা এই সমন্ত অঞ্চলে ২০ হাজার ঘবক ঘবতী রাস্তায় ঘরেবেডাচেছ। তারা থেতে পাচেছ না। তারা দেনা শোধ করবে কি করে ? অর্থচ double ফুদে তাদের উপর এই সমস্ত certificate জারী করা হচ্চে। তাদের শেষ সম্বল, ঘর বাড়ী, গরুবাছর, এমন কি পরণের কাপড় এবং মাথা গুজবার ভিটে পর্যান্ত নিলাম করছেন। এই রকম অসংখ্য ঘটনার মধ্যে স্থামি কয়েকটি ঘটনার কথা এখানে বলতে চাই। সার্টিফিকেট করে যাদের তাদের বাড়ী নিলাম করে ভিটে ছাড়া করা হয়েছে তারা হচ্চেন পশ্চিম দিনাজপুর জেলায় রায়গঞ্জে মনমোহন পাল এবং সেই জেলার পূর্ণচক্র ঘোষ। নদীয়া জেলার চাকদা সহরের জগদীশ ঘোষের বাডীতে সেদিন বিবাহের অমুষ্ঠান তবুও জোর করে পুলিশ তার গাইগরু, আসবাবপত্র ছিনিয়ে নিলো। ওথানকার অদিতি নন্দী, বিনা Noticed Jeepa এসে তাঁর বাড়ীতে হামলা করলো টাকা আদায় করবার জন্ত। ঐ চাকদারই মনীন্দ্র লাহিডী, মন্মুথ মজুমদার এঁদের বাডীতেও অন্তর্নপ হামলা হয়েছে। নদীয়ার নবদীপ, গুপ্তিপাড়ী, বীরনগর, শাস্তিপুর ইত্যাদি জায়গায উদ্বাস্ত্র তাঁতিরা বল্লায় ক্ষতিগ্রন্থ হয়েছে। তাদের উপরও certificate জারী করে উৎপীডন কর। হচ্ছে, ফলে তাদের জীবিকার একমাত্র অবলম্বন তাঁত পর্যান্ত নীলাম করে নিচ্ছে। কিন্তি দেওয়া সম্পর্কে নদীয়ার জেলা ম্যাজিষ্ট্রেট বলেছিলেন যে পুনর্বিবেচনা করবেন, কিন্তু ক্ষুদে অফিসারদের জন্ত ভারা অত্যন্ত উৎপীড়িত হচ্ছে। নবদীপের শ্রীমতী স্বহাসিনী সাহার করুণ চিঠি যে কোন লোককেই বিচলিত করবে, তাঁর case No. আমি বলে দিচ্ছি, 255A/56/57। প্রথম বক্তায় এঁরা ঘটবাটি বিক্রী করেছিল, দ্বিভীয়বারের বক্তায় তাঁত বিক্রী করেছে এবং সর্বস্বাস্ত হয়ে গিয়েছে, তবও তাদের উপর নির্মান্তাবে সার্টিফিকেট জারী করা হচ্ছে। আজকের যুগান্তরে বেরিয়েছে নদীয়ার **অ**ফিসার কর্তৃক

রাখাল দেবনাথের ভাতের থালা লাখি-মেরে ফেলে দেওয়ার কাহিনী। তথন তাঁর কাকিমা অফিসারের পায়ে পড়ে অস্থ্রোধ জানায়, কিন্তু তাঁকেও অপমান করা হয়। এটা যেকোন সভ্যদেশের পক্ষে কলত্ব। এই বিষয়ে আমি মন্ত্রী মহাশগ্নের দৃষ্টি আকর্ষণ করি।

[10-10-10-20 a.m.]

১৯৪৮ সালের Hand book of Government policy and plans for resettlement of refujee population by the Government of West Bengal. এই বইখানা প্ৰফল বাবুর কাছে নিশ্চয়ই আছি, নাধাকলেও আমার কাছে দেখে নেবেন, তার ৩নং পাতায় লেখা আছে. "Government will accept repayment only from the margin of surplus that will be left to the loanees after meeting their reasonable expenses for maintenance and keeping a reasonable amount for working capital." अधिन হবার পর যে টাকা থাকবে সেই টাক। সরকার নেবেন, অথচ আজকে আমরা উল্টো চিত্র দেখছি। আমাদের কংগ্রেসপক্ষীয় বন্ধু শ্রীভগন্নথে মজুমদার মহাশয়কে আমি অভিনন্দন জানাই, কারণ তিনি অন্ততঃ সাহদ করে এই বাজেটে—Governor এর speech এবং আলোচনার সময় বলেছেন যে, যাদের দেওয়ার ক্ষমতা নাই তাদের certain amount মকুব করে দেওয়া হোক, তা নাহলে তাঁদের বাঁচান হবে না—তিনি চোখের সামনে প্রতিদিন দেখেছেন নদীয়া জেলার প্রক্লুত চিত্র আমাদের এখানে Govt. colonyর কথা প্রফুলবাবু বলেছেন। শ্রদ্ধেয় ডাঃ স্থরেশ ব্যনার্ছ্কি এই বিধান সভার বক্ততায় বারবার গয়েশপুর, তাহেরপুর, হবিবপুর, খোবাস মহলায় হতাকল হতাকল করে করে হয়বান হয়ে গেলেন—এসকল ব্যাপার ডাঃ রায়ের চিঠি আমি দেখেছি, তিনি ডাঃ ব্যানার্জ্জিকে ঠাট্টা করে বলেছিলেন ডাঃ ব্যানাৰ্ছিল পাগল হয়ে যাবেন। তিনি আভাস দিয়েছিলেন এই দ্ব জায়গায় স্থতাকল হবে। অথ্য দেখানে জমি প্রাস্ত acquisition করলেন না তাহেরপুরে জমি নিয়েও কল বসালেন না। বর্তমানে একটামাত স্ভাকলের কাজ অত্যন্ত ধীরগতিতে চলছে। গয়েশপুরে যেখানে ১৭ হাজার লোকের বাস, সেখানে একটা ইাসপাতালও করলেন না, জমিও aquire করলেন না. অংচ আপুনারা বলেছিলেন ৫০ বেডের হাসপাতাল হবে। এসব তো কিছুই করলেন না, উপরন্থ দেখানে কয়েকজন T.B. রোগীকে যাও ঔবধপত্র দেওয়া হত তাও তাদের medical report নাই. এই অজ্বহাতে বন্ধ করে রেখেছেন। তারপর, গয়েশপুরে রাস্তার জন্ম বড় বড় দিশে ভর্তি পিচ এমেছিল, কিন্তু কিছুদিন পরেই সেই পিপেগুলি অন্ধকারের স্বড়ঙ্গপথে কোথায় চলে গেল ব্ঝতে পারা গেল না; মন্ত্রী মহাশয় এসম্পর্কে একটু খবর নেবেন কি? মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন কলাণী স্টেশনের পূর্বদিকে একটা hanger আছে, সেথানে প্রায় ১৫ শন্ত লোক ৫ বৎসর ধরে বাস করছে। পূর্বে তারা যে কলোনীতে বাস করতো তার নাম লিচুতলা সরকারী কলোনি। বর্ষাতে । বছর পূর্বে সে কলোনি ধ্বংস হয়ে যায় তারপর থেকে হাঙ্গারে বাস করছে। আমি চোখের সামনে দেখেছি মেয়েরা সেথানে রেলের কয়লা কুড়ায় কলা শশা বিক্রি করে এবং নানারকম নারীত্ত্র অসম্মানজনক কাজ তাদের করতে হয়। অথচ এদের পুনর্বাসনের ব্যবস্থা গভ পাঁচ বংসরের মধ্যে করলেন না। বভায় তাদের ঘরবাড়ী সব নষ্ট হয়ে গেল। ভার, আমাদের পশ্চিমবংগে বেরুবাড়ীতে আরেকবার একএেণীর ইন্থলী জন্ম-লাভ করেছে। কল্যাণীতেও ঠিক এই অবস্থা হয়েছিল, ৩।৩।৪৯ তারিথে কল্যাণী সহরের পত্তনের সময় একত্তে ১৩ হাজার একর জমি শরকার হুকুম দুখল করেছিলেন—সেই সব গ্রামের নিরীহ মামুষদের তো স্কুপুনর্বাসনের জন্ত ক্ষতিপুরণ দেওয়া আজ্বও শেষ হয়নি, যার ফলে তারা আজকে যায়াবরের জীবনযাপন করছে। এঁদের তো

একটা preference দেওয়া যেতে পারত। কিন্তু এঁরা বারবার দরখান্ত করা স্বন্ধেও এদের ক্ষতিপুরণের জন্ম হারাহারি কোন ব্যবস্থা আপনারা করলেন না। কল্যাণী অঞ্চলে অনেক যুবতীমেয়ে চাকরীর সন্ধান করছে, তাদের কান্ধ দিলে অনেকরকম কান্ধ তার। করতে পারে। সরকারী কল্যাণী ফুতাকলের ম্যানেজার Mr. Chatterjeeর সঙ্গে আমি কথা বলেছি। তিনিও কিছু মেয়েদের মিলে নিতে রাজি হয়েছেন। আমি এ সম্বন্ধে Expert opinion নিয়েছি। মিলে মেয়েদের জন্ম যথেষ্ট কাজ রয়েছে, এবং ঐ সকল কাজ ছেলেদের চাইতে মেয়েরা ভাল করতে পারে। আমি এ সম্পর্কে সরকারকে জানাচ্চি, আমি ২ হাজার মেয়েকে হাজির করব ৩ দিনের মধ্যে তারা কন্যাণী মিলে কাজ করতে প্রস্তুত থাকবে। তারপর, স্থানীয় উদাস্তদের জন্ম age relaxation যদি প্রয়োজন হয়, করা দরকার। শিক্ষার মানও তাদের বেলায় কিছু শিথিল করতে হবে। খান্না সাহেবের রিপোর্টে দেখলাম যে, উদাস্তদের employmentএর জন্ম টাকা ধার দেওয়া হয়েছে। শংকরদাস বাবর National Sugar Milla ৩০ লক্ষ টাকা, Govt. এবং খানা সাহেবের Refugee Dept. মিলে দেওয়া হয়েছে। এথানে চক্তি ছিল ১০০ উদাস্ত লোককে চাকরী দেওয়া ছবে। কিন্তু মাত্র ১০০ লোককে চাকরি দেওয়া হয়েছে। Professor অবভূল দেন মহাশয়ের লক্ষীনারায়ণ Cotton Mill চেয়েছিল ২৫ লক্ষ টাকা, পেয়েছে ১০ লক্ষ টাকা, লোক নেওয়ার কথা ছিল ৩০০ জন, ১২০ জন মাত্র উদাস্তকে কাজ দেওয়া হয়েছে। তারপর, আলামোহন দাস মহাশয়ের আরতি মিলে দেওয়া হয়েছে :২ লক্ষ টাকা, ৬০০ জন উদ্বাস্ত নেওয়ার কথা ছিল, নেওয়া হয়েছে ১৫০ জনকে। B C. Nunga Bengal Fine Milla তারা ২৫ লক টাকা পেয়েছেন, ৫০০ জন লোককে নেবার কথা ছিল, ৩০০ জন লোককে নেওয়া হয়েছে। এইরূপ ১২টা industryতে ২ কোট ৩৭ লক্ষ টাকা refugee Dept. থেকে পেয়েছে, এবং চুক্তি ছিল ৪৫০০ লোককে তারা emploment দেবেন, কিন্তু ২৭০০ লোককে কাজ দিয়েছেন। যে চুক্তিতে তাদের টাকা দেওয়া হয়েছিল সেই চক্তি রক্ষা করতে তাদের বাধ্য করবার জন্ম দরকার কি ব্যবস্থা অবশয়ন করেছেন আমরা সেটা ভানতে চাই। স্থার, বিভিন্ন সরকারী কলোনিতে latrine loanএর জ্ঞা বলতে বলতে এদ্বেয় ডাঃ স্থারেশ ব্যানার্জি মহাশয় হয়রাণ হয়েছেন কিন্তু বিশেষ কিছু হোলে। না। তারপর, জ্বরদ্থল কলোনী সম্পর্কে যে কথা বলা হয়েছে, তা যদি তাঁরা সতি)ই করতে পারেন তাহলে আমের। নিশ্চয়ই তাঁদের অভিনন্দিত করব। কিন্তু আমেরা এই ১০ বৎসর ধরে অনেক কথাই শুনে আসছি, এতদিন পর কি এঁদের কৃষ্ণকর্ণের নিদ্রা ভাংগবে ? অপণপত্র সম্পর্কে যে জট পাকিয়েছে তাও আমরা খুলতে পারছিন। তুর্যনগর, বিবেকনগর, নেহরু কলোনী, এদের acquisation processa দেরী হওয়ার ফলে জমিদাররা অনেকে এর স্থায়েগ নিতে আরম্ভ করেছে। স্থার, আপুনি জানেন পুলিশ নিতে হলে আগে Govt এর কাছে টাকা জমা দিতে হয়। কিন্তু এই জমিদাররা বিনাপয়সায় প্রলিশ নিয়ে গিয়ে ছাজির করে দিচ্ছে জবরদখল কলোনীর উদ্বাস্তকে উচ্ছেদ করবার জন্য।

টালিগঞ্জ এলাকায় বিবেকানন্দ নগর কলোনীতে কয়েকবার আমাকে নিজে গিয়ে পুলিশ ঠেকাতে হয়েছে। গত লোমবার ২৭শে ফেব্রুয়ানী, আমাদের ডেপুটি মিনিষ্টার কাজেম আলি মিজা লাছেবের জমিতে বে ১০টি উবাস্ত ছিল—টালিগঞ্জ শাস্তিনগর কলোনী—তাদের উপর পরোয়ানা জারি হল। কাজেম আলি মিজা লাহেবের দ্রুই হল ১২টার সময়, আর তার পরোয়ানা ১-৪০মিনিটের সময় নিয়ে গিয়ে হাজির হল। কোটের লোকজন, পেয়াদারা ডেপুটি মিনিষ্টারের বেলায় ঠিক সময় পেয়ে যাবেন, এবং কমপিটেণ্ট অথরিটিও তাড়াতাড়ি সময় পেয়ে যাবেন। কলোনী রেগুলারাইজেসন হ'য়ে গেছে, কিন্তু তবুও মালিকরা কমপিটেণ্ট অথরিটির কাছে গিয়ে, কলোনীর রিফুজিদের তুলে দিতে চাচ্ছেন এবং কমপিটেণ্ট অথরিটি সেখানে পুলিশ পাঠাছেন। আমি বলতে চাই যে উবাস্থানে

বেসমন্ত কলোনী রেগুলারাইজ হয়ে গেছে দেই সমন্ত কলোনীতে কমপিটেন্ট অথরিটি ইড্যাদি বন্ধ করুন। আমাদের আর কমপিটেন্ট অথরিটির দরকার নেই। কমপিটেন্ট অথরিটি আপনাদের কোন আইনকেই গ্রাহ্ম করেনা। আপনাদের ডিপার্টমেন্টের চিঠি তাঁর কাছে দেওয়া হয়েছে যে অমুক কলোনী এই এই plot রেগুলারাইজএর prcessএ রয়েছে। ডাইরেক্টার অফ রিছাবিলিটেশান চিঠি দিয়েছেন, কমিশনার লিখেছেন, ডেভালাপমেন্ট অফিসার লিখেছেন, কিন্তু competent authority ভব্ও মালিকের পক্ষে পুলিশ বারবার পাঠাছেন।

এবার আমি Russa Roadএর রেল ব্রীজের কথা বলব। বর্ষাকালে এথানে ঘণ্টার পর ঘণ্টা গাড়ী চলে না লোক পারাপার হতে পারে না নৌকা চালাতে হয়, আমি নিজে দেখেছি। একটা নতুন ত্রীজের জন্ম ২২ লক ১০ হাজার টাকা ভাংশান হয়েছে। রেলের উপমন্ত্রী মাননীয় বন্ধু শানাওয়াজ সাহেবের কাছে আমরা কজন গিড়েছিলাম, তিনি আমাকে লিখেছেন ১১ লক্ষ ১২ হাজার টাকা বেল দেবে, সি. আই. টি এও লক্ষ টাকা দিতে রাজী হয়েছে এবং ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্ট, কর্পোরেশান ও ট্রাম কোম্পানী মিলিয়ে যদি ৬ লক্ষ টাকা দেন তাহলেই ব্রীজের কাজ এথনই স্কুক্ হবে। এথানে ৮০ ফুট চওড়া রাস্তা হবে ও ১৭১ ফুট উচ্চতে ব্রীজ তৈরি হবে তাতে টালিগ**ঞ্চ** এলাকার লোকের প্রচুর স্থবিধা হবে ভবিষ্যতে ডুবে যাওয়া রাস্তার হাত থেকে তারা বাঁচবে। কর্পোরেশান, ট্রাম কোম্পানী তাদের এই টাকার অংশ কবে দয়া করে দেবে দেবের মধ্যে না গিয়ে. আমি ডাঃ রায়কে বিশেষভাবে অনুরোধ করব যে সরকার থেকে এখুনি এই টাকাটা দেওয়া হোক যাতে অবিলম্বে এই ব্রিজের কাজ আরম্ভ হয় এবং রেলের কাছ পেকে যাতে immediate payment পাওয়া যেতে পারে তার ব্যবস্থা করা হোক। টালিগঞ্জের সমস্ত অধিবাসী, সমগ্র পৌরদেবক অত্যন্ত উৎস্থক হয়ে রয়েছে এই ব্রীজের ব্যাপারে। মাষ্টার প্ল্যানের কথা আমরা শুনলাম—মাষ্টার প্ল্যান বহু বিঘোষিত। এটা যদি সার্থক হয় তাহলে নিশ্চয় আমরা ধন্তবাদ দেব। এই বিষয়ে ৬ কোটি ৮৪ লক্ষ টাকার মধ্যে ২ কোটি টাকা দেটোল গভর্ণমেন্ট দেবেন এবং বাকী টাকাটা কলিঃ কর্পোরেশান, ওয়েষ্ট বেঙ্গল গভর্পমেণ্ট দেবেন। আমি বলব যে দেণ্টারের ২ কোটি এবং ওয়েষ্ট বেঙ্গলের ২ কোটি নিয়ে, immediately কাজ আরম্ভ করা হোক, কারণ ক্যালঃ কপোরেশান ২ কোটি টাকা দেবেন কি দেবেন না, বা কবে দেবেন তা এখনও ঠিক নেই। এই মাষ্টার প্ল্যান সার্থক হলে টালিগঞ্জ অঞ্চলের অনেক উপকার হবে। হুসলমানদের জমি ও বাডী সম্বন্ধে যে কথা বলেছেন, এখনই আপনার বক্তভায় সেইভাবে যদি কাজ করতে পারেন, ভাহদে ভাল হয়। এদের বা উষাস্তাদের alternative accomodation দিয়ে, এগুলি যদি acquire করতে পারেন তাহলে আমরা অভিনন্দন জানাব। আমি বলতে চাই টালিগঞ্জের বিক্রমগড় কলোনীতে প্রায় ১০০ বিঘা জমি আছে। এখানে একটা Co-oparative Society অৱগ্যানাইজ করে, টালিগঞ্জ অঞ্চলের মুদলমানদের বাড়ীতে যারা আছে, ভারা দকলেই দেই জমিতে রিছাবিলিটেশান চাচ্ছে । ওরা বারবার দরখাস্তও করেছে। গভর্ণমেণ্ট এই Co oparative-Colony scheme accept করে অবিলম্বে কাজ আরম্ভ করন। তাহলে এ অঞ্চলের মুসলমান বাডীর সমস্তা সমাধান হবে।

[10-20—10-30 p.m.]

এই Assembly-তে কম্পেনদেসন্ সহত্ত্বে বহুবার একথা বলেছি যে, যদি ৫০ সালের অভিজ্ঞান্স জারী করে সমস্ত কলোনী রেগুলারাইস্ করে দিতেন তাহলে এই কমপেন্সেসন এর মধ্যে হতভাগ্য উদ্বিস্তারে হৈছিল।। কাজেই আজ আমি পশ্চিমবঙ্গ সরকারকে হৃসিয়ার

করে দিতে চাই যে, কম্পেনসেন-এর ব্যাপার এত সহজে মিটবেনা এবং এই অভায় কম্পেনসেন-এর বোঝা রিফিউজিরা কথনই তাদের ঘাড়ে নেবেনা। তবে এসব সত্ত্বেও যদি আপনারাতা করেন, তাহলে তারা লড়াই করবে; এবং সেই লড়াইয়ের সমস্ত দায়িত্ব দেশবাসী পশ্চিমবঙ্গ সরকারের ঘাড়ে চাপাবে।

ভারপর টালিগঞ্জের বাসের কথা বহুবার বলেছি এবং আজ আবার প্রক্লবার্কে অমুরোধ করব যে, যদি তিনি এই রিফিউজী অধ্যুবিত এলাকায় কিছু বেশা সংখ্যক সাটেল সার্ভিস, বাস এবং সঙ্গে সেথানকার রাস্তার সম্বন্ধে তাঁর Chief মিনিষ্টার ডাঃ বায়ের হুকুম এবং সম্মতি মিয়ে ব্যবস্থা করেন তাহলে সেথানকার লোকের থুব স্থবিধা হয়।

তারপর শুধু রেগুলারাইস্ করলেই যে স্বোয়াটাসা কলোনীর লোকের উপকার হবেনা সে কথাটা বোঝাবার জন্ম আমি একটা জায়গার ঘটনা আপনাকে জানাতে চাই এবং সেটা হোল দিল্লীর কাছে ফরিদাবাদ। সেথানে গিয়ে দেখলাম যে সেথানে মাত্র ২৫ হাজার লোক বাস করে এবং টে ২৫ হাজার লোকের জন্ম সেথানে ৩০।৩৫টি ছোট ছোট শিল্লের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এদিকে টালিগঞ্জের অবস্থা দেখুন যে, যেথানে ৩ লক্ষ লোক বাস করে যার ২॥ লক্ষ রিফিউজি। সেথানে তাদের জন্ম সরকারী প্রচেষ্টায় একটিও শিল্ল গড়ে উঠেনি। কাজেই বলছিলাম যে, শুধু কলোনীগুলো রেগুলারাইস্ করলেই হবেনা, সঙ্গে সঙ্গে এসবেরও ব্যবস্থা করতে পারলে তবেই তাদের উপকার করা হবে এবং সত্যিকারের স্বষ্টু পুর্ববাসন হবে।

তারপর বেলঘ্রিয়ার একটা ব্যাপার নিয়ে আমি একবার অ্যাডজোর্শমেন্ট মোদনও দিয়েছিলাম এবং সেটা হোল যে, দেখানে স্বাধীন পল্লী বলে যে একটা কলোনী আছে; দেই কলোনীতে ক্ষেকজন পুলিশ অফিদার মিলে 'বি. সি. রায়, কো-অপারেটিভ সোদাইটি' নামে একটা কো-অপারেটিভ সোদাইটি খুলে দেখানে দিমেন্টের খুটি গেঙে বদাচ্ছেন এবং জোর করে জমি অধিকার করে নিয়ে দেখানকার সর্বদমেত ৬৭টি পরিবারের প্রত্যেকটি লোককেই অ্যারেষ্ট করেছে। স্থার, ডাঃ রায়ের নামে একটা দোদাইটি করে তারা যে এইভাবে জমি নিয়ে নিল আমি এর তীব্র প্রতিবাদ করি, এবং এইসব পুলিশ অফিসারদের এ অভায় থেকে ক্ষান্ত হতে বলি।

তারণর দপ্তকারণ্য সম্বন্ধে যদিও আপনারা অনেক কথা বলছেন যে, সেটা একটা স্বর্গরাজ্য হবে এবং এমন কি ভয় দেখাছেন কেরালা ও পাঞ্জাব প্রভৃতি জায়গা থেকেও নাকি লোকেরা এদে সেখানে হাজির হবে। কিন্তু আমি জানি দপ্তকারণ্যের ব্যাপারে নানা রকম গওগোল চলছে এবং এ ব্যাপার নিয়ে আমি শ্রীস্কুমার সেনের সঙ্গেও দেখা করেছিলাম। তবে সেখানকার বাস্তব অবস্থা কি সে সম্বন্ধ আপনাকে জানাতে চাই যে, কিছুদিন আগে আনন্দ বাজার পত্রিকায় বলেছে যে একটি চুক্তি অনুযায়ী যেখানে ৫৮টি ট্রাক্টর আসার কথা সেখানে মাত্র ৩০টি এসেছে এবং তারও বেশার ভাগই অচল এবং এ ছাড়া আর একটি চুক্তি অনুযায়ী যেখানে ৭০টি ট্রাকটর আসার কথা, সেখানে ভার মধ্যে মাত্র ৫টি ট্রাকটার ডেলিভারী দেওয়া হয়েছে। অথচ এটা কিন্তু সকলেই জানেন যে সেখানে ট্রাক্টর ছাড়া চাষ করা সন্তব নয়। কাজেই আজ আমার বক্তব্য হছে যে, কুবল প্রোপাগাণ্ডা না করে, আপনারা উদ্বান্তদের প্রতিনিধিদের নিয়ে সেখানে যান এবং তারণর যাতে সেখানে খুসীর সঙ্গে যেতে ভাদের রাজী করাতে পারেন সেই রকম ভাবে চেটা কর্কন। আর এ সব না করে যদি শুরু ৮৭ হাজার লোকের ডোল বন্ধ করেন, ভাহলে যে কিছুই হবেনা সে কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Apurba Lal Majumdar: माननीय म्लीकांत्र महानंत्र, এই मश्चेत्र भश्यक्त আলোচনা করতে গেলে প্রথমেই বলতে হয় যে এই দপ্তর পরিচালনার ব্যাপারে সরকার যে ক্রিমিনাল নেগলিজেন্স দেখিয়েছেন তার তুলনা মেলেনা। কেননা গত ১৪ বছরে পশ্চিম বাংলার ৩: লক্ষ ইলান্তর জন্ম সরকার যে ১২৯ কোটি টাকা ব্যয় করেছেন সেই টাকার অধিকাংশই খরচ হয়েছে খ্যুৱাতি সাহায্য এবং টি. বি. রোগীদের সাহায্যের ব্যাপারে এবং সরকারী হিসেব ধরলে দাঁড়ায় যে ভাদের পুনর্বাদন ব্যতিরেকে থরচ হয়েছে ৭২ হাজার টাকার উপর। কাজেই দেখা যায় যে এই সরকারের অধিকাংশ প্রসাই এইসর দরিদ্র, সমস্তা জর্জরিত অনাদত মামুষের পুনর্বাসনের জন্ত ব্যয় না হয়ে অবায়িত অববস্থায় রয়েছে বা নষ্ট হয়েছে। যা হোক সরকারের কাছ থেকে যে হিসেব আমুমুমা পেয়েছি ভাতে বলব ৩২ লক্ষ লোকের জন্ম যদি ১২৯ কোটি টাকা থরচ হয়ে পাকে ভাহলে মাধাপিছ পড়ে ৩ • ৭ টাকা। তবে এই টাকা থেকে যদি আমরা থয়রাতি সাহায় এবং অফিস মেনটেনেন্সএর ব্যাপারে যে থরচ হয়েছে তা বাদ দেই তাহলে দেথব যে অতি সামান্ত টাকাই এঁদের পেছনে খরচ করা হয়েছে—অর্থাং সেই টাকার পরিমাণ দাঁড়াবে মাথাপিছু মাত্র ১৫০ টাকা। তাঁরা পুনর্বাসন থাতে ডাইরেক্টলি থরচ করেছেন মাত্র ৪৭ কোটি ৫৭ লক্ষ টাকা, তার মানে মাধাপিছ উদ্বাস্ত্র পুনর্বাসনের জন্ম খরচ করেছেন ১৫০ টাকা। এই ১৫০ টাকা মাথাপিছ খরচ করে সরকারের তর্ফ থেকে দম্ভভরে বলা হচ্ছে যে তাঁরা পুনর্বাসন দিয়েছেন। এটা আমি মনে করি কোন শুভবুদ্ধি সম্পন্ন, সাধারণ বৃদ্ধি সম্পন্ন সদস্য গ্রহণ করতে পারেননা। আজ আমরা দেখছি শিয়ালদহ টেশন থেকে আরম্ভ করে ২৪-পরগণা, নদীয়া, মূর্শিদাবাদ প্রভৃতি অঞ্চলে ছোট ছোট ক্রঁডেঘর করে কি অসহায় অবস্থায় কি দাকুন জালা এবং সমস্থা নিয়ে এই সমস্ত নিপীড়িত মামুষগুলি দিনের পর দিন জীবনীশক্তিকায় করে ক্ষয়িষ্ণর পথে এগিয়ে চলেছে। এীদেন আমাদের কাছে খুব বড়বড়কথা বললেন ১৪ বছর পরে তিনি নাকি নতন করে পরিকল্পনা নিয়ে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করবেন। কিন্তু আজকের দিনে তাদের অর্থ নৈতিক বুনিয়াদ যে কোণায় ধ্বসে গ্রেছে সে সম্পর্কে কোন কণা বলেননি। এই যে ৩২ লক্ষ উদ্বাস্ত্র যারা দিনের পর দিন জীবনীশক্তিকে ক্ষয় করে ফেলছে তাদের সম্বন্ধে আমি চু'একটা তথ্য দিতে চাই। ক্ষমিজীবী হিসাবে যে ৩২ লক্ষ উদাস্ত আছে তাদের মধ্যে শতকরা ২৮ ভাগ হচ্ছে রুষিজীবী সম্প্রদায়ভুক্ত, যারা চরম ত্র্ভাগ্যের মধ্যে না থেয়ে আছে তাদের শংখ্যা শতকরা ৪৫°৩৩ ভাগ, যারা অভাবগ্রস্ত জীবনে একটা করুণ কাহিনী রয়েছে তাদের সম্পর্কে এই দীর্ঘ ১৪ বছরে কি করেছেন সে সম্বন্ধে শ্রীসেনের কাছ থেকে কিছু শুনতে পাইনি। যারা domestic service করে যারা distressed conditionএ রয়েছে তাদের সংখ্যা শতকরা ৬৪ ভাগ, unskilled labour distress এবং চরম অভাবগ্রস্ত অবস্থায় রয়েছে ৪০ ভাগ. skilled labour ১৬ ভাগ, বাদের learned profession তাদের সংখ্যা হচ্ছে ২০ ভাগ, বারা private business করে তাদের সংখ্যা ১৫ ভাগ এবং যারা সামান্ত কিছু গভর্পলেণ্ট সার্ভিদ করে তাদের সংখ্যা ৪.৬৪ ভাগ। সামগ্রিক ভাবে পশ্চিমবাংলার অর্থ নৈতিক ক্ষেত্রে এই যে হুরবন্থ। তার চেহারা যদি আমরা বিঃশ্রম্বণ করি তাহলে দেখতে পাব গ্রামীন জীবনে শতকরা ৭১ ভাগ চরম চর্দশার মধ্যে রয়েছে। যারা শহরাঞ্চলে আনছে তাদের মধ্যে ৬১ ভাগ চবেলা অন্ন সংস্থানের স্থাবাগ পায়না। এই statistics সরকারী তথ্য থেকে দেখাচ্ছি। সরকার আজ যদি এই চরম মানবিক তুর্গতির কণা স্বীকার করে যেন তাহলে গত ১৪ বছর ধরে এই সরকারের কি কর্তব্য স্বাছে সে সম্পর্কে খ্রীদেন কোন জবাব দেননি কেন ? মাধাপিছু ইনকাম সম্বন্ধে কিছু বলবনা কারণ একট আগে একজন মাননীয় সদস্ত সে সম্পর্কে বলেছেন যে পশ্চিমবংলার মাথাপিছু ইনকাম ভারতের মাথাপিছ ইনকামের তুলনায় শতকরা ৫০ ভাগ নিচে রয়েছে এবং দেই সঙ্গে সঙ্গে ফ্যামিলি পিছু কত ইনকাম ইয় তা আমি আগেই দেখিয়েছি! পাঞ্জাব বা অভাভ বে সমন্ত অঞ্চলে টাউনদিপ গড়ে উঠেছে যেমন পাটুলিপুত্ৰ, ত্ৰিপুৰা এই সমস্ত জামগাৰ mimimum family income হচ্ছে ৯৬ থেকে ১০০

টাকার উপর আর পশ্চিমবংগে যে সমস্ত পরিবারের ৫০ টাকার কম আয় ভাদের সংখ্যা হচ্ছে শভকরা ৫৮ ২ ভাগ, যে সমস্ত পরিবারের আর ৫০ থেকে ১০০ টাকা তাদের সংখ্যা শতকরা ২৮ ৪ ভাগ, ১০০ টাকার উপরে যাদের আয় তাদের সংখ্যা শতকরা ১৩ ৪ ভাগ। এই যে চরম চর্দশাগ্রন্থ মামুখের করণ ছবি পশ্চিমবাংলার সমাজাদেহে ছাই ক্ষাভের মত রয়েছে আমারা আশা করেছিলাম কংগ্রেদের তরফ থেকে মন্ত্রীমহাশয় অন্ততঃ এই অনাদৃত হুর্দশাগ্রন্ত মামুষের দিকে একটু দুষ্ট্রপাড করবেন। আব্দে ১৪ বছর ধরে শুনে আব্দৃছি এদের সম্পর্কে নতুন করে পরিকল্পনা গ্রহন করবেন। **দিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে এদের সম্পর্কে সেই রক্ম চিন্তাধারা দিয়ে কেন ব্যয়বরাদ্দ** ধরেননি ? বাজেটে এবারে যে প্রভিদান করেছেন তা অন্তবারের তুলনার অনেক কম। মাননীয় শ্লীকার মহাশয় আপনার দৃষ্টি আকর্ষণ করে বলব যে পশ্চিমবংগে যে ৩২ লক্ষ উদ্বাস্ত আছে ভাদের মধ্যে বিভিন্ন গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে বেকারের সংখ্যা হচ্ছে ১ লক্ষ ৬০ হাজার। একটু আগে মাননীয় সদত্ত বলেছেন বিভিন্ন উদাস্ত অধ্যুষিত অঞ্চলে আমরা শিল্প কারথানা গড়ে তুলে এদের কাজের সংহান করে দিতে পারিনি। সর্কার স্কীম নিয়েছিলেন ১৭টা মাঝারি শিল্প করবেন, কৃঠির শিল্পের ৪৬টা স্কীম নিয়েছিলেন এবং Rehabilitation Industries Corporation করেছিলেন এবং তাতে প্রায় ২০ হাজার লোকের কর্ম সংস্থানের একটা ছবি আমাদের কাছে ত্লে ধরেছিলেন। Rehabilitation Industries Corporation এর তরফ থেকে ১৪টা স্কীম নেওয়া হয়েছিল, তার মাধ্যমে শতকরা ৩০ ভাগ লোকের কর্মনংস্থানের কথা ছিল কিন্তু ৩০ ভাগ লোকের কর্মসংস্থান হয়নি এবং মাঝারি শিল্প একেবারে কার্যকরী করতে পারেন নি এবং কৃঠির শিল্পের সমস্ত স্কীমগুলি বানচাল হয়ে গেছে। যদি শিল্পায়নের মধ্যদিয়ে 1ndustries Corporation তৈরী করে অনেক বেশা কর্ম সংস্থানের ব্যবস্থায় করতে না পারেন ভাহলে টাকা **ত্মপব্যয় করে এইভাবে কুন্ডীরাশ্রু বিদর্জন করে কোন লাভ নেই। তার চেয়ে দোজাস্থজি বলুন যে** উবাস্তদের সম্পর্কে আমাদের দায়িত্ব নেই, আমরা কিছু করতে পারবনা।

[10-30-10-40 a.m.]

গত বছরের অধিবেশনের সময় প্রীসেন বাজেট বক্তৃতা প্রসংগে বলেছিলেন যে উদাস্তদের মধ্যে যে টাকা দিয়েছেন ঋণ হিদাবে ব্যবসা করার জন্ম ভার মধ্যে শতকরা ৬০ ভাগ মূলধন নই হয়ে গেছে। এখনকার যদি হিদাব নেন ভাহলে দেখবেন ৬০ ভাগ কেন ৭৫ ভাগ ব্যবসাগী ঋণ নই হয়ে গেছে মূলধন তাঁরা খেয়ে ফেলেছেন। আমি জানতে চাই তিনি নিজে যখন এই স্বীকৃতি দিয়েছেন এখন তাঁদের জন্ম আরু কোন বিকল্প পরিকল্পনা আছে কিনা ? আমরা সেই ধরণের কোন পরিকল্পনা আজ পর্যন্ত পাইনি। এই পরিপ্রেক্তিত আমাদের বিচার করে দেখতে হবে যে দেণ্ট্রাল গভর্পমেণ্টের মন্ত্রী প্রীথানা গত ৭ই অক্টোবর ভারিথে সংবাদপত্রে বেরিয়েছে—ভিনি বলেছেন থে তাঁর ডিপার্টমেণ্ট তুলে দেবেন এবং ইতিমধ্যে আমরা জানি যে বিহার, উড়িয়া, মনিপুর, আসাম, মধ্যপ্রদেশ, যুক্তপ্রদেশে যে রিহ্যাবিলিটেসন ডিপার্টমেণ্ট ছিল তাঁরা সেই ডিপার্টমেণ্ট গুটিয়ে দিয়েছেন। এই পারপ্রেক্তি তাঁরা বলেছেন the process of dissolution has already started এবং স্পেপ্টেম্বর অক্টোবর মাসের মধ্যে তাঁরা ডিপার্টমেণ্ট তুলে দিতে চাছেনে। যথন আমরা দেখছি আংশিক পুনর্বাসনের ক্ষেত্রে শতকর ১০ ভাগ সম্পূর্ণভাবে ব্যর্থ ছয়েছে এবং যথন দেখছি ক্যাম্পোর বাইরে বিরাট সংখ্যক জনসাধারণ রয়েছেন থাদের কিছুই ব্যবস্থা ছয়নি তথন এই ডিপার্টমেণ্ট তুলে দেবার কথা তাঁরা কি করে চিন্তা করেন ? আমাদের ক্ষরণ

রাখা দ্বকার যে ৩২ লক্ষ উদাস্ত থারা পশ্চিমবংগে এসেছিলেন তাঁদের মধ্যে শন্তকরা ২৫ ভাগের বেশী উদাস্ত কোনদিন কোন ক)াম্পে যাননি ভারা সরকারের কাছ থেকে ছাউস বিল্ডিং লোন পাননি। তাদের সম্পর্কে কি কোন পরিকল্পনা সরকারের কাছে আছে ? শুধু ভাই নয়, একটু আগে শ্রীসেন তাঁর বক্তভার বলেছেন যে কম্পিটেন্ট অফেরিটিভে যেসব মামলা ছুয়েছে সে সব মামলার রায়কে কার্য্যকরী করবার চেষ্টা করবেন। আমি উদাহণ স্বরূপ একটা জেলার কথা বলতে পারি—হাওড়া জেলাভেই ১৭১টা মামলা হয়েছে কম্পিটেন্ট অথোরিটির কেস, ৫।৭ শো পরিবার থাকতে পারেন কিন্তু ভার বাইবে ৩ হাজার পরিবার আছেন থারা মুসলমানের বাড়ীতে বসবাস করেন। ১৪ বছর ধরে ভাদের কোন ব্যবস্থা হয়নি। আজ দেখছি সেই সমন্ত বাড়ী বিক্রী হয়ে গেছে এবং সেখানে গুণ্ডা লেলিয়ে সেই সেই লোকগুলিকে উৎখাত করা হছে। রিলিফ অফিসে গেলে ভারা বলেন আমাদের করবার কিছু নেই। কাজেই আমরা দেখছি এই সমন্ত ক্যাম্প বহির্ভূত যে মামুষ বিরাট সংখ্যায় রয়েছেন তাঁরা আজ পর্যান্ত সরকারের কোন দৃষ্টি আকর্যন করতে পারেননি। খারা জবর দথল করে নেই উদাস্তদের মধ্যে শন্তকরা ৭০ ৬৬ পার্সেন্ট কোলকাতা সহরে ভাড়াটে বাড়ীতে আছেন এবং হাওড়া সহরে ২২ ৭ পার্সেন্ট আছেন ভাদের সম্পর্কে কোন নীতি বা পরিকল্পনা সরকারের নেই।

এই যদি ক্যাম্পের অবস্থা হয়ে থাকে, তার পরিপ্রেক্ষিতে পশ্চিম বাংলার বিভিন্ন ক্যাম্পের ২০ হাজার উদাস্তর মধ্যে ১৫ হাজার কৃষিজীধী। এই ১৫ হাজার কৃষিজীবী উদাস্তকে সরকার বাংলার বাইরে দণ্ডকারণ্যে পাঠাবার চেষ্টা করছেন। বাংলার ভেতর আমরা ১ লক্ষ, সন্তরা লক্ষ্ বিঘা জমি পেলে, এই ১৫ হাজার ক্যাম্প উদাস্তর পুনর্বাসন সম্ভব হতে পারে আমি বলবো পশ্চিম বাংলায় সেই পরিমাণ জমির অভাব হয়নি। সত্যই যদি তাদের sincerity of purpose থাকে এবং criminal negligence না করেন, ভাহলে ওদের পুনর্বাসন এখানেই সম্ভব।

দণ্ডকারণ্য সম্বন্ধে আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। বাংলা থেকে যে ১২ হাজার উদাস্ত আগেই দণ্ডকারণ্যে তাঁরা নিয়ে গেছেন, তাঁদের পুনর্বাসন কতথানি হয়েছে
একথা মন্ত্রী মহাশয়কে আমি জিপ্তাসা করি। সেই দণ্ডকারণ্যের পুরানো ক্যাম্প যুগানী ও খানা ক্যাম্প, সেথানকার উদাস্তর এখনো ক্যাম্পেই রয়েছে। তাদের সেথানে কোন জলের ব্যবস্থা
হয় নাই। আমি শুধু এইটুকু বলতে চাই কেবল নোটাশ দিয়ে জোর করে মান্ত্রগুলোকে নিয়ে
গেলেই পুনর্বাসন দেওয়া চলেন। সরকারী ভরফ থেকে যে criminal negligence এদের
সম্বন্ধে করা হচ্ছে, আমি তার ভীব্র ভাবে প্রতিবাদ করিছি।

Shri Jatindra Chandra Chakravorty: মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্ত সমস্তা পশ্চিম বাংলার অত্যন্ত জটিতম সমস্তা। এই সমস্তার সমাধান বেভাবে ও যে দৃষ্টিভঙ্গী থেকে করা প্রয়োজন এবং উচিত, আমার মনে হয়, সেটা করা হচ্ছে না। এর সমাধানের চেষ্টা করা হচ্ছে এই সমস্তাকে সম্পূর্ণভাবে অস্বীকার করে। উটপাথী বেমন বালির মধ্যে মাথা গুজে পারিপার্থিক অবস্থাকে অস্বীকার করে, তাঁরা ঠিক তেমনি ভাবে দেখছেন। এই সমস্তাকে চোথ বুজে থেকে সমাধানের চেষ্টা করা হচ্ছে।

প্রথমে ধরুন যদি এই সমস্তা সমাধানের চেষ্টা করাটা আন্তঃরিক হতো, তাহলে দেই সমস্তার সমাধান বর্ডার সিল্ করে উদাস্ত আগসন বন্ধ করে এই সমস্তা সসাধানের চেষ্টা হ'ত না। যে প্রতিশ্রুতি দেশ বিভাগের আগে আমাদের নেভারা দিয়েছিলেন যে পূর্বক থেকে যারা আনবেন, তাদের থান্ত, আশ্রয়, বাসন্থান সমস্ত কিছুর বন্দোবস্ত করা হবে। সেই প্রতিশ্রুতিকে তাঁরা ভঙ্গ করে, বলতে গেলে বিশ্বাসবাতকতা করে, আজ পাকিস্তানের সংখ্যালঘুদের নিদারুণ ছবিপাকের মধ্যে ও চরম লাঞ্চনার মধ্যে লোহ-যবনিকার অন্তরালে রাখা হয়েছে। এখন যারা স্মাসছে তাদের কাছ থেকে শিথিয়ে নেওয়া হচ্ছে—কোন সময়েই তারা এথানকার সরকারের কাছ থেকে দাহায় চাইবে না। এখন সংবাদপত্ত মারফং যেটুকু সংবাদ আসছে যশোহর ও थूननाय त्य चर्छना आकरक घटेट्ह, आमारमय आनःका आह्न, आरबा उदान्त यमि थे लोश यविनवा তুলে দেওয়া হয়, তাহলে বহু সংখ্যায় সেখান থেকে চলে আসতে বাধ্য হতো উদাস্ত হিসেবে। সেটাকে চাপা দিয়ে মাজকে উধাস্ত সমস্তা সমাধানের চেষ্টা করা হচ্ছে। স্থামরা জানি এর পেছনে কংগ্রেদ আজ যার কৃক্ষিণত দেই বঙ্গেশ্বর অতুল্য ঘোষ মহাশয় হাওড়ায় কনফারেনস করে চাপ দিয়েছিলেন। তার ফলে এমনি করে উদ্বাস্ত আদা বন্ধ করা হচ্ছে। কারণ পূর্ববঙ্গ থেকে লোক এসে যদি পশ্চিম বাংলার লোক সংখ্যা বৃদ্ধি করে তাহলে হয়ত তাদের অস্থবিধা হতে পারে। যা' তোক যারা এখানে এদেছেন, যারা রয়েছেন, তাদের সকলকে পুনর্বাসনের বন্দোবন্ত করা হয় নাই এখনো ঠিকমত। কেবলমাত্র তাদের মধ্য থেকে ক্যাম্প রিফিউজী যারা, তাদের বন্দোবস্ত করা হচ্ছে। আব হাজার হাজার, লাথে লাথে অন্ত উদাস্তরা সব পড়ে আছে। আর ক্যাম্প বিষিউজী সম্পর্কে তাঁদের যে দায়িত্ব তাও তাঁরা কোন রকমে তাডাহুডা করে শেষ করবার চেষ্টা করছেন। আগে এই ক্যাম্পের সংখ্যা ছিল ৭৮, এখন সেই সংখ্যা কমিয়ে দেখান হচ্ছে ৬৯টি। আমরা জানি থানার কাছ থেকে তাঁর। স্বথ্যাতি পাবার জন্ম এটা করছেন।

[10-40-10-50 a.m.]

অর্থাৎ আমরা জানি যে থানার কাছ থেকে স্থথাতি পাবার জন্ম তাঁর নিদেশ ঠিকমত পালিত হচ্ছে এটা দেখাবার জন্ম এক ক্যাম্প থেকে নিয়ে আর এক campa dump করে সংখ্যা কমতে হচ্ছে কিন্তু উদ্বান্তদের সংখ্যা যেমন ছিল তেমনি আছে। আমরা দেখলাম তাড়াহুড়া করে কয়েকদিন আগে সলা মার্চ এম, পিদের Consultative Committee হল দিল্লীতে। সেখানে ১লা মার্চ্চ তারিখে থারা সাহেবের সভাপতিত্বে একটা সভা হয় কমিটির, সেখানে অস্তান্ত রাজ্যের যে সমস্ত M. P. ছিলেন তারা ছিলেন খুব critical কেননা আমাদের পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ঠীকমত কাজ করছেনা, camp তুলে দেবার বন্দোবস্ত করছেন - সে জন্ত সমালোচনা হয়েছিল। হয়ত সেই সমালোচনা ঠিক নয়। পশ্চিম্বঙ্গ সরকার এদের পুনর্বাসন দেবেন এবং নিশ্চয়ই সেভাবে কাজ করে চলেঙেন। ৪ হাজার family এর। Target করেছিলেন ভার মধ্যে ১২০০ শত familyর উপর ইতিমধ্যে notice জারী হয়েছে অন্তান্ত প্রদেশের পার্লামেণ্টের যে সমস্ত সদস্তরা এন্ডাবে পশ্চিমবঙ্গের সমালোচনা করেছেন এবং পশ্চিমবঙ্গের উপর চাপ স্বষ্টি করছেন সেই সমালোচনা সভ্য কিনা ভার জ্বাব মন্ত্রী মহাশ্য দেবেন। আমি যা দেথছি সেই সমালোচনার কোন ভিত্তিনাই। ভাছাড়া আজকে যে রকম আবহাওয়া সৃষ্টি করার প্রয়োজনীয়তা ছিল সে রকম আবহাওয়া সৃষ্টি সে পরিমানে হয়নি, উত্বাস্তদের দওকারণ্যে নিয়ে যাবার জন্ম যাদের উপর নোটিশ দেওয়া হয়েছে তাদের terrorise করার জন্ত আমরা জানি সেইসব জায়গায় পুলিশ বসানো হয়েছে। অথচ শিয়ালদহ stationএ যে সমস্ত হতভাগা উদান্তরা বছরের পর বছর কাটাচ্ছে আশা করেছিলাম, উপমগ্রী মহোদয়া জীমতী মায়া ব্যানার্জী যথন মহিলা এবং এই দপ্তরের ভারপ্রাপ্তা তথন তার সমবেদনা আছে এবং মমন্ববোধ বেশী আছে তাই সমন্ত উৰান্তদের জন্ত কিছু ব্যবস্থা করবেন, অথচ এই সমস্ত উহাস্তরা বার বার আমার কাছে এদেছে এবং এ এলেকার

কাছাকাছি যারা থাকে ভারা বলেছে আমরা দণ্ডকারণ্যে যাবার জন্ত প্রস্তুত আছি। অথচ ৰলা হচ্ছে Camp Refugee ছাড়া অন্ত কাউকে দণ্ডকারণ্যে পাঠান হবেনা। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে এ সম্বন্ধে আন্দোলন হয়েছিল এবং ফলে বহু উৎাস্ত ভাইবোন যাচ্ছে যারা সেথানে রাজী ছিলনা কিন্তু আজকে দেখতে পাচ্ছি যারা গিয়েছে ভারা সম্পূর্ণভাবে পুর্নবস্তি পেয়েছে আন্দামানের মান্নবের মত অবস্থা হয়নি। দণ্ডকারণো কেন্দ্রীয় সরকারের অধীনে Ministry of Rehabilitation এর अभीत य उषाञ्चामत शुर्मवामन शुरू जाए जाता वाकामी उषाञ्चाक সেখানে নিতে চায়না পাছে সেখানে বাঙ্গালীর সংখ্যাধিক্য ঘটে। আন্দোলনে যাবার আগে আমরা বহু কথা বলেছি। এটা সভ্য আমরা ভুল করেছিলাম কারণ আজকেয়ে সমস্ত উদ্বাস্ত সেখানে গিয়েছে তারা সেখানে সম্পূর্ণ স্থন্দরভাবে পুর্নবসতি পেয়েছে। আজকে সত্যই যদি মানবিকতাবোধ মমন্তবোধ নিয়ে উদাস্তদের সেথানে বসানো যায় তাহলে উদাস্করা সেথানে যাবার জন্ম ইচ্ছুক পাকবে। আমি এথানে একটা সতর্কবানী উচ্চারণ করতে চাই—আজকে দণ্ডকারণো ন্তনভাবে বন্দোবস্ত হচ্ছে, স্কুকুমার দেনের মত নিষ্ঠাবান অফিদার যথন রয়েছে এবং দেখানে গিয়ে চেষ্টা করছে সেই সময় আমাদের সমস্ত দলের পক্ষ থেকে চেষ্টা করা উচিত যাতে সেখানে প্রচুর সংখ্যায় উদান্তরা যেয়ে পুর্নবদতি লাভ করতে পারে তার জন্ম সহযোগিতার প্রয়োজন আছে, কেননা আমরা আন্দামানে যে ভুল করেছিলাম আমার মনে হয় সে ভুল এখানেও করবো কেননা থান্না সাহেব যিনি এ দপ্তরের ভারপ্রাপ্ত হয়ে বসে আছেন, বাঙ্গালী উদ্বাস্তদের প্রতি যার সহামুভতির অভাব আছে তিনি ধমকাচ্ছেন, ভয় দেখাচ্ছেন যে এ বছর যদি পর্য্যাপ্ত সংখ্যক উৰাস্ত না যায় তাহলে Dandakaranya will be thrown open to persons of applicants from other States.

Sir, পাঞ্জাব থেকে, কেরল থেকে এন্ড দিন্তা দিন্তা দরথান্ত এন্যেছে এবং সেই দরথান্তকারীরা এও পর্যান্ত বলেছে যে কেবলমাত্র colonisationর জন্ম আমরা টাক। দিতে প্রস্তুত তা নম, reclamationর জন্মও আজকে সরকার যে থরচ করছেন সেই থরচ পর্যান্ত আজকে ভারা দিতে চাছে। Sir, এইজন্ম আমি বলছি আজকে দণ্ডকারণো আমাদের বেশা সংখ্যক উদ্বান্ত্ব বাহের বাহর দরকার। কিন্তু নুসকিল হছে, আজকে উদ্বান্তবেদর মধ্যে সেই আবহাওয়া স্পষ্ট করবার জন্ম যে থাকো দরকার। কিন্তু নুসকিল হছে, আজকে উদ্বান্তবেদর মধ্যে সেই আবহাওয়া স্পষ্ট করবার জন্ম যে থাকোবারে, সেই directorateর officer যারা, ভাদের আজকে সেই কর্ত্তব্য রয়েছে কিন্তু এই directorate বিলেকেলে একিলেকে এক বেশা থাকার জন্ম তাদের কাছ থাকে কি করে মমতাবোধ আশা করতে পারেন, মানবিক চেতনা আশা করতে পারেন। এটা একটা Superannuated directorate পরিণত করেছেন। এথানকার যিনি Commissioner শ্রীশন্ত ব্যানার্জি, তার post একটা cadre post হওয়া সত্তেও তাকে extension দেওয়া হছেছে। এই Superannuated Officersরা যতদিন পর্যান্ত থাকবে ভতদিন পর্যান্ত এই আবহাওয়া স্পষ্টি করা সন্তব্ধ হরেন। এই দিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই রকম অবস্থার স্পষ্টিকরে যাতে বেশী করে উদ্বন্ধ দণ্ডকারণা নিয়ে নেওয়া যায় তারজন্ম যেন তিনি চেন্তা করেন।

Shri Jagannath Majumder: মাননীয় স্পীকার মংগাদয়, মাননীয় মন্ত্রী প্রফুল্লবাবু যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন আমি সেই বাজেটের সমর্গনে কয়েকটি কথা বলতে চাই। এবং মামার বন্ধু যতীন চক্রবর্ত্তী যে কথা বলেছেন সে কথা সম্পূর্ণ সমর্থন করি যে দণ্ডকারণা এখন একটা পূন্বসিনের প্রধান জায়গা এবং আমরা যদি দলমত নির্বিশেষে, সকলেই সেই জিনিষ সমর্থন না করি এবং আমাদের বাস্তহার। ভাইবোনদের সেই জায়গায় যাবার জন্ম আমরা অনুবোধ না করি তাইলে যেমন করে আমরা আন্দামান হারিয়েছি ঠিক সেই রকম করে হয়ত আমরা দণ্ডকারণা

হারাবে। আমি কিছদিন আগে আন্দামান গিয়েছিলাম এবং সেথানে যে সব বাস্তহারা আছে আছে তাদের প্রত্যেককে একর করে জমি দেওয়া হয়েছে। এবং আমি তাদের জিজ্ঞাদা করে **জেনেছি যে, প্রভাকেই দেখানে স্থ**ী এবং তারা চায় তাদের আত্মীয় স্বন্ধনকে দেখানে নিয়ে ষেতে। গতবারে আমাদের বন্ধু, এখানকার সমস্ত M. L. A.রা মিলে দণ্ডকারণ্যে গিয়েছিলাম। এবং ভারা দেখেছিলেন যে কতকগুলি ব্যবস্থা প্রথম দিকে যদি করে দেওয়া যায় তাহলে দণ্ডকারণো refugee বসাবার পক্ষে স্থাবিধা হবে। এখন আমরা শুনতে পাচ্ছি যে বর্তমানে সরকার এ ব্যাপারে অবহিত হয়ে সে কাজ করেছেন। বিশেষ করে যিনি সেখানকার প্রধান কর্মকর্তা তিনি নিজে वाक्रांनी अवर वाक्रांनी refugee (मत्र यार्फ concentration camp এ दिनी मिन धरत श्रांकरफ না হয়, যাতে তারা গ্রামে চলে যায় সেজন্ম তাড়াডাড়ি ব্যবস্থা করছেন। কিন্তু গ্লখের বিষয় গভ December মাদের ভিতর ২ হাজার refugee দেখানে পাঠানোর কথা ছিল কিন্তু তার পরিবর্তে থব অল্প সংখ্যক refugee সেখানে গিয়েছে। একটা জিনিষ আমি বিভিন্ন campএ ঘুরে দেখেছি ৰে camp বাস্তহারারা দেখানে যাবার জন্ম প্রস্তৃত। যতীনবাব বোধহয় জানেন যে camp refugee দের মধ্যে কতকগুলি বাধা আছে। আমি গুনেছিলাম যে campএ গুধুমাত্র যার। agricultural family তাদের পেকেই আগে নিয়ে যাওয়া হবে এবং যারা other than agricultural family তাদের নিয়ে যাওয়া হবে না। আমার মতে এই discrimination উঠিয়ে দেওয়া উচিত। Agricultural এবং non-agricultural family কে সর্ব ক্ষেত্রে পুনর্বাসনের জন্ম সমান স্মযোগ দেওয়া উচিত। এবং সেখানে যে জমি দেবার ব্যাপারে দেখতে পাচিত্র একজনকে ৪ বিঘা, আর একজনকে ২১ বিঘা জমি দেওয়া হচ্ছে।

[10-50—11 a.m.]

Small traders family হিসাবে যাদের নাম লেখা আছে, তারা সহরে পুনর্বাসন এবং বেশী টাকা পাবে বলে artificially নাম লেখা আছে এবং দণ্ডকারণা গেলে ১১ বিঘার পরিবর্তে ৪ বিঘা জমি দেওয়া হয় এভাবে discrimination করা হয়। স্নতরাং এই discrimination উঠিয়ে দেওয়া দরকার। এখন যে ৮৭ হাজার refugee campএ রয়েছে তাদের সকলেরই যাওয়া উচিৎ এবং তাদের সকলের যাওয়ার ক্ষেত্র তৈরী করতে গেলে এই discrimination তুলে দেওয়া উচিৎ। এবং agricultural family সকলকেই সেখানে নিয়ে যাওয়া উচিৎ। ক্যাম্পের বাইরে যে সমন্ত refugee আছেন যাদের ঠিক পুনর্বাসন হয়নি, আংশিক পুনর্বাসন হয়েছে, তাদেরও নেওয়া উচিৎ।

এরপর আমি নদীয়া জেলা বিশেষ করে বলতে চাই। সেথানে নির্বিচারে certificate জারি করা হছে, যারা পুনর্বাসন পেয়েছে বা পায়নি, চাকরী বাকরী বা আয় যাদের কিছু নাই, সকলের উপর certificate জারি করা হছে। এবং কর্মচারীরা তাদের থেয়াল থুসীমত অনেককে ছেড়েছেন, জাবার অনেকের উপর অযথা জুলুম করেন। আমার আর একটা কথা হছে, house building loan গ্রানুম ৫০০১, সহরে ১২৫০১ যা দেওয়া হয়, তার basic portion মকুব করা হোক। Certificate জারির ব্যাপারে আরেকটা কথা হছে, হদের হার বেড়ে যাছে, ভাদের আও% হৃদ দিতে হয়, কিন্তু যেদিন থেকে certificate জারি করা হছে সেদিন থেকে হদের হার 6½% চক্রবৃদ্ধি হারে বেড়ে যাছে। এই Assembly থেকে কেন্দ্রীয় সরকারের কাছে resolution পাঠান হোক যাতে করে house building loan এর basic portion মর্ব

করা হয়। তারপর, ক্যাম্পের screening সম্বন্ধে একটা অন্তত ব্যবস্থা চলছে— এরকম অনেক screening इरम्राइ (यथान छेशयुक case वान निरम्न जान तकेम हिमाव मिथान इरम्राइ। जामि নিজে এ সম্বন্ধে অমুসন্ধান করেছি এবং এরকম ঘটনার কথা District Magte. এর গোচরে ্রুন ছি। এর অবসান হওয়া দরকার এবং যোগ্য caseএর পুনরায় screening এর ব্যবস্থা করা দরকার। ভারপরের কথা হচ্ছে, ঝণের দরখাও বহু হয়েছিল, এর একটা বাছাই হয়েছে, কিন্ত এই screening ও ঠিক হয়নি। অনেকের দরখান্ত কোণায় গিয়েছে তার হদিশ পাওয়া যায় না। এর একটা ভালভাবে বাছাই হওয়া দরকার। এখন নতুন দরখাস্ত গৃহীত হয় না, পরানো দরখাস্তের উপরই ঋণ দেওয়া হবে, স্বভরাং যেগুলি ছাঁটাই হয়ে গিয়েছে সেগুলি reconsider कवात वावला कता नतकात । ननीया (कलाय वायनानामा स्वीरम এथरना refugee campa refugeeরা যাছে। কিন্ত নদীয়াজেলার ক্যাম্পে আর জায়গা নাই। প্রায় ৮ লক্ষ refugee family नहीश (ज्लाश चाइहा नहीश (ज्लात वायनानामा स्वीरम, कि महरत, कि शारम, আর বাতে refugee family, বিশেষ করে agricultural family না নেওয়া হয় তার জন্ত বিশেষ করে বলছি। বাস্তহারা অধ্বিত এলাকায় শিল্পায়নের কথা প্রফুলবার বলেছেন আমরা গুনে আনন্দিত হলাম যে, সহর এলেকায় ছোটথাট ও মাঝারি শিল্প করবেন এবং ১৬টি শিল্প এটেট করবেন। এ প্রসঙ্গে আমি বলব আমাদের জেলায় অস্ততঃ রাণাঘাট দাবভিভিদনে ছটো শিল্প এটেট করা হোক। নদীয়ার তাছেরপুর অঞ্চলে একটা স্থতাকল স্থাপনের প্রস্তাব গৃহীত হয়েছিল, কিন্তু যে পার্টির সংগে বন্দোবন্ত হয়েছিল সেই পার্টি হতাকল করেনি। সেখানে রাস্তা, ডেন ইভাাদির জন্ত-যার দরকার নাই-হাজার হাজার টাকা থরচ হচ্ছে, কিন্ত refugee দের জাবিকার জন্ম যদি সহর এলেকায় আগে শিল্লায়নের ব্যবস্থা করা হক্ত তাহলে আমার মনে হয় তার। থেয়ে পরে বাঁচত। আমাদের পশ্চিম বাংলায় আমরা দেখছি তৃতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় হটো সূতাকলের ব্যবস্থা আছে, State sponsored; একটা তাহেরপুরে, আরেকটা ফুলিয়ায়। তাহেরপুরে শিল্পায়নের যথেষ্ট সম্ভাবনা আছে, দেখানে অবিলম্বে একটা State sponsored হতাকল প্রতিষ্ঠার ব্যবস্থা করা হোক, তাতে নদীয়া জেশার তাঁতীদের বহু উপকার হবে। সয়েশপুরে B. C. Nan একটা spinning mill করবে বলে সরকার থেকে বহু টাকা loan নিয়েছিল instalment এ। কিন্তু B. C. Nan Spinning mill refugee দেৱ ভিতৰ হতাশাৰ সৃষ্টি করেছে। এই ব্যাপারে একটা অমুসন্ধান করা দরকার, তাঁরা কত টাকা নিয়েছেন, কথন তাঁর। চালু করছেন, কথন তারা mill complete করছেন এ নিয়ে অবিশম্বে একটা enquiry করা হোক, কারণ এতে আমাদের স্থনাম নষ্ট হয়।

[11—11-20 a.m.]

আমাদের নদীয়া জেলায় গরেশপুর, কাঠাগাছর আসেপাশে ভীষণ বেকার আছে। কল্যাণীতে একটা স্ভোকল গভর্গমেণ্টের তরফ থেকে তৈরী হছে এবং অন্তান্ত মিলও হছে। কিন্তু ছুংখের বিষয় যে রিফুজী বা স্থানীয় ছেলে মেয়েদের নেবার কোন ব্যবস্থা নেই। রিফুজী ছেলের। যারা দেখানে কাজ করতে প্রস্তুত তারা বলছেন আমরা unpaid apprentice থাকতে প্রস্তুত্ত ও। মাল তারা বিনাবেতনে কাজ শিপতে প্রস্তুত্ত আছে। এলম্বন্ধে আশাকরি সরকার একটা ব্যবস্থা কর্বনে। ধুর্লিয়ায় কিছু জমি সরকার গ্রহণ করেছেন—মানে রিফুজি ভিপানেট। আগে এই জমি মিলিটারীর দথলে ছিল এখন রিফুজি ভিপানিমেন্ট নিয়েছে। এই সমস্ত জমির বেশার ভাগ মালিক মুললমান হিন্তুও কিছু আছে। কিন্তু এই সমস্ত জমির কোন ক্ষতিপুরণ এখনও তারা

পারনি। বছদিন থেকে পড়ে আছে। চাষীর জমি এইভাবে আটক রাখা হয়েছে; অথচ কোন ক্ষতিপূরণ তাদের দেওরা হছে না। এইটার একটা ব্যবহা করা দরকার। তারপর আর একটা কথা ছছে বে চাপরা, ফুলকালি, মধুপুর, শিকরা ইত্যাদি সব প্রামে মুসলমান প্রত্যাগতেরা ২০ বছর ধরে প্রতীক্ষা করছে। তারা ই. পি. আ্যাক্টে দরখান্ত করেছে এনকোয়ারী হয়েছে, কিন্তু এই সমন্ত কেসের আজে পর্যান্ত কিছুই হয়নি। ১৯৬১ ৩রা জামুয়ারী আনন্দবাজার পত্রিকায় একটা বিবৃতি প্রকাশিত হয় বে যে সমন্ত রিফুজিয়া মুসলমানদের বাড়ী দখল করে আছে তাদের সেথান থেকে অন্ত জায়গায় নিয়ে গিয়ে মুসলমানদের ভিটে ছেড়ে দেওয়া হবে। আজ পর্যান্ত কিছু হয়নি বলে বলচি বে এবিয়য়ে একটা ব্যবহা তাড়াতাড়ি করবেন।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[11-20—11-30 a.m.]

Shri Panchugopal Bhaduri: মাননীয় স্পীকার মহাশয়, গত বছবের শেষের দিকে কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন বিভাগ থেকে যথন উল্লাবৃষ্টির মত রিপোর্ট প্রদর্শন করতে স্কুরু করলেন তথন থেকেই একটা বিপদের সংকেত পাওয়া যাচ্ছিল। অবশ্য এটা তাঁদের অবলুপ্তির পূর্বাভাস এট বিপদের সংকেত হিসেবেই এটাকে আমরা নিয়েছিলাম কিন্তু শেষে গত ২৪।২৫শে ফেব্রুয়ারী ভারা তাঁদের ক্লতিত্বের বিজ্ঞাপন দিয়ে একটি রিপোর্ট দিয়েছেব এবং সেই ক্লতিত্বপূর্ণ বিজ্ঞাপনেরই খানিকটা পুনরাবৃত্তি করেছেন এই রাজ্যের পুনর্বাদন মন্ত্রী আজকের তাঁর বক্তৃতার মাধ্যমে। তবে এই কুভিত্বের বিজ্ঞাপন ছাড়া আগামী দিনে যে সমস্ত কাজ করা হবে এবং বাস্তহারাদের জীবনে যে সমস্ত স্বব্যবস্থা আনা হবে সে সম্পর্কেও নাকি সদিচ্ছা এবং শুভ সহুল তাঁরা প্রকাশ করেছেন। কিন্তু এই দদ্চিছা এবং শুভ দঙ্কল্ল যদি বরাবর বিশ্বাস করতে পারতাম বা বিশ্বাস যোগ্য হোত ভাহলে নিশ্চয়ই খুদী হতাম। যা হোক্, মাননীয় স্পীকার মহাশয়, এবারে আমি আপনার মাধ্যমে এই রাজ্যের পুনর্বাসন মন্ত্রীকে জানাতে চাই যে, তাঁর কপালে একটা কলফ্কালিমা লেগে রয়েছে এবং দেটা হোল শ্রীরামপুরের একটা জবরদথল কলোনীর আজ পর্যান্ত রেগুলারাইজেসন হোলনা এবং অব্পণ্ণত্র দেওয়া হোলনা এবং যে কাহিনী শোনা ঘাছে তা হোল বাঙ্গুর ঐ জমির জন্ম ন্যায় দাম ৪৯ হাজায় টাকার জায়গায় ৩ শক্ষ টাকা বেশী দাবী করেছে এবং এঁরা সেই দাবীর প্রতি সহাত্মভূমিশীল হং হৈছে বলে ঐ জমি কেনা হচ্ছেনা এবং ঐ ক্যাম্প-কেও রেগুলারাইস করা যাছে না। কিন্তু আমি এখানে প্রশ্ন করতে চাই বে, ভোটের জন্মই হোক বা সদিচ্ছার জন্মই হোক অথবা গুভ সঙ্কলের জন্মই হোক বা দেশের মারুষের প্রতি যে আহুগত্য থাকা উচিত তারজন্মই হোক শ্রীরামপুরের এই কলোনীর রেগুলারাইজেসন কেন পিছিয়ে থাকবে ? স্থুতরাং ষ্ণাশীঘ্র সম্ভব ঐ বালুরকে সংগত মূল্য দিয়ে ঐ কলোনী রেগুলারাইজেসন করার ব্যবস্থা করে যে সদিচ্ছার বিজ্ঞাপন দিয়েছেন তা' প্রমাণ করুন। তারপর তথু অপণপত্র দিলেই যথেষ্ঠ হয়না। কেননা অপণপত্র দিয়ে রেগুলারাইস করার পর আবার ঐ সব জমি পুনর্দথলের প্রশ্ন ওঠে— অর্থাৎ ঐ সব জমির পুরাণ মালিকরা মাঝে মাঝে এদে ঐ জমি দথলের কথা পুনরায় চিন্তা করেন। যেমন, মছেশ উদান্ত শিবিরে একটা জ্বরদ্থল কলোনীর রেগুলারাইজেসন করা হয়েছে কিন্তু তা সত্তেও সেই জমির ভূতপূর্ব মালিক মাঝে মাঝে সেথানে এসে হুমকি দেন এবং বার ফলে এটা বাস্তহারাদের হস্তচ্যুত ছয়ে বেতে পারে। শুধু তাই নয়, ছোট ছোট জমি অন্যাকোয়ার করে কোভরং-এ আর একটা करनानी कवा हरप्रहिल किन्न हाहरकार्ष (शरक मिह धार्क्टे जिनन् नाक करव प्रभाव करल मिह

জমিতে বে সমন্ত বাজহারাদের পুনর্বসতি হয়েছিল তাতে এটা এখন তাদের হাতহাড়া হয়ে যাবে এরকম একটা বিপদ দেখা দিয়েছে এবং সেইজগু বাজহারারা পুনবাসন দপ্তরের কাছে আবেদন জানিরে বৈশছে যে আমাদের ঐ বকম একটা অনিশ্চয়ভার মধ্যে না রেখে যে কোন গ্রায় মূল্যে ঐ জমি কিনে নিয়ে সেখানে আমাদের থাকতে দিন।

আমি এখানে একটা কথা বলতে চাই যে শুধু অর্পণপত্র দিলে হবে না, জমিতে স্থায়ী অধিকার না দিলে বাস্তহারাদের জীবনে কোন নিশ্চয়তা আসে না। অর্পণপত্র দেবার পর জমিতে স্থায়ী স্বন্ধ এটা ভয়ানক দাবী। এটা দিলে পর থানিকটা নিশ্চয়তার মধ্যে মামুষ বসবাস করতে পারে। আমি আর একটা জিনিস আপনার কাছে নিবেদন করছি সেটা হচ্ছে জবরদ্থল কলোনীগুলিতে লোক টাসাঠাসি গাদাগাদি করে বাস করছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ৩৬টি মাত্র জবরদথল কলোনীর জন্ম ডেভেলপমেণ্ট গ্রাণ্ট মঞ্জুর করা হয়েছে। এবং বাকি ক্যাম্পের জন্ম যেখানে ডেভেলপমেণ্ট গ্রাণ্ট মঞ্জির প্রয়োজন আছে সেই জায়গা ডেভেলপ না করলে ঘরবাড়ী. পায়থানা, রাস্তা, জল, আলো ইত্যাদির ব্যবস্থা না করলে মামুষের মর্যাদা নিয়ে বাস্তহারাদের পক্ষে বেঁচে থাকা হয়না। কাজেই দেই ব্যবস্থা করতে হবে। মিঃ স্পীকার, স্থার, আপুনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলভে চাই যে জবরদখল কলোনীর ডেভেলপের জন্ম যে সমস্ত ব্যবস্থা দরকার তার কিছু কিছু প্রতিশ্রুতি আপনারা দিয়েছেন। আমরা কাগজে দেখেছি কিছু কিছু ক্যাম্পের জন্ম টেণ্ডার কল করেছেন। কিন্তু যথায়থ ডেভেলপমেণ্টের ব্যবস্থা করার জন্ম অগ্রাণী না হলে কবে হবে ? আর একটা কণা এই প্রসঙ্গে এসে পড়ছে যে কণা আমার পূর্ববর্তী কোন কোন বক্তা বলেছেন যে এই জবরদথল কলোনী এযং আপনাদের ক্যাম্পে যারা আছে তারা ছাড়াও ১০ লক্ষ বাস্তহার। ক্যাম্প কলোনীর বহিভুতি হয়ে পণে পথে গুরে বেড়াছে। আপনারা ভাদের কোন ব্যবস্থা করেননি। আমার এলাকায় এদের সংখ্যা প্রায় ৮।১০ হাজার হবে। ১৯৫৪ সাল থেকে বায়না নামার জন্ম ঘুরে ফুরে কোন পথ না পেয়ে ১৯৫৯ সালে তারা ক্যাম্প জবরদ্ধল করে. তথন তাদের গ্রেপ্তার করা হয় এবং ফিরিয়ে এনে সেথানকার স্থানীয় এস. ডি. ও. তাদের প্রতিশ্রুতি দেন যে আপনাদের কিছু ব্যবস্থা করা হবে। এখন শোনা যাচ্ছে এই যে ক্যাম্প কলোনী বহিভুতি উদাস্ত যারা গভর্ণমেণ্টকে আগে বিভূদিত করেনি, কোন সাহায্য নেয়নি তারা আর কিছু পাবেনা, তাদের সম্পর্কে গভর্ণমেণ্টের কোন দায়িত্ব নেই। আমি আপনার কাছে বলতে চাই এই ক্যাম্প কলোনীর বহিভতি বাস্তহারারা টি বি তে ভুগছে। শ্রীরামপুরে আমি শুনেছি যক্ষা ওথানে intensive incidence, যক্ষা এই জারগাতে বাস্তহারাদের মধ্যে সব চেয়ে বেশী প্রায় প্রত্যেক বাডীতে যক্ষা রোগী আছে। একটা ঘরে ৭৮৮১০ জন বাস করে, ঠাসাঠাসি করে থাকে, ভাতে একজনের যক্ষা অন্তজনকে সংক্রামিত করে। স্থামি আপনাকে বলব যে আপনারা ৮৭ হাজার ক্যাম্প পরিবারকে দণ্ডকারণ্যে পাঠাচ্ছেন কিন্তু বাইরে যে বিরাট সংখ্যক বাস্তহার। রয়েছে তাদের সম্পর্কে কোন কর্তব্যের কথা আপনারা ভাবছেন না, এদের দায়িত্ব আপনারা এড়িয়ে যাচ্ছেন এরা শুধু নিজেরা যক্ষা বোগগ্রস্ত হয়না এই মক্ষা স্কুলের এবং কারখানার সমস্ত লোককে সংক্রামিত করে। তাছাডা আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে ১৯৫৯-৬০ সালে যে বল্লা হল সেই বল্লার ফলে ভালের ঘরবাডী ভেল্পে গেছে এবং অতি কটে তাদের বর্ষাকাল কেটেছে। জবরদ্থল কলোনীর লোকের সম্বন্ধে সম্প্রতি জানা গেছে তারা যেন ধোপার গাধা—"ন ঘরকা ন ঘাটকা"। তাঁরা রেফিউজী ডিপার্টমেপ্টের সাহায্য পাবেননা, রিলিফ ডিপার্টমেপ্টের সাহায্য পাবেননা -জাদের ভালা ঘরে কোন রকম করে থাকতে হবে এবং সেজগু তাঁদের যে বিলিফ দেয়া দরকার সেটা যেন ডিপার্টমেণ্ট দেবেন না? এই রকম অভায় নিষ্ঠুর ব্যবস্থার প্রতিকার হওয়া উচিৎ এই আমার আবেদন।

[11-30-11-40 a.m.]

Shri Subodh Banerjee: স্পীকার মহাশয়, এই উদাস্ত পুনর্বাসন থাতে আলোচনা করতে গিয়ে মোটামূটি ভাবে কয়েকটা জিনিবের দিকে দৃষ্টি দেওয়া দরকার বলে আমি মনে করি। ব্যক্তিগত ভাবে কোথায় কি অম্ববিধা হচ্ছে তার চেয়েও মূলতঃ ন তিগত কতকগুলি জিনিষ ঠিক ছওয়া দুরকার যেথান থেকে আমরা এই উদাস্তদের পুনর্বাদন দিনে পারি ৷ কোন রকম করে কিছু লোককে একটা জায়গায় ফেলে দেয়েই যদি পুনর্বাসন হয় তো সেই পুনর্বাসনের স্থামি বিরোধী। আমরা অর্থ নৈতিক পুনর্বাদন চাই, আমরা এ দমন্ত লোকদের যে জায়গায় দেবো ভারা দেথান থেকে জীবিকার্জন করতে পারবে। সেখানে স্বাবশ্ধী হয়ে দাঁড়াতে পারবে এই দৃষ্টিভংগী থাকার দরকার আছে কিন্তু হু:থের বিষয় গোড়া থেকে আজ পর্য্যন্ত আমাদের দেই দৃষ্টিভংগী না থাকার জন্ত পুনর্বাদনের চেয়ে রিণিফ থাতে বেশী থবচ হয়ে গেল-১২৯ কোটা টাকা থবচ করলেন মোট, ভার মধ্যে মাত্র ৪৭ কোটা টাকা পুনর্বাদন থাতে ব্যয় হল, বাকী টাকা রিশিফ এবং য্যাডমিনিষ্ট্রেশন থাতে বায় হয়ে গেল যার পরিমাণ ৮২ কোটা টাকা। এরপর আবার আপনি বলছেন ডোল থাওয়া তাদের অভ্যাস হয়ে গেল। ডোল থাওয়ার অভ্যাস তো আপনারাই করে দিয়েছেন এর জন্ত দায়ী আপনাদের নীতি। আবার যে ৪৭ কোটা টাকা আপনারা পুনর্বাসন থাতে বায় করলেন দেটাও অর্থনৈতিক পুনর্বাসনের দৃষ্টিতে ব্যয় করলেন না কোন রক্ম ভাবে তাদের নিয়ে নিয়ে বদিয়ে দাও এই নীতি আপনারা গ্রহণ করেছিলেন এবং এই নীতি পরিবর্ত্তনের কোন শিক্ষা আজও পর্যাস্ত দেখছিল।। এটা ভয়ংকর পরিতাপের বিষয় হয়ে দাড়িয়েছে এবং এই অর্থ নৈতিক পুনর্বাদনের দিগে দৃষ্টি দিয়ে আমি কয়েকটা সাজেলদন প্লেস করবো, মন্ত্রীমহাশয়কে চিন্তা করতে বলবো শেগুলি করতে পারেন কিনা কেন্দ্রীয় সরকারকে দিয়ে। প্রথমে ধরুন ক্যাম্প রিফিউজির কথা— ৮৭ হাজার ক্যাম্প রিফিউজী আছে পুনর্বাসন মন্ত্রী একথা বলেন-পরিবার সংখ্যা মোটাষ্টি গিয়ে দাঁডায় ২০ হাজার, ৪ই জন করে লোক। এই ২০ হাজার পরিবাবের জন্ম দণ্ডকারণাের কথা চিন্তা করছেন, অন্ত কারো জন্ত আপাততঃ সরকার চিন্তা করছেনা এবং এই দগুকারণ্য ডেভদপ্মেটের জন্ত আবাপনারা ১০০ কোটা টাকা থরচ করতে যাচ্ছেন। তাহলে দাড়ালোকি ? না. এই ২০ হাজার পরিবারের জন্ম আপনারা ১০০ কোটা টাকা থরচ করতে বাচ্ছেন দেখানে আন্দারটেন্টে রয়েছে যে আন্দারটেন্টির পরিচয় দেন্টাল মিনিস্টি অব বিহ্যাবিলেটেশনের চিঠির মধ্যে পাওয়া যাচ্ছে, অন্তান্ত জিনিষ থেকে পাওয়া যাচ্ছে। হাসিল করা জারগায় আবার নৃতন করে গাছ গজিয়ে উঠছে, বন হয়ে যাছে, চাষ করতে পারছেনা অসুবিধা হছে। তাইলে ১০০ কোটী টাকার কিছু আবার অপব্যয় হবে সে বিষয়ে কিছুই বলা যায় না। কিন্তু আমি মনে করি ঐ বে ২০ হাজার পরিবার-পরিবার পিছু যদি আমরা একজনকে ইকনমিক)ালী রিহ্নাবিলিটেট করে দিতে পারি ভাছলে ২০ হাজার পরিবার অনেকথানি ইকনমিক রিহাবিলিটেশন হয়ে থেতে পারে। সেই বিশ হাজার পরিবারের একজন করে ২০ হাজার লোককে আমরা কি কাজ দিতে পারিনা – ইকনমিক রিছাবিলিটেদনের জন্ম ৭ আমি মনে করি এই ১০০ কোটী টাকা দণ্ডকারণ্যে অনিশ্চয়তার মধ্যে নিক্ষেপ না করে এই টাকার যদি পশ্চিমবংগে ইণ্ডান্ত্রী গড়ে তোলা যায় তাহলে ২০ হাজার লোককে দেখানে চাকরী দেয়া যেতে পারে। আমি জানি আমার এই কথায় বিভিন্ন ব্যাখ্যা হতে পারে। সেজভ গোড়ার বলে রাথি যে আমি ক্রবিতে পূর্ণনিয়োগের কথা বলছিনা—এটা ভন্ধকর কষ্টকর, কঠিন, এতে অস্ট্রবিধা আছে আমি জানি কারণ আমাদের এথানে বহু চাবীর জমির হাঙ্গারকে আমরা মেটাতে পারিনা, তার চেষ্টাও হচ্ছেনা কিন্ত আমরা এখানে ইণ্ডান্ত্রী করে ২০ ছাক্সার লোককে যদি চাকরী দিতে পারি তাহলে অন্ততঃ ২০ হাজার ক্যাম্প ফ্যামিলীর ইকনমিক রিফ্লাবিলিটেমন হয়ে যায়, দেখানে সাটেরনটি আছে কিন্তু কোন চেষ্টা এদিক থেকে হয় নি।

আৰু একটা প্ৰশ্ন উঠাৰ Agricultral family ও Non-Agricultural family. আৰি জানিনা এই Agricultural family সম্বন্ধে সরকারের সঠিক কি দৃষ্টি ভঙ্গী। এই Agricultural familyকে যে Agricultureএ দিতে হবে এ কি থেকে লেখা আছে ? জগতের Industrial Country ৰ দিকে ভাকিয়ে দেখুন— ঐ Industrial labour কোণা থেকে এদেছে ? ভা এদেছে ঐ Agricultural family থেকে। হৃতবাং আমাদের দেশেও ভাই হচ্ছে। জাগে ভো Industry ছিল না। আগে ছিল কৃষি। সেই কৃষির যারা surplus hand,, ভারাই এই Industrial labour क feed করেছে। আমরা Agricultural family দিয়েই Industry কে feed করাই। তাহলে কি অস্থবিধা আছে ? যদি প্রয়োজন হয় এদের ট্রেনিং দেবার, তাহলে সেই ট্রেনিং ভাদের দিতে হবে। এরদারা যে আমাদের West Bengalএর অর্থনীতি পাকাপোক্ত হবে তথু নয়, এর ছারা এই ২০ হাজার ফ্যামিলীকে অনিশ্চতার মন্যে ফেলে না দিয়ে তাদের ৮৭ হাজার লোকের ভরণপোষণের ব্যবহা হবে, লোকগুলিও ভালভাবে বাঁচতে পারবে। আমি একথা আজ নৃতন করে বলছি না, এর আগেও আমি economic rehabilitation এর জন্ম suggestion দিয়েছি। আমি শুনেছি-জানিনা, মন্ত্রী দপ্তরের মধ্যে কেউ কোমার এই suggestion সমর্থন করেছেন। এঁদের মধ্যে মিসেস্ মুখার্জী একজন আছেন। আমার যতটক মনে হয় তাদের economic rehabilitation এর জন্ম এই suggestion যদি দিয়ে পাকে. ভাহলে that is a correct suggestion. ভাহলে আমাদের বাংলাদেশের অর্থনীতির যথেষ্ট উন্নতি হতো এবং সাথে দাথে ওদের ও বাংলায় economic rehabilitation হতো।

ভারপর কলোনীর refugeeদের দিকে তাকিয়ে দেগুন, তাদের কি পজিশন। কিছু রিফিউজী মদলমানদের পরিত্যক্ত বাড়ীগুলিতে রয়েছে। হাওড়ায় একটা বিরাট অংশ এইভাবে রয়েছে। আমি একটা অভিজ্ঞতার কলা বলি, আমরা কয়েকজন Derequisition বোর্ডের মেম্বার ছিলাম। আমি দেই বোর্ডে Land Revenue Work করেছি। concrete suggestion দেওয়া, estimate করা, consus করা কত লোক আছে, কত পরিবার আছে, এই জায়গায় কি করা যেতে পারে। কি পজিশন আজকে দেখানে? ছোট ছোট ভাঙ্গা ঘর, দেখানে কি huddled হয়ে আছে। কেন, দেখানে কি এই চেষ্টা হছে পারেনা? ভা acquire করে দেখানে বাড়ী করা টেনামেণ্ট করা ? গাস্থুপী বাগানের মত টেনামেণ্ট করতে বলিনা। Single 100m flat হিসেবে সেখানে বাড়ী গড়ে ভোলা উচিত। এই রকম ভৈরী করে এক একটা জায়গা পাঁচশো উত্বাস্ত পরিবারকে rehabilitation দেওয়া সায়, বাসস্থান দেওয়া যায়। এদের জন্ম দরকার economic rehabilitationএর কথা চিন্তা করছেন না। এক জায়গা থেকে নিয়ে ভাদের অন্ত এক জায়গায় দেবেন। এদের way of living কি, তারা কি ভাবে জীবিকার্জন করেন দেখুন। কেউ বাহকারী করে, বই বিক্রী করে, ছোট ছোট জিনিষ বিক্রী করে সংসার ্যালাচ্ছে। ওদের যদি এই জায়গা থেকে নিয়ে অন্ত জায়গায় খ্যো করেন, ভাহলে গোটা economyই ন্ব।। হয়ে যাবে। তাদের সম্বন্ধে সরকার নতুন করে চিন্তা করে, তাদের আর্থিক দায়িত নিয়ে ভাদের বাসস্থান স্থন্দর করে দেন, single room flat করে করুন। Improvement Trust ্য ধরণের বাড়ী তৈরী করেছেন, সেই ধরণের করতে পারেন কিনা, চিন্তা ক্রে তাঁরা দেখবেন।

তারপর কলিকাতার আশেপাশের কলোনীগুলোও সব এখনো regularised হলোনা। কন তা হবে না ? যদি প্রয়োজন হয় জমির মালিক অত্যস্ত চড়াদাম চাচ্ছে, তার জক্ত আইন করন এবং কম দামে সেটা requisition করে নিন। যদি বলেন সংবিধানে এ জিনিয় নাই, চবে সংবিধান পরিবর্তন করেন। আপনারা সংবিধান পরিবর্তন করে বেরুবাড়ীকে দিয়ে দিয়েছেন,

Prevention Detention Actএর জন্ম সংবিধান পরিবর্তন করতে পারেন। আবে এই refugee দের পূন্বাদনের জন্ম প্রয়োজন হলে এই সংবিধান পরিবর্তন করতে পারবেন না ? সে পরিবর্তন করতে হবে যদি দরকার হয়। ঐ ভূঁয়ালকা, পোলারদের মত জমির হালরদের যে Nonagricultural land জমি যা তাঁরো ধঙ্গে রেখেছেন, তা জোর করে কেড়ে নিয়ে এই রিফিউজীদের দিয়ে দেওয়া দরকার। তা তো আপনারা করবেন না! তা করলে এই পুন্র্বাসন সমস্তার আনেকখানি ফ্রসালা হবে।

[11-40-11-50 a.m.]

Shri Satkari Mitra: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে উৰাস্ত থাতে মাননীয় পুন্বাদন মন্ত্ৰী ব্যয় বৰাদ কৰাৰ সময় উৰাস্তদের যে চিত্ৰ আমাদের কাছে রেখেছেন বাস্তবিকপক্ষে শুধু বিৰোধী পক্ষের সদস্তগণই নয় তাদের সমর্থকদের মধ্যেও অনেকে দেখিয়েছেন যে বাস্তব চিত্র ঠিক তার বিপরীত। আমার নির্বাচন এলেকা এক বিরাট উৰাস্ত এলেকা সেখানে উৰাস্ত সংস্থান যা গড়ে উঠেছে তার সংখ্যা ২০৷২৫ টির মত হবে। সেটা প্রধানত: Municipal এলেকা। আপনি সেগুলির ব্যবহা শুনলে আশ্রুয়্য হবেন। সেখানে Squatters Colony তো অনেকগুলি আছে তাছাড়া কয়েকটা Govt. Sponsord Colonyও আছে। এগুলির development-এর জন্ত Govt. আজ প্যাস্ত কিছুই করেননি, এমন Govt. sponsord colonyতেও Latrine Loan দেওয়া হয়নি। হরিদাস বার নাকি থায়া সাহেবকে জিন্তানা করেছিলেন তাতে তিনি নাকি বলেছেন Latrine loan দেওয়া হবেনা। তাহলে অবস্থাটা যে কি সঙ্গীন হবে তা ভেবে দেখুন। Municipalityর মধ্যে হাজার হাজার family পায়্থানা ছাড়া বাস করে যাবে বছরের পর বছর এ অবস্থাটা কি সঙ্গীন ব্যাপার স্বাস্থ্যের দিক পেকে, sanitation এর দিক পেকে সেটা আম্বা কল্পনাও করতে পারিনা।

ভারপর আর একটা সমস্ত। এর মধ্যে এসেছে। এই সমস্ত Municipality দেখানে উদ্বাস্তর বসবাস করছে সেথানে সম্প্রতি শায়ত্বশাসন মন্ত্রী মহাশয় Municipal tax ধার্যের ব্যবস্থা করায় এক বিরাট জটিলভার স্বষ্টি হয়েছে। উদ্বাস্তর সকলেই tax দিতে চান, Municepalityর ভোটার হতে চান নানা রকম অধিকার ভারা অর্জন করতে চান। কিন্তু বহু ক্ষেত্রেই অর্পননামাও দেওয়া হয়নি এবং মালিকানা বলে কিছু নাই এবং মালিকানা না হলে তাঁরা ratepayer হতে পারেন না—এই নিয়ে এক বিরাট জটিলভার স্বষ্টি হয়েছে। মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষগুলি এবিয়ে আনক লেখালেখি করছে কিন্তু আমাদের সরকার এ বিষয়ে আজ পর্যান্ত কোন স্বষ্টু নির্দেশ দিতে পারেন নি।

ভারপর আমরা দেখেছি আমাদের এলেকায় $B.\ T.$ রোডের ধাবে বহু উদ্বাস্ত সামান্ত বিপনির মত সংস্থান করে তাদের জীবিকার্জনের ব্যবস্থা করেছে তার জন্তও এক বিরাট সমস্তা দেখা দিয়েছে। মাঝে মাঝে আমাদের সরকারের $P.\ W.\ Dept.$ তাদের উপর উচ্ছেদের নোটিশ দেন কিন্তু পরে ২০৫ টাকা দিৰেই সেই সময়ের মত সমস্তা মিটে যায়। এই করে ক্রমাগত এই বিপনিগুলির স্থায়ীভাবে নিয়ন্ত্রণ করার কোন প্রচেষ্টা আজ পর্যান্ত হয়নি। আমি গতবার মাননীয় মগ্রী থগেন বাবুর দৃষ্টি আকর্ষণ করে বলেছি যে এ বিষয়ে যাতে একটা স্থষ্টু ব্যবস্থা হয় কারণ একেই যানবাহন চলাচলের জন্ত $B.\ T.\ োড যথেষ্ট প্রশান্ত নয় ভারওপর প্রচারীর কঠ কর্ষণ$

এটা ঠিক নয়। তারপর মূলিম পরিত্যক্ত বাড়ীগুলির কথাও মন্ত্রী মহাশয় জ্ঞানেন। সেগুর্লীর মূল্য কি করে নির্ধারণ করবেন জ্ঞানিনা। ১০ বছর আগে দথল হয়েছে এই বাড়ীগুলি এর মধ্যে সেগুলি যথেষ্ট ভেক্ষে চুরে গেছে। এগুলির মূল্য আগেই নিদ্ধারণ করা উচিত ছিল। এ বিষয়ে স্থানীয় লোকের এবং নির্ব্বাচিত সদস্তদের সহযোগিতা নিয়ে উপকার হবে বলে আমি মনে করি।

Shri Niranjan Sengupta: মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাস্তহারা খাতে বৎগরের পর বংসর একই কথা বলে যাচ্ছি এবং সরকারও শুনে যাচ্ছেন, অথচ বাস্ত্রারাদের জীবনে কোন পরিবর্ত্তন থুব ভালভাবে হয়নি, এটা তারা নিজেরাই স্বীকার করেছেন। এখানে হেদব আলাপ আলোচনা হয়েছে তার মধ্যে আমি গুধু একটা কথা বলতে পারি; বাস্তহার: জীবনের সমস্ত দাছিত্ব. সমত্ত জিনিষগুলি সরকার যেভাবে করে চলেছেন তার মতবড একটা দিক আছে যে তাঁদের ওঁরা liability করে তলেছেন থাঁদের asset করতে পারতেন সমাজের। আমি ব্যস্তহারা সম্পর্কে দব দিক দিয়ে বলছি না, আমি মাত্র হ'একটা বিষয়ে সহন্ধে, আপনার মাধ্যমে এই সভার নজর আকর্ষণ করছি। সেটা সরবারী কলোনী সম্পর্কে। এই সম্পর্কে কোন কথা বলতে গেলে ওথমেই একটা কথা বলা দরকার যে, এমন ছর্ভাগা প্রপীড়িত মান্ত্র আজকে বাংলাদেশে আছে বিনা সন্দেহ। স্বয়ং প্রফুল্লবাবু নিজেও স্বীকার করেছিলেন (১৯৫৭ সালের ১১ই December এ) যে এদের অবস্থা অত্যন্ত থারাপ। এবং ভারপর যে Government Survey হয়েছিল, তাতে এঁদের সম্পর্কে report হচ্চে, এদের অবস্থা মর্মন্তন। অর্থাচ প্রফুলবারর department ভাজ প্রান্ত এট গরকারী কলোনীগুলি সম্পর্কে কি করেছেন, সে সম্পর্কে কিছুই বলেননি, ভাই ভার একটা খতিয়ান গামাদের কাছে রাথলে ভাল হয়। আবজ ১০ বৎসর ধরে এরা এইভাবে দিন কাটাছেন, আংমি জানি, সরকারী কলোনীতে বহু লোক আজকে দিনের পর দিন অনাখারে দিন যাপুন করছেন এঁরা ঘোষণা করেছিলেন যে এনের পুনর্বাসন করবেন কিন্তু ছুংখের বিষয় আজ পর্যান্ত কোন শিল্প এই ারকারী কলোনীর আন্দেপান্দে গড়ে তোলা হলনা। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি গলিসহর, সেথানে মল্লিকবাগে সরকারী কলোনীর প্রাচ্য্য। বহু কলোনী সেথানে আছে, আমি াথন তাদের কাছে যাই তথন তারা আমাকে বলেন যে, কংগ্রেসের প্রামশ অন্তুসারে দেশ ভাগ ্বার পর আমরা এখানে চলে এমেছি এবং আজ ১০৷১২ বংসর প্রান্ত আমরা অমামুষের মত জীবন-াপন করছি একথা আপনারা কংগ্রেসের লোকদের বলতে পারেন না? একথা আমরা বারবার ালেছি তাই প্রফুলবাবুর কাছ থেকে আজ জবাব চাই যে তাঁদের এইভাবে ফেলে রেখেছেন কেন্ত্ াজার হাজার, লক্ষ লক্ষ টাকা খরচ করছেন কিন্তু একটা শিল্পও গড়ে উঠেনি কেন ? তিনি প্রায়ষ্ট লেন যে আমাদের Scheme আছে। Schemeএ ১০ বংসর হল আছে কিন্তু কোণাও শিল্প াড়ে উঠেছে কি, একটা নজীর দেখাতে পারেন ? এখানে বহু সদস্ত বলে গিয়েছেন যে অমক মুক শিল্প গড়া জায়পায় হবে, কোথাও আংশিক হয়েছে। আমি বলতে চাই দ্রকারের যে Scheme আছে তাঁরা সেগুলিকে সাফল্যমণ্ডিত করবেন না তাঁদের এই attitudeই এখানে দেখতে াচ্ছি। আর একটা কথা আপনার মাধ্যমে জানাচ্ছি (য, ১১ই December ১৯৫৭ সালে প্রদুল্ল াবু বলেছিলেন যে ৩ লক্ষ ৯৫ হাজার বাস্তহারার জন্ম ৬০ কোটি টাকার প্রয়োজন যারা partially ehabilitated হয়েছেন। অথচ সরকারী কলোনী বাস্তহারাদের ভতা যে Survey দম্প্রতি ারেছিলেন সেই Survey reportএ বলেছে যে ১২ কোটি ৬৭ লক্ষ টাকা লাগবে। প্রফুল্লবাবু শহেন ৬০ কোটি টাকা আর Survey reportএ আছে ২২ কোটি টাকা, অর্থাং সমস্ত দায়িত্ব ^{প্ৰ}েক তারা আন্তে আন্তে মুক্তিলাভ করছেন। এবং এমন একটা সময় আসবে যথন সরকারী শোনীর বাস্তহারা এবং সমস্ত প্রকারের বাস্তহারার দায়িত থেকে তার। হাত ধুয়েনুছে পরিকার (वन।

[11-50—12 Noon.]

এই সভার কংগ্রেসপক্ষীয় অনেক সদস্তও আপনাদের বলেছেন, সমালোচনা করেছেন ৷ আমাদের কথার কান না দেন, অন্ততঃ তাঁদের কথাগুলি ভুতুন। জগলাধবাবু যেকথা বলেছেন ভার জবাব দিন। ভারপর Squatters Colony সম্পর্কে বলব—আপনারা Squatters Colonyগুলির অর্পণপত্র দিয়ে দিচ্ছেন, কিন্তু আমি জিজ্ঞাদা করি আজ পর্য্যন্ত তাঁরা মালিকানা স্বন্ধ ও জমি পেয়েছে কিনা, তার জবাব দেবেন। আপনার। বলেছিলেন regature করা হলেপর Squrtters colonyর Squattersদের মালিকানামত্ব দেবেন, কিন্তু দিয়েছেন কি ? দেননি। তারপর এইদব Squitters colonyগুলির জমির উপর যে দাম ধার্য করার আপনাদের মতলব আছে তাহচ্ছে, আপনারা জমির मानिकरम्त्र काছ (एरक ১৯৩৯ मान्नित मारम निरुक्त, किन्न Squattersरम्त्र काছ एएरक जाननाता নিচ্ছেন ১৯৪৭ সালের দামে যথন জমির দাম আনেক বেডে গিয়েছে। আমার ছিতীয় কথা হচ্ছে. Squatters colony সম্পর্কে competent authority ব্যাপার নিয়ে—গত দশ বংসর ধরে এই competent authority ঝুলিয়ে রেখেছেন—এবং ভাদের eviction notice এবং compensation এর বহর দেখে আমর আশ্চর্য হয়ে যাচ্ছি: বেশী বলার সময় নাই, তানাহলে আমি চু'একটা উদাহরণ দিতাম। এই competent court এমন compensation ধার্য করছেন যা দেওয়ার ক্ষমতা তাঁদের নাই—তাঁরা পূর্ববংগ থেকে দর্বস্ব হারিয়ে উদ্বাস্ত হয়ে এখানে এসেছে এখানে এখন তাঁদের বলা হচ্ছে এত টাকা compensation দিতে হবে। নেতাজীনগর colonyতে একজনের উপর ৩ হাজার ৫০০ টাকা ধার্য্য করা হয়েছে। সর্বশেষে একটা কথা বলব, squatters colony regularaisationএর ব্যাপারে আপনারা যে ভূমিকা নিয়েছেন তা অসংগত ও অন্তায়। এখন আপনারা এই dept তুলে দিচ্ছেন, তাই আমি আপনাদের কাছে অমুরোধ জানাব যে, আপনারা ষদি সভিটি তাদের মংগল চান ভাংলে তাদের মালিকানা স্বস্তু দিয়ে প্রকৃত পুনবাসনের ব্যবস্থা করুন। আপনারা যে নীতিতে চলেছেন তা ক্ষতিকারক এবং এতে বাস্ত্রহারাদের জীবনে ঝড উঠবে, আপনারাও শান্তি পাবেন না।

Shri Saroj Roy: মাননীয় স্পীকার মহাশয়, কিছুক্ষণ আগে মন্ত্রী মহাশয়ের বক্তৃতা অনলাম। কেন যে বাস্তহারারা দণ্ডকারণ্যে যেতে চায় না সেথানকার অফুকুল আবহাওয়া সত্তে তা ভিনি বঝে উঠতে পারেন না। আমরা যা বঝেছি সেটা হচ্ছে তাঁরা জানতে পেরেছে সেথানকার আবহাওয়া তাদের পক্ষে মোটেই অমুকূল নয়, জীবিকা আহরণের সুযোগ সুবিধা নাই। এজন্ত আজকে Govt. ভাদের পূর্বেকার নীতি অর্থাৎ, কোনরকম corection না করে voluntary system নেওয়া হবে, এই নীতি পরিবর্তন করলেন। স্পীকার মহাশয়, আপনি জানেন যে, 20th February state Ministry of Rehabilitation, New Delhi, ce report stre একটা জিনিদ লেখা আছে, The voluntary system of movement of families from camps in West Bengal to Dandakaranaya failed in spite of the Dandakarnaya Week held in the second half of November to bring to the notice of camp families the facilities available to them in Dandakaranaya. এই কথা বলে তাঁরা একটা meeting ডাকলেন – তবে Chief Minister of West Bengal Union Minister of Rehabilitation এবা কি করবেন, That the voluntary basis should therefore be considered as having failed, it was then decided that recourse must in course of time be taken to other measures of other measures হল, coercion, এবং পূর্বে coercion করা হবে না বা declare করা হয়েছিল ডা

পরিবর্তিত হয়ে গেল। এইরকম প্রত্যেকটাক্ষেত্রে আমরা দেখি তাঁরা বেকথা বলেন সেই কথা রাখেন না। মা: স্পীকার মহাশয় এই প্রসংগে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করব Comments on the notes submitted by the United Central Rehabilitation Council regarding the rehabilitation of refugeesএর প্রতি, মেদিনীপুরে উদান্তদের rehabilitation এর দিক থেকে বলছেন, In the district of Midnapore there are 1,234 blocks covering an area of 79,767 acres of culturable waste land. Therefore we can put in about 13,000 agricultural families there তারপর ব্লভেন. Thus it will appear that in these nine districts about 15,000 agricultural refugee families can be settled by allotting to each family six acres of such land provided we spend money for developing and irrigation of the land for growing sabui grass, sisal grass and certain quantities of aus and groundnut যেখানে তাঁরা নিজেরা বলেছিলেন যে ১৩ হাজার familyকে দেওয়া হবে দেখানে মাত্র ৪০০ লোককে নিয়ে যাওয়া হচ্ছে। অথচ সেথানকার ক্যাম্পবাসী উদ্বাস্তরা বারে বারে এই ব্যাপারে সরকারের কাছে চিঠিও দরথান্ত লিথেছে—তার কপিও আমার কাছে আছে। আজকে তারা কেন দণ্ডকারণ্যে যেতে চায়না তার নানা কারণ আছে। কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে, এখানেই যথন তাদের পুনর্বাদনের স্থযোগ রয়েছে, দেক্ষেত্রে দরকার কেন তাদের দওকারণ্যে পাঠাতে চেষ্টা করছেন। তাঁদেরই এই commitment ছিল যে সেই অঞ্চলে ১৩ হাজার পরিবারকে দেওয়া যায়. কিছু কেন তারা সেটা করছেন না। দেখানে তাদের আর্থিক পুনর্বাসনের সন্তাবনা রয়েছে, চাষত্মাবাদের স্থযোগ রয়েছে। কিন্তু এঁরা নিজেদের জঘন্ত রাজনৈতিক চালের জন্ম আগেকার প্রতিশ্রুতি পালন করছেন না। এঁরা অনেক বড়বড কথা বলেন, উদাস্তদের প্রতি দরদ দেখান। কিন্তু আমাকে মানবিকভার দিক থেকে ভাদের প্রতি এদের এভটক দরদও নাই।

[12—12-10 p.m.]

ক্যাম্পে ভারা কিভাবে জীবন যাপন কর্বছে সেটা না দেখলে কিছুই বোঝা যাবে না। আপনাদের যদি এভটুকু সভতা থাকত তাহলে কোন রকম তর্ক না করে আপনারা নিজেদের দোষ ক্রটি স্বীকার করতেন। এই সমস্ত ভাইবোমদের প্রতি আপনাদের এভটুকুন দরদ নেই। রাজনীতি বাদ দিয়ে যদি মহায়াছের দিক দিয়ে এদের দেখতেন ভাহলে অন্ত জিনিষ হোভ। স্থার, হধকুষতে যে পি. এল. ক্যাম্প আছে তাতে উঘান্ত মহিলারা চাল চায়। পার্মানেণ্ট লায়াবিলিটি আজ সব কাজ গ্রহণ করেনিয়েছেন। সেথানে প্রথমে যথম ক্রিনিং করা হয় সেই ক্রিনিং অন্ত ভাবে করা হয়েছিল। সেই ক্রিনিংএর পরে টো ফ্যামিলির ডোল সেথানে দেওয়া বন্ধ হয়ে গেল। স্কুতরাং তাদের যখন আর কোন রকম উপায় রইলনা তথন তারা হাঙ্গার ট্রাইক করলেন। মহিলারা সব হাঙ্গার ট্রাইক করলেন। নেই হাঙ্গার ট্রাইক করলেন। মহিলারা সব হাঙ্গার ট্রাইক করলেন। সেই হাঙ্গার ট্রাইক করার সঙ্গে সঙ্গে রাত্রে হঠাং ক্যাম্প থেকে তাদের টেনে নিয়ে গিয়ে মেদিনীপুর ক্যাম্পে নেওয়া হল। সেথানে একজন ৮৫ বছরের বৃদ্ধা উন্থমিন্থারী করগুপ্তা যার আর কেউ দেথবার নেই ভিনিও হাঙ্গার ট্রাইক করতে বাধ্য হয়েছিলেন। তাঁরা যেটুকুন ডোল পাওনা ছিল ভাও কেটে দেওয়া হল। আজও এই নিয়ে কেস চলছে। এটা মন্ত্রীমহাশায় ও মুখ্যমন্ত্রী মহাশায় জানেন। কলবানী ক্যাম্পে বলে একটা ক্যাম্পের Supdt.এর ইমমব্যাল বিহেবিয়ারের কথা স্বাই জানে এর ডিপার্টমেন্টেও জানে। কিন্তু এই রকম লোককে ছাইটাই করা ভো দূরের কথা এদের আরও প্রশ্রম দেওয়া হয়।

এই ঘটনাথেকে প্রমাণিত হচ্ছে যে এঁরা রিহাবিলিটেশান চান নাবা উবাস্তদের প্রতি এঁদের কোন দরদও নেই।

Shri Jehangir Kabir : মাননীয় স্পীকার মহাশয়, রিছুজি রিলিফ এণ্ড রিছাবিলিটেশন একটা কঠিদ সমস্তা। এই সমস্তার উপর গত ১০ বংসর ধরে অনেক অলোচনা হয়ে আসছে। এ বিষয় সরকার যে কিছু করেননি এটা ঠিক নয়, ভবে যতটা করা উচিং ছিল ততটা নানা কারণে সম্ভব হয়নি। এই কারণগুলির মধ্যে একটা কারণ আমার মনে হয় যে উঘান্তরা যথন এই রাষ্ট্রে আদে, তথন বিভিন্ন রাজনৈতিক দল, কারা তাদের সমর্থন পাবেন এই নিয়ে নিজেদের মধ্যে একটা প্রতিযোগিতা চলে। এর ফলে উঘান্তর। বিভ্রান্ত হয়েছিল এবং দেই কারণেই রিছ্যুজির। সরকারের পরিকল্পনা ঠিক মত গ্রহণ করতে পারেনি। অধিকাংশ রিছ্যুজিদের সম্পর্কে একথা বলা অন্তায় হবে বা যে তারা যে সমস্ত হয়েগা পেয়েছিল, সেই সমস্ত স্থযোগের তারা অপব্যবহার করেছে— যার ফলে তাদের রিছ্যবিলিটেশান সন্তব হয়নি।

স্থবোধবাবু যে ইকোনমিক বিহাবিলিটেশনএর কথা বলেছেন সেটা আমার কাছে ভাল মনে হয়েছে এবং আমার নিজের কনষ্টিটিউএনদীতে এই জিনিদের অভাব আমি দেখেছি। হাডোয়া থানার কুলটিতে যার। রিহাাবিলিটেটেড, হয়েছে তাদের জমিতে চাথের স্থাবিধা নেই এবং এনভায়োস-মেণ্টও এমন নয় যাতে সেথানে বিফিউজির। ইকোনমিকাালী বিহাবিণিটেটেড হতে পারে। পারিপার্ষিক অবস্থা অমুকুল থাকলে ইকোনমিক রিহাবিলিটেসনএর যে কথা বলা হয়েছে আমার মনে হয় সেটা কর। সম্ভব। এ প্রসঙ্গে আমি রিফিউজী এবং রিহাবিলিটেশনে মন্ত্রী মহাশয়কে বলব যে উদ্বাস্তদের স্বার্থে ১৪।১৫টি ইণ্ডাষ্ট্রিয়াল স্ক্রীম গ্রহণ কর। হয়েছে এবং সেই সমস্ত শিল্পপ্রতিষ্ঠানকে প্রচুম টাকা ঋণ দেওরা হয়েছে। বিফিউজীদের নিয়োগ করার যে প্রভিসন ছিল সেই প্রতিশ্রুতি যদি সেই সমস্ত শিল্প প্রতিষ্ঠান পালন না করে থাকেন, তাহলে তারা অভায় কবেছন এবং তা যদি হয়ে থাকে তাহলে তাদের যে টাকা সাহায্য দেওয়া হয়েছে, সেই টাকা তাদের ইন্টারেষ্ট্রসহ ফিরিয়ে দেওমা উচিত। কেননা বিফিউজীদেব সাহায্য করাব উদ্দেশ্যে টাকা নিয়ে সেথানে বিফিউজীদের নেবেনা এটা অত্যন্ত অন্তায় কথা। আমি আব বিশেষ কিছু না বলে, রিফিউজী এবং বিহাবিলিটেসনে মন্ত্রী মহাশয়কে আরে একট। কথা বলতে চাই যে, এবারে বাজেট আংলোচনার সময় তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলেছিলাম যে এমন বহু ডিদ্লেষড্ মুদলমান রয়েছে যাদের সম্পর্কে গভ ১১ বছরের মধ্যেও কোন ব্যবস্থা করা হয়নি। তবে আজকে মন্ত্রীমহাশয়ের কথা গুনে আমানন্দিত হলাম যে তাঁদের জন্মও শিগ্রম্বই যথাযোগ্য ব্যবস্থা করা হবে। যে সমস্ত মুসলমান বাস্তচ্যত হংংছেন, কমপেনসেমন দিয়েই হোক বা অভ্য কোন উপায়েই হোক তাদের জভ্য সত্তর একটা ব্যবস্থা করা অপরিহার্য্য হয়ে পরেছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Hare Krishna Konar: মাননীয় অধ্যক্ষ মহাশায়, একথা কেউ অস্বীকার করেনা যে উদ্বান্ত সমস্তা একটা গুরুতর সমস্তা এবং সেই জন্ত প্রয়োজন ছিল এ সম্বন্ধে অত্যন্ত স্থপরিকলিত-ভাবে এবং গভীরতার সঙ্গে পরিকল্পনা গ্রহণ করা। অথচ আজ এমন কি কংগ্রেস পক্ষীয় সদস্তদের সমালোচনার ভঙ্গী থেকেও বোঝা যায় যে, এ ব্যাপারে সাফল্যের শ্রম শক্তির চরম অপব্যবহীরটাই বেশী করে দেখা যায়। হার, এ ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে যে, একটি দেশের অর্থনীতির যদি সামগ্রিক উন্নতি না হয় তাহলে এই লক্ষ লক্ষ উদ্বান্তব পূন্বাসন করা সভ্যই মৃস্কিলের ব্যাপার এবং যেহেতু সরকারের নীতি একটা দেশের অর্থনীতিকে নানারকম সন্ধটে জর্জনিত বলে সেইভাবে বলিষ্ঠ করতে পারছেনা সেইহেতু এঁদের জীবন হয়ে উঠেছে

আরও বেশী ছবিসহ। এথানে প্রফুল্ল বাবুর বক্ততা শুনতে শুনতে আমার মনে হচ্ছিল বে, যদি বাংলাদেশে বছর বছর একটা করে নির্বাচন হয় ভাহলে অস্ততঃপক্ষে উদাস্তদের বোধ হয় কিছুটা সুরাহা হতে পারে। কিন্তু তিনি যা বললেন তার সঙ্গে বাস্তবের সত্যিই কি কোন সঙ্গতি আছে? আমার তোমনে হয় একে একটা নগ্ন প্রবঞ্চনা ছাড়া আর কিছু বলা যায়না। যেমন ধরুন তিনি যথন এটা বলছিলেন তথন বাংলাদেশের ক্যাম্পের বাইরে যারা আছে তাদের প্রতি তিনি খুব দরদ দেখালেন। কিন্তু আমি জানি হুগলী জেলার গুপ্তিপাডায় ঠাকুর কলোনী বলে যে কলোনী মংশুজীবীরা করেছিল তার কিছু অংশ, অর্থাৎ প্রায় ৫০।৬০ খানা ঘর ১৯৫৬ সালের বস্তায় গঙ্গাগর্ভে চলে যায় অথচ এখন প্র্যান্ত ভারা তাঁবতে বাস করছে। এ ব্যাপারে হুগলী জেলার ডিক্টিন্ট मााजिए होरे अनुकाशी करवाइन, वर्कमातन पिष्टिके माजिए होरे सुभाविन करवाइन अवर विकिन्न ডিপার্টমেণ্টের অফিসাররা ১৯৫৮ সালে সাজেসন দিয়েছে যে কোন জায়গা এাাকোয়ার করুন। কিন্তু ৪ বছর কেটে গেল অথচ আজ পর্যান্ত সেই ০ে।৬০টি পরিবার তাঁবুতে পড়ে রয়েছে। কাজেই বঝে নিন যে. এঁদের কি অন্তেত দর্দ রয়েছে এই ক্যাম্পের বাইরের লোকদের প্রতি। ভারপর দণ্ডকারণোর প্রসন্তি দেখছি থব ভালভাবেই হচ্ছে। কিন্তু যদি এত ভালই হয়ে থাকে তাহলে মন্ত্রীরা যদি সদল বলে সেখানে নিয়ে থাকেন ভাহলে হয়ত কিছুটা স্থবিধা হতে পারে। তারপর সরকারী হিসেবে বাংলাদেশে ৩৮ লক্ষ এবং বেসরকারী হিসেবে ৪০ লক্ষ লোক এসেছে। কিন্তু স্থামার বক্তব্য হচ্ছে যদি ৩৯ শক্ষের বেশী লোকের জন্ম মাথা গোজবার জায়গা করা যায় তাহলে এই ১৮ হাজার গৃহস্তকে কি আর জোর করে না ভাডালেই চলবেনা ৭

[12-10-12-20 p.m.]

বাংলাদেশের মাটিতে ঐ ১৮ হাজার পরিবারকে কিছতেই জায়গা দিতে পারেন না? ওরা না দাডালে বাংলাদেশের কিছু উন্নতি হবেনা—আমি প্রফুল্ল বাবকে বলি এর একটা সীমা থাকা উচিৎ। মাননীয় স্পীকার মহাশয়, একথা বলতে চাই যে ১০ই ডিসেম্বর তারিথে প্রফুলবার এবং থালা সাহেব আলোচনা করে ঠিক করলেন লোক সেচ্ছায় যাচ্ছে না, জোর করে পাঠাতে হবে। কেন যাচ্ছে না ? যদি এটা সত্য হয় যে সেথানে ২৮ মন চাল হয়, যদি সত্যই অবস্থা ভাল হয় তাহলে লোক যাবেনা কেন ১ ভারত দর্শনের ভীর্থ যাত্রীর মত ১০.১৫ জন করে ক্যাম্প রিফিউজীরা দণ্ডকারণো যেতে পারে। ২৮ মণ করে একরে যদি চাল হয়, ভালভাবে যদি পুনর্বসতি হয় তাহলে লোক যাবেনা কেন ? কিন্তু ব্যাপারটা তা নয়। ২৫শে ফেব্রুয়ারী Central Ministry of Rehabilitation বলেছেন ২ হাজার ২ শো ৯৯টি পরিবারকে আজ পর্য্যস্ত পাঠান হয়েছে। প্রফুল্লবাবু একটা অসভ্য কথা বলেছেন স্বাইকে rehabilitate করা হয়েছে। কিন্তু তাঁরা অনেক কম ফিগার দিয়েছেন— ৬৫১টি গছস্তকে জমি দেওয়া হয়েছে। এই যে দণ্ডকারণ্য হচ্ছে এটা তাঁরা আরম্ভ করছেন ৫৫০টা ঢেঁকি দিয়ে আর শেষ করছেন একটা বিভি দেণ্টার করে। এই প্রয়াদের শেষ থাকা উচিৎ। টে কিটা এখানেও চলতে পারে বাংলাদেশের মত চাল নিশ্চই দণ্ডকারণ্যে হয় না। মাত্র ১৮ হাজার গৃহত্তের আপুনি বায়না নামা বন্ধ করলেন কেন্তু জগল্লাথবাব বললেন নদীঘায় যেন বায়না নামা না দেওয়া হয়। আমি জিল্লাসা করি নগীয়ার জমিগুলি যে বড় বড় মহাজনদের কাছে চলে যাচেছ সেটা ঠেকাচ্ছেন ৪ রিফিউজীরা যদি প্রসা দিয়ে ৫।৬ বিঘা জমি কিনে নিতে চায় ভাহলে ভাদের বায়নানামা দেবেন না কেন ? জোৱ করে লোককে পাঠান ছাড়া আর কোন উদ্দেশ্য নেই। ১৯৫৮-৫৯ সালে বলেছেন মেদিনীপুরে ১০ হাজার, বাকুড়ায় ১ হাজার, বর্ধমানে ৫ হাজার বিফিউজীদের চাষের জমিতে পুনর্বস্তি করা না যায় ভাহবে এই ১৮ হাজার পরিবারের পুনর্বস্তির ব্যবস্থা হতে পারেনা। এবং মানকড়ের পাশে হুর্গাপুরে কারখানা হলে সেখানে অন্নের ব্যবস্থা করা বার, ছোট ছোট দোকান হতে পারে। যেহেতু একবার বরিশাল থেকে আসবার সময় কৃষিজীবী বলে লেখা ছিল সেহেতু ভাদের সারা জীবন কৃষিজীবী থাকভে হবে। কৃষিজীবী বাড়ীর লোক কি দোকানদার হতে পারে না ? ভাতে দেখা যায় ২।৪ হাজার লোকের এখানে ওখানে বসতি হতে পারে। মাননীয় স্পীকার মহাশর, আমি দেখতে পাছি এই মানকড়ের ভববুরে ক্যাম্পের ১৭ জনকে জোর করে নোটিশ দেওয়া হয়েছে ভাদের দওকারণ্যে যেতে হবে, ভোল বন্ধ করে দেওয়া হয়েছে। প্রত্যেক ক্যাম্পে একই অবস্থা আমি এখানে দেখাতে চাইছি যে এই ১৮ হাজার পরিবারকে পিটিয়ে ডোল বন্ধ করে দণ্ডকারণ্যে পাঠাবার প্রয়োজন হয় না; যারা স্বেছার যেতে চায় ভাদের নিয়ে যান ভার জন্ম আমাদের কোন আপত্তি নেই। আমি আর একটা কথা বলে বক্কুতা শেষ করব। প্রক্রেরাবু চ বছর আগে পালা চাঁচাই ক্যাম্পে করেছিলেন। কোন জায়গায় করেছিলেন, না ঘন বসতি গোচারণের মাঝথানে, সেখানে চারিদিকের গ্রামগুলির মধ্যে মুসলমান পপ্লেশন যথেষ্ট আছে, পুনর্বাদনের জায়গা বেনা নেই, ভার মাঝথান দিয়ে নেভিগেবল থাল, ডি. ভি. সির থাল যাছে। ২০।২৫ হাজার লোক ৮ বছর ধরে এক জায়গায় পড়ে আছে, অবস্থা মোটেই ভাল নয়। লোকগুলির স্বায়ী ব্যবস্থা করা যায় যদি আপনারা বায়নানামা allow করেন, যদি আপনারা পভিত জমিগুলি উদ্ধার করেন। এপ্তলি করা যায় বিদ্ধ আপনারা বাহনানামা ভা করবেন না।

Shri Bejoy Krishna Modak: মাননীয় স্পীকার মহাশয়, উ্বাস্ত সমস্তা জাভীর সমস্তা। এই দপ্তর এই সমস্তা সমাধানে যে সীমাহীন শৈথিল্য দেখিয়েছেন সেথানে সরকারের পক্ষে সেটা অভ্যন্ত লজ্জার বিষয়। আমি আরো আশ্চর্য্য হলাম এই দপ্তর যতবেশীশৈথিল। প্রদর্শন করছেন, মাননীয় মন্ত্রী মহাশয়ের তত্তবেশী প্রতিশ্রুতির বহর বাডছে। এই দপ্তর যেদব মারাত্মক গাফিলতী এবং অবহেলার নজীর আছে। আশা করি কোন প্রতিশ্রুতি দেবার আগে মন্ত্রী মহাশ্র **দেসব নজীরগুলি শোনা**র পর বিহিত বাবস্থা কিছু করবেন। হুগলী জেলায় কয়েকটা ব্যাপারে যে মারাত্মক গাফিলতী প্রকাশ পেয়েছে সে সম্পর্কে কয়েকটা কথা বলতে চাই। প্রথমে আমি গুপ্তিপাড়ায় ঠাকুর কলোনী সম্বন্ধে বলছি। এই কলোনী প্রেসিডেণ্ট স্কীমে প্রবৃত্তিত হয়। ১৯৫০ সালে ধুবুলিয়া ক্যাম্প থেকে সেখানে ১১৫০ পরিবারকে নিয়ে এসে একটা স্কীম করা হয়। তাদের প্রস্থিতি দ্যাহয় এটা আরবান স্কীম করা হবে। তাদের সেথানে নিয়ে আশা হল। ৪ কাঠা করে জমি দেওয়া হল কিন্তু তাদের করাল স্কীমে সমস্ত সাহায্য দেওয়া হল। ভাদের আরবান শ্বীম বলে নিয়ে এসে ভাদের সংগে প্রহসন করার কি প্রয়োজন ছিল ? তাঁরা প্রতিবাদ করলেন, প্রতিবাদ করার পর আন্দোলন করলেন, আন্দোলন করার পর নানা কিছু হল। পার্লামেন্টের একজন সদস্ত ইনকোয়ারী করলেন, করার পর ১৯৫৪ সালে আর, আর, সি মহাশয় অর্ডার পাঠালেন যে এই কলোনীকে সরকারী কলোনীতে পরিণত করতে হবে, য়াকয়ার করতে হবে, ডেভেল্প করতে হবে এবং ১৯৫৬ সালে অকল্যাও থেকে সমস্ত কর্ত্তপক্ষ সেখানে গেলেন, ম্যাপ ভৈরী করলেন। করার পর তাঁর। বনটাকে য়্যাক্যার করবার প্রপোজাল দিলেন। ১৯৫৯ সালে বর্দ্ধমান জেলার অংশ য়া)কয়ার করবার জন্ত গেজেটে প্রেলিমিনারী নোটিফিকেশন হল কিন্তু হুগলী জেলার অংশে কিছু হলনা। গেজেট নোটিফিকেশন হবার পরে কোন কাজ এগুছেনা। হুপলী জেলার ব্যাপার নিয়ে আমি মানকীয় মন্ত্রীমহাশয়ের সংগে নিজে দেখা করেছিলাম, আর. আর সির শংগে ছবার দেখা করেছি। স্থদীর্ঘ ৩।৪ বছর পরে কাগজপত্র জেলা অফিসে গেছে। ল্যাণ্ড য়াাকুইজিসন ডিপার্টমেণ্ট হুগলী জেলা থেকে তাদের চিঠি দিয়েছেন---চার বছর ধরে ভারা ইনকোয়ারী করলেন। ল্যাও য়্যাকুইজিসন অফিসার লিথছেন এই কলোনীতে রিফিউজীদের জমি আছে। তাদের নাম রেকর্ডেও হয় নি এবং আ শচর্য্যের কথা ৬ মাস আবে শ্যাও ম্যাকুইজিসন

অফিসার হুগলী জেলা থেকে আর. আর. সিকে চিঠি দিয়েছেন যে এই জমি পুর্নজরীপ করা হোক। পুর্নজরীপ নাকরাহলেনয় এটা য়্যাকয়ার করাসম্ভব হবেনা কিন্তু আশ্চর্য্যের কথা তারা ছটো রিমাইগুার দিয়েছেন—৬ মাস পর্যাস্ত আর. আর. সি, অকল্যাণ্ড ডিপার্টমেণ্ট এ ব্যাপারে কোন উত্তর পর্য্যস্ত দিচ্ছেন না। আমি আশা করি মন্ত্রী মহাশন্ন এ সম্পর্কে ইনকোন্নারী করে যাতে সেটাকে পুর্মজুরীপ করে য়্যাক্ষার করে ডেভেলপ করার ব্যবস্থা হয় তার জম্ম দেট। করবেন। স্মার একটা কথা বলতে চাই-মাননীয় হরেরুঞ কোনার মহাশয় ষেটা বলেছেন তাতে তিনি বর্দ্ধমানের কথা বলেছেন। ১৯৫৬ সালের ব্যাতে সেখানে ১২৭টি পরিবার, তাদের ঘর তেলে গেছে, গলা গর্ডে চলে গেছে। ১৯৫৯ সালের বভাতে ৪৮টা ঘর আবার ভেঙ্গে গেছে। এ সম্বন্ধে ইনকোয়ারী কর। হয়েছে কিন্তু তাদের কোন প্রকার টাকা দেয়া হচ্ছে না, তারা হাউস রিপেয়ার লোনের স্থযোগ পায় না। বেহেতৃ তাদের কলোনী য়্যাক্য়ার করে সরকারী কলোনীতে পরিণত করা হবে সেহেতৃ ভারা কোন স্কবিধা পাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৫৭ সালে যে রিপোর্ট দাখিল করা হল্পেছিল তার মধ্যে বলেছিলেন যে ব্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলির জন্ম এবং রিফিউজীদের জন্ম ৪ কোটী টাকা বরাদ করা হয়েছে। এই যে হতভাগ্য ২০০ পরিবার যাদের চালচুলো নেই, যারা এখনও পর্য্যস্ত তাবুতে বাস করছে আমি মনে করি তিনি এম্বন্ধে একটা ব্যবহা করবেন। আর একটা কথা চন্দ্রনগর সম্বন্ধে বলতে চাই – চন্দ্রনগরে পিলখানায় ৩৭টা মৎসজীবী পরিবার ৭.৮ বছর ধরে পুরবস্তির জন্ম অপেক্ষা করছে। সরকারের যেখানে জমি আছে সেখান পেকে ২॥ কাঠা করে জমি বিলি করার জন্ম স্থিব করা হয়েছে কিন্তু আশ+চর্য্যেব কথা রেভিনিউ বোর্ড **অর্ডার** দিয়াছেন প্রতিটি প্রটের জন্ম ১২॥০ টাকা করে থাজনা দিতে হবে এবং প্রাভিটি প্লটের জন্ম সেলামী ১৩০ করে টাকা দিতে হবে :

[12-20-12-30 p.m.]

প্রতি প্লট ১৩০ টাকা সেলামী। আপনারা শুনে আশ্চর্য্য হবেন এই সব হর্গতঃ হুন্ত রিফিউজী পরিবারদের কাছ থেকে রেভেনিউ বোর্ড থাজনা কি করে নিতে পারেন। আমি জানিনা এ সম্বন্ধ ভাদের কোন আইন আছে কিনা।

চন্দননগর মিউনিসিপ্যালিটা সেথানে ছশে। বিফিউজী পরিবারকে জায়গা দিয়েছে। এক টাকা করে কাঠা উারা দিয়েছেন। আমি মন্ত্রী মহাশয়কে জিল্পাসা করি রেভেনিউ বোর্ড কি করে এই ছুঃছ গরীব রিফিউজী পরিবারদের কাছ থেকে ১৩০১ টাকা করে সেলামী নেন ? চন্দননগর কলাবাগান এলাকায় ১৮টা পূন্বাসন প্রাপ্ত বাস্তহার। পরিবার, যাদের চন্দননগরে ফরাসী গভর্দমেণ্টের আমলে ৯ বছরের মেয়াদে যেথানে পূন্বস্তি দেওয়া হয়েছিল। সেই ৯ বছর পার হয়ে গেছে লীজের মেয়াদ পেরিয়ে গেছে। এখন সেই জমির মালিক বলছে ভাদের সেখান থেকে তুলে দেওয়া হবে। কিন্তু আজ ছ'বছর হলো এই সরকারী দপ্তর থেকে বলা হয়েছে সেই জমি acquire করা হবে, ভা আজন্ত করা হলোনা। এই সামান্ত ক্ষেত্রে ঐ ১৮টা পরিবারের জ্ঞা যদি সেই জমি আজো acquire করা না হয়, ভাহলে অন্ত রহৎ বাাপারে সরকার কি করছে পারেন তা সহজে অমুমেয়। জমিদার তাদের উঠিয়ে দেবার নোটাশ দিয়েছে। অথচ এ সম্বন্ধে সরকার থেকে কোন ব্যবহা করা হছে না।

পরিশেষে বলবো মাননীয় মন্ত্রী মহাশয় এখানে অনেকবার বোষনা করেছেন বহু রিফিউজী পরিবারের আংশিক পুনর্বাসন হয়েছে। তাদের কর্ম সংস্থানের প্রশ্ন জটিল প্রশ্ন। আমি সরকারের কাছে একটা নিবেদন করতে চাই—বলাগড় থানায় ৪০ হাজার রিফিউজী আছে। সেথানে একটা শিরনগরী প্রতিষ্ঠা করা অত্যন্ত প্রয়োজন। তাহলে সেথানে তাদের কর্ম সংস্থানের প্রয়ের সমাধান হয়। ওখানে আর একটা রেল কলোনীকেও acquire করতে হবে, develop করতে হবে। সেই বলাগড় থানায় সেথানে electricity নাই। সেথানে electricity যাতে যায় ভার জন্ম কি উদান্ত দগুর চেটা করেছেন ? সেথানে এই electricity নিয়ে গিয়ে একটা শিরনগরী গড়ে তোলা দরকার।

ছগলী জেলার বিভিন্ন অংশে ২৭টা উদান্ত কলোনী রয়েছে। তাদের অবস্থা অত্যন্ত থারাপ। ১৯৫৭ সালে একটা রিপোর্টে মুখ মন্ত্রী বলেছিলেন ৬০ কোটা টাকা কেন্দ্রীয় উদান্ত দপ্তর থেকে নিয়ে এসে তাদের জন্ত ব্যবস্থা করা হবে। তারপরে বললেন ৫৫ কোটা আর এখন বলছেন ১৬ কোটা টাকা নিয়ে ব্যবস্থা করবেন। আমি বলছি বিভিন্ন সরকারী কলোনীতে উদান্তদের যাতে স্কন্ত্ব্ পুন্বাসন হয়, তার ব্যবস্থা করা আশু প্রয়োজন। তা যদি না হয়, তাহলে বাংলাদেশের কোন উদান্ত সমস্থারই সমাধান হবে না—, তাদের ছঃস্থত। বাড়তে বাড়তে শেষ পর্যান্ত জারা ভিথেরীতে পরিণ্ড হবে।

Shri Suhrid Mullick Chowdhury: মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের শমর আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় আবেদন জানিয়েছিলেন যে তাদের প্রিয়তম বন্ধু হিসেবে তিনি আমাদের কাছে এই কথা বলেছিলেন যাতে দণ্ডকারণ্যে সমস্ত উদ্বান্তরা যায়, তারজন্ত আমারা যেন চেটা করি । তিনি এখন একটি মন্ত্রী সভার সমস্ত হিসেবে এই উদ্বাস্ত বিভাগের ভার নিয়েছেন, যে মন্ত্রীসভার উদ্দেশ্য হচ্ছে পুজিবাদী রাষ্ট্রের ব্যবস্থা কায়েম রাথা এবং পুজিপতিদের স্বার্থে তাদের সমস্ত কিছ ব্যবস্থা করা। সেদিক থেকে আমি তাঁকে তার অন্ততম গুণগ্রাহী হিসেবে অমুরোধ করবো—তিনি সকল কথা বিচার করে দেখুন যে, আজ উদাস্ত সমস্তা আমাদের मामत्न या त्मथा निराह तारे छेवाल ममञारक या ভাবে এখানে বিভিন্ন সদন্তরা আলোচনা করেছেন তাতেই বুঝা যাচেছ কয়েকজন মৃষ্টিনেয় দলের লোক উবাস্ত সমস্থাকে সামাভ ব্যাপার বলেই মনে করে। অবগ্র পুঁজিপতিদের অনুগ্রহপূর্বক পদলেহনকারী কয়েকজন ছাড়া এটাকে গুরুত্ব যথেষ্ট দিয়ে পাকেন। অনেকে বলেছেন এই ব্যবস্থা হচ্ছে দেওলিয়া নীতি, অনেকে বলে এটা সরকারের বার্থতার নীতি। রাজ্যপাল মহোদয়ের ভাষণে দেখলাম তিনি বলেছেন আমাদের যা করনীয় ছিল তাকরতে পারিনি। প্রতিবছর আমরা একণাগুনে আসছি। আমি সদস্তদের জিনিষ্টার সম্পূর্ণ গুরুত্ব অনুধাবন করতে বলি---৷ আমি অন্ততঃ U.C.R.C.র সঙ্গে যুক্ত হওয়ার পর থেকে প্রতিদিন campa campa গিয়েছি জেলায় জেলায় ঘুরেছি, আমি দেখেছি এই সমস্তাটা একটি ভয়াবহ সমস্তা নিয়ে জাতীর সামনে দেখা দিয়েছে। তাই উবাস্তদের দণ্ডকারণো শুধু পৌছে দিলেই আমাদের কর্ত্তব্য সম্পন্ন হতে পারে না—এদেশের মধ্যেই ভারা থাকছে ইতিপূর্বে আমি রাজ্যপালের ভাষণের সময় দেখিয়েছি তাদের কেমন করে এখানে রাখা ষেতে পারে। আমি মনে করি না—এ বিষয়ে ভালভাবে বিবেচনা না করে গুধু যদি বলেন দণ্ডকারণো ভাদের পাঠিয়ে দিলেই, পৌছে দিলেই সমস্তার সমাধান হয়ে যাবে ভাহলে তা আমি বিশ্বাস করি না। সেজত অমুরোধ করবো একটা Judicial enquiry করা হোক। আর সেটা যদি শুস্তবপর না হয় তাছলে বিভিন্ন দলের সদ্ভাদের নিয়ে একটা Enquiry Committeeর ব্যবহা কর। হোক তাহলে দেখা যাবে উদান্তদের অবস্থা কি এবং তাদের জীবনে কি অবস্থা সৃষ্টি হয়েছে, <u>ট্রবাক্ত আজকে উডিয়ার রয়েছে, বিহারে রয়েছে, প্রতিটি ক্ষেত্রে আমি দেখেছি যে উৎাক্তদের</u> জীবন নিয়ে সেথানে ছিনিমিনি থেলা হচ্ছে। তাদের এমনভাবে রাখা হচ্ছে। যাতে করে আমাদের দ্বাতীর মধ্যে বেকার সমস্তা, দেশদ্রোহিতা এসমস্তের সৃষ্টি হয়। আমি জানি পুলিপতিদের যে গ্রন্থবাবস্থা তাতে তারা এদের সহায়তায় শাসনব্যবস্থা কায়েম করে রাথবার ব্যবস্থা আছে। আমি ু গাজকে মন্ত্রীমহাশয়কে যিনি থুলনা জেলার অবধিবাসী এবং নিজেও উদ্বাস্ত এবং সহকারী মন্ত্রী বনি আছেন খ্রীমতী মায়া ব্যানার্জি তিনিও পূর্ববাংলার অধিবাসীনী স্কুতরাং তাদের কাছে আহ্বান গানাই যে এভাবে সমস্ত উদ্বান্তদের আপনারা ধ্বংসের মূথে ঠেলে দেবেন না। আমার যা বক্তব্য চা আমাদের সম্পাদক সাধারণভাবে সমর মুখার্জি মহাশয় রেখেছেন রাজ্যপালের ভাষণের সময়ও গানিয়ে দিয়েছি কিন্তু আজকে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে এবং এ সম্পর্কে বলার প্রয়োজন মাছে। Movement of displaced persons সম্পর্কে Ministry of Rehabilitation. New Delhia কাছ থেকে যে বিষ্ণাপ্তি দেওয়া হয়েছে তাতে জানান হয়েছে দণ্ডকারণ্যে এ সমস্ত াকুষকে জোর করে পাঠিয়ে তাদের সমস্ত camp বন্ধ করার প্রায়োজনীয়তা দেখা দিয়েছে। চারা এদেশের একটা অংশ, তারা এ দেশকে ভালবাদে তাই তাদের যদি জোর করে দণ্ডকারণো াঠান হয় তাহলে দেখানে তারা থাকবে না এবং দেশের সামনে একটা বিশৃত্যলার দেখা দেবে এবং সমাজবিরোধী কার্য্যকলাপ বৃদ্ধি পাবে এবং দেশের সামগ্রিক ছবি বদলে যাবে। কাজেই ত্যের মুখোমুখি দাঁড়িয়ে এ সম্বন্ধে বিবেচনা করতে অমুরোধ জানাবো।

12-30-12-40 p.m.]

Shri Ajit Kumar Ganguli: স্পীকার মহোদম, চার বংসর ধরে অনেক suggestion এবং সমালোচনা করেছি কিন্তু আজকে আপনার মাধ্যমে এই বিভাগের বিরুদ্ধে প্রভাক্ষ এবং বোক্ষভাবে মন্ত্রীমহাশয়ের বিরুদ্ধে চারটি অভিযোগ আনছি আশাকরি তিনি সেই অভিযোগগুলির কাব দেবার চেষ্টা করবেন। আর নইলে সেই অভিযোগের বিচার অন্ত জায়গায় হবে। এই বিরটি অভিযোগের মধ্যে একটি হচ্ছে নর হত্যা; দ্বিতীয় cheating প্রভারণা; তৃতীয় breach of trust— বিধাস ভঙ্গের অভিযোগ; আর চতুর্থ হল নিষ্টুরতা। প্রথম নরহত্যা, বনগার নাধারেড়ে যতীন পাল, সে গলায় দড়ি দিয়ে মরেনি বা পুডে মরেনি। সে শুকিয়ে মরেছে, গর শিশু সন্থান শুকিয়ে মরেছে। যদি তা তদন্ত করতে চান ভাহলে তার বাড়ীর বাইরে একটু মণেকা করতে হবে কারণ তার স্ত্রীর পরণে হয়ত তথন কোন কাপড নেই এবং তারপর য়ত দেখতে পাবেন তার স্ত্রী গামছা পরে এসেছে। এই হছে অবস্থা।

তারপর ট্যাংরা কলোনীতে একটা শিল্প করার কথা ছিল। সেথানে প্রায় ৩০ হাজার বাস্তহারা মাছে। কিন্তু কোন মাঝারী বা ছোট শিল্প সেথানে হল না। এমন কি বনগা দহরেও করলেন ।। প্রীযুক্তা মায়া ব্যানাজি গিয়ে দেখে এলেন। এ নিয়ে জনেক ভদস্ত করা হল কিন্তু আজার্যিন্ত কিছু করা হল না। এটাই হচ্ছে cheating। তারপর দেখুন এই ১০ বৎসর ধরে স্থানে যে সব refugee আছে, নিলদর্পন কলোনী, ট্যাংরা কলোনী, নৃসিংহথোলা কলোনী, গ্র্থানে বাস্তহারাদের ৬ বিঘা থেকে ১ বিঘা করে জমি দেবার কথা ছিল। কিন্তু সেথানে ৬ থেকে ১ বিঘা জমি ত দ্বের কথা, ৪ বিঘা জমি কয়জনের আছে বলতে পারেন ? বলতে পারবেন না। গ্রহণে বলতে পারেন তারা বেঁচে আছে কি করে, বনগায় লক্ষ্ণ refugee, তারা মরে যায় নি ? শামরে যায়নি কিন্তু তাদের বেঁচে থাকার কৃতিত্ব সরকারের নেই। থবর নেবেন, আপনার

বিভাগে, Relif Department এ G.R.র জন্ত প্রায় 70 percent বাস্তহারা বেঁচে আছে। তাহলে বলতে পারেন যে আর 30 percent র নিশ্চয়ই পুনর্বাদন হয়ে গিয়েছে। স্পীকার মছোদয়, আমি আপনার মাধ্যমে জানতে চাই এই 30 percentরও পুনর্বাদন হয়নি। তাদের মা বোনদের আজকে বে অবস্থায় নিমে গিয়েছেন তা এখানে বলা যায় না। আমি জোরের সঙ্গে বলতে চাই যে তাদের এইভাবে cheat করা হয়েছে।

ভূতীর কথা বলবো যে তাঁরা বিশ্বাস ভঙ্গের কাজ করেছেন। জ্মাপনি ঐ অঞ্চলের বিনি M. I. A. আছেন তাঁকে জিল্পানা করবেন স্বরূপ নগরে, বেখানে প্রায় ও ছাজার বাস্তহারা বাস করে। আপানারা জানেন যে এই ও ছাজার বাস্তহারা কি করে সেখানে আছে। সেখান থেকে কোন গাড়ী নিয়ে বনগা সহরে জাসা যায় না কারণ তার মাথে একটা ব্রীজ করা দরকার। খায়া সাহেব সেটা দেখে এসে স্বীকার করেছেন যে সেখানে একটা ব্রীজ করা দরকার। ডাঃ রায়ও স্বীকার করেছেন এবং তার জন্ম হুই লক্ষ টাকা Sanction হয় এবং এর একটা technical report দেবার জন্ম State Government কে বলা হয়। কিন্তু প্রাক্লুরাবুর department সেই technical report সরবরাহ করতে না পারায় তারা সে টাকা পাছেনা। অথচ এই তিন ছাজার refugeeর জন্ম যদি সে ব্রীজ হয় ভাহলে ভারা জীবিকা অর্জন করতে পারতো।

মিকিরহিল থেকে উদ্বাস্ত এসেছে— তারা কি করে vagrancy হল ? তাঁদের কি মা বাপ নাই প আপনাদের নিজেদের খুশীমত কি এই vagrancy rule হবে ? কি করে এদের vagrants বলেন ? তাদের অথাত দেওয়া হয় drydole হিসাবে, বছরে ছটো কাপড় আর ছটো জামা। মেয়েদের যে কাপড় দেওয়া হয় তা দিয়ে লজা নিবারণ করা য়য় না। এগুলি একেবায়ে bandageএর কাপড়। কোন contractorকে এজত tender দেওয়া হয়েছিল ? কোন মাস্ত্র এ কাজ করতে পারে না। কিন্তু তাই আপনারা করছেন। মাঃ স্পীকার মহাশয়, certificate এর কথা জগরাথবার বলেছেন। প্রস্কুল্লবার একটা কথা ভূলে য়াছেন য়ে, এই যে তাঁরা court তৈরী করেছেন এই কোটে চূড়ান্ত নিম্পত্তি হবে না। এর উপরেও আরেকটা court আছে যেখানে আপনাদের উদ্ধার পাবার রাস্তা নাই।

[12-40—12-50 p.m.]

Shrimati Maya Banerjee: মাননীয় স্পীকার মহাশয়, আজকে পশ্চিমবাংলার এবং পশ্চিমবাংলার বাইরে বাস্তহারাদের পুনর্বাসনের জন্ম মা: মন্ত্রী মহাশয় যে ব্যায়বরাদ্দ দাবী উত্থাপন করেছেন তার উপর প্রায় ভিন ঘণ্টার উপর বিভর্ক হল। যথাসন্তব বিভিন্ন পক্ষের সদস্তদের বক্তব্য আমি বুঝবার চেষ্টা করেছি। এই ব্যাপারে সবচেয়ে যেটা প্রয়োজনীয় সেটা হল সরকার কোননীতির মাধ্যমে বাস্তহারা ভাইবোনদের পুনর্বাসন দিতে চান সেটা বোঝা দরকার। আমি যেটুর বুঝতে পেরেছি—এখানে আমাদের বামপন্থী বন্ধদের সঙ্গে মতবিরোধ আছে— পশ্চিমবাংলায় থাক। এবং দগুকারণ্যে যাওয়ার ব্যাপারে ১৯৫৮ সালে এখানে তাঁরা সর্ববাদীসন্মভিক্রমে, ঠিক করেছিলেন বে, পশ্চিমবাংলায় স্কষ্টুপুনর্বাসন অর্থাৎ অর্থনৈতিক পুনর্বাসন হবার সন্তাবনা নাই, তারজন্ম তাঁরা সর্বসন্মভভাবে দগুকারণ্য পরিকল্পনা সম্পর্কে প্রস্তাব গ্রহণ করেছিলেন। আমি এখানে ভনে অ্বাক্ ছয়ে পেলাম যে, মাননীয় স্ক্রোধ ব্যানাজির মন্ত একজন বুদ্ধিজীবি নেতা কি করে বল্লেন যে মাননীয় স্ক্রোধ ব্যানাজির মন্ত একজন বুদ্ধিজীবি নেতা কি করে বল্লেন যে মাননীয় ত্রিয়ে বিশ্বতিক পুর্বীয় মুখাজনী নাকি বলেছেন যে, ১০০ কোটি টাকা খরচ করে পশ্চিমবাংলাতেই উত্থায়দের

াৰ করে পুনর্বাদনের ব্যবস্থা করা বেতে পারত। এটা তাঁর অদীক করন।। মাঃ পূর্বী মুখার্জি খনো মন্ত্ৰী আছেন, এবং আমি নিজে এরকম কোন কথা জানিনা। যাইছোক, এখানে যে প্রভাব চীত হয়েছিল – দওকারণো যেতে হবে এবং সেখানে পুনর্বাসনের সুব্যবস্থা করতে হবে –- ডাতেই ঃ সুবোধ ব্যানাজির দায়িত্ব শেষ হয়েছে বলে আমি মনে করি না। মাঃ স্পীকার মহাশয়, গুকারণ্য পরিকল্পনা নিয়ে যথন নাকি একটু অব্যবস্থা দেখা দিয়েছিল তথন এই ছাউদ থেকে ঠিক ্মছিল যে স্বদলের সদস্ত সেথানে যাবেন—ভারপর এই মন্ত্রী মণ্ডলী সেখানে গিয়েছিলেন। াজকে এখানে মা: মন্ত্ৰী মহাশয় ব্ৰেছেন দণ্ডকারণ্য Development Authority ব কথা ারত সরকারের কাছে উপস্থাপিত করা হয়েছিল যারফলে বাংলাদেশের একজন ক্নতী লোক আজকে ার চেয়ারম্যান হয়েছেন। তথন বিভিন্ন পত্রিকা থেকে তাঁকে অভিনন্ধন জানানো হয়েছিল। াজকে সরকারের ভরফ থেকে একটা দাকল প্রচেষ্ঠা চলছে যাতে করে আজকে যারা campa য়েছে ভাদের এই campএর জীবন যা আমরা কেউ পছন্দ করিনা তার অবসান ঘটানোর জন্ম। াজ এখানে এদলকে প্রথম বক্তব্য উত্থাপন করেছেন শ্রীসমর মুথার্জি, এখানে এখন ভিনি নেই---্টুনি তাগামী নির্বাচনের কথা তুলেছেন এবং দেখলাম তিনি এই নিয়ে ভয় পেয়ে গিয়েছেন। শ্রীযুক্ত ল্লিক চৌধরীও দেইধরণের কথা এখানে বলেছেন। এই প্রসংগে "হিন্দুখান টাইমদে" যে সংবাদ ঠেছে দেটা আমি পরে গুনিয়ে দিতে চাই-এই সংবাদটা উঠেছে গত ২৬,২।৬১ তারিখে-Soviet .mbassader, India, বলছেন, এই রাষ্ট্র পু'জিবাদী রাষ্ট্র নয়, এই রাষ্ট্র পু'জিপতিদের ধারা চলচে া.—এই কথা তাঁদের দপ্তর থেকেই বলা হচ্ছে—Economic and technical co-operation etween India and the Soviet Union will increase manifold in the years head. In fact, there can be no fundamental difference between socialist ountries on technical and economic co-operation given by one socialist ountry to another socialist country.'

স্থার, তাঁরা যে নীতি প্রচার করেন তার সঙ্গে সমতা রেথে বললে ভাল হয়। ভিলাই সম্পর্কে গারা বা বলেছেন ভাথেকে এই প্রমাণিত হচ্ছে যে এটা পুজিবাদী রাষ্ট্রনয়। এটা পুঁজিবাদী রাষ্ট্র ্য বলে বাস্তহার৷ ভাইবোন, কৃষক ভাইবোন, মধ্যবিত্ত ভাইবোন ইত্যাদি সকলের সম্পর্কে এই রাষ্ট্র চন্তু। করেন। কাজেই পুনর্বাদন ব্যাপারে আমরা যে নীতি প্রকাশ করেছি তাতে কোন রকম ফাঁকি গাছে বলে আমি অন্ততঃ মনে করিনা, সরকারও মনে করেন না। ছিতীয় কথা, আগামী পঞ্চবার্ষিকী ারিকল্পনায় বিভিন্নভাবে পুনর্বাসনের কাজ কি হবে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় এথানে ৫০ কোটি াকার হিসাব একটা যে দিয়েছেন তারমধ্যে শিক্ষা, শিল্প, কলোনীগুলিকে রেগুলারাইজ করা ৈ চাদি সব কথা আছে। পশ্চিমবাংলার মধ্যে আগামী ৫ বছরে স্কুপুনর্বাদন-অর্থাৎ স্কুক্তে যা ালা হয়েছিল আজকে সেই কথা বলা হয়েছে যে অর্থনৈতিক পুনর্বাদন কিভাবে হবে তার একটা টক কেনা হয়েছে। কাজেই বিরোধীপক্ষ থেকে বলছেন যে কিছু তাঁরা বুঝলেন না, সেটা সুনে মামি অবাক হলাম। কারণ এর মধ্যে বোঝার কিছু নেই। অর্থাৎ আগামী ৫ বছরে এই ৫০ কোটি াক। বিভিন্ন ভাবে ব্যয়িত হবে এর থেরকম প্রয়োজন হবে সেরকম হবে। কাজেই সমর মথার্জি ংহাশয় এট ৫০ কোটি টাকার কথা গুনলে ভয় পেতে পারেন তাতে আশ্চর্য্য হবার কিছু নেই। এট ন-ক্যাম্প বাস্তহারা ভাইবোন যারা পশ্চিমবাংলায় রয়েছে তাঁরা যদি সরকারের সঙ্গে সহযোগিতা করেন ভাছলে হয়ত তাঁদের অস্থবিধা হবে। সেজতা তাঁরা বাস্তহারাদের তঃথত্নশার কথা চিন্তা না হরে আসল ছবিটাকে গুলিয়ে দিয়ে ইলেকশানের কথা বললেন। এজন্ত আমরা সরকার ও বালালী ইসাবে ছঃখিত। ষাইহোক মন্ত্রীমহাশয় এখানে কতকগুলি স্পেসিফিক কেস বলেছেন। হরিদাস মিত্র মহাশয় ১৯৫৬ সালের ফ্রাডের কথা বলেছেন। ১১৮টি পরিবার সেই ফ্রাডের সময় বৃদ্ধের

কালের যে কন্তকগুলি সেড পড়েছিল সেথানে তারা আশ্রয়গ্রহণ করেছিল। তারপর তিনি নীরওলা কলোনীর কথা বলেছেন। সেথানকার ৯০টি পরিবারের মধ্যে ৬৯টি পরিবার ফিরে এসেছেন। ইত্যাদি সম্বন্ধে মেনলি তিনি বলেছেন যে আমাদের প্রোগ্রেস ভাল হয়নি—একথা মন্ত্রীমহাশরও বলেছেন। ১৬টা বড় শিল্প প্রতিষ্ঠান প্রায় ১ কোটি ৩৬ লক্ষ্ণ মন্ত টাকায় নিয়েছে আমাদের কাছ থেকে। যতজন বাস্তহারা ভাইবোনকে চাকরী দেবার কথা ছিল সেটা তাঁরা দেননি। একথা মন্ত্রী মহাশয়ও বলেছেন। অর্থাং সেথানে ৭ হাজার ৫৮১ জনকে দেবার কথা ছিল, মাত্র ২ হাজার ৩০৭ জনকে চাকরী দিয়েছেন। এজন্ত অনকে বলেছেন যে টাকা ফিরিয়ে নেওয়া উচিং, আবার কেউ কেউ বলেছেন যে সেথানে ১জাগ দৃষ্টি রাথা দরকার। আমরা মনে করি সজাগ দৃষ্টি রাথা দরকার। কিন্তু সবচেয়ে বড় কথা হল যে কেন দেরী হল পু বাঙালী শিল্প প্রতিষ্ঠান হিসাবে আমরা দিয়েছিলাম। আমরা চাই যে একটু দেরী হলেও বাঙালীরা ব্যবসা শিশ্ব এবং শিল্প বাংলাটাকায় হোক। তাঁরা যে জিনিষ্টা জানতেন না সেটা করতে হয়ত একটু সময় লাগছে। কিন্তু বাস্তহারা শিক্ষা প্রতিষ্ঠান বলে সেটা বাংলার গৌরব হবে। অনেকে মেসিন পাননি বলে হয়ত দেরী হছে, কিন্তু সেদিকে সজাগ দৃষ্টি আমাদের আছে।

[12-50—1 p.m.]

অপূর্ববাবু বলেছেন যে, ক্যাম্পের ব্যাপারে ক্রিমিনাল নেগলিজেন্স দেখান হচ্ছে। কিন্তু আমি তা মনে করি না এবং অপূর্ববাবুও তো এটা ভাল করে জানেন কেননা গতবার তিনি আমার সঙ্গে ক্যাম্পে গিয়েছিলেন। তারপর বলা হয়েছে embarrassing notification হয়েছে এবং তাদের ডোল পুনর্বহাল করা হয়নি। কিন্ত হরেক্লফ্ডবাবু থেকে স্কুক্ল করে এই এবং ঐ সমস্ত বেঞ্চের লোকেরা যথন স্পেফিসিক্ কেস্এ ডোল রেষ্টোরেসন্ করতে বা এদের সঙ্গে ক্যাম্পে বা যেখানে হাঙ্গার-ষ্ট্রাইক হয়েছে সেখানে যেতে বলেছেন তথনই এঁদের সঙ্গে সেখানে গিয়েছি। ভারপর বলা হোল পূজা এসেছে কাজেই এঁদের একটু থাকতে দিন, কিন্তু দণ্ডকারণ্য পুজা হয়েছে এবং আমরা সেথানে কাপড় পাঠিয়েছি এবং ডারাও সেথান থেকে থবর পাঠিয়েছে। ভারপর নভেম্বর, ডিদেম্বর, জামুয়ারী এবং ফ্রেক্রয়ারী চলে গেল কিন্তু এখন কোঙার মহাশয় বলছেন যে. সমস্ত পরিকল্পনা পাল্টিয়ে দিন, কিন্তু মাননীয় প্পীকার মহাশয়, পুনর্বাসনের প্রশ্ন যথনই উঠেছে তথনই আমরা বলেছি যে, সে জায়গা ভারত সরকার পরিচালনা করছেন এবং বিফিউজী বিহাবিলিটেসন সমস্থা সম্পূর্ণ ই ভারত সরকারের সমস্থা। অবগ্র কাজের এক্সিকিউসন-এ অনেক সময় অন্নবিধা হয়েছে কিন্তু তা স্বস্থেও তাঁদের উপর আমাদের আহা রয়েছে, তারপর পশ্চিমবাংলায় স্মৃষ্ঠ পুনর্বাদন হয়নি বলে যারা আরও ৫ বছর পেছিয়ে দেবার কথা বলেন তাঁর। কি চান যে, এই ১৭ হাজার পরিবার ৬ মাসের ডোল নিয়ে বেরিয়ে গিয়ে রাস্তায় বাস্তায় ঘুরে ঘুরে টি. বি. রোগীর সংখ্যা বাড়াক ? তাহলে তো বুঝতে পারছি না যে বাস্তহারাদের প্রতি তাঁদের কতথানি দরদ আছে। তবে আমি এইটুকু বলতে পারি যে, কলোনী রেগুলারাইজ এবং ভার ডেভলপমেণ্ট করবার জন্ম পশ্চিমবঙ্গ সরকারের পরিকল্পনা আছে এবং সেই হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ দান, শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা এবং স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার কাজে অর্থ ব্যয় হচ্ছে। অবশ্র অনেক জায়গায় হাইকোর্টে কেস্ হচ্ছে বলে এবং অনেক জায়গায় মামল। হচ্ছে বলে রেগুলারাইস করা হচ্ছে না। তারপর সেদিন নিরঞ্জনবাবু তাঁর কনস্ষ্টিটিউএন্সী-র খবর জানতে চাওয়ায় আমি তাঁকে ডিটেল্ড রিপোর্ট দিয়ে জানিয়ে দিয়েছি যে তাঁর কন্ষ্টিটিউএন্সী-তে কত লক্ষ টাকা যাছে। এ ছাড়া জগন্নাথ বাবু যে নদীয়ার কথা তুলেছেন সেখানে আমার বক্তব্য

হছে যে, আপনিও জানেন নদীয়ায় আমাদের অনেক টাকা খরচ হয়েছে এবং বায়নানামা নীতিগভ
ভাবে আমরা কোথায়ও বন্ধ করিনি। তবে যেহেতু ভূমি-সংস্কার আইন এসেছে সেইহেতু
গায়নানামা ভাল করে চেক্ করা হয় যাতে করে দালালের হাতে পড়ে নষ্ট না হয়। তারপর
অনেকে বলেন বর্দ্ধমানে দেবেন না, নদীয়ায় দেবেন না—ভাহলে আপনাদের দরদ কোথায়? যা
হোক্, সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে পরিকল্পনা রেখে আমারা প্রতি বছরেই স্বীকার করি যে আমাদের
মুঠু পুনর্বাসন হয়নি সেইজন্ত আগামী বছরে আমরা এইভাবে এগুবো এবং সেই হিসেবে এবারের
মন্ত যে সামান্ত টাকা চাওয়া হয়েছে সেটা ঠিকই চাওয়া হয়েছে বলে মনে করি এবং সঙ্গে সঙ্গে
এক বাক্যে দগুকারণা পরিকল্পনাকে সমর্থন করি। তবে এ ব্যাপারে সকলের সহযোগিতা করা
রকার এবং সেই হিসেবে যে প্রতিশ্রুতি হরিদাসবার, অপূর্ববারু এবং এস. ইউ. সি.-র সেক্রেটারী
দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি অনুসারে যদি তাঁরা চলেন ভাহলে ভাল হয়। অবশ্র আমাদের
ভোশ হবার কারণ নেই কেননা আমরা আশাকরি সেই সহযোগিতা আপনাদের সকলের কাছ
থকে পাব।

তারপর কথা হোল আমরা বেমন দণ্ডকারণ্যে গিয়েছিলাম আপনারাও তেমনি গিয়েছিলেন,
চাজেই যদি দোষ ত্রুটি কিছু থাকে তাহলে তা' আলন করা ভাল। কিন্তু তা না করে যদি
কবল অসহযোগিতার মনোভাব নিয়ে চলেন তাহলে ১৯৫৮ সালে যেভাবে আমরা প্রস্তাব পাশ
চরেছিলাম তাতে ভারতবর্ধের কাছে বাঙালী জাতি ছোট হয়ে যাবে। কাজেই আজ আমি
মাপনাদের সহযোগিতা এবং সমর্থন চাইছি এবং আহ্বান করছি যে, যাতে করে উবাস্ত
চাইবোনেরা দণ্ডকারণ্যে যেতে পারে তার জন্ম আপনারা সকলে এগিয়ে আহ্বা। মাননীয়
মধ্যক্ষ মহাশয়, একথা বলে আপনার কাছে আমার উত্তর রেথে আমি আমার আসন গ্রহণ করছি।

The Hon'ble Purabi Mukhopadyay: মাননীয় স্পীকার মহাশয়, আমার নামে এখানে যে কথা বলা হয়েছে সে সম্বন্ধ আমি কিছু বলতে চাই। স্থবোধবাবু এখানে তাঁর বক্তার শ্বে বলেছেন আমি যথন উদ্বাস্ত বিভাগের কলা ছিলাম তথন নাকি ওঁর কোন কোন প্রস্তাব গ্রহণ হরে ক্যাবিনেটে পর্যান্ত তা নিমে আলোচনা হয়েছে। তবে স্থবোধবারু ক্যাবিনেটের আগলু করা বেবাদ প্রেয় একথা বলেছেন কিনা জানিনা কিন্তু পশ্চিমবন্ধ সরকার অকুঠচিত্তে এই দওকারণা নীম গ্রহণ করেছিলেন এবং সেই প্রস্তাবে যারা মতামত দিয়েছিলেন তারমধ্যে আমিও একজন ধংনাদার। শুধু তাই নয়, দওকারণাের পক্ষ থেকে যে সমস্ত সভা করা হয়েছিল তার বহু ক্যাম্প ভায় "দওকারণাে যাক্" একথা বলে আমি বক্তা করেছি। কাজেই আমার সম্বন্ধে যে সব কথা লা হয়েছে তা ভূল। তারপর উনি বোধহয় ছটোর মধ্যে গুলিয়ে ফেলেছেন যে, যারা দওকারণাে টিছেনা তাদের জন্ত এখানে শিল্প স্থাপন করা হবে। তবে একথা আমি পূর্বেও বলেছি, এখনও লছি এবং যতক্ষণ না এটা মিটবে ততক্ষণ বলব।

The Hon'ble Prafulla Chandra Sen: মাননীয় অধ্যক্ষ মহাশয়, দণ্ডকারণ্য নিয়ে বনেক আলোচনা হয়েছে। বিরোধীদলের অনেক মাননীয় সদস্ত এবং হরেক্ষ কোনার মহাশয় লেছেন এই ১৭।১৮ হাজার ক্যাম্প পরিবারকে দণ্ডকারণ্যে পাঠিয়ে কি সমস্ত সমস্তার সমাধান হবে ?
নিমি একথা আগেই বলেছি যে এই ১৮ হাজার পরিবারকে এখানে রাখবার স্থান নেই। আমি নিরায় বলছি যে ক্যাম্প রিফিউজীদের যাবার পর যারা আংশিকভাবে পূন্র্বাসন পেয়েছে বিশেষ বিরুদ্ধ করিবাররা তাদেরও যাবার সম্ভাবনা আছে এবং আমি মনে করি দণ্ডকারণ্যে কৃষিযোগ্য বিসম্ভ জমি আছে তাতে ২০।২৫ হাজার পরিবার কেন বোধ হয় ১॥ ২লক্ষ পরিবারকে পাঠাতে বি

m WBTA}$ -র মেম্বার হলেন না কেন ? এই ওদ্ধতা আদে কোথা থেকে ? এ যদি হয় তাহলে কালীবারে দপুর শিক্ষার ভার নেন ভাহলেই তো অনেক শোভন হয়, ভাল হয়। এ জিনিষ চলেছে বরাবর এখানে।

এই জিনিস বরাবরই চলছে। আজকে এখানে আপনারা গণভন্তের কথা বলেন, regimentation কথায় কথায় বলছেন কিন্তু এই ধরণের ব্যাপার চলছে। এথানে শুধু রাজনৈতিক পার্টিই নয়, A.B.T.A. র member হলেও অভায় হয়ে গেল। এ জিনিস একজন পুলিশ অফিসারের থেয়াল মত হয় না, এটা সরকারের থেয়ালগুনী মত হয়, এই অবস্থাই আমরা এখানে দেখতে পাচ্ছি । শিক্ষকদের বেতন পেতে বহু দেরী হয়। Training এ যারা যায় তাদের deputation allowance যা দেওয়া হয় দেই deputation allowanceও তারা দেরী করে পায়। তারপর অনেক আন্দোলনের পর যদিও বা তাদের কতকগুলি দাবী মেনে নেন কিন্তু সেথানেও দেখছি আক্সহানি হয়। যেমন শিক্ষামন্ত্রীমহাশয়—যথন শিক্ষকরা আন্দোলন স্কুক করবার জন্ম প্রস্তুত হচ্ছিলেন --- অবশ্য কতকগুলি দাবী তাদের মেনে নিলেন কিন্তু আসল ছুইটি দাবী যুক্তি সঙ্গত হওয়া সত্ত্বেও মেনে निर्मन ना। माधामिक निक्करान्त्र (यमन training of Photos of deputation allowance দেওয়া হয় সেইরকম প্রাথমিক শিক্ষকদেরও দেওয়া হোক আর Tunior Madrashaওলি শিক্ষকদের Junior high schoolর শিক্ষকদের মত experience আছে, তাদের সেইভাবে ধরা হোক কিন্তু এটা মেনে নেন নি। অন্ত কতকগুলি দাবী মেনে নিয়েছেন। তারপর মল কথা হচ্ছে, গণভান্ত্রিক পদ্ধতিতে স্বন্ধং সম্পূর্ণ মাধ্যমিক শিক্ষাবোর্ড গঠন। এই কথা আমি বিশেষ করে বলতে চাই কারণ এই সম্পর্কে শিক্ষকরা অভিযোগ করে আসছে। এথানে শিক্ষামন্ত্রী মহাশয়, ১৯৫৭ সালে ৰখন বিধান পরিষদে এই বিল নিয়ে আলোচনা হচ্ছিল, তথন বিরোধীপক্ষ থেকে বলা হয়েছিল

যে এই আলোচনা শুগিত রেখে কলকাতা বিশ্ববিতালয়ের মতামত নেওয়া হোক। কিন্তু মন্ত্রীমহাশয় তখন তাতে এমনভাবে আপত্তি করেছিলেন যে এই বিদ তখন হুগিত রাখলে একটা ভীষণ কাও হয়ে যাবে। কিন্তু আমাজ ১৯৬১ দালের মার্চ মাদে দাঁড়িয়ে বলছেন যে এটা ব্যর্থ হয়েছে। ডাঃ রায় আলোচনা করেছিলেন, কিন্তু মূলমতের ঐক্য হয়নি। এই অবস্থা হয়ে আছে। এখন এই বোর্ড নামে মাত্র রেখে দিয়েছেন Administrator একজন বসিয়ে দিয়ে। এর ফলে এখানে এখন চ্ডান্ত বার্থজা ও বিশৃঙ্খলা দেখা দিয়েছে। এবং এই গুলি যথন তুলে ধরা হয়, ভখনই তাঁরা বলেন যে ত্থামরা করিনি বোর্ড করেছে। অর্থাৎ এখানে দেই Dr. Jekyl and Mr. Hydea গল মনে পড়ে যায়। সে গল্প উনি জানেন কি না জানি না। Dr. Jekyl ঔষধ প্রয়োগ করে Mr. Hyde হয়ে লোকের উপর দৌরাত্ব করতো। এইভাবে তিনি বৈত ভূমিকা গ্রহণ করতেন। এখানেও তারা ভাই করছেন। এ জিনিস বন্ধ করা প্রয়োজন। মাধ্যমিক শিক্ষা বোর্ডকে যদি সভ্য সভাই সংগঠন করতে হয় ভাহলে তাগণতান্ত্রিক পদ্ধতিতে গঠন করুন। এবং মাধ্যমিক শিক্ষা বোর্ড যাতে স্বয়ংসম্পূর্ণ কর। যায় সেই জিনিস করা অত্যন্ত প্রয়োজন। কিন্তু এটা ঠেকিয়ে রেখেছেন বংসরের পর বংসর। এখানে যে চূডান্ত বিশৃত্মলা দেখা দিয়েছে তা এত অল্ল সময়ে বলা মুশকিল। মাধামিক শিক্ষার এখন যে অবস্থা হয়েছে তাতে দেখতে পাচ্ছি,— যে কথা ডাঃ ঘোষ বালছেন— আজকাল একটা fashion হয়েছে ছেলেদের সাহেব স্কুলে পড়ান। এর ফল কি হয়েছে দেখতে পাচিছ, আমার এক পরিচিত ভদ্রলোকের ছেলেরা সাহেব স্কুলে পডে। তারা ফোর এগানাস না বলে ফো এ্যানাস বলে, এই যা শিখেছে: কিন্তু আমেরা যারা ফোর এ্যানাস বলি ভাদেরও তাতে কিছু অসুবিধা হয় ন।। এই জিনিষ আপনারা সৃষ্টি করছেন। ভারপর মাধামিক শিক্ষা ক্ষেত্রে শিক্ষার নামে যে বিশুখালা সৃষ্টি হয়েছে, যেমন Syllabusর কথা গভবারেও বলেছিলাম, এবারেও অত্যাত্য বন্ধুরা বলেছেন। এই বিষয় শিক্ষকদের যে দাবী, যে শিক্ষকদের মনোনীত কমিট গঠন করা হউক। এবং এই কমিটা দর্কানিম্ন তর থেকে দর্কাইচ্চ তর প্যান্ত ভারা স্থপারিশ করবে কিন্তু এই দাবী গ্রহণ করতে সরকারেব কি অমাণত্তি থাকতেপারে। উচ্চমাধ্যমিক একাদশম শ্রেণীর বিভাপয়ের জন্ম একই ধরণের পাঠ্যক্রম প্রবৃত্তিত করার দাবীর প্রতি উপেক্ষা করার ফলে দশম শ্রেণীর স্থল থেকে উত্তীর্ণ ছাত্রদের Pre-University Courses ছাত্রদের বিরাট সমস্তার সম্মুখীন হতে হয়। মাধ্যমিক ও বিশ্ববিভালয়ের শিক্ষার ভিতর integration র অভাবের জন্ম এই পরিণতি: তিন বংসরের ডিগ্রী কোসে আনেক বিষয় অন্তভূতি হয় নাই ষেগুলি ছাত্রদের উচ্চতর মাধ্যমিক বিভালয়ে প্ডতে হয়। যার ফলে তাদের অস্কৃবিধা হচ্চে। Higher Secondary পর্য্যাঃ এমন অনেক বিষয় বহুনুখী শিক্ষার ব্যবহু। করা হয়েছে য। এখন প্র্যান্ত ডিগ্রী কোর্সের অন্তর্ভুক্ত কর: হয়নি। যেমন Fine Arts, কৃষি, কারিগরা। গার্হস্তা বিজ্ঞান পাঠ্যক্রম ডিগ্রী পড়াবার বাবস্থ কলকাতা ছাড়া অন্তত্ত নেই। মান্ব বিভাৱ ভূগোল নিয়ে উচ্চ মাধ্যমিক প্রীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের মফ:খলে ভূগোল নিয়ে পড়ার স্কুযোগ নেই। বিজ্ঞানে মফ:খলের ছাত্রছাত্রীরা উচ্চ মাধ্যমিক পরীক্ষা ক্ষতিগ্রস্ত হচ্চে। তারপর পাঠ্য পুশুক ও ঠিকভাবে তৈরী করা হয়নি অব্যচ তাদের উপর জোর করে Three year degree course চাপিয়ে দেওয়া হচ্ছে।

[4-30—4 40 p.m.]

কিন্তু শিক্ষা সমন্বয়ের অভাবে নতুন ধরণের জিনিস করতে গিয়ে যে প্রস্তুতি দরকার তা নাথাকা একদিকে টাকা থরচ হচ্ছে, আবেকদিকে ছেলেমেয়েদের মাজে বোঝা চালিয়ে দিছেন। তাদে শিক্ষা দেবার নাম করে তাদের মনের বিকাশের পথ সম্পূর্ণ রুদ্ধ করছেন, শিক্ষাসংস্থারের মূল উদ্দেশ্য

ভাতে বাৰ্থ হচ্ছে। টাকা ক্ৰমশ: বেড়ে চলেছে, ১৮ কোটাতে এসে দাঁড়িয়েছে। কলেজী শিক্ষার ক্ষেত্রে ছটো জিনিষ দেখছি। School code সইএর জন্ত আচার্যোর কাছে পড়ে বছদিন ধরে ভার জ্ঞাকলেজ শিক্ষকদের আবার উপাচার্যের ঘর ঘেরাও করতে হয়। আচার্যের ধিনি সেক্রেটারী ভিনিই হচ্ছেন আবার শিক্ষা অধিকর্তা— তাঁর ঘরে কোথাও পডে আছে, তাঁর হয়তো পছল হয়নি! ষাই হোক. একটা উত্তর তো দেবেন। যদি আপনার বিবেকদংশন থাকে তাহলে জিল্পাসা করি এই জিনিসটাকেন হয় ? কলেজকোড অফুণোদনে দেৱী হচ্ছে কেন ? এজন্ত কেন কলেজ শিক্ষকদেৱ demonstration করতে হয় ? Matching grant এ প্রত্যেক বংসর গণ্ডগোল হয় তাঁরা বলেন আমার। হিসাব পাইনি, কলেজগুল থেকে বলেন আমর। হিসাব পাঠিয়ে দিয়েছি—সরকারী ফাইল কোপায় হারিয়ে যায় আমরা জানি। কলেজস্তরে শিক্ষা সংশোধনের যে নীতি এরা নিয়েছেন তা পরিস্কার কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী থেকে আরম্ভ করে সবাই একথা বলেছেন। আমরা কেউ না বল্লেও, শিক্ষাবিদরাই বলেন তালের জন্ম বিকল্প ব্যবস্থা করতে হবে, কিন্তু সেই বিকল্প ব্যবস্থা তারা করেননি। এই প্রসংগে কলেজী শিক্ষা ব্যাপারে রবীন্দ্রনাথের কথা অরণ করিয়ে দিচ্ছি—রবীন্দ্রনাথ কি বলেছিলেন, রবীন্দ্রনাথ বলেছিলেন, "মস্তিক্ষের সংগে স্নায়ক্রালের অবিছিন্ন যোগ দেহের অঙ্গপ্রভাঙ্গের। বিশ্ববিতালয়কে শেই মন্তিক্ষের স্থান নিয়ে স্নায়তন্ত্র প্রেরণ করতে হবে দেশের সর্বদেহে।" প্রশ্ন করা যেতে পারে কেমন করে যেতে পারে—তার উত্তরে আমার প্রস্তাব হচ্ছে, পরীক্ষার একটা বেরাজাল দেশজুরে পাতা হোক, এমন সহজ ও ব্যাপকভাবে তাব ব্যবস্থা করতে হবে যাতে করে কল কলেজের বাইরে থেকেও পরীক্ষার পাঠগুলি সেচ্চায় আয়ত্ত্বকরার উৎসাহ জাগে। কিন্তু এরা করছেন ঠিক শল্টোটা, এমন সব বই দিছেন যাতে তার ধার কাছ দিয়েও কারুর যাবার ইচ্ছা নাহয়। তারপর রাশিয়ার কথা একট বলি — আমার কথা নয়, রবীক্রনাথের রাশিয়ার চিঠি বলে একটা বই আছে -- ১৯৩০ সালে তিনি রাশিয়ায় গিয়েছিলেন তথনকার রাশিয়া বর্ত্তমানের তলনায় অনেক পশ্চাৎপদ ছিল, এবং প্রথম মহাযুদ্ধের অবসানের পরও তার ধান্ধা তথনো তারা কাটিয়ে উঠতে পারেননি—সেই সময় ডিনি রাশিয়ায় গিয়েছিলেন—সেই সময় ডিনি কি বলেছিলেন সেই কথা এখানে শুনিয়ে দিতে চাই—রাশিয়ায় পা বাড়িয়েই প্রথমেই চোথে প্রতন্ত সেথানকার চাষ্ট্র ও শ্রমিক সম্প্রদায় আজে ৮ বংসর পূর্বেও ভারতীয় জনসাধারণের মতো নিঃসহায, নিরল, নির্যাতিত ও নিরক্ষর ছিল। অনেক বিষয়ে তাদের ত্রঃথভার আমাদের দেশের থেকে বেদা বই কম ছিলনা। অন্ততঃ ভাদের মধ্যে শিক্ষাবিস্তার এই অন্ন কয়েক বৎসরের মধ্যেই যে উন্নতি লাভ করেছে ১৫০ বংসরে আমাদের উচ্চশ্রেণীর মধ্যেও তা হয়নি। তথ্যববীক্তমাথের পূজ। করলেই হবেনা, তার লেথাগুলো পড়তে হবে। আ্রেকটা কথা আমি বলতে চাই—শিক্ষা সম্বন্ধে ববীক্রনাথের কথা আমরা নিশ্চয় পুরুণ করব—বাংলাভাষার মাধ্যমে শিকার সর্বোচ্চন্তরে প্রাথমিক শিক্ষা থেকে আরম্ভ করে শিক্ষাদান করার জন্ম সেই যুগেই ডিনি আনবেদন করেছিলেন বিশ্ববিল্ঞালয়গুলির কাছে এবং বলেছিলেন এর মাধ্যমেই আনুমানের নবজাগরণ আসবে। বিভিন্ন বিষয়ে সহজ পছ্তিতে পাঠ।পুত্তক করার জন্ম অন্তানী হতে হবে। কিন্তু আজ সমন্ত জিনিসই কুক্ষীগত করে রেখেছেন শিক্ষাদপ্তর।

Shri Sasabindu Bera: মা: অধ্যক্ষমহোদয়, শিক্ষাথাতে বেশকিছু টাকা ব্যয় করা হছে এবং এ বছরেও অনেক টাকা বরাদ্ধ করা হয়েছে কিন্তু ব্যয়িত টাকার আদ্ধে শিক্ষার অগ্রগতির সঠিক পরিমাপ হয় না, সেই টাকা কি ভাবে ব্যয়িত হচ্ছে সেটা হিসাব করে দেখা দরকার। আমি প্রথমেই বলতে চাই যে, শিক্ষাথাতে যত টাকাই বরাদ্ধ হোকনা কেন, সরকার এখনো পর্যান্ত কোন স্বষ্টু নীতি শিক্ষাক্ষেত্রে গ্রহণ করকে পারেননি। প্রাথমিক শিক্ষাক্ষেত্রে এখনো ইংরাজ আমলের ১৯১৯ এবং ১৯৩০ সালের আইনই বর্তমান আছে এবং সেই হিসাবে আমরা এখনো ইংরাজ আমলেই বাস করছি বলা থেতে পারে অবিলথে এই ছুটো আইন বাতিল ক'রে এবং একটি স্থসংবদ্ধ আইন

ıচনাক'রে আমজকে কিকরে সময়োপযোগী নতুন শিক্ষানীতি গ্রহণ করা যে<mark>ডে পারে সে বিষয়ে</mark> গ্রামাদের দৃষ্টি দিতে হবে। তারপর, ক্ষুলবোর্ডগুলি যে ভাবে সংগঠিত হয়েছে তাতে এগুলি ারকারের সমর্থকদলের দলীয় স্বার্থসিদ্ধির স্থল হয়ে দাঁডিয়েছে। শিক্ষাক্ষেতে যে ভায়নিষ্ঠা ও নিবপেক বিচারের দৃষ্টিভঙ্গির প্রয়োজন তার একাস্ত অভাব এই স্কুলবোর্ডের কার্যপ্রণালী লক্ষ্য করলেই গ্রামাদের কাছে স্পষ্ট হয়ে উঠবে। দলীয় স্বার্থ ও স্বজনপোষণ দেখানে দিনের পর দিন স্পষ্টভর সুরে উঠছে। শিক্ষক নিয়োগ ও তাদের স্থানাস্তরের প্রশ্নে স্কুলবোর্ডগুলির কার্যক্রম দেখে আমার ানে হয় যে, শিক্ষক নিয়োগের ক্ষমতা বোর্ডের হাতে রাথা উচিৎ নয়। প্রাথমিক শিক্ষাক্ষেত্রে যে কান নীতি নাই তা সহজেই ব্ৰুতে পারা যায়, এবং তার দুষ্ঠান্তম্বরূপ এখানে দেখান যেতে পারে যে পার্থমিক শিক্ষাক্ষেত্রে অন্ততঃ পল্লী অঞ্চলে ইংরাজী শিক্ষা বন্ধ ক'রে দেওয়া হ'য়েছিল। কিন্তু মাবার শুনতে পাচ্ছি যে, এই বছর থেকে তৃতীয় শ্রেণী থেকে ইংরাজী শিক্ষা শুরু করবার নির্দেশ দ্ভয়া হয়েছে। তারপর পরীক্ষার ব্যাপারে বলা বেতে পারে যে, আগে প্রাইমারী ফাইস্থাল পরীক্ষা লেছিল, মাঝখানে কয়েক বংসারেব জন্ম তা বন্ধ করে দেওয়া হ'ল; আবার তা আরম্ভ করা হ'য়েছে। তারপর প্রাইমারী পরীক্ষার যে প্রথা ও পদ্ধতি তা বিজ্ঞান সম্মত নয়। স্থতরাং আজকে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে সম্পূর্ণ থামথেয়ালীর রাজত্ব চলছে। তারপর secondary educationএ**র ক্ষেত্রেও** এकहे व्यवज्ञा। Secondary Education প্রসংগে প্রথমেই যে কথা বিশেষভাবে উল্লেখ করা দরকার সেটা হচ্ছে, এখনো Secondary Education Board পুনর্গ ঠন করা হলনা, এবং কেন ক্রা হলনা তা যদি বিচার করে দেখা যায় তাহলে দেখাযাবে যে, সরকারের ইচ্ছা সরকারের মনোমত অর্থাৎ পুরোপুবি সরকারী তাবেদার লোক দিয়ে সেকণ্ডারী বোর্ডটি গঠিত করা— কিন্তু নানান বাধা ও প্রবল আপত্তির ফলে তা করতে পারছেন না বলেই আজও বোর্ডের পুনর্গঠন করা হোল না। ভারণর, School Finalএর syllabus এবং Higher Secondary এবং এই ছটোর মধ্যে কোন সামঞ্জত নাই—সেথানে একটা বৈত ব্যবস্থার স্বষ্টি করে রেথেছেন। মুদালিয়র কমিশন যে স্তপারিশ করেছিল সেই স্তপারিশগুলিকে বিরুত করে কেন্দ্রীয় সরকার যে শিক্ষা ব্যবস্থা আমাদের উপর চাপিয়ে দিছেন ভাই আমরা নিতে বাধ্য হচ্ছি—যদিও ভা গ্রহণ করা বা কা**জে শাগাবার স্লযোগ** আমাদের এথানে নাই। তারপর, বিভালয়গুলিকে যথাসময়ে টাকাকড়ি দেবার কোন বাবতা নাই। Deficit Grantএর ভিত্তিতে অর্থ সাহায়ের দায়িত্ব যে সব স্থুলের বেলায় নেওয়া হ'য়েছে, ভাদের সাহাযোর টাকা এরূপ নিয়মিত ভাবে দেওয়া উচিত যাতে তাদের কোন সময়ে প্রম্থাপেকী না হ'তে হয়। Upgradingএর প্রশ্ন যা আজ অত্যন্ত সপষ্টভাবে আমাদের সামনে এসেছে তাতে বর্তমানের দ্বিধান্তরিত নীতি পরিহার করে একটা নির্দিষ্ট পথে এগিয়ে যাওয়া প্রয়োজন। গভ মে মানে মাধামিক শিক্ষা পরিষদের অধিবেশনে স্লপারিশ করা হয়েছিল যে তভীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে সমস্ত মাধ্যমিক বিজ্ঞালয়গুলিকে Higher Secondary পর্যায়ে উন্নীত করা উচিৎ। কিন্তু আমরা যে রকম শত্তক গতিতে অগ্রসর হচ্ছি তাতে সেই আশা স্বদূর পরাহত: কাজেই আমাদের শিক্ষাক্ষেত্রে পূর্বোক্ত হৈতে ব্যবস্থা এখনো বছদিন খেকে যাবে এবং তার হুর্ভোগ আমাদের ভূগতে হবে। ভারপর, ষ্পাস্ময়ে বিভালয়গুলি বোর্ডের মাধ্যমে টাকাক্ডি পায়না এক্থা পূর্বেই আমি বলেছি। প্রাথমিক শিক্ষকদের সন্তানদের Higher Secondary পর্যায় পর্যন্ত বিনা বেতনে পডবার সুযোগ দেওয়ার জন্ম সরকার হ'তে তাদের বেতন দেওয়ার যে বাবতা স্বীরুত হ'রেছে, হ'বংসর হ'য়ে গেল ভাও দেওয়ার ব্যবস্থা করা হয় নি।

[4-40-4-50 p.m.]

কিন্তু স্বচেয়ে তু:থের কথা হচ্ছে যে শিক্ষা ব্যবহাকে সরকারী কুক্ষির মধ্যে আবদ্ধ রাখার চেষ্টা চলেছে: ডা: লক্ষ্ণ স্থামী মুদালিয়ের ১৯৬০ সালে ফেব্রেয়ারী মাসে বস্বেতে দাদাভাই নৌরজী

মেমোরিয়াল লেকচার দিয়েছিলেন তাতে শিক্ষার ক্ষেত্রে এই প্রচেষ্টা যে সর্বনাশের ফুচনা করেছে সে সম্বন্ধে তিনি আলোচনাকরেছিলেন। তিনি অবশ্য বিশ্ববিভালয় শিক্ষার কথা বলেছিলেন। কিড সরকার পক্ষ এবং সরকারের সমর্থক গোষ্টা সর্বস্তরে শিক্ষাকে নিজেদের কৃক্ষিগত করার যে চেটা চালিয়েছেন সেই চেষ্টা আমরা সর্বত দেখতে পাচ্ছি। মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে এই চেষ্টা আমরা দেখছি। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে বলেছি যে স্কুল বোর্ড কি ভাবে কাজ করে। মাধ্যমিক শিক্ষাক্ষেত্ৰে এই কাজ কেমন ভাবে চলছে তার দৃষ্টাস্ত দিই। এ বিষয়ে আমি হাওডা জেলার উলবেডিয়া হাইস্কলের কথা বলব। এথানে দেখাগেল শাসন ক্ষমভায় অধিষ্ঠিত রাজনৈতিক দলের চক্রাস্তে সেথানকার ম্যানেজিং কমিটিতে হঠাত স্থপার্সিড্ করা ২ল এবং সেথানকার ব্লকের যে ব্লক আংফিসার অর্থাৎ বি. ডি. ও. তাঁরে ছ্যাডমিনিছেটার নিযুক্ত করা হল। তাঁকে বলা হল যে এ বৎসরের মধ্যে ম্যানেজিং কমিটিকে রিকনষ্টিটিউট করতে হবে। কিন্তু বোর্ডের সেই নির্দেশে কাছ ছল না। সেই য়াডিমিনিষ্টেটার বি. ডি. ওর কার্যাকাল আবার এক বছর বাডিয়ে দেওয়া ছল এবং নির্দেশ দেওয়া হল যে ১৯৬০ সালের মে মাসের মধ্যে ম্যানেজিং কমিটিকে রিকনষ্টিটিউট করতে হবে। দে সময়ও কেটে গেল এবং য়াডমিনিষ্টেটার সেই অবস্থায় থাকলেন। শেষকালে জনসাধারণের আবেদন নিবেদন, ডি. এম.এর কাছে রিপ্রেজেণ্টেশান ইত্যাদির ফলে দেখা গেল দেকেগুারী রোজের সেক্রেটারী ২৪।১।৬১ তারিখে ই। দি ১৩৪৯নং মেমোরানগুম মারফত বি. ডি. ও. কে জানিয়েছেন বোর্ড স্বাং ম্যাডমিনিষ্টেটরকে নিয়ে স্কলের জন্ম একটা হ্যাডহক ম্যানেজিং কমিট গঠন করবেন। উইপ ইমিডিএট এফেক্ট কিন্তু উইপ ইমিডিএট এফেক্ট বললে কি হয়। সেই এফেক্ট করবার মত ব্যবস্থা করা হল না। সেই চিঠিতে লেখা হল যে এ' য়াাড হক কমিটির প্রেসিডেণ্ট হবেন বি. ডি. ও. এবং আমার ৫ জন বেসরকারী সদস্য পাকবেন। গুধু ভাই নয় এ চিঠিতে ফ্রাড হক কমিটির ৫ জন সদস্তকে এইকথা জানিয়ে দেবার জন্ত বি. ডি. ও. কে লেখা হল। বোর্ড এ ৫ জনের পরিচয় বা ঠিকানা জানেন না। এই রকম অবস্থা যে বোর্ড যে য়্যাড্হক কমিটি করেছেন সেই তার পরিচয় জানেন না। এটাই মজার জিনিষ যে নামগুলো কোন হতে এল তা কেউ জানেনা। এই নোটিশ আজ পর্যন্ত ভাও কার্যাকরী হয় নি। বি. ডি. ও. এখনও দেখানে য্যাডমিনিষ্টেটার রয়েছেন এ ভার ক্ষদে ভোগলকী শাসন আজেও চালাচ্ছেন। শিক্ষার ক্ষেত্রে এইভাবে সরকারী শাসন খবই নিন্দনীয় ্ এবং শিক্ষা বিকাশের পক্ষে অত্যক্ত ক্ষতিকর। ডাঃ লক্ষণ স্বামী মুদালিব্রের বক্ততাগুলি অফুসরণ করলেই সপষ্টই এসব জিনিস বোঝা যাবে। আর একটি বিষয়ের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করে আমার বক্ততা শেষ ক'রব। আজকে আনন্দ্রবাজার পত্রিকায় যে থবর প্রকাশিত হয়েছে আশাক্রি দেদিকে আপনার দৃষ্টি আরুষ্ট হয়েছে। এই আনন্দ বাজার পত্রিকায় বলা হয়েছে খুটান পাদীরা কি ভাবে বিভালয়গুলোভে অভায়ভাবে ধর্ম প্রচারের চেটা করছে। বালুরঘাট ভোলা এলাকায জেলা স্কলবোর্ড পরিচালিত একটা প্রাথমিক বিভালয় খুষ্টান পান্দ্রীদের হাতের মধ্যে আছে। সেখানে ভাৱা ছাত্রদের খুষ্টান ধর্মে প্রলব্ধ ও দীক্ষিত করবার জন্ম নানারূপ পুরস্কার দিছেন এবং যারা এদিকে আরুষ্ঠ হচ্ছে তাদের এই দকল পুরস্কার দেওয়া হচ্ছে না এবং বলা হচ্ছে যে তোমর। এথনো অন্ধকারে আছো আলোতে এলে এদৰ পাৰে। তারা রাষ্ট্রবিরোধী সমস্ত কার্য্যকলাপ করেন। সরকারের এবং দেশনেতাদের বিরুদ্ধে তাঁরা কথা বলেন সেথানে জাতীয় সংগীত গাইবার কোন বাবস্থা নেই. বরং দেখানে নিয়মিত ভাবে বিভালয় আরম্ভ হবার পূর্বে চোথ বুঝিয়ে যীশুর পান গাওয়ান হয় আমার বক্তব্য হচ্ছে যে পার্বত্য এলাকায় এই যে চেষ্টা খুষ্টানরা চালাচ্ছেন এটা নিয়ন্ত্রিত করা দরকার। দরকার। পশ্চিমবাংশার উত্তর পার্বতা এলাকায় পাদ্রীদের এই যে কান্ধ এ শুধু প্রাথমিক বিদ্যালয়ে সীমাবদ্ধ নয়। এমন কি কলেজ ও বড় বিভালয়ের মধ্যে এগুলি প্রায়ই হচ্চে বিশেষ করে মিশনারী ইনষ্টিটিউশানগুলিতে। সেথানে কলেজের প্রফেদারদের বাদ দেওয়া হচ্চে না। শিক্ষার নামে ধর্মপ্রচারের ব্যবস্থা চলছে। সেখানে কলেজের প্রফেসারদের নানা প্রলোভন ছেখিয়ে

ধর্মান্তবিত করার চেটা চলছে। এর কলে শেষ পর্যান্ত যিনি ধর্মান্তবিত হলেন না তাঁকে বিপদ্যান্ত হতে হয়। সম্প্রতি দার্জিলিংএ সেন্ট জোসেফ কলেজের একটি ঘটনার প্রতি জামি জাপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেথানে জীরামকুমার গুপ্ত বলে এক ভদ্রলোক ১৯৫৬ সালের এপ্রিল মাসে হিলী শিক্ষক হিসাবে নিযুক্ত হন এবং পরে তিনি পার্মানেন্ট হলেন। এর কাজের বহু প্রসংশাপত্র আছে কলেজ কর্তৃপক্ষের দেওয়া। শেষ পর্যান্ত এঁকে ধর্মান্তবিত করার চেটা হয় এবং নানাপ্রলোভনও দেখান হয়। কিন্তু তিনি প্রপুল্ধ না হওয়ায় শেষ পর্যন্ত গত নভেম্বর মাসে তাঁর পার্মানেন্ট চাকুরী থাকা স্বন্ধেও তাকে বর্ষান্তের নোটিশ দেওয়া হয়। উপায়ান্তর না দেখে তিনি বিম্বিদ্যালয়ের কাছে আবেদন ক'রেছেন, কিন্তু কোন প্রতিকার আজ পর্যন্ত হয়নি—তাঁর চিঠির জ্বাবও দেওয়া হয়নি। খৃটান পান্তীদের এইজপ আচরন আর এই অধ্যাপক মহাশ্যের উপর বিনা কারনে এই জ্বাম্বারহারের অবিলম্বে প্রতিকার হওয়া দরকার। আশাক্ষি সরকার এ বিষয়ে সত্বর দৃষ্টি দিবেন।

Shri Syamadas Bhattacharyya: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রী মচাশয় যে বায় বরান্দের দাবী উপস্থিত করেছেন তা সমর্থন করতে গিয়ে আমার একটা কথা মনে হচ্ছে যে. এখন প্রান্ত বিরোধীপক্ষের মাননীয় সদস্থদের যে সমস্ত বক্তৃতা শুনলাম ভাতে আমার আগে তাঁদের কাছ থেকে যে অভ্যন্ত বুলি গুনতাম অর্থাৎ শিক্ষার সঙ্কোচ হচ্ছে, শিক্ষার সংহার হচ্ছে দেটা এখন আব গুনছিনা। অবশ্র আমার মনে হয় অভ্যন্ত বুলি কেউ সহজে ছাড়তে পারে না এবং পুনঃ পুনঃ আবৃত্তির ফলে যে অভ্যাস জন্ম সেই অভ্যাসের ফলেই তারা এমর কথা বলতেন। সত্যের উপর প্রতিষ্ঠিত কোন তথা দিয়ে কেউ ঐকথা বলতে পারে না কারণ শিক্ষা ক্ষেত্রের সম্প্রদারণ যদি দেখি ভাহলে ভার জন্ম পরিসংখ্যান বা তথ্যের প্রয়োজন নেই যে কোন চকুম্মান ব্যক্তিই জানেন বা দেখেছেন যে গ্রামে এবং শহরাঞ্চলে বিভিন্ন দিকে শিক্ষার প্রসার লাভ করেছে। তাছাতা শিক্ষা মন্ত্রীমহাশয় যে সমস্ত তথ্য দিয়েছেন এবং বিভিন্ন প্রকাশিত পুতকে যে সমস্ত তথা রয়েছে তাতে তার উপর আর বিশেষ কিছু বলবার নেই। তারপর ১৯৫৬/৫৭ দালের হিসেব যদি দেখি ভাহলে দেখব যে পশ্চিম বাংলার ৬ থেকে ১১ বছর প্রান্ত যে দমন্ত ছেলে মেয়েরা আছে তার মধ্যে শতকবা ৮৬ জন বিভালয়ে অধায়ন করছে এবং ১১ থেকে ১৪ বছর প্রান্ত ছেলে মেয়েদের শতকর। ২৫ জন বিভালয়ে অধায়ন করছে। কাজেই এই ছিলেব থেকেই বলা যায় যে সর্বভারতীয় যে সমস্ত তথা বা পরিসংখ্যান রয়েছে তার সঙ্গে তলনা করলে এট পরিসংখ্যান আনেক বেশী প্রশংসার দাবী রাখে। তবে তাঁদের একথা আমি বিশাস করি যে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে আমাদের অনেক কিছু করনীয় আছে যা' করা হয়নি এবং এ প্রসঙ্গে প্রাথমিক শিক্ষকদের বছবিধ অস্ত্রবিধার কথা বলা হয়েছে। আমিও মোটামুটি স্বীকার করি যে, প্রাথমিক শিক্ষকরা যে খুব অল্ল বেভন পান এবং তাও তাঁরা আবার প্রশাসনিক চুর্বলভার জন্ম সময় মছ পাননা; কাজেই এর প্রতিকার অবশুই করতে হবে। তবে এই উপলকে মাননীয় সমস্ত শতোনবাব শিক্ষকদের সংগ্রামের জন্ম প্রস্তুত হতে বলেছেন। কিন্তু আমি বলব যে সংগ্রাম করলে এবং পরিকল্পিত পথে তাঁদের সঙ্গে নামলে হংত কাকর কাকর রাজনৈতিক উদ্দেশ্য সাধিত চবে, কিন্তু ভাতে শিক্ষকদের স্বার্থ কুল হবে এবং শিক্ষার মান নীচু হবে। ভবে আমামি মনে করি বে জাতীয় আন্ন বৃদ্ধির সঙ্গে সঙ্গে সেই বর্দ্ধিত আয়ের কিছু অংশ শিক্ষকদের পাওয়া উচিত এবং मिहे शिराद वर्स्त्रमात आधमिक विशानरम्य तिमिक छिन्छ निक्कता स ११ होका स्थरक ^{১°} টাকা বেতন পান সেটা আমার মতে আরও বাড়ান বেতে পারে। অবশু তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় বৃদ্ধি করবার কথা আছে. কিন্তু আমার মনে হয় এখনই বাডান সন্তব এবং অন্ততঃপক্ষে ডি. এ. টা দ্বিশুৰ কারা তেমন কোন কঠিন কাজ নয়। তবে ডা: ঘোষ যে কথা বলেছেন অর্পাৎ তথু মাইনে বাড়ালেই হবেনা দে কথা আমিও স্বীকার করি যে শিক্ষাক্ষেত্র শুধ শিক্ষকদের মাইনে

বাড়ালেই হবেনা। অবশ্য এটা একটা দিক তাতে কোন সন্দেহ নেই, কিন্তু শিক্ষাক্ষেত্ৰে সবচেন্ত্ৰে বড বাধা হচ্ছে যোগ্য শিক্ষকের অভাব এবং যার ফলে উচ্চতম মাধ্যমিক বিজালয়গুলো আছ বিশর্ষয়ের সমুখীন হয়েছে। তবে আমার মনে হয় আমরাও একটু ভূল পথে গিয়েছি, অর্থাৎ বড়বছ অটালিকা প্রভৃতি নির্মাণের জন্ম যে পরিমান নজর আমরা দিয়েছি বা অর্থ বায় করেছি সেটা না করে ঘদি তার আগে যোগ্যতর শিক্ষক সংগ্রহের জন্ম বাবহু। করতাম তাহলে বোধ হয় ভাল হোত। অবশ্য উপযুক্ত শিক্ষক পেতে হলে শিক্ষকদের সিক্ষণ শিক্ষার ব্যবহু। করা বিশেষ প্রয়োজন এবং সেই হিসেবে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় যে তথ্য দিয়েছেন তাতে আশা করি শিক্ষণ শিক্ষা ব্যবহু। আরও উন্নত্তর করা হবে।

[4-50—5 p.m.]

শিক্ষন শিক্ষার ব্যবহা নিশ্চয়ই প্রয়োজন। সেটার জন্ত মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কতকগুলি তথা দিয়েছেন—দেই শিক্ষন শিক্ষা ব্যবহা আরও ক্রতত্তর এবং সম্পূর্ণতর করা হবে। কিন্তু সেই সম্প্রেল বলি এম, এ, এবং এম, এসিনি, পাশ করা যুবকদের কোন বিভালয় এবং ক্ষুল কলেছে পাওয়া যায় না। এরজন্ত অবগ্র বিশ্ববিভালয়ের গুরুতর দায়ির আছে। বিশ্ববিভালয়ের অধীনে যে, constituent college আছে সেই constituent college গুলিতে এম, এ, এবং এম, এসিনি, পড়াবার ব্যবহা করা যেতে পারে। এখন হ'টো কলেজ আছে প্রেসিডেন্সি কলেজ এবং সংস্কৃত কলেজ। এই হুটো কনস্টিটিউয়েন্ট কলেজে আজ পর্যস্ত এম, এ, এবং এম, এসিনি, পড়াবার কোন ব্যবহা বিশ্ববিভালয়ের নিজের হাতে করা সম্ভব হয়নি এবং অন্ত কোন কলেজ কনস্টিটিউয়েন্ট কলেজ বলে পরিগণিত হয়নি। আমার মনে হয় এ ব্যাপারে ইউনিভার্সিটি আইন বদলানর দরকার হতে পারে।

ভারপর শুধু প্রাথমিক শিক্ষকদের জন্ম নাধামিক এবং কলেজীয় শিক্ষকদের মাইনে বৃদ্ধি করবার প্রয়োজন হবে। এ সম্বন্ধে ইউনিভার্সিটি গ্রাণ্ট কমিশানের রিপোর্ট দেখেছিলাম যে কলেজের শিক্ষকরা বাতে অন্ততঃ প্রাশাসনিক বিভাগের প্রথম শ্রেণীর কর্মচারীদের সমতল বেতন পান তার একটা ব্যবস্থা করা প্রয়োজন। অন্যান্ত বিভালয়ের শিক্ষকদের বেতন বৃদ্ধি করায় আবশ্যকতা রয়েছে এবং দেদিকে দৃষ্টি নিক্ষেপ করা প্রয়োজন। ইউনিভার্সিটির প্রসঙ্গে একটা কথা মনে হয় যে সিনেটের নির্বাচন আসর। এ্যাফিলিয়েট কলেজের টিচার্স কনসটিটিউয়েন্সি থেকে নির্বাচিত প্রতিনিধিদের সংখ্যা সিনেটের পক্ষে ৭ জন, এয়াকাডেমিক কাউন্সিলের জন আমার মনে হয় এই সংখ্যা বুদ্ধি করা উচিত। অবগ্র এই প্রসঙ্গে এ কথা বর্তমানে বলতে পারি ন কিন্ত ইউনিভার্মিট এটাই যদি প্রয়োজন হয় সংশোধন করা উচিৎ কেননা affiliated college teachers constituency'র মোট সদস্ত সংখ্যা ২॥ হাজার বিভিন্ন কলেজে আর্থিক সংখ্য ও সামর্থ বিবেচনা ও অফুসন্ধান করে ইউনিভার্সিটি গ্রাণ্টদ কমিশনের নীতি প্রয়োগ করবার দায়িং এবং কলেজের দেয় সাহায়ের পরিমাণ নির্ণয় করবার জন্ত আমার মতে একটা ইউনিভার্সিট গ্রাণ্টদ কমিটি স্থাপিত হওয়া প্রয়োজন। শিক্ষা ব্যবস্থা সম্পর্কে আমি বলছিলাম যে সামগ্রিক প্রয়োজনের দিকে দৃষ্টি রেথে নিয়ন্ত্রিত করা দরকার। আমার মনে হয় ইঞ্জিনিয়ারিং শিক্ষা কেও ছাডা অন্তান্ত শিক্ষা ক্ষেত্র আমাদের পরিকল্পনার সম্পূর্ণ অভাব রয়েছে। অপরিকল্পিড শিক্ষ বাবস্থার জন্ম যে অপচয় হয় শেগুলি নিবারণ করা প্রয়োজন। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় একটা কথা দেখতে পাই সেটা হচ্ছে educational machinery must be geared to the needs of the country। ইঞ্চিনিয়ারিং শিক্ষা কেত্রে এই প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে ব্যবস্থা কর মতে প্রতি বছর ডিপ্লোমাধারী ডিগ্রিধারী ইঞ্জিনিয়ারের প্রয়োজন হবে সে দিকে শক্ষা বেথে জিনিয়ারীং শিক্ষা ক্ষেত্র প্রসারের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আমরা উচ্চ শিক্ষার ক্ষেত্রে দেখতে ই এই রকম কোন পরিকর্লনায় চিন্তা দেওয়া হয়নি। আমার মনে হয় উচ্চ শিক্ষা ক্ষেত্রে সকলের অবাধ প্রবেশাধিকার থাকবে এমন কোন কপা নেই এবং সকলে যে ইচ্ছা করে প্রবেশ করতে য় তা নয় অন্য্যোপায় হয়ে কর্মসংস্থানের অভাবের জন্ম উচ্চ শিক্ষার হারে ভিড় করে। আমার তি বিকর্ক কারিগরি শিক্ষা ব্যবস্থা, বৃত্তি শিক্ষার ব্যবস্থা ইত্যাদি প্রসারের ব্যবস্থা করা উচিৎ এবং পর্যুক্ত ছাত্রছাত্রীদের উচ্চ শিক্ষায় প্রবেশের অনুমতি দেওয়া উচিৎ। আমি এই শিক্ষা সম্পর্কের রাজতা কথা বলতে চাই। কলেজের শিক্ষা ক্ষেত্রে দেখতে পাই যে কলেজে ছুটির সংখ্যাত্ত বেণী যে ভাল করে পড়াশোনা সন্তব হয় না। বিশেষ করে কলকাতার কলেজের গৃহগুলিকে রীক্ষাকালে আসন করবার জন্ম প্রয়োজন হয় বলে বিশ্ববিভালয় চেয়ে নেয়। দীর্ঘদিন ধরে রীক্ষা চলে, তার ফলে কলেজ কর্ডপক্ষকে বাধা হয়ে কলেজ বন্ধ রাথতে হয়, সেজন্ম শিক্ষায় বাধা ট। আমার মনে হয় এ সম্পর্কে সরকারের দৃষ্টি দেওয়া উচিৎ এবং কলেজের গৃহগুলিকে না নিয়ে স্থান্ত জারগায় যাতে পরীক্ষাগুলি পরিচালিত করা যেতে পারে সে দিকে দৃষ্টি রাথা উচিৎ। ই কটা কথা বলে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বরান্দ চেয়েছেন সেই বরান্দের প্রতি আমি পম্পূর্ণ বন্ধ জানাচিচ।

Shri Subodh Banerjee: স্পীকার মহাশয়, বন্ধুবর অধ্যাপক খ্রামাদাস ভট্টাচার্য্য মহাশয় রোধীপক্ষের দিকে একটা টিল নিক্ষেপ করলেন। তিনি বল্লেন বিরোধীপক্ষ অবস্ট কোটেড র্ভ করেন। আবৃত্তি সাধারণতঃ অধ্যাপকরাই করেন। মার্শাল, প্লেটো প্রভৃতি ব্যক্তিরা যা নোট য়েছিলেন সে গুলি অধ্যাপকবৃদ্দ, অবশ্র কিছু কিছু সকলে নন, আবৃত্তি করে চলেছেন দেখতে পাই। মর। আবৃত্তি বিশেষ করি না। আমি বাস্তব ঘটনা দেখাচ্ছি এবং বাস্তব ঘটনা হচ্ছে সরকারের তি শিকা সংকোচ এবং শিক্ষা সংহার নীতি যেট। আমার বন্ধবর শ্রামাদাদ ভট্টাচার্য্য মহাশয়ের ক্তায় খলে গেল। গোডায় উঠে তিনি বল্লেন যে উচ্চশিক্ষা সকলের জন্ত খোলা থাকতে পারে না। ় ই আনুওয়াজ্কটা ওঁরানুতন করে তৃলেছেন – উচ্চ শিক্ষাবলুন, যে শিক্ষাই বলুন সকলের জন্ম সে পথ ালা থাক্রে না। কাদের জন্ম সে পথ খোলা থাক্রে—থোলা থাক্রে মন্ত্রীদের সন্তানদের জন্ম াই. সি. এস. অফিসারদের ছেলেদের জন্ত। ইউনিভারসিটির ফিগারের দিকে তাকিয়ে দেখ**লে** াতে পারবেন যে গত দশ বংসরের মধ্যে কোলকাতা ইউনিভারসিটির গ্রাডমিসণ সীটস কিছুই তে নি। আমাদের শিক্ষামন্ত্রীমহাশয় গর্ব করেন যে পশ্চিমবাংলা এগিয়ে চলেছে শিক্ষার ব্যাপারে ুর সরকারী তথ্য, ইউনিভারসিটি গ্রাণ্টস কমিশনের তথ্য আমি তুলে ধরে দিতে চা**ই,** উনিভারসিটি শিক্ষা সংক্রান্ত ব্যাপার। আমাদের দেশে যতগুলি গ্রাক্স্যেট কলেজ থেকে পাশ রে ইউনিভারসিটির দোর ডিঙ্গিয়ে, আর ভার মধ্যে যতগুলি ইউনিভারসিটিতে ভর্ত্তি হওয়ার স্কর্যোগ ায় তার মধ্যে পশ্চিমবাংলা স্বাইয়ের পেছনে পড়ে আছে। স্বাভান্ত জায়গায় ও কংগ্রেদী রা**জ্ত** লছে, অবশ্য কংগ্ৰেদী রাজ্য সকল জায়গায় সমান একথা আমি বলবো, আগ্ৰায় দেখছি পাৰ্সে ন্টেজ াৰ পোষ্ট গ্ৰাছ্নুয়েট ৩৪ পাৰ্সেণ্ট, এলাহাবাদ ৪২ পাৰ্সেণ্ট দিল্লী ৩৬ পাৰ্সেণ্ট, আৰু ক্যালকাটা ১৩ াদেণ্ট। ষভ ছৈলে যে বি. এ. পাশ করছে তার ১৩ পার্দেণ্ট গিয়ে কলেজে চকতে পারছে। এদিকে ব করছেন আমরা শিক্ষার দার থলে দিয়েছি, শিক্ষার স্থােগ করে দিয়েছে—এই ভাে স্থােগ ^{ের} দিয়েছেন। যারা পাশ করছে তাদের ১৩ পাদে ন্ট গিয়ে সেথানে মাণা ঠকে ঢকতে পারছে না। ালকাটা ইউনিভার্সিটি য়াাকট ১৯৫১ সালে পাশ হল, ভাতে প্রভিসন ছিল কন্ষ্টিটিউয়েণ্ট ^{ালভ} বাড়ানো হবে যেখানে এম. এ. পোষ্ট গ্রাজ্বয়েট পড়ানো হবে—তা আজও হল না। আমি ^{গনি শি}ক্ষামন্ত্রী বলবেন আমি কি করতে পারি, ক্যালকাট। ইউনিভারসিটি করছে না। প্রয়োজন হলে তো অস্তান্ত ক্ষেত্রে আপনারা অনেক জায়গায় হ্রপায় স্থাবসীড করেন নিজেদের হার্গে, আর এখানে প্রয়োজন হলে তা পারেন না। কতকগুলি কনষ্টিউরেণ্ট কলেজ করার জন্ত ক্যালকাটা ইউনিভারসিটিকে চাপ দিতে পারেন না? আজও কনষ্টিউরেণ্ট কলেজ হল না, ছেলেরা কলেজে চুক্তে পারবে না। শিক্ষাসংকোচ নীতি ভুধু বিধবিভালয়ের ক্ষেত্রেই নয়, কলেজের দিকে তাকিয়ে দেপুন। আমি আগুতোষ কলেজ, হ্রবেজ্রনাথ কলেজ, বিগ্তাসাগর কলেজের কথা বলবো।ছেলেরা আমার কাছে আসে ভর্ত্তি করিয়ে দেয়ার জন্ত। আমার অনেক অধ্যাপক বন্ধু আছেন আমি চেষ্টা করি। ফার্ষ্ট ডিভিসনে পাশ করা ছেলে কলেজে চুক্তে পারলো না। কেন চুক্তে পারে না বলতে পারেন ? কলেজে আপনারা য়াডিমিসান রিডাকসন করে দিয়েছেন। কি অধিকার আছে আপনাদের এই রকম করার ? যদি অন্টারনেট য়্যারেঞ্জমেন্ট করে ছেলেদের জন্ত কলেজ বাড়ানোর চেষ্টা করতেন তাহলে বুঝতে পারতাম। তা না করে রিডাকসন করছেন, কলেজে ঢোকার পথ বন্ধ করছেন, আর বড় গলা করে বলছেন আমরা শিক্ষাসংকোচ, শিক্ষাসংহার করি নি। এব নাম যদি শিক্ষাসংকোচ এবং সংহার না হয় তো শিক্ষাসংকোচ এবং সংহার কাকে বলে ? চলে বান সেকেণ্ডারী এডুকেসনের দিকে আমি জিজ্ঞাসা করি খামাদাসবাবুকে, বুকে হাত দিয়ে বলুন কটাছেলেকে তিনি হাইয়ার সেকেণ্ডারী সায়েন্সে ঢোকাতে পেরেছেন, কটা ছেলেকে মান্টিপার্পার টেকলজনীতে ঢোকাতে পোরছেন ? ছেলেরা বুরে বুরে চলে যাচেছ, চুক্তে পারছে না।

[5-5-20 p.m.]

সিট্ট নাই--ছেলের। সব ফিরে চলে যাছে।

স্থাপ become a problem, become a head-acha to the guardians.

আর বড় গলা করে বলা হচ্ছে আমরা টাক। থরচ করছি, শিক্ষা বেড়ে চলেছে। এ বুঝি পড়া দ আশুডোষ মুখার্জী বলেছিলেন—ঘরে ঘরে গ্রাজুয়েট করে দেব। আর ওরা প্রতিজ্ঞানিয়েছেন— ঘরে ঘরে আলোর রশ্মি চুকতে দেব না; সব গাধা বানিয়ে ছেড়ে দেব। আবার বলছেন প্রগ্রেষ করছেন! ই্যা, প্রগ্রেস করছেন ঠিক উল্টো মুখ করে। তাইজন্ম তাদের দৃষ্টি বদলাচেছন। ঐ টোটাল দিয়ে হবে না, পার্সে দেউজ নিয়ে করতে হবে।

ভারপর তিনি বললেন—উদ্দেশ্য একই রয়েছে। আগে ইংরেজ চাইতো যাতে এ দেশের লোক লেখাপড়া লিখতে না পারে। কারণ লেখাপড়া লিখলে এরা লাসনের কায়দা ধরে ফেলবে আর এখন আমাদের কংগ্রেস শাসকদেরও ঠিক সেই ভয়। ভার জন্তই এরা আমাদের দেশে ছেলেদের লেখাপড়ার পথ বন্ধ করে দিছেন, শিক্ষার সংকোচন করছেন।

ভারণর শিক্ষার ষ্টাণ্ডার্ড সম্বন্ধে যে কথা বলেছেন, আমি মন্ত্রীমহাশ্যকে জিল্পসা করছি—এই ষ্টাণ্ডার্ড অব্ এডুকোশন কি তাঁরা তুলতে পেরেছেন—এই তের বছরের শাসনের পরে ? এ সম্বন্ধ আমি একটা কথা বলবো—এডুকেশান সেকেটারী ডাঃ ডি. এম. সেন কিছুদিন আগে এক বক্তৃত্য বলেছেন— বাংলাদেশে যে শিক্ষা দেওয়া হয়—সে কলকাভার হুধেরর মভ—; ভাতে যেমন হুধ ছাডা আর সমস্ত কিছুই আছে, ভেমনি বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায়ও ঐ শিক্ষা ছাড়া আর সবই আছে। ভারজন্ত দায়ী কে ? এর দায়িত্ব ক্রিস্কার অত্বীকার করতে পারেন ? তাঁরা কি এর জন্তু কোন চেষ্টা করেছেন যে শিক্ষার উরত্তি করতে গেলে ভাল শিক্ষকের দরকার ? ভাল শিক্ষকের জন্ত উপর্ক্ত পরিমাণ বেভনের ব্যবস্থা করেছেন ? তাঁরা কি ভাল শিক্ষকের জন্তু উপর্ক্ত পরিমাণ বেভনের ব্যবস্থা করেছেন ? ভাল ভাল লোক সব বেশী মাইনে পেয়ে মার্চেন্ট অফিসে চলে বান।

ভারণর গভর্ণমেণ্ট ক্ল ও প্রাইভেট ক্লের শিক্ষকদের বেতন ও অক্সান্ত ম্বোগ স্থবিধার দিকে ভাকিয়ে দেখন। তাঁরা বাবে কেন ? সরকার কোন গ্রেড্ এই প্রাইভেট ক্লের শিক্ষকদের জন্ত বাড়ান নাই, গ্রাচুইটা, প্রভিভেণ্ট কাও মাইনে ইভ্যাদি ভাদের সমান করবার কোন ব্যবস্থা করেন নাই, গভর্গমেণ্ট ক্লের শিক্ষকদের সমান পর্য্যায়ে আনবার কোন চেষ্টা আপনাদের নাই।

ভারপর ম্পীকার মহাশয়,—আপনি জানেন কি না জানিনা। ছেলেরা যারা সায়েক্স পড়তে আসছে, ভারা সায়েক্সের বই পাছে না। কারণ ফরেন এক্সচেঞ্জ প্রব্লেমের দক্ষণ বাইরে থেকে সায়েক্সের ভাল বই আসছে না, সেইজন্ত ভারা বই পড়তে পারছে না। আপনারা কি কোন চেষ্টা করেছেন বাংলাদেশের যারা ভাল ভাল অধ্যাপক আছেন, তাঁদের দিয়ে বই লেখাবার জন্ত এবং আরু দামে তা বিক্রী করবার জন্ত ? ভার কোন চেষ্টা কি আজ পর্যান্ত হয়েছে ? তা হয় নাই। ছেলেরা B. Sc. Honours-Physics ইন্ড্যাদি পডবার জন্ত—বই পাছে না। পুরান বই খুঁজে পেতে যোগাড় করে কোন রকমে এনে পড়তে হয়। কাজেই এরা শিক্ষার সম্প্রদারণ তো করছেন না, করছেন শিক্ষার সংহার, শিক্ষা সংকোচ। মালটীপারপাদ্ স্কুলে গেলেও ভাই দেখবেন কোন লাইব্রেরী নাই। একজন প্রফেসর ক্লাসে আসুল দেখিয়ে বলতেন—This is a test tube.

এই দাঁড করিয়েছেন অথচ control ষোল আনার জাষগায় আঠারো আনা। একটা ফ্যাসিষ্ট মনোভাব তাঁদের সর্বক্ষেত্রে ফুটে বেরিয়েছে। তারা টাকা থরচ করতে পারেন। কিন্তু শিক্ষার প্রদাব এর দ্বারা হবে না। তারা শিক্ষাকে একটা কবজীর মধ্যে আনতে চেষ্টা করছেন মাত্র। এর ধারা সাধারণ মামুষের চিন্তা শক্তিকে ক্ষন্ত করা হচ্ছে, শিক্ষার গতিকে বাাহত করা হচ্ছে ছাড়া আর কিছুই হচ্ছে না।

[At this stage the House was adjourned for fifteen minutes]

[After adjournment]

[5-20-5-25 p.m.]

Shri Sudhir Chandra Ray Choudhuri: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শিক্ষা মন্ত্রী মহাশয় আজকে আমাদের জানিয়েছেন যে গত বছর অর্থাৎ চলতি বছবে যে টাকা ধরা হয়েছিল বাজেটে থরচের জন্ম, ভার চেয়ে এবার অনেক বেলা থরচ ধরা হয়েছে। কিন্তু এই থরচের কথা গুনে আমরা আনন্দ পাইনি। কারণ আমরা বিশ্বাস করি না এই টাকা থরচ করে কোন ফল হবে। থরচ বছরের পর বছর বেড়ে যাছে, কিন্তু তুর্নীতিও সঙ্গে সঙ্গেন ভেমনি বেড়ে যাছে। অব্যবস্থা ও অরাজকতা সমস্ত শিক্ষা ক্ষেত্রে বিরাজমান। অর্থাৎ যাকে সামনে ধরে রাখা হয়েছে, অর্থাৎ আমাদের শিক্ষা মন্ত্রী মহাশয় ভিনি কিছুই করেন না, বা বোঝেন না। পিছন থেকে একজন তাঁকে যেমন চালান তিনি তেমনি চলেন। আজকে দেখলেন না, প্রহসনটা? লিথে দিয়েছেন একজনও বলে দিয়েছেন সবটা পড়ে দিতে হবে, তাই ভিনি সেটা পড়ে গেলেন। ম্যা ট্রিকুলেসন্ ক্লাশের ছেলেরা যেমন মুখন্ত পড়ে ভেমনি ভিনি মুখন্ত পড়ে তার বক্তব্য শেষ করলেন। তাঁর একটা কথাও আমরা কেউ বুঝতে পারলাম না। স্কর্তরাং ঐ যে তাঁর পিছনে লোকটি বনে থাকেন Education Secretary এবং D. P. I. আবার তাঁর একটা নৃতন পদ হয়েছে— Secretary to the Chancellor—বে পদের অধিকার বলে ইউনিভাসিটির সঙ্গে নানা মসকরা ভিনি করছেন। ভাদের অনেক কাজ ভিনি বাতিল করছেন বা কোনটা রথে দিছেন। কেন না ভিনি Chancellor

এর সেক্রেটারী। একটি লোককে কেন্দ্র করে যদি বাংলা দেশের শিক্ষা সম্প্রসারণের আশাক্ত ভাহলে অত্যন্ত ভুল হবে। শিক্ষার কিছু উন্নতি হবে না, সমস্ত টাকাটা অপচয় হবে এবং কিছুদিন বাদে শেষে দেখবেন আপনার ফিরে যাবারও কোন পথ নেই। চনীতি শিক্ষা কেত্রে এত বেই এসেছে যে ভার শেষ নেই। একটা নুভন কৌশল নেওয়া হয়েছে। এড়কেসন বোর্ডের বিনি এ)াডমিনিষ্টের ভিনি এখন বিশেষ কিছু কাজ কর্ম দেখেন না। কারণ তাঁর শরীরটা ভাল নেই সবকিছু দেখতে পারেন না। তাঁর সামনে যা কিছু ধরে দেওয়া হয় ভাতেই তিনি সই করে দেন। ভিনি স্থনামধন্ত সায়েনটিষ্ট, বভ একজন পণ্ডিভ লোক, কিন্তু এডমিনিষ্ট্রেটর হিসাবে যে কাজের উপযুক্ত, তার পরিচয় পাওয়া যায়নি। তাছাড়া তার শরীরটাও ভাল নয়, এটা সত্য কথ।। ভার স্থাযোগ নিয়ে কয়েকজন এসিসটেণ্ট সেক্রেটারী এই এড়কেসন বোর্ডকে চালাচ্ছেন, দেখবার কেউ তার উপর নেই। তারা এখন একটা চমৎকার প্ল্যান করেছেন। সেটা হচ্ছে স্কুলগুলি একটার পর একটা করে নিজেদের কবলে এনে নিজেদের লোক দিয়ে চালাচ্ছেন। ৮৫টা এই রকম স্থল নেওয়া হয়েছে এবং হয় তাতে ad hoc কমিট করা হয়েছে আর নয় administrator দিয়ে চালান হচ্ছে। প্রতি স্কুলে কিছু কিছু মডবৈত থাকে, ম্যানেজিং কমিটিতে বিবদমান লোক থাকে, তাঁর। চান একটা ঝগড়া হোক। সেই ঝগড়াটা মিটিয়ে না দিয়ে এড়কেসন বোর্ড এর কাজ হচ্ছে দেই ঝগড়াটাকে বাড়িয়ে দেওয়া এবং অচল অবস্থা স্বষ্টি করে রাতারাতি এড হক কমিটি বসিয়ে দেওয়া।

[**5-25--**5-35 p.m.]

এবং Ad hoc Committee-র খিনি Secretary হয়ে যান তিনি হচ্ছেন বোটেরই মানুষ। Board এর Asstt. Secretary সমর সরকার | যাকে পার্টিয়ে দেন তিনিই সেথানে গিয়ে বসেন : ৮৫টি এরকম স্থল আছে। বাদের হল Ad hoc Committee না হয় Administrator এব কবলে আনা হয়েছে এবং পাইকারী হিসাবে Secretary appoint করা হয়েছে। ভাণটি স্কুলে এরকম Ad hoc Committeeর একই শোককে Board এর nomince হিসাবে Secretary করা ছয়েছে। তিনি হয় কোন রাজনৈতিক দলের সংশ্রবে আছেন, না হয় কোন মন্ত্রীর আশ্রিত, তাঁর নাম হচ্চে রায় বাহাতর দেবেন্দ্রনাথ মিত্র তিনি হচ্ছেন ৬টি স্থলের Secretary, nomince of the Board—তার মধ্যে ৪টি মেয়েদের স্থল এবং ছটি পুরুষদের। তারণর যেই ডিনি Committees মধ্যে গেলেন গিয়ে সমস্ত জিনিষ্টাকে কক্সা করে ফেললেন আর তিনি তাই চান আমি কাগজপত্র পড়েছি, আমি দাবী করতে পারি যে যদি একটা অন্মুসন্ধান কমিটি করে enquiry করা হয় তাহলে Education Board এর আসল রূপ প্রকাশ পেয়ে যাবে। প্রথমে ধরুন তিনি ७ि कृत्वत Secretary, वर वर कृत्वत-महात्राका प्रतिहेक मित्व हैन हि छि छे , Baptish Girls' School এরকম সমস্ত স্থাপর Ad hoc Committeeর Secretary. তাছাতা তার ব্যবহার মেয়েদের প্রতি অত্যন্ত থারাপ। কোন মেয়েছেলে Secretary কি পাওয়া যায় না School Control করার জন্ম দেখানে এত রচ ব্যবহার করেন যে তা অবর্ণনীয়, এই হল শিখা' এই হল শিক্ষার sample! তার একটা স্থলে Head Mistress হচ্ছেন resident, এটা হল Baptish Girls' School; ভিনি school এবং hostelএ ছয়েরই In-charge. ছুটর সময় একজন করে শিক্ষিকা Depute করেন সেখানে থাকবার জন্ম, নিজেও থাকেন ৷ যদি ভিনি বাইবে ষান তবে অন্ত শিক্ষিক। তাঁর পরিবুর্তে hostel এর কাজ দেখা শুনা করেন। Secretary বললেন আপানি এ করতে পারবেন না। ভিনি হলেন রায় বাহাত্র মন্ত্রীদের পেটোয়া লোক। এককালে দাশালী করতেন। তিনি বললেন কিনা এখানে প্রধান শিক্ষিকার পরিবর্ত্তে শিক্ষিকাদের কার্জ

নিবে না। আমি দেবেজ্ঞ নাথ মিত্র হব এই hostel এর In-charge ছুটিতে আমি hostelএ ধাকবো। সেটা refer করা হল Secretary of the Education Board সমর সরকারের কাছে, তিনি ditto দিয়ে ছেড়ে দিলেন। রায় বাহাছর দেবেন মিত্র মেয়েদের স্কুলের hostel এর In-charge হয়ে hostelএ থাকতে আরম্ভ করণেন, নিজেরা একবার অমুভব করুন সমস্ত ব্যাপার! (একটু সময় দিতেই হবে ভার, অনেক বলবার রয়েছে যে!) আমার কাছে নিথিত্র আছে, সমস্ত কাগজ পত্র পড়ে দেখেছি, তিনি মামলা মোকদমা করেন, বইয়ের কারবার করেন, জিনিষ্পত্র কেনা বেচার কারবার করেন। আর সমস্ত Contractor হচ্ছে নিজম্ব লোক, আয়ীয় ম্মজন ভার মধ্যে কোন কোন তালিবল এর যোগাযোগ আছে—২ একটা থবর আমারও জানা আছে। অছ্ত একটা পাপচক্র চলেছে চতুদ্দিকে। কোন School এ মতদ্বৈধ যদি থাকেও for the time being superside করা দরকার হয় ভাহলে কি উচিত হবে ৬।৭ বছর ধরে তাকে superside করে করে রাখা। তার তাড়াভাড়ি কোন রকম ব্যবহা করা বা নৃতন Election করা কি কর্তব্য নম্ব ?

ভারপর District School Board সম্বন্ধে যা হচ্ছে সেটা গ্যারাকলের ব্যাপার। District School Board এ কংগ্রেসী কর্ত্তারা বসে আছেন।

এই District School Boarda, প্রায় সব ক্ষেত্রেই দেখা যাচ্ছে, সেখানকার কংগ্রেস কন্তারাই ভার সম্ভাপতি হয়ে বসে আছেন। এটা শিক্ষামন্ত্রীমহাশয় বা D. M. Sen, আটকাতে পারেন নি। স্কুতরাং কোগায় তাদের সততা। এই School Board ঠিক একটা রাজনৈতিক দলের স্বার্থে পরিচালিত হচ্ছে। এখন এই ২৪ পরগণ। District School Board যেটা আছে তার President ুক ছিলেন ? ভার President ছিলেন President of the 24-Parganas District Congress Committee। মাঝে তাঁর বিজন্ধে কিছু অভিযোগ আপনার। গুনেছিলেন, সংবাদপত্রেও কিছু অভিযোগ বেরিয়েছিল। তারপর সব চাপাপড়ে গেল। আমি, এর ভিতরের অনেক সংবাদ জানি। ভেত্তরের সংবাদ হচ্ছে কি ? যদিও কংগ্রেস পক্ষ থেকেই অভিযোগ করা হয়েছিল, নাম দেননি তাঁরা। নাম না দিয়ে একটা অভিযোগপত্র পণ্ডিত নেহেক্সর কাছে পাঠিয়ে দেওয়া হয়েছিল এবং তার সঙ্গে দর্পণের কিছু cuttingও ছিল। পণ্ডিত নেঙেক চিঠি লিখলেন ডাঃ বিধানচন্ত্র রাষকে, My dear Bidhan, এই রকম অন্তায় ব্যাপার ংছে। তুমি অন্তুসন্ধান কর যাতে জনসাধারণের সন্দেহ নিরসন হয়। পণ্ডিত নেহেকর চিঠি, কাজেই তিনি সেটা উপেক্ষা করতে পারলেন না, ভিনি সেটা Anti-corruption and Enforcement এ পাঠিয়ে দিলেন ৷ Anticorruption and Enforcement এই বিষয় thorough enquiry করে এবং যিনি এর Secretary Dr. N. Das I.C.S. তিনি নিজের supervision প্রত্যেকটি জিনিষ অন্ধন্দান করার পর দেখেন যে সেগুলি সব সত্য। এরপর এই President সম্বন্ধে তিনি একটা বিব্রতি পাঠালেন—investigation report, এবং দঙ্গে দঙ্গে একটা চিঠি লিখলেন ডাঃ রায়ের Private Secretaryর কাছে। তাতে তিনি লিখলেন যে, As the report will show most of the malpractices alleged in the anonymous petition have been found to be true. সেই বিবৃত্তি পড়ে অবাক হতে হয়। কংগ্রেসের যে গাড়ী সেই গাড়ীতে যে petrol পোড়ে তার দাম দেয় School Board এবং কংগ্রেসের যে গাড়ী নিয়ে সন্তাপতি নাকি School Boardর ও কাজও করেন। ভারপর ঠিক হল যে, ভাতা নেবেন এবং সেই ভাতার নাম করে ২৬শত টাকা মেরে দিলেন। ভধু ভাই নয় এই গাড়ীর driverর মাইনেও School Board দেয়। তারপর শেই report থেকে আবো বেরিয়েছে যে, ভাও দেখানে এটি প্রিয় firm আছে যাদের contract ^{দে ওয়া} হয় এবং লেক্ষ টাকার মধ্যে তইলক্ষ টাকার কাজই তাদের দেওয়। হয়েছে। যদিও দেখানে একটা নিয়ম আছে দেঁ, ষেসৰ contractorদের salestax clearance certificate এবং incom tax clearance certificate নেই, ভাদের tender accept করা হবে না। কিন্তু এই সম firm, তারা কোন রকম clearance certificate না দেখান সভ্তেত ভাদের tender accept ক হল। এবং এই certificate দেখাবার আগেই তাদের টাকা দেবার order হয়ে গেল। এ এর মধ্যে ছইটি tender Presidentর নিজের হাতে লেখা, এবং এই ছইটিকেই order দেও ইয়েছে। এই ছইটি order থেকেই forgery প্রমাণিত হয়। মোট কথা আগাগোড়া crimin breach of trust। যাই হোক এই forgeryর জন্ম যা recommendation করা উচিছিল against this president তা করা হল না এবং natural procedureএ যা করা উচিছিল তা করা হল না। তা না করে এই matterটা অশোক সেনের কাছে refer করা হল কিন্তু একটা লম্বা report দিলেন।

শামি challenge করছি এই বিপোর্ট দেগুন, অশোক সেন যে রায় দিয়েছেন—ভিনি : বলেছেন—Offence not punishable under the Indian Penal Code. I diffe from him. It is punishable under the Indian Penal Code at every stage He should be removed from the Board.

যে টাকা তিনি নিয়েছেন সেই টাকাও তার কাছ থেকে আদায় করে নিতে বলা হয়েছে। Le the moneys be recovered from him. What is that if it is not an offence?

এরকমভাবে যদি ছ্নীতি চলতে থাকে তাহলে পর এত টাকা থরচ করে শিক্ষার কি ব্যবস্থা করছে পারবেন ? যে টাকা বরাদ্ধ হয় তার ১৬ মানা যদি থরচ হয় তাহলে দেশের লোক কিছুটা উপকা পাবে। তাঁদের সঙ্গে নীতিগত পার্থক) মামাদের যাই থাকুক, সব টাকা ব্যয়িত হলে, কিছুটা ভালে হবে একথা বলব। সারেকটা কথা বলব, Secondary Board এর কীতি তো গুনলেন, মারেকট গুমুন, এক ভদ্রলোক সেথানে কাজ করেন, তিনি Nandaghunti Expeditionএ গিয়েছিলেন তিনি মাইনে পাবেন, সেই মাইনে তাকে না দিয়ে এঁবা আটকে রেথেছেন। কিন্তু এদিং contractorদের চুরির প্রশ্রম দিছেন।

[5-35—5-45 p.m.]

Shri Dhirendra Nath Banerjee: মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষা জাতীর মেরুদং হৈরী করে। কিন্তু সেই শিক্ষা কেতেই বর্তুমানে সরকারী নীতি প্রাথমিক মাধ্যমিক, উচ্চতঃ মাধ্যমিক কলেজী শিক্ষা, কারীগরি শিক্ষা ও প্রশিক্ষা প্রভৃতির বিভিন্ন স্তব্যে অপরিকল্লিভ পরিকল্পনার কলে যে বৈষম্য ও বিশ্ভালা বাভিয়া চলিয়াছে, তাহাতে জাতীয় জীবন বিপর্যয়ের পথে আগাইয় চলিয়াছে এবং শিক্ষিত যুবক যুবভীরা গ্রামে ও শহরে ঘর ছাডিয়া দিশাহারা বেকার হইয়া পথে দাড়াইতেছে। কোন জাতীয় সরকারের পক্ষে ইহা কি গর্বের ? ইহার প্রতিকারে সরকাবের আমার্জনীয় ব্যর্থতা লক্ষ্য করছি। আমরা জানি, ফলের অপেক্ষা না রেথেই এই সরকার "গৌরী সেনের" টাকা ব্যয় করতে সিদ্ধহক্ষ। তাই এই বছরের বাজেটে ও রেভিনিউ থেকে নিট আয়ের ২১'১ ভাগ শিক্ষা থাতে ব্যয় করবেন। যা ১৮,৪৫,২,০°০। কিন্তু, তবুও এ বিশৃঙ্খলা দূর হওয়ার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। কোন পরিবর্তিত স্কষ্ট্ পরিকল্পনার আভাস এতে নাই। ছয় বছরের

মধ্যে ও মাধ্যমিক শিক্ষার নীতি কি হবে, গলদ্বর্ম হয়েও সরকার দ্বির করতে পারলেন না।
এডমিনিষ্ট্রেটরের হাতেই সব দায়িও ছেড়ে দিয়ে নিশ্চিন্ত। এ কেমন সরকার ? এখন প্রথমন্ত প্রাথমিক শিক্ষার ব্যবস্থাটাই আমি আলোচনা করব। এখানেও কোন হুষ্ঠু পদ্ধতি নাই। প্রাথমিক শিক্ষা—(:) বুনিয়াদি প্রাথমিক শিক্ষা একটা আউট গ্রোধ আবের মন্ত হয়ে আছে। (২) সাধারণ প্রাথমিক শিক্ষা কোন হুষ্ঠু পদ্ধতি নাই এখানেও সরকারের দৃষ্টি ভঙ্গী অপরিচ্ছয় দৃঢ়তা নাই।

বনিয়াদি শিক্ষার ক্ষেত্রে প্রাকৃতিক পরিবেশে ছেলেমেয়েদের ঝোঁক বুঝে হাতে কলমে শিক্ষার ব্যবস্থা প্রাধান্ত পেয়েছে পুর্থীগত শিক্ষার থেকে। বানীপুর থেকে শিক্ষক শিক্ষিকাদের ট্রেনিং দিয়ে এই সব ক্ষলে পাঠান হয় এর একটা কারিকলামও আছে। যার স্কুরু ও শেষ এই ৪ বছরের পাঠশালাতেই। আয় এর কোন স্বীকৃতি নাই। এটা হচ্চে false growth। এরপর আবার এই ছাত্রদের সাধারণ শিক্ষা নিতে সাধারণ মাধ্যমিক বিত্যালয়েই পড়তে হবে যেথানে এই বুনিয়াদি শিক্ষার আর কোন বুনিয়াদি নাই। তথন, এই ছেলেমেয়েরা পেছনে পড়ে থাকে, সাধারণ প্রাথমিক শিক্ষায়ও কোন নীতির বালাই নাই। পাঠ্য তালিকায় কোন স্থানিদিষ্ট "approved" ব্যবস্থা নাই। সরকার "কিশলয়" জাভীয় পাঠ্য ঠিক করে চালুও করেছিলেন কিন্তু ভাতেও তারা ঠিক stick করতে পারছেন না। এ বাদেও বহু বইয়ের চাপ ছেলেমেয়েদের উপর চাপান ছচ্ছে। ভাদের পক্ষে কভটা সহনীয় ভার পরিমাপ না করেই। কিশলয় ও প্রাথমিক পাঠ্যপুস্তক নিয়ে যেন একটা ষাটকা ব্যবসায একটা নিমন্তরের নীতি "I'reedom of business for the unemployed intelligentsia খুলে রাখা হয়েছে। ভুল, ভুদ্ধের বিচাব ব্যক্তিরেকেই পাঠ। পুস্তক চালাবার স্থযোগ দেয়া ২চ্ছে, লেখক, পাবলিশার, Printing Press ইত্যাদিকে। আর এতে যোগান দিচ্ছে জেলা স্কুল বোর্ডগুলির স্বেচ্ছাচারী নীতি। এর পরিবর্তন প্রয়োজন। নতুবা, জাতীয় স্বর্থ ও সামর্থার অপচয় বাডবেই। এই সংগে উল্লেখ করি প্রাথমিক শিক্ষা ও প্রাথমিক শিক্ষক এদের উপর স্বেচ্চাচারীতা, অবহেলা সরকার ও বোর্ডগুলির উচিত নয়। তাতে আমাদের ছেলেমেয়েদের**ই** সর্বনাশ, দেশেরও সর্বনাশ। প্রাথমিক শিক্ষকদের অর্থনীতিকে সামাজিক প্রতিষ্ঠা স্বীকার করা একান্ত প্রয়োজন, তাদের উন্নতি করা প্রয়োজন তাদের দাবী দাওয়া অন্তান্ত শিক্ষকদের সমপর্য্যায়ভুক্ত বিবেচনা করা প্রয়োজন। আর সমস্ত স্কলবোর্ড শিক্ষক, অভিভাবক মণ্ডলী, রাজ্যের চিম্ভাণীল শিক্ষাবিদদের নিয়ে স্তরে স্তরে বিভিন্ন শিক্ষা পর্য্যায়ের সংগে মিলিয়ে প্রাথমিক শিক্ষা ও অপরাপর শিক্ষা অবের সংগে মিলিয়ে শিক্ষা বাবস্থা গ্রহণ একান্ত প্রয়োজন।

Shri Gobardhan Das: মাননীয় স্পীকার মহাশয়, প্রাথমিক শিক্ষানীতির উদ্দেশ্য বেংসরের উদ্ধিলাল বালকদের একমাত্র স্থলে ভর্ত্তি করা হবে, কিন্তু কম বয়সের ছেলে মেয়েদের জ্ঞান থাকলে ভর্ত্তি করা হয় না, এতে উহার শিক্ষালাভ করে সরকারী চাকরী পেতে নির্দিষ্ট ২৪ বংসর বয়স পার হয়ে যায়। শিক্ষা ক্রি হইয়াছে কিন্তু ঐ সংগে পুন্তক দিলে আরও ভাল হইত, (শিক্ষা) কিন্তু বাধ্যভাস্লক হয় নাই এতে শিক্ষা বিস্তারের পথে বাধা।

প্রাথমিক ক্ষুল থেকে ছেলেমেরেরা মাধ্যমিক ক্ষুলে বায়, এমনি সিলেবাসের ব্যবস্থা যে ভারা ফেল করতে বাধ্য কারণ প্রাথমিক ক্ষুলের ছেলেমেরেরা ইংরাজী জানে না, অক্ষর পরিচয় পর্যান্ত হয় না। ছিতীয় কথা যে কিশলয় বই যা সরকারী ব্যবস্থায় ছাপান হয় ভাহা যথাসময়ে যথেষ্ট সময়ে মিলে না, ফলে পড়া বয় থাকে ২।৩ মাস স্কুলে পুস্তকহীন অবস্থায় ক্লাসে হাজিয়া দিতে হয়। নবপরিকল্লিত প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে সাফল্য মণ্ডিত করে ভোলার কাজে শিক্ষকরা হলেন প্রধান পুরোহিত, ভারা গড়ে ভুলতে চলেছেন দেশের ভবিষ্যৎ নাগরিককে, ভাদেরই ভবিষ্যৎ পরিকল্পনাকৈ রূপায়িত করতে চলেছেন আজ ভাদের আলস্ত, সংকীর্ণভা, উষ্ণমহীনতা, সংকীর্ণ

দৃষ্টিভঙ্গী ত্যাগ করে এগিয়ে আগতে হবে একাজে। জাতি গঠনের বিরাট দায়িত্বের কথা ভূলিছে চলিবে না দধিচীর মত নিজের জীবন দাম করে অশিক্ষা, অসত্য ও অধর্মের দানবকে ধ্বং করবার বজ্ঞ নির্মানের ভার তাঁদের উপর, তাঁরা হবেন আদর্শ চরিত্র, হবেন সমাজ সংস্কারক কর্মী আদর্শ নাগরিক এঁরা জাতির মেরুদণ্ড জাতির প্রাণ প্রতিষ্ঠাতা কিন্তু এঁরা বাঁচবে কি করে ? এঁদের বাঁচতে হলে কমপক্ষে বেতন ১২০-১২৫ টাকা হওয়া অতীব প্রয়োজন। উহাদের ছেলেমেয়েদেবিনা বেতনে উচ্চ শিক্ষার ব্যবস্থা এবং প্রভিডেণ্ট ফাও চালু করা ও মাসের নির্দিষ্ট সপ্তাহে বেতদিবার ব্যবস্থা করে, ঐ শিক্ষকদের সমস্ত অভাবকে সরকারকে হাত নিয়ে টেনে আনতে জাতি গঠনের মহান ব্রত। কিন্তু প্রভিডেণ্ট ফাও সম্বন্ধে ২ বংসর পূর্বে সরকার যে আখাস দিয়েছিলেণ্ডাহা এখন কার্যাকরী হয় নাই এবং আরও প্রতিশ্রুতি দিয়াছিলেন যে শিক্ষকদের পুত্র কন্তাদের বিন বেজনে মাধ্যমিক শিক্ষালান্ডের স্থযোগ, তাহা এখনও কোন ফ্রণ্ট ব্যবস্থা করা হয় নাই। ইহা অতি হুংখ ও লজ্জার কথা।

[5-45-5-55 p.m.]

Shrimati Labanya Prova Ghosh: মাননীয় স্পীকার মহাশ্য, বর্তমান শিক্ষাধারার জীবস্তন অর্থ ও বৃদ্ধি শক্তির যে অজস্র অপচয় ঘটছে—ছুনীতির অবাধ পরিপোষণের যে ধারা বিসদৃশ হয়ে দেখা দিয়েছে সেই সবও আজ মান হতে চলেছে শাসন কর্তৃপক্ষের শিক্ষানীতি বিষয়ে অপবিসীম **বিত্রান্তির সামনে। পুরাতন শিক্ষাধার।, বু**নিয়াদি শিক্ষাধারা, টেকনিক্যাল শিক্ষাধারা, নতুন **চিন্তাধারা দৰকিছু মিলে সামঞ্জভ**হীন একট। কবল্কের অভ্যুদয় হয়েছে। পুরাতনের মোহ এবং সংস্কারও ছাড়া যাচ্ছে না—নতুনের প্রতি আগ্রহের ভানও আছে অথচ বিশ্বাস নেই, প্রগতিপূর্ণ ধারার প্রতি মোহ আছে কিন্তু সে বৈপ্লবিক সাহস বা সামঞ্জস্তপূর্ণ ধারাবোধ নেই। ফলে কোনো একটা স্থপরিস্ফুট ধারা গড়ে উঠছে না। এই শিক্ষাধারার মধ্যে প্রতি বৎসর অগণিত ছাত্রছাত্রী পাশ করে বেরিয়ে আসছে—কিন্তু তাদের জন্তে কর্ম নেই—অজস্র বেকারের দল তাদের দীর্ঘখাসে আকাশ আলোড়িত করে তুলছে অথচ জাতীয় চাহিদারও অস্ত নেই। বহু ব্যবস্থা চাই, যোগ্য লোক চাই. চাহিদা পুরণ করা চাই। আমরা দেখতে পাচ্চি শিক্ষার এক অলীক মোহের মধ্য দিয়ে অগণিত ছেলে বেরিয়ে আসছে ভাদের জীবিকার জীবনধারা থেকে। তাদের উত্তরাধিকারের ক্ষেত্র থেকে ভারা বেরিয়ে আসতেই চায়। অগণিত চাষীর ছেলে, কামারের ছেলে, ছুতোরের ছেলে, আরো কতো জাতীয় কর্মীর ছেলে তথাকথিত শিক্ষালাভ করে তারা তার পিতৃপুক্ষের জীবিকায় ফিরে যেতে চাম না; তারা তথাকথিত সম্মানিতের কাজ চায়; তারা চাকরী চায়; দেশগঠন করবার জন্তে কিস্বা দেশের চাহিদা মেটাবার জন্মে নয়। সহজে প্রাচুর অর্থ উপার্জন করে সম্মানিত হবার জন্মে। কিন্তু আজও এই সমাজদৃষ্টিভঙ্গী কেন ? দেশের যে বিরাট চাহিদা রয়েছে তার আসল জোগানের ক্ষেত্র র্বচিত হবে—আমাদের সমাজের বর্তমান বিশাল যে জীবনধারা-কর্মধারা ভাকে আশ্রয় করেই। পুরাতন ব্যবস্থা ধারা হাতে নিয়ে আমাদের দেশের চাষী অমুভব করবে—দেশের নৃতন চাহিদার মহান জোগানে তাকে আজ প্রস্তুত হতে হবে। নৃত্তন জগতের বৈজ্ঞানিক ধারা তাকে পেতে হবে। ভার ছেলেপুলের৷ ভারই ব্যাকুলতা নিয়ে শিক্ষাক্ষেত্রে এগিয়ে আসবে ভার পারিপার্থিক সমাজ ও ভার অকিঞ্চিতকর আয়োজনের ধারাকে কিভাবে তার ক্ষমতাসাধ্য উপায়ে উন্নত আয়োজনে গুডবার নুতন শিক্ষা লাভ করে আনন্দিত মনে যে দেশের উন্নততর জোগানে অগ্রসর হবে। কামারের ছেলে, ছুতোরের ছেলে, কুমোরের ছেলে এবং আরো অন্তান্ত জাতীয় কর্মীর ছেলে এই সম-প্রেরণাই অমুভব করবে। শিক্ষা জীবনে ভারা এসে দেখবে তাদের পিতৃপুরুষের কাজ মর্য্যাদার কাজ—মহান দায়িত্তের কাজ—জাতীয় পরিকল্পনায় মহান চাহিদার কাজ। কিন্তু আজ শিক্ষাধারা তা দিতে পাছে

না। তারা এসে দেখছে ভার সমাজ ধারা আর্থিক ধারা আজ অবজ্ঞাত উপেক্ষিত। স্থতরাং সে 'ভোট লোকের বৃত্তি' চায় না; সম্মানিভের চাকরী চায়। দেশের সমগ্র শিক্ষাধারা আজও অবিরভ আমাদের জীবনে এই হুর্ভাগ্য এনে দিছে। আমাদের শিক্ষাজীবনে কুম্বির স্থানও আছে—ছেলের। ্দে ক্ষৰিকে অন্ত দৃষ্টিভে দেখে। তার মধ্য দিয়ে ভারা ক্ষমিবিহীন কৃষি পণ্ডিভ হতে চায়—গায়ে फारमंत्र माहि लागरव ना, उरेशामतनत आरमला छारमंत्र मञ् कत्रत्छ शरव ना, श्रीरमाहाकी उरेशामन করবে আর তার ফল তার। হহাতে পকেটে ভরে নিয়ে যাবে সম্মানিতের ঐশ্বর্য্য গড়বার জন্ম। আমাদের শিক্ষাজীবনে আজ টেকনিক্যাল শিক্ষা উগ্র হয়ে উঠেছে দেখছি। সে টেকনিক্যাল শিক্ষাধারা আমাদের মাটির---আমাদের ধারার প্রতি যেন কোন দৃষ্টিই রাখতে চায় না। নৃতন্তর বিশাল আকারের আয়োজন যেন স্বটা প্রগাছার মত আমাদের দেশের ঘাডে চাপাতে চায়। নতনভবো বিশাল আকারের আয়োজনেরও প্রয়োজন আছে নিশ্চয়ই, কিন্তু তা স্বটা নয় তা দেশের धात्रारक मम्पूर्व छेलका करत नय। विभाग एय हासीरशाष्ट्री ও জাতীय कर्मीरशाष्ट्री **छे**रलामस्त्रत পুরাতন সাধনধারা নিয়ে বসে আছে, তার উপযোগী তার সাধ্যের মধ্যে সহজ্বভা উন্নত উপকর্মণের সরবরাহের দিকে সে দায়িত্বপূর্ণ আন্তরিক চেষ্টা এই টেকনিক্যাল শিক্ষাধারার মধ্যে কই ৪ ভার সমস্তাকে বোঝবার চেষ্টা আজ কই ? বিদেশের উন্নত সমাজগুলির অগ্রগতির আয়োজন দেখে আমর। মুগ্ধ হয়ে একদিনেই তাকে পরিপূর্ণভাবে অমুকরণ করতে চাই। সেজগু দেশ এবং দেশের সমস্তাকে আমরা ভলেছি। আমাদের যে বিরাট ক্রবিমেলা চলেছে তার মধ্যেও আমাদের এই রোগেরই প্রকাশ। গান্ধীজী বনিয়াদি শিক্ষার মধ্যে কর্মকেন্দ্রিক শিক্ষাধারার মনস্তাত্তিক দিকের সঙ্গে পারিপার্থিক সমাজের এই মহান দিকটির কথা ভেবেছিলেন। তার বনিয়াদী বাদ দেবার আমাদের সাহস হয়নি, অথচ সে দৃষ্টিও নেই—তাই এককোণে অগত্যার আদন তার জন্ম রয়েছে। কিন্তু সমাজের মূল সমস্তাটার কথা আজু বাদ দিলে চলবে কি করে? আসল ব্যাপার হয়েছে যাদের হাতে পরিচালনা তাঁদের চিন্তায় জট পাকিয়ে গেছে। পরিচালনা যথন তুর্বল ও বিভ্রাস্ত হয় তথন ক্ষমতা কেন্দ্রীভূত করার রোগ দেখা দেয়। আমাদের শিক্ষাধারার আজ এই অবস্থা। জানি না আমাদের শাসনতান্ত্রিক শিক্ষাবিদরা – সমাজের এসব সমস্তার কথা ভাববার আগ্রহবোধ করবেন কি না – অথবা হয়তো তাঁদের অবকাশই হবে না। কিন্তু একথা সত্য যে, আমাদের শিকাধারার মধ্যে দেশের অগণিত মানুষের জীবনধার। সমাজধার। আর্থিক ধারার উন্নতির লক্ষ্যে শিক্ষা ব্যবস্থাই আজ জাতীয় শিক্ষার সবচেয়ে বড সমস্যা।

Personal Explanation

Shri Hansadhwaj Dhara: মাননীয় স্পীকার মহাশয়, আমি যথন হাউসে ছিলাম না তথন বিরোধী পক্ষের মাননীয় সদস্ত প্রীপ্রধীর রায় চৌধুরী মহাশয় ২৪ পরগণা জেলা স্কুল বোর্ড এবং জদানিন্তন সভাপতি সম্পর্কে কিছু কথা এথানে বলেছেন। তবে যেহেতু আমি ঐ সময় সভাপতি ছিলাম সেই হেতু আমাকে একটা পার্শোনাল এক্সপ্লানেসন এ সম্পর্কে দিতে হচ্ছে। যা' হোক্, তিনি ২৪ পরগণা জেলা স্কুল বোর্ডের নামে যে সমস্ত অসুসন্ধান, রিপোর্ট এবং দ্বিপগাড়ী ব্যবহারের কথা উল্লেখ করেছেন ভাতে বলতে চাই যে, ২৪ পরগণা জেলা স্কুল বোর্ডের বিক্তন্ধে যে দরখান্ত করা হয়েছিল এবং সে সম্পর্কে যে অনুসন্ধান করা হয়েছিল ভার সভ্যতা সম্পর্কে এই হাউসে এবং কাউসিলে অনেকবার বলেছি, অর্থাৎ গত ২ বছর ধরে সমস্ত দলিলপত্র নিয়ে মাননীয়া উপমন্ত্রী মায়া ব্যানার্জী কাউন্সিলে ভার উত্তর দিয়েছেন এবং এই হাউসে আমি উত্তর দিয়েছি। কিস্কু ভা সত্তেও আজকে যথন ভিনি নৃতন করে প্রশ্ন ভূলেছেন যে ওথানকার জেলা কংগ্রেস কমিটির একটা

জ্বিপরাড়ী ঝুলবোর্ড ব্যবহার করে এবং ঝুলবোর্ডের সম্ভাপতি ২৬ শত টাকা মেরে দিয়েছে তথ ভার উত্তরে জানাতে চাই বে, এগুলো সম্পূর্ণ অসত্য কথা এবং জেলা কংগ্রেস কমিটির কোন জিপগার্ড় ছিল না।

Shri Sudhir Chandra Ray Chowdhury: আমি জিপ বলিনি-গাড়ী বলেছি।

Shri Hansadhwaj Dhara: যা হোক্, জেলা কংগ্রেস কমিটির কোন গাড়ী বা জিংছিল না। তবে জেলা স্কুল বোর্ডের কোন জিপ ছিল না বলে একটা প্রাঃভেট জিপ রিকুইজিসন কর হয় এবং তা' শিক্ষা দপ্তরের অনুমতি নিয়েই করা হয় এবং তারজন্ম যে বিল ডু করা হয়েছে সেট শিক্ষা দপ্তর থেকে টি. এ. হিসেবে স্বীকৃতি দেওয়ার ফলে তা' প্রেসিডেণ্টের টি. এ. হিসেবে আইন সঙ্গত প্রাণ) বলেই ধরে নেওয়া যেতে পারে এবং তার সমস্তটা না হলেও কিছুটা ডুকরা হয়েছে যা হোক্, বিপক্ষ দলের মাননীয় সদস্থ এ সম্পর্কে যে সব কথা বলেছেন তার উত্তরে তাকে এট জানিয়ে দিলাম।

Shri Sudhir Chandra Ray Chowdhury: ভার, ভাহলে আমাকেও একট পার্শোনাল এক্সপ্লানেসন দিতে হচ্ছে এবং তা হোল আ্যান্টিকরাপ্সন ডিপার্টমেণ্ট যে ইনভেষ্টিগেসন বি োট দিয়েছিলেন এবং যার উপর ঐত্যাপাক সেন রায় দিয়েছিলেন সেই ইনভেষ্টিগেসন রিপোর্ট যদি আপনার কাছে থাকে ভাহলে সেটা আপনি এথানে সাবমিট করুন এবং ভাতেই আমাব কথাব সভ্যতা প্রমানিত হবে।

Mr. Speaker: That is not a personal explanation.

Shri Sudhir Chandra Ray Chowdhury: ভাল কথা, তবে উনি এখানে রিপোর্টটা দাখিল করুন।

Shri Manoranjan Hazra: অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ। স্থার, যথন এ রকম ঘটনা আমারা প্রায়ই শুনি তথন যদি সরকার পক্ষ থেকে রিপোর্টের একটা কপি মেম্বারদের দিয়ে দেওয়া হয় ভাহতে তাঁদের স্থবিধা হয়।

Speaker: That is no point of privilege.

Shri Apurbalal Mazumdar: As public money is involved in the matter, তথন সেটা মেমারদের কাছে প্লেস করা হোক।

Shrimati Manikuntala Sen: মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষাথাতে ব্যয় বরাদের উপর মাননীয় শিক্ষায়দ্রীর বক্তৃতা শুনলে মনে হয় পশ্চিম বাংলার সমস্ত শিক্ষা ব্যবহার ব্যয়ভার এখন বোধহয় সরকারই বহন করেন কাজেই পশ্চিম বাংলায় যে সব ছেলে মেয়েরা পড়ে ভাদের অভিভাবকদের এখন আর কোন ব্যয়ভার বহন করতে হয়না। তবে সৌভাগ্যের কথাই হোক আর ছঃভাগ্যের কথাই হোক শিক্ষা মন্ত্রীর পক্ষে ঐ ব্যয় যা'ছেলে মেয়েদের বাপ-মাদের বহণ করতে হয় ভা বোধ হয় করতে হয়না। কিন্তু বিদি বহণ করতে হোত ভাহলে ভিনি মাত্র ২॥০ কোটি টাকার দাবী এনে ঐ বকম প্রসয় হাসী হাসতে পারতেন না। বরং আমার মনে হয় আঞ্জকাল ছেলে মেয়েদের পড়াভে গেলে ভাদের বাপ-মাকে যে কভখানি বিত্রত বোধ করতে হয় এবং শিক্ষার

বার বেড়ে বেড়ে বে কোথায় এসে দাঁড়িয়েছে তার যদি কিছুমাত্র প্রত্যক্ষ অভিজ্ঞত। শিক্ষা মন্ত্রীর থাকত তাহলে তিনি এই রকম ঔদ্ধতোর সলে কক্তৃতা না করে আর একটু নত হরে সংলাচ এবং বিনয়ের সলে বলতেন। স্থার, আপনি জানেন যে, ভক্তীর সময় যখন উপস্থিত হয় তখন ছেলেমেয়েদের বাপ-মাকে কি ঘোরাত্রিই না করতে হয় এবং এটা শুধু স্কুলে ছেলেমেয়েরে ভক্তী করবার ব্যাপারেই নয়, সে ক্লাশ ওয়ান, টু, খুী থেকে আরম্ভ করে একেবারে কলেজ পর্যান্তঃ।

[5-55-6-5 p-m.]

সমস্ত জায়গায় গার্জেনর। ছেলেমেয়েদেব ভর্তি করতে পারেনা, ভর্তি যদি বা কোন রকমে করে মাইনে দিতে পারেনা এবং মাইনে যদি কোন রকমে যোগাড় হয় বই দিতে পারেনা। এই ষে থরচ বৃদ্ধি এ প্রায় প্রকুল্লবাবুর বক্তৃতার মত—ফসল বাড়ছে কিন্তু দাম কমছেনা; ঠিক তেমনি শিক্ষা দপ্তরের থরচ বাড়ছে আর শিক্ষা মন্ত্রী মহাশয় আাত্মন্তিতে প্রসন্ন হাসিতে হাউসকে হাসাবার চেষ্টা করছেন। এই যে শিকার থরচ কমছেনা সেটার কি উত্তর দিছেনে ?

Shri Chitto Basu: Sir, I move that the demand of Rs. 6,80,86,000 for expenditure under Grant No. 11, Major Heads: XVII-Irrigation, etc., be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I move that the demand of Rs. 6,80,86,000 for expenditure under Grant No. 11, Major Heads: XVIII Irrigation, etc., be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I move that the demand of Rs. 6,80,86,000 for expenditure under Grant No. 11, Major Heads 'XVII-Irrigation, etc., be reduced by Re. 1.

Shri Renupada Halder: Sir, I move that the demand of Rs. 6,80,86,000 for expenditure under Grant No. 11, Major Heads XVII-Irrigation, etc., be reduced by Re. 1.

Shri Hare Krishna Konar: Sir, I move that the demand of Rs. 6,89,86,000 for expenditure under Grant No. 11, Major Heads XVII Irrigation, etc., be reduced by Re. 1.

Shri Jatindra Chandra Chakravorty: Sir, I move that the demand of Rs. 6 80 86,000 for expenditure under Grant No. 11. Major Heads XVII-Irrigation, etc., be reduced by Re. 1.

Shri Subodh Banerjee: Sir, I move that the demand of Rs. 6,80,86,000 for expenditure under Grant No. 11, Major Heads XVII-Irrigation, etc., be reduced by Re. 1.

Dr. Golam Yazdani: Sir, I move that the demand of Rs. 6,80,86,000 for expenditure under Grant No. 11, Major Heads XVII-Irrigation, etc., be reduced by Re. 1.

Shri Benoy Krishna Chowdhury: Sir, I move that the demand of Rs. 5,90,87,000 for expenditure under Grant No. 46, Major Head: 80A-Capital outlay on Multipurpose River Schemes outside the Revenue Account-Damodar Valley Project, be reduced by Rs. 100.

Shri Pramatha Nath Dhibar: Sir, I move that the demand of Rs. 5,90,87,000 for expenditure under Grant No. 46, Major Head: 80A-Capital outlay on Multipurpose River Schemes outside the Revenue Accounts-Damodar Valley Project, be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I move that the demand of Rs. 5,90,87,000 for expenditure under Grant No. 46, Major Head: 80A-Capital outlay on Multipurpose River Schemes outside the Revenue Account-Damodar Valley Project, be reduced by Rs. 100.

Shri Dasarathi Tah: Sir, I move that the demand of Rs. 5,90,87,000 for expenditure under Grant No. 46, Major Head: 80A-Capital outlay on Multipurpose River Schemes outside the Revenue Accounts-Damodar Valley Project, be reduced by Rs. 100.

Shri Haridas Mitra: Sir, I move that the demand of Rs. 5,9),87,000 for expenditure under Grant No. 46, Major Head: 80A-Capital outlay on Multipurpose River Schemes outside the Revenue Account-Damodar Valley Project, be reduced by Rs. 100.

Dr. Kanailal Bhattacharjee: Sir, I move that the demand of Rs. 5,90,87,000 for expenditure under Grant No. 46, Major Head: 80A-Capital outlay on Multipurpose River Schemes outside the Revenue Accounts-Damodar Valley Project, be reduced by Rs. 100.

Further statement on calling attention to a matter of urgent public importance

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, may I crave your indulgenc just for a few moments. I forgot to mention while making my statemen about canal tax and reorganisation of the dues. About canal tax, separat instructions have been issued by the Irrigation Department.

Demand for Grant No 11

Shri Dasarathi Tah: অধ্যক্ষ মহোদয়, আমাদের সেচমন্ত্রী মহাশয় এই দশম বং পদার্পণ করে সেই একই কথা চর্বিত চর্বণ করলেন। ভদ্রপোকের এক কথা, ভার দ্বিতীয় কিছু হরা উপায় নেই। জামাতা বাবাজীবন বিবাহের সময় ধঙুর মহাশয়কে বলেছিলেন যে আমার ব্য়স ২ বছর। ১০ বছর পরে যথন ধহুর মহাশয় মৃত্যুশ্যায় তথন জামাতা বাবাজীবন তার শ্যাপাে উপস্থিত—তথন তিনি জিজ্ঞাস।করেন বাবাজীবন তোমার বয়স কত, তিনি বল্লেন ২০ বছর। খণ্ড মহাশয় বল্লেন সে কি বাবা, দশ বছর আমাগে তোমার তো ২০ বছর ছিল। তিনি বল্লেন আমা পুজানীয় পিতৃদেব আমাকে বলেছিলেন মৃত্যুকালে যে কথার কোন বেচাল করোনা, এক কং রেখো। এখানেও ভাই দেখছি, অজ্যবাব প্রথম কয়েক বছর খুব কবিতা-টবিতা করে আমাদে কাছে যে ছবি অংকিত করেছিলেন এখনও সেই দেখছি— শেষকালে মূর্ছা এবং পত্ন, অথা ঢি. ভি. সি.র যেসমত পরিকল্লনা এবং আংশা আংকাংথা ছিল সেগুলি সব বার্থ হয়েছে একথা তি**রি** বলে গেলেন—এই অর্থ ব্রুতে পারলাম। নেভিগেব্ল চ্যানেল হয়নি রবিশস্তে জল জোগাতে পারেননি, থারিপ শস্তে এত জল দেবার কথা ছিল কিন্তু শেষ প্যস্ত কোন হিসাব পাওয়া যাঃনি চেলের এক চোথ কালা, সার একটা চোথে দেখতে পান না– শেষ পর্যন্ত এই অর্থ দাঁড়ালো অধ্যক্ষ মহোদয়, আমি দামোদর এলাকার লোক— আমাদের বংগ্রেদ গ্রুণমেন্ট, থিশেষ ক আমাদের সেচমগ্রী মহাশয় দামোদর পরিকল্পনা নিয়েবেণীটাক পিটিয়েছেন যে সারাভারতবং ডি. ভি. পি. এক নম্বর পরিকল্পন। দামোদরে ব্যানিষ্ত্রণ হবে, দামোদরকে সংযত করা হবে এ ছিল পরিকল্পনা। অবশেষে আমরা দেখতে পাতিহু যে.৮টা ড্যামের জাংগায় ১টা ড্যাম হয়েছে সম্পূৰ্ণ করতে পারলেম না—এটা খানিকটা ঘোষণা, ওটা খানিকটা এইর পরিকল্পন। হচ্ছে। ৪টা ড্যাম সৃষ্টি হবার পরেও দামোদরে বল্তা-নিয়ন্ত্রণ হয়নি, বল্তার আংশংকা যথে রয়েছে এ জিনিস আমরা হাতেনাতে দেখতে পাচ্ছি। এরপাটরা বলেছেদ, ভুরভি এবং ভারণর একাণটারা মতান্ত চিন্তা করে ঠিক করেছে বলেছিলোন যে ৪টাতে বতা নিয়ন্ত্রিত হবে। দেচমন্ত্রী একবছর বাজেট বক্তভায় বলেছিলেন যে শেষদিকে (ছটো জলাধার হল মাইথন এবং পাঞ্চেং এই ছটো হয়ে গেলে নদীর ছদিককার কিনারা কিছুতে উপছাবে না কিন্তু দেখলাম যে প্রতি বছর উপছাচ্চে—এই সমস্তার সমাধান হয়নি। বক্তা নিয়ত্ত ছিল দামোদর ভাগলীর এক নম্বর উদ্দেশ্য, সেই উদ্দেশ্য বার্থ হয়েছে এবং সেই দামোদরের অরক্ষি অঞ্চলের অধিবাসী, আমরা বিশেষভাবে জানি -- গত বছর সেচমন্ত্রী মহাশয় সেথানে গিয়েছিলেন-শেখানে যেসমন্ত হানাথাল রয়েছে তাতে একেবারে মাইলের পর মাইল বভাতে প্রপীড়িত হয়ে ব বিধ্বস্ত হয়ে যায়। ভার মধ্যে যেটা বারাস্তী হানা সেটাকে বাধ্বার জন্ম সেচ বিভাগকে বার্বা অনুবোধ করা হয় এবং দেই অন্যৱেধি তাঁরা রক্ষা করলেন কথন, না যথন জনসাধারণ নিশ্চিতভা সেই বাধকে বেধে ফেলেছে এবং পাকা করেছে তথন। অবগ্য সেটুকু যা করেছেন তার জন্ম আ^{মর} ধন্তবাদ দিয়েছি-জনসাধারণের বাদ ার উপর কাঠি মেরে দিয়ে আপনারা যে বাবতা করে আনংল ভার জন্ম ধন্তবাদ দিচিত।

[3-40—3-50 p.m.]

কিন্তু ব্যাপার হচ্ছে প্রতিটা কাজে দেখছি সে সেচ বিভাগই হোক, আর যে বিভাগই হোক্—
সেথানে দেখা যায় তার বরাদ ঐ সেচ বিভাগের মত বর্ধাকালে গিয়ে উপস্থিত হয়। অর্থাও শেষ
পর্যন্ত কোন কোনে কেন্তে মন্ত্রী মহাশয়ের সদিচ্ছা আছে থাওয়ানোর, কিন্তু থাওয়ান হয় পিত্তি পড়িয়ে,
ভাতে কোনটাই কাজে লাগে না।

মোহনপুর হানা সম্বন্ধে বলেছি, সেটা চারশো ফুট চওড়া; বারাসভী হানাও ঐ চারশো ফুট চওড়া। জনসাধারণের পরিশ্রম ও প্রসা—সর্বসাকুলো মাত্র মামুষের মজুরী দিয়ে ১১ হাজার টাকা দিয়ে ঐ ছটো হানা complete করে দেওয়া যেতে পারে। এক মোহনপুরের হানার জন্ম এক লক্ষ্ণ টাকার বেণী নিয়েছে ভার স্থনিবিচিত কণ্টান্টর। এখনো ভা হ্বিধা থাকা সত্ত্বেও ভিনি complete করেলন না। এবারও সেটা রেখে দিয়েছেন। মন্ত্রী মহাশ্রের কাছে ধর্না দিয়ে বলেছি— অক্তঃপক্ষে ওটা জনসাধারণের হাতে ছেড়ে দিয়ে ভাদের নিরাপত্তার ব্যবহা করন। আমি প্রতাব দিছি — তাঁর মনেপ্রাণে বিদি ধারণা থাকে দামোদরের ৬টা বাধ বেধে বল্লা নিঃমূল হয়েছে, ভাহ'লে left embankment, right embankmentএর মধ্যে left embankment তুলে দেন; ভাহলে right embankment র লোকের একটু আশা হবে যে সরকার বাহাছরের আত্মপ্রতায় এসেছে। ভা না হলে ইই ইন্ডিয়া রেলওয়ে ও কলকাতা বন্দর রক্ষা করবার জন্ম ও ফুট, চার ফুট মাটি বছরের পর বছর বামতীরে ফেলবেন বা অন্তাদিক দিয়ে কিছু করবেন। আর দক্ষিণ তীরের লোকের ছিলোগ ভাকিয়ে থাকবেন। একটা হানা বাধতে গেলেও বিশেষজ্ঞানের দিকে আপ্রনারা ভাকিয়ে থাকবেন। সেচমন্ত্রী সেখানে ঠুটো জগরাথ।

এই ডি-ভি-দি'র বরাদ্দ আমাদের কাছে কেন আসে। ডি-ভি-দি হছে দেচমন্ত্রীর তৃতীয় পক্ষের স্ত্রী, তাঁর ভাত খান, কিন্তু ভাতী মানেন না। বারবার একথা বলেছি—ডি-ভি-দির বারা তো flood control হ'ল না। কিন্তু বৃষ্টির সময় ও বর্ষাকালে চার পাঁচ মাস ছ-পাশের লোকে নৌকায় যাতায়াত করতে। আগে, এখন সারা বছরই তাদের নৌকায় যাতায়াত করতে হয়। এর কি কোন প্রতিকার আপনাদের বারা হবে না? এর প্রতি আপনাদের দৃষ্টি আবর্ষণ করেছি, শ্রবণ ও আবর্ষণ করেছি এবং চোখে আসুল দিয়েও দেখিয়ে দিয়েছি— অন্ততঃ এইটা ঠিক করে দেন যাতে ডি-ভি-দি মাসের প্রথম পনের দিন বা শেষ পনের দিন জল ছাড়বে, আর পনের দিন জল ছাড়বে না। এস্বন্ধে কাগজে নোটাশ দিয়ে জানিয়ে দেন— কোন্পনের দিন আপনারা জল ছাড়বেন, কোন্পনের দিন জল ছাড়বেন না। ইংরেজী মাসের বা বাংলা মাসের প্রথম পক্ষ নদীতে জল ছাড়া হবে, তারপর আর হবে না, এইটা ঠিক করে দিন। ওখানে সদর্ঘটে একটা টেম্পোরারী ব্রীজ করবার জন্ত খগেনবারু অর্ডার দিয়েছিলেন; আর এদিকে জন্ম্যবার্র ডিপার্টমেন্ট হঠাৎ সেই জায়গায় জল ছড়ে দিলেন। ফলে সমন্ত ব্রীজ জলের তোড়ে ছিড়ে নিয়ে চলে গেছে। দক্ষিণ দামাদের স্থাম-স্থানর আর যাওয়ার কথা ছিল। সেখানে তাঁকে কদলী দিয়ে সন্থান করতেন যদি যেতেন। ডাঃ রামের আর যাওয়ার কথা ছিল। সেখানে তাঁকে কদলী দিয়ে সন্থান করতেন যদি যেতেন। ডাঃ রামের আর যাওয়ার হ'ল না।

ভারণর আপনারা যা করেছেন—বছরের পর বছর বলছেন flood control করছেন। কিন্তু flood control কোন দিক দিয়েই হছে না। এই হলো প্রথম কথা। ছ-নম্বর হছে—আমরা ভারী চমংকার করেছি—ভিন দরিকের ব্যবস্থা করেছি। ডি-ভি-দির এক দরিক আমরা, বিহার এক দরিক এবং দেণ্ট্রাল এক দরিক। ভারী মজা বহ্যা নিয়ন্ত্রণের। সেচের বেলাভে ভোমরা পশ্চিমবংগ স্বটা দাও, ইলেকট্রিনিটর ব্যাপারে ভোমরা আন্ত জায়গায় স্ব দেও আর পশ্চিমবংগ ভার হিতা দাও। ভাই আমরা দেখতে পাছি কি ব্যাপার! চক্রপুরা ডি-ভি-দিব মধ্যে হলেও ভার

আংশ দাও পশ্চিমবংগ। বোকারোকে দিয়েছেন এবং ভিলাইয়ে, মাইথনে-পাঞ্চেতে যে ইলেকটি সিটি ছয়েছে, তারও অংশ আপনারা দিচ্ছেন। কিন্তু অন্তান্ত ব্যাপারে আমাদের যেখানে যেসমন্ত প্রকেষ্ট আছে বক্তা নিয়ন্ত্ৰণ ইত্যাদি—ভার ব্যাপারেও আজ বিখন কথা উঠেছে—বেলপাহাডী এবং আয়ার বাঁধ হবে কি না! আমার ধারণা এই বেলপাহাড়ী এবং আয়ার বাঁধ নুতন তৈরী হলেও এর ধারা বস্তার পূর্ণ নিয়ন্ত্রণ হবে না। সেথানে বলা হচ্ছে বাংলাদেশ আর বেশী থরচ করতে পারবে না। অস্ত জায়গায় তাঁর হিস্তা নাই বলে আমরা ভনেছি। এখানে ডি-ভি-সির সংগে তার কি সম্পর্ক? বৈচ্যাতিক যন্ত্র ও অভ্যান্ত যন্ত্র যা আপনারা বোকারোতে বসিয়ে দিয়েছেন, সেটা অভিরিক্ত বলে আমরা মনে করি। আর চন্দ্রপুরাতে যেটা করছেন সেটাও অভিরিক্ত বলে মনে করি। যদি এই হয়, তাহলে ব্যাণ্ডেলে যে কতকগুলি টাকা খরচ এর জন্ম করা হবে, এটা ডি-ভি-সি'র মধ্যে ফেলে দিয়ে অন্ততঃ বিহার ও দেণ্টাল গভর্ণমেণ্টের কাছ থেকে এর হিস্তা নেওয়া যেতে পারে। উনি সব কথা বললেন ও মন্ত্রী মহাশয় একটা কথা বললেন না—তার দিকে গ্রাহ্ম না করে এর হেড কোয়াটার এথান থেকে অন্তত্ত্র উঠিয়ে নিয়ে যাচ্ছে। গুধু তাই নয়—তার জন্ত আমাদের জরিমানা দিতে হবে, দক্ষিণা দিতে হবে ৯২ লক্ষ টাকা। সে বিষয়ে তো তিনি একটা কথাও বলছেন না! তাই বিশেষভাবে অফুরোধ করি –বভা নিয়ন্ত্রণ পরিষ্কার পরিচ্ছরভাবে করতে গেলে আরো চুটো ড্রাম বেলপাহাডী ও আয়ার বাধ বাঁধা প্রয়োজন বলে সরকার প্রতিশ্রুতি দেন। সে বিষয় একটি কথাও তিনি বলছেন না। তাই আমি তাঁকে বিশেষভাবে অমুরোধ করি বঞা নিয়ন্ত্রণ পরিফার পরিচ্ছন্নভাবে করতে গেলে আরও হুটা বেলপাহাডী ও আয়ারএর প্রয়োজন। তার জন্ম সরকার প্রতিশ্রুতি দিন। অন্ত দিক দিয়ে ষতক্ষণ পর্যন্ত না এই ব্যবস্থা হয়—ততক্ষণ পর্যন্ত ডি-ভি-দি'র জ্বল ছাডার যেন একটা ফুর্চ নীতি থাকে, তার ব্যবহা আপনি করুন। এবং দামোদরের হুই তীরবর্তী অরক্ষিত অঞ্চলে ষেখানে বছার কোন protection নেই, সেখানে বন্তার হাত থেকে রক্ষার জন্ত উপযুক্ত ব্যবস্থা করা হোক। কলকাতার দিকে বা বর্ধমানের দিকে বাঁধ হাখার সংকল্ল যদি সরকারের থাকে ভাহলে ত্পারে বাঁধ রাথার বাবস্থা করা হোক। যদি প্রয়োজন মনে করেন বিভিন্ন জায়গায় সুইজ গেট নির্মাণ করা দরকার, তাহলে স্নুইজ এবং জল-নিকার্ন ব্যবস্থা করুন, তাতে আমাদের আপত্তি নেই।

ভারপর ক্যানেলের কথা বলেছেন—অধিকংশ জায়গায় ক্যানেল ৩৩ মাইল করা হয়েছে। আপনারা এক মাইল কেটেছেন, ছু-মাইল ফাঁক,— এইরকম ভাবে রেখেছেন। অতএব এখনও পর্যস্ত বছ জায়গায় ক্যানেল complete হয়নি; এবং bridge e culverte হয়নি, ভার ফলে সেথানে লাঠালাঠি চলেছে। জনসাধারণ, চাষীর জন্ম যেটুকু করা দরকার, সেটুকু করা উচিত। কারণ ছ-মাইল, আড়াই মাইল ঘুরে গিয়ে চায করতে হয়, দেখানে মানুষ যেতে পারে না। ইরি-গেশনের স্থবিধার জন্ম হিমানীপুর বলে একটা গ্রাম উচ্ছেদ হল এবং তারা উঠে গেলে সেটা নিয়ে একটা নুজন হিমানীপুর বলে নামকরণ হল। কিন্তু তাদের ক্যানাল বরাবর কোন ব্যবস্থা ব রা হয়নি। এবং জামালপুরের দিকে কানা নদী, ডাকাভিয়া খাল sufficient ব্রীজ দেওয়া দরকার, সেগুলির দিকে কোন চেষ্টা নেই। তারপর তিনি lower দামোদরের কথা একবারও বললেন না। আমি বারবার বলেছি — আমরা বিশেষজ্ঞ নই, মন্ত্রী মহাশয়ও বিশেষজ্ঞ নন; কিন্তু, বিশেষরূপে থারা অল্ঞ, ভাদের কাছ থেকে নীতি নিয়ে, পরামর্শ নিয়ে বলুন lower দামোদর আমরা যেটা চেয়েছিলাম জ্বামালপুরের কাছে একটা ব্যাবাজ সৃষ্টি করে নদীর ধার উচু করে দিয়ে জল সরবরাহ করা যায় কি ৰা! এ সম্বন্ধে আমরা বছদিন থেকে suggestion দিয়ে আসছি, সেটা স্তিচকার কছখানি কাৰ্যক্ষী তা মন্ত্ৰী মহাশন্ন বলেননি। ভারপর electricএর ব্যাপার। সেটা বাস্তবে হল এই 'যার বেটার বিষে তার পাতে ডাল নেই'। সেইজন্ত আমি বলছি—'আমার বন্ধু আনবাড়ী যায়, আমারই আছিলা দিয়া'। অর্থাৎ কলকাতায় ঐ electricity ১০ প্রদায় দিচ্ছেন আরে আমাদের বর্ধমানে দেই electricity দিচ্ছেন সাড়ে পাঁচ আনায়। এই ত দেখলাম আপনাদের বাহাত্রী। তারপর

ট্যাক্সের কথা। ভাদের বিভ্রান্ত করবার জন্ম ভিন, চার বছর ফেলে রেখেছেন, ভাদের উপর এই দেনার বোঝা চাপিয়ে রেখেছেন। এখন এই চাধীদের সরকারী দেনার পাণ থেকে রেহাই দিন, এবং ভাদের বকেয়া সমস্ত ট্যাক্স সম্পূর্ণভাবে রেহাই দিয়ে নৃতন খাতা পত্তন করুন।

আপনি হিসাব দিয়ে বললেন অর্ধেকের বেশী নিচ্ছি। আপনাদের ছিসাবটা ঐরকম, নিজের পক্ষে ঝোল টানেন। যেমন ডাইরেক্টরী পঞ্জিকায় বিজ্ঞাপনে দেখি ম্যালেরিয়া হবার সময়, ও ঔরধ ব্যবহার করবার পর ম্যালেরিয়া রোগীর কি অবস্থা। বড় বড় মশা চড়াই পাথীর মড, আর রোগী তার কামড়ে একেবারে কংকালসার হয়ে গিয়েছে এবং সে যে লাঠিটা ধরে আছে— দেটাও একেবারে করু। এবং দেখা গেল আরোগ্য হবার পর, সেই লোকটি বেশ মোটা হয়েছে এবং তার হাতের লাঠিটাও মোটা হয়েছে এবং তার হাতের লাঠিটাও মোটা হয়েছে এবং তার হাতের লাঠিটাও মোটা হয়ে গিয়েছে। এইত আপনার ছিসাব।

[3-50—4 p.m.]

অতএব দামোদর canal exhibition করে দেখিয়ে দিলেন শেয়ালের ল্যাজের মত ধানের শাষ হয়েছে, গোদের উপর বিষফোডার মত। ভাল জমি, ভাল চাষী দিয়ে তারপর একট লাল জল ছেডে দিলেন তথন দেখলাম এত ফদল হয়েছে। অতএব এত যথন লাভ হয়েছে অর্থেক কেন দেবে না ্ চাষ তো করেন নি, যত ছুভাগ্য তরুণকান্তি ঘোষ মহাশয়ের কুষিমঞ্জী, আর অজয়বাব বামুনচাবী নিয়ে যত কারবার। এতে আমরা দেখছি এ রা মনে করেন canala জল দিলেই ভাল চাব হয়। তথ্য থব ভাল কিন্তু পেটরোগাকে যদি থাওয়ান হয় তাহলে বারবার পায়খানায় যেতে হয় এটা তো জানা কথা। Canal ভাল হলেই হবে না, যে বছর রুষ্টি হয় না দেবছর কাজে লাগবে কিন্তু canalএর পানি এবং বুষ্টির পানি মিলিত হয়ে যে ক্ষতি হয় তখন অংক কয়ে তো টাকা ফেরৎ দেন না? সেজন্ত বার বার বিবেচনা করে বলেছি ৫ টাকার বেশা গড tax ছওয়া উচিত নয়। কাজেই tax হেশাও নয় কমও নয়, চাষীও বাচে, যে চাষী উৎপাদন করছে জাতীয় কল্যাণ যে রাস্তায় করছে সেটা যাতে বন্ধ না হয় অন্তদিকে ভারও কিছু লাভ হয় সেইরকম নেন। আপুনাব সংগে ভাগে চাষ করবে এরকম অবস্থা তো ছিল না যে ই লাভ হলে অর্ধেক দিতে হবে! আর এটা একেবারে সংবিধানবিরোধী হবে যদি এটাকে ভালভাবে বিবেচনা করা যায়। সেজন্ম বলছি অন্তন্ত:-পক্ষে বলতে পারতেন Part Payment হিসাবে আদায় করছেন, তা না করে একবারে ৪/৫ বছরের একসংগে আদায় করছেন। এসব বিবেচনা করে বলি ৫ টাকা করুন। এদিকে পরের টাকা নিয়ে তো খুব নবাবী করছেন আরে ঘরের যেগুলি আদায় পড়ে রয়েছে দেগুলি আদায় করছেন না— এদিকে দৃষ্টি দেবেন এটাই বিশেষ করে বলতে চাই। এবং অন্যান্ত বেসমন্ত সমস্তার দিকে দৃষ্টি দেবেন ভার মধ্যে Lift Irrigation সম্বন্ধে দেখছি কিছু বলেননি। সন্তায় জলবিত্যুৎ হবে-সমন্ত কিছু হবে—সন্তায় দেবেন দেখলাম, কিন্তু নদীর ধারে যেখানে জল উঠে না—তার জন্ম Lift Irrigation এর কি ব্যবস্থা আছে, দেগুলি দরকার। আগে একটা হিদাব দিয়েছিলেন—যে জায়গায় canal irrigation হয় না দেখানে সন্তায় Tube well irrigation হবে ঠিক হয় অথচ সে জায়গায় Lift Irrigationএর ব্যবস্থার জন্ম কোন কিছু করেননি। আপনারা ৪টি বড বড বিশাল হদ করেছেন, আমরা বাঙ্গালী, হিসাব চাইছি মাছে কত আয় হয়। আজকে যে মাছ পাকিস্তান থেকে আদে ডি-ভি-দি বাঁধে দে মাছের বাচ্চা দেখান হয়েছিল—গুধু আদল মাছের বাপ-মাকে দেখান হল না—সেটাই আজ অজয়বাবুর কাছে বলি। আবার তিনি যে চিরকুমার, থাত বিভাগে, অর্থ বিভাগে ^{এবং} সেচবিভাগে চিরকুমার তাই কোন দায়িত্ব নাই এবং ধর্মভাব পর্যন্ত নাই। সেজ্ঞ বলি এসমস্ত ^{কোপায়} গেল, আয়ের বেলায় কিছু নাই, কেবল বড় বড় কথা বলে ভাল ভাল ভাষা বলে যদি কাগজ

কলমে লেখা হয় এবং এতে উন্নতি হয়েছে একথা ভোমাদের মানভেই হবে এ নীতি ভারা নিয়েছে। সেই পরগুরামের কবিরাজের মত উন্নতি হয় জানতে পারনি। উন্নতি হচ্ছে জামরা জানতে পারছি পাঁজিতে ২৭ হাত জল লেখা হল কিন্তু দেখা গেল এক ছটাকও জল পড়েনি কাজে জাপনার সমন্তই ভাঁওতা, নিতান্ত বাজে কথার পরিচয় দিলেন এবং শ্রুছের বন্ধু হিসাবে একেবা জ্বেদার্থতার পরিচয় দিলেন।

Shri Benoy Krishna Chowdhury: মাননীয় স্পীকার মহাশয়, প্রথমেই আর্নি দেচমন্ত্রী মহাশয়ের আজই বিধানসভায় Flood Enquiry Committee Report পেশ করাট গুরুতর আপত্তিকর বলে মনে করি। কারণ এটা একটা অত্যন্ত গুরুতর বিষয় এবং এ বিষয় আজ পর্যন্ত আলোচন। করার কোন অবকাশ নাই। অথচ আজই এই report পেশ করলে পাতার উপর সদস্তরা কিভাবে আলোচনা করতে পারেন সহজেই বুঝতে পারেন। তবু এ সম্পাদ্ধেরটি বিষয় বলতে চাই কারণ এখানে যেকথা বলা হয়েছে সেটা হল বিধানসভায় গত ১০ বছা ধরে বন্তার কারণগুলি বার বার করে তুলে ধরা হয়েছে এবং আমরা Communist Partyর তর্বা পেকে memorandum Flood Enquiry Committeeর কাছে রেখেছিলাম। তামে এক জারগায় Summary করে বলে দিয়েছি—The 1959 flood were caused by the combination of these various factors described below:—

- (a) Heavy and concentrated rainfall,
- (b) Lack of adequate soil cover in the catchments of all the rivers,
- (c) Badly deteriorated condition of the Bhagirathi-Hooghly, Rup narain and lower reaches of their tributaries and other drainage channels,
- (d) Releases from the Mayurakshi and Damodar Valley Reservoirs,
- (e) Encroachments in the flood plains of the rivers, and
- (f) High tide levels in the Hooghly and the Rupnarain

এখানে এই বিষয়গুলি আপনাদের অনেকের শ্বরণ আছে এবং মাননীয় স্পীকার মহাশ্য আপনি হয়ত লক্ষ্য করেছেন যে আমি এই কথা বার বার বলেছি এবং আজকে এই কথা শ্বীকাকের। হয়েছে যে soil erosion হছে। এই যদি হয় এবং সেখানে নদীগুলির উপরের অববাহিক অঞ্চলে যদি বন স্পষ্ট করে soil erosion নিবারণ করতে হয় এবং তা নিবারণ করার জন্ত অন্তার যেশব পদ্ধতি আছে যেমন গোচারণ নিবারণ করা, চাষের pattern বদল করা এবং undulation তার মধ্যে terracing cultivation ইত্যাদি করা, এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আজকে এই Enquiry Committee Report বের হবার পর ছিতীয় পঞ্চবার্ষিক পরিকরনার বাজেটে, ১৯৫৬-৫৯ সালে, এই তিন বংসরে যে গুরুতর বন্তা হয়েছে তারপর অন্তঃপ্রে এই জিনিসটা যাতে নিবারণ করা যায় তার ব্যবস্থা কি করা হয়েছে। কারণ আমরা জাজিভাগীরথী, তার যে ক্রমঅবনতি তা বদ্ধ করার জন্ত প্রধান উপায় ফারাকা ব্যারেজ কিন্তু তা সময় সাপেক্ষ এবং তারজন্ত ১০১৫ বংসর অপেক্ষা করতে পারা যায় না, বিশেষ করে আমাদের ১৯৫৬ ও ১৯৫৯ সালের অভিজ্ঞতার পর। এই প্রথানে প্রমান করে অথানে এমন কিছু করা উচিং যার ছার অন্তঃপক্ষে বন্তার deterioriation, বহুর কমে যায়। এই সম্পর্কে করা হয়েছে। এবং দেগুলি

অন্তত:পক্ষে re-excavation করা হয় এবং যাতে জল দ্রুত বের হয়ে যায় সে সম্পর্কে কি বাবস্থা করা হরেছে। সেদিক থেকে যদি এই বংসরের বাজেট বরাদ্দ দেখি ভাছলে এখানে আশা করার কিছু নেই। অন্তদিক থেকে অতীতেও বলা হয়েছিল, দেখানে এই অভিযোগ দেওয়া হয়েছিল যে অফৌবর ১লাও ২বা বাত্রে মাইপন ও পাঞ্চেৎ-এ একসময়ে ২ লক্ষ cusees জল ছাড়া চয়েছে যদিও এই report এ একসঙ্গে কোন সময়েই ২ লক্ষ cusees জল ছাড়া হয়নি বলা হয়েছে। এবং এই জল ছাড়ার সময় সেথানকার নীচের অঞ্চলে জল থৈ থৈ করছিল সেথানে সেই ভয়াবহ পরিণ্ডি হতে পারে সেটা তথন কল্লনা করা হয়নি। সেথানে আমার নির্দিষ্ট অভিযোগ ছিল যে এর মাথে ষে respite দেখানে ১৫ দিন অন্ততঃপকে সেই level কম রাখার দিক থেকে কি করা হয়েছিল। দেখানে আমার নির্দিষ্ট অভিযোগ ছিল যেটা স্বীকার করা হয়েছে দেই সময় এইরকম precipitation ছিল। এছাড়া দেই সময় মাইপন পাঞ্চেওএ flood cushion level dangerous ছিল। ষভটা সেখানে জল থাকা দ্যকার তা ছিল না। সেখানে reservoir controla বত উচতে জল ছিল। কেন এই অবস্থাহল। ম্যুবাক্ষীর কেত্রে যা বলা হয়েছিল তা স্বীকার করা হয়েছে। ময়ুরাক্ষীতে জল রাথা সম্ভবপর ছিলনা বলে সেই সময় এই সমস্ত জল release করা হয়েছে। অর্থাৎ এখানে কথা হচ্ছে reservoir control করা ও reservoir release করা সম্পর্কে যাতে unwise release না হয় সেইজন্ত অন্তভঃপক্ষে বন্তা নিয়ন্ত্ৰণের থাতিরে অন্তভঃ ব্র্ধার সময় এটা দেখা দরকার। কিন্তু এখানে সর্বপ্রথম priority দেওয়া হচ্ছে Hydro-Electricityকে যা দেওয়া উচিত ছিল বতা নিয়ন্ত্রণের জন্ত। সেইজন্ত এখানে যাতে কেউ priority লজ্বন নাকরে তার কি বাবস্থা করা হয়েছে। সেদিক থেকে সেদিকে নজর দেওয়া প্রয়োজন আছে।

[4-4-10 pm.]

কিন্তু সে সমস্ত দিক পেকে দেখা যাবে যে মোটেই গুকুত্ব দেওয়া হয়নি। তাই এত বিশ্বস্থ আলোচনা করার কিছু স্থযোগ দেবার জন্ত এটা উত্থাপন করা হয়েছে। এবং শুধু ভাই নয়, ভার সাথে সাথে এই recommendation যেটা জানা গিয়েছে অন্ততঃপক্ষে তার পেকে এটা বুঝা গিংংছে—এটা একটা patent জিনিস, এর জন্ম Enquiry Committee গঠন করার প্রয়োজন ছিলনা—প্রত্যেকটা বিষয়ে আপনাদের পুরাণ ফাইল থেকে দেখা যাবে, এই হাউদেও বারে বারে এই বিষয় আলোচনা হয়েছে—যে জিনিস জানা, গত দশ বংসর সদস্তরা সে বিষয় নিয়ে আলোচনা করেছেন—দেজত আমার মনে হয় পশ্চিম বাংলার সামগ্রিক স্বার্গে ও সমস্ত লোকের স্থার্গে বজা নিষ্ম্রণের এই প্রশ্নটা এমন একটা লগুচিত্তভানিয়ে যেভাবে দেখা হয়েছে সেভাবে দেখা উচিৎ নয়। এই বত্তানিয়ন্ত্রণের প্রশ্নটাকে ষ্ণোচিৎ ওক্তর দিয়ে যা করণীয় তা করার জন্ত, উপযুক্ত ব্যবস্থা অবশ্বন করার জন্ত এগিয়ে আসতে হবে। থারা এই ব্যাপারে তথ্য অমুসদ্ধান করেছেন, সেই Enquiry Committeeর সামনে requisite data নাই--এবং data না থাকলে এই বৈজ্ঞানিক যুগে কোন বৈজ্ঞানিক কাজ করতে পারেন না। আমি এথানে মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাচ্ছি উপযুক্ত data যাতে পাওয়া যায়, sufficient data পাওয়া যায় তার জন্ম কি ব্যবহা অবশ্বন করা হয়েছে. ার জন্ত কত টাকা এবং উন্নয়নের ব্যাপার সম্পর্কে কত টাকাবরাদ্ধ করেছেন। আমি expert শই, ভবুও আমার ষেটুকু অভিজ্ঞতা আছে তাতে আমি একথা বলতে পারি যে যা করা হয়েছে সেটা নাম্মাত্র - এবং তা দিয়ে কথনো বোঝা যায়না এই সরকার এথনো অবহিত হয়েছেন—আমার মনে ^{ছয়না} এসম্পর্কে টাকা সংগ্রছের জ্বন্ত আপুনি প্রয়োজনীয় বাবস্থা অবশ্বন করেছেন। ভারপুর meteriological department এর প্রশ্ন-meteriological department এর একটা

Section ষেটা হাজারীবাগে হবার কথা ছিল সেটা দ্রুত সংঘটিত করা যাতে করে lower regionএ খবর transmit করা যেতে পারে—ঝড়ের সময়, যদি cyclonic weather পাকে ভাহলে অনিবার্য ও স্বাভাবিকভাবেই telephonic systen নষ্ট হয়ে যায় যার জন্ম অন্তঃপক্ষে radiogram করার অন্ত ব্যবস্থা করা দরকার। সেদিক থেকে কি করা প্রয়োজন ? না, আমি শুধু বলতে চাই যে, এই ব্যাপারটা এত গুরুতর পশ্চিম বাংলার দিক থেকে যে এটাকে লঘুচিত্ততার ভাব নিয়ে দেখার কোন অর্থ হয় না। এই ব্যাপারে আমার Enquiry Committeeর চেয়ারম্যানের সঙ্গে মিঃ মানসিংহের সঙ্গে আমার আলোচনা করার স্থয়োগ হয়েছিল, তিনি যথেষ্ট অভিজ্ঞ ব্যক্তি- এবং বাংলাদেশে বহুদিন ছিলেন বলে তাঁর আন্ধাদের সম্ভা সম্বন্ধেও অভিজ্ঞতা আছে—আমার কথা ছচ্ছে, এই কমিটির কার্যকাল বাডান দরকার এবং এ সম্পর্কে আবে৷ data নিয়ে ইংরাজীতে যাকে বলা হয়, একটা master plan নিয়ে, a master plan for control of flood in West Bengal ভারজন্য একটা ব্যবস্থা অবলম্বন করা উচিৎ। গুধু রিপোর্ট পড়ে কাজের পরিকল্পনা করলেই হবে না। তারপর দ্বিতীয় নম্বর হচ্ছে,— যে বিষয়টা নিয়ে এখানে অনেক আলোচনা হয়েছে সেচ ও সেচকর। এটা প্রমাণ হয়েছে, ১৯৫৩ এবং এই বছরের ফলন থেকে এটা প্রমাণ হয়েছে যে. সরকারের তরফ পেকে যত কিছুই প্রচার করা হোকনা কেন, এখনো প্যস্ত ফদল ফলে যদি রুষ্টি হয়—তা নাহলে হয় না। সমন্ত রকম বাবস্থা কুষিবিভাগে থাকা সত্ত্বেও যে বছর স্তবৃষ্টি হয় ধান ফলে, অনাকিছুর সাহায়ের দরকার নাই। আমাদের এথানে সেচব্যবস্থার ক্রটির কথা বারে বারে ত্লে ধরা হয়েছে। আমাদের পশ্চিম বাংলায় যেক্ষেত্রে গড়পড়ত। বৃষ্টিপাত ৫৫-৬০ ইঞ্চি সেথানে অস্ততঃপক্ষে দক্ষিণ অঞ্জে, বর্ধমান বিভাগের বিভিন্ন জেলায় স্বাভাবিক রৃষ্টিপাত হলে পর সেচের জ্ঞানের কোন প্রয়োজন হয় না। সেজন্য গভীতে যে Irrigation Act ছিল, যুখন লোকে স্ফোম্লকভাবে জল নিত, তথন আকাশের অবস্থার উপর নির্ভর করে জল নিত, তথন লোকের উপর development act-এ জোরপুরক জল চালানোর কোন ব্যাপার ছিল না। কিন্তু এখন প্রাপ্ন যেটা দাঁডিযেছে সেটা হচ্ছে, সেচবাবস্থার জন্য, কি ময়রাঞ্চা, কি দামোদরভ্যালীতে, আকাশের বৃষ্টি না থাকলে. অনাবৃষ্টি হলেতে। কথাই নাই, কম বৃষ্টি হলেও, বৃষ্টিপাতের পরিমাণ কিছু কম হলে. অবাপনারা গেচের জল দিতে পারেননা—এটা নির্মণ সত্য কথা: সেজন্য এখন প্রশ্ন হচ্ছে, র**ষ্টি**না হলে অথবা বৃষ্টি যদি কম হয় ভাহলে পর কেমন করে জল পাওয় guaranteed করতে পারেন--এটাই এখন আসল প্রন্ন, এবং এই প্রশের আলোচনার ভিতরে আমরা দেখেছি যে দামোদরের reservoir জলের ব্যাপারে আপনারা অনেক বেশা commitment করেছেন so many commitments হয়েছে খাতে করে multipurpose scheme error purpose schemes পরিণত হয়েছে। সেই যে জল তার কতটা যে সমস্ত শিল্প গড়ে উঠছে তাদের জন্য assure করতে হবে এবং কভটা পরিমাণ অস্তান্ত ব্যাপারের জন্ত assure করতে হবে এবং এগুলি করা কি বাকী থাকবে ? সামরা রিপোর্টে পড়েছি এবং তাতে দেখেছি যে, সাপনাদের কাছে প্রশ্ন হয়ে দাঁডিয়েছে কি করে augmentation of water services হতে পারে, সেচের দিক থেকে নয়, শিল্প গড়ার দিক থেকে। আয়ার ড্যাম শেষপর্যন্ত সেচের জন্মও নয়, বল্লানিয়ন্ত্রণের জন্মও নয়—ব্যেকারোর 8ৰ্থ steel plant যদি হয় তাহলে প্ৰয়োজনীয়তায় জল সরবরাহের জন্ত আয়ার পরিকল্পনা, আয়ার পরিকল্পনা বস্তানিয়ম্বণ ও সেচের জন্ত নয়। সেজন্ত এত commitment নিয়ে আজকে যদি বডাই করে বলেন ফুন্সর সেচের ব্যবস্থা করেছেন তাহলে আমি বলব আপনি সভ্যের অপলাপ করছেন। এবং একটা নির্মম ঘটনা প্রমাণ করেছে যে, সমন্ত D.V.C. থাকাসত্ত্বে বছর ভগবান আপনাদের বিরূপ করেন দেবছর আপনিও অক্ষম, ভগবান যদি সদয় হন ভাহলে আপনাকে কেন শোকে কর দেবে ? সেজতা আমি বলব যতক্ষণ পর্বস্ত না এই গুরুতর ক্রটি দুর করে আপ্রি অন্তত:পক্ষে তাদের assure করতে পারছেন যে অনার্টির বছরও জল দিতে পার্বেন ততদিন-

ভার আগে লজ্জায় মুথ দেখাবেন না। দিতীয় কথা হচ্ছে, এটা আমার কথা নয়, U.N.O. বে তুইজন কৃষিবিষয়ক expert এখানে অমুসন্ধানকার্য করতে এসেছিলেন তাঁদের একজনের সাথে আমার রাজভবনে আলাপ হয়েছিল Community Development Project Board এ আমি ধাকার দরুণ তাঁরা প্রথমেই ধরেছিলেন—আপুনি হযতো হিসাব করে বলে দেবেন যে, ছুর্গাপুর ব্যাবাজ থেকে আমি এত cusee জল ছাড়লাম, কিন্তু সেই জল rail line এবং চুইধারের মাঠে নিয়ে পৌ**ছাল** কিনা দেটা আপনি দেখেননা, আপনি শুধু canal কেটে দিয়ে আপনার দায়িত্ব থেকে থালাস। মাদ্রাজে গিয়েছিলাম, সেথানে দেখে এলাম তার। কেমন করে প্রতিটি মাঠে একএকটা drain এর মতো করে দিয়েছে যাতে প্রতিটি জমিছে জল যাছে। কিন্তু দেরকম কোন বাবজ্ঞা আমাদের এথানে নাই—তার ফল হচ্ছে, এই defect এর জন্ত এথনো পর্যস্ত আপুনি সময়মতো ও প্র্যাপ্ত পরিমাণে জল দিতে পারেননা—আপনি জল ছেড়ে দিয়েই খালাস, সেই জল জমিতে গিয়ে পৌছাল কিনা তা আপনি দেখেন না। আমাদের এখানে তার ব্যবস্থাও করা হয়নি। সেই ব্যবস্থা আগে হোক, প্রতিটি জমিতে জল যাক, তারপর জমির মালিকের কাছ থেকে কর আদায় করবেন। আপনাদের department এর কর্মচারীরাও কিছুই বোঝেননা, তারা মাঠের নাডা থেকে কভ ধান হল আন্দাজ করেন। স্নতরাং তুইদিকেই ক্রটি—এই ক্রটি দুর করতে হলে প্রথমত: জনাবৃষ্টির বছর জল guaranteed করা দরকার, দিতীয়তঃ সেই জল যাতে actual fieldএ গিয়ে পৌছায় ভার জন্ম field channel করা দরকার প্রতি গ্রামে—এ না করলে আপনার দেচব্যবস্থা incomplete.

4-10-4-20 p.m.]

এই incomplete ব্যবস্থার ভেতর আপনারা দেখানে আর টাকার কথা বলতে পারেন না। তৃতীয়তঃ একটা জিনিষ জানা দরকার যে জলকরের ব্যাপারে একটা নীতি থাকা দরকার। এথানে আপনারা যে নীতির কথা বলেছেন সেটা মারাত্মক নীতি। আমি আগে বলেছিলাম যে আপনারা এইভাবে নেবেন না। আমি বুঝি যে থরচ লেগেছে, বিদেশ থেকে ঋণ নিয়েছেন এবং যে কোন নায়িজনাল লোক এটা বোঝে যে টাকা শোধ করতে হবে। সেজত বলেছিলাম যে ডি. ভি. সি-র মোট খরচ কত এবং এর দারা যে যে কাজ হচ্ছে তাতে কারা কারা কি পরিমাণে উপক্রত হচ্চে সেসব বিবেচনা করে কোন অংশের কাছ থেকে কি পরিমাণ আদায় করবেন সেটা দেখতে হবে। সেখানে বিছাং তৈরী করছেন, চাষের জভ জল দিছেন। কিন্তু এদিকে চাষীর অবস্থা চর্মে উঠেছে। নানারকমভাবে কেন্দ্রীয় বাজেটে পরোক্ষভাবে যে করের বোঝা ৬১ কোটি টাকার মত ভাদের ঘাডে গণালেন তাতে দেখানে তাদের পিঠের মেরুদও ভেঙে গেছে এবং এর উপর যদি আরও ট্যাক্সের বোঝা তাদের উপর চাপান যায় তাহলে তাদের অবস্থা সাংঘাতিক হবে। এখানে taxationএর কোন principle নেই, তাদের taxation capacity আর আছে কিনা দেটা জাজ করতে হবে। খন্তদিকে সন্তায় বিভাৎ বড বড শিল্পতি যাবা কোটি কোটি টাকা মুনাফা করছে ভাদের দেওয়া হচ্চে। আমরা জানি কোলিয়ারী, রাণীগঞ্জ, ইন্ড্যাদি সমস্ত এলাকায় এই বিছাৎ দেওয়া হচ্ছে। Bengal Coal, Equitable Coal Co., দোদপুর, শিবপুর ইত্যাদি জায়গায় তারা নিজের। পাওয়ার হাউদ বেখে বিহাৎ উৎপাদন করছে, আর bulb purchaseএর দারা ভারা কোটি কোটি টাকা মনাকা বেখে বিভাৎ সাপ্লাই করছে। এখানে ভাদের উপর সামাত্ত > নঃ পঃ বাড়ালে কি ক্ষতি হয় ? গ্রুড বছরের বাজেটে দেখলাম ৭ কোটি টাকা বিদ্রাৎ বিক্রি করে তাঁরা লাভ করেছেন এবং আরও যে সমস্ত ^{পরিকন্ন}। আছে তাতে আরও অনেক কোটি টাকা গুধু বিহাৎ বিক্রী করে হবে। ডি, ভি, সি থেকে ৰাৱা bulp purchase করে অৰ্থাৎ দেই সমন্ত শিল্পতি ৰাৱা প্ৰচুৱ মূনাকা করছে ভাদের যদি

একটু রেট বাড়ান যায় তাহলে কোন ক্ষতি হয় না। টেনিসি ভ্যালির অনুকরণ করে আণনারা ও জিনিষ করেছেন। সেই ট্যানিসি ভ্যালি বিহাতের দ্বারা প্রচুর লাভ করে। আমি আপনাদের চীন সোভিয়েট ইভ্যাদি দেশের কথা বলব না—কারণ এলার্জি আছে, কিন্তু আপনারা কানাডা, আমেরিক ইভ্যাদি সমস্ত দেশে তারা ফ্রি জল দেয় বা নামমাত্র একটা কর ধার্য করে। Water Utilisation: Committee Report এ তাঁরা বলেছেন যে এ না হলে হবে না। ইংরাজ আমলে দীর্ঘ লড়ায়ের পর বর্ধমান জেলায় ১ কোটি ২০ লক্ষ টাকার যে capital expenditure এণ্ডারসান ক্যানালের জন্ত সেটা দেণ্ট্রাল গভর্গমেন্ট write off করেছিলেন। সেই সময় ২॥/০ ঠিক হয়েছিল। আমর বলেছিলাম যে এই capital expenditure তাঁরা দেশের আর্থে করেছিলেন। কিন্তু current expenditure অর্থাৎ প্রতি বছর ক্যানেল সিস্টেম চালু রাথতে যে থরচ হয় সেটা হিসাব করে ২॥/০ হয়েছিল। আপনারা বলছেন যে ৫০ কক্ষন।

Dr. Brindaban Behari Basu: মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬১-৬২ সালের সেচ খাতের জন্ত যে বায়বরাদের মঞ্বী আমাদের কাছে রাথা হয়েছে তা পর্যালোচনা করলে দেখা যা যে এই বাজেটের একটা মোটা অংশ বৃহৎ বৃহৎ পরিকলনার জন্ম খরচ করা হচ্ছে এবং অপরপঙ্গে কুদ্র কুদ্র সেচ পরিকলনা ও পুরাণো নদী-নালা, খাল প্রভৃতিগুলোযে ভাদের স্বাভাবিক গতিং সেচের এবং জল নিকাশের কাজে সাহায্য করে আসছে, তাদের দিকে অল গুরুত্বই দেওয়া হয়েছে আমি প্রথমে আমার বক্তব্য হাওচা জেলার জলনিকাশ ব্যবস্থার উন্নয়ন এবং সেচ পরিকল্পনার মধ্যে রাথ্য এবং বলব যে হাওড়াজেলায় দামোদ্র নদীর যে অংশ জামালপুর থানার বেগর হানা থেনে আধারস্ত করে ভাগারথীর মুখ পথস্ত গিয়েছে এবং যেটাকে নিয় দামোদর বলাহয় সেই আংশের মৃথ সংস্কার প্রয়োজন। ভার, আপনি জানেন ১৯৫৯ সালের বভায় হাওড়া জেলার একটা বৃহৎ অং বস্তার জলে প্লাবিত হয়েছিল এবং সেই বস্তার কারণ তদন্ত করবার জন্ত যে এনকোয়ারী কমিশ্য গিয়েছিল তথন তাদের কাছে এই নিয় দামোদর সহক্ষে আমরা আমাদের অভিমত জানিঃছিলাম নিয় দামোদরের এই অংশটিতে বালি এবং পলির তর পড়ে কোথাও কোথাও ক্ষেতের জমির সমা উচুহওয়ার ফলে কোণায় যে নদীর গতি শথ তা বোঝা যায় না এবং হাওড়া জেলার এই অংশ মোটাষ্টভাবে হগলী জেলা থেকে কিছু নিয়ন্তঃে আছে বলে যথন হগলী জেলায় অতিরৃষ্টি হয় তথ হাওড়া জেলায় বতা অবগুম্ভাবী হয়ে পড়ে। কাজেই এইসব কারণে নিম দামোদরের আমূল সংস্থা করা অত্যস্ত প্রয়োজন। তারপর কানা নদী হাওড়া ভেলার বস্তা এবং সেচ পরিকল্লনাকে ব্যাহ[ে] করবার জন্ম প্রধান দায়ী এবং এই বানা নদী ভারকেশ্বর, জঙ্গ পাড়া এবং জগৎবল্লভপুরের মধ্য দি রাজাপুর ড্রেনেজ ক্যানেল ণধস্ত গিথেছে। কিন্তু এথানে দেখা যাচ্চে যে স্থানীয় প্রভাবশালী লোকে? মাঝে মাঝে ক্রেস্বাধ করে জল নিয়ে নিচেছ এবং তার ফলে নীচে জল যায় না। তবে মাননী সেচমন্ত্রী মহাশয় যথন জগৎবল্লভপুর থানার বাধ উদ্বোধন করতে গিয়েছিলেন তথন আমর৷ আ* করেছিলাম যে হয়ত তাঁর এই বাধ সম্বন্ধে একটা উদ্দেশ্য থাকতে পারে এবং এও মনে করেছিলাম 🤉 এই বাধ বে-আইনী হলে হয়ত ভবিয়তে স্থানীয় লোকের কাজে লাগবে। শুধু তাই নয়, সেথা একটা সুইদ্ গেট করবার জন্ম ভার কাছে এক পরিকল্পনা পেশ করা হয়েছিল কারণ যে বাধ মান্ত ব্যবহার করছে তার উপর তো আর আইন প্রয়োগ করঃ যায় না। তবে এসব সত্ত্বে একথা বল ষে এতে লোকের অসুবিধা হচ্ছে কারণ নীচের অংশের মানুষরা এই বাব থাকার জন্ম জল পাছে না কাজেই সেচমন্ত্রী মহাশয়ের কাছে আজ্লসংখাক বাঁধ এবং সুইস্ গেট করবার জন্ত যে পরিকল্পনা দে^{তুর} হরেছে দেওলো যেন তিনি বিবেচনা করেন। তারপর কেঁছ্যা প্রজেক্ট-এর কথায় আসি। কেঁড়া প্রজেক্ট হাওড়া জেলার একটি গুরুত্বপূর্ণ প্রজেক্ট এবং যেটার জন্ত প্রায় ২০২৫ বছর ধরে আন্দোল করা হচ্ছে। অবগ্র কেন্দুয়া প্রজেক্ট সাফলে।র দিকে এসেছে কিন্তু যথন থেকে এই প্রজেক্টের কা আরম্ভ হবার কথা ছিল তাতে মন্ত্রীমহাশয় আমাদের সেটা মডিফাইড করে দিয়ে তার সুইস্পেট এবং লক্ গেট বন্ধ করে দিলেন এবং তার ফলে দেখা গেল এবারে যে চার হয়েছিল তার ২০।২৫ একর জমি ক্ষতিগ্রন্থ হোল, অর্থাৎ বীজ অছুরিড হবার পর লোনা জল চুকে যাবার ফলে ধানগুলো সব নই হয়ে গেল। অবশ্য কেল্বুয়া প্রজেন্ট যথন হোল তথন আমরা এই আশস্কাই করেছিলাম এবং বাস্তবে আজ দেখলাম যে সেটাই হোল। তবে স্থার, কেঁছ্য়া প্রজেন্টের মুখে যদি একটা লক গেট করে দেওয়া সন্তব হোত তাহলে এবারে হাওড়া জেলা শশ্র পরিপূর্ণ হোত। তারপর রাজাপুর জুনেজ ক্যানেল যেটা হাওড়ার নিজাশনী ক্যানেল তার আমূল সংস্কার করা প্রয়োজন এবং উলুবেড়িয়ার মুখে যেখানে ভাগীরথীর সঙ্গে মিশেছে তার সংকারের জন্ম বহুবার আলোচনা হয়েছে। তবে গত বছর হঠাং দেখা গেল ০০।২০ জন কুলি এসে তারু খাটিয়ে রইল এবং কয়েক কুট মাটি ফেলে দিয়ে চলে গেল। কিন্তু এতে নিস্কাশনী ব্যবস্থা তো হোলই না উপরস্ক গলার মুখে যে বেশা পলি পড়েছিল সেখানে জল ই্যাগ্নেন্ট হয়ে রইল। তারণর হাওড়ার সরস্বতী নদীর ১০।১২ বছর পর্যন্ত কোন সংস্কার করা হয়নি অপচ এটা হাওডার একটা বিরাট এলাকা এবং সদর সাব্ডিভিসন-এর সেচের কাজে সহায়তা করে। স্থতরাং আজ আমি এইসব দিকে মাননীয় সেচমন্ত্রী মহাশানের দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া হাওড়া হাওড়া জেনজ স্বীম এবং হাওড়া ও হাওড়া শহরতলীর মহালা নিজ্যানী চ্যানেল সম্বন্ধও বহুবার সরকারের কাছে বলা হয়েছে।

[4-20-4-30 p.m.]

মিউনিসিণ্যালিটি, ডিট্টেক্টবোর্ডের তরফ থেকে যেটার একটা আমূল সংস্কার করা দরকার সে সম্বন্ধে আজ পর্যন্ত কিছু করা হয়নি। ইদানীং হাওড়ার কয়েকটা অংশে সেচের জন্ত ডিপ টিউবওয়েলের ব্যবস্থা করা হয়েছে। স্থানীয় কতথানি জমি সেচ পরিকল্পার মধ্যে আসছে, কি ট্যাক্স তার উপর ধায় করা হবে এ সম্বন্ধে স্থানীয়ভাবে বি, ডি, ও-র মারফং সরকারের তরফ থেকে ঘোষণা করা হয়নি। আগামী শুকনার সময় কৃষকরা যে পরিমাণ সেচ তা থেকে পেতে পারে সে সম্বন্ধে কোন স্থানীয় ভেলেপমেন্টের মারফং যে সমস্ত পরিকলনার মধ্যে আসেনি। ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকলনার জন্ত স্থানীয় ভেলেপমেন্টের মারফং যে সমস্ত পরিকলনা আছে গত বছর বাজেটে দেখা গেছে জগংবলভপুর, ডোমজুড় ব্লকের মধ্যে এত অল টাকা ধার্য করা হয়েছে যারজন্ত ছোটখাট সেচ পরিকলনা কার্যকরী করা সম্ভব হয়নি। ছোট ছোট ভেলেলপমেন্ট পরিকলনা যেগুলি কন্টি বিউটরী মেথতে হচ্ছে সেগুলি সম্বন্ধে একট্ট বিবেচনা করার জন্ত আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাছি। মোটামূটভাবে এই বাজেট জনসাধারণের কল্যাণ করতে পারবে বলে আশা করা যায় না। সেজন্ত এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Labanya Prova Ghosh: মাননীয় স্পীকার মহাশয়, কোনো স্বাধীন দেশে ব্যন বড় বড় পরিকরনা গৃহীত হয় তথন সেইগুলি আমলাতান্ত্রিক জবরদন্তি ও লাঠির জোরে জনমতের বিরুদ্ধে গ্রহণ করতে হয় না। তার প্রয়োজনীয়তা জনগণকে বুঝিয়ে— জনমতের অফুক্লে তাদের সানন্দ সমতি অর্জন করে তার কাজ সহজে অগ্রসর করিয়ে নিয়ে যাওয়া হয়। কিন্তু আমরা ছা একটি পরিকরনার সঙ্গে পরিচিত হলাম—যার ধারা অগ্রসর হয়েছে জনমতকে তিক্ত এবং জনচিত্তকে ভীতিগ্রস্ত করেই আমাদের রাজ্য সরকারের কাজের ধারাই স্বতন্ত্র দেখছি। কাঁসাই পরিকরনার ছাট ক্ষেত্রই দেখল্ম একদিকে জাতীয় কল্যাণের নামে সরকারী মৃগুর, দণ্ড, লাঠি ও সড়কী আবিভূতি হয়েছে—অগ্রদিকে ভীতিগ্রস্ত মরিয়া মামুষের দল ক্ষিপ্ত হয়ে আন্দোলন করছে, মাটি আঁকড়ে সরকারকে অভিশাপ দিছে, সত্যাগ্রহ করছে, আর ভার ওপর সরকারী বুটজুতো পড়ছে। কাজের

তো এ আপো বাঞ্চিত ধারা নয়। চিরদিনকার চির চেনা চির অভ্যেসের মাটি থেকে উচ্ছেদ হয়ে যাওরা সোজা কথা নয়। মামুষ তিল তিল করে নিজের বাস্তকে আশ্রয় করে ছংথের ধনসম্পদ আশ আকাঞা গড়ে তুলেছে—দেই বাস্ত থেকে উচ্ছেদ হয়ে চলে যাওয়া যে কভ মর্মান্তিক ব্যাপার ত। ভুক্তভোগীই জানে। উচ্ছেদের সন্মুখীন হয়ে মাতুষ যদি কিপ্ত হয়, মরিয়া হয়— ভার প্রতি দরদ নিং সরকারকে অগ্রসর হতে হবে, লাঠি নিয়ে নয়। কাঁসাই পরিকল্পনায় পুঞ্চা প্রভৃতি থানার কিছু গ্রাম জলমগ্ন হবে এই সংবাদে এ অঞ্চলের মাত্রুষ যথন ব্যাকৃল হয়ে ছুটোছুটি করছিল তথন তাকে বোঝাবাঃ আশাস দেবার কোনো সরকারী চেষ্টাই হয়নি। যা ঘটবে তারচেয়েও অনেক বেশী ক্ষতির গুজং বহুস্থানের মামুষকে আন্দোলিত করেছিল। কিন্তু তাদের প্রতি দরদ নিয়ে তাদের কাছে যাওয়া দুয়ে থাক সরকারী কর্মচারীদের অবাঞ্ছিত আচরণ অবস্থাকে আরও বিভ্রান্তিজনক ও সংঘাতের সম্ভাবন: পূর্ণ করে তুলেছিল। আমাদের মধাস্থতায় যদিও অনেকথানি শান্তির পরিবেশ দেখা দিয়েছে কিছ সুষ্ঠ ও সহায়ুভূতিপূর্ণ ক্ষতিপূরণ ব্যবস্থা শৃঙ্গলাপূর্ণ পুনর্বাসন ব্যবস্থা না হওয়া পর্যন্ত—সম্পূর্ণ শান্তিং পরিবেশ হতে পারে না। এসব সাধারণ ব্যাপার যা সহদয়তার সঙ্গে সহজে ব্যবহা করা চলে সেগুটি সম্পর্কেও সরকারীপক্ষের অনর্থক উপদ্রব-সৃষ্টির ধারা মানুষকে সরকারের প্রতি স্বিশেষ ডিক্ত 🔻 বিরক্ত করে রেখেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট জনসাধারণের দাবীর প্রতি কর্তৃপক্ষের মনোযোগ থাক প্রয়োজন। বাক্তা জেলার সীমানায় কাঁসাই-এর যে পরিকল্পনা হচ্ছে তার ফলে পুরুলিয়া জেলাঃ অ্যানকগুলি গ্রামণ্ড স্বিশেষ ক্ষতিগ্রস্ত হবে। এই কাঁসাই পরিকল্পনা নিয়ে ক'দিন আগে বাঁকুডা পুরুলিয়ার সংশ্লিষ্ট গ্রামবাদীরা সভ্যাগ্রহে অগ্রসর হয়েছিলেন। এসব ব্যাপারে এইরকম পরিস্থিতির উদ্ভবই বা কেন হবে ? এসব গ্রামবাসী তাঁদের অভিযোগ জানাবার জন্তে সম্প্রতি আমাদের ডেকেছেন।

আমরা আশা করি, সরকার ও আমাদের সকলের যোগাযোগে তাদের ভায়সঙ্গত দাবীর শান্তিপূণ্ সমাধান হবে।

পরিকল্পনা যেমন করতে হবে, তেমনি তা স্কুচিস্তাধারায় জনমতগঠনের শাস্তিপূর্ণ পরিবেশেই করতে হবে।

ইংরেজের আমল গেছে, কিন্তু তার লাঠি-সড়কীর আমলের ধারা আজও ধাবে না—এ সতি)ই ক্লোভের এবং ছঃথের।

Shri Haran Chandra Mondal: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সেচমন্ত্রী ৬ কোটি ৮০ লক্ষ ৮৬ হাজার টাকার যে বয়য় বরাদের দাবী মঞ্রের জন্ত আমাদের দামনে উপস্থাপিত করেছেন সেই প্রসংগে আলোচনা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি কয়ের টা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। এই ৬ কোটি ৮০ লক্ষ ৮৬ হাজার টাকার মধ্যে ডি-ভি-দি'র খরচ হচ্ছে ৫ কোটি ৯০ লক্ষ টাকা, বাকী টাকাটা অন্তান্ত থাতে খরচ হচ্ছে। দেখা বায় পশ্চিমবাংলার একটা রহং অংশ স্থলরবন অঞ্চলে সেচ-বারস্থা নেই। সেখানে বাঁধের জন্ত এবং জল নিকাশীর জন্ত টাকা খরচ হয়, য়ৢইস গেট প্রভৃতি মেরামতের জন্ত খরচ হয় কিন্তু সেখানে ডেভেলপমেণ্টে যে টাকা খরচ হয়, লাই প্রতিত্তি মেরামতের জন্ত খরচ হয় কিন্তু সেখানে ডেভেলপমেণ্টে যে টাকা খরচ হয় তাতে অর্থের অপচয় হচ্ছে—সরকারী অর্থ ঠিকভাবে কার্ছে লাগানো হচ্ছে না। বাঁধ মেরামতের ক্ষেত্রে আমারা দেখেছি সরকার প্রতি বছর যে পরিকল্পনা নেট সেই পরিকল্পনার জুন মান থেকে আরম্ভ করে গোটা বর্ষাকালে বাঁধ মেরামতের কান্ধ হয়। এটা কারো অবিদিত নয় যে নরম মাটীতে বাঁধ দিলে বাঁধ ধ্বসে পড়ে যায় এবং যেসমন্ত কনট্রাকটররা এইলমন্ত কান্ধ করে তারা যেমন-তেমন করে বাঁধে মাটি দিয়ে খাতার কলমে মেন্ডারমেণ্ট দিয়ে টাকা ছয়রে নিয়ে চলে বায়। বান্তব অবস্থায় দেখা বায় যে বাঁধগুলি ঠিকমত হয় না এবং সেকল্য প্রতি বছরে নিয়ে চলে বায়। বান্তব অবস্থায় দেখা বায় যে বাঁধগুলি ঠিকমত হয় না এবং সেকল্য প্রতিত্ব হর্ষ

বিভিন্ন জায়গায় দেগুলি ভেঙ্গে যায় এবং এই ভাঙ্গার ফলে ফদল নষ্ট হয়। সরকারী দপ্তরে মাননীয় মন্ত্ৰী মহাশয়ের কাছে সেইসমস্ত কথা বলতে আনলে তাঁরাবড়বড়কথা ভনিয়ে দেন—আমামরা পরিকল্পনা নিচ্ছি, ইঞ্জিনীয়ারদের সংগে পরামর্শ করছি কি হবে না হবে সে-সম্বন্ধে। আমা কয়েকবার মাননীয় মন্ত্ৰী মংশেয়কে বলেছিলাম যে সাভজেলিয়া বাণী থাল, দত্তনদীর বাধ ও বাসন্তী ইউনিয়নের নারায়ণত লি থাল এই কয়েকটা থালে আমেরা লক্ষ্য করে দেখেছি যদি বাঁধ করে দেয়া যায় ভাহলে হাজার হাজার বিঘা ধানী জমি সেখানে বেরোয় এবং প্রতিটা খালে ৮।১০ মাইল করে মেনটেনাক্ষ কষ্ট্বেঁচে যায় — সেবিষয়ে কোন লক্ষ্য নেই। কেবল বড় বড় বুলি আনওড়ে তাঁরা বহাল ভবিয়তে আছেন। জলনিকাণী ব্যবস্থাগুলি ঠিকমত হচ্ছে না এবং যেসমস্ত কন্ট্রাকটর মারফৎ পু**ইস গেট** নিৰ্মাণ হচ্ছে তারা লোনাজল দিয়ে মাটী জমাট করে। কাজেই সেগুলি বেশাদিন থাকে না। অনেক জায়গায় দেখা যায় যে সিমেণ্টের পরিবর্তে তারা সেগুলি কাদা দিয়ে গেথেছে। এইভাবে একদিক দিয়ে কাদা দিয়ে গাঁথছে, অভাদিকে চুরি হচ্ছে। সেজভ আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে জল নিকাশের জন্ম বাবাধ মেরামতের জন্ম ফুলরবন অঞ্চলে যে টাকা থরচ হচ্ছে সেদিকে আপুশারা ষদি একটুস্তনজরে তাকিয়ে কাজ করেন তাহলে কাজগুলি স্বষ্ঠুভাবে হতে পারে। আনামরা দেখেছি জমিদাবের আমলে এত বড় বড় ইঞ্জিনীয়ার, বড় বড় মাপাছিল না। তারা নিজেদের কর্মচারী নিয়ে গ্রাম। মোড়লদের পরামশক্রমে কাজ করতো। আমার মনে হয় এইসমস্ত ওভারসীয়ার, সার্ভেয়ার যেসমস্ত যুবক ছেলের। আছে তাদের বাঁধ সম্বন্ধে কোন আইডিয়া নেই। স্টুডেণ্ট লাইফ থেকে বেরিয়ে তারা চাকরী পায়। যাহোক এর দারা সরকার কিছুটা বেকার সমস্তা যোগাচ্ছেন, তারা কিছুদিন থেয়ে বেঁচে থাকতে পারবে কিন্তু তাদের যে কাজ করা দ্বকার সে কাজ তারা করে না। কোন কনট্রাক্টর যদি সংলোক হিসাবে কাজকর্ম করতে চায় তাহলে দেখানে ঘূষ না দিতে পারলে তার বিরুদ্ধে কেন ঠুকে দিয়ে বনে থাকে। কাজেই এইনমন্ত অবস্থার পরিপ্রেক্ষিতে যারা সংলোক যারা ঠিকমত কাজকর্ম বোঝে তারা এইসব কাজে যেতে চায় না। কাজেই অসং লোকেরা দেখানে সরকারের দরজায় গিয়ে ভীড় জমাছে এবং তাদেরই কনট্রাক্ট দেওয়া হচ্ছে। এই অবস্থা চলচে !

[4-30 -4-40 p.m.]

সেইজন্ত বলছি আজকে আপনার। যে বড় বড় বুলি আওড়িয়েছেন, তার দ্বারা কিছুই হবে না। আপনি বান্তব অবস্থা দেখুন। এই জলনিকানা, বাঁধবন্দী, বাঁধ মেরামত ও সেচ পরিকল্পনাই ভাাদি যা এইণ করেছেন, তা যদি আপনারা স্থানীয় লোকের সংগে পরামর্শ করে, সাধারণের সংগে ধাগাযোগের ভিত্তিতে করতে পারেন, তাহলে এইসমন্তওলি হতে পারে। এথানে পার্টি পলিটিয় নিয়ে চললে হবে না। গত ২৭৷২৷৬১ তারিথে গোসাবা ইউনিয়নের একটা জায়গার বাঁধ ভেঙ্গে গেছে। সেই বাঁধ এখনো বাঁধা হয় নাই। কংগ্রেসপক্ষের ওয়ার্কার অবিনাশ মণ্ডল, ধীরেণ মণ্ডল এ-ব্যাপারে চেটা করছেন। স্থধাণ্ড মৌজা ও দ্যাপুর মৌজা এখনো জলমগ্ন হয়ে রয়েছে। এজন্ত দ্বথান্তও দেওয়া হছে। এইসমন্ত ব্যাপার যদি আপনারা তাড়াতাড়ি ব্যবস্থা না করেন, তাহলে দেশের মধ্যে আশান্তি হবে, বাঁধবন্দীও ভালভাবে হবে না। তাছাড়া দেশের লোকের অবস্থাও থারাণ। এইসমন্ত ব্যাপারের জন্ত আমরা অনেকবার মন্ত্রী মহাশয়ের কাছে এসেছি। কিছু ভিনিকিছু করবেন বলেও করেন নাই। এক কবিরাজ ছিল—রোগী যথন শ্লেমায় বড়বড় করছে, তখন বলা হলো এখন উপায় কি ? কবিরাজ মশায় বললেন—রম গ্রহণ হবে ধীরে ধীরে। মন্ত্রী মহাশম্বও বদ ধীরে গ্রহণ করছেন। এতে সর্বনাশ ছাড়া আর কিছু হবে না। দ্যা করে আপনারা

দেশের দিকে একটু তাকান। মূশিদাবাদ ও বীরভূমের হাজার হাজার লোক মিছিল করে এসেমব্লী হাউদের দিকে এদেছে। তাদের দাবী সাড়ে ছয় টাকা যে ক্যানেল কর ছিল, সেটা আজ দশ টাকা করা হয়েছে। এই দশ টাকা কর ভারা দিতে পারছে না। অধিকল্প ১৩৬৫-৬৬ সালে ছ-বছর অনারষ্টি হয় ও দামোদরের জল এনে তাদের ফদল নষ্ট করে দিয়েছে। আছে তাদের ঘরে খাবার নাই। তার উপর তাদের প্রেসার দেওয়া হচ্ছে, সাটিফিকেট জারী করা হচ্ছে সেই কর আদায় করার জন্ত। তাই তারা মিছিল করে এসেছে। বহু আবেদন নিবেদন করে করেও কিছু ব্যবস্থা হচ্ছে না। কৃষকরা দলে দলে গ্রাম থেকে মিছিল করে এসেছে। আংপনি ভাদের ঐ কর রেহাই করুন, ছু-বছরের বকেয়া কর মকুব করুন। আহার দৃশ টাকা কর দা ধরে ৫ টাকা ধরুন। যাতে অবর্থের অপ্রচয় না হয়---দেশের লোকও বাঁচতে পারে তার বাবন্তা করুন। পরীবের ছেলেরা চাক্রী নিয়েছে, আজ তাদের বিরুদ্ধে অভিযোগ করতে হচ্ছে—ভারা দেশের ক্ষতি করছে। এটা চেক্ দেওয়া প্রয়োজন। এ ক্ষতি করার মূল কারণ হচ্ছে সরকার। সরকার যদি এসম্বন্ধে সুব্যবস্থা করেন ভাল হয়। সরকারের স্থগ্রীম অর্থরিটার যদি মিশনারী স্পিরিটে কাজ করার ইচ্ছা থাকতো, তাহলে কি এই ছোটখাট কর্মচারীরা চরি করতে পারে ? আমি পাডাগার চাষী, আমি অন্তান্ত বক্তাদের মত গ্রম গ্রম বক্ততা দিতে পারবো না। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো— যাতে ভাল-ভাবে সমস্ত দিকগুলি বিচার করে দেখেন এবং দেশের দেশের মামুষের বাভে উপকার হয়, সেই বাঁধবন্দীগুলি যাতে স্কুছাবে হয়, কোন অস্ক্রিধা ন। হয়, তার জন্ম যেন তিনি সুব্যবস্থা করেন।

শ্রহেন হংমন্তবাবু যে কাট্ মোশান দিয়েছেন, তাতে তিনি বলেছেন— স্থানর ২০০০ মাইল পাকা বাঁধ করার কথা। আমি তা বলছি না। সেখানে পাকা বাঁধ হতে পারে না। কারণ লোনা জলের লোনা নদীর ভাঙনে তা ঠিক থাকতে পারে না— নই হয়ে যাবে। কাঁচা বাঁধ ঠিকমত maintenance করা গেলে হতে পারে। আগে ওখানে fertilise worker হিসেবে প্রতি মাইলে একজন করে বেলদার ছিল; আপনারা সেখানে এ৭ মাইল অন্তর একজন বেলদার। তাদের ৬ মাসের চাকরী। তারা ঠিকমত কাজ করতে পারছে না। এখানে বাঁধরক্ষার জন্ম বরাবরের জন্ম বেলদার নিযুক্ত করা উচিত। যখন কে. পি. সেন আমাদের ডিই্ই স্কু ম্যাজিষ্ট্রেট ছিলেন, তাঁর কাছে এই বাঁধের ব্যাপারে গিয়েছিলাম। তিনি বলেছিলেন আমি ১২ বছর বিসরহাটে সাব-ডিভিস্কাল ম্যাজিষ্ট্রেট ছিলাম, আমি স্থানর ব্যাপার স্ব জানি—কি করে সেখানে কাজ করতে হয়।

Shri Rajkrishna Mondal: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্ৰী মহাশয় যে ব্যয় ব্যাদ দাবী করেছেন, সেটা আমি সমর্থন করতে উঠে হুন্দরবন সম্বন্ধে ছু-একটা কথা বলতে চাই। হুন্দরবনে ২২ শো মাইল বাধ বক্ষণাবেক্ষণ করে সরকার যে ফসল করেছেন, সেটা থুবই সন্তোষজনক ছয়েছে। বিশেষ করে এবছর গড়ে প্রায় দশ মণ করে ফসল হয়েছে। এই বাধ বক্ষণাবেক্ষণ করতে গিয়ে তিন জায়গায় বাধ ভেঙেছে উনি বলেছেন, আর সব জায়গায় বাধ ঠিক আছে। মাঝে মাঝে কোথাও ব ধ ভাঙলেও তৎক্ষণাৎ সেটা মেরামত করে সংরক্ষণ করা হয়েছে।

এই বাধ ইবিগেশনের হাতে এগেছে গত এপ্রিল মাসে এবং তাঁওপর ইবিগেশন দপ্তর পেকে এই বাধ রক্ষণাবেক্ষণের জন্ত ১ কোটি ৪২ লক্ষ ২২ হাজার ৫৪২ টাকা ব্যয় করেছেন। আর এখানে বেদমনত পুরাণ সুইদ গেট আছে সেগুলি রিপেয়ার করবার জন্ত ৫৮ লক্ষ ১২ হাজার ৩৯৬ টাকা ব্যয় করেছেন। তাছাড়া এখানে তিনটা সুমুদ্ধেজ বক্স যা করা হয়েছে, তার জন্ত ৪২ লক্ষ ৫৯ হাজার ১১ টাকা খরচ করা হয়েছে। এই যে স্থল্পরবনে যে বাধ দেওয়া হয়েছে তার জন্ত মোট ব্যয় স্বকারের ইবিগেশন দপ্তর পেকে করা হয়েছে ২ কোটি ৬৭ লক্ষ ৭২ হাজার ৮৮৮ টাকা; আর এবছর দেখানে বরাদ হয়েছে ৫৬ লক্ষ ৯৮ হাজার ৫০০ টাকা। এই যে ২২ শো মাইল বাঁধ, এই

২২ শো মাইল বাঁধকে কমান যেতে পারে। তার মধ্যে অর্থেকের বেশী ছোট ছোট খাল আছে তার ত্র-ধার দিয়ে। এই থালের মুখগুলি যদি ভরাট করে বন্ধ করে দেওয়া যায় তাহলে অংনকথানি জমি reclaim হয়ে যেতে পারে এবং তাতে ফদলও বাড়তে পারে। At the same time এইদর বাঁধও অনেকথানি কমে যাবে। এই কাজে সরকার মন দিয়েছেন, এই কাজ দ্রুত হওয়া দরকার। স্থন্দরবনে বাধ প্রতি বছর করা হয়, এর জন্ম একটা সংবক্ষণ বাবস্থা করা আছে প্রয়োজন ; এবং তা করতে গেলে আমার suggestion হচ্ছে এই স্থলগ্রবনে বাঁধ করবার পরে, তার ধার দিয়ে যদি বন লাগান যায় এবং সেই বন যদি সংবক্ষণ করা যায় তাহলে প্রতি বংসর সেখানে বাধ দেবার প্রয়োজন হয় না। অবশ্য বন রাথবার জন্য বন সৃষ্টি বিভাগের দপ্তর পাকলেও কৃষি ও সেচমন্ত্রী উভয়ে এর সংগে অঙ্গাঙ্গীভাবে জড়িত। দেইজন্ম উভয় দপ্তর মিলে যদি বন স্ষ্টি করা যায় বাঁধের ত্র-ধার দিয়ে ভাছলে অবনেক বাঁধ সংবক্ষণ করা যেতে পারে। এই হচ্ছে আমার অন্তরোধ মাননীয় মন্ত্রী মহাশ্যের কাছে। স্থল্যবনের ফ্লন্স আমরা আরও যাতে বাডাতে পারি সেদিকে সরকারকে বিশেষ মনোযোগ দিতে হবে। প্রতি বছরের ফদল দেখে মনে হয়, দেটা আরও বাডান যেতে পারে। স্থলরবনে ষেদমন্ত থাল ভরাট হয়ে গিয়েছে, জল-নিকানা থাল, সেই থালগুলি ভালভাবে খনন করা প্রয়োজন। সেই খালগুলি আগে থেকে যদি খনন করা যায় ভাহলে আরও ফলন বেডে যাবে। এই খাল খননের কাজ, অবশ্র, সরকার কিছু কিছু করছেন; কিন্তু এবিষয়ে আরও বেশা করে দৃষ্টি দেওয়া প্রয়োজন, যাতে করে আগামী বংসর সেখান থেকে আরও অধিক পরিমাণে ফ্রন্স উৎপন্ন করা যায়।

[4-40—4-50 p.m.]

আর স্থলরবনে উচুনীচু জমি আছে। জমিদার বাধের প্রচলন করেছিল আমরা জানি। সেই উচুনীচু জমির মাঝথান দিয়ে বাঁধ দিয়ে জমি সংরক্ষণ করা হত। উচু জমিতেও ফস**ল হতে পারে** cross दी प निरंश। জिमनारी अर्था हत्न यातात अत cross दी प (न उया रश ना। Irrigation Department निर्नेत दौष कत्राङ, T. R. work-এও किছু किছू दौष शास्त्र किन्न राष्ट्र নয়। দেজতা Irrigation দপ্তর থেকে মাঠে cross বাঁধ দিয়ে ফদল রক্ষা একান্ত প্রয়োজন। Cross বাধ সৃষ্টি করে আর একটা উপকার হয়। জমির একটা অংশে লবণাক্ত জল ঢকলেও অন্ত অংশে সেই জল না যাবার ফলে ফলন পাওয়া যেতে পারে। লবণাক্ত জল থেকে রক্ষা পেতে হলে cross বাধ দেওয়া দরকার। আমরা দেখেছি এইসমস্ত অঞ্লে নদীর বাধ যদি দৈবছবিপাকে ভেঙ্গে যায় তাহলে ২০৷২৫ স্বোয়ার মাইল লবণজলে ভেনে যায় তাতে অনেক জমির ফদল ক্ষতিপ্রস্ত হয় কিন্তু cross বাঁধ দিলে এতটা ক্ষতিগ্রস্ত হতে হয় না। সেজতা সরকারের কাছে cross বাঁধ দেবার জন্ম অমুবোধ করছি। Sluice gate যেসমন্ত আছে তারকা করার চেষ্টা হচ্চে ভাতে ফলন ভাল হয় কিন্তু এটা sufficient নয়, স্মারও বেশা করে বসানো প্রয়োজন। যেসমন্ত sluice gate মাটির নীচে চলে গেছে দেগুলি আবার করা দরকার। যা করা হয়েছে ভার চেয়ে আরও বেশী প্রয়োজন। অবশ্র তারজন্ত টাকা বরাদ্দ করা আছে কিন্তু সেটা sufficient বলে আমার মনে হয় না। আজকে আমার বন্ধু সদশু হারাণচন্দ্র মণ্ডল বলেছেন যে cement এর পরিবর্তে কাদা দিয়ে contractor sluice gate তৈরী নাকি করেছে। তা যদি হয় তো আমি বুঝতে পাচিছনা সতাই সেই অঞ্চল ঘুরে যদি তিনি এরকম ঘটনা পেয়ে থাকেন সেই ঘটনা কেন সরকারের কাছে জানাননি ভিনি সরকারের নজরে আনতে পারতেন এনেছেন কিনা জানিনা। এরকম ঘটনা শ্বকারের নজরে আনা উচিত ছিল।

আর একটা জিনিস হচ্ছে দৈবছবিপাকে যে সমস্ত বাঁধবন্দী হৃন্দরবনে ভাঙ্গে তারজন্ত executive

দপ্তবের স্থানাস্তবিত হওগা দবকার। প্রতি মহলে প্রতি বিভাগের executive সেথানে ষা দরকার যাতে হুর্ঘটনা ঘটলে নোটিস আসামাত্র সেথানে কাজ হতে পারে সেজন্য executive দঃ মফংসলে হওয়া প্রয়োজন। কিছু কিছু হচ্ছে কিন্তু থাকবার জায়গা নাই বলে কিছুদিন থেকে চ জাসে। আমি তাই তাদের জন্ম বাড়ী করতে বলে আমার বক্তব্য শেষ করছি।

Deputation of peasants about remission of water rate

Shri Hemanta Kumar Basu: Sir, বীরভূম-মূর্শিদাবাদ ক্যানেল কর প্রতিরে কমিটি; বীরভূম ক্রষি সংকট প্রতিরোধ কমিটি; এবং যুক্ত ক্ষকসভা ও অগ্রগামী ক্রযকসভার বি প্রতিনিধি এবং প্রায় ২০০ শত ক্রযক তারা সরকারের কাছে এই Assemblyতে এসেছে, তারে উপর যে অত্যধিক কর কর ধার্য করা হয়েছে তার প্রতিবাদ করার জন্য এবং কর যাতে কমে সেদাবী নিয়ে এথানে এসেছে। তাছাড়া তাদের উপর যে certificate জারী করা হছে তা ব করার জন্যও তারা দাবী নিয়ে এসেছে। অজয়বাবুর কাছে তারা এই বিষয় একটা memorandu দিতে চার।

Shri Jatindra Chandra Chakravorty: Sir, এদের মধ্যে অনেকে হেঁটে এদো অনেকে ট্রেনে এদেছে, ঐ memorandumট। মন্ত্রীমহাশয়কে দেবার জন্ত।

Demand for Grant No. 11, Major Heads: XVII-Irrigation, etc. an Demand for Grant No. 46, Major Head: 80A-Capital outla on Multipurpose River Schemes etc.

Shri Gangadhar Naskar: মাননীয় স্পীকার মহোদয়, সদস্ত হারাণ মণ্ডল মহাশ ফুন্দরবন অঞ্চলে যে ২২ শত square mile রাজা পাকা করবার কথা বলেছেন সেটা ঠিক ন ভা এই cut motion দেখলেই বুঝতে পারবেন। স্পীকার মহাশ্র, আগনার মাধ্যমে আয়া সেচ মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সে।নারপুর আড়াপাচ প্রিকল্লনায় দেখা। eo sauare mile তানের জল নিকাশের ব্যবতা করার কথা হয়েছিল কিন্তু সেই জলনিকাশের ব্যবত ষা করা হচ্ছে তাতে তা কার্যকরী হবে না। কারণ আজকে সেথানে এক কেলেকারী দেখছি ক্যানিং অঞ্চলের উত্তরভাগে pump machine দিয়ে জল নিকাশ করছেন। লক্ষ লক্ষ টা খরচ করে দেখানে ভাবর গেট করেছিলেন সেই ভাবর গেট আচল হয়ে গেল। ক্যানিং-র সম অঞ্লেগত বংশর উত্তর দিকে pump machine দিয়ে জল বের করবার চেষ্টা হয়েছিল এ বারইপর সোনারপুর অঞ্চলে জল নিকাশ একেবারেই হয়নি। যার ফলে এখানে ১০ লক্ষ বি জমি পতিত হয়ে আছে। ভাঙ্গতের একটা অংশে এবং গড়নবেড়ে অঞ্চলে pump দিয়ে দেচ বিভা কাজ সমাধান করছেন। ডায়মওহারবারে যে sluice gate আছে সে gate মেরামভ ক হয় না। সেই অঞ্চলেও জল pump machine দিয়ে বের করতে হয়। এবং যে জল বের ক হচ্ছে তা সেই pumpa মুখের খাল ভবাট হয়ে যাবার জন্ত এই জল অন্ত Uniona চলে যায় এর ফলে নেচকার্য ঠিকমত হয় না। আবে একটা কথা হচ্ছে, যে ছইটি বক্তা হয়ে গেল ভার ম দেথছি যে অতি এষ্টি হলে সেই সেচবাবতা কোন কাজে আসেনা। ১৯৫৬ দালে যথন অতিরু হল তথন জল নিকাশ হয়নি যার ফলে সেই জল ঘর-বাডীতে চকে গিয়েছিল এবং বচ ফদল ই হয়েছিল। ১৯৫৯ সালেও এই pump চালু ছিলনা যার ফলে হাজার হাজার বিঘা জমি নষ্ট হয়েছি এবং ঘরবাডী নষ্ট হয়েছিল যার জন্ম তাদের আধার relief দিতে হয়েছিল। আর কয়েক বংস পর এই pump আচল হয়ে যায়। তারপর পিয়ালীও বিভাধরীনদীর সংকার না করার জভাও নদীতে চড়া পড়ে গিয়েছে।

[4-50-5-10 p.m.]

বর্ধার সময় জলে ভর্তি হয়ে বায়, অতিগৃষ্টি হলে জলে ভর্তি হয়ে বায়, সেজ্ন্য কিছুদিন পরে দেখবেন এই পাম্পিং মেদিন বার্থতায় পর্যবসিত হবে যদি পিয়ালী নদী সংস্কার করা না হয় এবং সাথে সাথে ছইধারের রাতা মেরামত না করা হয়। এজন্য নদীর গভীরতাও বৃদ্ধি করা দরকার। গতবংসর আমি আঞ্লিক ভিত্তিতে বাঁধ দেবার কথা বলেছিলাম, কারণ একজায়গার জল আরেক জায়গায় গিয়ে ক্ষতি করে। আর ৩০ ভাগ জমিই নীচু, উচু জমির জল নীচে থেকে এলে ধ্ন নষ্ট করে দেয়। আঞ্চলিক ভিত্তিতে বাধ দিলে অনেক জমি রক্ষা পেতে পারে। পিয়ালী নদী मरक्षात ना द्रान pumping machine किছु (जर्दे हान द्रार ना । खावर त्राहे खरिना ए मरक्षात कता না হলে ক্যানেল অঞ্চলে ১০১ স্বোয়ার মাইল এলেকার জলনিষ্ঠাশন করার ক্ষমতা পাশ্পিং মেসিনের নাই। আমি এদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, এটা সংস্কার না করার জন্য ক্যানিং নদীও ধ্বংসপ্রাপ্ত হচ্ছে। এবার আমি কলকাতা সম্বন্ধে ছ-একটা কথা বলব। কর্পোরেশনের যে থাল সেই থাল গতবৎসর সংখার করা হয়েছিল। এর তলা পলিমাটি পড়ে আশেপাশের চাযের জমি ধ্বংসপ্রাপ্ত হচ্ছে। কলকাতা সহরে সামনের কয়েক বংসরের মধ্যে জলসরবরাহ সঙ্কটাকার ধারণ করবে। বিভাধরী নদীতে চর পড়ে গিয়েছে, তার মানে একমাত্র কর্পোরেশন থাল দিয়ে জলনিকাশ হতে পারে। কর্পোরেশন খাল এবং বিভাধরী মজে গিয়েছে। স্থলরবনের নদীগুলি থেকে বর্ষাকালে থালকাটা হয়—যেসব contractorদের এসব থালকাটার জন্ত দেওয়া ভারা অধিকাংশ টাকা পকেটস্থ করে। ছোট ছোট সেচপ্রপা চালু করার জন্য এথানে বহুবার বলা হয়েছে। ছোট ছোট থাল কাটা হলে আমাদের অঞ্চলে প্রাচ্ন পরিমাণ ফ্রমল উৎপাদন হতে পারে। গত দশ বংসর ধরে এই সেচবিভাগ চাল আছে, কিন্তু সেচব্যবস্থার কোন উন্নতি হয়েছে কি প ১৯৫৯।৬০ সালে যে শশুহানি হয়েছে তার ফ তিপুরণ দেওয়া হয়নি। শেষে আমি একথা বলব যে, ছোটখাট নদী ও খালবিল সংস্কারের দিকে যেন বিশেষভাবে দৃষ্টি দেওয়া হয়। আমি সেচবিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব যে, অবিলম্বে যদি না সেচপ্রথা ভালভাবে কার্য করার দিকে দৃষ্টি দেওয়া হয় ভাহলৈ বাংলাদেশ অচিরে ছণ্ডিক্ষের দেশে পরিণত হবে।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After Adjournment]

[5-10-5-20 p.m.]

Shri Natendra Nath Das: মাননীয় ডেপুটা স্পীকার মহাশয়, দ্বিভীয় পঞ্চবার্থিকী পরিকল্পনায় সেচবিভাগে Development থাতে মোট টাকা বরাদ্দ ছিল ১ কোটা ৩১ লক্ষ ৫৩ হাজার টাকা এবং দ্বিভীয় পঞ্চবার্থিকী পরিকল্পনার স্বেষ অংশে এসে আমাদের থরচ দাঁড়িয়েছে ১ কোটা ৫ লক্ষ টাকা মাত্র, অর্থাৎ ২৬ লক্ষ ৫৩ হাজার টাকা ব্যয় হল না। আমি আশা করি সেচমন্ত্রী মহাশয় আলোকপাত করবেন কেন এই টাকা ব্যয়িত হল না। তারপর, ১৯২০-৬১ সালেও দেখছি development কাজের প্রায় ৬০ লক্ষ ৩১ হাজার টাকা ব্যয় করার পরিকল্পনা ছিল, কিন্তু মাত্র ৫০ লক্ষ টাকা ব্যয় করা হল, বাকী টাকা ব্যয় করা হল না। নদী নালা, থাল বিল সংস্থাবের জন্ত এই বিধানসভার আমাদের তরফ থেকে বহুবার দাবী করা হয়েছে। কিন্তু আমরা দেখছি সরকার মামাদের কোন কথায় কর্ণণাত করেন না। মাননীয় ডেপুটা স্পীকার মহাশয়, মেদিনীপুরের কাঁথি দিইকুমায় কেলেঘাই নদী সংস্থাবের জন্ত আমরা বহুবার দাবী উত্থাপন করেছি, এই নদীটা আমাদের

বাল্যাবন্থ। পেকে আমরা দেখছি লোকের কাছে ত্রুম্বপ্রের মন্ত হয়ে আছে। ভগবানপুর ও পটাশপুর থানা ৩৪ বছর অন্তর এই নদীর জলোচ্ছাসে ভেসে যায়। উপর থেকে মাট গড়িয়ে এসে এই নদীর lend উচু করে দিয়েছে যার ফলে এমন একটা অবস্থা স্বষ্টি হয়েছে যে নদী সংকীর্ণ হয়ে গিয়েছে। এর ফলে সেখানে সামান্ত ছোরে উপর থেকে জল এলে, বা একটু বেশী বর্ঘা হলে কেলেঘাই danger level পেরিয়ে যায়। অথচ একটা canal কেটে কেলেঘাই-এর জল যদি ক্ষুলপুর নদীতে ফেলা হত এবং নদী সংযত করা হত ভাহলে পার্শ্ববর্তী বহু অঞ্চলে প্রচুর রবিশন্ত উৎপন্ন হত এবং মাছের চায়ও করা সম্ভব হত। কিন্তু সরকার সেদিকে দৃষ্টি দিছেন না।

কিন্তু দেদিকে সরকারের দৃষ্টি নেই। তারপর কাঁথি বেসিন, হগ্ধা বেসিনের কথা বছবার এথানে আলোচনা করেছি। আমরা দেখছি কাঁথি বেদিন ও ময়না বেদিনকে দেচমন্ত্রী মহাশয় 3rd 5 yr. plan এর মধ্যে দিয়েছেন। কিন্তু এটা বোধ হয় সামনে ইলেকশান বলে দিয়েছেন। জথাৎ ১৯৬১-৬২, ১৯৬২-৬০ সালে কিছু নেই, অধ্চ ১৯৬৩-৬৪ সালের কাঁথি বেসিনের জন্ম টোটাল ৮ লক্ষ টাকা এবং ময়না বেদিনের জন্ম টোটাল ৮ লক্ষ টাকা। অর্থাৎ তমলুকে ৮ লক্ষ টাকা এবং ময়না ৮ লক্ষ টাকা। এ সবই ইলেকসানের জন্ম করা হবে এবং লোককে বলা হবে যে আমরা এটা করব তোমরা কংগ্রেদকে ভোট দাও। যাই হোক কাথি ও ময়না বেদিনের বিষয়ে কিছু আশা পাওয়া গেল কিন্তু ষে ছগ্ধা বেদিন সম্বন্ধে ভূবনবাৰু বারবার চীৎকার করেন এবং আমিও প্রতি বৎসর বলি, অথচ সে-সম্পর্কে কিছু দেখছি না। সরকারী মতে এটা স্বীকৃত হয়েছে যে ২০ স্কোরার মাইশের বেনী জায়গা এর দারা উপৡত, কিন্তু শুনলে অবাক হবেন যে গত ২ৎসর এখানে কোন ফদল হয়নি এবং এবৎসরও ত্ব্বাবেসিন এরিয়ায় এক ূও ফদল হয়নি। এই ত্ব্বাবেসিন থেকে জেলা প্রতিনিধি—অর্থাৎ ডেপুটেশান—সেচমন্ত্রীর কাছে এদেছিল প্রতিকারের প্রাথন। নিয়ে তথন তিনি বলেছিলেন যে এথানে ধানচাৰ হবে না, মাছ চাষের ব্যবহা করতে হবে। অগুহায়ণ, পৌৰ মাদে যে জায়গা শুকিয়ে যায় দেখানে মাছ চাষের পরিকল্লনা ভিনি কি করে নিলেন আমি বুঝতে পারি না। মগরা, আমরাই, বাধিয়া ইত্যাদি জায়গায় উপর্পুরি ৩ বছর কোন ফধল হয়নি। কিন্তু সরকারের কাছ থেকে এবিষয়ে কোন প্রতিকারের আশা করা যায় না। সরকার থেকে ব্যয় করতে পারছেন না বলে প্রতি বংসর টাকা ফিরে যাছে, অথচ গুলার এক নিকাশের কোন ব্যবস্থাই তারা করলেন না। এই ছ্লা বেসিনের জন্ত অ্বামানের District Development Committee বলেছিল যে ১৮ লক্ষ টাকা থরচ করে কুঁদি এবং ভেকুয়া এই হুটো নদী দিয়ে জল নিয়ে যাওয়া হয় এবং বালিঘাই খালের silt clear করা হয় এবং ১২ মাইল সমূজ প্রস্ত যে ক্যানেল গ্রেছে সেটাকে widen করে যদি সমূজ প্রস্তু ঢালু করা হয় তাহলে ২৮টা গ্রাম নিয়ে ২০ হাজার একর যে জমির কিছু স্করাহা হতে পারে এবং ফদল হতে পারে। এটা যদি করা হোত তাহলে এই যে বহু লোক দেখানকার উদাস্ত হয়ে গেল, মার গেল, উঠে চলে গেল—তা হোত না। আমরা আশা করেছিলাম যে সেচমন্ত্রী মহাশয় মেদিনী-পুরের লোক হয়ে এদিকে দৃষ্টি দেবেন, কিন্তু তিনি তানা দেখাতে আমরা হৃঃথিত। 2nd 5 yr. plan শেষ হয়ে গেল, 3rd 5 yr. plan-এ Contai, ময়নার নাম পেলাম, কিন্তু ছগ্ধার কোন নাম পেলাম না। মানসিং কমিটি যথন গিয়েছিল তথন তাদের কাছে সব বলা হয়েছিল। যাই হোক, এবিষয়ে যদি তিনি একটু দৃষ্টি দেন ভাহণে প্রভূত কণ্যাণ উনি করবেন। ভারপর আর একটা কথা হচ্ছে বে Contractorকে দিয়ে দেখানে যেসমস্ত কাটান হচ্ছে ভাতে দেখা যাচ্ছে বে মাটি কেটে তারা থালের উপরেই রেথে দেয় এবং তার ফলে হয় এই যে সেই মাটি আবার ধুয়ে থাল খাল ভরাট হয়ে যাছে। এদিকৈ সরকারের দৃষ্টি দেওয়াদরকার।

[5-20—5-30 p m.]

আমাদের বাজেটে দেখছি কলাবেরিয়া এবং ইটামগরা খালেরও দেই অবস্থা এবং আমার এক

বন্ধ বলেছিলেন যে একধার থেকে কেটে যাওয়ার ফলে মাটি থেকে যাচ্চে এবং পরে যখন জল হোল ত্রখন আমাবার ভরাট হয়ে যাচেছ। অজয়বাব অবশ্র মানসিং কমিটির কাছে বলেছেন যে যথাসময়ে করতে পারিনি, তবে কমিটি এক জায়গায় বলেছেন It was re-excavated in the previous year but the earth dumped within the Canal itself flowed back into the Khal. এই যথন ইতিহাস তথন আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এইসমন্ত থালের যেন সংস্কার করা হয় এবং সংস্কার করে মাটগুলো যেন ঠিকভাবে ফেলা হয় যাতে করে আবার কন্টাকটরকে পয়সা দিতে না হয়। ভারপর বাংলাদেশকে আজকাল ইণ্ডাষ্টিয়ালাইজেসন कवा शहर, किन्न वाश्नात्मान मर्था किन्य जायना आहर, रामन स्मिनीशूरवव व्यविकाश्म श्रान, কাঁথী, তমলুক প্ৰভৃতি জায়গা ইণ্ডাষ্টিয়ালাইজ করা সম্ভব হবে না—এণ্ডালি কুষিপ্রধান হয়েই থাকবে। কাজেই বাংলাদেশের সব জায়গা যথন তুর্গাপুর হবে না তথন যেসমন্ত খাল বুজে গিয়েছে সেগুলোর সংস্কার করা প্রয়োজন। সাননীয় স্পীকার মহাশয়, আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আজ কয়েক বছর ধরেই কাটমোসন দিচ্ছি, গত বছর দিয়েছি এবং এবারেও দিয়েছি, কিন্তু ত্রুবের বিষয় বে, কোন কাজই হচ্ছে না। অথচ আমি আমার কনষ্টিটিউয়েন্দী সম্বন্ধে জানি যে, বেনিগাজি খাল, বাম্নিয়া থাল প্রভৃতির মুখে চড়া পড়ার ফলে সেথান থেকে জল নিকাশ হয় না। কাজেই যদি ড্রেনেজ প্রাব্রম এবং ইরিগেসন প্রোব্রেম সল্ভ না হয় তাহলে কি করে চাষ হবে ? ভধু তাই নয়, আজকে এই ফুটনিকের যুগে যদি জলের জন্ম আমাদের আকাশের দিকে তাকিয়ে পাকতে হয় যে জল হলে ভবে ফদল হবে ভাহলে কি করে চলবে ? কাজেই এগুলোর ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। তবে এ জিনিস করার আরও একটা প্রয়োজনীয়তা আছে এবং সেটা হোল যে, জল বেশা হলে যথন দেখছি দামোদর থাকা সত্ত্বেও দেশ ভেদে যাছে তথন এইসমন্ত জল নিকাশের বাবস্থা থাকা দরকার এবং জলের অভাব প্ডলে যাতে সেই জল সাগ্লাই করতে পারেন ভারও বাবতা থাকা দরকার। ষা হোক, ১০ বছর শাসনভার গ্রহণ করে আপনারা কি জিনিস করেছেন তা' যদিও জানি না তবে আশা করি ১০ বছরের শেষে নির্বাচনের সামনে দাড়িয়ে তিনি কিছু চেষ্টা করবেন যাতে করে এই অবতেলিত বেসিনগুলোর ব্যবস্থাত্য এবং যে যে অঞ্চলের জল নিকাশের কথা বললাম সেওলোর প্রতিকার হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Renupada Halder: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ইরিগেসন সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি এ কথাই বলব যে, পদ্চিমবাংলার অধিকাংশ জেলাতেই আজ পর্যস্ত ইরিগেসন-এর কোন ব্যবস্থা হয়নি এবং জলসেচ ব্যবস্থার যে প্রতিশ্রুতি সরকার থেকে দেওয়া হয়েছিল আজ পর্যস্ত সমস্ত ক্ষেত্রে তা তাঁরা কার্যকরী করতে পারেন নি। আমরা দেখছি সেচ ব্যবস্থা কয়েকটা বড় বড় পরিকল্পনার মধ্যে সীমাবদ্ধ রাথার ফলে ছোট ছোট পরিকল্পনাগুলে। করা হয়নি। তবে বড় বড় পরিকল্পনার মধ্যে যেমন ম্যুরাক্ষীর কথা বলতে পারি যে, ম্যুরাক্ষীর অধীনে যে সমস্ত অঞ্চল আছে তার মধ্যে বীরভূম জেলার মূরারই থানায় গত ২ মাস আগে আমি গিয়ে দেখলাম যে ৬টি ইউনিয়নের চাষ জলের অভাবে নই হয়েছে। তবে আশ্রের্যর ব্যাপার যে তার কিছু দ্রেই মযুরাক্ষীর জল আসে, কাজেই সেথান থেকে অল একটু ডেন বা খাল কেটে দিলেই সেথান থেকে জল এসে ঐসব জমিছে চাষ হতে পারত। কাজেই এই বে ৬টি ইউনিয়নের চাষ ক্ষতিগ্রন্থ হোল তার ফলে সেইসব মানুষের অলগস্থানের ব্যবস্থা হওয়া তো দ্রের কথা তাদের বাসস্থান ছাইবার জন্ত যে খড় প্রয়োক্ষন তার ব্যবস্থাও তারা করতে পারছেন না। এ ছাড়া জল নিকাশের যে ব্যবস্থাওলি করতে চাথীদের পক্ষে ভাল হয়, চাষের পক্ষে ভাল হয় সেই সমস্ত দিকে সরকাবের কোন দৃষ্টি নেই। স্থন্দর্বন এবং ভার পার্যবর্তী অঞ্চলের অবস্থার কথা আমি বিশেষভাবে জানি। সেথানে মুইস গেটের অভাবে জল নিকাশে হয় না। জনেক জারগায় পুরাণো স্কুইস সেট রয়েছে; সেওলি সিল্টেড হয়ে যাবার ফলে

জল জাদৌ তার মধ্য দিয়ে যাছে না। এগুলি অবিলম্খে করার দরকার আছে। আমি জানি কুলপী থানায় সাতপুকুর সুইস গেট থারাপ হয়ে গেছে এবং সিলটেড হয়ে যাবার ফলে সেথান দিয়ে জ্ল বাচ্ছে না, যার ফলে ওথানকার মথুরাপুর কুলপী থানার বহু জমির জল নিকাশ হচ্ছে না, প্রচুর চাষ-আবাদ নষ্ট হচ্ছে। ধোদা সুইদ গেট দম্পর্কে বলতে চাই যে দেখানে ইংরাজ আমলে যে গেট ছিল নেটা আজও ভাল অবস্থায় রয়েছে কিন্তু ষেটা সরকারণক্ষ থেকে গত ২ বছর আগে তৈরি হয়েছিল শেটা দম্পূর্ণরূপে থারাপ হয়ে গেছে, তার মধ্য দিয়ে জল যাক্তে না। সেথানে জল নিকাশের একটা ব্যবস্থা করা আগু দরকার। আমরা দেখেছি কুলপী ধানার ধোসা ঝিংরের থালের উপর স্লুইস গেটের ৰ্যাপার নিয়ে সরকারের কাছে বহু আবেদন নিবেদন করা হয়েছে, সেখানকার স্থানীয় অফিসার এন. ডি. e., সার্কেল অফিসারের সঙ্গে দেখা করেছি। যদি ঝিংরের খালের উপর একটা সুইন গেট করে দেওয়া যায় ভাহলে সেথানে ৭ হাজার একর জমির জল নিকাশ হতে পারে। কিন্তু সরকার আজে পর্যস্ত কিছু করছেন না। এইরকম জয়নগর থানায় মনী নদীর পালে যদি একটা স্বাইদ গেট করে দেওয়া বায় তাহলে অন্তত:পকে : • হাজার একর জমির জল নিকাশ হতে পারে। কিন্তু তারও আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। আমরা দেথছি যে সিকিরমূলাতে যদি একটা সুইস গেট করে দেওয়া বায় তাহলে ৯, ১০ ও ১২ নম্বর ইউনিয়নের যে সমস্ত জমিতে বাঁধ ভেক্ষে গিয়ে জল ঢুকে সমস্ত চাষ-আবাদ নষ্ট করে দেয় তার জল ঐ গেটের মধ্য দিয়ে নিকাশ হতে পারে এবং চাষ-আবাদও ভালভাবে হতে পারে। আমরা দেখেছি গোপালগঞ্জ, কৈখালি প্রভৃতি যে সমস্ত জারগা রয়েছে, গুড়গুড়ি ইউনিয়নের মধ্যে কতকগুলি জায়গা রয়েছে ঐ সংস্ত জায়গাতে লুইস গেট করে দেওয়ার জন্ম প্রতি বছর ইরিগেশান ইঞ্জিনিয়ার, কর্তৃপক্ষের সঙ্গে দেখা করলে তাঁণা কেবল আখাস দেন কিন্তু আজ পর্যস্ত স্তারা জল নিকাশের কোন ব্যবহা করতে পারলেন না। চৌভাঙ্গীতে একটা স্লুইস হওয়া দরকার, সেথানে প্রতি বছর জল নিকাশের মভাবে চাষীর। ক্ষতিগ্রন্ত হচ্চে। কয়েক বছর আগে জল জমে দেখানের শারুষের চাষ-আবাদ নষ্ট হয়ে গিয়েছিল: দেখানে স্লুইদ গেট দেওয়ার জন্ত সরকারের কাছে বছবার বলা হয়েছে কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। এ বছর বাঁধ মেরামতের কাজের জন্ম ইরিগেদান থাতে প্রভিদান হয়েছে। কিন্তু আমর। দেখেছি যথন এটা ইরিগেদানের হাতে ছিল তথন তাঁরা টেণ্ডার কল বা কণ্ট্রাকটর ইত্যাদি নিযুক্ত করার কাজ এত দেরীতে করেন ষার ফলে বাধ ভেক্সে গেলে সেটা মেরামত হতে অনেক দেরী হয়, ফলে চাষ-আবাদের ক্ষতি হয়ে যায়। শুধু তাই নয়, বাঁধ মেরামতের কাজ বা তৈরী করার কাজ যে সমস্ত কণ্টাক্টারের হাতে দেওয়া হয় তারা বেশা করে টাকা আত্মশাৎ করবার চেষ্টা করে। এইভাবে টাকা অপচয় হবার স্থযোগ রয়েছে এবং বর্ধাকালে এই সমস্ত কাজ করতে দেওয়া হয়। সেজস্ত আমি বলতে চাই যদি সরকার চান যে স্থন্দরবন এলাকায় স্কুষ্ঠ জল নিকাশের ব্যবস্থা করা দরকার এবং বাঁধ মেরামত করা দরকার তাহলে নিশ্চয়ই এ বিষয়ে সরকারকে যথেষ্ট সচেতন হতে হবে। ভাছাড়া আমি আর একটা কথা বলতে চাই যে যে সমস্ত অঞ্চলে ছোটথাট কালভাট করলে থানিকটা জল নিকাশ হতে পারে সেথানে কালভার্ট দেওয়ার কোন ব্যবস্থা সরকারপক্ষ থেকে নেই। সেই সমস্ত অঞ্চলে রান্ডাঘাট কেটে বারবার জল বের করে দিতে হয়। আমি বে সমত্ত কথা বললাম এগুলি না করে শুধু বড় বড় পরিকলনার কথা বললেই জনসাধারণের স্বার্থ রক্ষিত হবে না, চাষ-আবাদের কোন স্থবিধা হবে না। ভাই আমি বলব সমগ্র দিকটা বিবেচনা করার আণ্ড দরকার আছে। সে বিষয়ে সরকারের দৃষ্টি ষেভাবে দেওয়া হচ্ছে ভাতে করে চলবে না।

[5-30-5-40 p.m.]

Shri Ledu Majhi: মাননীয় ডেপ্টী স্পীকার মহাশয়, বে কথা আজ কয়েক বংসর ধরে আমামরা বারম্বার বলেছি, আজও সেই কথা বলতে হবে। ক্রমিপ্রধান আমাদের এই দেশের বর্তমান

অর্থ নৈতিক জীবনে সবচেয়ে বড় সমস্তা আজ সেচ। কিন্তু এই সেচ ব্যবস্থার উন্নতির বিষয়ে যে বিবাট ঐকান্তিক আয়োজন বরাদ ও সংকল্পের শক্তি থাকলে তা অগ্রসর হোত তা কিছুই এই সরকারের মধ্যে নেই। হাজার রকম বিষয়ে কাজ আরম্ভ করে এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সবকিছুই পণ্ড হতে চলেছে, জাতীয় জীবনে যে নিৰ্দিষ্ট কয়েকটি বিষয় অভ্যস্ত জরুরী তারই লক্ষো সর্বাঙ্গীন শক্তি নিয়োগ করা দরকার ছিল। সেই জরুরী জাতীয় বিষয়গুলির অন্ততম মহান বিষয় সেচ। ভার প্রতি জাতীয় সম্বল্প ও দৃঢ়তা নিয়ে কোনো কিছুই আজও পর্যন্ত করা ংগল না। সেচ বিষয়ে বড় বড় পরিকল্পনা করা হচ্ছে, সীমাবদ্ধ ক্ষমতাসম্পন্ন কয়েকটি বড় বড় সেচ পরিকল্পনা হয়তো আংশিক সফল ছয়ে আগামী দিনে দেখাও দেবে কিন্তু জল পাবার পর ক্রবিতে অগ্রসর হয়ে চাষী হয়তো কোনো জোগান বা উপায়ই পাবে না। সেজতা আজকে চাই—বিকেন্দ্রিত ধারায় কুদ্র কুদ্র সেচ ব্যবহার সঙ্গে স্বাঙ্গীন ক্ষিব্যবস্থার অসংখ্য পরীক্ষা ও তার সার্থক সাফল্য। একমাত্র এর ছারাই জনসাধারণ ভবসা পাবে, অবসংখ্য দুৱে থাক এরূপ ভবসা দেবার দুষ্টাস্ত সরকারের হাতে কি হু' চারটাও আছে ? প্রামের জীবনে আজও কুদ্র কুদ্র ফুটু সেচ বাবস্থার ধারা গড়ে ওঠেনি। সেচবিভাগের যে কর্ম আয়োজন তাও জনচাহিদার উপযোগী নয়। তার উপযোগী বৈজ্ঞানিক জ্ঞানের সন্ধান বা সহাহতাও নেই। ক্রত সহজ্ঞলভা টেকনিক্যাল সহায়তার পরিবেশও নেই, দেশের চাষী আজ বড় বড় পরিক্লনার দিকে চাতকের মত তাকিয়ে আছে, আর সরকার তাকে জল না দিয়ে গুধু আখাস দিয়ে মহাপাতকের কাজ করছেন।

Dr. Radhanath Chattoraj: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৪ দাল থেকে ময়ুরাক্ষীর জলাধার থেকে জল দেওয়া আরম্ভ হয়েছে। তার লক্ষ্য ছিল ৬ লক্ষ একর জমিতে জল দেওয়া হবে এবং ১ লক্ষ্য ০ হাজার একর জমিতে ধাঃছিল যে আমরা রবি-চাষের জন্ত জল দেওয়া হবে। কিন্তু ভূৰ্জাগ্যের বিষয় আজ পর্যস্ত তার। দেই টার্গেটে পৌছাতে পারলেন না। তার কারণ তারা জনসাধারণের কোন সহযোগিতা গ্রহণ করেন নাই। জনসাধারণের সহযোগিতা গ্রহণ করলে আরও বেশা প্রিমাণ জমিতে জল দেওয়া সম্ভব হোত। কারণ এমন বহু জায়গা আছে যে জায়গায় তার। যদি ক্ষকদের সাহায়। ও প্রাম্শ নিতেন তাহলে জল তোলা সম্ভব হোত। এমন কি অনেক জায়গায় তাঁরা ক্যানেলের ব্ল-প্রিন্ট পর্যন্ত পাশ করে গেছেন এবং দেই কারণে হয়ত জোডদারের জমি. সে ধার দিয়ে তাঁরা ক্যানেল কাটেন নি, না কেটে সাধারণ অল্ল জমির মালিকদের জমির উপর দিয়ে কেটে গেছেন যার ফলে স্থায়ীভাবে একটা অশান্তি সৃষ্টি হয়েছে। তারপর আমি একটা উদাহরণ দিচ্ছি— নামুর থানা, দাসকল থানার উত্তর দিকে যে ক্যানেল কাটা হয়েছে যেথানে, যদি আর একটু উত্তর-চেপে কাটা হত তাহলে একটা বিৱাট অঞ্লে জল দেওয়া সন্তব হত কিন্তু দেখানে জল পৌছাচ্চে না অথ্চ সেই সমস্ত জারগায় ট্যাকা আনদায়ের জন্ম নোটীশ যাছে। স্কৃতিভাবে এবং জ্পুনা পাওয়ার জন্ম কুষকদের মধ্যে বহু গোলমাল সৃষ্টি হচ্ছে। লোককে সুষ্ঠভাবে জল দেওয়ার জন্ত আপনারা কোন ব্যবস্থা করেন না। স্বচেয়ে মারাত্মক জিনিষ হল সরকারের ট্যাক্সনীতি। ইরিগেসন য্যাক্ট অন্তবামী তাঁৰা জল দিতে আৱস্ত করেন কিন্তু যে বছর ভাল বৃষ্টি হয়, সে বছর কোথাও উক্ত draft অনুষায়ী কেউ জল নিতে চায় না।

সেখানে দেখলেন যে বংসর ভাল বৃষ্টি হয়, সে বংসর চাষীরা সেই জল নিজে চায় না। তারপর Development Act অনুসারে তারা জল দিতে লাগলেন। এই Development Act-এ বিধান ছিল—উৎপন্ন ফসলের অর্থাংশ ট্যাক্স করা হবে। কিন্তু তারা সেটা প্রমাণ করতে পারলেন না যে ফলন কভটা বৃদ্ধি হল না হল, তারপর তারা একটা amendment নিয়ে এসে একটা বিধানের ব্যবস্থা করলেন—বর্তমানে ৬।৭ বংসরের ট্যাক্স জমে গেছে। এখন সেই ট্যাক্স আদায়ের চেষ্টা চলেছে।

আপনার। জানেন পৃথিবীর কোন দেশেই ক্যানেলের জলের উপর ট্যায় নাই। চীন ও রাশিয়ার কথা না হয় ছেড়েই দিশাম। এমনকি আমেরিকা ও জাপানেও ক্যানেলের জলের উপর কোন ট্যায় নাই। তাঁদের উদ্দেশ্য হলো যে ক্যানেলের জল দিয়ে যদি ক্ষকদের থাজোৎপাদনে উৎসাহী করা বার, তাহলে প্রচ্নু ফসল জ্মাবে। এক দিকে যেমন থাজের ঘাটতি এর হার। পূরণ হবে, তেমনি অন্তদিকে ক্ষকদের হাতে পয়সা আসহে। চাষীর হাতে পয়সা গেলে নিত্য প্রয়েজনীয় ভোগাপণ্য ভারা বেশী কিনবে, সেইসঙ্গে সরকারও বেশী sales tax পাবে এবং সেই sales taxএর হারা রাজকোষ পূর্ণ হবে। কিন্তু আমাদের দেশের সরকারী নীতি ভার সম্পূর্ণ উন্টো। এই Canal tax নির্ধারণের কোন নীতি নাই। ক্ষকের পকেটে যদি ২০০ টাকা প্রে দিয়ে ১৫০ টাকা দাবী করা হয়, তাহলে হয়ত সেটা সে দিতে পারে। আর আমাদের সরকার ফসল উৎপত্ম হতে না হতেই ক্ষকদের ঘাড়ে চাপাতে আরম্ভ করলেন অতিরিক্ত ট্যায়। সরকারের এই ক্যানেলকর নির্ধারণের নীতি সম্পূর্ণ অবৈজ্ঞানিক এবং অধিক থাজশস্ত উৎপাদন বিরোধী। সেইজন্ত আমি একটা উদ্ধৃতি এখানে দিছি—

"It has been suggested that to overcome this initial reluctance to avail of the benefits of irrigation, there should be no assessment charged in the first year or two. It is expected that after the farmer has become convinced of the utility of irrigation by observing actual improvement in his production, he will be willing to pay the proper rates Foodgrain Committee Report."

এই হচ্ছে আপনাদের ফুডগ্রেন কমিটার রিপোট। এটা কোন কমুনিষ্ট পার্টির লোক বলছে না। এটা আপনারা বলেছেন, আপনাদের দিল্লীর কংগ্রেসের বডকর্ভারা বলেছেন। তাঁদের এক কথার আপনারা Constitutionকে amendment করে পাকিস্তানের হাতে বেরুবাড়ীকে তুলে দিতে পারেন, অথচ এই জলকর কমাতে পারেন না। দিল্লী থেকে নিগুক্ত কমিটা বিশেষকরে বলেছেন— এই জলকর নেওয়া উচিত নয়।

"For example, unless the double cropping is introduced, there is little prospect of additional production from the Mayurakshi Project and the irrigation system of The D.V.C., West Bengal'.

এখানে তাঁরা স্পষ্ট করে বলে দিয়েছেন যে double cropping ব্যতীত ময়ুরাক্ষীতে বেশী উৎপাদন হবে না। এখানে তাঁরা বলছেন—

"Such changes can be brought about only if sufficient inducement by way of concession or exemption from water charges for the second crop is given to the cultivator during the first few years."

সেইজন্ত আমি অমুবোধ করছি—উপরি-উপরি আমাদের জেলার উপর দিয়ে ছুটো ফ্লাড্ চলে গেছে। ফলেও বছরের যে Canal tax জমে গেছে, সেই বকেয়া ক্যানেল কর মকুব করে দেন এবং দশ টাকার হার কমিয়ে আ৽ টাকা হারে আদায় করুন; তাহলে দেশের জনসাধারণের কল্যাণ হয় এবং রুষকরাও আরো বেশী করে থাতোংপাদনে উৎসাহী হয়। আপনারা সেই বকেয়া কর আপনাদের পুলিস কোর্স নিয়ে আদায় করতে পারেন। কিন্তু ভাতে অধিক থাতুশশু উৎপয় হবে না; বরং দেশের মান্ত্রকে ক্ষিপ্ত করে তুলবেন। সেইজন্ত মন্ত্রোধ করবো—যাতে এ ব্যাপারে জালভাবে তদন্ত হয়, যে সমস্ত defects canal areaয় রয়েছে, সেগুলি সংশোধন করে আরও বেশী subsidiary channel কাটার কথা আপনাকে জিজ্ঞানা করলে, আপনি বলছিলেন— কৃষকরা তা কাটবে। এখানে Foodgrain Enquiry কমিটী বলছেন—

"Though the headworks were completed, construction of the subsidiary channels was left to the farmers and was considerably delayed. We recommend that the responsibility for the construction of the subsidiary channels should generally be on the Irrigation Department."

এই কথা আপনাদের কমিটা বলেছেন। আর আপনারা করছেন কি ? না, যে কাজ আপনাদের করবার—আপনারা সেটা ক্রমকের ঘাড়ে ছেড়ে দিয়েছেন। অথচ আপনাদের এষ্টিমেটিং ডিপার্টমেন্ট বলছেন—ওথানে উৎপন্ন হয়েছে ১৭°১৪ মণ ধান থেকে ৩৬°৯৬; তারপর সেটা বেড়ে হল ৪২°৯৫, তারপর হল ৭৩°২৫। তাঁরা লিথেছেন ওটা সংশোধন সাপেক্ষ। ৫ বছরের মধ্যে তাঁরা ওথানে আসেন নি।

[5-40-5-50 p.m.]

আমি চ্যালেঞ্জ করে বলতে পারি আপনাদের এষ্টিমেটিং অফিসার গত পাঁচ বছরের মধ্যে কোনদিন ক্যানেল এলাকা দেখেননি। আপনি গ্রাম পঞ্চায়েতে চলুন, সেখানে গিয়ে সভা ডাকুন, জিল্পাসা
করুন তাদের কত ফ্যল বুদ্ধি হয়েছে, এবং সেই বুদ্ধির অমুপাতে খাজনা ধার্য করুন। তা না করে,
কলকাতা পেকে একটা এষ্টিমেট্ করে দেওয়া হল, এর কোন মানে হয় না। এতে সাধারণ মামুষ
ক্রিপ্ত হয়ে যায়। যাতে সাধারণ মামুষ ক্রিপ্ত না হয়ে ওঠে, খাজনা ভালভাবে, ফুট্ভাবে আদায় হয়
ভার জন্ত আপনি ব্যবহা ককন। ফ্লাড এন্কোয়ারী কমিটির রিপোট আজ আমরা পেয়েছি, কিন্তু
এই রিপোট ভালভাবে পডে উঠতে পারিনি। আমার বেসমস্ত সাজেসন্ম, তা' আমার কাট্
মোশানের মধ্যে দিয়েছি। দেগুলিই আমার মোটায়টি বক্তবা। হিজোল ও লাঙ্গলহাট বিল
ডেনেজ স্বীম সম্বন্ধে আমি বলতে চাই যে উক্ত বিল এলাকা র্যেচে, পূর্প্রান্তে রেল লাইন প্রান্তার
দর্শণ জল নিকাশের অস্থ্রিধা হছে। সালের হতে চৌরীগাছা পর্যস্ত যে রেল লাইন গিয়েছে,
সেখানে ব্যাপকভাবে ক্যালভাট নির্মাণ করা একান্ত প্রয়োজন আছে।

তারপর দেখা যায় ময়ুরাক্ষী ক্যানেল এলাকায় কর আদায়ের যেসমস্ত নোটাশ জারী করা হয়েছে, তা' অধিকাংশ ক্ষেত্রেই বিদ্রান্তকর। সেথানে বহু কৃষক আছে, যার। বহুদিন আগেই তাদের জমি বিক্রয় করে দিয়েছে, তাদের উপর নোটাশ ও সার্টিফিকেট জারী করা হয়েছে। যে জমিতে জল ওঠেনি বা পূর্বে সেখানে জমি ছিল, এখন সেখানে বাডী হয়েছে; সেইসমও জমির মালিকদের উপর নোটাশ ও সার্টিফিকেট জারী করা হছে। অধিকাংশ নোটাশে জমির মালিকের কোন্ কোন্ দাগ জমিতে জল উঠেছে তার সঠিক বিবরণ নেই; অথচ উক্ত Departmental প্রয়োজনের তুলনায় প্রচুর কর্মচারী ও অফিসার নিয়োগ করা হয়েছে অথচ কাজ হয় না। ফলে চামীদের অযথা হায়রাণ ও অর্থ বায় করতে হছে। এই অবত্থা দূর করা একান্ত প্রয়োজন। সেইজন্ত আমি সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এদম্বন্ধে ভাগভাবে তদন্ত করে, ভেবে-চিন্তে যাতে একটা কর্চু ব্যবত্থা অবলম্বন করা যায় তার ব্যবত্থা কর্মন।

ক্যানেলের বহু জায়গায় সাঁকো তৈরী হয়নি। বীরভূম জেলার লাভপুর থানার কেশেরা প্রামের দক্ষিণে ময়ুবাক্ষী সাউথ মেন ক্যানেলের উপর পারাপারের সেতু নির্মাণের জন্ম ভানীয় জনসাধারণ ও আমি বহুদিন ধরে মাননীয় সেচমন্ত্রী মহাশয়-এর কাছে আবেদন নিবেদন করার পর, তিনি রাজী হয়ে প্রতিশ্রুতি দেন যে সেথানে ম্যাসোনারী সাঁকোর পরিবর্তে একটা কাঠের সাঁকো তৈরী করে দেবেন। কিন্তু চার বছর হয়ে গেল, আজ পর্যন্ত সেই সাঁকো তৈরী হল না। সেখানকার কৃষক

জনসাধারণকে তিন চার মাইল থুরে ক্ষিকার্য করতে যেতে হয়। ভাদের এইসকল অস্থবিধাণ্ডলি দূর করা বিশেষ দরকার। সেইজন্ম আমি পুনরায় মাননীয় সেচমন্ত্রী মহালয়কে অন্থরোধ করবো কেশেরা গ্রামের এই ক্যানেলটার উপর পারাপারের জন্ম ঐ কাঠের গাঁকোটা অবিলম্বে যাতে তৈরী হয় ভার জন্ম ব্যবহা করন। ভাছাড়া বীরভূম জেলার লাভপুর থানার বুনে বলদে ঘাটা রাস্তার উপর ক্যানেলের গাঁকো বা কজন্তয়ে তৈরী করা একান্ত আবশ্রক। তিনি সেটা করবেন বলে রাজী হয়েছিলেন কিন্তু এখনও পর্যন্ত ভার কাজ হরু করা হয়নি। ফলে সেখানকার জনসাধারণের অভ্যন্ত অস্থবিধা ভোগ করতে হচ্ছে। আমি পুনরায় মাননীয় মন্ত্রী মহালয়কে অন্থবোধ করবো—এদিকে বিশেষ দৃষ্টি দিয়ে যাতে অবিলম্বে এটা তৈরী হয় ভার জন্ম ব্যবহা করন।

ভারপর দেখা যায় লাভপুর থানার মিলনপুর গ্রামের কাছে কোপাই ও বক্রেশ্ব নদী মিলিত হয়ে লাঘাটার নিয় হতে ক্য়ে নাম ধারণ করেছে। বর্ধার সময় গাঁওতাল পরগণার পূর্বাংশে ও বীরভূম জেলার সদর মহকুমার অধিকাংশ জায়গার রষ্টির জল এই নদী দিয়ে প্রবাহিত হচ্ছে। উপরস্ত ময়ৢরাক্ষীর সাউথ মেন ক্যানেলের উব্ভ জল উক্ত নদীতে এবং অববাহিকা অঞ্চলে পড়ছে, তহুপরি উক্ত নদীর মোহনা মজে গিয়েছে। এটা সংস্লারের জন্ম এপর্যন্ত কোন ব্যবহা করা হল না। ক্য়ে নদীর মোহনা এটা সংস্লার করলে ঐ এলাকার প্রচুর জমি উদ্ধার করা সন্তব। সংস্লারের নামে ষে টাকা sanction করা হয়েছে তা' অভি সামান্ত। এই বংগরই মোহনা সংস্লার কাথে থরচ করা উচিত ছিল। কিন্তু তা' না করে সমন্ত কাজকে তারা বিলম্বিত করছেন। সেইজন্ত আমার দাবী হল—৫॥০ টাকার মধ্যে ক্যানেল কর ধার্য করতে হবে। বকেয়া ক্যানেল কর মকুব করতে হবে। থামথেয়ালীর মত টেট তৈরী করে জল না পাওয়া সজেও যেসমত জমির উপর কর ধার্য করা হয়েছে, তা' বাভিল করতে হবে। জোর-জূলুম করে ক্যানেল কর আদায় বন্ধ করতে হবে। প্রত্যেকিট সাটিফিকেটের মামলা প্রত্যাহার করতে হবে। বতাবিধ্বত এলাকার ক্যানেল কর মকুব করতে হবে।

আমি আশা করি মাননীয় মগ্রী মহাশয় এগুলির প্রতি বিশেষ দৃষ্টি দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sishuram Mandal: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় আজ সেচ থাতে যে বায় বরাদের দাবী করেছেন আমি সেই দাবী সমর্থন করছি। বার্ডা জেলার সেচব্যুব্ছা নির্ভর করে বাধ পুকুর এবং জলাশন্ত্রে উপর। এই বাধ পুকুর বহুদিন ধরে পদোর না হওয়ার ফলে দেচের অনেক অস্থবিধা হয়। ফলে Tank Improvementএর মাধ্যমে পুকুর প্রভৃত্তির উদ্ধার করে দেচের উন্নতিসাধন করছে কিন্তু এখন ইষ্টিপাতের পরিমাণ অনেক কমে গেছে ভাছাড়া জমিদারী প্রথা উচ্ছেদের ফলে বাধপুকুরের মালিক যারা তার। উৎথাত হয়ে যাবার ফলে বাধপুকুরের উপর আর জলসেচের জন্তু নিউর করা চলে না। এজন্তু সরকার থেকে যে বৃহহ সেচপরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা থেকে বারুড়া জেলা কিছু স্থযোগ স্থবিধা পেয়েছে। দামোদর পরিকল্পনায় হুর্গাপুরে যে ব্যারাজ হয়েছে সেই জলাধার পেকে Right Bank Main Canal দিয়ে যে জল আসছে তাতে সোনামুখী থানা এবং পাত্রসায়ের থানার প্রায় ৭ হাজার একর জমিতে জলসেচের ব্যব্ছা হয়েছে। তবে একটা কথা বলতে পারি, দামোদর সেচ-পরিকল্পনা থেকে যেসমন্ত জমি জল পেতে পারে সেইসমন্ত জমি জল যাতে নিশ্চিতভাবে পেতে পারে সে ব্যব্ছার প্রয়োজন। কেননা সময়ে যদি জল না পাওয়াত্রায় তাহলে সেচের স্থেবাগ ই হয়ে যেতে পারে, সময়ে জল না পাবার জন্ত অনেক সময় যে ফলল হতে পারত তা' সম্ভব হয় না—সেজন্ত এদিকে সেচ বিভাগের দৃষ্টি আবর্ষণ করছি।

٢

আর একটা জিনিস দামোদর পরিকরনায় পাত্রসায়ের থানায় বোধাই থালের মধ্য দিয়ে বহু জমিতে সেচ হত কিন্তু সেই বোধাই থাল মজে যাওয়ায় সেটা সন্তব হচ্ছে না। সেটার সংক্ষার করা দরকার। আর গুভঙ্কর দাঁড়ার কতকটা অংশ পুনরুদ্ধার করে যদি সেটা যোগাযোগ করা যায় ভাহলে পাত্রসায়ের থানার আরও বেশী জমিতে জল যেতে পারে। আমি দামোদর কর্তৃপক্ষের সংগে এ নিয়ে কথা বলেছি, তারা বলেন এখন কোন Scheme ভারা নিতে পারবেন না, এটা West Bengalকেই করতে হবে। সেজ্ঞ সরকারের দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। আশা করি এবিয়য়ের প্রতি বিশেষভাবে নজর দিয়ে এই থালের সংস্কারের ব্যবস্থা করে জল-সেচের ব্যবস্থা ত্রাবিজ করে দেবেন।

[5-50—6 p.m.]

আর একটা কথা, বাকুড়া জেলায় কাঁগাই পরিকল্পনা যদি তৈরী হয় ভাহলে বাকুড়া জেলার প্রায় ও লক্ষ একর জনি জল পাবে। কিন্তু এই পরিকল্পনা কার্যকরী হতে, সমাপ্ত হতে ৮ বংসর সময় লাগবে এটা সরকারী হিসাবেই জানা যায়। এটার যদি স্কণ্ঠভাবে কাজ চলে তাহলে এই জিনিস হতে পারে। কিন্তু যতদিন পর্যন্ত কংসাবতী embankment areaর শেষ না হচ্ছে, – যা হতে আবো ৮।১০ বংসর লাগবে—ভতদিন পর্যন্ত প্রয়োজনীয় সেচের জন্ম অন্তরকম বাবস্থা করা দরকার। শুনেছি কংসাবতী জলাধার শালাবতী নদীতে বাধ দিয়ে অল সময়ের মধ্যে অনেক ছমিতে জল দেবার ব্যবস্থা হবে। এটা যদি হয় তাহলে ভাল হবে। তাহলেও ৮।১০ বংসর বসে পাকা যায় না। এর মধ্যে দেখতে পাচ্ছি বড় সেচ-পরিকলনার মধ্যে দিয়ে ৩ লক্ষ ৬০ হাজার একর জমিতে **জল পাবে**। কিন্ধ বাঁকুড়া জেলায় ১০ লক্ষ একর চাষের জমি রয়েছে। আবো বহু জমিতে চাষের জন্ম জল দেচের ব্যবস্থা করা দরকার। সাধারণত: বাঁকুড়া জেলার জমি হচ্ছে চেউ থেলান জমি, কোধাও উঁচু কোথাও নীচ। বিহারের মত জমি। সেইজন্ম বহু জমিতে সেচের ব্যবস্থা করতে হবে। সেই ব্যবস্থা কি কি ভাবে হতে পারে দেগুলি দেচ-বিভাগকে বিশেষ করে দেখতে হবে। কেননা pump machineএ সেচের ব্যবস্থা থব অনিশ্চিত হয়ে গেল। Tank improvement র জন্ম অভিবিক্ত বরাদ্ধ নিতে হবে। তাছাড়া আর একটা নতন সংকট বাকড়া জেলায় দেখা গিয়েছে. সেটা হচ্ছে বন বিভাগ তাদের জংগল সংবক্ষণের জন্ম, জংগলের উন্নতির জন্ম জংগলের চার দিকে পরিখা খনন করে দেওয়া হয়েছে চার ফুট করে। এর ফলে উচুজায়গা থেকে জল এসে পরিথায় পড়ে এবং স্বভাবত পরিথার শেষ দিক দিয়ে সেই জল নিকাশ হয়ে যায়। এর ফলে দেখছি বহু জমিতে বর্ষার সময় আবাদ হোত কারণ উচ্ জায়গা থেকে জল গড়িয়ে জমিতে এসে প্ততো, এখন সেই জল পরিখার মধ্যে এসে পডায় এইদৰ জমিতে দেচ ব্যবস্থা ক্ষুগ্ন হচ্ছে। এবং যার ফলে বাঁকুড়া জেলায় বহু জমি অনাবাদী রয়ে গিয়েছে। এবিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে যিনি ক্লষিমন্ত্রী ভিনি অবশ্র বলেছেন যে ভদ্ত করা হবে। এবং সেচ বিভাগের কর্তৃপক্ষদের ও নিয়ে একটা কমিট করা হবে। অবশু পরিথাষা খনন করা হয়েছে তা বুজিয়ে দেওয়া যাবে না কিন্তু কমিটি তদক্ত করে কি ব্যবস্থা করেন তা দেথবার আছে। যদি এর স্বস্থ ব্যবস্থা না হয় ভাহলে স্বভাবতই সেচ ব্যবস্থা কুল হবে। তাছাতা আমাদের বাঁকুড়াজেলার একটা অংশ, উত্তর-পশ্চিম অঞ্চলে হিন্দপুর মেদিয়া এইসব জায়গা প্রধাণতঃ বড় বড় পরিকল্পনার কোন হ্রােগ হ্রবিধা পায় না স্কুতরাং এই অঞ্চলের লোকদের বৃষ্টিপাতের উপরেই নির্ভর করে থাকতে হয়। এইসব অঞ্চলে যদি ভালভাবে সেচের ব্যবস্থা না করা হয় ভাহলে এখানে যে ২০০ বংশর থাগাভাব দেখা দিয়েছে সেই থাগাভাব আরো ভীব হয়ে উঠবে। সেইজন্ত আমি সরকারকে অন্ধুরোধ করবো যে এইরকম জায়গায় lift irrigationর বাবস্থা করা যায় কি না সেটা দেখতে হবে। এখানে lift irrigation করতে গেলে বড় diameterর করতে হবে। কিন্তু deep tube well এখানে সফল হয়নি কারণ নীচে পার্থর থাকার জন্ম।

সেখানে যদি বিহ্যাতের সাহায়ে lift irrigation করা যায় তাহলে আমার মনে হয় এই সমস্তার সমাধান হতে পারে। প্রশ্ন হতে পারে বিহ্যাৎ কোণা থেকে সরবরাহ হবে। হুর্গাপুর thermal electric plant থেকে আমাদের এলাকায় বিহ্যাৎ সরবরাহ হতে পারে। একটা thermal plant হয়ে গিয়েছে, এবং তার power বাড়াবার জন্ত আমারেকটা plant constructed হছে। এখন দরকার জায়গা নির্বাচন করা। Lift irrigationএর জন্ত যে suggestion এখানে উপস্থিত করা হয়েছে ভা আমি সমর্থন করি। তারপর, deep tube well করবার যে experiment করা হয়েছিল ভা দেখা গিয়েছে সফল হয়নি। আমি মনে করি সভায় বিহ্যান্ডের সাহায়্য পেলে ভা দিয়ে irrigationএর বেশী সন্তাবনা আছে।

Application from women processionists for employment, education, etc.

Shri Jyoti Basu: ডেপুটি স্পীকার মহাশয়, একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—অনেক মহিলা এসেছেন, তারা একটা দরখাও মৃথ্যমন্ত্রীকে দিতে চাছেন স্পীকারের মাধ্যমে এবং এর মধ্যে অনেক কিছু লেখা আছে। আসল কথা হল, মেয়েরাও আজকাল কজিরোজগার করতে এগিয়ে আসছে, technical শিক্ষার ব্যাপারে তারা এই দরখান্ত করছে। এই জিনিস আমাদের দেশে হয় না। মেয়েরা আজকাল চাকরীও করতে চায় কিন্তু পায়না—এটা খ্ব গুরুত্বপূর্ণ।

Mr. Deputy Speaker: এकটা resolution किन।

Shri Jyoti Basu: আপনার কাছে একটা অন্থরোধ আছে – ১৪৮ ধার। আমাদের দেশে যেন একটা permanent ব্যবস্থা হয়ে গেল—এখানে ধারে কাছে কেউ আসতে পারবে না। আপনি কি মনে করেন কোন বিপদ আছে যদি কারা কেউ কেউ এখানে এসে লনে বসেন ?

Mr. Deputy Speaker: Mr. Speaker এলে তাঁকে বলবেন।

Shri Jatindra Chandra Chakravorty: শ্রীমতি পূরবী মুখার্জী এবং শ্রীমতি মায়। ব্যানার্জী তো তাঁদের দঙ্গে গিয়ে দেখা করতে পারেন।

Shrimati Manikuntala Sen: ডেপুটি ম্পীকার মহাশয়, ৪০ হাজার ৭০০ জনের স্বাক্ষরযুক্ত একটি petition আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে উপস্থিত করতে চাই—এই দরখান্ত আপনি দয়। করে মুখ্যমন্ত্রীকে দেবেন। আমি আশাকরি এই হাউস থেকে সমন্ত দলের প্রতিনিধিস্থানীয় ব্যক্তিরা মেয়েদের সঙ্গে দেখা করবেন। তাদের তো এখানে আসতে দেওয়া হল না। সকলের কাছে আমার আবেদন, প্রতিনিধিস্থানীয় ব্যক্তির। ওঁদের কাছে যান এবং তাঁদের কিক্তব্যু বলে আফুন।

Shri Hemanta Kumar Basu: আমি অনুরোধ জানাচ্ছি মেয়েদের এথানে এসে তাঁদের বক্তব্য বলতে অনুমতি দেওয়াশহোক।

Mr. Deputy Speaker: আমি তো বলেছি Speakerকে বলবেন।

ſ

Demand for Grant No. 11

[6—6-10 p.m.]

Shri Phakir Chandra Ray: মাং ডেপুটি স্পীকার মহাশ্য, বেখানে canal irrigation প্রচলিত village channel সেথানে একটা প্রকাণ্ড সমন্তা। আমরা জানি ষে বর্ধমান জেলায় যথন লোকে দামোদর ক্যানেল ও ইডেন ক্যানেল এই ছটো ক্যানেলের জল চাষের কাজের জন্ত গ্রাম থেকে গ্রামান্তরে নিয়ে যাবার জন্ত ক্ষিবিভাগের কাছে যেভ তথন তাদের বলা হত village channel হবে, চাষীদের জমি ছেডে দিতে হবে। এখন দেখা যাচছে village channelএর উপযুক্ত ব্যবহা না থাকার দরুল জলের পূর্ণ ব্যবহার হতে পারছে না। মাং সেচমন্ত্রী তাঁর বক্তভায় বলেছেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রামাঞ্চলে চ্যানেলের ব্যবহা হবে। আপনার মাধ্যমে আমি তাঁকে অন্ধরোধ জানাদ্ধি, তিনি পরিকার বলে দিন যদি দরকার হয় সরকার জমি রবেন্নাহে জে দিতে রাজী আছে, কিস্কু তাদের অর্থবল নাই, কাজেই চ্যানেল হয়েন। এতদিন চাষীরা অন্ধবিধা ভোগ করেছে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় village channel হলে তাদের অন্ধবিধা ঢুর হবে কিনা তিনি পরিদার করে বলে দিন।

আর একটা কথা হচ্ছে, আমাদের জল সরবরাহ করেন সেচ বিভাগ এবং কর আদায় করেন রাজম্ব বিভাগ; জল দেবেন ডি. ভি. সি., তার ম্যানেজ্যেণ্ট করবেন পশ্চিমবঙ্গ সরকারের ইরিগেশান ডিপাট্যেণ্ট। দামোদরের সেচের জন্ত যে ক্যানেল তা দেখাগুলা করবেন পশ্চিমবঙ্গ সরকার, কিন্তু নেভিগেশান ক্যানেল যেটা সেটা ডি. ভি. সি.-র হাতে থাকবে। আমাদের পশ্চিমবঙ্গ হাড়া অন্ত রাষ্ট্র পায়। অথচ ডি. ভি. সি.-র হেড অফিস পশ্চিমবঙ্গ থেকে মাইথনে চলে যাবে। ডি. ভি. সি.-র কর্মচারীর temporary বা permanent এর মধ্যে অবিকাংশই পশ্চিমবাংলার লোক ছিল। কিন্তু গত ক্ষেক বংসর ধরে দেখা যাছে কি technical hand কি clerical staff এর মধ্যে পশ্চিমবঙ্গের লোককে ধীরে ধীরে ছাড়িয়ে দেওয়া হছে। পশ্চিমবঙ্গ সরকার যেথানে ডি. ভি. সি-তে বেনা টাকা দিছে সেথানে ডি. ভি. সি.-র পরিচালনায় পশ্চিমবঙ্গের বেনা হাত থাকা দরকার। এ বিষয়ে বিধানসভায় সর্বসন্মতিক্রমে একটা প্রস্তাবন্ত গৃহীত হয়, কিন্তু তার ফল কি হল সেটা যেন সেচমন্ত্রী মহাশম জানান।

Shri Tarapada Dey: মাননীয় ডেপুটা স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় প্রতিবংসর একটা বিরাট তথ্য দিয়ে বলেন যে তার বিরুদ্ধে আমাদের সমালোচনা কিছু করার নেই। সেচমন্ত্রী মহাশয়ের এসব বলা সত্ত্বে আমতা দেখছি যে প্রতিবংসর হাওড়া জেলায় বলা নেবে আসছে এবং অজনা হাওড়া জেলায় কোন মঙ্গলসাধন করেনি বরং হুর্ভাগ্য এনে দিয়েছে। মন্ত্রীমহাশয় বলেছিলেন যে এর প্রতিকার তিনি করবেন, কিন্তু হুংথের বিষয় তিনি কিছুই করেননি। দামোদরের গতি বন্ধ হয়ে যাবার কথা যথন তাকে বলেছিলাম তথন তিনি বলেছিলেন যে প্রাকৃতিক নিয়মে বন্ধ হয়েছে। আমরা বলেছিলাম যে প্রকৃতি যদি দায়ী হয়ে থাকে তাহলে নিম্ন দামোদর অঞ্চলে লক্ষ লক্ষ বিঘা যে জমি আছে তারজন্ত কেন কোন ব্যবস্থা গ্রহণ করা হল না। সেথানে বন্ধা হবার পর একটা এনকোয়ারী করেছিলেন, কিন্তু সেই এনকোয়ারীর পর বন্ধার হাত থেকে হাওড়া জেলাকে কিন্ডাবে বিচান যাবে তা আজ্ব পর্যস্ত আমাদের জানানি।

[6-10-6-20 p.m.]

ভারপর হাওড়াক্ষেলাযদিও ঘাটতি অঞ্চল কিন্ত বিভিন্ন অঞ্চলে যদি পরিকল্পনাগ্রহণ করা হয় তাহলে এই অঞ্চলের ঘাটতি কমতে পারে। অবগু তাদের প্রধান বেটা অঞ্চল সেট। হোল নিয় দামোদর অঞ্চল কিন্তু কেঁতুহা অঞ্চল এবং হাওড়া ডেনেজ অঞ্চলগুলো যদি ভাল করে কেটে দেওয়া ষায় ভাহলে অনেক বেশী ফদল হতে পারে এবং যার দারা এই হাওড়। জেলার ঘাটতি অনেক পরিমাণে কমতে পারে। তারণর আপনাদের এই ১৩ বছরের রাজত্বে যদিও বা কেঁচুয়া পরিকল্পনা গ্রহণ করণেন কিন্তু তাও দেথছি আবার আধাআধিভাবে - আমরা যা' চেয়েছিলাম তা করা হয়নি। ভার নিম্ন দামোদরের কথা বলতে পারি যে এতে হাওডা জেলার অধিক অংশ পড়ে অথচ তিনি যদিও কাজের অনেক ফিরিন্ডি দিলেন কিন্তু সেই নিয় দামোদর পরিকল্পনা সম্বন্ধে কোন কথার উল্লেখ করলেন না। তারপর রাজাপুর ডেুনেজের কথা যদি বলা যায় তাহলে দেখবেন যে সেখানে কোন পরিকল্পনা নেই মথচ ঐ রাজাপুর ডেুনেজে হুগলী জেলার প্রাচুর জল এসে পড়ে যা রাজাপুর ড্রেনেজ গ্রহণ করতে পারে না। অবশ্য এরা যদিও বলছেন যে, সরস্বতী পরিকল্পনা গ্রহণ করা হবে এবং তারপর রাজাপুরকে রক্ষা করা হবে, কিন্তু আমরা দেখছি যে, সরস্থতী পরিকল্পনার কোন কথা এবং রাজাপুর ডেনেজ সংস্কার করে তাকে ভালভাবে রক্ষা করার ব্যবস্থা তো হোলই না উপরস্ক রাজাপুর ডেনেজ যেখানে তার নিজের জলই বহন করতে পারে না সেখানে আবার তার মধ্যে ডি. ভি. সি.-র থাল থেকে জল এনে ছেড়ে দেওয়া হোল। তারপর হাওড়া ড্রেনেজ সম্বন্ধে বলতে গিয়ে এ কথাই বলব যে, এ সম্বন্ধে আমি প্রতি বছরেই বলি কিন্তু মন্ত্রীমহাশয় তার কোন উত্তর দেন না। কিন্তু আমি এটা কিছুতেই বুঝতে পারছিনাযে একজন দায়িত্বনিল মন্ত্রী হয়ে কি করে ভিনি এই এতবড় একটা অপরাধের প্রতিকার না করে সেটা সহু করে যাছেন ? স্থার, হাওড়া ডেনেজের অবস্থা অত্যস্ত থারাপ এবং সেই কারণে ১৯৫৩ সালে যথন মিউনিসিপ্যালিটির জল সেথানে ফেলে দেওয়া হয় তথন আমরা তার প্রতিবাদ করি এবং তথন সরকার থেকে। প্রতিশ্রুতি দেওয়া হয় যে এই জল পরিষ্কার করা হবে এবং যাতে হাওড়া ডেনেজের কোন ক্ষতি না হয় তার ব্যবস্থা করা ছবে। কিন্তু তা করার ফলে কোনা অঞ্চল উচু হয়ে গেছে এবং তার ফলে তার পেছনের দিকে বালি ধানার অন্তর্গত ২টি ইউনিয়ন-অর্থাৎ বালি ইউনিয়ন এবং জগদীশপুর ইউনিয়ন ঐ জলে ভতি হয়ে থ কে। আমার মনে হয় এ ঘটনা অনেক মাননীয় সদস্ভেরাই জানেন, তবে যদি না জানেন তাহলে একবার গিয়ে দেখে আহন যে এখনও সেখানে জল রয়েছে। অথচ আশ্চর্যের বিষয় যে যাতে করে এর প্রতিকার করা যায় দে সম্বন্ধে কোন কথা বলেন নি বা বার বার এ সম্বন্ধে প্রশ্ন করা সত্তেও কিছ বলেন নি। তবে আমার মনে হয় অন্ততঃ বালি থেকে আরম্ভ করে যদি সেই ডেনেজ ভাল করে কাটা যায় তাহলে হয়ত আংশিকভাবে এই সমস্তার সমাধান হতে পারে এবং সমস্ত সমস্তার সমাধান করতে গেলে হাওড়ার জলের জন্ম অন্য জায়গার ব্যবস্থা করতে হবে। অবশ্র এতে আমি একথা বলছি না যে হাওড়া ড্ৰেনেজ বন্ধ করে দিন—আমি বলছি যে একটা পরিকল্পনা নিয়ে যাতে হাওড়া মিউনিসিপ্যালিটির জল অন্ত জায়গায় যেতে পারে তার ব্যবস্থা করুন। তবে অত্যন্ত হৃংথের বিষয় যে মন্বীমহাশয় এ খবরটি আমাকে দিতে পারেন নি যে, হাওড়া ইমপ্রভ্যেণ্ট ট্রাষ্ট এই জল অন্ত জারগায় নিয়ে গিয়ে ফেশবার বাবস্থা করেছে কিনা। কাজেই যদি এইসব কথার উত্তর দেন, তাহলে আমরা খদী হব। তারণর মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এবারে আমি দেচমন্ত্রীর বিরুদ্ধে স্থার একটা গুরুত্ব অভিষোগ আনছি এবং তা হোল বাজেটের লাল বইর ২৮৬-২৮৮ পাতা যদি খোলেন ভাহলে একটা অন্তত জ্বিনিষ দেখানে দেখবেন ধে পশ্চিমবাংলায় যত সেচ স্তীম গ্রহণ করা হয়েছে সেখানে ভার একটা ভালিকা দেওয়া হয়েছে।

নেই তালিকার মধ্যে অনেকগুলি জায়গার কোন ঠিকানা দেওয়া নেই। আমার মনে হয়

T

সেগুলির ঠিকানা দেওয়া উচিত। যেগুলির ঠিকানা দেওয়া আছে তার মধ্যে দেখা ষায় ছাওড়া জেলায় মাত্র ১॥ থানা স্কীম—কেঁহুয়া স্কীম আছে, আর বাকি ১৯ থানা স্কীম আছে মেদিনীপুর জেলার। সঙ্গে সঙ্গে দেখানে কংসাবতী পরিকল্পনা আছে এবং তারজন্ত ১ কোটি ৬৪ লক্ষ্ণ টাকা থরচ ছবে। মেদিনীপুর জেলার উন্নতি হোক, ছাওড়া জেলার উন্নতি হোক, অন্তান্ত জেলার উন্নতি হোক এটা আমরা চাই। কিন্তু মন্ত্রীমহাশয়ের তাঁর নিজের অংশের এবং বন্ধু রজনীবাবুর ত্রটো কন্ষ্টিটিউয়েস্পীতে বেশী করে স্কীম গ্রহণ করা হয়েছে। এই যদি হয়, তাহলে সরকারী অর্থের অপব্যবহার করার কোন অধিকার এনের বেই! মেদিনীপুরের আমি অধিবাসী নই কিন্তু যা শুনেছি, তাতে এর এনকোয়ারী করা উচিত এবং এনকোয়ারী করে সাজা দেওয়া উচিত। এগুলি চোরাকারবারী ছাড়া আর কিছু নয়। একবাব পণ্ডিত জহরলাল নেহক্ন বলেছিলেন—চোরাকারবারীদের ল্যাম্প পোস্টে ঝুলিয়ে গুলি করা হবে। সোভাগ্যের বিষয় পণ্ডিত নেহক্র বদলে গেছেন, ভূলে গেছেন সেই সমন্ত কথা, তা না হলে অজয়বাবুকে রাস্তায় দাঁড করিয়ে গুলি করার ব্যবস্থা করা হত।

Shri Bijoy Krishna Modak: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, সেচথাতে ব্যয়বরাদ্দের আলোচনার সময় প্রথমে একটা জিনিষের প্রতি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে. দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে বায়বরাদ হয়েছিল সেই পুরো খবচটা তাঁরা করতে পারেন নি। এটার কারণ কি ৪ বায়বরাদ যা স্বীকৃত হয় সেই থরচটা না করার কারণ কি ৪ দিতীয় কথা আমি বলতে চাই, এটা লক্ষ্য করা গেছে যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেচথাতে এবং ক্লবিখাতে এই জটো মিলিয়ে অস্ততঃ ৬০ কোটি টাকা থবচ করা হবে। তার মধ্যে ক্রবিথাতে মাইনর ইরিগেসান স্থীমে ৪০ কোটি টাক। বোধ হয় থবচ করা হবে। আমবা চিরকাল একথা বলে আসছি যে বৃহৎ পরিকল্পনার সাথে ক্ষদ্র সেচ পরিকল্পনা ইন্টিগ্রেটেড হওয়া উচিত এবং এবাবে তৃতীয় পরিকল্পনায় এটা শীকৃত হয়েছে ৷ এটা লক্ষ্য করবার বিষয় যে ক্লমিখাতে ৩ হাজার ডিপ টিউবওয়েলের জন্ম ইলেকটি ক পাওয়ারের জন্ম কিনা জানি না ২৬ কোটি টাকা বরাদ হয়েছে এবং লিফ ট ইরিগেসানের জন্ম ৮ কোটি টাক। বরাদ্দ হয়েছে। এটা খুব স্থাথের বিষয় যে এই হুটো পরিকল্পনার উপর বিশেষ জোর দেওয়া ছয়েছে। কিন্তু এই ডিপ টিউবওয়েলগুলির ব্যবস্থা কোপায় হবে সে সম্পর্কে ভাহলে বলা উচিত ছিল এবং দুটো বিভাগ একত্রিত হয়ে এইসব আলোচনা করা উচিত ছিল। বৃহৎ প্রিকল্পনা যেসব অঞ্চলে আছে যেমন তুগুলী জেলার কথা বলতে পারি, বলাগড় এবং আরামবাগ রহৎ পরিকলনার ধারা ক্ষতিগ্রস্ত হচ্ছে, দেখানে তার সঙ্গে ক্ষুদ্র পরিকল্পনা এক্ত্রিত হওয়া উচিত। সেদিক থেকে আমি বিশেষ করে বলতে চাই যে বৃহৎ পরিকল্পনা হওয়ার ফলে হুগলী জেলার খানাকুল, আরামবাগ এবং বলাগড ক্ষতিগ্ৰস্ত হচ্ছে আর মহাতা জায়গা উপকৃত হচ্ছে। মেদিনীপুরে কংসাবতী প্রোজেক্টের বারা ৰত অঞ্চল উপকৃত হবে কিন্তু মেদিনীপুরের গডবেত। অঞ্চল, এমনসব অঞ্চল আছে যেগুলি পরিকল্পনার বহিভুত অঞ্চল হবে। এইদৰ জানগায় ডিপ টিউবওয়েল, লিফ্ট ইরিগেদান প্রভৃতি ক্ষুদ্র পরিকল্পনার যাতে বাবস্থা হয় সেদিকে এই বিভাগকে নজর দিতে হবে। এথানে একটা কথা বলতে চাই, ডিপ টিউবওয়েল বেসৰ জায়গায় হচ্ছে ভার ওয়াটার রেট কি হবে—থরচ কি হবে এইসৰ বিষয়ে মন্ত্রীমহাশয় আলোচন। করে দেখবেন। আমাদের রাইটার্স বিল্ডিং-এর নাম করা ইঞ্জিনিয়ার মিঃ মণ্ডল তিনি বললেন — ইলেকটি ক পাওয়ার না হলে ডিপ টিউবওয়েল যেসব জায়গায় হচ্ছে সেখানে ওয়াটার রেট রেকারিং খরচ নিয়ে ২৩ থেকে ২৪ টাকা পড়বে। ইলেক্ট্রক পাওয়াব হলে ১১/১২ টাকা পড়বে। ডিপ টিউবওয়েল করতে গেলে ইলেক্ট্রক পাওয়ার দেওয়া দরকার। বাঁকুড়া জেলার একজন সদস্ত বললেন—ইলেক্টি ক পাওয়ার না হলে ডিপ টিউবওয়েলের খরচ অভ্যস্ত কন্টলি।

[6-20-6-30 p.m.]

আপুনি জানেন বলাগড় অঞ্চলে ছুটো স্কীম উত্তর বেছলা, নিমু বেছলা করা হয়েছে। দেখানে

আগে জলদেচের ব্যবস্থা ছিল কিন্তু এর দারা দেটা ব্যাহত হয়েছে। এইদ্ব জারগায় ইলেকট্রক সাপ্লাই সরবরাহ করা এবং ক্ষুদ্র সেচ পরিকল্পনা করা অভ্যস্ত প্রয়োজন। আমি একটা থবর দিচ্ছি ষে একটা ডিপ টিউবওয়েল বসাবার কথা হয়েছিল ত্বছর আগে এবং এখানে ব্লকে যথন মিটিং হল তথন মিটিং-এ ঠিক হল কোথায় বদানো হবে কিন্তু তু'বছর কেটে গেছে, এখনও পর্যস্ত সেই ডিপ টিউবওয়েল বদেনি। দেখানে ডিপ টিউবওয়েলের সংগে সংগে যদি ইলেকট্রিক পাওয়ার না ষায় তাহলে চাষীরা ক্ষতিগ্রন্ত হতে পারে। আর একটা কথা বলছি—রুহৎ পরিকল্পনা ষেস্ব জারগায় করা হয়েছে তুগলী জেলায় আরামবাগ এবং বলাগড বাদ দিয়ে বাকী দব অঞ্চলে দামোদরের জল ১৯৫৮ সালে দেওয়া হয়েছে। কিন্তু ১৯৫৯ সালের ১০ই ডিসেম্বরের গেজেটে আপনারা নোটফাই করেছেন যে ১৯৫৮ সালের জন্ত ওয়াটার-রেট দিতে হবে এবং তথন আপনার নোটিফাই করে বলেছিলেন---যাদের যাদের জমিতে জল গেছে কি যায়নি তাদের অবজেকমন দেবার জন্ম নোট-ফিকেশন দিয়েছিলেন কিন্তু আমরা যতথানি জানি, গরীব চাষী যতথানি জানে ১৯৬০ সালে আবার আপনারা গেজেটে নোটিফাই করেছেন যে দেসব জায়গায় চাষীদের যেসব আপত্তি ছিল তার শুনানী হয়ে গেছে, তার পরবর্তীকালের খাজনা দিতে হবে—:১৫৮ এবং ১১৫৯ সালের খাজনা, ওয়াটার রেট দিতে হবে। আমার বক্তব্য, গ্রামাঞ্চলে এত তাডাতাডি করে বিনা প্রচার করে এইভাবে ওয়াটার রেট চালু করা উচিত নয় এবং সেসব জায়গায় পুনর্বার তাদের স্থায়াগ দেওয়া উচিত যাতে করে তারা তাদের প্রতিবাদ এবং বক্তব্য জানাতে পারে। আর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে ভগলী জেলার মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে গংগার চারিপাশের যে সহরগুলি রয়েছে এদিকে ভগলী জেলার দিকে গংগার পাড ভাঙ্গার ফলে ত্রিবেণী অঞ্চল থেকে উত্তরপাডা পর্যন্ত প্রত্যেক সহর প্রতি বছর ডেঙ্গে চলেছে এটা কাগজে দেখেছেন এবং আমার কাছে খবর রয়েছে চূচড়ার একটা সভক, চন্দ্ৰনগৱের রাস্তাঘাট, শ্মশানঘাট, এবং বাড়ী পর্যন্ত নদীর ভাঙ্গনে পড়ে গেছে, ভলিয়ে যাওয়ার অবস্থা হয়েছে। শ্রীরামপুরের শ্মশানঘাটের সেই অবস্থা কলেজের দামনে, পলিটেকনিক স্কুলের দামনে দেই অবস্থা, রিষ্টার সেই অবস্থা। সেথানকার মিউনিসিপ্যালিটগুলিতে সেথানকার জনসাধারণ বারবার করে ৫ বছর ধরে প্রতিবাদ জানাচ্ছে, প্রতিকারের জন্ম লিখছে। এই য়াসেম্বলী হাউসে অনেকবার করে বলা হয়েছে এবং মন্ত্রী মহাশয় অনেকবার জবাবও দিয়েছেন যে কেন্দ্রীয় সরকারকে লেখা হয়েছে. কখনও বলেছেন প্লান সাবমিট করা হয়েছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেখলাম যে কিছ কিছ জায়গান্ব মেরামতের জন্ম থরচ দেওয়া হয়েছে। বিষ্ঠা, শ্রীরামপুর এবং চুচ্চার একটা জায়গায় সেই টাকা বরাদ করা হয়েছে কিন্তু চন্দ্রনগর সম্বন্ধে আমি গতবার বলেছিলাম-চন্দ্রনগর সম্পর্কে ষা কমিশনের রিপোর্ট, ওয়ান ম্যান কমিশন যেটা রেকমেও করেছেন সেথানকার সমস্ত ক্ষলগুলি যে ক্ষয়ে যাচ্চে দেগুলি রক্ষা করার ব্যবস্থা করা হবে কিন্তু আশ্চর্যের কথা শ্রীরামপুর এবং রিষড়া সম্পর্কে টাকা বরান্দ হয়েছে অথচ চন্দননগর যার সম্পর্কে কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুত ছিলেন সেটা কিরকম করে বাদ গেল, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এর জবাব দেবেন।

সর্বশেষে এই কথা বলতে চাই ষেখানে রহৎ পরিকল্পনা নেওয়া হয়েছে, সেখানে নানারকম সমস্তা দেখা দিয়েছে, আমি কয়েকটা ঘটনার কথা এখানে বলছি। আপনি জানেন ভদ্রেখরের কাছ দিয়ে বে জলনিকাশা বাবস্থা আছে, ন'পাড়া গেট, সেখানে লক্ গেট আছে, ধনেথালির জল ও পাঙ্মার জল সেখানে ধখন আসে ১৯৫৯ সালের বস্তার সময়, তখন সেই ন'পাড়া গেলে এক হাজার লোক জোর করে গেট খুলে দিতে চাইলো। সমস্ত জায়গাটা তখন ওয়াটার লগ্ ভ্ হয়ে যাচ্ছিল, চাব নই হয়ে বাচ্ছিল। ফলে তাদের বিক্রম্ভ কেস হয়। প্রত্যেক বছর ষথন জল হয়, তখন রেল লাইন ক্লা করবার জন্ত লক্ গেট করভে হয় এবং তার জন্ত গোলমালও হয়। এর যদি একটা প্রতিকার চিরকালের মত করতে হয়, তাহলে সেখানে একটা পুলিশ আউট-পোট রাখতে হবে। আশা করি মন্ত্রী মহাশয় এর একটা ব্যক্ষা করবেন। এই হচ্ছে আমার বক্তব্য।

Shri Narendra Nath Sen: মাননীয় স্পীকার মহাশয়, সেচমন্ত্রী মহাশয় Irrigation খাতে বে ব্যয় বরাদ্দ দাবী করেছেন, সেটা আমি সমর্থন করি এবং এই প্রসংগে কলকাভার দক্ষিণাঞ্চলের বছদিনকার একটা অভিযোগের বিষয় বর্ণনা করতে চাই।

ভার, আদিগগোর সংস্কারের কথা অনেকবার এখানে বলেছি। কলকাভার এই আদিগগো সংস্কার না হলে, বেভাবে তা'বুজে বাচ্ছে, ভাতে কলকাভার দক্ষিণাঞ্চলের বৃষ্টির জল নিকাশের কোন সম্ভাবনা নাই। এই প্রসংগে আমি কয়েকটা বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করতে চাই। একটা হচ্ছে কালিঘাটের শাশান ঘাটে যারা শবদাহ করতে যায়, ভাদের হ্রবস্থার কথা জানাতে চাই। এখানে গংগায় পলি মাটা পড়তে পড়তে শাশানঘাটের কাছে যে সানের ঘাট আছে, তা' একেবারে বন্ধ হয়ে গেছে। ভার ফলে যদি কাউকে শবদাহ করে ও শবদাহের পূর্বে যদি গংগার জল আনতে হয় এবং শবদাহের পরে স্লান করতে যেতে হয়, ভাহলে এক ইাটু কাদা ভেঙ্কে ভবে যেতে হবে।

তারপর চেতলায় যে কাঠের পূল আছে, তার উত্তর দিকে অনেক দূর হেঁটে গিয়ে জলে নামতে হয়। এটা অচীরে দংকার হওয়া দরকার। ঠিক সেই ঘাটের পাশে যে জায়গায় মাটী জমে গেছে, দেখানে মলমূত্র ভাগা করে এত ছগল্পময় করে রাখা হয় যে সেখানে এক মূহুর্ভও দাঁড়াবার সাধ্য খাকে না। এ-বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এটা যদি অবিলম্বে দ্ব করার ব্যবস্থা করা না হয়, তবে যায়। এখানে শবদাহ করতে যাবে, তাদের পক্ষে তা অসম্ভব হয়ে পড়বে।

এই আদিগংগা খিদিরপুর অঞ্চল থেকে বন্ধ হয়ে এসেছে। ফলে সেখানের অর্ক্)ানগঞ্জ বাজারের বিরাট ব্যবসাকেন্দ্রটীও বন্ধ হয়ে যাছে। সেই মাল চলাচলের বড় কেন্দ্রটী আজকে বন্ধ হবার উপক্রম হয়েছে। এই জায়গাটা অনতিকাল মধ্যে সংস্কার হওয়া প্রয়োজন। এই অঞ্চলে আগে গ্রামাঞ্চল থেকে বহু লোক নৌকা করে ব্যবসা বাণিজ্য করতে আসতো। সেগুলিও বন্ধ হয়ে যাছে। আমাদের কলকাতায় জল সরবরাহ করবার জন্ত ও রৃষ্টির জল দ্র করবার জন্ত Metropolitan Water Supply and Sewerage Board গঠনের পরিকল্পনা হয়েছে। যদি আদিগংগা সংস্কার না করা যায়, কলকাতার দক্ষিণাঞ্চল যদি দিনের পর দিন জলে ভূবে থাকে, তাহলে তা' কোন-কিছুতেই দূর করা যাবে না। ওথানকার অবস্থা এত থারাপ যে, গংগা বুজে গিয়ে এমনই অবস্থা হয়েছে যে বর্ষাকালে আদিগংগার হ্য়াবের বাড়ী ও রাতাগুলি জলে ভূবে যায়। এই অসুবিধা দূর করা একান্ত প্রয়োজন। দক্ষিণ কলকাতা অঞ্চলের এই বিরাট অভিযোগ বছদিন থেকে রয়েছে। আমি আশা করি, মন্ত্রী মহাশয় next Five Year Planএর মধ্যে এটা অন্তর্ভূক্ত করে এই আদিগংগা সংস্কারের চেটা করবেন এবং অবিলম্বে এই জায়গাগুলি বিশেষ করে শ্রশান্ঘাট এলাকায় যাতে সংস্কার করা যায়, তার চেটা করবেন।

[6-30-6-40 p.m.]

Shri Bejoy Bhusan Mandal: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ থাতে ব্যয় বরাদ্দ মঞ্ব করবার পূর্বে, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি কয়েকটা গুরুত্বপূর্ণ কথা আপনার মাধ্যমে উত্থাপন করবো। ধেমন যদি কেঁছুয়া ক্যানেল সংস্কার করা দরকার মনে ক্রেন, তাহলে উলুবেড়িয়ায় হুগলী নদীর সামনে সুইস গেট করা বিশেষ প্রয়োজন হবে; এবং তার সাধ্যে সাধ্যে কিছু কিছু থাল সংস্কার করাও দরকার আছে। সেই সকল থালগুলির একটা

হচ্ছে গুজাপুর থাল। সেথানকার ব্রীজ বন্ধ করে স্ট্র গেট করলে সেথানে আমতা ও উলুবেড়িয়া অঞ্চলকে বতার হাত থেকে বক্ষা করা বেতে পারে। গুজাপুল যদি বন্ধ করতে হয় তাহলে বনস্পতি থালও সংস্থার করা দরকার, এবং সেটা সংস্থার করে ইুয়ার্ট থালের মধ্যে এনে ফেললে সেথানকার জমিতে হুটা, তিনটা ফদল হতে পারে এবং বতার হাত থেকেও ঐ এলাকার জনসাধারণ রেহাই পেতে পারে।

তারপর বোয়ালিয়া থাল বহুদিন সংস্কার না করার ফলে, অতি ভ্যাবহু অবস্থায় রয়েছে। দামোদরের জল ঐ বোয়ালিয়া থালে চুকে দেখানকার গ্রামাঞ্চলে যে সমস্ত জমিজমা থাকে তা বস্তার জলে ভূবে যায়; এবং দেখানকার সমস্ত ফদল নষ্ট হয়ে যায়। ঐ থালটা ইমিডিয়েটলি সংকার করা একান্ত প্রয়োজন। তারপর চাঁপা থালটা সংকার করলে, দেখানকার তিনটা ইউনিয়নের বহুল পরিমাণে জমি উদ্ধার হবে। এবং এই তিনটা ইউনিয়নের জমি উদ্ধার করতে হলে হুগলী নদীর মুখে সুইস গেট নির্মাণ করা প্রয়োজন আছে। দেটা করতে পারলে আমি মনে করি চাষীদের আর জল সেচ দিয়ে ফদল বৃদ্ধি করার প্রয়োজন হবে না। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Shri Bhupal Chandra Panda: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ খাতে বায় বরাদ্দ সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি প্রথমে কংসাবভী পরিকল্পনা সম্বন্ধে ত্ব' একটা কথা বলতে চাই। কংসাবভী এলাকা একটা রিসার্ভত্ এলাকা, সেখানে কংসাবভী পরিকল্পনার বিরুদ্ধে যে আন্দোলন চলছিল, সেই আন্দোলন সম্পর্কে গত ২০৷২ তারিখে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে একটা ডেপুটেসন আসে, এবং সেই ডেপুটেসনে একটা মিমাংসার কথা আলোচিত হয়, এবং তদমুয়য়ী ২৭৷২ তারিখে ঐ রিসার্ভত্ এলাকায় য়ে সমন্ত আন্দোলন চলছিল, রুষকগণ এই আলোচনার ভিত্তিতে তা উইপডুন করেন। কিন্তু একটা কথা আমি তাকে জিজ্ঞাসা করতে চাই—আপনার সঙ্গে যে কথা আলোচিত হল, তদমুয়ায়ী ওকন এখনও পয়ত্ব কাজ হচ্ছে না
 এখনও বন্ধী-শিবিরে ঐ এলাকায় যে সমন্ত লোকের উপর ৭ ধারা নোটিস জারী হয়ে রয়েছে বা তাদের বিরুদ্ধে কেস চলছে, সেগুলি এখনও পয়ত্ব কেন তুলে নেওয়া হচ্ছে না
 আন্দোলন উইপডুন হ'ল, কিন্তু তাদের উপর সেই ভিক্টিমিজেসন্ কেন বন্ধ হছে না
 আমি আশা করি এর উত্তর নিশ্চয় মন্ত্রীমহাশয় দেবেন।

এই প্রদক্ষে আমি আর একটা কথা বলবো — উনি এথানে যে কথা বলেছেন ঐ এলাকার বাসিন্দাদের সম্পর্কে, সেথানে তিনি সত্যকে গোপন করেছেন। তিনি সত্যকে গোপন করেছেন এইজন্ত বলছি, ঐ যে ৩০টি প্রামের যে ক্ষমক, তাদের উঠে আসতে হবে প্রাম ছেড়ে, এবং তাদের পরিপুরক বাসন্থানের জন্ত গড়বেতায় যে খাসমহল, তা তাদের দেখান হয়েছিল। কিন্তু উনি জানেন সেই খাসমহল জেলা বালুতে পূর্ণ। ওঁর যে সমস্ত কর্মচারীকৃন্দ, তাদের সঙ্গে করে তাঁরা নিয়ে গিয়েছিলেন তা দেখাবার জন্ত এবং তাদের উপন্থিতিতে তাঁরা এটা দেখিয়েছেন এবং এর প্রতিবাদ করেছেন। তাঁরা আপত্তি করে জানান যে, আমাদের ঐ রকম জার্গা থেকে তুলে নিয়ে এসে এই রকম বালুময় স্থানে বাস করবার জন্ত ব্যবস্থা করা হছে, এখানে আমরা কি করে বস্বাস করবা ? আমার অনুবাধ, মাননীয় মন্ত্রীমহাশন্ত যেন এই ব্যবস্থাটা একটু ভাল করে বিবেচনা করে দেখেন।

উনি ষেকথা বলেছেন যে, বাঁঞুড়ার লোক মেদিনীপুরে থাকতে চায় না — একথা ঠিক নয়। যদি ভাদের উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করা যায়, ভাহলে ভারা নিশ্চয়ই থাকবে—আমি একথা তাঁকে দিতে পারি।

ষিতীয় আব একটা কথা হল, ১১ ধারায় যে সমস্ত নোটিশ দেওয়া হয়েছে—দেই নোটিশে জমিব পরিমাণ, ফদলের পরিমাণ, এবং ভার ষথার্থ মূল্য কত ভার কোনটাই ঠিক নাই। অস্ততঃ মূল্য দেওয়ার কথা হছে। কিন্তু কোন জমির জন্ম কত—বদত বাটির জন্ম কত এবং জমির জন্ম কত যদি ভা নির্দিষ্ট না বলে দেন, তাহলে কি করে বুঝবো ভারা পাছে কি পাছে না! সঙ্গে সঙ্গে অম্বরোধ করবো, তারা যেন ক্ষতিপূরণ পায় এবং উঠে আদার আগেই দেটা পায়। আর এই যে ক্ষতিপূরণ দেটা নামমাত্র যেন না হয় দেদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

এখন নিম্ন কাঁদাইয়ের বাবস্থা। এ সম্পর্কে আমরা আতন্ধিত। কারণ দামোদর এবং মযুৱাকীর ফলাফল দেখে এই ধারণা হয়েছে যে, কংসাবতী পরিকল্পনা হলে নিম্ন কংসাবতীর না জানি কি অবস্থা দাভাবে! দেখানে Drainageএর যে অবস্থা তাতে তাড়াতাড়ি করে Reservoir ছাড়লে আবার দেরকম বন্যা হবে কিনা—তাতে আতৃষ্কিত হওয়ার কারণ আছে। নিমাঞ্লের যে অবস্থা তাতে বিশেষ করে উনি জানেন, তমলুক মহকুমার প্রতিনিধি জানেন এই কাঁসাই, কেলেঘাই মিলিত হওার পর হলদী নদী মজে এসেছে, তার মধ্যে এত বেশা চড়া পড়েছে, এখন তার মধ্য দিয়ে Drainageaর কোন স্থাবিধা নাই। স্থতরাং Reservoir করার উপর অনেকথানি নির্ভর করে—শুধ উপরের বল্যারই বিপদ নাই। তারপর মেদিনীপুর এবং ফুলরবন এলেকায় আর একটা বিপদ হল লোণা জল এবং লোণা জলের বক্তা। ইভিপবে আমার মনে আছে এ সম্পর্কে কিছ কিছ suggestion দিয়েছি, ওখানে যে সমস্ত Drainage, খাল ইত্যাদি করা হয় তাহলে চটি কাজ হয়-লবণজন ঠেকান যায়, বর্ধার জল থেকে আংশিকভাবে রক্ষা করতে পারবো, জমিতে মাছের চাষ হতে পারে এবং এই জমি নিয়ে আমন ফদল তোলার পর দেখানে গম চাষ হতে পারে। এবং অত্যাত্য চাষ হতে পারে। কিন্ত উনি অনেক বেণী টাকা খরচ হবে বলে রাজী হচ্ছেন না। উনি বলেন, ৪ লক্ষ্টাকা খরচ হবে। কিন্তু একবারই তো খরচ হবে। কিন্তু বছর বছর Drainage, বাধ ইত্যাদিতে হাজার হাজার যে টাকা থরচ হচ্ছে, সেটা তো বন্ধ হয়ে যাবে। কাজেই এককালীন থরচ করতে ক্ষতি কি ? তাতে যদি ফদল বাডে। মন্ত্রীমহাশয়ের Agricultural Department এর মন্ত্রীমহাপ্রের সঙ্গে মিলিভ হয়ে এ বিষয়ে ব্যবস্থা করবেন বলেছেন। কাজেই তিনি যেন সেদিকে দৃষ্টি দেন। কেন্দুয়া প্রভৃতি খালের মূথে যদি sluice gate করা হয় তাহলে বর্ষার জল মাঠের জমিতে আটকে রাখা যায়, তাতে আমন ফলল এবং অভান্ত ফললের চাষ হতে পারে। সঙ্গে সঙ্গে আর একটা কথা চিন্তা করতে বলি—আমাদের জমি কথেকটি Billএর মত দেখা যায়, যেখানে underground water pressured উঠছে; যে pressured experiment করার জন্ম ইতিপূর্বে Tubewell দিয়েছেন। তিনি জানেন দেই জায়গায় Tubewell বসান উচিভ, সেখানে automatically জল উঠে।

[6-40-6-50 p.m.]

এখানে auto flows যে ব্যবস্থা সেই ব্যবস্থা কেন করা যায় না। বিশেষ করে এখানে দেখতে পাচ্ছি, নারায়ণগড় থেকে এই দিকে যাচছে। এবং এটা অমুসন্ধান করলে তা দেখা যাবে। এর ছারা কৃষির আরপ্ত উন্নতি হবে বলে মনে হয়। আর একটা কথা আমি মন্ত্রীমহাশয়কে অমুবোধ করবো— তিনি এককালে যখন জাতীয় সরকার গঠন করেছিলেন এবং যে জায়গায় আত্মগোপন করে আন্দোলন পরিচালনা করেছিলেন, সেই জায়গার ছ্রবস্থার কথা তিনি ভূলে গিয়েছেন। আমাদের নন্দীগ্রামে ১ নং, ২ নং ও ১০ নং Unionএর বহু মৌজা বর্ধাকালে ভূবে থাকে, water-logged হয়ে থাকে। দেই water-loggedএর ফলে আনেক অমুবিধা হয়। কারণ ঐ এলাকার পার্শ্বর্তী ভর্গবানপুর

পানাৰ শন্তৰ্গত কলাবেড়িয়া থালে ঐ মৌজাগুলির জলনিকাশীর পথ বন্ধ করা আছে। এই জলনিকাশের কোন অপ্রবিধা হবে না, যদি তা সংশ্বার করা হয়। এখানে একটা কথা, সেথানে জমিদারের বে বাঁধ রয়েছে, বর্ধমান estatesএর, সেই বাধকে কেন তুলে দেওয়া যায় না। এখন এই জমিদারী abolish করার পর সেই বাঁধ কি তুলে দেওয়া যায় না? নিশ্চয়ই যায় এবং মন্ত্রীমহাশয়ের দপ্তর এটা নিশ্চয়ই করতে পারেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Report of the Business Advisory Committee

Mr. Speaker: The Business Advisory Committee at its meeting held this day in my Chamber considered the question of re-allocation of time for remaining Demands for Grants for the financial year 1961-62 and for Bills and other business. The decision arrived at by the Committee is laid on the Table.

Shri Jagannath Kolay: I beg to move that the third report of the Business Advisory Committee in respect of the re-allocation of time for the disposal of the remaining Demands for Grants for the financial year 1961-62 be agreed to by the House.

Mr. Speaker: I hope the House accept it.

[There was no objection]

The report is accepted.

Shri Hemanta Kumar Basu: Sir, I want to speak.

Mr. Speaker: Your time has been allotted to another member of your party as I heard that you won't be coming.

The Hon'ble Ajoy Kumar Mukherji: Mr. Speaker, Sir, এতক্ষণ ধরে খুব্ মনোযোগের সঙ্গে আমি আলোচনা শুনছিলাম। আমি অল সময়ের মধ্যে হয়ত সব কথার জবাব দিতে পারবো না, অত্তএব প্রধান প্রধান কথাগুলির জবাব দেবার চেটা করবো। শ্রীদাশরথি তা এখানে উপস্থিত নেই। তিনি বলেছিলেন যে ৭টা damএর জায়গায় ৪টা dam হয়েছে, তাই বস্তা নিয়ন্ত্রণ হছেে না। আরও dam তৈরী করা দরকার। আরও dam তৈরী করা দরকার কিনা —এই নিয়ে আলোচনা চলছে, বাংলা সরকারের সঙ্গে D.V.C. এবং কেন্দ্রীয় সরকারের এই বস্তা নিয়ন্ত্রণের জন্তা। তাছাড়া, শিল্লাঞ্চলে জল সরবরাহ করার জন্ত আর একটা dam দরকার বলেছেন। সে বিষয় গাঁর সঙ্গে আমাদের সকলেরই একমত। তাছাড়া মোহনপুর সম্বন্ধে তিনি যে কথা বলেছিলেন, তাতে এই কথা বলতে পারি যে—ground level পর্যন্ত এটা ভরাট করা হয়েছে। ভারপর ভিনি সেখানে সেখানে গিয়ে দেখে বলেছিলেন আরও উচু করে দিন, নইলে জলের সঙ্গে বালি এসে যাবে। কিন্তু আরও উচু করলে এই হানা দিয়ে জল চুকে বর্ধমান জেলা ও ভগলী জেলায় জল যায়।

ভিনি বলেছেন বস্তা নিয়ন্ত্রণের থবচ সবটা পশ্চিমবাংলা দেবে কেন, সেচের থবচ সবটা পশ্চিমবংগ দেবে কেন। বিহারে যে-অঞ্চলে বস্তা নিয়ন্ত্রণের কাজ হয় তাতে আমরাই উপকৃত হই। বিহার পায় মাত্র 0.5 percent, বাকী সব আমাদের পশ্চিমবংগ পায়, সেজস্ত এটা আমাদের দেয়। Central Government বস্তা নিয়ন্ত্রণের জন্ত সবশুদ্ধ ৭ কোটি টাকা দিয়েছেন, আর দেবেন না, ভারপর যা থবচ হবে, আমাদের দিতে হবে। সেচের জন্ত তাঁরা দেবেন না। Headquarters সম্বন্ধে যেকথা

আমি দাবী করছি এইসমন্ত ক্ষমতা তাদের দিন্। দ্বিতীয় কথা হচ্ছে এই যে ব্লক ডেভেলপ কমিটির মিটিং ২।৩।৪ মাস অন্তর একবার করে হয় ২।৩ ঘণ্টা কিছা ১।১॥ ঘণ্টার জন্ম। ভাদের কয়েকটা প্রপোজাল দেওয়া হয়, বি-ডি-ওর সামনে রাখা হয় অমুক রাস্তা, কুয়া হচ্ছে এবং এই করে স্থাবার ২।৩ মাস পরে ব্লক ডেভেলপমেণ্ট কমিটির মেম্বাররা সেই জারগার ছোটেন। এইভাবে কি গ্ৰ-উৎসাহ সৃষ্টি করা যায় ? আজকে ব্লক ডেভেলপমেণ্ট কমিটি করে, আরো ছোট ছোট কমিটি করে যেসমস্ত জায়গায় গ্রাম-পঞ্চামেৎ অঞ্চল-পঞ্চামেৎ হয়েছে সেইসব জায়গায় গ্রাম-পঞ্চায়েৎ অঞ্চল-পঞ্চারেং করে উন্নয়নমূলক কাজগুলিতে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করতে পারে ভার জ্বন্ত ভাদের উপর সমস্ত দায়িত্ব দেওয়া উচিত। যথন ভরুণকান্তিবাবু সি. ডি. পি-র মন্ত্রী ছিলেন তথন ১৯৫৯-৬০ দালের বাজেট বক্তভায় তিনি বলেছিলেন যে এন-ই-এস ব্লক এরিয়ায় পঞ্চায়েৎ স্থাপন হয়ে যাবার পর একমাত্র ঘরবাডী তৈরী করার কাজ ছাড়া আর অন্তান্ত সমস্ত কাজ পঞ্চায়েতের উপর দেওয়া হবে কিন্তু আমি জানি না তু-বছর পার হয়ে গেছে পঞ্চায়েৎ গঠন হয়েছে, ডা' সত্ত্বেও কেন পঞ্চায়েছের উপর এইসমন্ত কাজের দায়িত্ব এখনও পর্যন্ত দেওয়া হয়নি। পঞ্চায়েতের উপর সমস্ত কাজের দায়িত্ব না দিয়ে শুধ কণ্ট ক্টিরের উপর নির্ভর করার ফলে একদিক হচ্ছে কি—না, জনসাধারণ এতে কোন উৎসাহ পাচ্চেন ন। কারণ তাঁর। মনে করছেন না যে এটা আমাদের কাজ। তাঁরা মনে করছেন এটা বি-ডি-ওর কাজ, গ্রাম সেবকদের কাজ, অফিসারদের কাজ। যেহেত তাঁদের সেথানে কোন পরামর্শ গ্রহণ করা হয় না ইমপ্লিমেন্টেসনের ব্যাপারে তাঁদের অংশ গ্রহণের জন্ম কোন আহ্বান জানানো হয় না সেইতেড কোন উৎসাহ সৃষ্টি হয় না। অন্তদিকে কি হয়—ব্লক ডেভেলপমেণ্টে প্রচুর টাকা অপব্যয় এবং অপচয় হয়। বেমন উপমা দিতে পারি-পানীয় জলের জন্ত বেসমত কুয়া করা হচ্চে তাতে সি-ডি-পি এবং এন-ই-এস ব্লক থেকে ১৮॥ শো থেকে ২৫॥ শো টাকা বরাদ হয় সর্বনিম্ন কিন্তি ভার অর্থেকের কম টাকাতে সেই-সমস্ত কুয়া করা যেতে পারে যদি গ্রাম-পঞ্চায়েতের মাধ্যমে সেগুলি করা যায়। এটা ব**ক্ত ভার কথা** আমি বলছি না-প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা বলছি।

আমাদের এলাকায় ছটে। একটা গ্রাম-পঞ্চায়েৎ বয়েছে। সামান্ত টাকায় গত বছরের বাজেটে কিছু করতে পারেনি। ছ-বছরের বাজেটে ছই ফুট বিংএর একটা কুয়া করেছে পাঁচশো টাকার মধ্যে। আর চার ফুট ডায়ামেটারের কুয়ো করতে গিয়ে ৫০০ টাকার জায়গায় আটশো টাকা থারচ হতে পারে। ঐ সাড়ে আঠারো শো টাকা কেন থারচ হবে ? গত ৮০২ বছরে আপনারা এইভাবে কভ টাকা যে অপবায় করে এসেছেন শুধু কণ্টাক্টরের উপর নিভাৱ করে।

দ্বিতীয় হচ্ছে Public Contribution এব ব্যাপার। এটা বেন বাধ্যতামূলক জিনিব। পাবলিক বদি ह আংশ টাকা দিতে না পাবে, ভাহলে রাজা হবে না, ষভই তার প্রয়োজনীয়তা থাকুক। পাবলিক ই আংশ বদি না দিতে পাবে, আড়াই শো টাকা জমা দেবার সংগতি নাই—প্রীয়কালে ২।০ মাইল দূর ধেকে জানীয় জল এনে থেতে হয়, ভাহলে আপনাবা সেথানে কুয়ো দেবেন না—সেথানকার গরীব লোক বদি কলের। হয়ে মরেও বার। এই বদি ব্যবহা হয়, ভাহলে কেমন করে আপনারা জনগণের

মধ্যে উৎসাহ স্পষ্টি করবেন। যেথানে গরীব এলাকায় প্রকৃতপক্ষে কুয়ো দরকার, রাস্তা দরকার, সেথানে তা' হচ্ছে না। কিন্তু যেথানে ধনী লোক আছে, যারা নিজের। কুয়ো কাটাতে পারে, তারা ঐ ঠ অংশ টাকা দিয়ে দেথানে কুয়ো পেয়ে গেলেন, রাস্তার ব্যাপারেও তাই হচ্ছে।

সেইজন্ত এখানে আমি Suggestion রাখতে চাই গ্রাম পঞ্চায়েৎ-এর কাজ ও C.D.P.র কাজ যদি একসংগে আপনারা করেন, তাহলে ভালভাবে সব কাজ হবে, কম টাকায় হবে এবং ক্রতগতিতেও চলবে। আপনারা এই ঠ ও ঠ্র অংশের বাধ্যবাধকতা তুলে দিন অবশু যেখানকার লোকেরা পারবেন, তাদের Priority দিতে পারেন। কিন্তু যদি গ্রাম পঞ্চায়েৎ মনে করেন অমূক জায়গায় রাস্তা করা নিতান্ত দরকার, কিন্তু গ্রাম পঞ্চায়েৎ ফাও এত কম যে, তা' দিয়ে ঐ রাস্তা হয় না। অথচ সেই গ্রামের লোকের এমন অবস্থা নাই যে আপনাদের সম্পূর্ণ টাকা জমা দিতে পারে। সেক্ষেত্রে ঐ গ্রাম পঞ্চায়েৎ ফাও পেকে কিছু টাকা দেয় এবং পাবলিক কিছু টাকা দেয়, তাহলে সেই টাকাটা নিয়ে সেখানে ভারা রাস্তা করবেন। পাণীয় জলের ব্যাপারে, কুয়ো ইত্যাদির ব্যাপারেও সেখানে করবেন না ?

ভারপর যেটা প্রধান কথা-ক্লুষি উন্নয়নের ব্যাপারে সমস্ত C.D.P. এলাকায় বিশেষ কিছু উন্নতি হয় নাই। এখানে হয়ত কিছু সার ও বাঁজ সরবরাহ করা হয়েছে। কিন্তু কৃষি উন্নতির দিক দিয়ে কিছুই হয় নাই বললেই চলে। ভার কারণ Irrigation ব্যাপারে অস্লবিধা ছিল। পাচ বছরে মাত্র ১০০৪০ টাকা থরচ করতে পারেন। C.D.P.তে Small Irrigation দশ হাজার টাকায় পাঁচ বছরে ৩।৪টার বেশী Irrigation Scheme হতে পারে না। C.D.P.র প্রধান কথা হচ্ছে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষীর। চাষবাদ করতে শিথবে। আত্তে আত্তে ক্ষয়ি বিষয়ে চাষীদের ট্রেনিং দেওয়া। কিন্তু যারা গ্রামদেবক ইউনিয়নের মধ্যে থাকে, তাদের ক্ষয়ি বিষয়ে জ্ঞান এত কম যে তার। বিশেষ করে গ্রামবাসীদিগকে শিক্ষা দিতে পারে না। সমস্ত কিছু নির্ভর করে সেই Agricultural Extension অফিদারের উপর, পোকা লাগলে কি করতে হয় এটাম-দেবকরা কিছুই বলতে পারবেন না। Agricultural Extension অফিদারদের ডেকে নিয়ে যেতে হবে, তার। বলবেন, পরীক্ষা করে ব্যবস্থা করবো। ইউনিয়নে যে গ্রামসেবক আছে, তাদের ভাল করে ক্ষির ব্যাপারে ট্রেনিং দেবার ব্যবস্থা করুন। চাধীদের যেটা দৈনন্দিন দরকার হয় রুষির ব্যাপারে, ভাদের এই ক্রষির ব্যাপারে ট্রেনিং প্রাপ্ত ২ওয়া দরকার। তা' না হলে চাষীকে সময়োপ্যোগী পরামর্শ দিতে পারবে না। তা' যদি গ্রাম-দেবকরা না পারে, তাহলে ঐ গ্রামসেবক রাথার দরকার কি ? ভাই আমি দাবী করি—অন্ততঃ কৃষির ব্যাপারে ঐ গ্রামদেবকদের ট্রেনিং ইত্যাদি দেওয়া বিশেষ করে প্রয়োজন আছে।

[5-10—5-20 p.m]

দিতীয়তঃ ক্ষব্যাপারে হচ্ছে চাষীকে সময়মত বীজধান, সার ও লোন দেওয়া হয় না। ধানগাছে পোকা লাগছে, তার জন্ম পোকা মরার ঔষধ যাতে ক্ষকরা সময়মত পায় তার বন্দোবন্ত করতে হবে। ব্লক এরিয়ায় বা নন্-ব্লক এরিয়ায় ক্ষকদের চাষের হযোগ, স্থবিধার বিশেষ কোন পরিবর্তন আসেনি। আমি এবিষয়ে কয়েকটা উপমা দিতে পারি। মেদিনীপুরে বীণপুর থানায় বেলপাহাড়ী ব্লক এরিয়ায় অন্ততঃ খুব কম্দে-কম দশ হাজার বিদ্ধা ধানজমিতে ব্যাপকভাবে পোকা লেগেছে। তার ফলে সেথানে এক বিঘা জমিতে এক মণ, দেড় মণের বেলী ধান হবে না। B.D.O.রা সাধারণতঃ জীপে করে বর্ষাকালে সেথানে যান এবং চাষীদের অবস্থা দেখে চলে আসেন, বিশেষ কিছু ব্যবস্থা তাঁরা সেথানে করতে পারেন না। B.D.O.রা যথন সেথানকার

চাষীরা তাঁদের বললেন দেপুন দশ হাজার বিঘা জমিতে পোকা লেগে সব ধান সাফ হয়ে গেল, কোন ঔষধ দিয়ে যাতে পোকা মারা যায় তার ব্যবহা করুন। B.D.O.রা বললেন আমরা দেখছি কি করতে পারি, আমরা ঔষধ পাঠিয়ে দিচ্ছি। তারপর দেখা গেল খানিকটা জার্ম কিলার পাউডার আমিন মাসের শেষের দিকে পাঠিয়ে দিলেন এবং যথন ঐ ঔষধ চাষীদের কাছে এসে পৌছাল তথম আর তার দরকার নেই। ব্লক এরিয়ায় যেখানে immediate help দরকার, সেখানে চাষীরা সাহায্য সময়মত পাছে না। দেখা য Agricultural Extension অফিসারদের যাতায়াতের জন্ত jeep ইত্যাদি সবক্ছির বন্দোবন্ত রয়েছে, অথচ সেখানে ধানগাছে পোকা লেগেছে, চাষীরা সময়মত সাহায্য চাইছে, তা' তারা পাছে না। কেন এইরকম অব্যবহা হয়, কেন ভারা সময়মত ঔষধ ইত্যাদি পান না ? আমি চাই আপনি এ-সম্বন্ধে অহুসন্ধান করে একটা বাবস্থা করুন। আমার আর একটা কথা হছে এই কুটার শিল্পর সম্বন্ধ। আমাদের গ্রামে কৃটার শিল্পর জন্ত দোন দেওয়া হছে, তা' আমি অস্বীকার করি না। কিন্ত নন্ত্রক এরিয়ায় যা লোন দিয়েছেন, তার চেয়ে অনেক বেনী লোন ব্লক এরিয়ায় কুটার শিল্পের জন্ত দিয়েছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি 'আপনি কি নিজে বিধাস করেন যে বিভিন্ন ব্লক এরিয়াতে কুটার শিল্পের কোন যগ্রেষজনক অগ্রগতি হয়েছে ? বলুন হাঁয়।

দিতীয়ত: উন্নয়নের সমগুপ্রকার কাজ B.D.O.র উপর নির্ভর করছে। স্কুতরাং তারা যদি রাজনীতির মধ্যে ও স্থান্ত তুর্নীতির মধ্যে জড়িয়ে পড়ে তাহলে তাদের হারা কোন ভাল কাজ আশা করা যায় না।

ভমলুকে পঞ্চায়েৎ নিবাচনের সময় B.D.O.রা নানারকম দ্বনীতিতে জডিত হয়েছেন।

বিরোধী পক্ষের বেসমন্ত nomination paper, তার মধ্যে ইচ্ছাক্তভাবে নাম কটা হয়েছে। 'র'এর জায়গায় 'ব' বসিয়ে অত্যের নাম করে, তারা কাজ হাসিল করবার চেষ্টা করেন। তারপর সেখানকার পঞ্চায়েৎ এ-সম্বন্ধে একটা enquiry করে এবং পুনরায় District পঞ্চায়েৎ অফিসারের আদেশ অন্থায়ী সেইসমন্ত মেম্বরেদর nomination paper দাখিল করা হয়েছে। B.D.O.দের জুনীতি হাতে-নাতে ধরা পড়বার পরও তাঁরা সেখানে বহাল তবিয়তে বসে আছেন। তাহলে জনস্বাধারণের এইসকল B.D.O.দের উপর কেমন করে আছা থাকতে পারে। এবং তারা কি সাহায়্য তাদের কাছ থেকে প্রত্যাশা করতে পারে ?

হাওড়া জেলায় উদয়নপুর ব্লকে B.D.O.রা বলছেন দেখানে dry dole দেবার কোন প্রয়োজন নেই এবং দেখানে উন্নয়নমূলক কোন কাজ করা হবে না। আমি মনে করি এইসমস্ত B.D.O.দের বিরুদ্ধে step নেওয়া উচিত। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Gobinda Charan Maji: মাননীয় সহকারী অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর প্রারন্তিক ভাষণে আমাদের শোনালেন যে পশ্চিমবংগের মন্ত অনগ্রসর দেশে সরকারী সাহায়ে সব কাজ করা সন্তবপর নয়, সেথানে স্থানীয় লোকের সহযোগিতা চাই। তাই C.D.P., N.E.S. Blockএর প্রবর্তন হওয়ার আগে এই ধারণা আমাদের ছিল বা সরকার পক্ষের কর্মকর্তারা এই কথা শুনিয়ে ছিলেন যে বিকেন্দ্রীভূত সমাজ ব্যবস্থায়, গ্রামের জনসাধারণের আধিক এবং কৃষিসম্পদ্-এর উন্নতির জন্ম তারা একটা নিঃশক্ষ বৈপ্লবিক ব্যবস্থার প্রবর্তন করছেন। আমরণও আশা করেছিলাম তাই।

আমাদের কাছে বেসমস্ত সরকারী নগিপত্ত দেওয়া হয়েছে, যেসমস্ত রিপোর্ট দেওয়া হয়েছে, ভাতে দেথতে পাচ্চি এইসমস্ত হড় বড় ভগু সন্নিবেশিত।

বেসব পুঁথিপত্ৰ সৱকার থেকে আমাদের কাছে দেওয়া ছিল সেসব report থেকে আমরা দেখছি ভাতে আছে, ভারতের প্রধানমন্ত্রী বলেছেন—

It is desired to promote better life for the whole community with the active participation of the people. The Community Projects are of vital importance "not so such for the material achievement that they would bring about but much more so, because they seem to build up the community and the individual and to make the latter the builder of his own village centres and of India in the larger sense."

এইসমস্ত কথা আমরা report থেকে দেখতে পাচ্চি। কিন্তু বাস্তবে আমরা কি দেখতে পাচ্ছি? এক-একটা Block এলাকায় বহু officer সন্নিবেশিত করা হয়েছে, আমাদের কাছে যেসব কাগজপত্ত আছে তা' থেকে আমরা দেখতে পাচ্ছি আমাদের আশেপাশের বেসমন্ত এলাকা C.D.P., N.E.S. Blockএর অন্তর্ভুক্ত সেইসমন্ত এলাকায় আমরা দেখতে পাবে। ১০১২টি officer আছে—B.D.O., Asstt. Development Extension Officer, Agricultural Asstt. Development Officer for Social Education, Asstt. Development Officer, Co-operative, Veterinary Asstt. Surgeon, Medical Officer, Sanitary Inspector Health etc. এতগুলি officer এক-একটা জামগায় আছে। আমাদের গ্রামীণ সমাজে সাধারণ চাষী ও মজুরদের একটা officer ভীতি আছে, সাধারণত: Circle Officer, S.D.O. যারা আছে তাদের কাচে ভাদের পৌছতে অস্কবিধা হয় সেজন্ম আমি মনে করেছিলাম এক-একটা এলাকাকে ছোট ছোট করে ভাগ করে দিলে B.D.O.র অধীনে যেসমন্ত ছোট ছোট officer আছে তাদের কাছে approach করতে গ্রামের লোকেরা সহজেই পারবে। এই আমার idea ছিল কিন্তু আমি অভিজ্ঞতা থেকে দেখছি আমার এই ধারণা ভুল। কারণ এই B.D.O.র অধীনে যেসব কর্মচারী আছে তারা আমলাতান্ত্রিক মনোভাব পোষণ করছে। এরা সবাই suit পরে। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন B.D.O. থেকে আরম্ভ করে সমস্ত কর্মচারীরা গ্রামদেবক পর্যস্ত suit পরে জীপ গাড়ীতে চলাফেরা করে। পাড়াগায়ের লোকের মনে এখন জীপভীতি এসে গিয়েছে। 1957এর ৰে report—Committee on Plan Projects, New Delhi, এই report পেকে দেখতে পাচ্ছি তারা Jeep withdraw করতে চলেছেন

"We have heard in many areas the complaint that jeeps intended for developmental work in block area are often misused inside and outside the blocks. Apart from these allegations of misuse, which have a sad effect upon the local population, we consider that the use of the jeeps is not merely unnecessary but has adverse effects upon the entire official machinery working in the Community Development Block. We, therefore, recommend that all jeeps should be withdrawn from the blocks."

Government আমাদের সামনে বড় বড় তথা দেন কিন্তু সরকার তার কতটুকু গ্রহণ করেন, কতটুকু মেনে চলেন ?

এখন আমি মাননীয় মন্ত্ৰী মহাশয় আমাদের বেদমন্ত বিভিন্ন বিভাগের বাজেট আমাদের দামনে দিয়েছেন তার সম্বন্ধ একটু আলোচনা করতে চাই। তিনি মোট ২ কোটি ৮০ লক্ষ ৮২ হাজার টাকার বাজেট আমাদের দামনে উপস্থাপিত করেছেন, তার মধ্যে Community Development Projecta ১ কোটি ৭১ লক্ষ ৭০ হাজার, N E.S. Blocka ৭৫ লক্ষ ৮৩ হাজার এবং Local Development ৩৩ লক্ষ ২৬ হাজার টাকা। Local Development সম্বন্ধে বহু ক্ধা বলা হয়েছে। পূর্ববর্তী মাননীয় সদস্যও অনেক ক্থা বলেছেন।

[5-20-5 30 p.m.]

আবুমি পুনরায় বলতে চাই, কারণ বে জিনিষ ভাষণে বলেছেন যে অনগ্রসর দেশের উন্নতি করতে গেলে বেসমন্ত জিনিষ প্রয়োজন সেওলি এই বিলের মধ্যে দিয়ে আলোচনা হবে। সেইজন্ত আমি বলতে চাই, যেকথা আগেও আলোচনা হয়েছে, যেসব অঞ্চলের লোকের আর্থিক ছুরবন্থা আছে, ষেধানে one-fourth, one-third, half যা দেবার নিয়ম আছে তা' দিতে পারে না, দেশৰ অঞ্চলে পঞ্চায়েৎ যদি বিবেচনা করে--সেথানে সমস্ত কাজটা বিনা প্রসায় হওয়া উচিত, ভাহলে সরকার থেকে সেই ব্যবস্থা গ্ৰহণ করা উচিত। আপনারা non-block এলাকার জন্ম ৩৩ লক্ষ্ণ ২৬ হাজার টাকা দিয়েছেন। তার মধ্যে Supervisionর জন্ম ও লক্ষ্ণ হাজার টাকা দিছেন আর Non-Block এলাকার জন্ম ৩০ লক্ষ টাকা খরচ করবেন, আমাদের যে কাগজপত্র দিয়েছেন ভার থেকে দেখতে পাচ্ছি: ডেপুটা স্পীকার মহাশয়, আপনার মাধামে আমি মাননীয় মগ্রী মহাশয়কে জানাচ্ছি যে, আজপর্যন্ত যেসব এলাকায় block গঠিত হয়েছে তা' পশ্চিমবংগে পরিমাণের তলনায় শতকরা ৫৬ ভাগ। অর্থাং শতকরা ৪৪ভাগের জন্ম এখানে ৩০লক্ষ টাকা রাথছেন। শতকরা ৪৪ভাগ বাংলাদেশের জন্ম এই৩০লক্ষটাকাদিয়ে সমস্ত চাষের উন্নতি করবেনকিভাবে,সেচের উন্নতি করবেন কিভাবে,industryর উরতি করবেন কিভাবে, দেট। আমরা ভাবতে পারি না। যা'ই হোক এটা বাডান দরকার বলে মনে করি। আপুনারা গত বংসর Animal husbandryর জন্ম ১৬ লক্ষ ১৪ হাজার টাকা থরচ করেছেন। আজকে বলতে চাই, এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে প্রস্তিকা দেওনা হয়েছে তাতে আছে কৃষিৱজ্ঞভাধিক ব্যয় বরাদ্দ করে Block সংগঠনগুলিকে উৎসাহ দেওয়া উচিত। এইকথা বলা হয়েছে। অথচ বর্তমান বংসরে কৃষি খাতে কম টাকা ধরেছেন। সামার মনে হয়, India Governmentর বেষমত্ত recommendation আছে, Planning Committees বেষমত্ত recommendation আছে, দেইদ্ব recommendation আমাদের পশ্চিমবংগ দরকার গ্রহণ করেন না। যা'ই হোক ক্ষি খাতে কিছু কম দেওয়া হয়েছে, অভাভ খাতে বেশা টাক। দেওয়া হয়েছে। ১৯৬০-৬১ সালে agriculture বাবদ খরচ করেছেন ভাতে দেখতে পাচ্চি যে ৮'৯৭ লক্ষ মণ fertiliser বিশি করেছেন। কিছ কিছ fertiliser বিলি হয়েছে আমণ জানি এবং improved seed প্রায় ২ লক हेरनद छेलद विनि इरश्रष्ट अवर ३० हाजात agriculture demonstration करत्रहरून। अथन এই agriculture demonstration জিনিষ্টা কি একথা বাজেট আলোচনার সময় এবং রাজ্য-পালের বক্তৃতায় আমাদের পক্ষ থেকে বল। হয়েছিল যে, বড বড় রাতার ধারে সার দিয়ে ও সার না দিয়ে চাষ এই plackard দেওয়া হয়। আমরা ছোট ছোট officerদের কাছ থেকে গুনেছি যে বড়কর্তারা বলেন, বড় বড রাস্তার ধারে এটা দিতে হবে যাতে বড় বড় officerরা এবং অক্স লোকেরা তা' দেখতে পায় যে সার দিয়ে চাষ করে কি হয়েছে এবং সার না দিয়ে চাষ করে কি হয়েছে। এমনকি আমরা National Agriculture Fairএ দেখেছি যে কংগ্রেস প্রেসিডেণ্ট সঞ্জীবন বেডিড, ভিনি একই কথা বলেছেন, রাস্তার তুইধারে কৃষি উন্নতির একটা জিনিষ আমরা দেথছি, সার দিয়ে এবং সার ন। দিয়ে চাষ বলে plackard দেখতে পাচ্ছি। Agriculture Demonstration বলতে এই কথাই বুঝতাম, যদি গ্রামের মধ্যে মেয়ে গ্রামসেবক বা যারা B.D.O. ও অভান্ত Officer বা আছেন ভারা অভাভ চাষীর৷ বেভাবে চাষ করছে ভার মাঝে গিয়ে উন্নত ধরণের বীজ ও সার দিয়ে তাদের দেখিয়ে দিতে পারতেন যে, যেথানে ১০ মণ ধান হচ্ছে দেখানে ২২ মণ করা যায় এবং তাহলে বুঝতাম যে আপনার Block Development Officerরা কিছু কিছু কান্ধ করছে।

আপনি আরে। বলেছেন ১৭ হাজার একর জমি reclaim করেছেন, কোপার ? পশ্চিমবংগ বিধানসভার সন্ত্য হিসাবে এমন তথ্য বিস্তারিতভাবে আমাদের কাছে জানান উচিত ছিল, কারণ এন্তলি জানার অধিকার আমাদের আছে। তারপর, ৪৪ হাজার একর irrigationএর underএ আশা হয়েছে। এই irrigation scheme এ উদয়নাবায়ণপুরের blockএর কথা আমি জানি—এই ব্লকে চুয়েকটা কুয়ো হয়েছে যাতে করে চাষীরা জল পেতে পারে। তারপর, fertiliser এবং seed সম্পর্কে বলতে গেলে বলতে পারা যায়, বিভিন্ন জায়গায় আমরা দেখেছি— আমি নিজে non-block areaর অধিবাসী, block areaত Circle Officeral seed ও fertiliser ২ মাস আগে দিমে ফেলেছেন, কিন্তু Block Officeral তাঁদের অধীনত লোক ও কর্মচারী পাকলেও Block areaত দেখানকার অধিবাদীদের উন্নত ধরণের বীজ ও fertiliser যথাসময়ে চাষীদের হাতে পৌছে দিতে পারেননি। Rural Healthএ মোটা টাকা খরচ করেছেন এই বৎসর—১৬ লক্ষ ১৮ হাজার টাকা। Rural latrine করেছেন মাত্র ৩ হাজার ৭০০ টাকার—আপনি ৩৫০টি block করেছেন, আপুনার department যদি ব্যে থাকেন যে, বাংলাদেশের জনসাধারণের স্বাস্থ্যবন্ধার জন্ম এগুলির প্রয়োজন, তাহলে এর সংখ্যা এত কম হল কেন ? একটা blockএ একটা করেও আপনারা করতে পারলেন না ? Social Education এ দেখা যাচ্ছে ৩৪ হাজার লোককে literate করেছেন। Education Centre হয়েছে ৫ হাজার ৩০০টি। আমরা হিসাব করে দেখেছি এক একটা কেন্দ্র পেকে..... (१) অক্ষর জ্ঞানদান করতে পেরেছেন। তারপর, communicationএ দেখা যায় মাত্র ৫৪০ মাইল কাঁচারান্তা করেছেন। আপনারা বলেছিলেন গ্রামাজীবনে একটা বিরাট পরিবর্তন এনে দেবেন। কিন্তু এত বছরে এত টাকা খরচ করে আপনারা মাত্র ৫৪০ মাইল রাস্তা তৈরী করেছেন। ২.৫১০ মাইল রাস্তা সংস্থার করেছেন। এগুলি আমি সরকারী তথা থেকেই বলেচি, এগুলি আমার বানানো কথা নয়।

[5-30-5-40 p.m.]

Shri Hansadhwaj Dhara: মাননীয় ডেপুটা স্পীকার মহাশয়, Community Development Project নিয়ে এখন আলোচনা হচ্ছে। এই বাজেটে আলোচনাকালে শ্রীগোবিন্দ মাঝি মহাশ্য় মন্ত্ৰী মহাশ্য প্ৰদৃত্ত হিসাব নিয়ে যেস্ব সমালোচনা ক্রলেন ভা'্যদি সভিচ্ছয় ভাছলে আমারা এক পা-ও এওতে পারিনি এটা পরিন্ধার। বাংলাদেশের সমস্ত গ্রামে সময়মত উল্লয়নের বাবস্থা C.D P.র মাধ্যমে হবে এই আমরা ঠিক করেছি। কিন্তু এতবড একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্ম Business Committee মাত্র ২।২॥ ঘণ্টা ধার্য করা হয়েছে—ভাতে ফল হয়েছে কোপায় কভটা রাত্তা হয়েছে, কোনখানে কল হয়েছে, পঞ্চায়েৎ electionএ কোপায় ছনীতি হয়েছে এসব কথা বলতে না বলতে সময় শেষ হয়ে গেল। এর উদ্দেশ্য কি এবং এই উদ্দেশ্য সাধনের জন্ত সরকার কর্তৃক গুহীত কর্মপুচী ঠিকভাবে পরিচালিত হচ্ছে কি না, তার জন্ম উপহক্ত কর্মচারী তৈরী হয়েছে কি না এবং দেইভাবে কার্য পরিচালিত হচ্ছে কি না তা' বিস্তারিতভাবে আলোচনা করার জন্ম যথেষ্ট্রনময়দেওয়াউচিতছিল। কারণ, গ্রামাঞ্চলের উন্নয়ন ব্যবস্থা এই C.D.P. programme এর মাধামেই হবে। আজ C.D.P. এবং N.E.S. blockএর কায়স্থচীর মাধামে গ্রামবাসীদের কাছে. সাধারণ মামুষের কাছে কিছু স্থযোগ-স্থবিধা পৌছে দেবার সংকল্প আমরা গ্রহণ করেছি। কিন্তু ছাথের বিষয় C.D.P. programme যেখাবে পরিচালিত হচ্ছে তাতে আমার মনে হয় আমরা কেউ আজ যে বিরাট পরীক্ষা চলছে তাতে বিধানী নই—অথবা আমরা এই বিষয়টা গুরুত্ব দিয়ে দেখবার চেষ্টা করছি না। যে গণভান্তিক পদ্ধতির কথা আমরাবলি, সেই গণভন্তের সার্থক রূপায়ণের জন্ম আজকে আমাদের Community Development Projecta যে programme গ্রহণ করা হয়েছে দেই এপ্রাগ্রামের ভিত্তিতেই আমাদের কার্যক্ষেত্রে এগিয়ে যেতে হবে গ্রামীণ বাংলার সামাজিক ও অর্থ নৈতিক মুক্তির জন্ত। এই হচ্ছে আমাদের উদ্দেশ্র, কিন্তু এই উদ্দেশ্য সাধনের জন্ম মামাদের নীতি ও পদ্ধতির উপর সমান গুরুত্ব দিতে হবে। এবং সেইভাবেই ৰদি আমাদের কাজ চালিত হয় তাহলে বুঝতে হবে যে পথে বাব বলে আমর। সংকল্প করেছিলাম সেই পথেই আমরা যাছি। তা' না হলে কিছু কিছু রান্তাঘাট, কয়েকটা co-operative সংস্থা করে আমর। কিছুই করতে পারব না। Community Development Project বান্তবে রূপায়িত করবার জন্ত শুরুমাত্র জায়গায় জায়গায় কিছু কিছু কাজ করতে পারলেই হবে না। Extension Service C.D. programmeএর agency of the organisation, স্তরাং C.D.P. Extension Workএর সংগে এগিয়ে যাবে এই পদ্ধতি আমরা ঠিক করেছি।

সি. ডি. পি-কে মেটবিয়াল ভ্যালৰ দিক দিয়ে বিচাৰ কৰবাৰ চেষ্টা হচ্ছে। সেজন্ত ১ লক্ষ টাকাৰ বাজেট, এত মাইল রাতা করা হবে, এতগুলো স্থল প্রতিষ্ঠা করতে হবে, এতগুলো কোম্মপারেটিভ করতে হবে ইত্যাদি সব টার্গেটের মাধ্যমেই থেকে যাছে। যেখানে সি. ডি পি-র সামাজিক এবং গণভল্লের উন্নয়ন যেটা শিক্ষামূলক বাবস্থা সে বাবস্থা হচ্ছে না। তার কারণ এরা সেই অঞ্চলের এক একটা সমস্তাকে টার্গেট করেছেন, আর সি, ডি. পি-র লক্ষ্য হচ্ছে একটা মামুষকে টার্গেট করা— এইরকম ফাণ্ডামেণ্টাল ডিফারেন্স রয়েছে। সি. ডি. পি. ঠিক করেছেন যে আমরা একটা মান্ত্রুক টার্গেট করে ভার স্বাঙ্গীন উন্নয়ন করার চেষ্টা করছে। মেটিরিয়াল যা দ্রকার—অর্থনৈতিক উন্নতি সেজন্ত এক্সটেনসান সাভিস রয়েছে। কিন্তু অন্তদিকে সামাজিক বিচারে মামুষকে প্রতিষ্ঠিত করা. ভাকে শিক্ষা দিয়ে সামাজিক ভায়বিচারে প্রতিষ্ঠিত করার যে প্রেণাথাম সেটা একেবারে মাটির ভলায় পড়ে গেছে। আজকে থাবা এই সি. ভি. পি. ও এন. ই. এস. ব্লক পরিচালনা করছেন ভাঁরা এটা বিশ্বাস করেন কিনা সেটা দেখতে হবে। আজকে গ্রামের উন্নতি করব বলে ঠিক করেছি এবং আমর। মেটিরিয়াল ভাগার দিকেই অগ্রসর হচ্ছি কিনা সেমব দেখতে হবে। গ্রামের উন্নতির দিক দিয়ে মোটামটি দেখলে ৫টা জিনিষ দেখতে হবে। Extension serv.ceএর মাধ্যমে সি. ডি. পি. অঞ্চলে কাজ হতে পারে—দেটা হচ্ছে উংপাদনের ক্ষেত্র পুরাতন পদ্ধতিতে চাল রাখার জন্ত আমাদের যে অল্ল উৎপাদন হচ্ছে তার ব্যবস্থা করতে হবে। অন্তাদিকে capital formation—আমাদের যে resourcesএর অভাব ত। সৃষ্টি করতে হবে। তৃতীয় হচ্ছে, যাদের unemployment এবং underemployment যা গ্রামের মধ্যে আছে তা দূর করার ব্যবস্থা করতে হবে। চতুর্থ হচ্ছে, science and technology গ্রামের লোককে শিকা দিতে হবে এবং তার ব্যবস্থা করতে হবে। পঞ্চমতঃ, disintegration in societyর মধ্যে cohesion আনতে হবে। এই এটি বিষয় দর করবার জন্ম C.D.P. প্রোগ্রামের main হওয়া উচিত এবং এর ধারাই উন্নতি করা সম্ভব। আমরা সমস্ত জিনিষ্টার অর্থ নৈতিক উন্নতির জায়গায় সেদিকে মেটিরিয়াল ভালি করছি। কিন্তু এমন অবস্থায় মান্ত্র্য আছে তার অর্থ নৈতিক উন্নতি করতে হলে তারজন্ত অনেক্কিছু করা প্রয়োজন। অর্থ নৈতিক উন্নতির পদ্ভির সঙ্গে গণ্তায়িক দিক দিয়ে সেম্ভিক পেলানা, জাতেদারের হাত পেকে সে জামি পেলা সা। এই হলে কোপায় তার extension service হবে ? Educational programme সেটা ভল করে সারা বাজেটের পাতায় এন. ই. এস. ব্লকে কতটুকু অগ্রগতি হয়েছে দেখানোর জন্ত মেটিরিয়াল ভাাল দেখান হচ্ছে—অর্থাৎ এত মাইল রাস্তা হয়েছে, ৩টা ক্ষুল হয়েছে, ৪টা জীপ, village level workers-এ এত পুক্ষ, মহিলা কাজ করছে। এইভাবেই আমরা সমস্ত দেশে C.D.P. works দেখতে পাছিত। আজ যদি এই পদ্ধতিতে না গিয়ে তাহলে C. D. Programme-কে সম্পূৰ্ণ পরিবর্তন করতে হবে, কারণ there are various other things করতে হবে। আপনার। ঠিক করছেন C. D. Programmeএর মধ্য দিয়ে করবেন। গ্রামের মানুষের মধ্যে যে শক্তির অ্বপচয় হচ্চে দেই শক্তিকে কাজে লাগাবেন ঠিক করেছেন। এই মুপচর হচ্ছে ছটো দিক দিয়ে—একটা শিক্ষার অভাব, আর একটা হচ্ছে সংস্থা। শিক্ষার অভাব যেথানে সেথানে মেটিরিয়াল এড়কেশান দিলে ছবে না। যে শিক্ষার মাধ্যমে চাষী, শিল্পী উন্নতত্ত্ব নাগরিক হতে পারে সেই শিক্ষা দেবার বাবস্থা C. D. Programmeএর অন্তর্ভুক্ত করতে হবে। কিন্তু এ বিষয়ে কোন প্রচেষ্টা হয়েছে বলে

শামার জানা নেই। অন্তদিকে যে সংস্থাকে মেনে চলবে সেই পঞ্চায়েৎ বা সমবায় আমাদের দেশে এখনও পর্যন্ত কোনখানে সভিচ্চাবের গড়ে ওঠেনি। ব্বসভেষর কথা মন্ত্রীমহাশয় বলেছেন। কিন্তু যে সমস্ত ক্লাব গ্রামে ছিল ভাদের কিছু কিছু টাকাপয়সা দেওয়া হয়েছে—ভার মানে য্বসভেষর মধ্যে ভাদের নিজেদের উন্নতির জন্ম ভাদের যে শক্তি আছে, আয়চেভনা ঘটেছে ওদের কাজের ফলে সেটা আমরা দেখতে পাছি না। কিন্তু যে পাঁচটা শিক্ষার কথা বলেছি সেই শিক্ষার আভাস গ্রামে নেই। স্থতরাং সর্বক্ষেত্রে আমরা যেটুকুন দেখতে পাছি, সেটা হছে অর্গ নৈভিক উন্নতি অথবা মেটিরিয়াল ভালু দেবার চেষ্টা হছে। C. D. Programmeএর মধ্যে absolutely educational programme যেটা সেই programme সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে।

[5-40-5-50 p.m.]

যার। করবেন তাঁদের ফেইগ আছে কিনা জানা দ্রকার। তারপর আমি দেখলাম কমিউনিটি ডেভলপমেন্টের দেক্রেটারী বি. মুখার্জী, আই. সি. এদ্. বলেছেন যে, আই হাভ গট ফাইভ ফেইখদ এবং দেওলো হোল-ফেইথ ইন করাল ডেভলপমেণ্ট, ফেইথ ইন দি ক্যাপাদিটি অব্দি করাল পিপল, ফেইপ ইন ডেমোক্রেদী, ফেইপ ইন সোস্থাল জাষ্টিদ এবং ফেইথ ইন সায়েন্স এগও টেকনোলজী। কিন্তু এই ৫টি ফেইথে যদি ওঁদের অফিসারদের বিশ্বাস ন। থাকে তাহলে তাঁরা কি করে সেগুলো মামুষের জীবনে পর্যবসিত করবেন ? তবে আমি বিচার করে দেখেছি যে এই এট **ফেইথের মধ্যে এ দের দেউটা আছে এবং তার মধ্যে একটি হোল করাল ডেভলপমেণ্ট।** আমি বিশ্বাস ক্রিকরাল ডেভলপমেন্ট ওঁরা চায়, কিন্তু ও দের সায়েন্স এগণ্ড টেকনোলজীর যে অফিসার আছেন তিনি গ্রামে গ্রামে গিয়ে বলছেন, তিনপুরুষ ধরে চাষ করছ কাজেই যা করছ তাই কর। কাজেই দেখা যাচ্ছে সায়েন্স এটও টেকনোলজীর যে বিশিষ্ট অফিসার এ দের আছে সেই দেড ফেইথ বিশিষ্ট অফিসার দিয়ে এরা ৫ ফেইথ বিশিষ্ট পরিকল্পনা নিয়েছেন সি. ডি. প্রোগ্রামে কাজ করবেন বলে। **দেইজন্ত আ**জ আমি মন্ত্রীমহাশগকে জিজ্ঞেদ করতে চাই যে, যে দমন্ত অফিদারদের দিয়ে এটা পরিচালনা করবেন তাঁরা এটা বিখাস করেন কি ৪ তা নাহলে এটা বন্ধ করে অভ্যকোন পদ্ধতি **অবলম্বন করুন। তবে** আপনারা যদি এাডমিনিষ্টেটিভ মেথড ভাল মনে করেন তাহলে দেয়ার আর সো মেনি ডিপার্টমেণ্টদ তাদের দিয়ে কাজ করান, আর তা নাহলে সমহ বিপদ হবে। আসল কথা হোল যা করব ঠিকভাবে করব আর তা নাহলে অন্ত পদ্ধতিতে যাব। যা হোক, তারপর গাঁদের অমুকরণে এটা করছেন দেই আমেরিকা বলছে যে—ভারত সরকারী কর্মচাবীদের উপর বেনা করে নির্ভর করছে, স্থানীয় সমস্তা ছেড়ে দিয়ে সমস্ত দেশের সমস্তা একাকার করে এন. ই. এস. ব্রককে ব্যাহত করা হচ্ছে এবং সি. ডি. পি. জনসাধারণের কর্মসূচীর আকারে না থেকে সরকারী কর্মসূচী হয়েছে। কিন্তু যে দি. ডি. পি. জনসাধারণের প্রোগ্রাম দেটা যদি সরকারী কর্মচারীদের প্রোগ্রাম হয়ে থাকে তাহলে কি তারা গিয়ে চাষ্বাস করবেন, কো-অপারেটিভ করবেন, এক্সটেন্সন সাভিস নেবেন বা টেকনোলজী নেবেন ? তারপর স্থার, যারা এসব পরিচালনা করবেন তাঁদেরই বাবস্থা করতে ছবে। কিন্তু দেই পরিচালনার ভার ছিল সার্কেল অফিসারের উপর কিন্তু এখন উল্টে হোল বি.ডি.ও., ছিল ইউনিয়ন এগ্রিকালচারাল এগাসিষ্ট্যাণ্ট উল্টে হোল ভিলেজ ওয়েলফেয়ার ওয়ার্কার। তাহলে কি করে হবে? তারপর উনি ট্রেনিং দিছেন এবং এই ট্রেনিং আফ্টার এাপয়েন্টমেন্ট হচ্ছে। কিন্তু শামার কাছে যেনধিপত্র আছে তার ধারা আমি দেখাতে পারি যে, ওঁদের কমিউনিটি ডেভলপমেণ্টের ষে রিদার্চ ইন্টটিউট আছে তার প্রিক্সিপাল মি: ঈশ্বরণ, আই. সি. এস. যিনি বোশ্বের চিফ্ সেক্টোরী ছিলেন তিনি রিসার্চ করে বলেছেন যে, এই সমস্ত ট্রেনিং যা আফ্টার অ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে তা সমন্ত ফেইল করছে কাজেই পোষ্ট ট্রেনিং-এর ব্যবস্থা করা ছোক। অর্থাৎ চাকুরীতে

আনবার আগে লেখাপড়া শিথিয়ে তারপর কাজে দেওয়া হোক তা নাহলে সমস্ত নষ্ট হবে, সমস্ত ফেইল করবে। কাজেই মন্ত্রীমহাশয়ের কাছে নিবেদন করছি যে টার্গেট দিয়ে প্রোগ্রাম না করে ম্যান দিয়ে করুন এবং তার মধ্যে আপনাদের ফিলস্ফি, কন্সেপ্ট এবং অবজেক্ট থাক। তারপর স্থার, আজকাল যে সমস্ত অফিসাররা আরবানে গিয়েছে তাঁরা যদি আরবান মনোভাবাপন্ন না হয় বা তাঁদের মনোভাব যদি পরিবর্তন নাহয় তাহলে হোল প্রোগ্রাম নষ্ট হবে এবং ইট উইল বি এ রেভিনিউ আাডমিনিষ্টেদন এগাও নট এ কমিউনিটি ডেডলপমেণ্ট প্রোগ্রাম। কাজেই আজ আমি আপনার কাছে নিবেদন করব যে, আপনি আর সি. ডি. ও. রিক্র্ট না করে আগে ট্রেনিং দিয়ে উপযুক্ত লোক ভৈরী করে তারপর তাঁদের নিয়ে আম্লন। আমি দেখেছি আমেরিকায় এন. ই. এস. ব্লক আসবার ২৫। ২০ বছর আগে তারা সেখানে ইন্টিটিউট খুলেছেন। কাজেই আপনারাও সেরকম করুন। তা নাহলে আপনার হুধ নেই অধচ আপনি হুধ বিভরণের প্রোগ্রাম নিলেন—তা কি করে হবে। ভারপর অফিসাররা দোষ করলে বা ঘষ নিলে আপনারা তাঁদের শান্তি দেন এবং এটা দেওয়াও উচিত। কিন্তু সি. ডি. ও.-দের শাস্তি হওয়া উচিত যদি তাঁরা জনসাধারণের সঙ্গে কথনও ত্র্বাবহার করেন বা যদি তাঁরা জনসাধারণের সঙ্গে মিশতে না চান বা যদি জনসাধারণ তাঁদের কাজের জন্ম তাঁদের উপর বীতশ্ৰম হয়। কারণ যে কাজের জন্ম যে লোক রাথা হয়েছে তাকে সেই কাজের মাপকাঠি দিয়ে বিচার করতে হবে। কাজেই ভুধু ভাল লোক হলেই চলবে না, মানুষের সঙ্গে মিশতে পারা চাই এবং যে মিশতে পারবে তাঁকেই নেওয়া উচিত। তারপর আরবান এড়কেটেড পিপল এই বইর মধ্যে দেখলাম যে আজকাল ছেলেরা লেখাপড়া শিথছে। কিন্তু লেখাপড়া শিখে ব্লকের মধ্যে যাদের বাড়ী তারা দরখান্ত করলে চাকরী পায় না বা সাগর ব্লক সমদ্রের মধ্যে সেখানের লোক দরখান্ত করে চাকরী পায় না অপচ দেখানে যে হেড ক্লাক আছেন তার ভাইপো দেই চাকরীতে বদে গেল। এই করে কি এন. ই. এম. ব্লক হবে ? যা হোক আমার সর্বশেষ কথা হল যে, এটা হচ্ছে স্ভিট্টিকারের একটা বিপ্লবাত্মক কর্মসূচী এবং এর মধ্য দিয়েই দেশকে বাঁচান যাবে। তবে আপনাদের হুতে পড়ে এটা বেন ধ্বংসপ্রাপ্ত না হয় এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Chitto Basu: মাননীয় ডেপুট ম্পীকার মহাশয়, আজকে সি. ডি. পি. এবং জাতীয় সম্প্রদারণ ব্রক সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয় যে পার্যন্তিক বক্ততা দিয়েছেন তা আমরা শুনেছি। সর্বপ্রথম আমি ওপক্ষের হংস্থ্রজ ধাড়া মহাশয়কে অভনন্দন জানাই কেননা ভিনি এভদিন পরে এই দি. ডি. পি. সম্পর্কে কতকগুলি মৌলিক কথা উত্থাপন করেছেন এবং সেই মৌলিক কথা উত্থাপনের মধ্য দিয়ে এই যে প্রোগ্রাম—এই প্রোগ্রামের প্রতি দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছেন। অবগ্র থারা প্রোগ্রাম রচন। করেছেন তাঁরাও খাগে দৃষ্টি আকর্ষণ করেছেন। কিন্তু দেওলিকে সরকার কার্যকরী করতে পারেননি। সরকার যদি এ কথা নিজে স্বীকার করেন যে গুধুমাত্র বিভিন্ন খাতে ব্যয়বরাদ করে সেই অর্থ থরচ ক্রাটাই হচ্ছে তার অগ্রগতির মাপকাঠি তাহলে আমি দেখাব খরচের মাপকাঠির ক্ষেত্রে তাঁরা অগ্রগতি করতে পারেননি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের কাছে যে একথানা বই দেওয়া হয়েছে ভাতে Second Five Year Plan perioda বিভিন্ন প্রোগ্রাম কি অগ্রগতি হরেছে সে সম্পর্কে একটা বিস্তৃত তথ্য রাখা হয়েছে। তাতে আমরা দেখতে পাচ্ছি Community Development Projects and National Extension Service-থাতে দিতীয় পঞ্চবাৰ্ষিকী পরিকল্পনার আমলে ১৪ কোটি ৬১ লক্ষ ৮৭ হাজার টাকা বায় বরাদ্ধ কর। হয়েছিল এবং total expenditure in 1956-61 হচ্চে ৯ কোটি ২৮ লক্ষ্ণ হাজার টাকা অর্থাৎ খরচ করাটাই যদিসামাদের অগ্রগতির মাফকাঠি হয় ভাহলে এই যে ৎকোটি টাকা খন্নচ করতে পারেননি ভাতেই এই জিনিসটা লক্ষা করা বেতে পারে। কাজেই আমার মনে হয় খরচের মাফকাঠি দিয়ে অপ্রগতি করা সম্ভবপর হয়নি। অপর দিকে যে খরচটা করা হ'ল ভার ঘারা আমরা কভটক কি উন্নতি কৰতে পেৰেছি সে সম্পর্কেও চিস্তার অবকাশ আছে। সে সম্পর্কে অহান্ত সদন্তবা বিচার করেছেন, আমি সে সম্পর্কে বলে সময় নষ্ট করব না। এইসমন্ত কাজ করতে গেলে people's contribution প্রয়োজন, people's attitude প্রয়োজন। People's contribution সম্বন্ধে এই প্রেকাতে বলা হয়েছে—'The villagers' voluntary contribution in the shape of cash, kind or labour for implementation of the programme in its various sectors came to Rs. 78:15 lakhs during the period under review.' কিছু এই যে কন্ট্রিবিউসানের কপা বলেছেন এই কন্ট্রিবিউসান সম্পর্কে Seventh Evaluation report কি বলেছেন সেটা একট্র পড়ে দেখাছি। Seventh Evaluation report এর ৮৮ পাতায় বলা ছল্ডে The average contribution of people amounted to Rs. 67:666 per block and Rs. 0:80 per capita in 1958-59.

'There have also been reports of inflation of the estimates. Sometimes this inflation has also been the result of inclusion among the public projects of items of work of individual or private benefit.'

অর্থাৎ এই যে বিরাট পরিমাণ টাকা peoples voluntary contribution হিদাবে পেয়েছেন এ সম্পর্কে তাঁর। উল্লেখ করেছেন যে এগুলি inflated estimates অর্থাৎ কেউ কেউ ব্যক্তিগত কারণে যেসমন্ত কারগুলি করেছেন তাকেও এই হিদাবের মধ্যে চুকিয়ে দিয়েছেন। আমার নিজের ব্যক্তিগত অভিন্তাতা আছে যে গ্রামাঞ্চলে থার। নাকি অপেকারুত একটু ধনিক সম্প্রদায় তাঁরা তাদের অঞ্চলে জলের কল, রাভাঘাট নির্মাণ করবার জন্ত কন্ট্রিবিটট করে থাকেন। তার একমাত্র উদ্দেশ্য হচ্ছে যাতে তার। তাদের অঞ্চলে খানিকটা বেনিফিট পান। গরীব লোকের মনে কোনরকম উৎসাহ, আশা নেই এবং এই প্রোগ্রামকে তার। তাদের নিজেদের প্রোগ্রাম বলে গ্রহণ করতে পারছেন না, এই কথা এই বইতে বলা হয়েছে। আমরা বিরোধী পক্ষের লোক এ কথা বলে থাকি—আনন্দের কথা হংসপ্রজবাব এখন এ কথা বলতে শুরু করেছেন।

[5-50—6 p.m.]

ভারা বলছেন পিপলন্ য়াটিচুড সম্পকে most people in these areas, i.e., block areas, look upon the C.D. programme as a Government Scheme for rural welfare. আবো বলছেন majority of the people think that since the Government is out to develop the rural areas it should do everything without seeking any contribution from the people. আবো বলেছেন—

The majority of the villagers do not regard it as their own programme and seem to rely mainly on the Government to effect the development of the rural areas. The basic philosophp and approach of the C.D. programme are therefore inadequately subscribed by the people of these areas....

অব্থিৎ জনসাধারণ এটাকে নিজের বলে গ্রহণ করেন না এই কথা বলেছেন। যাহোক এড সমালোচনা করার পরেও আমি মনে ক্রুরি গ্রাম উরয়নের জন্ম তাদের হাতে কিছু পরিমাণ হ্রোগ স্থবিধা তুলে দেওয়ার জন্ম এই প্রোগ্রামকে সমর্থন করা একান্ত প্রয়োজন কিন্তু বর্তমানে যে অবস্থায় এটা পরিচাশিত হচ্ছে ভাতে এর সংশোধন হওয়া প্রয়োজন। যদি এটা সংশোধন করা নাহয় ভাইলে যে উক্লেক্স নিয়ে এটা করা হয়েছে ভাকার্যকরী হবে না। এই প্রসঙ্গে আমি ২০টা সাজেসানের কথা বলতে চাই। আপনি জানেন যে বিভিন্ন ব্লক এ বিষয়ে সার্কেল অফিসারর। াকদিক দিয়ে উন্নয়নমূলক কাজের দায়িত্ব গ্রহণ করেন, তাঁরা ডেভেলপমেণ্ট কমিটির সেক্রেটারী অপুৰদ্ধিক তাঁৱা একজিকিউটাভ অফিসার, এস. ডি. ও.-ব অধীনে সার্কেল অফিসার. রেভিনিউ অফিসার হিদাবে দার্টিফিকেট জারী করেন, পরোয়ানা জারী করেন, লোকের উপর বিচার করেন ইতাদি একজিকিউটাভ অফিদার হিসাবে তাঁদের দায়িত্ব পালন করেন কিন্তু ডেভেলপমেণ্ট ওংার্ক করতে গেলে শাসনের মানদণ্ড দিয়ে ডেভেলপ্যেণ্ট ওয়ার্ক করা যায়না, রক্তচক্ষ করে শাসন করে ক্রনগধারণের সহারুভতিকে তাঁদের দিকে টেনে আনা যায় না। সেজন্ত আমাদের সাজেসসন হচ্ছে যদি সার্কেল অফিসার করতে হয় ভাহলে অন্ত লোককে সার্কেল অফিসার করুন, বি. ডি. ও.-কে সার্কেল অফিসারের দায়িত্ব দেবেন না। বিতীয় কথা হচ্ছে আমাদের দেশের গ্রামের ক্রফেরা রাইটার্স বিল্ডিংস দেখলে ভয় পায় অর্থাং আমলাতান্ত্রিক কর্মচারীদের যে ব্যবহার বা চুর্বহার ভার সঙ্গে তারা পরিচিত নয়। গ্রামের লোক সহজ সরল মাতুষ। তাদের পারিপার্থিক অবস্থার সঙ্গে খাপ খাইয়ে যদি সহামুভতির কথা বলতে পারেন এবং তাদের নিজেদের লোক বলে মনে করতে পারেন তবেই কাজ হবে কিন্তু ব্রক ডেভেলপমেন্ট অফিনগুলি ফুদে ফুদে রাইটার্স বিল্ডিংস। যদি এই ক্লদে রাইটাস বিল্ডিংস অপসারণ করতে পারেন, যদি জনসাধারণ একথা মনে করতে পারে যে এগুলি ক্ষদে রাইটার্স বিল্ডিংস নয়, সদর দপ্তরখান। নয়, এগুলি তাদের নিজম্ব অঞ্চলের উন্নয়নের জন্ম হয়েছে এবং এখানে তাদের প্রবেশাধিকার আছে তবেই উন্নয়ন্মলক কাজে তাদের সহযোগিতা পেছে পারেন। আপনারা যে গ্রামদেবিকাদের নিয়োজিত করেছেন তাঁল সব সহরে পড়া মেয়ে, সহরের ক্রচির সঙ্গে তাঁরা পরিচিত। কাজেই গ্রামামেথেদের সঙ্গে তাঁদের কি করে যোগাযোগ হবে ৪ স্থান্তর খামি বলবে৷ গ্রামের মেবেরা বাদের মাসীপিসী বলেন, দিদি বলেন, বাদের সঙ্গে ঠাদের একটী গ্রাম্য সম্পর্ক গড়ে উঠেছে তাদের ভেতর থেকে এইসমন্ত করা হলে তাদের সঙ্গে উৎসাহ সঞ্চয় কৰা সন্তৰ হোত। তানা কৰে ঠোট রাঙ্গানো হাই হিল জ্তো পরে, বং-বেবং-এর শাডী পরে গ্রামের প্রজাপতি হলে গুরে বেডালে গ্রাম্য মহিলাদের আকর্ষণ করা যায়না, বরঞ্চ সমস্ত সমত পোগ্রাম থেকে তাঁরা দূরে হরে যাবার চেষ্টা করে। কাজেই এই প্রোগ্রামকে কার্যকরী করবার জন্ম এই আমার সাজেস্সন। অপ্রপ্তেক যদি আপুনার সময় হয় – অধিকাংশ সময়ই হুঃভ আপুনি অমান—ভবও বুলি যদি সময় হয় ভাহলে যে ইউ. এন. মিশন এখানে এসেছিলেন তাঁৱা কমিউনিট ডেভেলপমেণ্ট প্রোজেক্ট সম্বন্ধে যে রেকমেণ্ডেসন করে গিয়েছিলেন সেই নোট আমার কাছে আছে, সময় নেই, কিন্তু অফুরোধ করবো তারা যে রেকমেওসন করেছেন যদি পারেন ছো সেগুলি দেখবেন।

Shri Ajit Kumar Ganguli: মাননীয় স্পীকার মহাশয়, অনেক কিছু আলোচনা হলো।
আমি মনে করি হংসধ্বজবাবু যে কথাটা তুলে ধরেছেন, সেটা মন্ত্রী মহাশয় লক্ষ করবেন। আমি
গ্রামাঞ্চলের গুটিকয়েক দিক বিশেষ করে কৃষকদের দিক তুলে ধরতে চাইছি। আপানারা যে বিপোর্ট
দিয়েছেন তা'তে দেখাবার চেটা করছেন উল্লয়নের কাজ: এটার নাম দিয়েছেন সমাজ উল্লয়ন সংস্থা।
আমি প্রথম ধরি—এই গ্রামের উল্লভির একটা লক্ষ্য হচ্ছে গ্রামের সংগে সহরের যোগাযোগ নিবিড়
করা, অর্থাৎ রাস্তাবাটের উল্লভি করা এই যে বাতা Block Development থেকে হয়েছে; এটা
কি সমাজের কৃতদাস দিয়ে করার চেটা করছেন, না, অন্ত্রদাস দিয়ে চেটা করছেন ? এর জ্বাব
চাই। উল্লগ্রন কিছু জায়গায় হয়েছে, টেট-বিলিফের ঘারা যদি রাস্তা তৈরীর কাজ চলে, ভাহলে এটা
কি উল্লয়নের লক্ষ্য ? আপনারা রাস্তার যে পরিমাণ দেখাছেন, ভার 99 percent রাস্তা হছে টেট
বিলিফের বাতা। সেটা কিসের উল্লভি ? কোন উল্লভি প্রকাশ করে ? ভাক্তারবারু বেটা তাঁর
জ্বাবে বলবেন। উল্লভি কিছু হয় নাই ভা'নয়, সে হছেছে— দারিন্তোর উল্লভি হয়েছে। Block

Development থেকে আপনারা রাস্তা সৃষ্টি করছেন বলে বলছেন; কিন্তু আসলে তেলাপোৰ পানীর রাজত্বে কোন development হতে পারে না। চিত্তবাবু ও হংসধ্বজ্ঞবাবু বলেছেন খু হোকিষের দল তেলাপোকা পাখী হয়েছে। এদের একটা হ্যরাহা না করলে রাভা নির্মাণ করা ধাবে না।

ভারপর Irrigationএর কথা। এই Irrigationএর ব্যাপার নিয়ে অনেক আলোচনা হয়েছে। স্মরজিংবাবু নদীয়ার লোক, অ.মি ২৪-পরগণার লোক। আমরা কাছাকাছি থাকি, তাঁকে জিল্পানা করি Small Irrigationএ থাল কাটতে হলে ১০ হাজার টাকার হিসেব দিতে হবে কি করে বলতে পাবিন ? দশ হাজার চার শো হয়ে গেলে দেটা Irrigationএর মধ্যে চলে যাবে—ঐ অজমবাবুর ওথানে চলে যাবে। তাহলে আর Irrigation হলো না। ফলে হছে না কিছু। Small Irrigationএর জন্ম বনগা থানায় ৪০ হাজার টাকা allotment হয়েছে, কিন্তু আজও sanction হয় নাই। এই প্রসংগে একটা কথা মনে পড়ে গেল, বল্লভভাই যথন Home Minister তথা Pinance ছিল মুসলীমের হাতে। একটা চাপচাসীও তিনি নিযুক্ত করতে পারবেন না—কারণ টাকা sanction করার ক্ষমতা তাঁর হাতে নাই। Development ব্লক আপনারা করছেন; কিন্তু তাতে টাকার Sanction নাই, কি করে development হবে?

এই দেখুন চিঠি—Superentending Engineerএর, Secretary of Agricultureএর। ২৭১০ ও ১৫১১ ভারিখের তুজনের ছটো চিঠি। আজকে মার্চ মাস শেষ হতে চললো, Financial Yeer শেষ হলো, এখনো টাকা এসে পৌছায় নাই। কোপায় টাকা ?

তারপর Pumping Plant সম্বন্ধে একটু বলি। বহুটায় '৫২টি গ্রাম একটা পানায় প্রায় ১৩৬ বর্গমাইল area, দেখানে ৫ বছরের মধ্যে একটি Pumping Plant গিয়েছে। আমাদের ঐ অঞ্চলের মর্জ বিলবাণ্ডড অঞ্চল আরে নাই। দেখানে যদি সামান্ত এই pumping plant কিছু supply করতে পারতেন, তাহ'লে আমাদের অনেক উন্নতি হতো।

ভারণর Veterinaryর ব্যাপার একটু বলি। এই Veterinary সম্বন্ধে সকলের জানা দরকার। ছেলেপুলের অস্থ হলে কোলে করে আনা যায়, বয়স্ব হলে রিক্সা করে আনা যায়। কিন্তু গ্রামাঞ্চলে তো গরুকে আর রিক্সায় করে আনা যায় না, ঘাতে করেও আনা যায় না অস্থ্যবিস্থ হলে। সে একটা কঠিন সমস্থা। আপণাদের ব্লকে যে Veterinary Officer আছে, ভাদের কাছে গিয়ে রোগের কথা বললে ভাঁরা বলেম—রোগাঁকে এখানে নিয়ে আস্থন। যদি ভাই করতে হয়, ভাহলে এই খুদে হাকিমদের দায়িত্ব কর্তব্য কি ৪ আগেও বলেছি, এবারও বলতে হচ্ছে।

[6-6-10 p.m.]

ভারণর আপনাদের বীজ ধান বিলি করা সম্পর্কে একটু বলতে হয়। আপনারা বীজ ধান বিলি করেছেন। আর একটা জিনিষ বলতে চাই, আপনারা যে বীজ ধান বিলি করছেন, সেই সম্বন্ধে। এই বীজ বিলি করা সম্পর্কে একটা নৃতন শব্দ শুনেছিলাম official clique. অবশু আমরা রাইটার্স বিল্ডিং-এর official clique বলতে যা বৃষ্ধি, এটা ভা'ঠিক নয়। একজন অফিসার বললেন Switzerlandএর মন্ত এখানে theory of saturationএর কথা চিন্তা করতে হবে। কিন্তু saturation আমরা কোথায়ু করবো। এইবক্ম করতে থাকলে সমন্ত গ্রাম একেবারে saturated হয়ে যাবে। ছোটবেলায় শুনেছিলাম তেঁতুলের বীজ বিক্রয় করবার কথা। এইভাকে যদি saturation করে ক্ষির উন্নতি করতে হয় ভাহলে ভার দ্বারা গ্রামের ক্ষমকদের কোন উন্নতি

ছবে না। সমস্ত ক্বৰক ও কৃষি একেবারে শেষ পর্যায়ে এসে দাঁড়াবে। এই জায়গায় আপনার। ভাদের নিয়ে বেতে চলেছেন। এই হচ্ছে আপনাদের গত পাঁচ বছরের মধ্যে কাজ। এই theory আপনাদের বর্জন করতে হবে।

ভারপর আপনার। seminar করে social education centre থুলেছন। দেশছি সেধানেও ঐ official clique. কোন অফিসারের মাধার চুকেছে দশটার বেশী social education centre করা যাবে না, করলে ক্ষতি হবে। একবার ভেবে দেখুন ত ১৫২টা গ্রামে পাঁচ বছরে মাত্র ১০টা social education centre ছাপন করলেন। আপনি ত হিসাব দিয়েছেন গ্রামে কয়েকজন লোক লেখাপড়া শিখেছেন। গ্রামাঞ্চলে যারা একটু অবছাপন্ন, গণ্যমান্ত ব্যক্তি ভাদের সংগে নিয়ে social education centre করবার চেষ্টা করছেন, তাতে গ্রামের সাধারণ লোকের কোন উপকারে আসে না। গ্রামের মেয়ে বলতে আমরা যাদের বুঝি, তাদের সংগে নিয়ে, social education দিয়ে সবাইকে এগিয়ে আসতে হবে। আমি নিন্দা করছি না, তিনি ডাক্টার হয়ে গিয়েছেন এবং ঐ ডাক্টারবাবুর স্ত্রী হচ্ছেন social educationএর সেক্টোরী। এইভাবে আপনারা গ্রামের মধ্যে social education বিস্তার করছেন। যদি সতাই গ্রামবাসীরের social education দিয়ে শিক্ষিত করে তুলতে চান ভাহলে অন্ত পছা অবলম্বন করতে হবে।

তারপর প্রাইমারী স্কুল বিল্ডিং সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রী মহাশায়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত পাঁচ বছরে আপনি কয়টি প্রাইমারী স্কুল বিল্ডিং করেছেন! ১৬০টি করবার কথা ছিল, তার মধ্যে মাত্র ৯টি স্কুল বিল্ডিং করেছেন গত পাঁচ বছরের ভিতর। এই হচ্ছে সমগ্র বাংলাদেশের চিত্র।

ভারপর বাংলাদেশের industryর ক্ষেত্রেও ঐ ব্যাপার। সেখানেও official clique রয়েছে।

কটেজ্ ইণ্ডান্টর যিন সেকেটারী, তিনি দিও নিয়ে গুব বাস্ত। সেই ভদলোক যথন গ্রামে যান, তার মাধায় ঘুবছে দড়ি। অগাৎ দঙিশিলে থুব উৎসাহ দিয়ে গ্রামের বিভিন্ন জায়গায় যাতে এই শিল্প গড়ে ভোলা যায় তার জন্ম তিনি চেটা করছেন। অধ্যক্ষ মহাশয় আপনি বোধহয় জানেন, মন্ত্রী মহাশয় যদি মালয় যান, তাহলে সেখানে দেখতে পাবেন, গ্রামে কি ধরণের বুটরশিল্ল হয়। আপনি এখানে ঘেদমন্ত অফিদার নিয়োগ করেছেন, তাঁরা সব ভূল কাজ করছেন। তাদের এমনভাবে শিক্ষিত করে ভূলেছেন। তাদের ধরে ধরে একবার 'মালয়' নিয়ে যাবেন, দেখবেন সেখানে ভালা গ্রামের মধ্যে cottage industry কোথায় পিছিয়ে পড়েছিল, তাকে টেনে ভূলে কোথায় নিয়ে গিয়েছেন। আরু আজ আপনারা আমাদের দেশের কুটারশিল্ল কোথায় ছিল, আপনারা ভাকে কোথায় নিয়ে যাছেন, ভার গলায় দড়ি দেবার বন্দোবন্ত করেছেন।

Shri Parimal Ghosh: মাননীয় ডেপুটী স্পীকার মহাশ্য, আমার সময় অত্যন্ত অল্ল, এই অল্ল সময়ের মধ্যে আমি ত্-একটা বিষয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশ্যের কাছে আমার বক্তব্য রাথতে চাই।

এই বিভাগের মন্ত্রী যিনি, তাঁর দায়িত্ব থুব বেণী; সেইজ্ম এই ডিপার্টমেণ্টের একটা চুবির ব্যাপাবের প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এবারে প্রাণ অর্থাৎ আগের ১৫টি extension block এবং ৩৮টি নৃতন new extension block করার কথা ছিল। কিন্তু এইসকল কাজের একটিও সমাধান করতে পারা যায়নি, তার কারণ, এগ্রিকালচার য্যাসিষ্ট্যাণ্ট অফিসার থার। আছেন, তাঁরা কেউ কাজে join করছেন না।

ধ প্রধান কারণ হচ্ছে আমি Agriculture Budgetএর দিনই বলেছি যে এদের pay scale মৃতি ক্ষুত্র ধরণের এবং আমি এও জানি ডাঃ সামেদ নীতিগডভাবেই স্বীকার করবেন যে এটা স্মৃত্যন্ত

বাজে। সেদিন মাননীয় তরুণকান্তি ঘোষ মহাশয়ও বলে গেছেন এর জন্ত তিনি বথাসাধ্য করবেন। আমি ব্যুতে পারছি না এই হতভাগ্যদের জন্ত কিছু করা হবে কি না! কিন্তু যেখানে হজন Cabinet মন্ত্রীর সহায়ত্তি আছে আমি আশা করবো এবং সর্বান্তঃকরণে আশা করবো এ-বিষয়ে তারা নিশ্চয়ই চেষ্টা করবেন। তারপর এখন পর্যস্কু 189 Block আমরা খুলেছি, তার মধ্যে দেখতে পাই ৫৭টিতে A.E.O. নাই। এরপরে 1963র মধ্যে 341 Block খোলা হবে—এতে যে বিরাটসংখ্যক A.E.O. দরকার হবে, সেটা কোপা পেকে পাওয়া যাবে আমি তো বৃষতে পারছি না। আমি মনে করি recently যে advertise করেছেন তাতে একটি A.E.O.ও পাবেন না যদি-না তাদের grade ভাদের মাইনের উন্নতি না হয়, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Dhirendra Nath Baneriee: ডেপ্টা স্পীকার মহাশয়, আমার আগে বন্ধরা Development Project मस्रक गर्पष्ठ वरलाइन। जाभात এक है। कथा भरन इस, এই यে Project —এটা হল একটা মাছ ধরা পোলই খাঁচার মত to fish in troubled water—দেশে যখন সমাজ ভেংগে পড়েছে, ক্রমে ক্রমে ক্রমকের হরবস্থা চরমে উঠেছে, খেতে পায় না, পরতে পায় না—ভাদের মাৰা গুঁজবাৰ ঠাই পৰ্যন্ত নাই ভারপর লক্ষ লক্ষ Refugee পুন্রাসনের জন্ম এসে এখানে উপস্থিত হয়েছে, তাদের মধ্যে রুষক আছে, কুটীরশিল্পী আছে যারা সবাই বেকার। তাদের পুনর্বাসনের জন্ম এবং আমাদের গ্রামীণ অর্থনীতির উন্নতির বাবস্থা করা দরকার— থাকেই বলতে পারি সমাজ উন্নতন পরিকল্পনা। কিন্তু এই যে পরিকল্পা এটার ভিত্তি সমাজের জনসাধারণ নিয়ে নয়। এটা কংগ্রেস সরকার উপর থেকে চাপিয়ে দিয়েছে এবং চাপিয়ে গুধু নয় এক-একটা beureaucratic machine. এক-একটা Block বসান হয়েছে মাথার উপর এবং এর সংগে জনশক্তির বান্তবে যোগাযোগ নাই। এই যে সংগঠন করা হয়েছে ভাতে কেন্দ্রীয় সরকার জনশক্তির উপর নির্ভর করে করেছেন কি না সন্দেহ কেন না জনশক্তি, তাদের আর্থিক শক্তি নিযুক্ত করে নিজেদের উন্নতি করবে সমাজকে উন্নতি করবে তার কোন পরিকলনা এর মধ্যে নাই। এর মধ্যে আমরা দেখতে পাই জনসংধারং তাদের শ্রমের বিনিময়ে সামান্ত যে মজুরী পেতে পারে তার ব্যবস্থাও এখানে নাই বললে চলে। কারণ ৫০ ভাগ দেবে সরকার এবং শতকরা ৩০ ভাগ দেবে জনসাধারণ ভবে কাজ হবে কিন্তু গরীৰ জনসাধারণের অর্থে গ্রামোন্নয়নের জন্ম রাস্তাঘাট, পুকুর খনন বা নিজেদের কোন irrigationএর জন্ম কিছু করতে গেলে আর্থিক শক্তিতে কলোয় না। অতএব কি হয় ?

[6-10-6-20 p.m.]

e 16.

কিন্তু এইগুলিতে হবে কি, কংগ্রেসের নেতৃত্ব যার উপর সদয় হবে সেই জোতদার, জমিদার, money lender যারা—এই 50 percent, 25 percent, 30 percent দেবার যেসমস্ত স্থযোগ আছে—তারাই সেই স্থযোগগুলি নেবে। এবং এর ফলে বেখানে প্রয়োজন সেই প্রামেনা করে যেখানে এইরকম স্থবিধাবাদী লোক আছে, যাদের উপর কংগ্রেস সংগঠন সদয়, ভাদের ওখানে সেগুলি হবে। যার জন্ত জনসাধারণের প্রয়োজনে সেই পরিকল্লনা কার্যকরী হয় না। যে terms and conditions আছে সেই terms and conditions এ সরকারী সাহায্য নিয়ে ঠিকভাবে যদি পরিকল্লনা করা যেতো তাহলে সমাজের উন্নতি হোত। কিন্তু তা' না হয়ে এর উপর bureaucratic machineর চাপ পড়ছে। এই machinary যদি সামগ্রিক সহযোগিতা নিয়ে কর্মের প্রেরণা ও সমাজ কল্যাণের কাজে নিযুক্ত থাকতো তাহলে আজকে কিছুটা এর উন্নতি হতে পারতো। কিন্তু সরকারী ব্যবস্থায় এমনভাবে সংগঠন করা হয়েছে যে Blockর মধ্যে B. D. O.র সংগে Agricultural Officer এর বনে না, Co ope: ইণ্ডি Inspecter-এর সংগে বনে না, গ্রাম সেবক যারা থাকে হাদের সংগে Social Education

Officera বনে না। শুধু তাই নয় তাদের উপর পেকে কা'র নির্দেশ তারা মানবে তার ঠিক নেই। কারণ District Agriculture Superintendent তিনি Agricultural Extension Officerকে control করবেন, না B.D.O. control করবেন। যেখানে B.D.O.র মাধ্যমে Agricultural expert দিয়ে শতকরা ৮০ ভাগ কৃষির উন্নতি করার প্রয়োজন তার initiative নেওয়া হয় না। আমরা দেখতে পাচ্ছি যে ছোট ছোট Irrigationর জন্ত ২০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, তার মধ্যে ৭ লক্ষ টাকা ফিরে গিয়েছে। House building ৩০ লক্ষ টাকা ধরা হল, তার মধ্যে মাত্র ২০ লক্ষ টাকা থরচ হল। যেসমস্ত পরিকল্পনা গ্রহণ করা হবে সেখানে যারা নেতৃত্ব নেবেন সেসব রাজনৈতিক দল তারা যদি direct জনসাধারণের সংগে সহযোগিতা করে তাদের খাওয়া পরার ব্যবহা না করতে পারে তবে সে পরিকল্পনা কায়করী হবে না। এবং সেজন্ত আথের অপচন্ন হবে। এই অপচন্নের ফলে সংগঠন ভেংগে যাবে ও জাতির অকল্যাণ বেড়ে যাবে এবং সেখানে এই সরকারের কবর সন্থি হবে।

Shri Hemanta Kumar Ghosal: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, NES block এবং CDP সম্বন্ধে কংগ্রেদপক্ষ থেকে করা হয়েছে এবং বিশেষ করে হংসধ্বজবার এখানে যত সমালোচনা করলেন, আমি জানি না তাঁদের আভান্তরীণ পার্টি মিটিংএ এই সমালোচনা করেছেন কি না। যে নীতি মন্ত্রীমণ্ডলীর তরফ থেকে নির্ধারণ করা হয় সেই নীতির যদি তাঁরা পার্টিগতভাবে সমালোচনা করার সাহস দেখাতে পারেন ভাহলে এখানে বভ বভ কথা বলার চেয়ে বেশী কাঞ্চ করতে পারবেন। কিন্তু এটা তার। পারবেন কি না তাতে আমার সন্দেহ আছে। আজকে এমন অবস্থায় এসে দাঁডিয়েছে যে, কঠোর সমালোচনা করা ছাভা পথ নাই। বিভিন্ন ব্লকে ঘুরে ঘুরে আমি দেখেছি যে, যাদের দিয়ে এই পরিকল্পনা কার্যকরী করার চেষ্টা হচ্ছে, ডাদের মান্সিক গঠন এই কাজের জন্ম মোটেই উপযুক্ত নয়। Block Officerরা গ্রামাঞ্চলের সাধারণ মান্নুষের দ্বারা বিড সাহেব', 'ছোট সাহেব' বলে দ্যুধিত হন। যাদের সেবা তারা করবেন তাদের সংগে অফিসার ও কর্মচারীদের যদি এই সম্বন্ধ হয় ভাহলে গ্রামোন্নয়নের কাজ কতদ্র কি হবে ভা' সহজেই অমুমেয়। এইদ্র অফিদার এবং কর্মচারীদের আদ্বকাষ্ট্রা, চলাফেরা আমাদের দামাজিক অবস্থার সংগে আদে মিলে না। আমার প্রথম কথা হল, অনগ্রসর অঞ্চলকে সগ্রসর করা, রাতাঘাট করা, টিউবওয়েল খনন, সেচব্যবস্থা এগুলি যেমন এই পরিকল্পনার একটা দিক, তেমনি আরেকটা দিক হল, থাদের দিয়ে এই পরিকল্পনা কার্যকরী করবেন তাঁদের মনের মৌলিক পরিবর্তন- কিন্তু আমার প্রশ্ন হল, সরকার এই বিষয়ে কি করেছেন ? এই প্রসংগে আরেকটা বলা দরকার যদিও কিছুটা বুঠার সংগেই বলতে হচ্ছে—যেসব গ্রামসেবিকা গ্রামে গ্রামে যাচ্ছে তারা যেন আমাদের সমাজের লোক নয়, আমাদের সমাজের মানুষের সংগে তাদের কোন মিল নাই। আপনারা কতগুলি প্রজাপতি গ্রামের মধ্যে ছড়িয়ে দিয়েছেন। এতে নৈতিক অধঃপতন বেড়ে যাচ্ছে এবং আদল উদ্দেশ্যও বার্থ হচেত। হয় এর পরিবর্তন করুন, না হয় বন্ধ করে দিন।

ভারপর, এথানে এক বন্ধু বলেছেন ক্ষির উন্নয়ন ব্যতীত ক্ষকদের অবস্থার উন্নতি স্থানুবাছত। Agricultural Officer, অমুক অফিসার, তমুক অফিসার নাম দিয়ে পাঠিয়ে দিচ্ছেন আপনারা, কিন্তু তাঁদের অনেকেরই প্রত্যক্ষ অভিজ্ঞত। কিছু নাই। আমার কাছে ট্রেণিংপ্রাপ্ত কর্মচারী বারা সভ্যিকারের কাজ করতে চান তারা এমন কথাও বলেছেন, আমাদের যা' মাইনে দেওন্না হয় ভাতে থামে পেকে হাভেকলমে কাজ করা সম্ভব নয়। স্কুত্রাং তাঁবা ছেডে দিয়ে চলে যাছেন।

[6-20-6-30 p.m.]

Block Development Officerদের জন্ত তো টাকার অংক ঠিক আছে, তাদের জন্ত জীপ-

গাড়ী, অমুক-ভনুকের অনেক ব্যবস্থা আছে, কিন্তু বাদের দিয়ে কাজ করাবেন তাঁদের বেলায় ভাপনাদের এই কার্পণ্য কেন ? আজ এমন অবস্থা হয়েছে বে, National Extension Service block এগুলি এক একটা রাজনৈতিক আখড়া হয়েছে এবং তাদের মাধ্যমে গ্রামোন্নয়নমূলক কাজের পরিবর্তে দশীর রাজনীতি পরিবেশন করার ব্যবস্থা হচ্ছে। এই পরিকল্লনার মূল উদ্দেশ্য-মান্নবের দেবা—ভাকে বাৰ্থ করে দিয়ে যদি এইভাবে block চালান হয় ভাহলে অচিরে এর বিনাশ অবশ্রস্তাবী। এর মধ্যে কোনটা আপনাদের প্রক্লন্ত উদ্দেশ্য, আমাদের স্পষ্ট করে বলুন। স্থার, अमन block । चार् द्यशान advisory committee পर्यन्त इश्वन । चामारम्ब श्रामनावारम ছুটো block হয়েছে ছু'বংসর হল। কিন্তু এই ছুটো ব্লকের কাজ পরিচালনার জন্ম কোন কমিটি গঠিত হয়েছে কি না আমি জানি না-কারা সেই কাজ করছেন এং কার পরামর্শে দেখানে কাজ श्राकु---आमि यकनृत क्रांनि दक्षानत्रकम advisory committee नारे, अथठ द्वारकत कांक वनारह। ভারপর যেসমন্ত লোন, সার ও অভাত জিনিষ distribution করা হয়, তা' কা'কে দেওয়া বা না দেওয়া তাঁৱা নিজেবাই বদে ঠিক করেন এবং যাদের অবস্থা ভাল তাদেরই দেওয়া হয়। ছঃস্থ ও অব্দ্রান্ত্র থাদের প্রকৃত দরকার, তারা বঞ্চিত হচ্ছে। তারপর, যেদব officer গ্রামে গ্রামে যান, তাঁবা গ্রামের মধ্যে বেছে বেছে বিশিষ্ট ।।৫ জনের বাড়ীতে আড্ডা দেন। অথচ এঁদের দিয়েই social development করবেন, এ'দের কাজের মধ্যে দিয়েই গণতন্ত্র প্রতিষ্ঠা করবেন এইসমস্ত বড বড় কথা হংসবাবু বল্লেন।

উপসংহারে আমি এটুকু বলতে চাই, আপনাদের নীতি ও পদ্ধতি পরিবর্তন না করলে এই পরিকল্পনা ব্যর্থভায় পর্যবসিত হবে।

Shri Rajkrishna Mondal: ভার, গ্রামের সম্পর্ক এবং গ্রামের মাতুষকে কাজে লাগানোর জন্ম কেন্দ্রীয় সরকার ১৯৫২ সালে এই প্রোগ্রাম নিয়েছিলেন। কেন্দ্রীয় সরকারের এই প্রোগ্রাম অফুসারে বিভিন্ন প্রদেশে সমন্ত অঞ্চলে ন্লক সৃষ্টি হয়েছে এবং সেই ন্লকের মাধ্যমে গ্রামীণ জীবন উন্নতির পথে এগিয়ে যাছে। রাজ্যান, সি. পি., অন্ত প্রভৃতি জামগায় ব্লকের মাধ্যমে রুষি, শিল্প স্বাস্থ্য আরও জত উন্নয়নের পথে চলেছে। ১৯৫২ সাল থেকে আরম্ভ করে যেথানে ৩৪১টা ব্লক হবার কথা দেখানে মাত্র ১৮১টি হয়েছে এবং ১৯৬২ সালের মধ্যে কেন্দ্রীয় সরকারেব নিদেশানুষায়ী ৩৪১টা পুরুণ করতে হবে। কারণ ব্লকের জন্ম 75 percent দেণ্টার থেকে লোন হিসাবে আসছে। এই লোনের টাকা কাজে লাগাতে হলে সরকারকে ত্লক কমপ্লিট করতে হবে। গত ৭ বছরে যে ক্রি হয়েছে, বাকী কাজ আর ১ই বছরে করতে পারবেন কি না সন্দেহ আছে। ব্লকের কাজ কি-ভাবে এগিয়ে যাছে ত।' যারা ব্লকে গুরেছেন তারা দেখলেই সেটা বুঝতে পারবেন। নন-ব্লক এরিয়ায় মুরলেই বোঝা যায় যে কৃষি শিল্প স্বাস্থ্য কিছুটা অন্ততঃ অগ্রসর হয়েছে। কিন্তু একটা অন্তরায়ের কথা আমি বলতে চাই। বিভিন্ন যে সংস্থার মাধ্যমে কাজ করতে হবে সেইসব কাজ কে করবে না করবে এর জন্ম ব্লক এরিয়ায় কাজ ভীষণভাবে ব্যাহত হচ্ছে। সেচ বিভাগ, ক্রযি বিভাগ, সমবায় বিভাগ আছে, আবার ব্লক ডেভেলপমেন্ট আছে। প্রত্যেকের কাজ এইসমন্ত কাজগুলোর সমাধান করা। সেচ বিভাগ মনে করেন সেচের কাজ করবেন, কৃষি বিভাগ কৃষির কাজ করবেন, ব্লক ডেভেলপমেণ্টেরও কিছু কাজ আছে, কিন্তু কাজর সংগে কাজর কোন বোগাবোগ আছে বলে মনে ছয় না এবং এজতেই কাজ ব্যাহত হচ্ছে। সেজতা আমি মন্ত্ৰী মহাশয়কে একটা সাজেশান দিচ্ছি যে District Co-ordination কমিট্র প্রয়োজন। District levela অফিসার, D. M., বিভিন্ন দপ্তরের District levelএর অফিসার-এর public representation নিয়ে একটা কমিট ছওয়া প্রয়োজন যার মাধ্যমে বিভিন্ন ব্লকের সমস্ত কাজ স্মুষ্ঠভাবে সম্পন্ন হবে এবং এর মাধ্যমেই পরিকল্পনা ছবে। আর একটা জিনিষ হচ্ছে বে ব্লকে আমরা দেখেছি ব্লক অফিদার ভিনি নিজেই প্রোগ্রাম শ্বীম ইত্যাদি তৈবী করেন। কিন্তু যে অঞ্চলে কাজ হবে দেখানে village level থেকে ভিলেজের কৃষক, শিল্পী ইত্যাদিদের কাছ থেকে শ্বীম নেওয়া প্রয়োজন। কিন্তু তাদের সংগে কোনরকম যোগাযোগ না রেখে, মিটিং না করে ব্লক ডেভেলপমেন্ট অফিসার শ্বীম তৈরী করে পাঠাছেন, অবচ সেই শ্বীমের সংগে গ্রামের স্থানীয় সমস্তার সংগে কোন যোগাযোগ নেই। এর জন্তই কোন শ্বীম কার্যকরী হছে না। সেজত জেলা পরিষদ বলে কোন সংগঠন আমাদের এখানে হয় তাহলে ঐ শ্বীমগুলি যদি জেলা পরিষদে আদে, জেলা পরিষদ থেকে সেই শ্বীমগুলি ফাইতালাইজ হওয়া উচিত্ত যে কোন্গুলি ইম্প্রিমেন্টেড হবে, কোন্গুলি হবে না। আমাদের বাংলাদেশে জেলা বোর্ড আছে। জেলা বোর্ডের বর্তমানে কোন কাজ আছে বলে মনে হয় না—কয়েকজন কর্মচারী পোষণ করা ছাড়া আর কিছু হছে না।

[6-30-6-40 p.m,]

জেলা বোর্ড উঠিয়ে দিয়ে যদি ডিষ্ট্রন্ঠ লেভেলে ডিষ্ট্রন্ঠ ম্যাজিট্রেট, ডিষ্ট্রন্ঠ পঞ্চায়ত অফিশার, পাবলিক রিপ্রেজেণ্টেটিভ এবং প্রত্যেকটি ব্লক থেকে রিপ্রেজেণ্টেটিভ নিয়ে জেলা পরিষদ স্বষ্টি করা হয় এবং তাঁরা যে স্কীম করে দেবে সেটা সেইভাবে ইম্প্রিমেণ্ট করা হয় তাহলে ব্লকর কাজ স্কুটভাবে চলবে। আর তা' না হলে যথা পূর্বম্ তথা পরম্, অর্থাৎ ঐ কাগজে কলমেই ফীম স্বষ্টি হয়ে থাকবে, কাজ কিছু এগুবে না। তারপর পলী জীবনের যদি উন্নয়ন করতে হয় তাহলে পলীর মান্ত্রের সংগে ভালভাবে মিশতে হবে এবং তাদের সংগে একটা যোগাযোগ স্বষ্ট করতে হবে। কিন্তু আমরা দেখেছি যেসমন্ত অফিসাররা গিয়েছেন তাঁরা যতই টেনিং নিয়ে আহ্রুক না কেন পল্লীর মান্ত্রের সংগে মিশতে ইতন্ততঃ বোধ করেন। স্কৃত্রোং আজ যদি তাঁরা পল্লীবাসীর সংগে ভালভাবে মিশে এবং অনারেব্ল ডিট্ট্রান্স বজায় রেখে ব্লকের কাজে এগিয়ে যান তাহলে এই কাজ ভালভাবে হবে আর ভা' করে যদি কেবল হকুম চালিয়ে যান তাহলে ব্লকের কাজ মোটেই এগুবে না এবং সেটাই আজ দেখছি যে ব্লকের কাজ ব্যাহত হচ্ছে। তারপর এই যেসর গ্রামসেবিক। স্বষ্টি হয়েছে তাঁদের নামে যখন নানা ধরণের কুনো আমাদের কানে আসছে তথন হয় এন্দের উঠিয়ে দেওয়া হোক আর তা' না হলে অন্ত একটা ব্যবস্থা কর্জন।

ভারপর কথা হচ্ছে কাজ কি করে হবে ? একটা কো-অর্ডিনেসন কমিটি না হবার ফলে খুবই অহবিধা হচ্ছে— অর্গাৎ জি. আর., টি. আর. প্রভৃতি কাজগুলো ব্লক অফিসারদের দ্বারা করাতে হচ্ছে বলে তাঁরা ব্লকের কাজ করতে পাবছেন না। কাজেই এমন ব্যবস্থা হৃত্যা উচিত যে, থাকে ডেডেলপ-মেন্ট ব্লকের জন্ম নিযুক্ত করা হচ্ছে তাকে শুরু ডেডেলপমেন্ট ওয়াকেই লাগিয়ে দেওয়া উচিত — অন্য কাজ তাঁর দ্বারা করান উচিত নয়। তারপর যেথানে গ্রামে ৭০ ভাগ লোক বাস করে সেখানে এই বাজেটে আরও অর্গ ব্রাদ্দ করা উচিত ছিল বলে মনে করি এবং সেই গ্রামের মান্থ্যের কল)াগের জন্ম আমাদের আলোচনা করার যে স্থোগ দেওয়া হয়নি, সে-কথা বলে আমি আমার বক্তব্য শেষ করিছি।

Shri Ledu Majhi: মাননীয় স্পীকার মহাশয়, ভারতের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পেকে আরম্ভ করে ভারতের যেথানে যত সরকারী মহলের প্রচারকর্তারা আছেন তাঁরা সকলেই এইসব ব্লক প্রভৃতির বিষয়ে পঞ্চর্থ। কিন্তু আমরা আমাদের অভিন্তা থেকে বলতে বাধ্য হচ্চি যে, এই ব্লক প্রভৃতি সরকারী বিভাগগুলি আমাদের সমাজ জীবনে নতুন আবর্জনা স্বরূপ। এদের আগমনে হত রকমের উপদ্রব, দ্যিত রাজনীতি ও অপচয় ভরাবহভাবে বেড়ে উঠেছে। তথাক্থিত শিক্ষায় শিকিত, বুদ্ধিমান অবচ বিবেকহীন অফিসারেরা জনগণের নিকট সম্বন্ধে এসে পড়ায় জনগণ অভিষ্ঠ

হুদ্ধে উঠেছে। আগেও বলেছি, আজও আবার বলছি যে নতুন জমিদারকণে প্রজাপীড়ন করতে দেখা দিয়েছেন। এদের মিধ্যাচার, অভ্যাচার, অবিচার ও অনাচারের বহু কাহিনী আমরা দেখাতে পারি। জনগণের সংগে এদের কোনো সংযোগ নেই—জনবিরপতা অর্জনই এঁদের ধর্ম এবং ভাগ্য। জনশক্তি গঠনে এঁদের সাম্প্রতিক প্রচেষ্টার কথা বলি। পঞ্চায়েতগুলির মাধ্যমে জনশক্তি গড়বার যে দায়িত্ব এঁদের হাতে তার বিপরীত কাজই এঁরা করছেন।

স্তরাং আমরা দেখতে পাচ্ছি, কি মহার্ঘভাতার ক্ষেত্রে, কি মূল মজ্বীর ক্ষেত্রে, আপনারা অগ্রসর হননি, যার ফলে একটা অচল অবস্থার মধ্যে রয়ে গিয়েছে এই মজ্বীর প্রশন।

অধাক্ষ মহোদয়, এই মজ্বাী ও মহার্ঘভাতার প্রশ্ন ছাড়াও এই মজ্বাীর সংগ্র bonus-এর

প্রদান যানের সময় থেকে এসে গিয়েছে। Bonus-এর নিদিশ্টি কর্মপন্ধতি শ্রমদশ্তরের full bench formula ভিত্তিতে কোন রক্ম ব্যাখ্যা করা নেই। যার ফলে বিভিন্ন রকম Company বিভিন্ন রকম ব্যাখ্যা করে থাকে। Britania Biscuit Company-র বেলায় যে ব্যাপার হযেছিল Bonus নিয়ে তাতে ইউনিয়ন যে কথা বলেছিল তা শ্রমদণ্ডর গ্রহণ করেন নি. কিন্তু অন্যান্য ক্ষেত্রে দেখা গেল full bench formula আরোপ করার চেণ্টা করা হয়। এখানে বিভিন্ন রকম ব্যাখ্যা করা হচ্চে যার ফলে শ্রমিকরা bonus থেকে বঞ্চিত হচ্ছে। এর অভিযোগ করেও কোন ফল পাওয়া যায় আজকে একথা বলা চলে না যে পশ্চিমবংশার শ্রমদণ্ডর শ্রমিক-দ্বার্থ, মজুরী, ভাতা, bonus প্রভৃতি নিয়ে বাবস্থা করার চেষ্টা করেন সে-কথা বলতে পারি না। মজুরীর প্রশেন সাত্তার সাহেব তাঁর বক্কতায় বলেছেন। মজুরীর যে কাঠামো আছে তাতে শ্রমিকরা আক্রান্ত হচ্ছে। জিনিষপত্রের দাম বাড়বার সঙ্গে সঙ্গে তাদের মজ্বরী পরিবর্তন করা, মহার্ঘভাতা যুক্ত করা হয়নি তাদের জীবন ধারণের জনা। কাজেই শ্রমদপ্তর যে কল্যাণ রাষ্ট্রের কাজ করছে তা বলা যায় না। माननीय अधक मरशानय, পশ্চিমবংগ শ্রমিকদের জীবনধরণের জন্য প্রয়োজনীয় মজ্বীর কথা চিন্তা করলে দেখা যাবে যে প্রকৃত মজুরী হ্রাস হচ্ছে। শ্রামিকরা এটা Government-র কাছে দাবী করা সত্তেও, সান্তার সাহেব এই জিনিষ তাঁর বক্ততার মধ্যে এডিয়ে গিয়েছেন। এই এডিয়ে যাওয়া মানে শ্রমিকদের মূল সমস্যা এডিয়ে যাওয়া। এবং এটা প্রকৃতপক্ষে শ্রমিকদের সঙ্গে ভামাশা করা ছাড়া আর কিছু বলা যায় না। কিন্তু শ্রমিকশ্রেণী তামাসার পাত্র নয়। সাত্তার সাহের হয়ত আমার সংশ্যে একমত হবেন যে, ইতিহাস বার বার এই কথা বলেছে যে, মজুর-শ্রেণীর সংগ্রে যারা তামাশা করে, তারাই পরে তামাশার পাত্র হয়ে যায়। মজুরী সম্বন্ধে All India Labour Congress-এ বলা হয়েছে যে একজন শ্রমিক যদি এক টাকা মজারী পায় তাহলে মালিক তা থেকে পায় ৩.৩৯ নয়া পয়সা। এই হচ্ছে কল্যাণ রাষ্ট্রের অবস্থা: এইভাবে ধন বণ্টন হচ্ছে। এর দ্বারা শ্রমিকদের সন্তুণ্ট রাখতে পারবেন না। এর প্রতিবাদ হবে সে-বিষয় কোন সন্দেহ নেই। এ সম্বন্ধে সরকারের অবহিত হওয়া উচিত। মজুরীর যে প্রশ্ন উপস্থিত করা হল, সে সম্বন্ধে শ্রমদপ্তরের বিবেচনা করা উচিত যাতে তার পরিবর্তন হয়। শ্রমিক শ্রেণীর উপর যে আঘাত পড়ছে তা প্রতিরোধ করার জন্য যাতে শ্রমদপ্তর সাহায্য করতে পারেন তার জন্য যাতে তাঁদের নীতির পরিবর্তন হয় তার জন্য অনুরোধ ও আবেদন জানাবো।

পশ্চিমবঙ্গের শ্রমদণ্তর আজকে যেভাবে পরিচালিত হচ্ছে তাতে trade union অধিকার ও আইনে অন্যান্য যেসব অধিকার দেওয়া হয়েছে সেসব সর্বর্গ লাভ্যত হচ্ছে, অথচ এ সম্পর্কে শ্রমদণ্তর নিচ্ছিয়। ধান কল, রবার কারখানা, ছোটখাট কারখানা এবং বিশেষ করে বহু কারখানাগৃলিতে কোন প্রকার আইনই মান্য করা হয় না। তদ্বপরি শ্রমিকদের আইনসম্মত ছুটিছাটার অধিকারও স্বীকৃত হয় না। বর্তমান over time খাটান একটা প্রথায় দাঁড়িয়ে গিয়েছে। একথা এখানে বলার যথেন্ট কারণ আছে যে, এই সমদ্ত বেআইনী কার্যকলাপের সঙ্গে শ্রমদণ্তরের কর্মচারীদেব যোগাযোগ রয়েছে। শ্রমদণ্তরের চোখের সামনে কলকারখানার মালিকেরা এই সমদ্ত বেআইনী কাছ্য করে যাছেছে এবং শ্রমিকদের লক্ষ্য লক্ষ্য টাকা মেরে দিছেছ Factory Inspector-দের সহযোগিতায়। বিভিন্ন কলকারখানায় দিবংবাল লাভ্যত হছে।

অধ্যক্ষ মহোদয়, এই প্রসর্ভগ বিড়ি-শিল্প সম্পর্কে বিশেষ করে বলা দরকার, কারণ গত কয়েক বংসরের মধ্যে বিড়ি-শ্রমিকদের কোন রকম মাইনে বাড়েনি। সম্প্রতি বিড়ি-পাতার মূল্য বৃদ্ধির অজ্বাতে মালিকেরা বিড়ির দাম বাড়িয়ে দিয়েছেন। অনেক আন্দোলন করার পর অলপ কিছু দিন হল শ্রমিকদের দাবি-দাওয়া কিছুটা আদায় হয়েছে। Cotton Textile-এ WageBoard-এর সম্পাশত মেনে নেওয়া হয়েছে বলে সাতার সাহেব এখানে যে কথা বলেছেন তা প্রাপ্রির সত্য নয়। Wage Board-এর দাবি মেনে নেবার জন্য শ্রমিকদের বহুদিন আন্দোলন করতে হয়েছিল, হরতাল করতে হয়েছিল, তার ফলেই এই সিম্পাশত হয়েছে। সম্প্রতিকালে চটকলে যে ঘটনা হয়েছে সে সম্পর্কে শ্রমদশ্তর অবহিত আছেন বলে মনে হয় না। চটকলে শ্রমিকদের মজ্বরী রক্ষা করার জন্য শ্রমদশ্তর কোন প্রচেষ্টা করেছেন কিনা তার আভাষ

ার মধ্যে দেখতে পাচছ না। পশ্চিম-বাংলার শ্রমদণ্ডর শ্রমিকদের স্বার্থে বাবহৃত হয়েছে,
গ্রমিকদের কার্য রক্ষিত হচ্ছে. একথা আমরা বলতে পারছি না। আমার সপ্তেগ অনেকেই একমত
বেন যে, গত কয়েক বংসরে পশ্চিম-বাংলার শ্রমিকদের অবস্থার কোনপ্রকার উন্নতি না হয়ে
সবর্নতিই হয়েছে বেশী। আজকাল অনেক কলকারখানায় temporary শ্রমিক দিয়ে কাজ
গরিয়ে নেওয়ার রেওয়াজ হয়েছে যাহার জনা শ্রমিকশ্রেণীর উপর আর এক ধরনের আঘাত এসেছে।
এর জন্য কর্মচারীদের চাকরীর নিরাপত্তাবোধ ক্ষ্মে হচ্ছে। আশা করি শ্রমমন্ত্রী মহাশয় এসব
গলদের প্রতিবিধানের বাবস্থা করবেন।

[3-40-3-50 p.m.]

3hri Deben Sen:

মাঃ স্পীকার মহাশয়, এই বিভাগের বরান্দ মাত ২৪ লক্ষ টাকা। বোধহয় সব বিভাগের চয়ে কম টাকা এই বিভাগে বরান্দ হয়েছে। কিন্তু এই বিভাগের ভুল করার ক্ষমতা অপরিসীম, গবার খারাপ করবার ক্ষমতাও অপরিসীম। মন্ত্রী মহাশয় যে প্রথমে বলেছেন, কল্যাণ রাষ্ট্র গঠনে গুমজীবী-সমাজের যে মহান ভূমিকা আছে সেদিকে লক্ষ্য রেথেই শ্রমদণ্ডর পরিচালিত হচ্ছে— ব্বীকার করতে পারছি না কথাটা। অবশ্য শ্রমিকদের মহান ভূমিকা ও দায়িত্বের কথা শ্রমবিভাগ বিষ্মৃত হলেও শ্রমিকেরা নিজেরাই এই দায়িত্ব পালন করবে। কিন্তু আমি বলছি শ্রমদ[্]তরের এই শ্রমনীতির ফলে শ্রমিকদের স্বার্থ পশ্চিম-বাংলায় পদে পদে ক্ষার হচ্ছে, লাপিত হচ্ছে, পদ-র্ণালত হচ্ছে। মাঃ স্পীকার মহাশয়, একটা বিষয়ের প্রতি আমি আপনার দ্ছিট আকর্ষণ কবতে চাই, সমগ্র ভারতের যা বার্ষিক গড় আয় শ্রমিকদের তাতে বাংলা দেশেই সবচেয়ে কম; অর্থাৎ, বোম্বেতে ১৪৫২, বিহারে ১২৯৯, আসামে ১৮৫৩, দিল্লীতে ১৪০৩, West Bengal-এ ১১৭৩, আমি ভাবছিলাম এটার কারণ কি। পশ্চিম-বাংলার Foreign Capital এবং Indian Capital, এবং Indian Capital-এর তুলনায় Foreign Capital সবচেয়ে বেশী concentrated এবং এ দুটোরই কারণ হচ্ছে, পশ্চিম-বাংলা সবচেয়ে industrialised। তা যদি হয় তাহলে বোদেব থেকে আমাদের গড় আয় কম কেন, বিহারের চেয়ে কম কেন, আসামের চেয়ে কম কেন, দিল্লীর চেয়ে কম কেন? উত্তরপ্রদেশ ও মধ্যপ্রদেশ আমাদের সমান। কিন্তু উত্তর-প্রদেশ industialised state নয়, মধাপ্রদেশও industrialised state নয়। আমি এব কারণ অনুসন্ধান কর্রাছলাম। হয়তো ব্রিটিশ আমলে তাঁরা policy কলিকাতা ও কলিকাতার আশেপাশে বেতন কম করে রেখেছিলেন। নীতি অন্সরণ করতে হবে? আজ বিটিশ সাম্রাজ্যবাদ অন্ততঃ কাগজপত্রে এই দেশে নাই। আজো যদি শ্রমমন্ত্রী শ্রমিকদের মজ্বরীর একট্ব উচ্চ্হার নির্ধারণ না করতে পারেন, এবং অন্ততঃ বোদেবর সমান ও বিহারের সমান না করতে পারেন তাহলে তাঁর শ্রমনীতি কি কবে সমর্থন করতে পারি ২ তাতেই সন্দেহ জাগে বিটিশ সাম্রাজ্যবাদও যা চেয়েছিল, নিজেদের মুনাফা বাড়ান শ্রমিকদের বেতন কম রেখে, এই নীতিই অনুসূত হচ্ছে। অনেক সময় আমাদের অর্থমিকী দুঃখ করেন, মায়া-কাল্লা কাঁদেন যে যেখানে industrial belt সেখানে ট্যাক্স কমাতে পারেন না। কিন্তু রাস্তা কি নাই? বেতন বাড়ালে industrial wealth distributed হয়ে যাবে না?

আরও বেশী equitable distribution of wealth হবে না সেটা তিনি টাক্স করে আদায় করতে পারেন না, বেতন বাড়িয়ে আদায় করবার জন্য আইনে কোন বাধা নেই। স্ত্রাং শ্রম-বিভাগ এখানে হয় অক্ষম না হয় নিষ্ক্রিয় এই না হলে তারা এটাকে সমর্থন করেন। আমার মনে হয় ৩-টিই। তারপর বলবেন এই সর্বভারতীয় ফিগার; কিন্তু সান্তার সাহেব এটা দিয়েছেন বলে আইন এখানে বলছিল পশ্চিম-বাংলার ফিগার আপনি দেন নি। অর্থাং রিয়াল ওয়েজ ১৯৫৫ সাল থেকে ক্রমান্বয়ে কমে আসছে। এই বিষয়ে আমি আপনাকে দায়ী করব না, সর্বভারতই এর জন্য দায়ী। কিন্তু এখানেও আপনার বিশেষ কিছ্ করণীয় আছে। ১৯৫৫ সালে রিয়াল ওয়েজর ইনডেক্স ছিল ১৩১, ১৯৫৯ সালে সেই রিয়াল ওয়েজর

ইনডেক্স হল ১৬৯। অর্থাৎ কমে গেছে এর যেখানে ন্যাশনাল ওয়েলথ বেড়েছে হান্ধার কোটি টাকা এবং পার ক্যাপিটা ইনকাম বেড়েছে। এইভাবেই রিয়াল ওয়েজ কোথায় নেবে যাচ্ছে। এর পরও আপনারা বলবেন 'আমাদের শ্রমনীতি সমর্থন কর, ভারত-বর্ষের শ্রমিকরা হরতাল করো না।' এর পর দেখি কর্নাসলিয়েশান প্রোসিডিংস আসে, ট্রাইবুনাল আসে এবং এর ফলে ভারতবর্ষের শ্রমিকরা কোথায় যে এসে দাঁডিয়েছে তার ঠিক নেই। বাংলা-দেশের চটকলগালো এবার খ্য়রাত দিচ্ছে ৩.৪২ নঃ পঃ। ওয়েজ বোর্ড থেকে শ্রমিকদের জন্য কোন সময়ে ভারতবর্ষে এ রকম ইনটেরিম রিলিফ দেওয়া হয়নি। এসব নিয়ে আমাদের মিনিমাম ওয়েজ হচ্ছে ৭০ টাকা। কটন ওয়ার্কার্সদের মিনিমাম হয়েছে যেখানে ৭৪ টাকা সেখানে বন্ধে. আমেদাবাদে কটন ও টেক্সটাইল ওয়ার্কার্সদের সর্বানন্দ বেতন ১২৫ টাকা। সতেরাং আমরা যখন বন্দের যাই তখন আমরা গালাগালি খাই যে তোমাদের পশ্চিমবঙ্গে এত কম বেতন কেন? এবং এইভাবে দিল্লী ও বিহারেও গালাগালি খাই। সতেরাং আপনার এই দাবী করা সাজে না যে শ্রমিকদের মহান্ দায়িত্ব নিয়ে এগিয়ে আসতে হবে। অল ইণিডয়া পলিসি—আপনি সেই কনফারেন্সে উপস্থিত ছিলেন—নৈনিতাল কনফারেন্স—সেখানে সর্বসম্মতিক্তমে প্রস্তাব গ.হীত হয়েছিল ভারতবর্ষের শ্রমিকদের একটা নিউ ডিল দিতে হবে। আমাদের দিল্লীর শ্রমমন্ত্রী বলে-ছিলেন যে একটা নিউ ডিল আমি ভারতবর্ষের শ্রমিকদের দেব এবং ঠিক হয়েছিল যে ন্যাশনাল মিনিমাম ওয়েজ ১২৫ টাকা। বাংলাদেশে কোথায় তা লোকে পায়? এর উত্তরে যদি বলা হয় যে আমি কি করব, আমি তো ট্রাইবুনালে পাঠিয়ে দিই, ট্রাইবুনাল যদি না দেয় তাহলে আমি কি করব? এখানে আমার বন্তব্য হচ্ছে যে হাই-কোর্টের জজেরা চিন্তার দিক দিয়ে ফসিল এবং তাঁদের কোন social conscience নেই। যাঁরা চুরি, ডাকাতি, রাহাজানি, রেপ-কেস ইত্যাদির বিচার করেন তাঁরা শ্রমিক ও মালিকদের ভেতরে সোশ্যাল জাস্টিসের বিচার করতে পারেন না। একজন ট্রাইবুনালের জজকে যখন বলা হয় যে, পিওন, চাকর ইত্যাদিদের ৮০ টাকা করে বেতন দিতে হবে তখন তিনি বলেন যে আমার চাকরকেও কি তাহলে ঐ ৮০ টাকা দিতে হবে? সতুরাং এই যাঁর attitude তাঁর দ্বারা ট্রাইবুনাল গঠন করা মানেই মালিককে আরও বেশী পরিপুট করে দেওয়া। আমি নিজে ট্রাইবুনালের নাম শুনলে ভয় পাই। আমি কোন সময়ে লেবার ডিপার্টমেন্ট বা ট্রাইব্নালে যাই না। ট্রাইব্নালে যখন বিষয় গেল তখন আমি মনে করি যে ট্রেড ইউনিয়নের দিক দিয়ে সে শ্রমিককে ফাঁকি দিল এবং মালিক ও সরকারকে স্ববিধা করে দিল। কোন ডিসমিসাল কেস ট্রাইবুনালে গিয়ে জিততে পারে নি। ট্রাইবুনালের ম্বারা পশ্চিম-বংগের কোন শ্রমিকের বেতন বেড়েছে কিনা সে ফিগার আপনি দেন নি। সত্তরাং আপনার ট্রাইবুনাল নীতি একটা ধোঁকা এবং ভাঁওতা এবং সমস্ত জায়গায় এই ট্রাইবুনালের জজেরা মালিক বা ক্যাপিটালিস্টদের দিকে চেয়ে থাকেন। সূত্রাং ট্রাইবুনালে গেলে কি যে রেজাল্ট হবে সেটা আমি আগে থেকেই বলতে পারি।

[3-50-4 p.m.]

এবার আমি শ্রমদপ্তরের মালিক-ঘেষা নীতির দুটি উদাহরণ দেব। তবে এর পূর্বে মাননীয় সদস্য জগৎবাব, চটকল এবং সূতাকল সম্বন্ধে বলতে গিয়ে চটকল সম্বন্ধে বলেছেন যে, চটকলে সম্তাহে সাড়ে ৫ ঘণ্টা কাজ কমে গেল্ডে এবং ১২% লমে সিল্ড হয়েছে। এর কারণ কি আমাদের শ্রমমন্ত্রী এবং অর্থমন্ত্রী জানেন না? না কি তাঁদের সংগ্রে পরামর্শ করেই এসব কাজ করা হয়েছে। তাঁরা কি বাধা দিয়েছিলেন? কিন্তু আমরা তো দেখছি যে ঐ সাড়ে ৫ ঘণ্টা কমে যাওয়ার ফলে প্রত্যেকটি লোকের মাসে ৪ টাকা থেকে ৯ টাকা আয় কমে গেছে এবং লুম্ সিল্ড হওয়ার জনা বেকারী বেড়েছে। কাজেই এ'দের চোখের সামনে যথন চটকলে এ রকমভাবে শ্রমিকদের আয় কমেছে তখন কি করে এরা তাদ্রের আয় বাড়াবেন? মালিক পক্ষ থেকে অবশ্য এই যুক্তি দেওয়া হয় যে কাঁচা পাটের আমদানী কমেছে, কিন্ত আমি তা স্বীকার করি না। কারণ, আমাদের অর্থানন্ত্রী যদিও বলেছেন যে, ১৯৫৯/৬০ সালে আমাদের মাত্র ২৩ লক্ষ বেল পাট হয়েছে কিন্তু সেখানে আমার হিসেব হচ্ছে ৪৫ লক্ষ বেল এবং ১৯৬০/৬১ সালে হয়েছে ৫৮

লক্ষ বেল। কাঞ্জেই কাঁচা পাট যে কম হয়েছে সে-কথা স্বীকার করি না। তবে আমার কথা त्यान ना निरम्न ना श्रम मालिकरमत कथारे त्यान निलाम त्य काँठा आठे कम छेश्यन रहाराष्ट्र धवर তাঁদের লাভও আগের মত হচ্ছে না। কিন্তু তার জন্য কি সমস্ত চাপ সইবে এই শ্রমিক? কেন সেটা মালিক পক্ষ সহ্য করবে না? তা ছাডা ফাটকা-বাজী এবং ফরওয়ার্ড সেল-এর দর্মণ যখন কাঁচা পাটের দাম বাডছে তখন তার সমুহত ক্ষতি কেন এই শ্রমিকরা বহন করবে? কিন্তু চটকল কি ৪০০% ডিভিডেণ্ট দের্মান? এবং ১৯৫৯-৬০ সালে কি তাঁদের ৫ কোটি কোটি টাকা মুনাফা হয়নি? স্যার, আমি জিঞ্জেস করতে চাই, ষেখানে এই চট-শিল্পের মারফত বাইরে সেল করে ভারতবর্ষ ১২০/১২৫ কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ আমদানী করছে সেখানে যে সমুহত শ্রামকরা এটা এনে দিচ্ছে তাদের উপর এত চাপ হবে কেন? আমি সেদিন বলেছিলাম যে, চটকলের ২৫ কোটি টাকা পেইড ক্যাপিটাল এবং ২২ কোটি টাকা রিজার্ভ আছে। কাজেই তাঁরা যদি তাঁদের সেই রিজার্ভ থেকে ১ কোটি টাকা দিয়ে বলেন যে আমাদের যা লোকসান হবে তা আমরা রিজার্ভ থেকে বহণ করব তাহলে কি ক্ষতি হোত? অল্ডত এটাও কি শ্রমদণ্ডর বা পশ্চিমবঙ্গ সরকারের ক্যাবিনেট তাঁদের বলতে পারলেন না? স্যার, ১৯৪৭ সালের আগে পর্যন্ত আমরা দেখেছি যে চটকলের টোটাল ওয়েজ-বিল ছিল ১৫ কোটি টাকা এবং তারপর ২-টি ট্রাইবনোল হওয়ার পর সেটা বেডে বেডে হোল ২৪ কোটি টাকা। কিন্ত ১৯৫৮ সালে সেই ওয়েজ-বিল যখন আবার নেমে হোল ২০ কোটি টাকা তখন এটাকে কি আমরা তোষণ নীতি বা মালিক ঘে'ষা নীতি বলব না? স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে থাবেন যে, যেখানে আমরা ফরেন-এ মাল পাঠিয়ে ১২০ কোটি টাকার মত আদায় করছি এবং তারপর যেখানে ৩ টাকা বাডান হয়েছে সেই চটকলে আজ দের্খাছ যে তাদের টোটাল ওয়েজ-বিল কমে যাচ্ছে। তাহল তব্যও কি আমাদের এই শ্রম-বিভাগের নীতি মেনে চলতে হবে? এবারে আমি এই বিভাগের এমগ্লয়মেন্টের কথা বলব। অবশ্য এটা বেশ আনন্দের কথা যে, লেবার মিনিন্টার নিজেই স্বীকার করেছেন যে, আমাদের এম্পলয়মেণ্ট পজিশন ভাল না। কিন্ত আমার প্রশন হচ্ছে যে, সেকেণ্ড ফাইভ ইয়ার পল্যানের পরিসমাপ্তির পরও যদি আমাদের দেশে এমপ্লয়মেণ্ট না বাড়ে তাহলে কি করে চলবে? আমি টোটাল এমপ্লয়মেণ্টের কথা বলছি। বাঙালীর কথা যে পুনঃ পুনঃ বলেন এটা ভাঁওতা। আমি দেখাব যে বাঙালীর রিকুটমেণ্ট প্রত্যেক বছর কমে গেছে, বার্ডেনি। এটা আপনার বই-এর কথা। কিন্তু তব্যুও বাঙালীর কথা বলে বলে সমন্ত আবহাওয়াকে আপনি বিষাক্ত করতে চান? আজকে চটকলের যারা বড় বড় নন-বে**ণ্গলী** মালিক তাঁরা ধ্যয়ো তলেছেন যে ট্রেড ইউনিয়নে বাঙালী রাখতে। পারবে না। ট্রেড ইউনিয়নে বাঙালী থাক অবাঙালী থাক আপত্তি নেই কিন্তু সমগ্র শ্রমিকের ক্ষেত্রকে ডিভাইড করে দেওয়া তার জন্য দায়ী আপনি। যদি ব্রুতাম যে এর ফলে আপনি বাঙালী রাখা অনেকথানি বাডিয়ে দিয়েছেন, রিক্সটমেণ্ট বাডিয়ে দিয়েছেন তাহলে সহ্য হয়ত করা যেতে পারত। তবে আমি করতে পারি না, কারণ আমি যে পার্টিতে বিলং করি সেটা হচ্ছে অল ইণ্ডিয়া পার্টি—বাঙালীকে চাকরি দাও অবাঙালীকে দিও না এই নীতি আমি সমর্থন করি না। আপনার এই বিভাগ এবং পশ্চিমবঙ্গের ক্যাবিনেট, মুখ্যমন্ত্রী প্রায়ই বলেন প্রলিশ-মন্ত্রী কাউকে বাধ্য করে চাকরি দিতে পারেন না। পশ্চিম-বাংলায় ১৯৫৬ সালে ৬ লক্ষ্ণ ৬৫ হাজার ফাার্ক্টরি ওয়ারকার্স পার ডে হাজির হয়েছে? এমপ্লয়েড ছিল ১৯৬০ সালে ৬ লক্ষ ৮৬ হাজার, অর্থাৎ ৫ বছরে ২০ হাজার বেডেছে। কিন্ত বেডেছে কি? আমি সেই সঙ্গে দেখছি যে মেয়ে শ্রমিক এই ৫ বছরে ১১ হাজার কমে গেছে। পুরুষদের যদি ৫ বছরে ২০ হাজার বেড়ে থাকে মেয়ে শ্রমিক যারা এমপ্লয়েড ছিল তাদের সংখ্যা ৫ বছরে ১১ হাজার কমে গেছে। শ্রমমন্তী তাঁর ভাষণে বলেছেন মেয়েরা আরও বেশী চাকরি চাচ্ছে। প্রহসন করবেন না। যারা চাকরিতে ছিল একমাত চটকলে তারা কমে গেছে সবচেয়ে বেশী। তারা সেখান থেকে বিতাড়িত হয়ে যাচ্ছে। এবং যদি এভারেঞ্জ ধরেন তাহলে ২০ হাজার থেকে ১১ হাজার বাদ দিলে থাকে 🔝 হাজ্বর এবং এই ৯ হাজার ৫ বছরে অর্থাৎ প্রতি বছর ২ হাজার বেডেছে। Percentage of Bengalee labour কত. না. amongst total labour যদি ১ শত জন হয় তাহলে তার মধ্যে ১৯৫৫ সালে বাঙালী ছিল

৩৬, ১৯৫৮ সাঁলে বাঙালী হয়েছে ৩৪। আপনার দেওয়া বই থেকে বলছি। অন্য লোক চাকরি পেয়েছে তাতে আমার আপত্তি নেই কিন্তু এই দশ্তর কেন প্রচার করে বেড়াবে? আপনারা কি চাকরি দিতে পারেন না? বিড়লাকে ডেকে বলতে পারেন না যে তোমাদের হেড অফিসে যা লোক আছ তার শতকরা ৮০ জনকে বাঙালী নিতে হবে? তেমনি টাটাকে ডেকে বলতে পারেন না, Bengal Chamber of Commerce-কে বলতে পারেন না? এত ঢাক পেটান কেন এবং ঢাক পিটিয়ে সমদ্ত আবহাওয়াকে বিষাক্ত করে দেওয়া কেন? স্বৃতরাং আমি আপনাদের এই দশ্তরের বির্দ্থে অভিযোগ আনছি তাঁরা এই পশ্চিম-বাংলায় প্রাদেশিকতা ডেকে আনছেন বাঙালার চাকরি দেওয়ার জন্য নয়, শ্রমিক আন্দোলন, শ্রমিক সংহতি, শ্রমিক ইউনিটিকে একেবারে নস্যাৎ করে দেবার জন্য তাঁরা এই পলিসি নিয়েছেন। কাজেই যদি ২ হাজার করে বেড়ে থাকে ১৯৬০ সালে রিট্রেপ্তমেন্ট হয়েছে ৮ হাজার লোকের এবং লে অফ হয়েছে ১৭ হাজার লোক আর ইউনিট ক্রোজ ডাউন যেগর্বলি হয়েছে যার ফলে ৪ হাজার লোক চাকরি হারিয়েছে এদের নাম নিশ্চয়ই ডেলি এয়টেনডেন্স খাতায় আছে, তাদের নাম কেটে দেন নি। স্বৃতরাং ২০ হাজার বেড়েছে বলছেন তার ভেতর ১৭ হাজার লে অফ রয়েছে। স্বৃতরাং কিছ্ব বাড়েনি। তারপর আরও দেখাছি।

শ্রমকী নিজেই বলেছেন -

'The table will show that the position of workers having their State of origin in West Bengal, as regards employment, has not improved much from the year 1957.'

[4-4-10 p.m.]

আমরা দেখিরেছি ফ্রম ১৯৫৫ ইট গোজ ডাউন। সত্য কথা লিখতে আপনি সাহস পান না? শ্রমমন্ত্রী আরো বলেছেন তাঁর বইতে :

'In the absence of an uptodate evaluation of the situation, it is not possible at this stage to record accurately the progress that has been registered by the employment market.'

শ্রম-বিভাগের আর কি কাজ? তাঁদের কাজ লোকে চাকরী পেয়েছে কিনা, তাদের বেতন বেড়েছে কিনা এইসব দেখিয়ে দেওয়া, তাই করতে পারলেন না। শ্রম-বিভাগের অন্য জিনিস তৈরী করে দেয়ার দরকার কি আছে? আরো বলা হয়েছে:

'On the whole, it could be ascertained that in spite of some good progress achieved in different spheres of our economic life, the rate of creation of new jobs has not been proportionate to our expectations and requirements.'

ওঁরই স্বীকৃত যে অন্যান্য জায়গায় অর্থাৎ ইরিগেশনে বেড়েছে; ধান চাষে বেড়েছে, কোথা থেকে এসব এল জানি না কিন্তু ওঁর নিজস্ব বিভাগ শ্রম-বিভাগ, তাতে বলছেন:

The creation of (new) jobs has not been proportionate to our expectations and requirements.

অথচ থার্ড ফাইভ ইয়ার গ্ল্যানে যে ৫টা অবজেকটীভস আছে সেই ৫টা অবজেকটীভের মধ্যে দুটো হচ্ছে:

'To utilise to the fullest extent possible the man-power resources of the country and to ensure a substantial expansion in employment opportunities.'

স্তরাং সেই অবজেকটীত এখানকার শ্রমণত্তরের সামনে নেই, তাঁরা ভূলে গেছেন এবং তাঁরা এখানে মালিকদের স্বার্থে অগ্রসর হচ্ছেন। কন্সিলিয়েশনের বহু ফিগার দিয়েছেন, কয়েক হাজার আমি ঠিক জানি না কিন্তু কন্সিলিয়েশনের ফলে তাঁরা কে উপকার পেয়েছেন সেটা বলেছেন? অর্থাৎ কন্সিলিয়েশনের ফলে এত সংখ্যক কন্সিলিয়েশনে এত পার্সেপ্টেজ বেতন বেড়ে গেছে এত সংখ্যক কন্সিলিয়েশনের ফলে এত সংখ্যক ডিস্মিস্ড শ্রমিক চাকরী পেয়েছেন—এর কোন ফিগার দিয়েছেন, কোন ফিগার দেন নি। কিন্তু আমি জানি বহু জায়গায় কন্সিলিয়েশন দেয়া হচ্ছে না। আমি জানি মেটাল বন্ধ, খিদিরপুর, তাদের একটা ডিস্পিউট ১৯৫৫ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত লেবার ডাইরেক্টরেটে রয়েছে, এখনও পর্যন্ত তা সেটেলমেন্ট হর্মান, এখনও পর্যানত ট্রাইবনোল হয়নি। আমি জানি লেদার য়াাণ্ড ট্যানারী ওয়ারকার্স, তাঁরা চার্টার অব ডিমান্ডস দিয়ে লেবার কমিশনারের কাছে পাঠিয়েছেন ৬ মাস ধরে-৬ মাসের মধ্যে একদিনও ক্রিসলিয়েশন ডাকা হয়নি। এ সত্তেও আপনার শ্রম-বিভাগের ক্রিসলিয়েশন নীতি সফল হচ্ছে একথা আমাকে বলতে হবে? কেন ৬ মাসের ভেতর কন্সিলিয়েশন ডাকলেন না? বলতে পারেন গ্রমমন্ত্রী অসুস্থ ছিলেন, তিনি ছিলেন না। কিন্তু শ্রমমন্ত্রী অসুস্থ হলে আমাদের ডিসপিউট সকল অসুস্থ হয়ে পডে। সেখানে ডেপুটো মিনিন্টার ছিলেন, পুলিশমন্ত্রী কালীপদবাব, ছিলেন --তাঁরা বলে দিতে পারতেন যে কন্সিলিয়েশন আরুভ করে-এটা কেন হতে পারলো না? তার একটা প্রতিষ্ঠান লান্দ্রিনী-পার্ক, তাঁরা ৬/৭ মাস ধরে দাবী করেছেন, সেখানে ১৫ টাকা শ্রমিকদের বেতন এবং সেই ১৫ টাকা বেতনের বিরুদ্ধে তাঁরা একটা ডিমাণ্ড আপনাদের কাছে পাঠিয়েছেন কিন্তু কন্সিলিয়েশন এখনও হয়নি, কেউ কাউকে ডাকে না। এর পরেও আপনারা বলবেন আপনাদের কন্সিলিয়েশন নীতি সফল হচ্ছে, পাঁচ হাজার, ছয় হাজার কন্সিলিয়েশন হয়েছে। ধরুন য়্যাওয়ার্ড ইমিপ্লমেণ্টেশন এই শ্রমদপ্তর যে বই আমাদের কাছে দিয়েছেন, তার মধ্যে দেখতে পাচ্ছি যে Non-implementation of award ৫০টা এবং Non-implementation of agreement ২২টা এবং টাইবুনালে যা গিয়েছিল তার মধ্যে successful 122টা non-successful 192টা। সতরাং টাইবানালে un-successful 192, আর যারা successful হয়েছে—তারা কি পেয়েছে—জানতে চাই বিবং যারা award implementation করলো না তাদেরই বা কি শাস্তি হ'ল-সেটা জানতে চাই? আমি জানি শ্রম-বিভাগ সব তথা সংগ্রহ করতে পারেন নি বা ইচ্ছা করে তা বাদ দিয়েছেন। আর-জি-করে দ্ট্রাইক নোটীশ দিয়েছে শ্রমিকরা। আগামী ১৬ তারিথ থেকে প্টাইক হবার কথা শ্রমিকদের। কারণ কোন বেতন বাড়ান, তা নয়: কাউকে ভর্তি করা –তা নয়: ডিসমিস করা লোককে রক্ষা করা, তাও নয়-খালি এক বছর আগে যে ট্রাইব্নালের রায় হর্মোছল, তাদের সেই টাকা তারা পায় নি। আর ট্রাইব,নালের award-এর সুযোগ আমাদের আর-জি-করের শ্রামকরা পেতে পারোন। Electric Supply-এর শ্রামকরাও সেথানে ট্রাইবনোল শা দিয়েছে, তা পার্যান। জামগ্রাম ফ্যাক্টরীটা আমাদের শ্রমমন্ত্রীর বন্ধরে ফ্যাক্টরী- সেথানে ট্রাইবনোলে গেছে, শ্রমিকরা সেই ট্রাইবনোলে জিতেছে। তাব জন্য প্রতিদিন আমাদের যার। কর্মচারী এক এক করে dismissed হচ্ছে। সেটা যদি শ্রমণতবে আসে, তা যদি হয় ও ৬ নানের আগে হবে না। ট্রাইব্নাল যদি শেষ করে দেয়, দু বছরেও হবে না। কাডেই dismissed যারা, তারা dismissed-ই রয়ে গেল। ইউনিয়নের ধরংস করবার নীতি এই conciliation e tribunal মারফত অতি নিপ্রভাবে চলছে। আপনি ঐ tribunal e conciliation যাদ তলে দেন, তাহলে ভালো হয়—আমাদের কোন ক্ষতি হবে না। আপনি ম্দি আপনার শ্রমদণ্ডরও তলে দেন, তাহলেও আমাদের কোন ক্ষতি হবে না, বরং আমাদের লাভ হবে। এগুলি রেখে আমাদের সর্বনাশ আপনি করছেন। বর্তমানে যে আইনগুলি আপনার শ্রমদণ্ডরের আওতায় পড়েছে, তার implement করা সম্বন্ধে দ:-একটা উদাহরণ দেই। Minimum Wage Act যেটা আছে –সে সেই মান্ধাতার আমলের Act—অর্থাৎ ১২ বছর তাগের Act. গত ১২ বছরে প্রতিবর্ণ বদলে গেছে atomic age এসেছে, কিন্তু সেই Minimum Wage Act থা ছিল, তাই রয়েছে। তার আওতায় যে minimum wage fix করা হয় তা অতি নগণা। তার স্ভেগ cost of living index-এর কোন সমর্থক নাই। প্রতি বছর এটা revised করার কোন নীতি নাই। সূতরাং এই Minimum Wage Act -এর আওতায় যা বেড়েছে তার মধ্যে bonus নাই, তার মধ্যে provident fund নাই, retiring gratuity নাই। তাদের sweated labour-কে আরো বেশী sweated করে রেখেছেন। তাঁরা Minimum Wage Act থেকে তাদের ম.জি দেন, তাহলে এরা বাঁচবে। আপনার শ্রম-বিভাগের বিরুদ্ধে আমি কোন corruption-এর চার্জ করি না Labour Directorate-এর বিরুদ্ধেও corruption-এর আমি চার্জ করিনি। সে খবর আমার নাই। তার পর Shep Establishments Act যাঁরা পরিচালনা করেন, তাঁদের বিরুদ্ধে ঘোরতর দুন্রীতির অভিযোগ আমার কাছে এসেছে। তাঁরা যদি কাউকে ধরেন, তাহ'লে তাকে বাডীতে ডেকে পাঠান এবং বাডীতে নিয়ে গিয়ে তার সংশ্যে Inspector-এর কথাবার্তা হয়। আর যে কেস কোর্টে যায় সেখানে মালিকের নাম ভল করে দেওয়া হয়, মালিকের addresse ভল করে দেওয়া হয় এবং যে মালিক চার-পাঁচবার সাজা পেয়েছে, সেটা সাব মিট করা হয় না। ফলে জরিমানা দু-টাকা হয়। এই শপু-কিপাররা কি দু-টাকা জরিমানা দেওয়ার ভয়ে আইন মানবে : সূতরাং আমি conclusion-এ বলতে চাই আপনাদের Subsidised Housing Scheme সম্বন্ধে আপনি কিছু করতে পারেন নি। আপনি সেখানে বলেছেন তিন হাজার বাডী—বইতে যা দিয়েছেন তাতে হিসাব করে দেখি দু হাজার এবং তার মধ্যে অর্ধেক করেছে C.I.T. সূতরাং পরিশেষে বলতে চাই—সাত্তাব সাহের বন্ধ লোক। তিনি টাকা প্যসা পান বলে অভিযোগ করছি না। তিনি অক্ষম। তিনি মালিকের তোষণনীতির পক্ষপাতী শ্রমন্ত্রী হয়ে বসে আছেন। তাতে আমাদের কারো মধ্যল হবে না। এটা তিনি মনে রাখবেন।

[4-10-4-20 p.m.]

Dr. Maitreyee Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই যে দাবী শ্রমমন্ত্রী পেশ করেছেন তা আমি সমর্থন কর্রাছ এবং এই দাবী সমর্থন করবার সঙ্গে সঙ্গে আমি তাঁকে অভিনন্দন জানাচ্চি। আমি বহু বংসর ধরে যে দাবী রেখে ছিলাম তাঁর কাছে যে শ্রমদুর্গতরের যে চাহিদা, এটা মেজর হেডে আসক্ৰ miscellaneous fire services-এ যেটা ছিল সেটা যেন আরু না থাকে। এবার সেটা দেখতে পাচ্ছি, লেবার এবং লেবার এমপ্লয়মেণ্ট বলে আলাদা ভাবে এসেছে। সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমি তাঁকে আরও অভিনন্দন জনাচ্ছি তিনি যে প্রুত্তক প্রচার করেছেন মজুরদের অভাব-অভিযোগ, সূখ-সূবিধা সম্পর্কে; তা অতানত স্নুন্দর হয়েছে। এই বই-এর মধ্যে বহু জিনিষ, ততু রয়েছে। অবশ্য হয়ত কোন বিষয় এদিক ওদিক কিছ; গোলমাল থাকতে পারে, সেটা এমন কিছু নয় এবং তা নিয়ে কোন কথা উঠতে পারে না। আমার প্রবিতী বিস্থাগণ যাঁরা বক্তৃতা দিলেন. তার মধ্যে মাননীয় সদস্য জগৎবাব মহাশয় কি সব এলোপাতাড়ি বলে গেলেন, তার কিছ্ই আমার বোধগ্যা হল না। তিনি হঠাৎ বলে বসলেন শ্রমদপ্তরের লোকেরা সবাই ঘূষ খায়, উনি খান কিনা জানি না। আমি তাঁকে শূধু এইটুকু বলতে চাই এসেম্বলীর বক্ততা কোন গভর্ণমেণ্ট কর্মচারী ঘূষ খেল, আর কোন কর্মচারী ঘূষ খেল না তার উধের থাকা উচিত। অবশা যদি বড রকমের কোন চরি হয় তাহলৈ আলাদা কথা: তা না হ'লে এই ধরণের কথা বলে লাভ নেই। এতে শুধু নিজেকে অযথা ছোট করা হয়। মাননায় সদস্য দেবেন সেন মহাশয় কতকগ্নিল অসংলগ্ন কথা বললেন। তিনি একটা কথা বললেন যে ট্রাইবনোলে আজ পর্যন্ত কোন দিন কারও মাইনে বাডেনি। তারপর খানিকক্ষণ পরে, পাঁচ মিনিট পরে বললেন জ্যুটের লোকদের ট্রাইব্যুনালে মাইনে বেডে ছিল, আবার সেটা পুনুবায় কমে গিয়েছে। মানে total wage bill বেডেছিল: এবং সেটা ট্রাইবুনালের জন্যই বেডে ছিল এই কথা তিনি বর্ল্মেছলেন। আবার তিনি আর একটা কথা বলেছিলেন Minimum Wages Act-এর schedule-এ যে সমুহত সুযোগ-সুবিধা যেমন provident fund, bonus প্রভৃতি, তা plantation-এর ক্ষেত্রে প্রযোজ্য নয়। আমি তাঁকে সমরণ করিয়ে দিতে চাই আপনার মাধ্যমে অধ্যক্ষ মহাশ্য় যে plantation-এ চা-বাগানে minimum wage চাল্ব আছে। সেখানে bonus payment হয়েছে, এবং অনেক বছর ধরে বেখানে provident fund-এর ব্যবন্ধা চাল্ব আছে। Port Commissioner's-এর লোকদের ক্ষেত্রেও minimum wages চাল্ব আছে এবং সেখানে provident fund বহুদিন থেকে আছে। অতএব বিকৃত্তাবে এই সমস্ত জিনিষগর্মল বলে কি লাভ হয়, ব্রুতে পারা যায় না। উনি এলোপাতাড়িও অসংলংনভাবে যে সমস্ত কথা বলেছেন, সে সকল কথা তুলে আমার সময় নন্ট করবার ইচ্ছানেই।

আমি একটা কথা শ্ধ্ আপনার মাধ্যমে বলবো, অপ্রাসন্থিক হলেও বলে রাখি কয়েক দিন আরে Community Development project-এর একটা demand-এর উপর আলোচনা-প্রসন্থেগ বর্তমান প্র্ব্যের জগতে সব প্র্যুষ হঠাৎ মেয়েদের পিছনে এমন লেগে গেলেন, যে তাতে আমার অতান্ত লব্জাবোধ করতে লাগলো। গাটি কয়েক গ্রামসেবিকা চাকরী পেয়েছে তার জন্য এখানে একে একে সদস্যরা উঠে তাদের নামে যা তা বলতে লাগলেন। তারা নাকি প্রজাপতির মত রঙ-বেরঙের কাপড় পরে ঘ্রের বেড়ায়, আরও কি সব তারা নাকি করে। আমি বলি যে সম্মত সদস্যরা এই সম্মত কথা এখানে বলেছেন, তাঁদের আত্মীয়ন্বজন মহিলারা কি প্রজাপতি নন? কয়েকটি মেয়ে চাকরী পেয়েছে– তাদের পিছনে এমন লাগলেন যে আমার লব্জা পেতে লাগলো। এই সম্মত গ্রামসেবিকারা বহু জায়গায় গ্রামের ভিতর গিয়ে কাজ করবার চেষ্টা কবছেন এবং তাদের একট্-আধট্ব ভুল-চুক, দোষ-গ্রুটি থাকলেও অনেক ভাল কাজ তারা করছে। গ্রামের লোক তা ব্রুক্ বা না ব্রুক্ক, তাদের বোঝাতে হবে।

আমাদের দেশের গ্রামের লোকেরা অনেক সময় সব কথা ব্রুবতে পারে না। যেমন আমাদের শ্রমিকদের ঘর করার বেলায় বলা হয় যে জানলা করে কি হবে, জানলা করলে কাগজ গাঁজে বাখবে। অতএব জানলা করবেন না। এখানেও সেই রকম। আজকে গ্রামসেবিকার কাজ হয়ত গ্রামাদের সদস্যরা ব্রুতে পারছেন না কিন্তু তাই ব'লে যে তাদের কাজ নেই এবং আমাদের মেয়েদের যে কিছু, কর্মসংস্থান হয়েছে সে-বিষয় কোন সন্দেহ নেই। আমি সবার আগে একটা কথা বলি, সরকারের এখানে মালিকদের বিষয় খুব সাবধান হওয়া উচিত যেমন আমাদের contract system-এ দেখা যায় আমাদের একটা plantation আছে সেটা হচ্ছে cinchona plantation. ১৯৬০-৬১ সালে ৬ শত লোককে সেখানে surplus করলেন। কিভাবে করলেন? ১২ মাসের মাইনে দেওয়া হ'ল এবং তাও rehabilitation grant দিয়ে তাদের voluntary retirement ক্রালেন। কারণ তারা surplus। কিন্তু তারপর দেখা গেল তার। surplus ছিল না। তাদের সরিয়ে দেবার পর contractor-দের লোক নেওয়া হল। লাঘপাও cinchona plantation-এ, সেখানে বেশ কিছু লোক এই বংসর contractor-দের অধীনে কাজ করছে। এই যে জিনিষ এই জিনিষ সম্বন্ধে সরকারের খুব ওয়াকিবহাল থাকা দরকার ও সাবধান হওয়া দরকার। কারণ যেখানে সরকার মালিক সেখানে তার আদর্শ মালিক হওয়া উচিত। তাদের provident fund নেই অনেক কিছু নেই। সেগুলি অনেক বলার পর অবশ্য যারা স্বকারী চাকরে তাদের ৫ টাকা বেতন বাদ্ধি হ'ল, কিন্ত এদের কিছুই হ'ল না। তারপর এখানে অনেক বলার পর তাদেরও হ'ল। আমার কথা হচ্ছে, এই department-এর যারা উচ্চ পদস্থ ক্ম'চারী, তাঁরা দেখেন যে এইভাবে যেখানে contract labour বেড়ে যাচ্ছে, এটা অত্যন্ত ক্রজার কথা। এটা বার বার বলতে চাই। আমি এখানে বিশেষ করে চটকল সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় দেবেনবাব, অনেক কথা বলেছেন। আমি পরিস্থ্যান বুঝি না। লাথ লাখ, কোটি কোটি শুনলে আমার মাথা গুলিয়ে যায়। আমি যথন Physics পরীক্ষা দিই তথন আমাকে Professor ব্লেছিলেন যে mathematical group তুমি নিও না। আমি সেকথা চিরকাল মনে রেখেছি। আমাদের পার্টকল সম্বন্ধে বিশেষ করে বলবার হচ্ছে, সাত্তার সাহেব যে প**্**ষ্ণিতকা বিলি করেছেন তার মধ্যে man days lost সম্বন্ধে এটা বিশেষ কথা আছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি যে কতকগুলি অধ্ক তিনি যোগ দেন নি। যেমন শতাকলে হয়েছিল man days lost কিংবা দুই জায়গায় চটকলে man days lost দুইবার ^{ইয়েছিল} ১৯৫৯-৬০ সালে। এইগ্রলি যোগ দেন নি। এইগ্রলি যোগ দিলে দেখা যাবে অনেক

বশী হয়ে গিয়েছে। চটকলের যা সমস্যা, তার শতকরা ৫০ ভাগ চটকলের জন্য হয়েছে। এখানে একটা জিনিষ মনে রাখা দরকার যে চটকলে মালিক ও শ্রমিকের সম্পর্ক কি। বাংলাদেশে জন্ট যা তৈরী হয় এবং যা Jute Mill-এ তৈরী হয় তার শতকরা ৩২ ভাগ বাইরে চলে যায়। এবং এই রশতানীর উপর অনেক Dollar আমাদের দেশে আসে। সেইজন্য Goverment-কে কোন কথা বললে তারা তা শোনেন না, এইজন্য আমাদের পক্ষে মুশকিল হয়ে পড়ে। এখানে দেখা যাছে যে চটকলের মালিকরা অনেক সময় Goverment-এর সঙ্গে কোন পরামর্শ করার প্রয়েজন মনে করে না। তারা নিজেরা সব কিছ্ খবরের কাগজে ছাপিয়ে দেয় যে এইগ্রিল আমরা করছি। এবং সেটা আমরা সংবাদপত্রে পড়ি, শ্রমিকরাও তাই পড়ে। এই যে অবস্থা এই অবস্থার পরিবর্তন করার বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে। ১৯৫৮-৫৯ সালে ৬ ৭ মিলিয়ন টন পাট ও মেসতা তৈরী হয়েছিল, তথন অতিরিক্ত হয়ে গিয়েছিল মিলের পক্ষে।

[4-20-4-30 p.m.]

মেজনা Government buffer stock করবার জনা টাকা দিতে চেয়েছিলেন. অনেক টাকা, াকন্ত তা সত্ত্বেও buffer stock করেন নি. এবং বারে বারে তাঁরা একটা artificial crisis তৈরী করায় জাট পাওয়া যাচ্ছে না সেজনা আমরা চটকলে সময় কমিয়ে দিতে বাধ্য হলাম। এই জিনিসের আমার বলবার অনেক কিছ্ম আছে। মালিকেরা সমস্ত রকমে নিজেদের স্মবিধা করে নিচ্ছেন, ২৭% finish goods-এর উপর লাভ করছেন, speculation করছেন। চটকলে মালিকদের কথা আমি আগের বারও বলেছি। কাজের ঘণ্টা কমিয়ে দিয়ে পয়সা বাঁচাচ্ছেন, export duty ক্মিয়ে দিয়ে নিজেদের স্বার্থ রক্ষা করছেন ও সূর্বিধা করে দিচ্ছেন। এই জিনিসের জনা আমাদের দেশে এমন একটা অবস্থা স্থিত হয়েছে যেন তাঁরা জীবন্যাত্রা নির্বাহ করার সুযোগ-সুবিধা নিয়ন্ত্রণ করছেন। Commerce and Industry Ministry দিল্লীতে যাঁরা আছেন তাঁদের কাছে আমার বিশেষ নিবেদন তাঁরা যেন এদিকে লক্ষ্য করেন এবং industrial Development Control Act এনে এটা তাঁরা নিজেদের করায়ত্ত কর্ন। তাঁরা খ্ব বড় একটা কাজ করছেন Dollar এনে, কিন্তু শুধু শ্রামকদের মাইনের দিকেই বলছি না, এই একটা কাজ-বড় শিল্প-নিজেদের স্বার্থে ও রুজিরোজগারের জন্য ব্যবহার করে তাঁরা দেশের ও জাতির ক্ষতি করছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন মালিকদের অতি-লোভের কথা জনসাধারণকে জানাবার জনা আমরা ৪৫ মাইল পদ্যাত্রা করেছিলাম. একদিন প্রতীক ধর্মঘট করেছি। আরেক দিকে মালিকপক্ষ artificial crisis করে. মাইনে কমিয়ে. total wage কমিয়ে, ছাটি-ছাটা কেটে নিয়ে নিজেদের সাবিধা করে নিচ্ছেন। কাগজে আপনারা সবাই দেখেছেন কতকগুলি ক্ষমতা Jute Commissioner-কে দেওয়া হয়েছে, এখন তিনি সিলিং বেধে কিভাবে কি করবেন জানি না, তবে খানিকটা control-এ আনা হয়েছে। কিন্তু তার ফল কতদুর কি হবে বুঝতে পার্রাছ না। এর পর plantation-এর কথা বলি, সেখানে একটা অসম্ভব অবন্ধার সূচ্টি হয়েছে, কারণ সেখানে জনসংখ্যা বেড়েছে, কিন্তু সেই অনুপাতে কাঞ বার্চেনি। চা-বাগান এমন জায়গায় অবস্থিত যেখানে লোক অন্য কাজ করতে পারে না। আমি সরকারের দ্বিট আকর্ষণ কর্রাছ যে, সেখানে যা যা শিল্প হচ্ছে, সে সমস্ত শিল্পে স্থানীয় লোকদেরই কাজ দেওয়া হোক। এখানে বাংলা-ভাষা ও হিন্দীর কোন প্রশ্ন নাই কারণ স্থানীয আদিবাসীরাই বেশী। ওখানকার স্থানীয় লোকেরা নেপালী ও আদিবাসী।

ভারপর, Wage Board বসেছে। মজনুরী বৃদ্ধির জন্য আমরা চেণ্টা করছি। কিন্তু নিন্দাতম মজনুরী কোনমতেই সফল হয় না যতক্ষণ পর্যন্ত না নিন্দাতম কাজ বে'ধে দেওয়া হবে। Job security শ্রামিকদের জীবনে সবচেয়ে বড় জিনিস কিন্তু এতেই আমরা কিছু করতে পারেনি। নিন্দাতম মজনুরী বড় কথা নয়, আমাদের national income বাঁধতে হবে। এক-একটা শিলেপ কি রকম income হচ্ছে সেটা দেখে আমরা ঠিক করব নিন্দাতম মজনুরী কি হওয়া উচিত।

Shri Chitto Bosu:

মাননীয় স্পীকার মহাশয়, শ্রমমন্ত্রী এবং কংগ্রেসপক্ষীয় অন্যান্য শ্রমিক নেতার বন্ধতা শুনলাম। এখানে প্রধান বহুব্য হ'ল পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে তাঁদের শ্রমনীতি কি তা পরিষ্কার করে বলা হর্মান। আমরা আশা করেছিলাম শ্রমদণ্ডর মালিকপক্ষের জহ্মাদী আক্রমণের বির**েখে** একটা সম্পরিকল্পিত নীতি গ্রহণ করে শ্রমিকদের স্বার্থ/রক্ষার জন্য কিছুটো ব্যবস্থা। অবলম্বন করবেন। কিন্তু আমবা দেখছি শ্রমদণ্ডর নিজিন্তা, অথবা তাঁরা মালিকপক্ষের নিকট আত্মসমর্পণ করেছেন। আমরা দেখতে পাচিঃ গত বছর ৮,২৫৬ জন lay-off হয়েছে, ১৯৫৯ সালে ৯,৩০০ জন lay-off হয়েছে, এই lay-off-এব সংখ্যা বেডে ১৭,৯০৬ হয়েছে,— আমরা দেখতে পাচ্ছি ১৮টি কলকারখানা বন্ধ হয়েছে এবং তার ফলে ৩,৯০০ জন শ্রমিক কাজ হাবিয়েছে, নারী-শ্রমিকের সংখ্যা কমে গিয়ে ৪৮,৩৯৫ থেকে ২৭,০৮৪ জন হয়েছে, বাৎগালী শ্রামিকের employment percentage ৩৬ ভাগ থেকে কমে গিয়ে ৩৪ ভাগে এসে দাঁডিয়েছে। দুই দুটো পরিকল্পনা পরে আমরা দেখতে পাচ্ছি ৬০ হাজার শ্রমিকের কর্মসংস্থান হয়েছে. Employment Exchange Line Register-এ রেভিড্রিভন্ত হয়েছে ২ লক্ষ ৭৯ হাজার, এবং যাদের replacement হয়েছে তাদের সংখ্যা হচ্ছে ১৫ হাজার। যদি পশ্চিমবংগ সরকারের কোন নির্দিষ্ট নীতি থাকত এবং থাকে তাহ'লে একথা স্পষ্ট করে ঘোষণা করা প্রয়োজন যে. বর্তমান পরিস্থিতিতে ছাঁটাই করা চলবে না। Lay-off বেআইনী ঘোষণা করতে হবে, কলকারখানা বন্ধ করা বেআইনী ঘোষণা করতে হবে। এটা যদি নীতি হিসাবে ঘোষণা না করেন তাহ'লে শ্রমিকদের উপর মালিকপক্ষের আফ্রমণ বন্ধ করতে পারা যাবে না। কিন্ত দঃখের বিষয় এই রক্ম কোন ঘোষণার কথা মাননীয় শ্রমমন্ত্রীর কাছ থেকে আমরা শনেতে পেলাম না।

[4-30-4-40 pm.]

বেকার-ভাতা স্বীকার করা ছাড়া অনা কোন পথ নেই। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের र्भाभ्यतरक्ष भिक्षानीजि रिभार्त प्रोहेत्नाल-এর कन्मिलासमरने कथा वरलन । **এ** प्रोहेत्नाल ও কন্সিলিয়েশন সম্পর্কে আমাদেব মত আমরা ববাবরই জানিয়েছি যে শ্রমিকদের মিছিমিছি হযবানি করার জনা এই দুটির স্থিট। মাননীয় সদস্য দেবেনবাব্র সংখ্য আমি একমত যে ট্রাইব্যনালের জ্ঞু যাঁরা নিয়ন্ত হন তাঁদের সমাজ-জীবনের সঙ্গে শ্রমিক-জীবনের কোনমাত্র সম্পর্ক নেই--তাঁদের জাস্টিসেব অন্কুতি, জাস্টিসের চিন্তাধারা শ্রমিক-জীবনের সংগে এবং টাইবুনালের জজের চিন্তাধারার মধ্যে আকাশ-পাতাল তফাত আছে। ট্রাইবুনালের জজ নিয়োগ করা সম্পর্কে সরকার যে ডিসক্রিমনেটারী পলিসি ব্যবহার করে থাকেন সে সম্বন্ধে মাত্র কয়েকটা কথা বলব। আপনারা হয়ত জানেন যে পশ্চিম-বাংলায় সমুস্ত ট্রাইব্লনলের জল্পকে রিটায়ার-মেন্টের সঙ্গে এক্সটেনশন দেওয়া হয়। শ্রীএন সি চ্যাটার্জি যেখানে ৮ বছরের জন্য এক্সটেনশন পেলেন সেখানে জি. কমারকে একদিনের জন্য এক্সটেনশন দেওয়া গেল না- এর আমি জবাব চাই। শ্রীএস এন গতে রায় 1st Tribunal Judge সম্পর্কে কথা আছে। কে সেই এস. এন. গুহু রায়? এ সম্পর্কে একটি মাত্র ঘটনা বলব। একথানা বই White-washing enquiry at Chinakuri coal mine বলে প্রকাশিত হয়। অর্থাৎ চিনাকৃড়িতে य मूर्य हेना इर्सिष्टल रुपेटे मूर्य हेना उमन्ड कतात कना श्रीधम धन. भूट तास नियुक्त रासिष्टलन। তাঁকে ইস্মাগ্য করা হোক এই কথা বলে সেই বই ব্যাহত হয়েছিল। এই বইয়ের তথ্যের উপর নির্ভার করে লোক সভার ডিবেট হয়েছিল। অথচ আমরা দেখলাম যে সেই শ্রীএস এন গৃহ রায়কে 1st Industrial Tribunal Judge নিয়োগ করা হ'ল। এই গৃহ সাহেব সম্পর্কে অভিযোগ হ'ল যে বেজাল কোল কোম্পানীর এজেন্ট হিসাবে শ্রমিকদের ম্বার্থ না দেখে. ্র্ঘটনার মূল কারণ অনুসন্ধান না করে ঘোষণা করলেন যে ১৫৫ জন, কি বড় জোর ১৭৬ জন killed হয়েছে। অথচ detailed plan examine করলে দেখা যায় হয় ২০৬ জন killed

মবং many consumed in the fire, many more lie in the delines. এইভাবেই বঙ্গল কোল কোম্পানীর একজন প্রতিনিধিনক শ্রমিকদের বিচার করার ভার দেওয়া হ'ল। শার একজন শ্রী পি. কে. সরকার—ট্রাইব্নাল জজ সম্পর্কে কিছু বলতে চাই। Calcutta Weekly Notes ২৩-৩-৫৯ তারিখে তাঁদের comments-এ বলেছেন

"During the late part of his years of service he divided his time between slumber and wakefulness and A few judgments which he lelivered were extremely controversial in nature."

এই ধরনের লোককেই ট্রাইব্নালের জজ করা হচ্ছে। অর্থাৎ High Court Judge-কে etirement-এর পরে তাঁকে শ্রামকদের ঘাড়ে চাপিয়ে দেওয়া হচ্ছে—যিনি তাঁর সময়টা ঘ্রমিয়ে গটান। এইসব কথা Calcutta Weekly Notes ঘোষণা করেছেন। আর একটা বিষয়ের ্যতি আপনার দুট্টি আকর্ষণ করছি - সেটা হচ্ছে Vacant Court. আমি জানি যে এই রকম মনেকগ্রেলা ট্রাইব্রনাল vacant হবার পরে সেখানে নিয়মিতভাবে তাড়াতাড়ি ট্রাইব্রনাল জজ নয়োগ করা হয় না? আমি বলব 1st Labour Court ১১-৩-৬০ তারিখে abolition হ্বার ারে সেখানে তাব অধীনে পেশ্ডিং কেসেস ছিল cases under Sec. 33. ছিল ১০০টা এবং ases under Sec. 33A ছিল ২২টা। Main cases abolition হ্বার পরে 6th & 7th 'ribunal থেকে Sc. 33 cases এবং Sec. 33A cases-এর কোন স্বাহা হ'ল না। শ্রমিকদের র statutory right আছে সেই right-কে পদ্দলিত করা হ'ল। Dispute সম্পুর্কে আ্মি বাম্লা আন্দোলনের কথা বলব। আমি চেণ্টা করেছিলাম পশ্চিম-বাংলার সমস্ত ট্রাইব্নালে । সমস্ত কেসগলো বেকার হয় তাদের দরকার কি তা দেখা। আমি ১৯৫৭ সালে প্রথম ৬ াসে যে সমুস্ত ট্রাইব,নালে বিচার হয়েছে সে সম্পর্কে একটা অনুসম্বান করেছিলাম এবং তাতে নথেছিলাম যে ১০০টি কেসের ভিতর গড় ইস্কু ছিল ২০৫। অর্থাৎ ২৫০ ইস্কুর ভেতরে দেখা গল Termination of service ছিল ৭৫: Wages & D. A. ছিল ৪১ বোনাস ৩৫: Ion-implementation of Factory Act ag 89 Conciliation & age Miscellaeous 891

মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি অনুসন্ধান করে দেখেন তাহ'লে দেখবেন যে, কারুর টিটি সম্পর্কে যদি এই সরকারের এই পলিসি থাকত যে ছাঁটাই বে-ডাইনী বা যদি এই সরকারের বিদিশ্টি মজারী বা ওয়েজ বোর্ড থাকত বা যদি ফারেরী আরে ইমণ্লিমেণ্ট করবার জন্য এফেক টিভ ্যাশনারী থাকত তাহ'লে কোন শ্রমিককে ট্রাইব্নালের কাছে যেতে হোত না বা এই করে অর্থ ণ্ট হোত না এবং শ্রমিকরাও সোয়াস্তি পেত। কাজেই আজ আমি দাবী করি যে শুধুমাত শিসলিয়েশন এবং ট্রাইবুনালের উপর নিভার না করে পশ্চিমবুজা সরকারের পক্ষ থেকে ঘোষণা রা হোক যে এই হচ্ছে আমাদের ডেফিনিট ওয়েজ পলিসি, এই হচ্ছে আমাদের এফেকটিভ ম প্লিমেণ্টেশন অব লেবার ল'জ পর্ন্ধতি এবং সংখ্য সংখ্য আরও ঘোষণা করা হোক যে আমাদেব শিসি হচ্ছে--নো বিট্রেন্সমেন্ট, নো লেট অফ্. নো ওয়ার্ক' লোড, নো ক্লোজার অব ফ্যাক্টরীস অর ক্ আউট। তারপর আজকে সর্বপ্রথম প্রয়োজন কম্পাল্সরি রিকগনিশন অব ট্রেড ইউনিয়ন বং এটা হ'লে পর অনেক কন্সিলিয়েশন এবং ট্রাইব্যুনালের হাত থেকে শ্রমিক রেহাই পাবে এবং থেরিও অপচয় হবে না। তারপর মাননীয় স্পীকার মহাশয়, আমি আর একটা পয়েশ্টের প্রতি াপনার দ্র্ভিট আকর্ষণ করে বলতে চাই যে, অ্যাড্মিনিস্ট্রেশন আণ্ড এনফোর্সমেণ্ট অব লেবার জ আইন আছে কিন্তু তার প্রয়োগ নেই এবং প্রয়োগ করবার মেসিনারীও নেই। ধরনে নিন্দ্র-ম বেতন ধার্য করে ৩৫ লক্ষ শ্রমিককে তার আওতায় আনা হয়েছে বলে মন্দ্রী মহাশয় দাবী রেছেন. কিন্তু আপনি যদি লক্ষ্য করেন তাহ'লে দেখবেন যে ১৯৬০ সালে মাত্র ৬৯৭টি কেস ন,সন্ধান করা হয়েছে। তবে এই যে অন,সন্ধান করা সম্ভব হর্মান তার কারণ হচ্ছে মাত্র চারজন াল টাইম ইন্সপেক্টর এই কাজে নিয়োজিত করা হয়েছে। সূতরাং তাঁদের সংখ্যা যদি না ডান হয় তাহ'লে মিনিমাম ওয়েজ বোর্ড ভালভাবে ইম্পিনেন্ট করা য, 1 না। তারপর শ্চিম-বাংলায় যে ৪.৩২৫টি ফ্যাক্টরী আছে তাতে প্রায় ৩.৪০০টি অ্যাক্সিডেণ্ট হয়। কিন্ত মাত্র যে ১৪ জন ইন্সপেক্টর আছেন তাঁরা যদি বছরে একবার করেও একটি ফ্যাক্টরী অন্সন্ধান করেন তাহ'লে তাঁরা নিজেরাই স্বীকার করেছেন যে মাত্র ৩৩% ফ্যাক্টরী তাঁরা বছরে একবার করে পরিদর্শন করতে পারেন। স্তরাং এমতাবস্থায় এই কমীদের সংখ্যাও বাড়ান দরকার। তারপর মাননীয় স্পীকার মহাশয়, এম্প্লয়মেণ্ট এক্সচেঞ্জ এবং কম্পালসরি নোটিফিকেশন ভ্যাকেন্দী অন্তেই হবার পর আমরা দেখলাম যে মালিক তাঁর ১১টি শ্না পদের মধ্যে অনেক সময় ৪টিও এম্পার্মেণ্ট এক্সচেঞ্জের মাধামে প্রেণ করেন না। অথচ আমরা জানি যে প্রতিটি পদের জন্য নাম তালিকাভুক্ত করা হয় এবং ধর্ন, যদি কখনও একটি পদ থালি হয় এবং সেই পদের জন্য যদি ১৭টি নাম তালিকাভুক্ত থেকে থাকে তাহলৈ সেই ১৭টি নামই এমপ্লয়মেণ্ট এক্সচেঙ্গ থেকে রেফার করা হয়। কাজেই মালিকরা যথন ঐ রকম করছেন তথন যদি সরকারের পক্ষ থেকে তাঁদের সতর্ক করে দেওয়া না হয় তাহ'লে আমরা এই বেকার সমস্যার হাত থেকে কথনই রেহাই পাব না। তারপর স্যার আর্পান নিশ্চয়ই জানেন যে এই নন্-ইমণ্লিমেণ্টেশন অব অ্যাওয়ার্ড হচ্ছে শ্রমিকদের কাছে একটা বিরাট অভিসাপদ্বরূপ এবং যদিও বা তা অনেক লড়াই. হরতাল এবং ট্রাইব্নাল করার পর পাওয়া গেল তা আবার তথন কার্যকরী করা হয় না। তবে কতগলো क्रिम नन-हेर्भा॰लासार के छ। जाँदा ना वरल भारा वलाएन एवं भाव ऽक्षित वालादा आक्रान নিয়েছে। স্যার, ইন্ডাম্ট্রিয়াল ডিস্পটে এাস্ট্রের ৩১ ধারায় আছে যে, যদি কেউ সেই এয়াক্টের ৩৩ ধারা ভাওলেট করেন তাহ'লে তাঁর বির দেধ শাদিতমলেক বাবদ্থা অবলদ্বন করা হবে এবং শাস্তি হ'ল ৬ মাস জেল এবং ১ হাজার টাকা জরিমানা এবং প্রয়োজনবোধে উভয় শাস্তিই দেওয়া যেতে পারবে। কিন্তু আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞেস করতে চাই যে, পশ্চিম-বাংলায় এই ৩৩ পারা ভাওলেট করেছে বলে যে হাজার হাজার দরখানত এসেছে তাতে তাঁরা কোন কোন মালিককে জেলে পাঠিয়েছেন বলতে পারেন? শুধু তাই নয়, এই ৩৩ ধারা অনুসারে লেবার কোর্টের কাছে দেপসিফাই করে বলা হয় যে, লেবার কোর্টকেই এই সমস্ত কম্পিউট করতে হবে, কিন্ত এই পশ্চিম-বাংলায় ৩৩ ধারা অনুসারে যে একটিও স্পেসিফাইড লেবার কোট নেই তার প্রতি আপনার দুণ্টি আকর্ষণ করে আমি আমার বন্তব্য শেষ করছি।

[4-40-4-50 p.m.]

Shri Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, শ্রদেধয়া মৈত্রেয়ী বস্ম শ্রেতে যে-কথা বলেছেন আমিও সেটা প্রথমে বলতে চাই যদিও তিনি বিপক্ষ দলের সদস্যা। Miscellaneous Expenditure-এর থবনিকা ঘটিয়ে আজকে Labour and Employment খাতে এই দপ্তরের যে মজুরী সেটা বরান্দ হয়েছে এবং এই দণ্তর পূর্ণাঙ্গ মর্যাদা এবং গ্রুত্ব পেয়েছে তব্তু একটা বাকি আছে জয়েণ্ট সেক্টোরির জায়গায় যেন পূর্ণাণ্গ সেক্টোরি এই দৃণ্তরে বসান হয়। স্যার, আমাদের সামনে যে প্রতিতকা বিতরণ করা হয়েছে সেটা প্রশংসার দাবি রাথে ঠিকই। কিন্তু তার মধ্যে কতকগুলি তুটি আছে। প্রথম হ'ল এই যে দ্ব'-একজন সদস্য বলেছেন যে ১৯৫৯ সালে ১৪ ডিসেম্বর যে জটে জেনারাল স্ট্রাইক হয়েছিল তাতে সওয়া দটে লক্ষ শ্রমিক অংশ গ্রহণ করেছিল সেটা ঐ সংখ্যার মধ্যে সল্লিবেসিত হয়নি। শুধু তাই নয়, ১৯৬০ সালে ৩০শে মে কটন প্টাইকে যে ৪৪ হাজার শ্রমিক একদিন ধর্মঘটে যোগদান কর্রোছল সেটাও তার মধ্যে সন্মির্বোশত করা হয়নি। ইন্ডান্ট্রিয়াল রিলেশানের ব্যারোমিটার হ'ল ম্যান ডে'জ লম্ট কত হ**য়েছে এবং ক**ত ওয়ারকার্স ইন্ভল্ভড্ হয়েছে; সেটা হ'ল তার মানদ ড। তা দিয়ে যদি দেখি তাহ**লে দেখা** যাবে আমাদের পশ্চিমবঙ্গে আজকে ২০ লক্ষ শ্রমিক ধর্মঘটে ম্যান ডে'জ লন্ট হয়েছে এবং প্রায় সেই রকম সংখ্যক শ্রমিক সেই ধর্মঘটে অংশ গ্রহণ করেছে। স্যার, মিলিয়ান ম্যান ডে'জ লস্ট হিসাব করলে দেখতে পাবেন one-third of total man-days lost all over India. এর থেকে এই মনে হয় যে আমাদের industrial relations-এর অবস্থা মোটেই ভাল নয়। স্যার, অমাদের সামনে যে প্রিস্তকা দেওয়া হয়েছে তাতে আমরা দেখছি যে ১৯৫৭ সালে সেটেলমেন্ট অব ডিস্পিউটস্ হয়েছে ৬৩ পার্সেন্ট অর্থাৎ এর নাকি খুব ভাল উন্নতি হয়েছে। এটা আমাদের মুখ্যমন্ত্রী দেখাতে চেন্টা করেছেন যে ১৯৫৮/৫৯ সালে ৭৯ পার্সেন্ট এবং ১৯৬০ সালে ৮৪ পার্মেট অর্থাৎ Industrial relation খুব ভাল হছে। কিন্তু যুত্ই disputes settled হচ্ছে ততই কেন man-days lost-এর পার্সেন্টেজ বাড়ছে? স্তরাং যে ডায়াগোনিসিস করা হয়েছে নিশ্চয়ই সেটা ভুল। স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই এই যে, ১৯৫৭ সাল থেকে ১৯৬০ সাল পর্যন্ত পার্সেন্টেজ দেওয়া হয়েছে বাকি পার্সেন্টেজ কি হ'ল? সেই ডিস্পিউটগর্নল কি আমাদের কালিপদবাব্র কাছে দিয়ে দেওয়া হয়েছে? সেগর্নল কি পর্নিশ লেলিয়ে দিয়ে পিটিয়ে ঠান্ডা করে দেওয়া হ'ল । আমি জিজ্ঞাসা করতে চাই black-leggers ঢুকিয়ে কি সেই ফারমান চাল করা হয়েছে? এর মধ্যে কি রহস্য রয়েছে সেটা আমরা জানতে চাই। স্যার, out of total man-days lost ২০ লক্ষ দেখান হয়েছে, সেই জায়গায় মৈত্রেয়ী দেবী বলেছেন ১০ লক্ষ ৩০ হানার ঐ চটকলগুর্নিতে হয়েছে। ব্যাপারটা কি? স্যার, চটকলের মালিকরা হচ্ছে আমাদের শ্রমমন্ত্রীর এক্তিয়ারের বাইরে। যে ৪টা কেন্দ্রীয় সংগঠন সরকার দ্বারা স্বীকৃত আমি তার একজন কর্মকর্ত্র অথচ আমরা কোন খবর পাই না। হঠাৎ ঘুম থেকে উঠে কাগজে দেখলাম Jute mills working hours reduced to 45 hours a week; তারপর সেটা কমে গিয়ে সাড়ে ৪২ ঘণ্টা হ'ল। কাগজের এক কোণে Sealing of looms-এর একটা নোটিশ দিয়ে দিয়েছেন ৫ পাসে⁴ণ্ট, আবার বাড়ান হ'ল সাড়ে ১২ পাসেণ্ট, তারপর ১৭ পাসে⁴ণ্ট, তারপর ১৯ পাসেন্ট Sealing of looms বাড়ান হচ্ছে। এর পরিণাম কি? এক-একটা লমে তিনজন করে ওয়ারকার সাারপ্লাস হচ্ছে, রিট্রেণ্ড হচ্ছে এইটাই হ'ল এর অবশ্য-ভাবী পরিণাম।

মন্ত্রী মহাশ্র জানেন না, আমাদের মুখামন্ত্রীকে জানানো হয়নি অথচ আমরা দেখছি যে জন্ট কমিশনার স্টেটমেন্ট দিচ্ছেন কাগজে in consultation with and with the consent of the Union Government and State Government লুম সীল করা হচ্ছে আর আব অওয়ার্স কমানো হচ্ছে। স্যার, ডাঃ রায়কে কনসাল্ট করা হয় না, তাঁকে ইনফর্ম করা হয়, আব আমাদের শ্রম্মনতী কিছুই জানেন না। স্যার, আমাদের জুট কমিশনার শ্রীঅজিত মজুমদার খুবে লয়ালী এবং দক্ষতার সঙ্গে ঐ আই জে. এম এর সেবা করে চলেছেন, আর তাঁর মাইনে দিচ্ছেন আমাদের কমার্স এগ্রন্ড ইন্ডাস্ট্রীজ ডিপার্টমেন্ট। মুশ্বিল হচ্ছে এই শ্রীঅঞ্চিত মজ্মদার মহাশয় আমি শুনেছি যে আমাদের ডাঃ রায়ের একই ঐ রাহ্ম সমাজের লোক। আমি জানতে চাই কি দৌপ আজকে পঃ বাংলা গভর্ণমেন্ট নিচ্ছেন এই মূল রোগের প্রতিকার করবার জনা। সাার, দিল্লী থেকে টেলিফোন করে হতুম নিতে হয়। একটা কথা শুধু আমি বলতে চাই যখন এ সম্পর্কে আমাদের বৈঠক হয় লেবার কমিশনার দুর্গতরে তথন লেবার কমিশনার অবশ্য একটা ভাল কাজ করেছেন যেটাকে বলা যায় রেকর্ড ইন দি হিচ্ছি অব জটে ডিপার্টমেণ্ট। ঐ আই. জে. এম. এ.-র প্রেসিডেন্ট বেণ্গল চেন্বার অব কমাস 4 এর আইভরী টাওয়ার থেকে সেদিন লেবার কমিশনারের অফিসে এসেছিলেন কিল্ড হলে কি হবে? লেবার কমিশনার বলেছিলেন আগে যে স্থিতাবস্থা ছিল স্ট্যাটাস নো এ্যাক্ট বজায় রাখা হোক কিন্তু তা বজায় রাখা হয়নি। অথচ র্যাদ শক্ত হাতে ধরা যায়—কটন টেক্সটাইল ওয়েজ বোর্ডের রেকমেন্ডেশনের সময় আমরা দের্থোছ स्पर्ध रतकरमर एक न हाल, कतवात कना एवं निष्ठा এवर देशस्य त मध्य करता है स्मर्काती कार्यो করেছেন, সেদিন আমি ছিলাম এবং বিরোধী দলের আর একজন ছিলেন মিঃ ফার কী। মালিকদের এবং আমাদের দিয়ে হিমালয়ান পেসান্সের সঙ্গে দিনের পর দিন তিনি যে চেষ্টা করেছেন তাতে সাধ্বাদ না করে পারি না। সেদিন এক সঙ্গে মালিকরা, শ্রমিকরা এবং আমরা সাধ্বাদ করেছিলাম, কারণ তাঁর পেছনে শ্রমমন্ত্রী দাঁড়িয়েছিলেন এবং এই সরকার তাঁর পেছনে দাঁড়ালে জ্যের করে সেটাকে সেদিন করিয়েছিলেন। সতরাং নীতি যদি না বদলায় তাহলে শ্রমশ্রী কি করবেন? মুখামন্ত্রীর আমাদের টোটাল ক্যাবিনেট রেসপন্সিবিলিটি শ্রমমন্ত্রী যখন হাসপাতালে থাকেন তখন শ্রমদশ্তর প্রলিশমন্ত্রীর হাতে যায়, এই হ'ল যে সরকারের নীতি সেই সরকারের আমলে কিছু হবার উপায় নেই। সেজন্য আমি বলছিলাম যে শ্রমমন্ত্রীকে কেবলমাত্র দোষ দিয়ে কিছু হবে না। স্যার, আর একটা জিনিস আমরা দেখছি ট্ পার্সেন্ট বাই পারটাইট এগ্রিসেন্টে আছে, টু, পার্সেন্ট কেন, আরো বেশী হওয়া উচিত ছিল অথচ আমরা দেখছি ট্রেড ইউনিয়ন শুধু নয়, আই. এন. টি. ইউনিয়ন পর্যন্ত রেকগনাইজ করেন না। ই ডাম্মীওয়াইজ আইসোলেটেড কতক ভাল জায়গা আছে। জুট-এ করেন নি, ইঞ্জিনিয়ারিং-এ করেন নি, व्लाएक भट्टन करतन नि— आर्टरमारल एउं चे चेनिए विभाव करतन । आप्रता वि**ल य-रकान** ইউনিয়নকে আন্ত্রন তাঁরা, আই, এন, টি, ইউনিয়নকে যদি রেকগনাইজ করেন তব্ ও আমরা খুশী হব যে মালিকদের হাত খুলুক এবং তারপর আমরা সেটা আদায় করে নিতে পারব। স্যার, যতক্ষণ পর্যন্ত না এমপলয়ারদের য়াাটিচ্ছ বদলাবে ততক্ষণ পর্যন্ত কিছা হতে পারে না। স্যার আমরা পাট্মোশানে দিয়েছি ডিলে ইন কন্সিলিয়েশন যে প্রসিডিওর এখানে ফলোও হ্রাচ্ছ সেই প্রাসিডিওর দিয়ে চলবে না। দেবেনবাব, ঠিকই বলেছেন যে কন্সিলিয়েশনে বন্দ্র দেরী হয়। ৩ মাস লাগে রেফারেন্স হতে, এক বছর লাগে ট্রাইব,নালে এবং ট্রাইব,নালে যে য়্যাওয়ার্ড বেরোয় সে সম্পর্কে আমাদের সন্দেহ থাকে। দেবেনবাব, একটা কথা বলেছেন, আমি আর একটা কথা বল। সারে এই সমস্ত ট্রাইব্নাল জাজ—মতীশ ব্যানার্জি মহাশয়ের কথা বলি, তিনি চেয়ারম্যান ছিলেন, ১৯৫২ তাঁর রিটায়ার করবার কথা ছিল, ৮ বছর এক্সটেনশন পেয়ে রিটায়ার করার প্র আমরা দেখছি তিনি ট্রাইবুনালে গিয়ে ওকালতি করছেন। নজর মালিকরা মামলা কি করে পেতে পারে সেদিকে এবং কি করে শ্রমিকদের বিপক্ষে রায় দেবেন। তাই বলছিলাম আজকে একটা রেস্থ্রিকসান ইম্পোজ করা উচিত যে রিটায়ার করার পর জাজেরা আর দ্রাই-বুনালে প্র্যাকটিস করতে পারবেন না। স্যার, আর একটা জিনিস কন্সিলিয়েশন অফিসারদের উপর আমরা অনেক সময় দোষ দিই। আমি কয়েকটা ফিগার দিচ্ছি।

[4-50-5 p.m.]

স্যার, আমি বোম্বের সঙ্গে তুলনা করতে পারি—No. of dispute in quarter ending March, 1960. Maharastra —25.5% এবং No. of Mandays lost মাত্র 20.5. কিন্দু No. of dispute in West Bengal 21.1. fকত man-days lost West Bengal-এ No. of dispute কিভাবে বাড়ছে দেখন। ১৯৫৬ সালে—৫,২৪৬; ১৯৫৭ সালে ৬,১১৮; ১৯৫৮ সালে ৭,১১৮ ১৯৫৯ সালে ৭,৪৭০; ১৯৬০ সালে ৭,৪৪৫। অথচ দু'জন দু'জন করে অফিসার। Conciliation অফিসার কি রকম দেখন। আমি তিন মাস আগে দেখেছি No. of disputes যে রকম, তাতে দ্ব'জন মাত্র অফিসার—নর্থ জোন-এ ও সাউথ জোন-এ। No. of conciliation in February, 1961--৩৬১টি dispute ছিল, দ্ব'জন মাত্র Conciliation Officer একজন Assistant Labour Commissioner, একজন Labour Officer, সাউথে ১৯৬১ সালের ফেব্রুয়ারীতে ৫১০টি dispute; দু জন মাত্র Conciliation Officer. তার মধ্যে একজন ইস্তফা দিয়ে চলে যাচ্ছেন। আমাদের এখানে যেখানে দেখছি দিনের পর দিন dispute বাড়ছে, যেখানে ১৯৫১ সালে, আমি ফিগার দিচ্ছি--আমাদের গেজেটেড় অফিসার ছিল ৪২ জন, নন্-গেজেটেড অফিসার ৩৭৭ জন। বোদেবতে দেখুন সেই জায়গায় ৬৩ জন গেজেটেড অফিসার এবং ৫২০ জন নন-গেজেটেড অফিসার। আমি জিজ্ঞাসা করতে চাই ঐ Finance Department-কে কেন তাঁরা কিসের জন্য এত বড় গ্রেড়পূর্ণ যে দণ্তর সেথানে আজ Conciliation অফিসারের সংখ্যা বাড়াচ্ছেন না? আমি যে ফিগার দিলাম, এতগুলি disputes কি effectively conciliation করা humanly possible? মাসে ৪টা disputes settle করা সম্ভব। Finance Department-কে আমরা বার বার দাবী জানিয়ে বলেছি যে এই Conciliation Officer বাড়ান হোক। কিন্তু আজও তা হচ্ছে না।

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ১৯৫৬ থেকে ১৯৬০ সাল—এই চার বছরে ২১ হাজারের বেশী কর্মসংস্থান হয়েছে। কিন্তু এই সপ্তে তাঁর প্রিস্কিকার মধ্যে দেখছি গত বছর ১৯৬০ সালে স্বশ্বন্ধ দেখছি retrenchment, lay-off and closure-এর ফলে ৩০ হাজারেব চাকরী গেছে। চাব বছরে একুশ হাজারের বেশী কর্মসংস্থান হয়েছে,

আর এক বছরে ৩০ হাজার ক্ষনকে কর্ম থেকে সরিয়ে দেওয়া হয়েছে। ছেলেবেলায় অঞ্চ করেছি pipe and cistern-এর একদিকে জল ঢ্বকছে, আর একদিক দিয়ে জল বেরিয়ে যাছে। এখন চৌবাচ্চা ভর্তি হবে কত সময়ে? শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করি আমাদের এই চৌবাচ্চা কতদিন লাগবে ভর্তি হতে?

স্যার, বেৎগলী এমপ্লয়মেণ্টের কথা সেদিন শুনছিলাম। কংগ্রেস পক্ষ থেকে বলা হয়েছে। বোলপরে কেন্দ্র হতে নির্বাচিত বিধান সভার সদস্য মাননীয় অমর সরকার সেদিন এখানে বলেছেন সরকারী টাকায় আমেদপুরে যে চিনির কল প্রতিষ্ঠিত হয়েছে, সেখানে নিয়োগ করা হচ্ছে গোরক্ষপরে জেলার বহু শ্রমিক। সরকার এইভাবে বাণ্গালী নিয়োগের বাবস্থা করছেন! এই এমুল্যুমেন্ট ব্যাপারে আর একটি কথা বলে আমার বস্তব্য শেষ করছি। Payment of Wages Act যেটা extended হয়েছে inland vessels mechanically propelled industry-তে --আমার প্রস্তাব হচ্ছে একটি কমিটি গঠন করা হোক অনুসন্ধান করবার জন্য: কি অনুসন্ধান? Personnel Employed, Indianisation of Employment, Fixation of wages etc. and Training of Bengali boys for seafurers job. কারণ কি বক্ষ গ্রেছপূর্ণ অবস্থা সেখানে দেখছি। Calcutta-Assam inland navigation exclusively maneged by Joint Steamer Co. তারা employ করে ১০ হাজার floating staff এবং সেই ১০ হাজারের মধ্যে মাত্র ৩৫০ জন Indian, আর বাকি সব পাকিস্তানী। ১২ শো অফিসার এই big steamer ও অন্যান্য vessels ও লপ্তের—তাদের মাইনে আডাই শো থেকে বার শো টাকা। এই বার শো অফিসারের মধ্যে কেবলমাত্র ৩৮ জন ইন্ডিয়াান। আর গভর্ণমেণ্ট অব ইন্ডিয়া ২০২৬ কোটি টাকা এই জয়েণ্ট স্টীমার কোম্পানীকে দিচ্ছেন তাদের নানা রকম ভাবে modernise করবার জন্য। কিন্তু এর ফয়দা ভারতবর্ষের কর্মচারীরা পাবেন নাা, পাকিস্তানী ন্যাশন্যালরা পাবে। New recuitment দ্বারাও পাকিস্তানকে রক্ষা করা হচ্ছে। চার হাজার মেরিন দ্বাফ কলকাতা পোর্টে আছে। তার মধ্যে দু হাজার আট শো কর্মচারী পাকিস্তানী। অথচ মাণ্টার, ড্রাইভার, সারেগ্গ-এই সমস্তই পাকিস্তানী ন্যাশন্যাল। আরো কয়েকটি ব্যাপারে boat and floating vessels, individual control a individual company-a মধ্যে যেগুলি আছে, তার মধ্যে ৫০ হাজার কর্মচারী কাজ করে; এর অধিকাংশই পাকিস্থানী नामनाल तरप्रष्ट् । भू ठताः এই পाकिन्छानी याता तरप्रष्ट्, छारमत এकि भवरहरू वर्ष काक হচ্ছে যে সুন্দরবনের যে বিহারী খাল, সেই খাল দিয়ে নৌকার সাহায্যে ফরেন গুড়ুস্ তারা স্মাাগুলিং করে নিয়ে আসছে। সাধারণতঃ এই সব ব্যবস্থা হচ্ছে কর্মসংস্থানের অব্যবস্থা। ভারতবাসীরা চাকরী পাচ্ছে না। অথচ পাকিস্তানী ন্যাশনালদের এনে ভার্ত করা হচ্ছে, আমাদের সব গরেত্বপূর্ণ স্থানে।

Shrimati Anima Hoare:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রমমন্ত্রী মহাশয় যে বায় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তা সমর্থন করছি এবং তাঁকে অভিনন্দন জানা,ছে এই জন্য, যে তাঁর সময়ে বহু শ্রমিক কল্যাণে তিনি করেছেন এবং শ্রমিক কল্যাণের জন্য সব সময়ে চেচ্চা করে থাকেন। বেশীর ভাগ ক্ষেত্রে আমার দেখেছি, তাঁর কাছে অভিযোগ উপস্থিত করলে তিনি মালিকের পক্ষ না দেখে বরং শ্রমিকের পক্ষ দেখে থাকেন। তবুও আমি এই বাজেট সমর্থন করবার সময় কয়েকটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়ের দ্ভি আকর্ষণ করতে চাই, সে সম্বন্ধে তিনি কিছ্ব করতে পারেন কিনা, এবং কি করবেন, সেটা তিনি আশ্বাস দিয়ে বলবেন আশা করি।

প্রথমে আমি চা-বাগিচা সম্পর্কে বলব। চা-বাগিচাতে শ্রমিকরা লভ্যাংসে অধিকারী হয়েছে এবং তাদের জন্য বহু কল্যাণমূলক কাজ করা হয়েছে; কিন্তু সেই সঙ্গে একটি বিষয় তুলে ধরছি। বিষয়টা হচ্ছে, চা-বাগানে যে সকল শিক্ষিত কর্মচারীরা কাজ করেন তাদের কোন লভ্যাংশের স্পিরকৃত এগ্রিমেণ্ট অনুযায়ী করা হয়নি। এই এগ্রিমেণ্টের মধ্যে আর একটি দিক অত্যন্ত বিস্ময়কর বলে মনে হয়। চা-বাগিচাগ্রলির আবাদী জমির কোন নির্দিষ্ট

পরিমাণ নাই, যদিও এই শিল্পটা একটা স্কংগঠিত শিল্প। দেখা যায় ভিন্ন ভিন্ন আয়তনের চা-বাগান আছে এবং লভ্যাংশের ব্যাপারে সেখানে যখন এগ্রিমেন্টে ঠিক হয়; সেই নির্ধারিত এগ্রিমেন্ট অনুযায়ী শ্রমিকরা লভ্যাংশ পায়। কিন্তু যে বাগিচায় পাঁচ লক্ষ্ণ পাউন্ড চা উৎপন্ন হয়, সেখানে যে হারে লভ্যাংশ তারা পায়, আর যে চা-বাগিচায় কুড়ি লক্ষ্ণ পাউন্ড চা উৎপন্ন হয়, সেখানেও সেই একই হারে তার লভ্যাংশ পায়। অথচ বাগিচার যে লভ্যাংশ অংশীদারদের থাকে তার সন্পো এবদের লভ্যাংশর তারতম্য বিভিন্ন রক্মের থাকে। আমি মাননীয় মন্দ্রী মহাশয়ের এদিকে দ্ভিট আকর্ষণ করতে চাই। আমি আর একটা কথা বলতে চাই, বর্তমান অবন্থায় সাধারণভাবে আমার মনে হয় যে আজ পশ্চিমবঙ্গে ভামিদারী প্রথার উচ্ছেদ হয়েছে, কিন্তু শিল্পপতি প্রথার স্থিত হয়েছে।

কোন শিল্পের শতকরা ৫১ ভাগ অংশের অংশীদার বা প্রতিনিধি যাঁরা, তাঁরা সেই শিল্পের মালিকানা কবেন এবং সেই মালিকানায তাঁদের নিজেদের ব্যক্তিগত যা কিছু প্রয়োজন ও সুখ্বনাছন্দা, সব কিছু সেই শিল্প থেকে ভোগ করে থাকেন। এ থেকে আমার মনে হয় এইভাবে শ্রমিকদের বিশুত করা হচ্ছে এবং ছোট ও সংখ্যালঘু অংশীদারদেরও বিশ্বত করা হচ্ছে। ফলে সমাজের মধ্যে দুস্তর ব্যবধান সৃষ্টি হচ্ছে সাধারণ মানুষের সপ্রে শিল্পপতিদের।

[5—5-25 p.m.]

দেখা যায় উত্ত জোতদারই প্রকৃত আসামী। কিন্তু তৎসত্ত্বেও সেই পর্বলিশ অফিসারকে বাঁচিয়ে রেখেছেন পর্বলশমন্ত্রী ও অর্ধেন্দ্র নকরর মহাশ্র।

Shri Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬০ সালে কোন বামপদথী আন্দোলন হর্রান, এবার অন্যান্য বছরের মতন এই বছরে বিশেষ কোন আন্দোলন হর্রান, স্ত্রাং প্র্লিশ তার স্বাভাবিক কাজ-কর্ম করতে পেরেছে, এই কারণে আমি আশা করেছিলাম crime detection খ্ব ভালভাবে হবে; অর্থ ও সময়ের অপবাবহার বা সামর্থের অপচয় হবে না। কিন্তু স্যার, কলকাতায় যদিও বা কিছ্ম কিছ্ম হয়েছে যদিও upto mark নয় কিন্তু মফঃস্বলে কিছ্মই কাজ হয় নি। মাননীয় সদস্য নিরঞ্জন সেন মহাশয় ম্রুভি সেনেব হত্যার কথা বলেছেন। তিনি বড়বাজার অঞ্চলের Income tax অফিসের একজন অফিসার ছিলেন, যিনি বড়বাজার অঞ্চলের যারা বাবসা করে তাদের assess করতেন। ঐ অঞ্চলে যারা কালোবাজার করে, যারা Income tax ফাঁকি দেয় কাগজপতে তিনি তাদের দেখতেন। কিন্তু এতদিন হয়ে গেল তাঁর হত্যার সম্বন্ধে কিছ্মই জানা গেল না। স্যার, তাঁর মা আমাদের পাডায় থাকে, তিনি আজ পাগলের মত হয়ে গেছেন।

[4-10-4-20 p.m.]

স্যার, তাঁর বিধবা স্ব্রী আজ টি. বি রোগে ভুগছেন। তিনিই সংসারের একমাত্র আর্নিং মেম্বার ছিলেন। এখনও পর্যন্ত সেই খুনের কিনারা হল না। স্যার, পশ্চিম বাংলা প**্লিশের** অবস্থা আরও শোচনীয়। আমার যে কাট মোশান আছে যেটা আপুনি admit করেছেন তাতে আছে—Corruption, nepotism and inefficiency of administration with special references to the I. G. of Police, West Bengal. আমি এর মধ্যেই আমার বন্ধব্য সীমাবন্ধ রাখতে চাই। প্রথমে আমি একটা তথ্য দিতে চাই যেটা বাজেটের মধ্যে ধরা পড়বে না। গত এক বছরে নৃত্ন আই. জি.-র আমলে বছরে ২৫ লক্ষ টাকা পশ্চিম বাংলা প্রলিশের থরচা বেড়েছে এবং কিভাবে বেড়েছে দেখুন। পশ্চিম বাংলা পর্লিশে ৩৫ হাজার কর্মচারী কাজ করে। এদের যখন ক্যালকাটা পর্লিশের সমান মাইনে করা হয় তখন বলা হয়েছিল ওয়েষ্ট বেঙ্গল পুলিশ থেকে 15 % পোষ্ট—Constable, Head constable—ভেকেন্ট রেখে এডজাষ্ট করা হবে। তারপব দুটো ধাপে কমান গেছে—১৯৫২ এবং ১৯৫৭ সাল—ঐ 15.1% পোষ্ট ভেকেন্ট ছিল। নৃতন আই. জি. এসে প্রথমে হত্তুম দিলেন ঐ সমস্ত পোস্ট ফিল-আপ করতে হবে যার ফলে ২৫ লক্ষ টাকা প**ুলিশে**র খাতে খরচ বেড়েছে। স্যার, এই আই, জি, আসার পর বিনা টাকায় ওয়েস্ট বেণ্যল পূলিশের কোন কাজ হয় না -এটা আমার কথা নয়। আমি বলছি যে কালীবাব্র পাশের ঘরে টাকার লেনদেন চলে। কালীবাব্যর প্রিয়পাত শ্রীবীরেন চক্রবতী নরক গলেজার করে আছেন-শুধু টাকা দাও, টাকা দাও। এই ওয়েদ্ট বেণ্গল প্রলিশে recritment-এ ঘ্রুম, মেডিক্যাল কেসে ঘুম, final appointment-এ ঘুম, confirmation-এ ঘুম। বিশেষ করে সমস্ত ব্যারাকপুরেই ঘুংসের রাজত্ব চলছে। এর পরেই হল আই জি.-র গুরুদেব—গুরুদেবের জয় হোক। সারে আপুনি authorised document চেয়েছিলেন। আমার কথা নয়—confidential marked করা document এবং West Bengal Police Association-এর যে memorandum W. Bengal Police Commission-এর সামনে রেখেছিল তার থেকে পড়িছ :

Even, to open the Provident Fund Account, a poor constable is required to pay some money before he can open it. Under the existing conditions 25% of the Constables are entitled to house-rent to maintain family quarters—in such cases the deserving cases are generally overlooked unless some TADBIR is made even resorting to illegal payment.

There are a very few honest and sincere workers, though many educated officers have entered this department.

স্যার, authorised document চেয়েছিলেন সে সম্বন্ধে শ্রন্ন। কালীবাব্ আমাদের গতবার আশবাস দিয়েছিলেন—কারণ আমি কতকগৃলি allegation করেছিলাম এবং বলেছিলেন যে এনকোয়ারী করবেন। কিন্তু সে এনকোয়ারী আজ্ঞ পর্যন্ত হয় নি। স্যার, আপার হাউস থেকে তিনি এসেছেন। আমাদের সভায় বসে যে য়্যাস্বরেন্স দিয়ে যান সেই য়্যাস্বরেন্স তিনি রাখেন না তাতে আমি মনে করি যে তিনি আমাদের এই হাউসকে অপমানিত করেছেন। আমি কতকগৃলি নির্দিণ্ট অভিযোগ করেছিলাম এবং আই. জি.-র কতকগৃলি বাস আর তার নম্বর দিয়েছিলাম। স্যার, য়্গান্তর কাগজে ৯ই মার্চ মাসে একটা খবর বেরিয়েছিল তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করিছ। এস. এন. রায় যিনি ১০ বছর চীফ সেক্রেটারী ছিলেন এটা তাঁর কথা—আমার কথা নয়।

তিনি অভিযোগ করেছেন কেমন করে ঐ আই. জি. রিভলবারের লাইসেন্স সংক্রান্ত ব্যাপারে দ্রনীতির প্রশ্রয় দিয়ে চলেছেন। অবশ্য ঐ আই জি. নাকি গভর্নমেন্ট, পর্লিশ কমিশনার এবং এস. এন. রায়-কে দিয়ে অনেক চেণ্টা করেছিলেন সেই সংবাদের কন্ট্রাডিকসন ছাপাবার জনা—তবে পারেন নি। এই অ্যাসেন্বলীতে তিনি এসেছেন এবং কালীবাবুর ঘরে বসে যথন কনফারেন্স হয় তথন সেখানে কংগ্রেস দলের দ্ব-একজন মাননীয় সদস্য উপস্থিত ছিলেন এবং তাঁরা এসব জানেন। তবে কেউ কন্ট্রাডিক্ট করতে রাজী হন নি। সে যা হোক, আমি জিজ্জেস করতে চাই যে, ঐ একটা স্টেটমেন্ট কি ঐ আই. জি.-কে সাসপেন্ড করার পক্ষে যথেন্ট নয়? তবে সাার, কালীবাব একথা বলতে পারবেন না যে, এটা যতিনং ভাষিতং:—এটা হচ্ছে এস, এন, রায় ভাষিতং--অর্থাৎ আপনাদেরই মন্ত্রীর কথা। তারপর এই স্টেটমেন্টের সঙ্গে যোগ কর্ম বজরংলাল মোর-এব আদিট-করাপুসনের কাছে দেওয়া স্টেটমেন্ট—অর্থাৎ হরিসাধন ঘোষের গ্রেন্দেবকে ৫০০০ **টाका फिरा तिल्लावारतत लाटेरमन्म (भरारह)। कालीवार्**न, এमन कथा भन्नत किंहन वन्नुवराज भारतन কি? তারপর স্যার, রিভলবারের লাইসেন্স পেতে হলে তার জন্য রেট ঠিক করা আছে এবং তা হোল ৫০০ টাকা থেকে ৮০০০ টাকা এবং এই টাকা হয় আই. জি-কে সরাসরি দেওয়া হয় আর তা না-হলে ঐ গ্রন্তেদেবের মারফতে দেওয়া হয়। তবে আমি বলতে চাই যে, যদি গত ১০ বছরের লিস্ট সার্বামট করা হয় তাহলে তাতেই দেখা যাবে যে এই লাইসেন্স কতজন বাঙালী পেয়েছে এবং কতজন অবাঙালী পেয়েছে. কাজেই যদি আপনাদের সাহস থাকে তাহলে সেই লিস্ট সার্বমিট করুন। তারপর স্যার, পর্লিশ মন্ত্রী হিসেবে আমাদের কালীবাব, যে কৃতিত্ব দেখিয়ে-ছেন তাতে আমি ডাঃ রায়ের কাছে একটা অনুরোধ করব যে, তিনি তো পশ্চিমবাংলার জন্য অনেক ভाল ভাল কাজ করেছেন কাজেই আর একটা কাজ করে তিনি আমাদের একটা বাধিত কর্ন। তবে কাজটা হোল কেন্দের হোম মিনিস্টাব গোবিন্দবল্লভ পন্থ যথন মারা যান তখন সকলেই বলেছিলেন যে এটা একটা ইর্রিপেয়ারেবেল লস্, কিন্তু আমি তা মনে না করে এটাই মনে কবি যে এ লস অতি সহজেই পূরেণ করা যায় এবং সেইজনাই ডাঃ রায়কে বলি যে, তিনি কালীবাবুকে কেন্দ্রের হোম মিনিস্টার করে দিন। তবে সাার, শুনলাম কালীবাব, এখন ঋণমা্ক হয়েছেন. অর্থাৎ গত খাদ্য আন্দোলনের সময় তিনি যখন কন্ট্রোল রুমে বসে গুলী চালাবার অর্ডার দিয়ে-ছিলেন তখন একহাতে যে রসগোল্লা খেয়েছিলেন এবং আর এক হাতে নরমুন্ড নিয়ে খেলছিলেন সেই রসগোল্লার দাম "তৃপ্তিধারা"কে দিয়ে দিয়েছেন। স্বতরাং আজ র্যাদ তাঁকে দিল্লীতে পাঠিয়ে দেওয়া হয় তাহলে সেখানে বসে তিনি শুধু বাংলাদেশের নয়, সারা ভারতের নরমুণ্ড একহাতে এবং অন্য হাতে খল নিয়ে নতা করতে পারবেন এবং আমরাও আনন্দ ও ভক্তিতে কালীকীর্তন রচনা কবে তাঁর সঙ্গে গাইব নাচো কালী, নাচো কালী।

Shri Ananda Gopa! Mukhopadhyay:

মাননীয় প্পীকার মহাশয়, আমাদের প্ররাণ্ট্র মন্ত্রী যে বায়-বরান্দের দাবী এখানে উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে উঠে আমি আমার বন্তব্য আপনার মাধ্যমে এই হাউসের সামনে রাখতে চাই। প্রথম কথা হোল এই দাবী যুত্তিযুক্ত নয় একথা বলে যখন আমাদের বিরোধী দলের সমসত বন্ধ্রাই বিশদভাবে বলেছেন তথন আমার বন্তব্য হচ্ছে যে. এই দাবীর পেছনে কাদের সমর্থন থাকতে পারে এবং কা'দের থাকা সম্ভব নয় সেটা আপনাকে বিচার করতে হবে। স্যার, রাজনৈতিক দল যাঁরা ক্ষমতায় অধিণিঠত থাকেন তাঁরা ছাড়া অন্য কোন দল এই দাবীকে স্বংনও সমর্থন করতে পারেন না, কারণ ক্ষমতা অধিকার করার জন্য তাঁরা আপ্রাণ চেন্টা করেন। তবে শাধ্যু তাই নয়, এই ক্ষমতা অধিকার করবার পথ যখন দেশেব মধ্যে বিশৃত্থলা সূচ্চি তথন যদি তাঁরা দেখেন যে দেশের মধ্যে বিশৃংখলার বদলে শৃংখলা বভায় আছে এবং দেশের সাধারণ মান্য নিশ্চিন্ত মনে তাদের দ্বী-পত্র নিয়ে সংখে দিন যাপন করছে তাহলে ঐ ক্ষমতা অধিকার করবার পরিবেশ সুভিট হয় না এবং সেই কারণেও তাঁরা এই দাবীকে সমর্থন করতে পারেন না। তবে এটা অতি সত্যকথা যে, যদি তাঁদের মধ্যে কেউ-কেউ ভূলে দাবীর সমর্থনে দূ-এক কথা বলেন তাহলে এটা ধরে নিতে হবে যে নিশ্চয়ই তাদের কোন উদ্দেশ্য আছে। যা হোক, এখন আমি পশিচমবাংলার শান্তি শৃত্থলা বজায় রাখা আজ একান্তই প্রয়োজন। শৃংধু তাই নয়, আমাদের যে আপনার সামনে বলতে চাই যে, এই দাবাঁকে আমাদেব স্বান্তঃকরণে সমর্থন করা উচিত কেননা বিরাট বড়ার এরিয়া আছে সেখানকাব উপদূবের হাত থেকে রাজ্যকে রক্ষা করবার জন্য এবং অন্য দিকে চীন ও ভারতের মধ্যে যে বর্ডার আছে সেই অংশের নিরাপত্তা রক্ষার জনাও আজ এই দাবীকে সম্পূর্ণভাবে সমর্থন করা প্রয়োজন।

[4-20-4-30 p.m.]

সারে, এবারে আমি আপনার মাধামে এই হাউসেব সামনে দেশের আভান্তরীণ অবস্থার নংথা বাংখতে চাই। তারপর আমি যেটা বলছি সেটা হচ্ছে বৈদেশিক শক্তির হাত থেকে দেশকে কিভাবে রক্ষা কৰা যায় তার উপায এবং কার্যসূচী সম্পর্কে। দেশকে ভা**লভাবে শা**ন্তিতে <mark>রক্ষা</mark> করাব জন্য শুধু পুলিশের সম্পর্কে বায়ববাদ্দ কয়লে হবে না, আমাদের এই রাজ্যে যেসমুস্ত জন-কল্যাণমূলক কাজ চলছে তা থেকে আমবা এট্রকু দেখতে পাই যে, প্রয়োজনের অনুপাতে কম হলেও এই পশ্চিমবংগকে গড়ে তুলবার জন্য প্রচেণ্টার কোন অন্ত নেই। আমরা যদি আয়-বায় 🗩 বিশেষ করে বায়ের হিসাব দেখি তাহলে দেখব ১৯৫৪ সাল থেকে আরম্ভ করে ১৯৬১-৬২ সাল পর্যন্ত পর্নালশ খাতে মাত্র ১২ পার্সেন্ট টাকা ধার্য হয়ে থাকে। এড়কেশান খাতে ১৯৪ পার্সেন্ট, মেডিকনল এন্ড পাবলিক হেল্প খাতে ৮৩ পাসেন্টি, এগ্রিকালচার এন্ড ফিসারিজ খাতে ৮১ প্রাসেন্টি এবং ইন্ডাম্ট্রি এন্ড কটেজ ইন্ডাম্ট্রি থাতে ৩৬৫ পাসেন্টি টাকা ধার্য হয়ে থাকে। যাঁরা বলেন যে প্রলিশের বায় দিনেব পর দিন বেডে যাচেছ, আমি বলব তাঁরা হয়ত অংকশান্তে বিশেষ বিশারদ এবং অংকের হিসাব বৃদ্ধি অতদত স্ক্ষা এবং এত স্ক্ষা যে আছে কিনা বোঝা যায়না। প্রিলশ খাতে বরান্দ যদি আমবা বাড়াতে না চাই তা হলেও বাড়বে। এই হিসাব যদি না জানেন ভাহলে জেনে রাখুন যে-সমুহত কুমুচারী নিযুক্ত হয় তাদেব বেতন বছর-বছর বাড়ে এবং সেই কারণে অংকের হিসাবে টাকা বাড়তে বাধ্য। কিন্তু আনুপাতিক হিসাব যদি ধরেন তাহলে দেখবেন যে ১৯৫৪-৫৫ সালে পার্সেন্টেজ হিসাবে ১২ পার্সেন্ট খরচ প**্লিশ থাতে হত। বছর-বছর** থবে আসুন ১১ ২, ১০, ১১ ১, ৯ ৯ পার্সেণ্ট, ৯ ৪ পার্সেণ্ট, ৮ ৬ পার্সেণ্ট। ১৯৬১-৬২ সালে ৮ ৬ পার্সেন্ট যাঁরা বেড়েছে বলেছেন তাঁরা অংকটাকে স্ববিধামত কাজে লাগাবার জন্য উত্তরটা সেইভাবে তৈরি করে নিয়েছেন। এই রাজে। সমুহত অংকের হিসাবটা ওলট-পা**লট হ**য়ে যাচ্ছে। তার একদিকে কারোর দৃষ্টি যায় নি। এই সেদিন পর্যবত আমরা পরিসংখ্যান দেখ-ছিলাম--সেথানে ১৯৫৯-৬০ সালে আমাদের দেশের জনসংখ্যার হিসাব যা ছিল তাতে সমস্ত হিসাব উল্টে গেল। যথন ১৯৬০-৬১, ১৯৬১-৬২ সালের জনসংখ্যার হিসাব আমরা পেলাম তখন সমস্ত ॰ল্যান যার উপর বেস করে হচ্ছে, বদলে গেল: সেথানে আজকে ৩০৫০ ক্লোরস্ পপুলেশান হয়েছে। আজকে যদি পশ্চিমবংগে এই পপুলেশন হয় তাহলে হিসাব করে দেখলে দেখতে পারেন ৭ শো লোক-পিছ্ব একটা করে পর্বলিশ ফোর্স আছে। ওয়েস্ট বেণ্গলে এবং পার স্কোয়ার মাইলে ১০৫। পার ক্যাপিটা এক্সপেণিডচার যদি হিসাব করি তাহলে দেখব ২০০১

নয়া পয়সা। এই পরিসংখ্যান আপনাদের সামনে রাখছি এইজন্য যে এই রাজ্যে জনসংখ্যা যে অনুপাতে বাড়ছে সেই অনুপাতে পর্নলিশের বায় বাড়ে নি, সেই অনুপাতে ক্রাইমস্ বাড়ে নি এবং যে পরিবেশের স্টিট হয়েছে সেই পরিবেশে পর্নলিশের পক্ষে শান্তি রক্ষা করা অত্যন্ত বিপক্জনক। ডেকয়টি এবং অন্যান্য ক্রাইমসের যে ফিগার মাননীয় মন্ত্রী মহাশয় এখানে দিয়েছেন আমি তার প্রনর্ক্তি করতে চাই না। এনফোস'মেন্ট বিভাগ এবং অন্যান্য সমস্ত বিভাগের কাজ এই পর্নলশ বিভাগের এতগর্লি কর্মচারী সারা বছরে যা করেন তা একদিনে আমার পক্ষে কয়ের মিনিটে বলা সম্ভব নয়। যাঁরা এখানে এক-একটা উদাহরণ দিয়ে সেই সমস্ত সং কর্মচারীদের জেনারেলভাবে অ্যাকিউজ করেছেন তাঁরা অন্যায় করেছেন বলে আমি মনে করি। আমি এখানে কয়েরচটা ঘটনার কথা আপনাদের সামনে উল্লেখ করতে চাই। আজকাল পর্নলিশ বিভাগ অত্যন্ত বৈজ্ঞানিক পম্পতিতে যেভাবে ক্রাইমস ভিটেক্ট করতে আরম্ভ করেছেন তাতে ভারতবর্ষে একটা নজীরের স্টিট হয়েছে। আমার প্রশেষ বন্ধ্র শ্রীনিরঞ্জনবাব্ হাউসের সামনে যে-সমস্ত কথা বলেছেন পর্নলিশের বির্শেষ তাতে আমি তাঁকে এবং আপনার মাধ্যমে এই হাউসকে দ্ব-একটা ঘটনার কথা বলতে চাই।

সাউথ ডিভিসন পোর্ট প্রিলশ কেস নং ১৭৪ তারাতলা কেস বলে যেটা বিখ্যাত সেই তারাতলা কেসের গল্পটা আমি আপনার সামনে একটুমার বলতে চাই। সেখানে গণ্ডম শ্রুক্রা বলে একটা গানার কাজ করতো। হঠাৎ তাকে দেখা গেল যে পাওয়া যাচ্ছে না। ডিটেক্টীভ ডিপার্ট-মেণ্টে খবর গেল। তাঁরা যখন ইনভেন্টিগেশন আরম্ভ করলেন তখন তার কোন হদিশ পান না। একটা একটা সন্দেহ হ'ল সেখানে একটা লোককে। প্রালশ তার যখন অনুসন্ধান আরুদ্ভ করলেন তখন সেও কাজ থেকে অনুপ্রস্থিত হয়। ধাওয়া করে যখন তার বাড়ী পর্যন্ত যাওয়া হ'ল তখন সে বাড়ীর মধ্যে হাজির থেকেও তার স্বীকে দিয়ে বলালো নেই। যে অফিসার ইনভেণ্টি-গেশনে গিয়াছিলেন তিনি একজন তর্মুণ অফিসার। তাঁর সঞ্জে কোন আর্মস ছিল না কিন্ত তিনি ব.ঝতে পারেন যে লোকটা বাড়ীর মধ্যে আছে। তিনি গিয়ে সেই লোকটাকৈ বাড়ীর মধ্যে পান এবং তাকে ধরে নিয়ে এসে ইন্টারোগেশন করে বের করা হ'ল যে হ্যাঁ, এই লোকটাকে খুন ু করেছে এবং তার বড়ি আছে অমূক ভায়গায়। বিল ছেপ্চে যখন ঐ বড়ি বের করা হ'ল তখন তার আর মানুষের রূপ নেই, তার হাড়, স্কেলিটন আছে। সেটা নিয়ে তাডাতাড়ি যে পন্ধতির মাধামে এন্টাবলিশড় হ'ল যে সেই' মৃত লোকটা একই লোক সেই বৈজ্ঞানিক পর্শ্বতিটা যদি দেখেন তাহলে দেখবেন একটা নতেন টেকনিক তিনি এস্টাবলিশ করলেন ফটোগ্রাফিক সমুপার ইম্পোজি-শন। আমি আপনার সামনে সেই বৈজ্ঞানিক পর্ণাতির কথা বলতে চাই না কিন্তু যেই স্কাল. क्लिकिन निरंत जात य माता श्राष्ट्र जाव वीष्ठ निरंत्र मुत्तिक भिनित्त करोशाकीत भाषाता यथन বিচার করা হ'ল সেই স্কালের উপর এই ব্যক্তি হতে পারে কিনা তখন বৈজ্ঞানিক পদ্র্যতির বিচাবে বিচার হ'ল হা, তা সম্ভব হয়েছে। আমি আপনার মাধ্যমে শব্ধ, এটকু বলব যে ভারতবর্ষে এই পর্ম্বতি, এই ধরনের ক্রাইম ডিটেকশন প্রথম। এটা আমার কথা নয়, আমি কাগজের কাটিং থেকে পর্ডাছ জজ সাহেব যে মত দিয়েছেন সেটা।

The Judge observed: I should record my appreciation of the work done by investigating officers, Sub-Inspector, Dhiren Chatterjee and Sub-Inspector, Anil Banerjee and by the Medical Officer in this case. Considerable pains appear to have been taken to establish the identity by the super-imposition process, a process which is apparently new in this country.

এবং আমি এখানে মনে করিয়ে দিই, বার্ক রকসটনের কেস যদি আমরা মনে করি তাহলে দেখতে পাই ইউ. কে-তে এই ধরণের একটা কেস হর্মোছল। আমার বেশি সময় নেই, নইলে আরো জিনিষ আপনার সামনে আমি তুলে ধরতে পারতাম। আর দ্ব-একটা কথা বলি—এখানে বলা হয়েছে যাঁরা টাাক্স ইকেড করেন বড় বড় ব্যবসায়ীদের তাঁদের পেছনে প্রিলশ দেয়া হয় না। সে সম্পর্কেণ দ্ব-একটি ঘটনা আমি আপনার সামনে তুলে ধরতে চাই। বড়বাজার প্রিলশ কেস

নং ৮ ডেটেড ১৮ই জান্যারী, ১৯৬০। এখানে কমিশনার প্রীএস. কে. ঘোষ একটা চিঠি লিখে জানালেন যে তাঁর একটা ফার্ম সম্বন্ধে অভিযোগ আছে, তাঁরা ফাঁকি দিয়ে সরে পড়তে চাচ্ছেন। ডিক্টেটীভ ডিপার্টমেণ্ট এই কেসটা নিয়ে কয়েক জন ভদ্রলোকের নামে ইনভেচ্চিগেশন আরম্ভ করলেন। করতে করতে সেখানে দেখলনে যে আরো কয়েকটা কনসার্নের সপ্ণে তাঁরা ম্যালাফাইডি ট্রান্সফার করেছেন, ফ্রন্ড করেছেন, করে বাইশ লক্ষ টাকা ফাঁকি দিয়ে সরে পড়বার তালে আছেন। কেসটা সাব-জন্ডিস আছে, সেজন্য বিশেষ তথ্য আমি দিচ্ছি না কিণ্তু তাঁরা ধরা পড়েছেন।

[4-30-4-40 p.m.]

আর একটা ঘটনার কথা আপনার সামনে বলি। কিছ্বদিন আগে আমাদের দেশে ম্যাক্ডোন্যান্ড বলে এক ভদ্রলোক এসেছিলেন,—তিনি অস্ট্রেলিয়ার একটি রিকেট অ্যাসোসিয়েশনের
একজন মেন্বার। তিনি হাওড়া রীজের কাছে ছবি নিচ্ছেন, তন্ময় হয়ে। আর ওদিকে পকেটের দিকে
তাঁর কোন খেয়াল ছিল না। পকেটমার তার পকেটের সমস্ত টাকার্কিড় বের করে নেয়। এই
খবর যখন যায় প্রলিশের কাছে, তখন আপনার প্রলিশের S. I., S. K. Chatterjee, Criminal Intelligence Section, Detective Department. তিনি সেই তদন্ত করেন এবং
সেই ভদ্রলোক যেদিন ভারতবর্ষ ছেড়ে চলে যাবেন, দ্বিদন মার সময় ছিল, তার মধ্যে তাঁর সমস্ত
পার্স টাকার্কডি —ফেরং দেওয়া হ'ল।

তারপর আর একটা প্লিশ কেস, মীরা চ্যাটার্জির মার্ডার প্লিশ কিভাবে উন্ধার করেন, তা হয়ত আপনাদের স্মরণ নাই। আপনাদের স্কুল ফাইনালে এগ্জামিনেশনের প্রশ্নপত্র কিভাবে প্রিলশ বের করে, তার কথাও আপনারা জানেন। কিছুদিন আগে কানোরিয়ার বাড়ীতে যে হত্যাকান্ড হয়েছিল, সেই হত্যাকান্ডের সংগে যুক্ত আসামীদের এখান থেকে ১৩২ মাইল দ্বের কোলিয়ারার ভেতর যাবা আশ্রয় নিয়েছিল, প্লিশ সেখান থেকে দ্বিদনের মধ্যে ট্রেস্ করে সেই হত্যাকান্ডের সংগে যারা লিপ্ত ছিল তাদের গ্রেপ্তার করে। এর জন্য রাজস্থান পর্যন্ত গিয়েছিল, ঠিকভাবে তাদের ধরে নিয়ে আসতে। এই সম্মত কাজ প্রিলশ করছে। তব্ তারা প্রিশকে appreciation দিতে চান না। তাঁদের আমি বললো— তাঁদের ব্রুটি হচ্ছে। কেন তা দিচ্ছেন না

আর একটা ঘটনার কথা সংক্ষেপে রাখতে চাই। যে পরিস্থিতি আজ পশ্চিম বাঙলায় এসেছে, আজ বিদেশীরা বাংলা দেশের মধ্যে কি রকমভাবে রাণ্ট্রদ্রোহতার কাজ করে চলেছেন, তার হিসাব দেখলে ব্রুত পারবেন। এক বছরের মধ্যে দেখনেন ৩০টি চাইনিজ পার্সনেল, তাদের ভারতবর্ষ থেকে, তথা বাঙলা দেশ থেকে চলে যাবার জন্য হ্রুফ্ম দেওয়া হয়েছে। তারা কারা? তাদের বিরুদ্ধে যে অভিযোগ তা এখানে বিশদভাবে রাখতে চাই না। ব্যাৎক অব্চায়নার ম্যানেজার W. K. Chiang ও তার দ্বী সহ ছেলেমেয়ে নিয়ে চলে! যাবার হ্রুফ্ম হয়েছে। হেড্-মাস্টার অব্ চাইনিজ দ্বুল Tai I. Ping; Chou Ching, প্রিন্সপ্যাল, Sinhal H. E. School., চাইনিজ রিভিউ কাগজের এডিটর, মাননীয় বিরোধী পক্ষের বন্দদেব সঙ্গে তার যোগাযোগ ছিল। তাকেও বাঙলা দেশ থেকে চলে যেতে হয়েছে। Wang Singh Fue তাকেও লে যেতে হয়েছে। এই ঘটনার লীলাভূমি হ'ল কলিকাতা, কালিদ্পং ও দাজিলিং। আজ ভারতবর্ষের দ্বাধীনতা যাঁরা বিপন্ন করতে চান, তাঁদের বিরুদ্ধে কঠোর বাবদ্থা অবলম্বন করা থেয়াজন। তাঁদের বিরুদ্ধে বলা হয়—ভারতবর্ষের থাবার নিয়ে, তারা চীন দেশেকে খাওয়াতে চাচছে। প্রতি মাসে কলকাতা থেকে একশো মন আটা, চিনি, শ্বুকরের চর্বি চীন দেশে যায়। হারা টাকা পাঠাতে বারণ করে। তারা বলে টাকা না পাঠিয়ে খাবার পাঠাও। আমরা খাবার চাই—টাকা চাই না।

Shri Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আনন্দবাব, প্রিলিশের কর্মক্ষমতার এক ফিরিস্তি দিলেন। তিনি বললেন অন্ট্রেলিয়ান ক্রিকেটারের পকেট মারা গিয়েছিল, আর প্রিলেশ থবর পেয়ে সেটা উম্পার

করে তাঁকে দিয়েছিল। এমনকি আমাদের শ্রমমন্ত্রী সান্তার সাহেবের ফাউন্টেন পেন চুরি গেলে পর, সেই দিনই তাঁকে ফিরিয়ে দেওয়া হয়। এ থেকে বোঝা যায় আমাদের দেশের প্রলিশের সংগ্রে পকেটমারদের ঘনিষ্ঠ যোগাযোগ আছে। কখন কোন এলাকায় এই পকেট মারা গেছে, সেই খবর যদি প্রতিশ কর্তৃপক্ষকে দেওয়া যায়, আমরা জানি, তাহলে সেই সদ্বিদের ডেকে সে এলাকায় কারা deputed ছিল, সেটা জানাতে হয়, তার মাঝখান দিয়ে চুরি করা জিনিষ্টা ফেরং দেওয়া হয়। এতে প্রমাণ করে প**ুলিশ জানে কারা পকেট** মারে, এসব কাজ করে। সেগুলি বন্ধ করা উচিত। ঐ V. I. P. men-দের oblige করবার জন্য এটা তাঁরা করেন। এজন্য প্রালিশের প্রশাস্তি নয়—It is a censure against our police administration. আমাদের পর্বলশমন্তী এবং বন্ধব্বর আনন্দবাব্ আমাদের দেশের প্রবিশের প্রয়োজনীয়তা সম্পর্কে খুব প্রশংসা করে বলে গেলেন। আমি জিজ্ঞাসা করি—আপনারা গণতন্তের কথা বলছেন, totalitarianism-এর বিরুদ্ধে কথা বলা হয়, এই দেশকে আপনারা কিসের উপর দাঁড় করিয়েছেন? প্রালশ-রাণ্ট্রে একে পরিণত করেছেন। Concentration of police force in West Bengal যদি ধরেন, তাহলে পশ্চিম বাঙলার মত আর কোন দেশে নেই। কলিকাতাঃ। ফথা যাদ ধরেন, প্রালিশ, population ratio হচ্ছে 1 : 175.3. অর্থাৎ কলিকাতায় ১৭ : জন লোকের উপর খবরদারী করবার জন্য একজন করে পর্বালশ রাখা হয়। আর sq. mile area যদি ধরেন, প্রতি বর্গ মাইলে ৪২১ জন কবে প**ুলিশ** রেখেছেন। কলকাতা ছাড়াও পশ্চিম বাঙলার অন্যান্য জেলাগ, লির অবস্থা যদি দেখেন তাহলে দেখবেন সেথানকার অবস্থাও কম গ্রেছপূর্ণ নয়। ও'রা কেবলমাত্র পূর্বিশ ফোসেবি কথা ধরেছেন। কিন্তু গোটা পশ্চিম বাঙলায় ২৭.২৭৯ जन फ्रोकिमात আছে, তারা প্রলিশের কাজ করে। এদের র্যাদ ধরেন তাহলে জেলা-গুলিতে দাঁডায় ৪৬০ জন লোকের উপর একজন করে প্রালিশ খবরদারী করছে। এই কি গণতান্ত্রিক রাষ্ট্রের নমনুনা? ১৭৫ জন লোকের উপর একজন করে পর্লিশ আর ৪৬০ জন লোকের উপর একজন করে পর্লিশ থবরদারীর জনা রাখা হয়েছে। এ সত্তেও আপনারা বলছেন আপনারা মান্মকে স্বাধীনতা দিচ্ছেন, গণতন্ত্র দিচ্ছেন, স্ব্রোগ-স্বাবধা দিচ্ছেন। আপনাদের এই খবরদারীর প্রয়োজন কেন হচ্ছে? প্রত্যেক বার ওঁদের বাঁধা গণ "বর্ডার রক্ষার জন্য প্রলিশ রাখতে হচ্ছে।' পাকিম্থান আর পশ্চিম বাঙলার মধ্যে যে বর্ডার রয়েছে, এটা কি Indian rubber tube যে টানলেই বেড়ে যাবে? প্রতি বছর টানছেন, আর টেনে-টেনে বাডিয়ে যাচ্ছেন। ঐ যে পাক বর্জার, ওটা তো সীমাবন্ধ এরিয়া। তার দোহাই দিয়ে পর্লিশ ফোর্স কেন বাজাতে হচ্ছে? আরু international obligation-এর কথা আপনারা বলবেন না, কারণ সেটার ভিতর আপনাদের কর্তৃত্ব নেই, ওটা সেন্ট্রালের ব্যাপার। আপনারা এই কথা বলে পর্লিশের বাজেট বাডাতে পারেন না।

আমি এই যে পরিসংখ্যান দিচ্ছি এটা পর্নলশ কমিশন যে questionnaire পাঠান. ১৯৫৮ সালের ফিগার থেকে। তারপর আরও অনেক বেশী পর্নলশ appointed হয়েছে এবং concentration of police force অনেক বেশী হয়েছে, সে বিষয় কোন সন্দেহ নেই। এই হল আমাদের গণতান্তিক রাষ্ট্রের চেহারা।

দ্বিতীয় নম্বর, আপনি প্রিলশ expenditure-এর কথা বলেছেন। আনন্দ্বাব্ আমাদের মাথা সম্বন্ধে প্রশন করেছেন। একজনের মাথায় যদি ঘী কম থাকে, অন্য জনের মাথায় ঘী বেশী থাকতে পারে। তাই তাঁর অঙ্কে খ্ব স্ব্রিদ্ধ বলে ৩১৯ পার সেণ্ট খরচ বলেছেন। তিনি বলালেন একশোর মধ্যে ৩১৯ টাকা খরচ হচ্ছে। ও'র অঙ্কে খ্ব স্ব্রিদ্ধ না হলে, উনি এরকম বলতে পারতেন না।

(Shri Ananda Gopal Mukhopadhyay: এটা খরচ নয়, increased ধ্রা হয়েছে।)

এইটা ধরিয়ে দেবার পর, এখান থেকে যখন বলে দেওয়া হল, তখন তিনি 'increased' কথাটা বললেন।

যাক,, যেটা বোঝা দরকার সেটা হ'ল মাথা-পিছ, ব্যয় পশ্চিম বাঙলায় প্লিশের জন্য যা

করা হয়, অন্যান্য কৃংগ্রেসী রাজ্যে, আর কোথাও, এত ব্যয় করা হয় না। এই অবস্থা আপনারা দাঁড করিয়েছেন।

Question of law and order কাদের জনো? আমরা জানি রাষ্ট্র-ব্যবস্থা বলতে কি বোঝায়। রাষ্ট্র হচ্ছে শ্রেণী-শাসন কায়েম করবার যন্ত্র। সেই প্রাক্তবাদী শাসন ব্যবস্থা আমাদের দেশে রয়েছে। প্রাজপতিদের স্বার্থ রক্ষা করার জন্য যে নিয়ম, সেই নিয়কে রক্ষা করাই হচ্ছে আমাদের শান্তি রক্ষার law and order.

[4-40-4-50]

Order, law, maintain-এর অর্থ, এর মূলগত প্রশ্ন যে জারগার, সে জারগার, আমাদের সংগে আপনাদের fundamental difference আছে। আমরা মনে করি শান্তি শৃত্থলার অর্থ শ্রেণী-স্বার্থের উধের, আর আপনারা মনে করেন শ্রেণী-স্বার্থের প্রধন শ্রেণী-স্বার্থের অর্থে। যাকে বলে political question শুধু তাই নয় এই শ্রেণী-স্বার্থের জন্য আপনারা যা কিছু আইন-কান্ন করেন এবং আপনাদের law and order মানে ধনিক শ্রেণীর স্বার্থ রক্ষা করা। মূলগত প্রশ্ন ছেড়ে দিলেও আপনারা যাকে law and order বলেন সেখানে কি হচ্ছে। কালীবাব, অনেক কথা বলেছেন যে crime position ভাল হয়েছে, law and order position ভাল হয়েছে। এখানে আমাদের ধৈটা দিয়েছেন সেখানে দেখতে পাচ্ছি, ১৭ পাতায় questionnaire, বোধ হয় সেটা প্রলিশমনতী পড়েন নি, অবশ্য না পড়াই স্বাভাবিক। মনতী হযেও যদি পড়তে হয় তাহলে মন্ত্রী হবার আর দরকার কি। মন্ত্রী হবেন তিনিই যিনি বেশী ভজ্ঞ। স্বভাবতই ধরে নিতে পারি যে Home Minister-এর এটা দেখবার অবকাশ হয়নি। সেখানে ৫৭ থেকে ৫৯ পাতায় crime position অন্যান্য জেলায় এবং কলকাতার অবস্থা দেখান হয়েছে। তাতে আমরা কলকাতার অবস্থা দেখতে পাচ্ছি ১৯৫৭ সালে offences against persons ৭৫৮টি, সেখানে ১৯৫৯ সালে ৮৬১টি। Offences against persons বেড়েছে কি? তারপর murder, attempt to murder, culpable homicide, grievous hurt, rape, infanticide, etc. ১৯৫৭ সাল থেকে ১৯৫৯ সালে বেড়ে গেল। আর offences against property ১৯৫৭ সালে ছিল ১০০৪টি আর ১৯৫৯ সালে ৯৯৯৮। এটা Calcutta-র figure. অন্যান্য জেন্সায় দেখছি offences against persons ১৯৫৭ সালে যেখানে হয়েছিল ৭১৫৫টি সেখানে ১৯৫৯ সালে ৭৪৮০টি। এটা বেডে গেল। Offences against property জেলাগ, লিতে কিছু কমেছে এ বিষয়ে সন্দেহ নেই। এই হচ্ছে position. তাহলে এখানে distorted figure দিয়ে তিনি বলছেন সব কমে গিয়েছে। কোথায় এটা আছে। এখানে ১৯৫৭ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত যে figure দেওয়া আছে তাতে দেখা যাচ্ছে বেড়ে গেল। ১৯৬০ সালের figure এখানে নেই, থাকলে দেখা যেতো যে তা আরো বেড়ে গিয়েছে। এইগ্রুলি ছেড়ে দিলেও ম্লগত কতকগ্রুলি সমসাার কথা আমি জিজ্ঞাসা করি। এখানে ম্লগত কতকগ্রাল কথা আছে যেগ্রালর specific উত্তর চাই। আপনারা democracy-র কথা বলেন। ছেড়ে দিলাম democracy-র কথা কিন্তু democracy-তে যে জিনিসগর্নি হওয়া দরকার स्मिन् हिल्ल के स्मिन् के सिन् के सिन के स of conduct of the police হওয়া উচিত। আমাদের অভিজ্ঞতায় তা হয় নি। আজকেও প্নিশকে সাধারণ মানাষ ভয়ের চোথে দেখে। প্রিলশ harassment হচ্ছে না কি! কোথাও যদি ভাল ব্যবহার মানুষ পেয়ে থাকে তাহলে সেটা individual officer-এর উপর নির্ভার করে, administration-এর উপর নির্ভার করে না। ভাল প্রালিশ অফিসার হলে ভাল ব্যবহার পাবে আর খারাপ Police officer হলে খারাপ ব্যবহার পাবে, এ জিনিস চলতে পারে না। এই Code of conduct develop না করায় লোকের unnecessary harassment হতে হয়। Officer-রা Subordinate officer-দের উপর ছেড়ে দেয়। আজকে Great Britain-এর Metropolitan Police-কে দেখুন, সেটাও একটা সাম্বাজ্যবাদী দেশ কিন্তু সেখানে পুলিশ কি রকম ব্যবহার করে আর আমাদের পালিশ কি রকম ব্যবহার করে। কারণ সেখানে একটা

healthy tradition আছে। এখানে সেইরকম healthy code of conduct করে তাদের বাবহার বদলাবার চেণ্টা আপনারা করেন নি। আমরা যে British Imperialism-এর প্রিলশ সম্বশ্যেত ভীত সন্ত্রুত ছিলাম সেখানে এইরকম বাবহার করা হয়। সেই হিসাবে আমি মনে করি এখানেও এর সংশোধন হওয়া উচিত।

Shri Hare Krishna Konar:

মাননীয় স্পীকার মহাশয়, পর্লিশ দণ্তরের কার্যকলাপে সরকারের শ্রেণী-চরিত্র অত্যন্ত নণনভাবে ফুটে উঠেছে। পূথিবীর ইতিহাসে এমন একটা দেশের কথা বলতে পারেন যেখানকার সরকার মুন্টিমেয় কায়েমী স্বার্থবাদীদের সমর্থক অথচ তারা যখন পুলিশকে জনগণের বিরুদ্ধে বাবহার করে তারা শান্তি-শৃংখলার অজ্যহাত দেন না? প্রথিবীর কোন দেশের ইতিহাসেই এই জিনিষ দেখতে পাওয়া যায় না। অতএব আশ্চর্য হবার কিছু নাই যে কালীপদবাব, আনন্দবাব, শান্তি-শংখলার দোহাই দিয়ে জনসাধারণের বিরুদ্ধে পুলিশের ব্যবহারকে সমর্থন করেন। অন্যান্য যে-কোন দেশের তলনায় আমাদের দেশে বিশেষ করে বাংলাদেশে পর্লিশকে নির্লাভ্জভাবে ব্যবহার করা হয় গ্রামে জোতদাররা যখন আইনকে ফাঁকি দিয়ে জমি বেনামী করে, কুষককে হত্যা করে তখন প্রলেশ তাদের সম্প্রেন দাঁডায় যখন কোলিয়ারীতে শ্রমিকদের দাবিদাও্যা নিয়ে আন্দোলন হয়, সেই আন্দোলনে যোগদানের জন্য যথন তাদের উপর জুলুম করা হয়, যেমন ইংরাজ আমলে লরী চাপা দিয়ে সকুমারকে হত্যা করা হয়েছিল, তথনই দেখা যায় কোটিপতি মালিকদের অন্যায় কার্য⁴ ও অবিচারের সমর্থানে প**ুলিশ এসে দাঁড়ায়।** এও দেখা যাবে যে, এই প**ুলিশে**র কার্যকলাপ জনসাধারণের জীবনে কোনপ্রকার নিরাপত্তাবোধ আনতে পারে নি. বরং আজো জনসাধারণ আগের থেকে বেশী বিপন্ন বোধ করছে। এই পুলিশের কার্যকলাপ আজকে সংখ্যালঘুদের জীবনেও সবসময় একটা ত্রাসের সন্তার করে রেখেছে। মাননীয় স্পীকার মহাশয়, এই আইনসভায় বিমল-বাব, স্বীকার করেছেন যে, জমিদাররা লক্ষ লক্ষ বিঘা জমি আইনকে ফাঁকি দিয়ে বেনামী করে রেখেছে, তিনি একথাও এখানে স্বীকার করেছেন জমিদার জোতদাররা কতরকম অন্যায় কার্য করে চলেছে। তাহলে পর্লেশের কোথায় এগিয়ে যাওয়া উচিত ছিল?

[4-50--5-15 p.m.]

যেসব জমিদার ফাঁকি দিয়েছেন, কৃষকদের নানাভাবে জ্লুম ও অত্যাচারে জর্জরিত করে-ছেন তাঁদের স্কবিধা করে দেওয়ার জনা, না উৎপীড়িত ও অসহায় বিপন্ন কৃষকদেব সাহাযে। পুলিশদের এগিয়ে যাওয়া উচিত ছিল? আমার মনে পড়ে গত ডিসেম্বরের অধিবেশনে শ্রম্থেয় বহিক্ম মুখাজি মহাশয় এখানে বলেছিলেন, চাষী যখন জমিতে লাংগল দেয়, তখন law and order বিপন্ন হয় না, যখন চাষ করল তখন law and order বিপন্ন হয় না, কিন্ত যখন ধান কাটতে গেল তথনই law and order বিপন্ন হয় আর তথনই কালীপদবাব,র পর্বলিশ ছোটে জোতদারের সাহায্যে। গত ডিসেম্বরের অধিবেশনে আমি একটা উদাহরণ দিয়েছিলাম কিভাবে এই প্রলিশের চক্রান্তে vested land-এর উপর Diamond Harbour-এ S.D.O. 144 জারী করেছিলেন। কি শাস্তি দিয়েছেন, সেখানকার দারোগাকে? আমি জিজ্ঞাসা করি যে-জোতদার শামপুর থানা থেকে গুড়ো নিয়ে বন্দুক নিয়ে এসেছিল তার বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা করেছেন। Vested land-এ জোতদারের অধিকার নাই, তৎসত্ত্বেও এমন ঘটনা হয়েছে সেই জমির উপর 145/144 জারী করা হয়েছে। তারপর, মালদহে কিভাবে নানা অজহুহাত স্ভিট করে কৃষকদের জেলে পূরে দেওয়া হয়েছিল কালীপদবাব, জানেন। তাদের বির্দেধ অন।য় অভিযোগ আনা হয়েছে, তারা জামিন পায় নি, অথচ জমিদার-জোতদাররা বন্দুক দিয়ে খুন করলেও জামিন পায়। আমি এখানে কালীপদবাবকে সমরণ করিয়ে দিতে চাই যে তিনি নিজেই দ্বীকার করেছিলেন মহিষাদলের কলাগাছিয়ায় যে-জ্যোতদার বন্দ্রক নিয়ে কৃষককে খ্রন করেছিল তাকে জামিন দেওয়া হয়েছিল। কিন্তু কৃষকনেতা দরবারী মণ্ডলকে জামিন দেওয়া হয় নি, বারণ প্রিলশ আপত্তি করে। ২রা ফেব্রুয়ারী তারিখে মাননীয় সত্যেন মজ্মদার মহাশয়ের

কাট মোশানে দেখতে পাবেন-শিলিগ,ড়িতে প্রিলশ কৃষকনেতাকে গ্রেণ্ডার করে—তাকে প্রথমে জামিন দিয়ে পরের দিন আবার গ্রেণ্তার করা হল এই অজ্বহাত দেখিয়ে যে, সে কমার্নিস্ট পার্টির সদস্য তাকে জামিন দিলে শান্তিশংখলা বিঘাত হবে। তারপর মহিষাদলের একটা ঘটনা র্বাল ভবন জানার জমি vested হল, সেই জমির জন্য কৃষ্ক licence পেল, fee দিয়ে রসিদ পেল কিন্ত সেই জমির ধান যখন কাটতে গেল তখন প্রলিশ গেল sieze করে চলে গেল— জিজ্ঞাস। করি, কি ব্যবস্থা করেছেন পর্যালশের বিরুদ্ধে? নন্দীগ্রাম থানার এক মালিক যতীন পান্ডার জমি ৫০০) ধারায় vested হল, কিন্তু সেই জমির ধান জোতদার লটে কবে নিল-কি step িনয়েছেন ^২ মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৩৯ সালের আলে trade union অধিকার শূমিকদের বিশেষ ছিল না, রক্ত দিয়ে তারা সেই অধিকার ক্রমে লাভ করেছে। কলকাতায় একটা কিছা হলে ধরা যায়, কিন্তু কোলিয়ারীর অন্ধকারে গোপন সভেত্যপথে খুন হলেও সহজে ধরা খায় না। কিন্তু গত ১০ বংসরে কোন কোলিয়ারীতে খনে হয় নি ? কোলিয়ারীর মালিকরা award মান্বে না, অথচ প্রিলশ তাদের সাহাযোর জন্যই এগিয়ে যায়। আমি Modern colliery-তে meeting করতে গিয়েছিলাম, হঠাং পর্লিশ এসে বলল, আপনাদের উপর নোটিশ আছে যদিও আমরা 144 এলেকার বাইরে চলে এসেছিলাম। মালিকরা যাতে award মানে এটা দেহা কি প্রলিশের কর্তব্য নয়? আর শ্রমিকরা যখন দাবি-দাওয়া নিয়ে বলতে যায় তখনই law and order-এর অজ্বহাতে তাদের ধরা হয়। উদ্বাস্ত আন্দোলনের নেতা প্রাণকৃষ্ণ চক্রবতী বাকডার গিয়েছিলেন সম্মেলন করতে, তিনি এমনকি অপরাধ করেছিলেন যে তাঁকে আটক রাখা

অন্য িকে আমর্য় কি দেখছি? স্পীকার মহাশ্যু, আমাদের শ্রম্মন্তী মহাশ্যু জানেন ্যানাডাংগা গ্রামের ঘটনা। সাব-জনুডিস কেসের কথা আমি বলছি না। কিন্তু আপনি জানেন ্রিভাবে একটা নিরীহ গ্রামের লোক শুধুমাত্র দারোগার মঞ্জির কাছে মাথা নোয়াতে পারে নি যার জন্য একটা জায়গায় ৪টা লোককে গঢ়লি করে মারা হল। এটা কি উচিত ছিল? আমি বলব উম্পোনারিলি সেই দারোগাকে সাসপেন্ড করা কিন্দা তাকে সেখান থেকে সরিয়ে নেওয়া উচিত ছিল। তার বিরুদেধ প্রোসিডিংস করা উচিত ছিল। আমরা কোর্টে মামলা করেছি যার জন্য ্রুডিসিয়াল এনকোয়ারী হচ্ছে। আপনারা হয়ত জ্রডিসিয়াল এনকোয়ারী করে ছেড়ে দেবেন। িদত আপনাদেব এটা জানা উচিত যে ৪ জন খনে হয়েছে সেই ৪ জন হচ্ছে সংখ্যালঘু সম্প্রদায়ের লেক। এই খনের সাফাই গাইবার জনা একটা interested party একটা সাম্প্রদায়িকতা স্ভিট করার চেষ্টা করছেন যার মধ্যে শুনছি কংগ্রেসও জডিত রয়েছে। খিদিরপ্রেরে কয়েকদিন খাগে ৯ জন মুসলমান কমীকে গ্রেপ্তার করা হয়েছিল। আপনারা তার জন্য কি করেছেন? জনলপুরে riot victim-দের জন্য আপনারা চাঁদা তলেছিলেন সেটা নাায় কি অন্যায় আমি ্। বর্লাছ না। সেই রায়াট্-কে সাহায়োব জন্দ পশ্চিত নেহর, strong ভাষায় condemn করেছেন। তাঁরা ঐ vietim-দের জন্য চাঁদা তুললেন এবং অন্যদের সিকিউরিটি য়াকে করা হল এবং বলা হল যে তারা গ্রেপ্তার গুড়ার করছেন। কোলকাতায় বসে openly সাম্প্রদায়িকতা প্রচাব করা অসম্ভব i খাদের সিকিটরিটি য়াক্টে গ্রেণ্ডার কবা হল তাদের জামিন দেওয়া হচ্ছে না। এই ৯ জনের মধ্যে একজন আছেন যিনি ইউ. সি. সি. প্রার্থী হয়ে কপেনিরেশনের নির্বাচনে অংশগ্রহণ করেছেন এবং ইলেকসান কমিটির একজন মেম্বার। প্রশ্ন হচ্ছে যে, এই লোকটিকে জামিন দিলেন না কেন? তাঁর অপরাধ থাকে কোর্টে নিয়ে আস্কান। তাঁকে জামিন দিচ্ছেন না কেন, কংগ্রেসের অস্বিধা হবে বলে? গতকাল কালীবাব্র কাছে জ্যোতিবাব্র মারফং তাঁরা এ বিষয় নিয়ে এক সা মেমোরা ভাম পাঠিয়েছেন। এই নিয়ে whole কোলকাতার সংখ্যালঘুদের মধ্যে একটা সংগ্রাম সৃষ্টি হয়েছে। এটা যেন মাছ যেমন জিয়িয়ে রাথা হয় তেমনি সংখ্যালঘুদের মনে একটা <u>च्य माध्ये करत तथा करायक राय कर्ल्यार्त्तभारमत वेदनकम्परम, राजमारतन वेदनकमारम आभारमत राजावे</u> দাও। ১৯৫৯ সালের ২রা সেপ্টেম্বর তারিখে খাদ্য আন্দোলন চালনায় যে হাণ্গামা হল এবং তা নিয়ে যে কেস হল আজও প্রলিশ সে মামলার নিম্পত্তি করতে পারল না। অথচ সেখানে

নিখ ক্রিজারের চালের কলে সন্ধ্যার সময় বন্দ্বক নিয়ে যে ডাকাতি হল পর্নিশ তার কিনারা করতে পারল না। বর্ধমানে স্নাল গ্রুডা প্রকাশ্য দিবালোকে মান্য খ্রুন করল, পর্নিশ তাকে প্যারোলে ছেড়ে দিল। আমি যদি বলি তার ছেলের অমপ্রাশনের সময় জেলা কংগ্রেসের সভাপতি সেখানে নিমন্ত্র খেতে যান তাহলে সেটা কি রকম হয়। এইভাবে পর্নিশকে দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে সেজন্য বলব এই ডিপার্টমেন্ট হচ্ছে condemn department।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment]

[5-15-5-25 p. m.]

Shrimati Labanya Prova Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, বংগভক্তির আগে বাংলার পর্লিশ বিষয়ে আমাদের ধারণা স্বতন্ত ছিল দূর থেকে। পশ্চিম বাংলায় বহু সাধারণ প্রলিশও শিক্ষিত শ্রেণী থেকে এসেছে বলে আমাদের এ ধারণা ঘটেছিল। কিন্ত বিগত এই চার বংসরে আমরা উপলব্ধি করেছি যে, পশ্চিম বাংলার পুর্নিশ বিহার পুর্নিশের চেয়েও মারাত্মক এবং বিপক্জনক। যে সকল দুনীতি ও অপরাধ-প্রবণতা পূলিশ জীবনে আজ স্বাভাবিক হয়ে দেখা দিয়েছে—সে বাংলাতেই কি আর বিহারেই কি সর্বত্রই সমান। তবে সেই সব অন্যায় অপরাধের মনোবৃত্তি এবং আচরণকে পশ্চিম বাংলার পর্বালশ নিজেদের ব্রুদ্ধি এবং চতুরতার সহায়তায় বহু উচ্চ স্তরে উল্লাভি করে তুলেছে। বিহার আমলে পর্বালশরাজত্বে চারিদিকে ব্যাপকভাবে ঘুষের এবং বিবিধ অনাচারের রাজ্যপাট ছড়ানো ছিল –বাংলার আমলে সেই ক্ষেত্রসমূহ আজু আরো অনবদা বৃদ্ধি কৌশলে পরিচালিত হচ্ছে। এনাচারের সেই সব ক্ষেত্র দেশের অর্গাণত জনগণের ভীরতা ও দর্বলতা এবং সর্বোপরি জনচেতনার মারাত্মক অভাবের কারণই আজ পর্লিশ তথা দায়িত্বজ্ঞানহীন রাজকর্মচারীদের একেবারে বেপরোয়া করে তলেছ। এবং শাসনের চড়োল্ড ভার যাদের হাতে তারাও নিজেদের অবাঞ্চিত উদ্দেশ্য সাধন করতে, এদের কাছ থেকে-কাজ নেবার প্রয়োজনে, এই সব অনাচারের বাহিনীকে অবাধ প্রশ্রয়ের ভয়াবহ ক্ষেত্র ছেড়ে দিয়ে রেখেছেন। বরণ্ড বললে ঠিক হবে যে. তাঁরাই নিজেদের উদ্দেশ্যে এদের অনাচারের বাহিনীর্পে গড়ে তুলছেন। সেজন্য বহু অভিযোগ জানালেও, প্রতিকারের ক্ষমতা থাকলেও এই অনাচারের অবাধ ক্ষেত্রকে গটেরে ফেলবার কোনো সদিচ্ছা সরকারের নেই। পশ্চিমবঙ্গ কংগ্রেসের তথা সরকারের রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন। তাদের রাজনৈতিক বিরোধী দলগালিকে অবৈধ তথা পরিপূর্ণভাবে দমনের কাজে যে সমস্ত সক্রিয় শক্তিশালী উপায় সরকারের হাতে আছে তার অন্যতম হচ্ছে এই পর্যালশ। পশ্চিমবংশ্যর কংগ্রেসের এই সরকারের অধীনে পর্লিশের রাজনৈতিক চক্রান্তের অর্গাণত বিসদৃশ সাম্প্রতিক কাহিনী আমাদের সমগ্র জেলার জনমনে পর্নিশের কর্ম'জীবনকে ধিক্কৃত করে তুলেছে। সরকারের অবাঞ্চিত রাজনৈতিক এই কাজের বড দুটি সহায়ক পূলিশ ও অফিসার বাহিনী আজ এই কাজে পরস্পরকে ঘনিষ্ঠভাবে সহায়তা দিয়ে চলেছে। এই বে-আইনী ষড়যন্ত্রের দায়িত্ব উভয়েই বহন করছেন প্রাল্স এবং অফিসারমণ্ডলী। এবং তা অনেক ক্ষেত্রে উভয়ের মিলিত চক্রান্তর্পেও দেখা দিয়েছে। তারও মধ্যে অনেক ক্ষেত্রে এই অফিসারমণ্ডলী চক্রান্তে যুক্ত হয়েছেন বিচারকের আসনে উপবিষ্ট হয়েই। সেজন্য এই নংন কদর্য রাজনৈতিক দূ্যিত চক্রের অসহনীয় আবর্তনের স্থিকতার পে দেখা দিয়েছেন সরকারের লম্জা এবং বিবেকহীন তিন সংগী প্রিলশ वाহिनी, भामन वाहिनी ও विठात वाहिनी। अप्तरक वर्ष्ण थार्कन आभनाता आभनारमत वास्कर ভাষণের মধ্যে এই সব সাধারণ অভিযোগের স্থাণেগ ঘটনা, কাহিনী, বিশেষ দৃষ্টিান্ত গৃলি কেন সন্মিবিন্ট করেন না। দৃষ্টান্তের অভাবের জন্য যে করি না তা নয়। আমরা স্বন্প সময়ের জন্য আলোচনার স্বযোগ পেয়ে থাকি, বহু বিষয় আমাদের সামনে আলোচনার জন্য থাকে—এই কম সময়ের মধ্যেই। প্রত্যেক বিষয়ে উপযুক্ত দৃষ্টান্তগর্নলি দিতে গেলে কোনো কিছু, বলারই অবকাশ ঘটবে না। সমগ্র অবস্থার জর্বী বিষয়গ্নলির প্রতি সাধারণ আলোচনার প্রয়োজন হয় অবস্থার শোচনীয় পরিণতি কোন্ পর্যায়ে পড়েছে তা দেখাবার জনো।

সময়াভাবে এবং মূল জর্রী আলোচ্য বিষয়টিকে ভারাক্তান্ত না করার জন্যে দৃষ্টান্তগ্নিলর উল্লেখ না করলেও অগণিত দৃষ্টান্ত জমা রেখে প্রতিনিয়ত আমরা জানিয়ে দিয়েছি এ সবের অপ্রতিরোধা তথা প্রমাণ সরবরাহ করার জাগত দায়িছ উপলন্দি করেই আলোচনায় অগুসর হয়েছি। কিন্তু দঃখের কথা, এই মহস্বপূর্ণ আলোচনা সভার ও দেশের প্রতিনিধিদের উত্থাপিত অভিযোগ-সমূহের বিষয়ে বিচার দাবীর আজ কোনো মূলা বা মর্যাদা আমাদের সরকারের কাছে নেই। গ্রেত্র অভিযোগ ও অসংখ্য জ্বলন্ত দৃষ্টান্তের উল্লেখ উপেক্ষিত ও অবহেলিত থেকে যায়। যদি কদাচিৎ তদন্ত ঘটে তা প্রায় সর্বক্ষেত্রেই তদন্ত বা বিচারের অভিনয় ঘটে মাত্র। অভিনয় ধরা পড়লেও তার বিচার দাবীর বিষয়েও কর্তৃপক্ষ সম্পূর্ণ নীবব থেকে যান। শৃধ্ব প্রিলশ বিভাগ নয়—সব বিভাগেরই এই এক কথা। তবে প্রলিশ বিভাগের কহিনীগ্র্লি বড় নির্মাম, বড় লক্ষ্ণাভনক, বড় দৃঃখভনকর্পেই দেখা দেয়। কারণ যে শন্তি দেশের স্ববিচার ও স্বুক্ষাকে সার্থক করার জন্যে মহান দায়িত্বে অধিন্ঠিত সেই বাহিনীই আজ দেশের জনগণের ব্যাকুল আগ্রহের—ভরসার প্রতি চরম বিশ্বাসঘাতকতা করেছে।

Shri Mihirlal Chatterjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ বিভাগের মাননীয় মন্ত্রী শ্রীকালীপদ মুখোপাধ্যায় তাঁর প্রাবন্দিত্ব ভাষণে একটা কথা স্বীকার করেছেন যে, ১৯৬০ সালে সমগ্র বাংলাদেশে ডাকাতির সংখ্যা বেড়েছে। এই স্বীকৃতির জন্য তাঁকে আমি ধনাবাদ দিই। কারণ আমি মনে করি যে বাংলাদেশে বছরের পব বছব উত্রোত্তর অন্যান্য কাইমের সংখ্যাও বাডছে। মান্নীয় মন্ত্রী মহাশয় প্রতিশের রিপোর্ট থেকে তথ্য সংগ্রহ করেন। কিন্তু আমার মনে হয়, প্রতিশের রিপোর্টের সাথে প্রকৃত অবম্থার মিল আদবে নেই। আমি মফঃস্বল অঞ্চলের একজন প্রতিনিধি। আমি আমার নিজের এলাকা সম্বন্ধে কিছুটো ওয়াকিফহাল হয়ে বলতে পারি যে যে এলাকাতে কথনও কখনও আমার যাওয়ার সংযোগ-স্থাবিধা হয় সেই সমুষ্ঠ এলাকার কিছু খবর যা পাই তাতে আমার নিজের ধারণা হয়েছে যে, স্বাধীনতা লাভের পর থেকে প্রলিশের এফিসিয়েন্সি অনেক গ্র্ণ কমেছে। এবং প্রালশের মধ্যে করাপশান রশ্বে রশ্বে ঢুকেছে। আমরা আশা করেছিলাম ম্বাধীনতা লাভের পর শিক্ষিত নৃতন নৃতন কম্চারী পুলিশ বিভাগের প্রতি বেশী সংখার আরুষ্ট হবার ফলে পত্নলিশ বিভাগের দুনীতি অনেক পরিমাণে কমবে এবং এমন একদিন আসবে ২খন প্রালিশ বিভাগের জন্য আমরা গর্ব বোধ করতে পারব। কিন্তু আমার নিজের ধারণা এই যে, প্রালিশ বিভাগের কর্মচারীদের উপর যে পরিমাণ কাজের চাপ বাদ্ধি পেয়েছে সেই চাপের সঙ্গে তাল রেখে যোগাতার সঙ্গে চলা শিক্ষিত পর্লিশদের পক্ষে অসম্ভব হয়ে উঠেছে। থানায় থানায় যদি আমরা তথ্য সংগ্রহের চেণ্টা করি তাহলে এ সম্বন্ধে জানতে পারি যেমন একটা তথ্য সংগ্রহেব চেন্টা আমি বীরভূম জেলার সিউড়ি থানাতে করেছিলাম। মুখে বক্তুতা দেওয়া অপেকা তথ্যের মারফং বলাই বোধ হয় ভাল : কাজেই আমি একটা তথ্য দিতে চাই। সিউণ্ডি সদর থানায় ৪ জন দারোগার পোষ্ট স্যাংসান রাখা ্হয়েছে। কিন্তু আছে মাত্র তিনজন।

[5-25—5-35 p.m.]

চারজনের কাজ যদি তিনজনকে দিয়ে করানো হয় তাহলে সেই কাজের মধ্যে গলদ ও গাফিলতী হতে বাধা, সেই কাজের মধ্যে ইন্-এফিসিয়ান্সীর পরিচয় ফ্টে উঠবে। আমি মার্চ সিউড়ী থানাতে হিসাব নিয়ে জেনেছি যে, ১৯৬০ সালে কগনিজেন্স অফেন্সের সংখ্যা সেখানে ১৩৩। কর্গনিজেব্ল অফেন্স ইনকোয়ারী করেন সাব-ইন্সপেক্টররা, তাদের নীচের কর্মচারীদের ইনকোয়ারী করবার অধিকার নাই। তিনজন সাব-ইন্সপেক্টরকে যদি ১৬টা কর্গনিজেব্ল অফেন্স ইনকোয়ারী করতে হয় তাহলে গড়ে সংতাহে একটা করে একজন অফিসারকে কর্গনিজেব্ল ইন-কোয়ারী করতে হয়। এই থানায় ১৯৬০ সালে আন্ন্যাচারাল ডেথ হয়েছে ২২টা; ইনকোয়ারী

তিনজন অফিসারকে করতে হয়েছে। Miscellaneous enquiries under Magisteria তার সংখ্যা ৯১০, ভি সি এল এ কেস ১০৯, মোট এক্সিডেণ্ট কেস ১৪, verifications of character and identities had execution of warrants and attachments ১২০, ব্যাড কারেক্টার যাদের আছে থানাতে তাদের সম্বন্ধে পিরিয়েডিক সম্ধান নিতে হয়, তাদের সংখ্যা ১৫৫। তাহলে এই তিনজন অফিসারকে কর্গানজেবল কেস ছাডাও ২২৯৩টা কেসের ইনকোয়ারী করতে হয়। গড়ে এক-একজন অফিসারের দুটো করে ইনকোয়ার দৈনিক পড়ে। দেশে অপরাধমূলক কাজের সংখ্যা যদি বাড়ে, আর এই সমুহত অফিসারদের যদি এ আশা করে কাজ করতে হয়, গড়ে দুটো করে যদি ইনকোয়ারী করতে হয়, তার উপর তাদের আবার নর্মাল কাজকর্মাও আছে, তাহলে অফিসাররা efficiency-র কি বিশেষ পরিচয় দেবে? আমি মনে করি যে, আমাদের অপরাধম্লক কাজের মাতা ও সংখ্যা যে পরিমাণে বেশে যাচ্ছে তাতে এই পর্লিশ ডিপার্টমেণ্টকে কম লোক দিয়ে বেশী কাজ করিয়ে নিতে যাওয়ার চেষ্টা করার জন্য কোন কেসেই ইনভেষ্টিগেশন ভাল রকম হচ্ছে না। প্রলিশের মামলা-মোকদমা বহু রুটিপূর্ণ ইনকোয়াবীর ফাঁক দিয়ে শেষ প্র্যুক্ত পণ্ড হচ্ছে। আমরা ব্রাঝি প্রালেশ রাখা হয় জনসাধারণের শান্তি এবং নিরাপাত্র ৰেকা করবার জন্য। আজ বাংলা দেশের গ্রামে গ্রামে আমরা দেখি মানুষের শাণিততে বাস কর। তো দ্রের কথা, সারাদিন মাঠে মেহনতের পরে মানুষ নিজের গোয়ালেন বলদ আর গোলার ধান যাতে চুরি না যায়, যাতে জিনিষপত্র চুরি না যায় সেজন্য সারারাত তাকে জেগে পাহারা দিতে হচ্ছে। সাার, আমি তো একথা ভাবতে পারি না সারা দেশে পর্বলিশ আছে, দেশে গভর্ণমেন্ট আছে, তা সত্তেও আমাদের বিষয়-সম্পত্তি রক্ষা করবার জন্য দিনের বেলায় আমরা মেহনং করার পৰ রাত জে<mark>গে সম</mark>মত রাত চোর তাড়িয়ে বেড়াৰো। এমন কোন্ গ্রাম আছে, মক্তী মহাশ্য বল_বন <mark>যেখানে গ্রামের লোকেরা চোর-</mark>ভাকাতের ভয়ে, খুন এবং অন্যান্য অপরাধম্লক কাজের ভয়ে রাতের বেলা ডিফেন্স পাটী অর্গানাইজ করতে বাধ্য হন নাঃ স্যার, আমাদের দেশে অপরাধ-মূলক কাজের সংখ্যা অভ্যন্ত বেড়ে গেছে এবং অপরাধমূলক কাজের সংখ্যা খেড়ে যাওয়া সম্বন্ধে কালীবাব, তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন ইকন্মিক ফ্যাক্টর মৃহত বড় জিনিষ এবং সোশ্যাল চেঞ্জেস, অর্থাৎ অর্থনৈতিক কারণ মুহত বড় কারণ, আর সামাজিক বহু রক্স কারণ ঘটেছে। স্যার, দেশে যদি বেকার লোকের সংখ্যা বাড়ে, অব্যঞ্জিত লোকের জন্ম যদি বুদ্ধি পায়, কাজকর্ম যদি মান্যে না পার, যা রোজগার, সেই রোজগারে হদি সংসাব না চলে, জিনিযুপরের দাম যদি **উত্তরোক্তর ব্যশ্বি পায় ভাহলে অপ্রাধ বাড়্বে এটা অনিবার্য** সতা, এসতা **অস্বীকার ক**রাব উপায় নেই।

কাজেই দেশের গভর্ণমেন্ট বিশেষ করে বাঙলা দেশে যে অবহণার সৃণ্টি করেছে, এই আর্থ-নৈতিক অবহথার জন্য, এই সামাজিক অবহথা যা তাঁরা সৃ্তি করেছেন, তার জন্য বাঙলা দেশে বিশাল পরিমাণে অপরাধের সংখ্যা বাড়ছে। অপরাধ্যুলক কাজ যাতে বন্ধ হয়, তার জন প্রালশ নিয়োগ করেও crime-এর সংখ্যা তাঁরা কমাতে পারছেন না। আমি নিজে মনে কি প্র্লিশ ডিপার্টমেন্ট ও পর্লিশ সংক্রান্ত কাজে সরকারের আরো বেশী গভীর ও সতর্ক মনো নিবেশ করা উচিত। আমরা বলতে শ্রনি এই বাঙলা দেশের সকল জায়গায় থানা অফিসারের মনে এই ধারণা যে, কেস্ ডায়েরগীতে যদি দারোগারা বেশী সংখ্যক কেস্ দেখায়, অপরাধেব লিষ্ট যদি সঠিক সংখ্যার লিপিবন্ধ করে, তাহলো শেষ পর্যন্ত উপর-ওয়ালারা অসন্তুষ্ট হবে স্যার, আপনি যদি কোন একটি থানায় যান, তাহলো দেখবেন এ সাধারণ লোকের অভিযোগ যে থানায় গেলে অধিকাংশ কেস্ রেকর্ডেড হয় না। আশা করি শঙ্কর্নাসবাব্রও আমার কথ স্বীকার করবেন। থানার ডাইরীতে যদি কেস রেকডেডিও হয়, তার অনেকথানি মিথ্যাভাবে রেক্ডেড হয়, distorted way-তে রেক্ডেড হয়। এবং এমনভাবে রেকডেড হয় যাতে শের্থ প্রশিক্ত মামলা হলে সে কেস্ কোর্টে টিকে

[A voice: কেন?] কেন. পরে সেটা বিশেলষণ করবেন।

স্যার, আমি একটা কথা বলি, বাংলাদেশের সর্বত্ত থানায় থানায় পর্বলিশের কাজ সম্বন্ধে মানুষের ধারণা যে, থানা অফিসার এ-পক্ষেও ঘূষ খায়, ও-পক্ষেও ঘূষ খায়। আজকে আপনারা যত্ত ভাল ভাল শিক্ষিত অফিসারদের নিয়োগ কর্ন না কেন, বাংলাদেশের প্রলিশের অন্ততঃ কোন স্থানাম মফঃম্বল অণ্ডলে বিন্দ্মাত্ত দেখতে পাওয়া যাবে না। ব্যক্তিগতভাবে কোন দারোগা ভাল, ব্যক্তিগতভাবে কোন দারোগা মন্দ। কিন্তু থানায় থানায় প্রিলেশের যে কাজের পরিচয় পাই. সেই পরিচয় অতানত নৈরাশ্যজনক। এই তো গেল দারোগা-প্রলিশ সম্বন্ধে আমার নিজের ধারণা এবং আমি সন্ধান নিয়ে জেনেছি পর্লিশের যে স্থারভাইসরী স্টাফ্ - এস-পি, ডি-এস-পি যারা, ্রাদের efficiency ইংরেজ আমলে যে পরিমাণ ছিল, সেই পরিমাণ efficiency এখন নাই: ভাদের সে efficiency কমে যাচ্ছে। কোটের যাঁরা উকিল তাঁরা এ জিনিষটি উপলব্ধি করেন এবং দেখা যায় যে, যে-সমুস্ত cases কোটে যায় তার অধিকাংশ কেসে সাজা হয় না, কোথাও কোন একটা Lacuna বা ফাঁক প্রালশের ডাইরী বা ইনকোয়ারীর দোষ থেকে যায়। অথবা পূর্বালশ অফিসার ঠিকভাবে investigation করে না। হয়ত পুলিশ অফিসারের mvestigation-এর চুটি থাকে, কিংবা বোধহয় দুনীতিও কোন একটা কারণ হতে পাবে যার জন্য তার মধ্যে এই সমস্ত ফাক রেখে দেয়। আর সেই সমস্ত ফাকের কথা উল্টো পার্টির কাছ থেকে টাকা নিয়ে দারোগা কখনও কখনও জানিয়ে দেয় -এই এই ফাঁক আছে এই এইভাবে defence কবতে হবে। পুলিশের Supervisory Staff-রা যদি ভাল-ভাবে কাজ করতো, তাহলে আমরা প্রলিশের অনেক ভাল কাজের পরিচয় পেতে পারতাম। দুটি instances কথা বলব মন্ত্রী মহাশয় ভাঁর ডিপার্ট'মেন্ট থেকে জেনে নেবেন। লাভপুরে থানায় এবটা জায়গায় মাডার হল। সাক্ষীদের কাছে দারোগা গেলেন। সাক্ষীরা বললেন হা। আমবা খনে হতে দেখলাম। Supervisory authority যাঁরা, তাঁরা সেটা যাচাই করে দেখলেন না। সেই কেস কোর্টে যখন গেল, তখন প্রমাণ হলো সাক্ষীরা যে জায়গায় বর্সেছিল, মাঝখানে একটা মন্দির থাকায়, সেখান থেকে হত্যার জায়গাটা দেখা যায় না। আগের কালে S. P., D S. P.-রা অনেক বেশী efficient ছিলেন। তাদের কাজের মধ্যে ভুলদ্রান্ত ও গাফিলতি এনেক কম ছিল। আজকে দেখছি বাংলাদেশের বিভিন্ন থানায় চোর, ডাকাত, বদমায়েস, গ্লেডাদের আজ্বানা হয়েছে। থানায় ভাল লোক যেতে চায় না। ভদুলোকেরা মনে করেন, দারোগাদের সঙ্গে বর্যান্তগত পরিচয় থাকলে, সদ্বাবহার হয়ত পাওয়া যায় কিন্তু টাকা ছাড়া কাজ হয় না। কোন ার্যায় কোন গরে, তর ঘটনা ঘটলে সে সম্বন্ধে থানায় দারোগার নিকট রিপোর্ট করলেও ঘটনা-পথলে ভাজাতাড়ি পেণ্ডানর জন্য কোন ব্যবস্থা সরকারের থানাগুলিতে নাই। আমাদের বীর**ভু**ম জেলার কথা বলি সেখানে কত ক্রাইম ইংচ্ছে! এই ক্রাইম ইনভেস্টিগেশান করবার জন্য Inspector-দের জুনা কোন vehicle-এর ব্যবস্থা না করার কারণ কি ? এর ফলে investigation দেব িতে হয় এবং এই দের ীতে investigation হ্বার জন্য নানা রক্ষ tampering হয়। তার ফলে শনোনীর পর অধিকাংশ কেস ফে'সে যায়। আমার মনে হয় বাংলাদেশে যে পরিমাণ অপনাধের সংখ্যা বাড়তে আরম্ভ করেছে, তাতে ক্রাইম investigation-এর ব্যবস্থা যদি তাড়া-তাডি না করা খায়, তাডাতাডি যাতে investigation হতে পারে, তার জন্য যদি Police Inspector-দের জন্য Motor vehicles-এর ব্যবস্থা না থাকে, তাহলে অধিকাংশ জায়গায় দেখবেন কেনের ঠিকনত investigation হয় না বা দেরীতে সেই investigation হবার ফলে এনক evidence নগ্ট হয়ে যায়।

[5-35—5-45 p. m.]

তারপর আর একটি কথা বলতে চাই। কোর্টে সাধারণতঃ যে-সমন্ত কেস হয়, প্র্লিশ কেস,
তার পরিচালনা করে Court Sub-Inspector। এই কোর্ট সাব-ইন্সপেক্টরদের আইনের জ্ঞান
অত্যন্ত কম। সেইজন্য দেখতে পাচ্ছি মফঃন্বল অঞ্চলে নামকরা বদমায়েস গ্রন্ডাবাজ লোকেরা
inefficient prosecution-এর দোষে অধিকাংশ মামলায় খালাস পেয়ে যাচ্ছে। আপনি কি
মনে করেন trained lawyer-এর সামনে একজন আইনের দিক দিয়ে untrained Court

Sub-Inspector বা Court Sub-Inspector efficiently কান্ত চলতে পারে? আমার মূদে হন্ন Untrained Court Sub-Inspector বা কোট ইন্সপেক্টরদের দিয়ে এফিসিয়েন্ট্রি কোর্টের কাব্র চলতে পারে না। আমি আর একটা বিষয় বলতে চাই। আমাদের বাংলাদেশে দুনীতি শুধু যে প্রলিশের মধ্যেই আছে, তা নয়, দুনীতি সর্বস্তরে আছে। কিন্ত তা সত্তেও আমি বলবো প্রলিশকে যে মর্যাদা দেওয়া উচিত, সেই মর্যাদা দেওয়া হচ্ছে না। Evidence Act-এর Section 25-এ আছে যে confession before a Magistrate is admissible in court. Aug confession before any other person is also admissible in court কিন্ত প্রলিশ ইন্সপেক্টারের বা অফিসারের সামনে যদি confession হয় তাহলে সেটা কোটে admissible হবে না কেন? পুলিশ অফিসারের সামনে যে confession, সেটা পুলিশ evidence হিসাবে কোটে admissible হওয়া উচিত। প্রিলশকে এইভাবে অমর্যাদা কেন করা হয় ? ইংরাজ আমলে এই Evidence Act তৈরী। প্রলিশের সংগ্রে সাধারণ মানুষের বিরোধ লাগিয়ে রাখাই তখনকার দিনে সরকারের স্বার্থ ছিল। এখন যদি পর্লিশকে মর্যাদ না দেওয়া হয়, প্রলিশের সামনে যে কন্ফেসন্ত। যদি আদালতে গ্রাহ্য না হয়; যদি কেবল মনে করা হয় যে, প্রলিশ কেবল মিথ্যা কথা বলবে, মিথ্যা সাজিয়ে কেস করবে: তাহলে প্রলিশের উপর আমাদের আস্থা কোথায়? আর পর্নলিশেবই বা এই administration-এর উপর আস্থা থাকবে কেন? সেইজন্য আমি বলি Evidence Act-এর Section 25-কে সংশোধন কর প্রয়োজন : এবং confession before a police officer should be admissible in court. এটা যাতে হয় তার বাবস্থা দরকার। Faith begets faith

Shri Somnath Lahiri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আনন্দবাব বলেছেন যে প্রনিশ এখন খুব বৈজ্ঞানিক পর্শ্বতি প্রয়োগ করে investigation-এর কাজ করছেন। তাঁর সেই কথা শুনে কয়েকটা ঘটনার কথা মনে পড়ে গেল। আমি দুটান্ডস্বরূপ তার কয়েকটা নমুনা দিছিছ।

পার্ক দুখীট থানা মারফং একটা কেস্ চীফ্ প্রেসিডেন্সী ম্যাজিন্টেট-এর এজলাসে হাজির করা হয়েছিল। ডেভিড্ নামে এক ব্যক্তিকে থেফট্ চুরির অপরাধে তাঁর সামনে হাজির করা হয়়। ম্যাজিন্টেট বচ্ছেন শ্রীবিজয়েশ মুখাজী। The Chief Presidency Magistrate says that the investigating officer arrested the accused only because a Maulavi finds by an esoteric process that he is the thief. অর্থাৎ কোন এক মৌলভী হাত গুলে বলে দিয়েছিল যে সে চুরি করেছে। বাস্ তাকে কোটে পাঠিয়ে দেওয়া হল। তিনি আরও মন্তব্য করে বলেন is there none to supervise?

এই একটা বৈজ্ঞানিক পন্ধতি দেখলাম। আর একটা বৈজ্ঞানিক পন্ধতি দেখেছি সেটাও ঐ শ্রীবিজ্ঞানে মুখাজার কোটের ব্যাপার। তাঁর কোটে একজন লোককে প্রথমে murder-এর জন্য চালান দেওয়া হল। বলা হল যে বাইরে থেকে নাকি warrant আসবে murder-এর জন্য। Murder-এর জন্য তাকে বেল দেওয়া হবে না, বলে, পর্নালিশ থেকে আপত্তি করা হয়, স্বৃতরাং ম্যাজিন্টেট তাকে বেল দিতে পারলেন না। পরে যথন তার নামে warrant এলো, তখন দেখা গেল এটা assault কেস্, murder-এর কেস নয়। স্বৃতরাং তখন ম্যাজিন্টেট তাকে bail দিলেন। বেলে খালাস পেয়ে লোকটি যখন বাইরে য়য়, তখন পর্নালশ তাকে আবার গ্রেশ্তার করে theft charge-এ এবং ঐ ম্যাজিন্টেটের কাছে হাজির করে। The accused was discharged and the Chief Presidency Magistrate said that the charge of theft was based only on certain liquid statements upon which no court of law can ever act. তারপর, the accused was discharged. The Chief Presidency Magistrate Shri Bijayesh Mukherjee আরও মন্তব্য করে বলেন, "I have been left wondering if there is a big man or a brainy man behind all this."

বৈজ্ঞানিক পণ্যতির ৩নং হল, কন্টাই Police Station-এ accused লক্ষ্মীকান্ত, তাকে থানায় নিয়ে গিয়ে পিটান হল। শুধু তাই নয়, তার উপর একটা কুকুর লেলিয়ে দেওয়া হল ন্তন বৈজ্ঞানিক পণ্যতিত। Contai Sub-Jail-এর Medical Officer certify করেন যে, হাাঁ, তার উপর মারের দাগ আছে এবং কুকুরের কামড়ের দাগও আছে। কিন্তু S. D. O. বা Magistrate কোন action নিলো না। পরে High Court থেকে Judicial Enqiry-র order হল, Statesman 4-5-60 দেখুন। এই হল ৩নং।

তারপর আমাদের চেতলা এলাকায় আলীপুর থানার ভেতরে একটা ছেলেকে বেলগাছে তার দুই হাত ঝালিয়ে পালিশ প্রহার করে। এর কারণ মালিকদের সঙ্গে পালিশ অফিসারের বৃধ্যু ছিল এবং মালিক নিজেও এককালে একজন পালিশ ছিলেন। আমরা কালীবানুকে ধরলাম। তাঁর কাছে অভিযোগ পাঠান হল। কালীবানুনাম কা ওয়াস্তে, মামালি ধরণের একটা departmental enquiry করে একটা চিঠি দিলেন, white-washing করে, তা থেকে কিছন্টা পড়ে দিছি

The accused himself made a confessional statement and led the police to আমুক্................address and pointed out a cycle there as the stolen one. The police had no hand in it.

কালীবাব, নিশ্চয়ই জানেন এই আসামী বেকসাৱ খালাস পেয়েছে। কাজেই confession ভাকে দিয়ে পালিশ মেরে-পিটিয়ে লিখিয়ে নিয়েছিল সেটা বোঝার মত বাণিধ কালীপদবাবার না থাকতে পারে সাধাবণ লোকের ঘটে সে বাণিধটাকু আছে। তারপর কালীপদবাবা বলছেন.

"The allegations that the accused was beaten by S. I. Chakravarti were not substantiated on enquiry. Shri A. Bhattacharji, S. I., was the investigating officer of this particular case. So there is no reason why S. I. Chakravarti should beat this boy."

্থাং কালীপদবাবৰু রাজছে কি এই নিয়ম হয়েছে যে investigationing S. I. পিটাতে পাবে কিন্তু অন্য কাউকে দিয়ে পেটাতে পাবে না : তারপর কালীবাব বলছেন, Moreover he was medically examined under orders of the Magistrate but no marks of inquiry were found by the doctor.

ান্দ ভাক্তার। অবশ্য পর্বিশ ডাক্তাররা হবভাবতই পর্বিশের মারের চিহ্ন দেখতে পান না। যাঁরা রিটিশ আমলে পর্বিশের নির্যাতন দেখেছেন তাঁরা জানেন যে, পর্বিশ ডাক্তারের কাছে নিরে গেলে, যদি আপনার নাক কেটে গিয়ে থাকে তাহলে বলা হোত যে ও নিজের নাক নিজেই ক্যাড্ছে! সেই পর্বিশ ডাক্তারের উপর কালীপদবাব্র কবে থেকে এত বিশ্বাস হল জানি না। তিনি নিজে গিয়ে enquiry করলে মারের দাগ দেখতে পেতেন, ব্রুতে পারতেন যে কি প্রচণ্ড মার তাকে দেওয়া হয়েছিল। সেখানকার O. C., আমি এবং আর দ্বুজন Corporation Councillor-এর সামনে বঙ্গেন, "I admit that justice has not been done to him, but I will see that it is done in future." কিন্তু আমাদের সাক্ষী গ্রাহ্য হল না। এবং পর্বিশ enquiry যথন হয় তথন অন্য সকলের কাছে যাওয়া হল, Councillor সাক্ষীতিল্বাম enquiry যথন হয় তথন অন্য সকলের কাছে যাওয়া হল, Councillor সাক্ষীতিল্বাম ভারারও –তাঁর কাছে যাওয়া হল না। এইভাবে একটা white-washing report দিলেন। এখচ থানা-হাজত থেকে খালাস পাবার পর আমরা সেই ছেলেকে Campbell Hospital-এ পাঠিয়েছিলাম মারের দাগ যা হয়েছিল তা দেখাবার জন্য। অবশ্য হাসপাতালে ১০ দিন পর নিয়ে যাওয়া হয়েছিল এবং হাসপাতাল থেকে বলা হল, যে report দিল তাতে বলা হয়েছে,

"Fingers of left hand swollen and tender. Complete restriction of the loint of ring finger of left hand. The finger of right hand also tender and swollen. Swelling of both legs near ankle joint and swelling of tendons of dorsum foot. Mark of abrasion on right leg about 3 inches above the medial malleolus. Mark of abrasion over wrist joint of right hand and left hand."

যদি মারের ১০ দিন পর এই report হয় তাহলে ব্রুতে পারেন যে কি প্রচন্ড মার দেওয়া হয়ে ছিল। অথচ কালীবাব্ সেটা নস্যাৎ করে দিলেন। এই যে বৈজ্ঞানিক পশ্বতি এটা নিশ্চয়ই কালীবাব্ সমর্থন করতে পারেন না। আমার সময় নেই, এইরকম বহু case আছে যা দিতে পারতাম। কাগজে দেখেছেন ১৯৫৯ সালের ১৫ই আগস্ট, শ্রীবিজয়েশ মুখাজী এই ধরণের কেসে প্র্লিশ অফিসারের বিরুদ্ধে কি কথা বলেছেন। কালীবাব্ তা শ্নুনলে হয়ত উপকৃত হবেন। Magistrate বলেছেন্

"Nothing, I imagine is easier for an evil-minded police officer than to resort to third degree methods right inside his den against a defence-less prisoner. Nothing, I imagine, is more difficult for a prisoner, so beaten and thrashed, than to prove the police torture inflicted upon him. So, in nine cases out of ten, such complaints will have an end like this, unless the police officers at the top bestir themselves and see that the barbarous third degree method is not followed in our civilised country."

[5-45-5-55 p.m.]

কিন্তু কালীপদবাব, চিরাচরিত প্রথায় পর্নলেশের সাফাই গেয়ে যাচ্ছেন, C. P. M.-এর এই structure-এর কোন ফল হয়েছে কি কালীপদবাব্র পর্নলেশের উপর? C. P. M. বিজয়েশবাব্ শর্নেছি transferred হয়ে গিয়েছেন বা যাছেন, তার কারণ বোধ হয় এই যে, তিনি স্বাধীনচেতা লোক, সরকার তাঁকে পছন্দ করতে পারেন না। আরেকটা কারণ হল, Chief Presidency Magistrate হচ্ছেন Chief Election Returning Officer—তাঁর মতো শ্বাধীনচেতা লোক থাকলে আগামী election-এ তাঁদের ইচ্ছামত manipulate করার অস্ক্রিধা হতে পারে। বোধ হয় এই কারণে তিনি transferred হয়ে যাচ্ছেন যাতে কালীবাব্রা নির্বিঘ্যে রাজস্থ করতে পারেন।

Shri Shankardas Bandyopadhyay: Mr. Speaker, Sir, I have not had the opportunity or the privilege of hearing all the honourable members but I have heard at least some of them and the pattern of the speeches that have been made in this House is exactly the pattern that has been made in the past years.

Dr. Hirendra Kumar Chattopadhyay : Because the pattern of the Ministers is the same.

এবারে আমি জলঢাকা প্রজেক্টের কথায় আর্সাছ। এই জলঢাকা প্রজেক্ট ১৯৫৬ সালে সূর্ হয় এবং সেকে°ড °ল্যানের শেষ বছরে শেষ হবার কথা ছিল। কিন্তু কি হয়েছে? ১৯৫৬ সালে এই পরিকল্পনা সারা হবার পর যেমন অন্যান্য বিষয়ের বিষয়সূচী বোর্ডে আলোচিত হয় ঠিক তেমনি ১২. ১০. ৬০ তারিখ পর্যন্ত ৯৭ বার এই জলঢাকা প্রজেক্ট বোর্ডের আলোচ্য বিষয় হিসেবে আলোচিত হয়েছে। কিন্তু তার ফল কি হয়েছে? স্যার, সেখানে যে ১৩টি Diesel Station আছে তার দ্বারা সেখানকার তিনটি জেলার ইলেকট্রিক-এর চাহিদা মেটান যাচ্ছে না এবং সেই Diesel Station out of date হয়ে রয়েছে। কাজেই যথন দেখা যাচ্ছে এটা একটা ল্যজিং কন্সার্ন এবং এর দ্বারা বোর্ডের লোকসান হবে তখন যাতে তাড়াতাড়ি এই জলঢাকা প্রোজেক্ট কার্যকরী করা যায় তার চেণ্টা করা উচিত। কিণ্ডু তা হচ্ছে না। আমি কয়েকটা উদাহরণ দিয়ে দেখাচ্ছি যে. প্রথমতঃ যখন জমি একোয়ার করা হয় তখন কে যে তা করে গেল তা বোঝা গেল না। তারপর ওখানকার ডিভিশনাল ইঞ্জিনীয়ারকে দার্জিলিং-এর ক্মিশনারের সংক্র প্রতিটি ব্যাপারে দেখা করতে মাসে একবার করে যেতে হয়। তারপর জালাং কলোনী থেকে প্যারেন কলোনী পর্যণত রাস্তা তৈরী করবার জন্য যদিও ২ লক্ষ টাকা স্যাংশন করা হল কিন্ত সাজসরঞ্জাম বহণ করবার সুযোগের অভাবে সে রাস্তা হল না। তারপর ২৫ ফুট চওড়া এবং प्राहेन नम्या कालाः —िवनन् त्राफ अम् मि. माम नामक अक्कन कन्ग्रोक छेत्रक एम छ्या इन. ^{কিন্}তু তাঁর কমপ্রেসর, বুলডজার্স, রোড রাণ্ডিং ইকুইপমেণ্ট প্রভৃতি নেই বলে সে-সব ফেলে ^{পালিয়ে} গেল। তারপর অবশ্য হিন্দ, কন্স্<u>মাক্</u>শনকে দেওয়া হয়েছে, কিন্তু তাঁরাও আজ্ঞও পর্যন্ত

তেমন কোন প্রগ্রেস্ করতে পারেন নি। তারপর আর একটা ৩২৫ ফ্টুট লম্বা রাঙ্গ্তা—অর্থাৎ বালাং—খোলা এখানে একটা ছোট ব্রিজ হওয়া অত্যুন্ত প্রয়োজন, কেননা তা না হলে যাতায়াত করা যায় না এবং এটা খ্ব ইম্পর্ট্যান্ট রোড লিঙ্ক। তবে অনেক দীর্ঘস্তার পর শেষ পর্যন্ত ন্যাশনালা স্ল্যানিং এয়ান্ড কন্স্থাক্শন কোম্পানীকে কন্যান্ত দেওয়া হয়েছে। প্রথমে বোর্ড ১৯. ১২. ৫৯ তারিখে কন্স্থাক্শন-এর জন্য অর্ভার দেয়, তারপর আবার মত পরিবর্তন করে ২০. ৬. ৫৯ তারিখে অর্ভার দেয় এবং এইভাবে দেখা যাছে সমস্ত জিনিসটাকে দীর্ঘস্তার মধ্যে নিয়ে যাছে অথচ কাজ কিছ্ হছে না। তারপর দটাফ কোয়াটার্স সম্বন্ধে বলতে গিয়ে বলব যে, সেখানে উচ্চপদস্থ কর্মচারীদের জন্য একটা মনোরম রেন্ট হাউস তৈরী হছে অথচ ছটাফদের জন্য যে ব্যবস্থা তা দেখলে আপনার কারা পাবে এবং এর ফলে দেখা যাছে তাঁরা সেখানে কাজ করতে পারলেন না। তারপর আর একটা কথা বলতে চাই সেটা আমার কথা নয়, শৈলবাব্ বলেছেন

'I cannot conceive how on this far off and inaccessible terrain the tempo of work after four years of commencement can increase without provision of suitable quarters for technical and non-technical staff. I found an atmosphere of gloom and frustration amongst the staff for these improvised quarters where five to six men are huddled together without being able to bring their families. The net result is that construction of 42 'C' type temporary quarters at Jhalung entrusted to contractor Gajanand Charan only on 5|9|60 has not started yet. Construction of 42 'B' 'C' and 'D' type permanent quarters for Paren Colony entrusted to National Construction Company on 13th January, 1960 has proceeded to an extent of approximately 10 per cent., a very poor progress indeed, and not a single one is anyway near completion.'

এইভাবে আমরা দেখতে পাচ্ছি সেখানে কোয়াটার্স তৈরী হয়নি। তারপর সেই রিপোর্টের আর একটি অংশ পড়ে আমি আমার বন্ধব্য শেষ করব এবং সে কথাটিও আমার নয়, ঐ শৈলবাব্য যখন একজন নন-অফিসিয়াল মেম্বার হিসেবে সেখানে ভিজিট করতে গিয়েছিলেন তখন তিনি জলঢাকা প্রজেঞ্জের সমস্ত ব্যাপার এনকোয়ারী করে বলেছেন:

'As a member of the State Electricity Board, I visited Jaldhaka first in April, 1959. To have an idea of the progress of work, I visited it again in October, 1960. after 18 months....I frankly state that I have not only been greatly disappointed but dismayed at the extremely slow rate of progress, the colossal waste of time, man-power and money.'

[30-40 to 3-50 p. m.]

এই হচ্ছে জলঢাকা প্রোজেক্টের রিপোর্ট এবং এই রিপোর্টের পরেও এখনও কেন বদলাবার চেণ্টা হচ্ছে না আমি জানি না। আর একটা কথা আমি বলব যে গড়বেতা এবং ঐ সমস্ত জারগায় নতুনভাবে ইলেকট্রিফিকেশন হয়েছে। সেটা যাতে সম্পূর্ণভাবে করা হয় তার চেণ্টা করবেন। আর একটা জিনিস হচ্ছে মেদিনীপুর জেলার কোলাঘাট অঞ্চলের মধ্য দিয়ে দেউট ইলেকট্রিসিটি বোর্ডের যে লাইন গেছে তাতে গাছপালা কেটে তুছনছ করা হয়েছে, সেগ্রলির জন্য যেন ক্ষতিপ্রণ দেওয়া হয়। আমার বাড়ীতে ইলেকট্রিসিটি পাবার জন্য আমি এক বছর হ'ল এ্যাম্লাই করেছি কিম্তু লাইন দেয়নি। চিত্ত রায়ের বিল বাকি পড়া সত্তেও চিফ ইঞ্জিনীয়ার তাঁর বাড়ীর লাইন ডিসকানেন্ট করলেন না। কিম্তু আমি কি এমন অপরাধ করেছি যার জন্য আমার বাড়ীতে লাইন দেয় না?

Shri Haridas Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, ব্যাণেডলে স্পার-পাওয়ার থারম্যাল স্টেশন হচ্ছে এবং যে রেলওয়ে ইলেকট্রিফিকেশন হচ্ছে এ সম্বন্ধে আমরা দেখছি Third Five Year Plan-এ প্রায় ৩০ কোটি টাকার কিছু বেশী এই State Electricity Board-কে দেওয়া হচ্ছে। জল-ঢাকা প্রোজেক্ট সম্বন্ধে অনেক সদস্য আলোচনা করেছেন, গত বছর আমিও জলঢাকার কথা অনেক বলেছি। এবারে শুধু একটা কথা আপনার সামনে রাখতে চাই সেটা হচ্ছে State Electricity Board Organisation-টা কি রকম যাদের হাতে আমরা অলরেডি সাড়ে বাইশ কোটি টাকা দিয়েছি এবং আরও ৩০ কোটি টাকা দেওয়া হচ্ছে। Electricity Board সম্বন্ধে দেখা যাচ্ছে যে তাদের gross revenue collection যা হচ্ছে তাতে তারা দ্বয়ং সম্পূর্ণ হয়ে এসেছে। ১৯৫৬-৫৭ সালে তাদের ৫২ ৬৫ লক্ষ টাকা gross revenue collection হয়েছে। ১৯৬০ সালের তাঁরা ২২৫ লক্ষ ৩৪ হাজার টাকা এ বছর পাবেন বলে মনে করছেন। তাঁদের বাজেট পুডলে দেখবেন তাঁরা ২৩টা দেটশন নিয়ে শারা করেছিলেন এখন তাঁরা ২ শো দেটশন করেছেন এবং number of places electrified ১০২-এর জায়গায় ৪১৪ হয়েছে। কন্জিউমার ১১ হাজার ৭৪২-এর জায়গায় ৪০ হাজার হয়েছে। আমি বিরোধী দলের সদস্য হলেও তাঁরা যেটকু ভাল করেছেন সেটার নিশ্চয়ই ভাল বলব। এদিক থেকে দেখছি ভাঁরা স্বয়ংসম্পূর্ণ হবার চেন্টা করছেন। কিন্তু এত যে তাঁরা করেছেন বলে ঢাক পিটাচ্ছেন তার net result কি হয়েছে--এত স্টেশন করেছেন, কর্নজিউমার এত বাড়িয়েছেন, কিন্তু বছরের পর বছর তাঁদের বাজেটে দেখছি লোকসান হচ্ছে। এ বছবে তাঁদের বাজেটে তাঁরা ৯ লক্ষ টাকার কি**ছু বেশী লোকসান** দেখিয়েছেন। তার কারণ তাঁরা দেখাচ্ছেন যে সেণ্টাল গভর্ণমেণ্টের কাছ থেকে যে টাকা তাঁরা লোন নিচ্ছেন সুদু সনেত সেই টাকা কেন্দ্রকে দিতে হচ্ছে। এই টাকাটা যদি তাঁদের না দিতে হত তাহলে কিছু লাভ দেখাতে পারতেন বলে আমাদের কাছে বলেছেন। ১৯৫৬ সালের **তরা এপ্রিল** পার্লামেণ্টে কেন্দ্রীয় মন্ত্রী গুলজারিলাল নন্দ বার-বার বলেছেন যে:

Now it has been decided that for the first few years no interest will be charged. That is an element of subsidy but the Scheme is still under consideration.

এই সার্বাসিডি সম্বন্ধে আমি জিজ্ঞাসা করতে চাই এটা যথন ডেভালাপমেণ্ট প্রোগ্রাম তথন সার্বাসিডি দেবার ব্যবস্থা হচ্চে না কেন? ডাঃ রায় ভারত রত্ন হয়েছেন, ভারতবর্ষের নব রত্নের মধ্যে তিনি একজন। আমরা জানি তাঁব ইন্ফ্রুয়েন্স আছে। তিনি প্রেসার দিলে এই ইণ্টারেন্ট যদি ওয়েভ করে দেওয়া যেত তাহলে কনজিউনাররা অন্ততঃ কিছু স্বিধা পেত এটা আমরা মনে করি। স্যার, এই বোর্ড কন্জিউমারদের কত স্বিধা করে দিচ্ছেন সেটা আপনার কাছে দেখাছিছ। কনজিউমারদের কোন স্বিধা দেবার লক্ষণ দেখাছি না। কলকাতা কর্পোরেশনের রেটের সঙ্গে তুলনা করলে এই বোর্ডের মেন্বাররা হয়ত অসন্তৃত্ট হবেন। কিন্তু কলকাতার ডবল রেট তাঁরা ইউনিটে আদায় করছেন। সরকারী প্রচেন্টায় এই যদি অবস্থা হয় তাহলে কি করে সেই সরকারের উপর মান্যের আম্থা থাকবে সেক্থা আমি ডাঃ রায়কে জিজ্ঞাসা করছি?

রেটের কৃথায় দেখন, ওয়েট বেগাল ণেট ইলেকট্রিসিটি বোর্ড পার ইউনিট ৩১ থেকে ৩৮ নয়া পয়সা নিচ্ছেন। মধ্য ভারত নেটট ইলেকট্রিসিটি বোর্ড ২১ থেকে ৩১ নয়া পয়সা নিচ্ছেন। ক্যালকাটা ইলেকট্রিক সাংলাই ১৮ ৭৫ নয়া পয়সা, নৈহাটী ২৫ নয়া পয়সা, ভাটপাড়া ২৮ নয়া পয়সা। এই তিনটি অর্গানাইজেশন ক্যাসিয়াল ফার্ম, তাঁরা লাভ করে তবে এই রেটে দিছেন। বিনা লাভে নিশ্চয়ই লোককে তাঁরা ইলেকট্রিসিটি দিছেন না। সমাজ কল্যাণে রত যে বার্ড যে বার্ডকে আয়রা সাড়ে দশ কোটি টাকা দিয়েছি, আরো ত্রিশ কোটি টাকা এই থার্ড ফাইভ ইয়ার গ্ল্যানে দেব, তাঁরা কি অবস্থা করছেন, গ্রামের মান্বের উপর কি অকথ্য অত্যাচার চালাছেনে তা সকলেই জানেন। গ্র্যাণ্ড-ট্রাঙ্ক রেয়ে দিয়ে বালী পার হয়ে সোজা চলে আসন্ন,

দুই ধারে ডেট ইলেকট্রিসিটি বোর্ডের পাওয়ার। লম্বা লম্বা ট্রান্সিম্মন লাইন টানছেন, বহু জারগার গ্রামের মধ্যে ইলেক্ট্রিক দিতে হচ্ছে, তার জন্য খরচ বেশী। তাদের যে ডিজেল ইঞ্জিন রয়েছে ক্যালকাটা কপোরেশন বলেছেন পরোনো অর্গানাইজেশন, প্রিওয়ার ডেজ মেসিন, তাঁরা সম্তায় দিতে পারেন কিন্তু কেন্দ্রীয় সরকারের নীতি যেখানে সার্বাসডাইজ করা, তাঁরা যাতে সেই সাবসিডাইজ পেতে পারেন তার জন্য ডাঃ রায় তাঁর সমস্ত ইন্ফুরেন্স একজার্ট কর্ন। অন্য বহু, ব্যাপারে তিনি সেণ্ট্রালের উপর তার ইন্ফুরেন্স একজার্ট করেন বা তান্বর করেন কিন্তু এ ব্যাপারে কেন তিনি চুপ করে বসে আছেন? গতবারে ডাঃ রায়কে অনুরোধ করেছিলাম. যদি ডাঃ রায় এই সার্বাসিডি না আনতে পারেন তাহলে বোর্ড কন্জিউমারদের উপর সমস্ত বোঝা চাপাবেন, অসম্ভব রেট তাঁদের উপর চাপাবেন। স্যার, বোর্ড তা শুনেছি ৩ নয়া পয়সা করে ডি-ভি-সি থেকে পাওয়ার কেনেন কিল্ড বিক্রী করবার বেলায় ৩৮ নয়া প্রসা প্যশ্তি বিক্রী করেন। বাঙলা দেশে যেখানে প্রচন্ড খাদ্যাভাব রয়েছে. যেখানে ইরিগেশনকে টপ্-প্রাইওরিটি দিতে হবে, সেথানে টিউবওয়েলের বেলায় ১৩ নয়া পয়সা করেছেন। ক্যালকাটা ইলেকট্রিক সাম্লাই ইলেকট্রিফিকেশনে চার্জ করেন কত—এরা ১৩ করেন, ওরা ৬ ২৫ নয়া পয়সা করেন। শ্মল ইন্ডাম্ট্রিতে যদি ১৩ নয়া পয়সা হয় তাহলে কেমন করে শ্মল ইন্ডাম্ট্রি গড়ে উঠবে? কাজেই দরিদ্র মান্য এবং চাষীর উপর ও'রা জুলুম চালাচ্ছেন। স্যার, সে বছর আমি বলে-ছিলাম যে ইরিগেশনে কমানো দরকার, মিহিরবাব সেবার-এবার অনেকবার বলেছেন। তারপরে স্যার, এবার এই বোর্ডের প্রায় সাড়ে পাঁচ হাজার কমীর কথা কিছু, বলি। স্যার, এই বোর্ড শ্রমিকের উপর অত্যাচার করছেন, কর্ন জিউমারদের উপর হেভী চার্জ করছেন এবং কোটি কোটি টাকা নিয়ে ছিনিমিনি থেলছেন। আসলে কি হয়েছে—একটা ওল্ড মেনস্ প্যারাডাইজ তাঁরা তৈরী করেছেন। স্বজনপোষন, দুনীতি, বিশ্যংখলা, কমীদের উপর জুলুম সমস্ত আবহাওয়া বিষিয়ে দিয়েছে। এই বোর্ড কেমন করে কাজ করবে? আমি আপনার কাছে একখানা চিঠি পর্ডুছি, যেটা স্যার ডি. এন. মিশ্র যিনি বোর্ডের চেয়ারম্যান ছিলেন, তিনি শ্রীঅশোক চলের কাছে। লিখেছিলেন। Sir D. N. Mitra, Chairman of the Electricity Board to A. K. Chanda, Auditor General, Government of India, New Delhi ২৭শে জন ১৯৫৭ সালে লিখছেন। স্যার ডি. এন, মিত্র লিখছেন :

I at one time thought of asking you for a retired man, but I thought better of it. Too many old men spoil an organisation.

স্যার, এখানে আমি কয়েকজন টু মেনি ওল্ড মেনের কথা বলছি। সিলেকশন কমিটি নং ২--এখানে দ্বুজন মেন্বার। একজন খ্রীএস. এম. বোস, উনি ডাঃ রায়ের আত্মীর কিনা জানি না, ডাঃ রায় অস্বীকার করেছেন। স্যার, তাঁর বয়সের গাছ-পাথর নেই। তিনি বলেন তাঁর বয়স ৭৮—ভগবান স্থিতকর্তাই জানেন তাঁর বয়স কত। তিনি লিখতে পারেন না, পড়তে পারেন না, হাঁটতে পারেন না, চেয়ারে করে ঘোরেন, কথা বিচার করতে পারেন না, একেবারে অতি বৃদ্ধ জরশ্গব। আর একজন হলেন খ্রীএস. কে. মজুমদার, তাঁরও বয়স বেশী হয়েছে, তিনি রিয়াটার করে এসেছেন পার্বালক সাভিস্প কমিশন থেকে। মেন্বাররা ডেলি ক্রিশ টাকা য়্যালাউন্স পান।

[3-50—4 p. m.]

কোন রকমে অফিসে এসে হাজির হতে পারলেই হলো। আধ ঘণ্টা কি এক ঘণ্টার বেশী অফিসে বসেন না। তিনি কোন ছর্টিছাটাও নেন না ঐ দৈনিক ত্রিশ টাকার লোভে। কোন রকমে এক-আধ ঘণ্টার জনা অফিসে ঢা, মেরে যাত্র। আর রবিবার দিন টার-ফারের নাম করে পয়সা পিটিয়ে নিচ্ছেন। এ ছাড়া তার জন্য নতেন Ambassador Car কেনা হয়েছে। Autonomous Body-তে কোথায় এ রকম condition ছিল? আমি condition জানি না।

একটা Selection কমিটি আছে, interview করে লোক select করবেন। সেখানে কোন টোকনিক্যাল expert নেই। তারা করেন কি? Interview-এর আগে Chief Engineer মিঃ দত্ত—তাদের কাছে লিখে পাঠান হলো—একজন engineer-কে পাঠিয়ে দেন।
তিনি selection-এর সময় সেই interview-তে বসে থাকেন। তিনি তাঁর বশম্বদ, তাঁকে
পাঠিয়ে স্বজন-তোষণ করে যাচ্ছেন। স্বজন-তোষণের একটা চমংকার ব্যবস্থা সেখানে হয়েছ।
এই বি. বি. চৌধুরীর বিরুদ্ধে গ্রুতর nepotism-এর চার্জ রয়েছে। তিনি reverted
হয়ে Development Department থেকে আসেন, তাঁকে সেখানে পাঠানোর জন্য বলা হয়েছিল, সেই ব্যবস্থা আজও হয়নি। তাতে ডাঃ রায় বলেছিলেন ঐ বোর্ডটা হচ্ছে একটা
autonomous body, আমি কি করতে পারি? আমার সেই autonomous বোর্ডকে টাকা
দেই। সেই টাকার প্রতি টাকা ঠিকভাবে বায় হচ্ছে কিনা, proper লোক রাখা হচ্ছে কিনা,
এ জিনিস নিশ্চয়ই আমরা দেখব। ডাঃ রায়কে অনুরোধ করবো তিনি যেন এ বিষয়ে একট্ব
দভি রাখেন।

এই বোর্ডের শ্রমিকদের অবস্থার কথাটা একবার শ্রন্ন। আমরা বার-বার দাবী করেছি যারা worked-charged শ্রমিক আছে, তাদের regular করা হোক। কিন্তু আজ পর্যন্ত তাদের regular করা হাল না। 50% regular করা হবে বলা হয়েছিল। কিন্তু আজও তা হ'ল না। এদের একটা ইউনিয়ন আছে। ১৯৫৮ সালের জ্বন মাসে তারা বিরাটভাবে লড়াই করেছে। তার ফলে ইউনিয়নের সঙ্গে একটা লিখিত চুক্তি হয়েছিল যে কোন লোককে আর ছাঁটাই করা হবে না। ১৯৫৮ সালের ৮ই জ্বন থেকে ছাঁটাই বন্ধ করতে বাধা হয়েছেন। কিন্তু তারা বলেছিলেন immediately তাদের 50% পার্মানেন্ট করবেন। কিন্তু আজও তা করা হয় না। কেবল গড়িমসি করছেন। যেখানে সাড়ে দশ কোটি টাকার সম্পত্তি, সেখানে এদের জন্য কত টাকা লাগে পার্মানেন্ট করতে? প্রভিডেন্ড ফান্ড যেখানে $6\frac{1}{3}$ হার রয়েছে, সেখানে আমরা দাবী করেছি বার-বার করে যে সেটা ৮ই% করা হোক।

তারপর মেডিকেল বেনিফিট যা রয়েছে, সে এক হাস্যকর ব্যাপার। সাধারণ মধ্যবিশু বাংগালী ঘরে অস্থাবস্থ হলে কত টাকা খরচ হয় স্মার, সেটা আপনি নিজে জানেন বা বোঝেন। এদের সেই medical benefit এখানে দেওয়া হয় নাই দেবার কথা হয়েছে মাত্র। যারা বিয়ে করেছে তারা মাসে আড়াই টাকা করে পাবে এই medical benefit. আর য়ারা বিয়ে য়াদের বাড়ীতে ব্ডো মা-বাপ, বিধবা বোন প্রভৃতি রয়েছে, অর্থনৈতিক কারণে তাহাদের জীবনে বিয়ে করার স্থোগ না আস্ক, বর্তমান সামাজিক পরিবেশে সেই বেচারা পাবে বছরে ১৬ টাকা মাত্র। এই হয়েছে এই বোডের ন্তন decision. আমি এ সম্বন্ধে মিঃ ডি এন মিত্রকে বলেছিলাশ, তখন তিনি বোডের চেয়ারম্যান ছিলেন, তিনি ৯৪ দেও করেছিলেন য়ে সতি্য এতে কোন পরিবার, কোন লোক এই আড়াই টাকাতে বাঁচতে পারে না। এই medical benefit অত্যন্ত কম হয়েছে। একথা তিনি স্বীকার করলেও তিনি এ সম্বন্ধে শেষ পর্যন্ত কিছু করে যান নি।

তারপর House allowance তাদের যেটা দিচ্ছেন, তাও সকলকে দিচ্ছেন না। কয়েক শ্রেণীর কর্মচারীকে এই House allowance তাঁরা দেবেন। তার মধ্যে H. T. যারা তাদের দিচ্ছেন House allowance সামান্য 10% মান্ত। তাদের আধ মাইলের মধ্যে থাকতে হয়। আর L. T যারা, তাদের কিছু দেবেন না। অথচ বলবেন—তোমাদের আমাদের কাছে সব সময় থাকতে হবে। না হলে House allowance দেব না। যদিও থাকার দরকার নাই। তব্ও তাদের থাকতে হয়।

তারপর Accident যা হচ্ছে, তার জন্য কোন ক্ষতিপ্রণের টাকা দিচ্ছেন না। রাণাঘাটে গত দ্বছরে তিনটি লোক মারা গেছে। একজনের নাম যদ্বংশী রায়, linesman. আজপর্যন্ত তার compensation-এর টাকা পাওয়া গেল না। আর যেটা সবচেয়ে মারাত্মক কথা সেটা হ'ল এই বোডের মাথাভারী administration. সেই administration কি? গ্রীব গ্রামকদের কি অবস্থা দেখুন:

Sweeper ১৮৪ জন, তারা মাইনে পায় ২০ টাকা থেকে ২৫ টাকা। মালি হচ্ছে ৫ জন, তাদের বেতনও ২০ টাকা থেকে ২৫ টাকা। চৌকিদার ১০ জন, তাদের মাইনেও ২০ টাকা থেকে ২৫ টাকা। দারোয়ানও ১০ জন, তাদের বেতনও ২০ টাকা থেকে ২৫ টাকা।

আর খালাসীর সংখ্যা হচ্ছে ৬০০ জন, তাদের মাইনে ২৫ টাকা থেকে ৩৫ টাকা। আর পেট্রলম্যান হচ্ছে ১১৩ জন, তাদের মাইনে হচ্ছে ৩০ টাকা থেকে ৩৫ টাকা।

আর সেই সঙ্গে দেখনে Chief Engineer মিঃ দন্ত যার কোন requisite qualification নাই, তার মাইনে ১৮০০ টাকা থেকে দ্ব হাজার; Deputy Chief Engineer একজন, তার মাইনে ১৫০০ টাকা থেকে ১৮০০ টাকা; Superintending Engineer হচ্ছে ৩ জন, মাইনে হচ্ছে ১৩০০ টাকা থেকে ১৫০০ টাকা; Divisional Engineer-এর সংখ্যা ১৪ জন, মাইনে ৫০০ টাকা থেকে ১২০০ টাকা; Asstt. Divisional Engineer-এর সংখ্যা ১২ জন. মাইনে ৩৫০ টাকা থেকে ৮০০ টাকা; Administrative অফিসার একজন, তার মাইনে ১২০০ টাকা থেকে ৮০০ টাকা; একজন সেক্রেটারী, তার মাইনে এক হাজার থেকে পনের শো। Chief Account's Officer একজন আছেন, তাঁর মাইনে পাঁচ শো থেকে আট শো টাকা প্লাস্ এক শো টাকা আবো special allowance পান।

অথচ হতভাগ শ্রমিক, যাঁরা মুখে রক্ত তুলে কাজ করেন, যাঁরা বোর্ডের বনিয়াদ স্ভিট করে চলেছেন, ভবিষাং মানুষকে সুখ-শাদিত দিক্ষেন, তাঁদের বেলায় কোন কাজ হ'ল না। তাঁদের সাত-আট লক্ষ টাকা দিলেই তাঁদের সমসত দাবী-দাওয়া প্রণ হতে পারে। তার কোন ব্যবস্থা এ'রা করলেন না। আর প্রমোশনের তো বালাই নাই। যেমন ইচ্ছা খেয়াল খ্সমিত তাঁদের স্বজন-তোষণ নীতি অনুসরণ করে চলেছেন। এই সমসত কথা আমি অনেক বার বলেছি, এ সম্বন্ধে একটা enquiry হোক। কিল্ত এগালি সম্বন্ধে কিছুই হয় নাই।

আর শৈলেন মোতায়েদ ও ভোলা ব্যানাজীর সম্বন্ধে বলে বলে তো অস্থির হয়ে গেছি। ডাঃ রায়কে আমি personally চিঠি লিখেছি তিনি যদি এ সম্বন্ধে একট্ব interest নেন, আমি বিশ্বাস করি, তাহলে শ্রমিকদের খানিকটা স্ক্রিধা হতে পারে।

Shri Hemanta Kumar Ghosal:

মাননীয় পশীকার মহাশয়, এই বাজেটের উপর আমার বস্তব্য বলবার আগে, আমি একটা কথা আপনার কাছে নিবেদন করতে চাই। ডাঃ রায় আজ হাউসে আমাদের, বিরোধী দলের প্রতি লক্ষ্য করে বলেছেন আমরা নাকি তামাসা করে থাকি। কিন্তু আমার মনে হয়, তিনি যেভাবে আজ এখানে কথাবাতা বলেছেন, তাতে তিনিই তামাসা করেছেন। হাউসের মধ্যে সরকারী কর্মচারীদের তিনি ধমকালেন। তামাসা তিনি করেছেন। তাঁকে সতর্ক করে দিন, ভবিষ্যতে তিনি যেন এই রকম আর না করেন, এইটা আমার অনুরোধ।

এই বাজেট সম্বন্ধে আমার প্রথম কথা হচ্ছে বিশেষ করে. এই র্রাল রেডিট সম্বন্ধে। Loan from the Union Government on account of intensive food prduction এবং fertiliser scheme-এ ১৯৫৯-৬০ সালে ১ কোটি ৭৭ লক্ষ ৬৯ হাজার টাকা। আর ১৯৬০-৬১ সালে ৫০ লাখ টাকা। এবং ১৯৬১ সালে revised বাজেটে ৪০ লক্ষ টাকা। অর্থাং কমে গেল। ১৯৬১-৬২ সালের বাজেটে ৪০ লক্ষ টাকা। তারপর loans to cultivators under the scheme of distribution of chemical fertiliser ১৯৬০-৬১ সালে হ'ল ৫০ লক্ষ টাকা। ১৯৬০-৬১ সালে হ'ল ৫০ লক্ষ টাকা। অর্থাং এটাকা কমে গেল। এবং ১৯৬১-৬২ সালে হ'ল ৪০ লক্ষ টাকা। Revised বাজেটে কি হবে জানি না। তবে যদি ঐ রেটে কমতে থাকে তাহলে ১৫ লক্ষ টাকা গিয়ে দাঁড়াবে বলে মনে হচ্ছে।

তারপর advances to cultivators, loans in other cases of distress, land improvement loans এবং loans under the scheme for distribution of chemical fertiliser etc. তাতে ধরা হয়েছে ১৯৫৯-৬০ সালে ১,৫৬,৪৬,০০০ টাকা। এবং ১৯৬০-৬১ সালে ১,১১,৫০,০০০ টাকা। আর ১৯৬০-৬১ সালে revised বাজেটে ১,৬৪,০০,০০০ টাকা। আর ১৯৬১-৬২ সালে ১,০১,৫০,০০০ টাকা।

তারপর সি. পি. লোন যা রাখা হয়েছে—সি. পি. লোন হ'ল ২৫ লক্ষ ৭৫ হাজার টাকা।

তারপর ২৮ লক্ষ। ২৮ লক্ষ। এর কোন বাড়তি নেই। এক ধারায় করে দিয়েছেন, তার figure হ'ল এই।

তারপর Estates Acquisition এবং embankment-এর খাতে ১৯৫৯-৬০ সালে minus ৪০০০—কিছুই নেই। তারপর হ'ল ৫ লক্ষ ৫০ হাজার। তারপর হ'ল ১ কোটি এবং এবারে হ'ল ৫ লাখ। অর্থাৎ ৫ লক্ষ টাকা হয়েছে total provision for loan and advances in the rural areas. ১৯৬১-৬২ সালের বাজেটে State Government direct যেটা করেছে সেটা হ'ল ১,০১,৫০,০০০ টাকা তারপর ২৮ এবং ৫ লক্ষ এসব মিলে ১ কোটি ৩৪ লক্ষ ৫০ হাজার।

[4-4-10 p.m.]

Advance through Co-operative হল ১ কোটি ২৫ লক, Reserve Bank মারফ্ Crop Loan দিয়েছেন ২ কোটি ২৫ লক্ষ টাকা-সব মিলিয়ে দাঁড়াবে ৪ কোটি ৮৪ লক্ষ ৫০ হাজার। মোটাম্বটি যে হিসাব আছে তাতে আমাদের যে লোক সংখ্যা এবং প্রকৃতপক্ষে যা পাওয়া উচিত সেটা হচ্ছে ৫০ কোটি টাকা loan সেই অনুপাতে িহুসাব করলে দেখবো ১০% বেশী সরকাব দিচ্ছেন না। সমুহত খাত মিলিয়ে যা দেখতে পাছি এ প্র্যুন্ত Rural credit-এর বিভিন্ন খাতে সরকার loan দেবার ব্যবুন্থা করেছেন। Loan distribution-এর ক্ষেত্রে একবার বিবেচনা করে দেখুন। যে সময়ে লোকের কাছে পে'ছৈ দেওয়া দরকার এবং যে বিশ্বস্ত machinery মারফং গরীব মানুষের কাছে পেণছে দেওয়া দবকার সেদিকে দৃষ্টি কোন সময়ে থাকে না। আমি জানি না এ ব্যাপারটা ডাঃ রায়ের নজরে আছে কিনা। আমরা বার বার বলেছি যে বাহতব অবহথার সংগ্র সংগতি বেথে সাধারণ মান্তবের কাছে লোন ঠিকমত ঠিক সময়ে পেণছয় না। আর distribution এমন লোকের মারফং হয় যে যারা অভাবগ্রন্থত – যারা লোন পেলে fertilizer-ই বলান আর Agricultural Loan-ই বলান ্যাদের যে সময়ে পাওয়া দরকার তারা তা পায় না যেহেতু Loan সময়মত ঠিকভাবে বিতরিত ২য না। আর দেখা যায় যাদের লোনের প্রয়োজন নাই কিংবা বাস্তবিক কম প্রয়োজন আছে তারাই সেটা পায়। ফলে এই লোন চাষীর উৎপাদনে কোন সাহায্য করে না। এমনও প্রমাণ পাওয়া গেছে, এমনও দেখা গেছে fertilizer কৃষককে বিতরণ করার নাম করে Distribution Agency ারফংই সেগ্রাল বাজারে চলে গেছে এবং চাষীর কাছে না থেকে প্রকাশ্য বাজারে বিক্রী হচ্ছে, চোরা-নাজারে বিক্রী হচ্ছে। এ থেকে একটা বড় মুনাফার বন্দোবস্ত হয়। আমি জানি না এগুলি protection দেবার বাবস্থা আছে কিনা—সেটা ডাঃ রায়ই বলনে। তারপর বাজেটে দেখতে পাচ্ছি ক্রমশঃই এই টাকার পরিমাণ কমে যাছে। ১৯৬০-৬১ সালের বাজেটে দেখছি ৫০ লক্ষ টাকা. Revised Budget-এ হল ৪০ লক্ষ টাকা-এর কারণ কি? একদিকে বলছেন Loan বেশী বেশী দিচ্ছেন, প্রয়োজন মেটাবার চেষ্টা করছেন, কার্যক্ষেত্রে টাকার পরিমাণ কমছে—এর কারণ কি?

তারপর Cattle purchase Loan দেখি ১৯৬০-৬১ সালে ২৮ লক্ষ্ক, revised বাজেটে ২৮ লক্ষ্ক—এ ব্যাপার কি? তাহলে কি লোকের অবস্থা একটা জায়গায়ই দাঁড়িয়ে আছে? বাসতব অবস্থা, যেটা বার বার বলেছি, প্রয়োজন যেখানে মানুষের বেশা, বিভিন্ন খাতের আলোচনায় এটা শ্বাকারও করেছেন অথচ Loan-এর পরিমাণ না বাড়িয়ে, লোকসংখ্যা বৃদ্ধি সত্তে—একই জায়গায় বিমেছে—এ অবস্থা কেন? সেজন্য এটা বৃদ্ধি করা হবে কিনা ডাঃ রায়ের কাছে জানতে চাই। আর Embankment খাতে বাঁধটাধ হওয়ার কথা। এখানে দেখছি ১৯৬০-৬১ সালে ৫০% কমে গেল। এটা বৃধতে পারি না য়ে, একদিকে বলছেন protection দেবেন, চাষীকে রক্ষা করার বাবস্থা করবেন। অন্য দিকে যে টাকা যা একান্ত প্রয়োজন তা পাওয়া যায় না। সে দিক থেকে কেন তা 50 per cent কমিয়ে দেওয়া হল তা বৃধতে পারি না। এবং এই সমস্যার মূল আমার মনে হয় সম্পূর্ণ rural credit-কে য়ে বাসতব দৃষ্টিভগ্গী থেকে দেখা উচিত তা দেখা বা না। প্রকৃতপক্ষে যাদের loan দরকার, এবং সে amount distribution-এর বাপারে সময়মত পেণছৈ দেবার যে প্রশ্ন কোনটাতেই বাস্তব দৃষ্টিভগাী না থাকার ফলে অবস্থা

আরো খারাপ হচ্ছে। সেইজন্য এই ব্যাপারের পরিবর্তন করা নিশ্চর্য়ই দরকার নইলে প্রকৃতপক্ষে এই বাজেটের কোন অর্থ হয় না।

Shri Narayan Chobey:

মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে Electricity Board সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। সোভাগ্যের বিষয়, আপনারা বলেছিলেন বাংলাদেশের গ্রামাণ্ডলে বিদাং পেণছে দিয়ে আমাদের গ্রামে গ্রামে অন্ধকার দূরে করবেন এবং ছোট ছোট industries খুলে বাংলাদেশকে প্রনজীবিত করবেন। কিন্তু কার্যতঃ সে শিল্প গ্রামে গ্রামে গড়ে উঠে নি। আর এই বোর্ডের পাল্লায় পড়ে বাংলাদেশের Matric. পাশ, I. A. ফেল করা ছেলে তাদের muster roll staff-এর মধ্যে রেখে দিয়ে কি অবস্থা করেছেন দেখা যাক। আমাদের এই বোর্ডে ২} হাজার muster roll staff আছে। তাদের দৈনিক বেতন হচ্ছে ২ু টাকা। যারা পাথর ভাঙেগ, মাটি কাটে, তাদের জন্য কলকাতায় বেতন হচ্ছে ২৮০. আর আমাদের এখানকার কর্মকর্তারা বেতন ঠিক করলেন দৈনিক ২ টাকা। তাদের কোন ছুটি নেই একমাত্র ২৬শে জানুয়ারী ও ১৫ই আগস্ট ছাড়া। অস্মুখ হলে ছ্রটি নিতে পারে না, ছ্রটি নিলে তাদের মাইনে কাটা যায়। এবং অধিকাংশ লোককে দরে দরে জায়গায় নিয়োগ করা হয়। শুধু তাই নয়, য়েহেত Electricity Act-এ আছে তাদেব electricity নিয়ে কাজ করতে হবে সেইজন্য কাজ করার ফলে তাদের যদি কোন accident হয় তাহলে তার জন্য তাদের কোন compensation দেওয়া হয় না। আমি দাবী করবো যে এর বিচার করা হোক। তাদের কাউকে permanent করা হয় নি। তাদের চাকরীতে একটা গ্যাডাকল করে রাখা হয়েছে। তাদের permanent করা হোক এই দাবী আমি এই House-এর সামনে করতে চাই। তারপর এই Muster roll staff-এর সঙ্গে কেমন ব্যবহার করা হয় বলছি। এর construction-এর কাজ সারা বাংলাদেশ জনতে হচ্ছে, তাদের এক ঘণ্টার notice দিয়ে transfer করা হয়। এবং তাদের একমাত্র train ভাড়া ছাড়া আর কিছু দেওয়া হয় না। এমনকি অনেক সময় তারা রাল্লা ভাতও খেয়ে যেতে পারে না। আমি দাবী করবো তাদের সঙ্গে মানুষের মত ব্যবহার করা হোক। এই বোর্ডে অনেক বড় বড় লোক আছেন, ভারতরত্ন আছেন, তাঁরা দেশের মানুষের সংগ্র ভদু ব্যবহার করবেন এটাই আশা করা যায়। তারপর আসুন দেখা যাক. পিয়ন, দারোয়ান, Night guard ইত্যাদি যারা আছে তাদের ২০ থেকে ২৫ টাকা মাইনে এবং ৪ বংসরে ১ টাকা increment । এটা কি কোন সভ্য দেশের মানুষের বেতন হইতে পারে? এইগ্রলির প্রতি দৃণ্টি দেবেন। তাছাড়া গ্রীষ্ম, বর্ষা, শীতকালে তাদের পাহারা দিতে হয় লক্ষ লক্ষ টাকার জিনিষ, অথচ তাদের এর জন্য কোন পোষাক দেওয়া হয় না, কোন রকম rain coat বা over coat দেওয়া হয় না। আমি দাবী করবো যে এদের এইগর্নল দেওয়া হোক। এর পর আর এক ধরণের staff আছে তাদের বলে cashier। তারা cash নিয়ে নাড়াচাড়া করে। তাদের অনেক সময় মাসে ৪।৫ লক্ষ টাকা নিয়ে কাজ করতে হয়। তাদের বেতন দেওয়া হয় ৫৫, থেকে ১৩০ টাকা এবং তারা ৫ টাকা একটা special allowance পায়।

[4-10-4-20 p.m.]

অথচ এর জন্য তাদের দৃই হাজার টাকা security money জমা দিতে হয়। তাদের কোন promotion নাই। Bengal Govt -এর অন্যান্য পারিপাশ্বিক dept.-এ বেতন কত? Chief Inspector of Boiler-এর অফিসে ১৩০, —১৫০, Govt. Press-এ ১৩০,—১৮০, Presidency College-এ ১১০,—১৫০, Howrah Improvement Trust-এ ১৫০,—২৫০, এই বোর্ডের মধ্যে যাঁরা আছেন তাঁদের সম্বশ্ধে কেন অবিচার হবে আমি জানতে চাই। এই বোর্ডের মধ্যে, Selection Committee-র মধ্যেম্কির রকম nepotism এবং coruption চলছে তাব কয়েকটা দৃষ্টান্ত এখানে উপস্থিত করতে চাই। গ্রীয়্তব্যানাজি বলে একজন Hd. clerk আছেন. কোথায় ঘ্য পাওয়া যায়, কোথা থেকে কি সংগ্রহ করা যায় এই করেই তিনি ঘ্রে বেড়ান। ১৯৫৮ সাল থেকে এখন পর্যন্ত বোর্ড একজন Senior-grade draftsman নিয়োগ করতে পারলেন না। বহুবার বিজ্ঞাপন দেওয়া হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কোন Senior grade draftsman

নিয়োগ করতে পারেন নি। শেষ পর্য কত যোগ্যতাসম্পন্ন না হওয়া সত্ত্বেও উমাপদ নাথকে নেওয়া হয়। ১৯৫৮ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত বোর্ড একজন Senior draftsman নিয়োগ করতে পারলেন না। আমাদের বাংলাদেশে কি senior draftsman হবার মতো যোগ্য লোব নাই ? তারপর, জগব-ধন্ ঘোষ, drafter, তিনি matriculate, trained নয়, তাঁর certificate ছিল না, ৫ বংসর সরকারী চাকরী করছেন। আরেকজন শ্রীঅনিল মুখার্জি, তারও certificate নাই, কিন্তু Superintending Engineer Mr. B. K. Dutt-র স্থেগ জানাশ্না থাকায় তাঁর promotion হয়ে গেল। বংশীধর পাল surveyor, তিনি grade III draftsman হয়ে গেলেন এবং একেবারে Rs. 70 increment পেয়ে গেলেন। এ রক্ম আরও উদাহরণ আছে। হারপর Recruitment Committee কিছ্ clerk recruit করার জন্য নোটিশ দিলেন, তার পরীক্ষার question leak out হয়ে গেল। তারপর অবশ্য তার enquiry হয়েছিল, কিন্তু Selection Committe-র বড় বড় অফিসারদের কোন শাস্তি দেওয়া হল না, শাস্তি দেওয়া হল অফিসে যাঁরা নিম্নপদে কাজ করেন। তারপ্র, stenographer নেবার জনা employment notice দেওয়া হল: বহু জায়গা থেকে. শিউড়ী, কল্যাণী প্রভৃতি জায়গা থেকে অনেক লোক এলেন কিল্ত after the examination is over প্রীক্ষা cancelled হয়ে গেল, বলা হল আবার examine করা হবে। Corruption and nepotism এভাবেই চলছে—এবং এইজনাই চলতে পারছে যেহেতু কোন service rules এখানে নাই। ৫।৬ বংসর হল Board হয়েছে, কিল্ড আজ পর্যন্ত কোন service rules হয় নি। Service rules হলে পর এগুলি হতে পারত না। আমি ডাঃ রায়ের কাছে দাবি করছি অবিলন্তে service rules তৈরী করা হোক। তারপ্র trade union-এর অধিকার আপনারা কেন স্বীকার করছেন না আমি জানতে চাই। আপনার। শ্রমিককল্যাণের অনেক কথা আমাদের শোনান, কিন্তু trade union-এর মাধ্যমেই যে সংঘবন্ধ আন্দোলনের ন্বারা শ্রমিককল্যাণ আসতে পারে গোডাকার এ কথাটাই আপনারা ভূলে যান। আপনারা আপনাদের মনোমত লোক দিয়ে trade union করতে চান। এখানে corruption and nepotism-এর আরেকটা উদাহরণ দিচ্ছ। B. K. Kundu, তিনি non-Matric., Head draftsman, proposal দেওয়া হল তাঁকে অবিলম্বে officer করে দেওয়া হোক ৩০০—৫০০ টাকা বেতনে। অথচ B. K. Kundu-র এমন কোন যোগাতা নাই যে. তাঁকে officer করে দেওয়া যায়ৢ— ঐ post-টা একজন engineer-এর B. K. Kundu-র কোন engineering qualification নাই। আমি এখানে জানতে চাই, M. K. Ghosh প্রমুখ কর্তাব্যক্তিরা B. K. Kundu-কে promotion দিয়ে অফিসার করে দেবার জনা এমন উঠে-পড়ে লেগে গেলেন কেন? যাই হোক, আমি আপনাদের কাছে আবেদন জানাচ্ছি trade union অধিকার স্বীকার করনে, তা না হলে শিল্পে শান্তি আসতে পারে না। আমি আরেকটা কথা বলেই শেষ করব। আমার একটা cut-motion আছে বোর্ডের বিভিন্ন দপ্তরে corruption সম্পর্কে। একটা উদাহরণ দিচ্ছি –দুর্গাপুরে there is a contractor Mr. S. K. Mitra,—তিনি যদি tender দেন, অন্য লোকের tender-এর সংগে তাঁর tender কেন খোলা হয় নাই এবং অন্য লোককে ডাকাও হয় না? আরো case আছে। তারপর electrification-এর ব্যাপারে সব জারগা সমানভাবে দেখা হয় না। আমি সেদিন দেখে এলাম খজাপুরে electrification-এর সমুদ্ত কাঞ্চ করে রাখা হয়েছে, post , pole ইত্যাদি সঠিক করা হয়ে গিয়েছে। কিন্তু সেখানে মিউনিসি-প্যালিটিও নাই, আপনি জানেন। অনেক জায়গা, সেখানে scope থাকা সত্ত্বে আজ পর্যন্ত electrification-এর কোন বাবস্থা করা হয়নি। আরেকটা কথা বলব electrification-এর ^{lıne} দেওয়ার ব্যাপারে কি রকম দুনীতি চলছে সে সম্পর্কে। দুর্গাপ্রুরের Divisional Engineer বলেছেন-চিত্তবাব কেমন করে line করিয়ে নিলেন, কিন্তু পয়সা দেন নি, এখন চিত্তবাব, বলছেন, by instalment দিয়ে দেবেন, বোর্ডের এই আইনও নাই—Acceptance of this request would be highly irregular and a departure from the normal procedure would be open to public criticism.

এই ব্যাপারে বোর্ড কি করেছেন আমাদের জানাবেন এই দাবি করি।

[4-20—4-30 p.m.]

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় দপীকার মহাশয়, মাননীয় মুখামন্ত্রী মহাশয় Loans and Advances খাতে যে বায় বরাদ্দ উত্থাপন করেছেন, সেই দাবী আমি সমর্থন করাছ। সেই দাবী সমর্থন করে State Electricity Board সন্দর্শেধ এখানে যে আলোচনা হয়েছে সেই সন্দর্শেধ আমি আমার বন্ধবা আপানার মাধ্যমে এখানে উপস্থিত করতে চাই। বিশদভাবে আলোচনার সময় থাকলে আমি বলতে পারতাম কিন্তু এখানে সেই সময় না থাকায় আমি শংধু জলটাকা project সন্দর্শেধ কিছু তথা আপনার সামনে রাখব। জলটাকা project সন্দর্শেধ এই হাউসে অনেকবার আলোচনা হয়েছে। মাননীয় সদস্য মনোরঞ্জন হাজরা মহাশয় এর আগের অধিবেশনে জলটাকা project করতে দেরী হ'ল কেন অভিযোগ করেছিলেন এবং এই হাউসে কতকগর্নল ভুল তথা সরবরাহ করেছিলেন। আমি তাঁর অবগতির জনা জানাতে চাই যে original project তৈরী হয়েছিল ১৯৫৫ সালে এবং detailed investigation বাদে topography hydrology etc. বলে তা 1958 জানুয়ারী মাস পর্যন্ত চলে।

Full Project Report প্রাণিং ক্যিশনের কাছে সাব্যিট হয় Oct , 1958-এ এবং প্রাণিং কমিশন শ্যাংসান দেন June, 1959-এ। কিন্তু June, 1959-এ শ্যাংসান দিলেও ভূটান গভর্ণমেণ্ট-এর য়্যাপ্রভালে পাওয়া যায়নি। ভটান গভর্ণমেণ্টের য়্যাপ্রভালে পাওয়া যায় middle of June, 1959. মাননীয় সদসা মনোরঞ্জনবাব, জলঢাকা প্রোজেক্টের কাজের হিসাব দিয়েছেন। কিন্তু সে তারিথ যে ভল সেটাই আমি বলতে চাই। ১৯৫৯ সালে ভূটান গভর্ণ-মেন্টের য়্যাপ্রভ্যাল পাবার পর থেকে ফাইনাল সার্ভে এবং অন্যান্য সার্ভে করে প্রপার স্কীম **নিয়ে ১৯৫৯ সালে**র ডিসেম্বর থেকে কাজ আরম্ভ হয়েছে। ১৯৫৯ সালের ডিসেম্বরে কাজ **আরম্ভ হলেও সে জায়গা অত্যন্ত দূর্গম জায়গা এবং সেই জায়গায় কাজ করা অত্যন্ত অস্কবিধা।** কিন্তু তাই বলে সেখানে যে কাজ হয়নি তা নয়--কাজ অনেক হয়েছে। এ সম্বন্ধে আমি একটা তথ্য দেব। শৈলবাব: যথন গিয়েছিলেন তারপর অনেক বেশী কাজ হয়েছে. এই ডিপার্টমেণ্টও বসে নেই। ওখানকার খবর আমি জানাচ্ছি যে Road up to Power House Unit No. 1, Chakmari Road with several bridges, road from Power House to Bindu যেটা nearing completion. ভাফ কলোনী সম্বন্ধে মনোরঞ্জনবাব বলেছেন। কিন্তু ভাফ কলোনী তো সেখানে tempoprary accommodation দেওয়া হয়েছে—সে জায়গায় প্রায় ৭৫ থেকে ৮০ ভাগ বাড়ী তৈরী হয়েছে এবং যেখানে পার্মানেন্ট কলোনী হয়েছে সেখানে 25%quarters construction হয়েছে এবং টাউন স্লানিং কর্মান্লটেড হয়ে গ্রেছে। তা ছাড়া হয়নি, কিন্তু আমি তাঁকে বলছি যে সেটা হয়েছে। Civil Engineering side, electric side এবং অন্যান্য সাইডের কথা বলতে গেলে বলব যে সেগুলো তৈরী হচ্ছে। আমি এইটুক জানাতে চাই যে ডিপার্টমেণ্ট অত্যন্ত বাধার মধ্যে দিয়ে সেখানে কাজ করছে। এবং আমি বোর্ড সম্বন্ধে দ্র-একটা তথ্য আপনার মাধ্যমে রাখতে চাই। এই বোর্ড যখন কাজ আরম্ভ করে তখন মাত্র ২৩টা Electrical supply undertaking West Bengal-এ ছিল। আজকে সেখানে এটা আমরা দেখছি ২০০ এবং ৩১. ৩. ৫৬ তারিথ থেকে যদি আমরা ৩১. ৩. ৬১ পর্যন্ত হিসাব ধরি তাহলে দেখা টাউন এবং ভিলেজে ইলেকট্রিফেকেশন যেখানে ১০২টা ছিল সেটা ৪১৪ হয়েছে। Capital expenditure যদি দেখি তাহলে দেখব প্রায় 1055 lakhs total capital expenditure-এর মধ্যে ৪৭০ লক্ষ ট্রকা শৃধু rural electrification-এ খ্রচ হয়েছে। এই কথা আমি হাউসের সামনে বলতে চাই আজকে বোর্ডের economy stable হয়েছে। Rural electrification সম্বন্ধে যদি আমাদের অভিজ্ঞতা থাকে তাহলে আমি বলব যে আজ গ্রামে সব electricity ছড়িয়ে দেওয়া হচ্ছে। কিন্তু আজও অনেক গ্রামে ইলেকট্রিক লাইন এখনও যায়নি। অথচ গ্রামাণ্ডলে যদি কৃঠির শিল্প গড়ে তুলতে হয় তাহলে তার জন্য rural

electrification essential. গভর্ণমেন্টের তরফ থেকে যে টাকা পাওয়া বায় তার ৪৪ ভাগ টাকা rural electrification-এর জন্য খরচ হয়।

এখন আমার বন্তব্য হচ্ছে যে, রুরাল ইলেক খ্রিফিকেসন দ্কীম-এর জন্য আরও টাকা ধার্য করার প্রয়োজনীয়তা আছে কারণ আমাদের টোটাল নাম্বার অব কন জিউমার্স যদি দেখি তাহলে দেখব যে ৩১. ৩. ৬০ তারিথ পর্যন্ত আমরা ৪০ হাজারেরও বেশী কন্জিউমার্স পেয়েছি। তারপর আমি মনে করি ব্যান্ডেল পাওয়ার স্টেশন, জলঢাকা স্কীম এবং রুরাল ইলেক্ ট্রিফিকেসন স্কীম কর্মাপলট করবার পর এই বোডের ইকোন্মিক কণ্ডিশন আরও বেটার হবে। স্যার, এই উপলক্ষে আমাদের কেন্দের মন্ত্রী গুলজারিলাল নন্দের অভিমত যে, রুরাল ইলেকট্রিফিকেসনের জন্য সাবসিডি পাওয়া উচিত। কিন্তু এই গভর্ণমেন্টের সামনে তা প্রস্তাব আকারে বারংবার বোর্ড রাখলেও এখনও পর্যন্ত তা স্বীকৃত হয়নি। কাজেই আমি সেণ্টাল গভর্গমেণ্টের কাছে বলব যে যদি তাঁরা রুরাল ইলেকিডিফিকেসনের জন্য এই টাকা সাবসিডি হিসেবে দেন এবং সেটা ইণ্টারেন্ট ফ্রি হয় তাহলে তাতে বোড'-এর ইকর্নামক কণ্ডিশন বেটার হবে। তারপর নারায়ণ চোবে এবং মনোরঞ্জন হাজরা মহাশয় যেভাবে বোডেরি দোয-চ্রাটর কথা বলে গালাগালি করে ণেলেন তাতে তাঁরা বাছিগত গালাগালির দিকেই গেছেন এবং আমি মনে করি এর দ্বারা তাঁরা শালীনতার পরিচয় দেন নি। মনোরঞ্জনবাব, বলেছেন যে তাঁর বাডীতে ইলেক্ট্রিক লাইন দেওয়া হর্যান। কিন্তু আমি আন এখন যেখান থেকে ইলেকট্রিক লাইন গিয়েছে সেখান থেকে তাঁর বাড়ী পর্যন্ত যেতে হাজার ফুটেরও বেশী লাইন টানতে হয়। কাজেই প্রথম কথা হোল পোলের অভাবে যায়নি এবং দ্বিতীয় কথা হোল তাঁকে এই হাজার ফটের জন্য অতিরিক্ত **সার্ভিস চার্জ** দিতে হবে। তবে তাঁর কাছ থেকে যদি এই অতিরিক্ত সার্ভিস চার্জ না নিয়ে তাঁকে ইলেকট্রিক কানেক সন দেওয়া হয় তাহলে আমি বলব তাঁকে ফেভার করা হয়েছে।

[4-30—4-40 p.m.]

Shri Dhirendra Nath Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, এইখাতে আলোচনা করতে গিয়ে আমার বক্তবা হচ্ছে সরকারের এই মহাজনী খাতে যে ৯ কোটি ৩৬ লক্ষ ২৭ হাজার টাকা খরচ হবে তাতে আাডভান্সেস, ট্র কাল্টিভেটর্স এই হেড-এ দেখছি ১ কোটি ১ লক্ষ ৫০ হাজার টাকা খরচ হনে, অথচ চলতি বছরে সেটা ছিল ১ কোটি ৬৪ লক্ষ ৩২ই হাজার টাকা- অর্থাৎ এই বছরের জন্য কম করে ধবা হয়েছে। কিন্তু স্যার, এটা আর্পান নিশ্চয়ই স্বীকার করবেন যে, এই সমস্ত কুষকরা <mark>যথন খাদ্য</mark> এবং কাঁচামাল উৎপন্ন করে দেশের খাদাাভাব দূরে করে তথন তাদের দিকে বেশী করে নজর পেওয়া উচিত। তবে চলতি বছরে ১ কোটি ৩২ লক্ষ ৫০ হাজার টাকা খরচ করার **ফলে যে** ার্ডাত ফসল উৎপন্ন হয়েছে তাতে যদিও সরকাব এটা তাঁদের কৃতিক্বের পরিচয় বলে মনে করছেন, কিন্তু তাঁদের মনে রাখা উচিত যে এবারে তারা ৭২ লক্ষ টাকা কৃষি ঋণ হিসেবে দিতে পারেন নি। শ্বুধ্ব তাই নয়, কৃষক হয়ত একটা আঁচ পেয়ে বেশী ফসল ফলাবার জন্য চেণ্টা করত, **কিন্তু সে** বিষয়ও সরকারের গাফিলতি দেখা গেছে। আমরা ক্যকদের আর্থিক অবস্থা জানি। তাদের হালের গর্বর খোরাক, বীজ, সার প্রভৃতির জন্য আন্দোলন করতে হয়। তারা যথন সরকারের কাছ থেকে যথেষ্ট সাহায্য পায় না তখন তাদের মহাজনদের কাছ থেকে টাকা নিতে হয় যে মহাজনদের সরকার জিগিয়ে রেখেছেন। কৃষি খাতে তাঁরা যে ঋণ দেন সেটা এমন লোকে কোছে িগয়ে পড়ে যারা এই সরকারের অল্প সাদের টাকাটা নিয়ে কৃষকদের কা**ছে বেশী সাদে থাটিয়ে** নেয়। কৃষকদের স্বাবলম্বী করবার জন্য দরাজ হাতে সরকারের এগিয়ে আসা দরকার। কিন্তু সেদিকে সরকারের নজর কম। গত বছর ক্র্যকদের সাহায্য দেবার জন্য সরকার যে দেড় কোটি টাকা খরচ করেছেন তাতে যদি ফসল বেশী হয়ে থাকে তাহলে এ বছরে ঠিক সেই অনুপাতে ফসল বাড়াবার জন্য সেই অনুপাতে ঋণ দেওয়ার ব্যবস্থা করতে পারতেন এবং কৃষকদের ঋণ দিলে সরকারের তাতে বিপদ কম থাকে, কেন-না ঋণ চাওয়ার সঙ্গে সঙ্গে কৃষকরা সস্কুদে সেটা ফেরং দিতে পারে। আমি গ্রামাণ্ডল ঘ্রের দেখেছি যে কৃষকরা সরকারের কাছ থেকে ঋণ না পেলে কোটি কাটি টাকা মহাজনদের পিছনে বায় করতে বাধ্য হয় এবং ঘটি-বাটি, জমি-জমা বন্ধক দিয়ে এমন কি ধানের জমি খাই-খালাসী বন্দোবদত দিয়ে যাকে বলে কোট-কবলা করে দিয়ে তারা বাঁচবার চেন্টা করে, ফসল বাড়াতে চেন্টা করে। সেজন্য আমাদের দেশে বেশী ফসল হয়েছে। সরকারের স্কুনাম হয়েছে বেশী উৎপাদন বলে সেই স্কুনামের পিছনে আছে আছে কৃষকদের পরিশ্রম। কিন্তু তাদের ফসল বাড়াবার জন্য যে আয়োজন দরকার—যেমন কৃষি ঋণ, সার, বীজ, গর্কনার ঋণ, সেদিকে দেখি সরকারের নীতি পরিবর্তিত হয়নি। গর্ কেনার জন্য সরকার ও বছরে ১৯৫৯-৬০ সালে ঋণ দিয়েছেন ২৫ লক্ষ এ৫ হাজার, ১৯৬০-৬১ সালে দিয়েছেন ২৮ লক্ষ এবং এবারেও দিয়েছেন ২৮ লক্ষ টাকা। তাঁদের নীতি পরিবর্তন হয়নি। তাও আবার ১৪/১৫ ভাগ হবে—হলক্ষের মতও পড়ে না। ফলে যখন গো-ঋণ দেওয়া যায় তখন দেখা যায় ৭৫ টাকা থেকে ১০০ টাকার বেশী একজন কৃষক গর্ কেনার জন্য পায় না। যারা সত্য সত্যই মাটি খ্রুড়ে ফসল ফলায় তারা ঐ ৫০/১০০ টাকায় স্কুখ-সবল জোড়া বলদ করতে পারে না— ঐ সক্রখ সবল জোড়া বলদ যাঁরা কংগ্রেসী সভা আছেন তাঁদের বাডীতে হয়।

তারপর সারের ব্যাপারে দেখা যায় সরকার সারের জন্য ৪০ লক্ষ টাকা ধরেছেন। গত বাজেটে ৫০ লক্ষ টাকা ধরা হয়েছিল, রিভাইজড় বাজেটে আবার দেখতে পাওয়া যাচ্ছে বিশ লক্ষ টাকা হয়ে গেছে। সারের সম্পর্কে সরকার মন্তব। করেছেন যে কৃষকরা মন্থি, তারা সারের উপযুক্ত বাবহার জানে না, এজন্য সরকার কৃষককে ধিক্কার দেন। অথচ দেখা যায় সারের জন্য যে টাকা সরকার খরচ করবেন বলে বলেছিলেন রিভাইজড় বাজেটে দেখা যাচ্ছে তা থেকে ২০ লক্ষ টাকা খরচ করতে পারেন নি, অর্থাৎ তা কৃষকদের হাতে পেণছে দিতে পারেন নি।

স্যার, আগে সরকার কৃষকদের হাতে সার পেণছে দিতেন কিন্ত এখন তাঁরা সারের বদলে কুষকদের টাকা দিচ্ছেন এবং তাদের বাধ্য করাচ্ছেন সরকারের যাঁরা এজেন্ট তাঁদের কাছে যাওয়ার জন্য। ফলে দেখা যায় যখন কুষকদের প্রয়োজন হয় তখন কুষকরা সার পায় না। সরকারের ঘাঁরা এজেপ্ট মনোপলিণ্ট তাঁরা কৃষকদের সার না দিয়ে সেই সার অন্য কাউকে দিয়ে দেন। হয়ত দেখা যাবে দার্জিলিং, জলপাইগর্নাডর টি-গাডেনে সেই সার বিক্রি হচ্ছে, কৃষকদের স্বার্থে সেই সার বিক্রি হয় না। এই নজীর আমার়৹কাছে আছে যে পশ্চিম দিনাজপুর, মালদহ, জলপাই-গ্রুড়িতে পাট চাষ বা ধান চাষের জন্য যে সার দেয়া হচ্ছে সেই সার চলে যাচ্ছে চা-বাগানে। এইভাবে সরকারের নীতি চলেছে। মাননীয় স্পাকার মহোদয়, শিল্পে যে সমস্ত জিনিস হয়, তার বিগেষ্ট কন্জিউমার এই কৃষকরা—এই কৃষকরা যদি সর্বহারা হয়ে যায়, তারা যদি তাদের न्याया भग्नमा, न्याया माराया मत्रकारतत काष्ट्र थ्यक ना भाग्न जारल এই मत्रकातरक कन्यागत्रजी সরকার বলা যায় না। কাজেই মাননীয় স্পীকার মহোদয়, আমি বলি সরকারের কুযি-ঋণ দেয়ায় যে পর্ম্বতি সেই পর্ম্বতির আমূল পরিবর্তান হওয়া প্রয়োজন। ক্রফদের চৈত্র-বৈশাথের মধ্যে স্বলপমেয়াদী ও দীঘ্রমেয়াদী ঋণ দেওয়া দরকার যাতে ক্ষকরা গ্রাম। হাজারদের কাছে না গিয়ে সরকারের কাছ থেকে ঋণ করে বংসরান্তে ভারা সেটা শো3 দিতে পারে। এই সিকিউরিটি থাকা সত্ত্বেও সরকার কৃষকদের সাহায্য করতে এগিয়ে আসছেন না। সতেরাং সরকারের এই দর্বেল নীতিকে আমরা সমর্থন করতে পারি না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, there are two items on which our friends have concentrated their criticism. First of all, I want to make it clear that the Electricity Board is fairly autonomous in its operations, but whatever opinion members have expressed will naturally be considered seriously by the members of the Electricity Board.

Shri Monoranjan Hazra has raised a point regarding Kuljian Corporation. As far as I know that Corporation first came to our notice when they were the consultants for the Bokaro Power Station. Since then they have been given the consulting work of the Power Station for the D.V.C. in Durgapur—for the power station which we are extending

in Durgapur. They have also recently got the work of consultants for Gujrat Thermal Plant. I have carefully noticed the rates which we have given them as commission which are much lower than they charge. The rates, naturally, will depend upon the amount of work that the consulting company has to do, i.e. whether they lay down designs—they will take up the tender—consider the tender—select the tenderer, and also look after the construction of the plant. It all depends upon to what extent the authority is give... to the Corporation to do the work and the amount of remuneration will naturally depend on the amount of work that is done. I am satisfied, they are not being paid anything higher.

[4-40—4-50 p.m.]

As regards the Development Loan Fund, on which we are depending for the purpose of meeting the expanditure for the Bandel Thermal Plant, it is a Fund given to the Government of India for allocating to different projects in India. But whatever the projects are given the allocations, they have got to satisfy the Planning Commission and the respective Departments of the Government before they are included by the Economic Division of the Finance Minstry of the Government of India. I am glad to say that the Finance Ministry of the Government of India have accepted our proposal to have the Bandel Thermal station included in the D.L.F. Shri Monoranjan Hazra said that we have done this in order to supply our current to D.V.C. and Electric Supply Corporation. This is not true because we do not want to have any particular arrangements with the D.V.C. But we decided to have our own Plants because we want to develop electric power in the State in our own way, particularly we want to see that our rural areas are provided with power more liberally than now.

Sir with regard to Jaldhaka Hydro-Electric Project, Shri Ananda Gopal Mukhopadhyay has already given details and I do not want to give further. I understand that the Plant will be completed in 1963 and the current will be available in 1964.

Sir, with regard to the question that has been raised about the Deputy Minister, Shri Chittaranjan Roy, I made enquiries of the Electricity Board and find that his current Bill was not paid at Digha and it was sent here and Shri Chittaranjan Roy paid the bill here in the Electricity Board and asked the Electricity Board to give him option for his rooms on the hire-purchase system, a system which is in vogue not merely for one individual but for all individuals who apply for it.

With regard to Shri Monoranjan Hazra's suggestions that all the engineers are in Calcutta, the facts are that 9 Divisional Engineers are outside Calcutta, two Superintending Engineers are staying outside Calcutta and the Deputy Chief Engineer of Jaldhaka Project has also gone there. It took a little time to go there because, as Shri Ananda

Gopal Mukhopadhyay has already told you it took a little time before the actual project was completed.

Sir, with regard to the question of rates about which Shri Haridas Mitra was enquiring. I may mention to him that it is unfair to have the rates charged by the Electricity Board compared with the rates charged by the Calcutta Electric Supply Corporation. For this reason that, in the first place, the rates charged by the Calcutta Electric Supply Corporation are lower because the load factor there is high. During day time as well as in the night the load factor there goes up to 90 to 95 per cent and greater the load factor the greater is the return and, therefore, it is easier for them to lower the rates at which current can be supplied. Whereas, if we supply current in village areas we have got to take current for long distances and usually in a village area some current may be taken over by small industries, some current used for lighting purposes. But for the rest of the day practically no current is used. Secondly, the longer the stretch of transmission line that is to be put in for the purpose of carrying electricity the greater is bound to be the amount of actual costs of the generation of that electric power. In Calcutta the Calcutta Electric Supply Corporation have got an advantage that their main consumers are within a located area and they have not got to take transmission lines for miles before they can be supplied to consumers. That makes a great deal of difference in so far as the rates are concerned. We are satisfied that it is not our purpose to try and get a very huge sum from the supply of electricity. As a matter of fact we have issued a notification with special low tariff for small-scale industries in the village areas and for irrigation and agricultural purposes. For small-scale and cottage industries we have reduced the rate at 2 annas per unit for irrigation and for agriculture 1.5 annas per unit Apart from that if there is a small industry which has got not more than 10 horse power plant for use in that industry or whose total capital is not more than Rs. 10,000, there is a rebate given to the bill. All these are given for the purpose of improving the supply of electricity for small-scale industries in the village areas and to induce the villagers to use electricity in larger quantity, but it is not possible to go beyond a certain limit.

With regard to the question of the salary and the rates that are paid to the wage-earners I may say at once that the Electric Supply Corporation, as I told the Administrator, should follow the chart of rates that is followed by the Government. As a matter of fact, we in the Government are now considering the rates for the Class IV employees, particularly, and this matter is being considered by the Wage Committee When the Wage Committee will submit its report, it would be desirable that the Board should also follow suit and raise their wages.

With regard to the question of workcharged employees being made permanent, this is not a matter which only concerns the State Electricity Board. This thing happens practically in every work that is being undertaken by the Government for any particular purpose, whether it

is mechanical engineering, or civil engineering, or electrical engineering, or any other engineering. There is a particular project called Jaldhaka project, for instance. An estimate has been prepared for the project—the total number of people that will be required and the total number of hours that they will have to work. We draw up a project on the basis of that, and as soon as the work is finished, some individuals who have been appointed for that particular work ordinarily have to give up their connection with that work, but it is expected, and it does happen, that they will be taken into any other work which may be taken up afterwards. Sir, the very word 'workcharged' means the charge, the wage for that particular individual is attached to the work and to make him permanent means a liability which is to be carried by the organisation and which it may not be possible for them always to carry easily.

With regard to the charges of corruption, etc., I find that the arrangements for appointments to the regular establishment are made through Selection Committee. No. 1 is presided over by the Chairman of the Board and No. 2 by a retired Member of the West Bengal Public Service Commission. There are also officials and non-officials in the committee. Similarly with regard to purchases the same thig happens. There is a committee appointed for the purpose. It is true that they have not yet completed their service rules. I have told the Administrator that they should prepare their service rules as early as possible.

[4-50—5 p.m.]

I shall now go over to the other subject which has been discussed round the table, namely, the question of loans to the agriculturists. There is no doubt whatsoever that the agriculturists generally are in a difficult position and everybody has got sympathy for them-sympathy which is temporary or purposeful sympathy or sympathy for the real condition of the agriculturists themselves. Ordinarily we give loans for the agricultural relief. There are two forms of loans—one is agriculturists' loan under Agriculturists' Loan Act of 1884 and the other is Artisans' loans. The present policy is that normally agricultural operations are financed under crop loan scheme administered by the Cooperation Department while agriculturists' loan is given under the Agriculturists' Loan Act of 1884 and the loans are issued for relief of genuine distress. The cattle purchase loans are issued by the Agriculture Department while agriculturists loans for relief of distress are sanctioned by the Relief Department. In all relief operations by far the heaviest item of expenditure is agricultural loans. For at all stages of distress agricultural loans are a potent factor in stimulating conditions necessary for normal conditions to be brought back. It is not possible obviously to give loans to every agriculturists but the loans are distributed judiciously only to those who deserve under the Loans Act. When agricultural loans are issued in paddy the District Officers are authorised to issue loans upto 45 maunds in case of loans issued under ordinary rules and 9 maunds per member when the loans are given to group under distress. The value of paddy lent is calculated at the prevailing market price of paddy on the date of loan together with the value of container at -|12|- each. Under ordinary rules the Collectors and the Subdivisional Officers are competent to grant loans upto Rs. 1,000 and 750|- respectively. Loans exceeding Rs. 1,000 require the sanction of the Commissioner, while loans exceeding Rs. 3,000 |- require the sanction of Government but for relief of distress agricultural loans mostly due under special rule under the Act are given only on joint bond system to groups of co-villagers upto a ceiling of Rs. 600|per group, subject to the condition that the actual loan issued to any member of the group is not more than Rs. 50|-. No written applications either from a group or its individual members are necessary and detailed enquiries are not made as to the circumstances of the borrowers. When the period of distress is prolonged a second loan may be given if nccessary to anyone who has already received a loan provided personal security of the group is found satisfactory. Only deeds hypothecating lands have to be registered. Bonds are exempted from stamp duty. The loans are distributed by the executive officers employed in districts. The rules also provide for distribution through non-official agents. Loans are required to be distributed ordinarily in villages. Interest charged on these loan is 64 p.c. per annum and the loans are repayable within 1 or 2 years but for special reasons longer period may be given with the sanction of the Commissioner. The dates and periods for repayment are fixed by Collectors. The dates of repayment are in all cases fixed with the due regard to the dates of harvesting of principal crops; when the liability is joint and several, every attempt is made to realise from each individual the amount due from him and the joint liability is enforced only as a last resort and is even then apportioned as fairly as possible. Recovery is made through the Board of Revenue, West Bengal. Powers are already handed over to District Officers to grant remission of payment of instalment of loans either by a general order relating to a specific area on account of the failure of crop or any other exceptional calamity or by a special order on account of circumstances beyond the control of the individual borrower. The District Officers are also instructed to exercise their powers when ever and wherever necessary for relief of distress in the light of local condition. Under the rules remission of a loan may be sanctioned where recovery of the loan in full would occasion serious hardship. The Collection may grant remission upto Rs. 25 and the Commissioner upto Rs. 200 -. Remission above these limits requires Government sanction. Certificate procedure is not adopted. As a matter of course certificate are filed to save limitation as also to ensure recovery of debts from recalcitrant loanees who have otherwise capacity to pay. In view of the distress still prevailing in some areas of the State specific instructions are being issued by the Board of Revenue for realisation of loans out of funds provided by this department.

For example, agricultural loans for relief of distress and artisans' loans. The District Officers have instructions that loans should be given neither too long before they can be used nor too long after the opportune moment when their utility will be impaired, if not destroyed altogether. The allotments sanctioned for distribution of agricultural loans in Darjeeling district, which has been referred to specifically, vary from Rs. 1 lakh 32 thousand, Rs. 1 lakh 90 thousand to Rs. 2 lakhs 50 thousand.

The Artisans' Loans are intended to be issued mainly in the form of raw materials, tools, implements, etc. for rehabilitation of artisans. Under the scheme, loans may be given up to Rs. 100 per family, but, in exceptional cases, they may be increased to Rs. 200 per family. Interest is $6\frac{1}{4}$ % per annum and the loan is repayable in equal annual instalments not exceeding four in number. For short-term loans, the Collectors fix suitable dates of repayment. Loan bonds are exempted from stamp duty. When loans up to Rs. 60 or up to Rs. 100 in special cases are issued on joint bond on the personal security of borrowers alone, the loan bonds are not required to be registered. During the year 1960-61 a total sum of Rs. 1,21,43,000 has been allotted for agricultural loans against the provision of Rs. 59 lakhs in the budget and a total sum of Rs. 3,87,000 has been allotted for artisans' loans against the provision of Rs. 6,50,000 in the budget.

Shri Dasarahi Tah: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Bhandari: I move that the demand of Rs 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: I move that the demand of Rs 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-To-operation" be reduced by Rs. 100.

Dr. Brindabon Behari Bose: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced by Rs. 100.

Shri Chitto Basu: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced by Rs. 100.

Shri Gobinda Charan Majhi: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-To-operation" be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: I move that the demand of Rs. 67,62,000 or expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be educed by Rs. 100.

Shri Shaikh Abdulla Farooquie: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-To-operation" be reduced by Rs. 100.

Shri Sisir Kumar Das: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced by Rs. 100.

Shri Basanta Lal Chatterjee: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced to Re. 1.

Shri Jatindra Chandra Chakravorty: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced to Re. 1.

Shri Sunil Das: I move that the demand of Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42-Co-operation" be reduced to Re. 1.

Shri Phakir Chandra Ray: I move that the demand $_0$ Rs. 67,62,000 for expenditure under Grant No. 26, Major Head "42 Co-operation" be reduced to Re. 1.

মাননীয় স্পীকার মহাশয়, গ্রামাণ্ডলে সামাজিব Shri Bijoy Krishna Modak: অর্পনৈতিক রূপান্তরে সমবায় সমিতিগুলি এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে এই হচ্ছে সং কারের বিঘোষিত নীতি। বিশেষত নাগপত্রর কংগ্রেসের পর থেকে এই সম্পর্কে সরকারের নী বহুলভাবে প্রচারিত হয়েছে। এবং সেইজনা আমরা দেখতে পাচ্ছি প্রাানিং কমিশন তৃতীয় প্র বার্ষিকী পরিকল্পনায় সমস্ত গ্রামাণ্ডলের পরিবারকে এই সমবায়ের অন্তর্ভন্তি করবার পরিকল্পন গ্রহণ করেছেন। আমি ব্যক্তিগতভাবে বলতে পারি যে, গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে এবং প্রতি ফোগিতার মধ্যে সমবায় প্রথা কতথানি সফলকাম হবে--এই বিষয়ে যথেণ্ট সন্দেহ আছে। কিন তা সত্তেও আমি মনে করি সমাজের মধ্যে প্রতিযোগিতার ক্ষেত্র থাকলেও বর্তমানে গরীব জন সাধারণের যে দুঃস্থ অবস্থা সেথানে সমবায় প্রথা যদি শক্তিশালী হয় এবং কার্যকরী হয় তাহত গ্রামাণ্ডলের মানুষকে বাঁচান যেতে পারে। এবং এই দিক থেকে সমবায় প্রথার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। গ্রামাণ্ডলের সামাজিক এবং অর্থনৈতিক অবর্ম্থার উন্নতি করতে হলে সম্বা প্রথাই হচ্ছে মূলে ভিত্তি বলে আমি মনে করি। এবং এই বাজেটের মধ্যে আমি নিশ্চিন্তভা দেখতে পাই সরকারের সেই বিঘোষিত নীতি সার্থক করার পথে সরকার কতখানি এগিয়ে চলেছে-সেটাই আমার প্রশন। আমি মনে করি, সরকার এই বিষয়ে যথেষ্ট সফলতা লাভ করতে পার না। এবং সরকার এবং সরকার পক্ষের বক্ততায় যতই তথ্য দিয়ে আমাদের বাঝাবার চেষ্টা ক হউক তা যে কাগজ-কলমে থেকে যাচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। একথা আমি বলত পা যে, সারা ভারতবর্ষের মধ্যে এই পশ্চিমবাংলা সমবায় সম্বন্ধে সবচেয়ে দুর্বল, এবং সমবায় অবস্থ স্বাপেক্ষা মারাত্মকভাবে খারাপ। দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা সমবায়ের জন্য লোনে টার্গেট ছিল শূর্ট টার্ম লোন ৬ কোটি টাকা আর মিডিয়াম টার্ম-এ ছিল ২ কোটি টাকা আর ল টার্ম-এ ছিল ১ কোটি টাকা। কিল্ড দ্বিতীয় পরিকল্পনার শেষে আমরা দেখতে পাচ্ছি টার্গেট-এ অর্ধেক পে'ছিতে পারিনি। সেই জন্য পশ্চিমবঙ্গের সমবায়গর্ত্বলর অবস্থা আজ অতান শোচনীয়।

[5-20-5-30 p.m.]

ভারতবর্ষের অন্যান্য প্রদেশের সংগ্র যদি তুলনা করা যায় তাহলে নীচের ফিগার থে বোঝা যাবে যে আমাদের সমবায়গুলির অবস্থা কতথানি শোচনীয়। সভ্য-পিছ্ব এবং সমবায় পিছ্ব ওয়ার্কিং ক্যাপিটেল-এর একটা হিসাব দিছ্বি যা থেকে ব্রুক্তে পারবেন পশ্চিম বাংলা সমবায়গুলির অবস্থা কি। বন্বেতে ২০ হাজার ১৭৩, মহীশুরে ১৬ হাজার ৫৮১, অন্ধে ১ হাজার ৩৯, মধ্যপ্রদেশে ৬ হাজার ৭১০ এবং পশ্চিমবাংলায় ওয়ার্কিং ক্যাপিটেল সমবায়-পিছ্ ২ হাজার ২৮০ টাকা। সভ্য-পিছ্ব বন্বেতে ২৫৪, মহীশুরে ১২৪, অন্ধে ১৪৫, মধ্যপ্রদেশে ১১৭ এবং পশ্চিমবাংলায় মান্ত ৬২। অন্যান্য প্রদেশে প্রতি ১০০ চাষী পরিবার-পিছ্ব খালেওয়ার পরিমাণ ১৯৫৬-৫৭ সালে বোন্বে ৪৩ হাজার ৯৮০, পর্বে পাঞ্চাবে ৩৯ হাজার ৬৮ নদশীয়ায় ৯৯৬। সমসত ভারতবর্ষে সমবায় সমিতিগুলির সর্বোচ্চ ধাপ রোচ ও পূর্বে খান্দেশ এব দব্দিন বাপ নদশীয়া জেলা—এখানে শতকরা ৮১টা সমবায় নিষ্কিয়। শেয়ার ক্যাপিটেলের দিথেকে কো-অপারেটিভগুলিতে সরকারী—বিশেষ করে পশ্চিমবঙ্গা সরকারের—কন্তিবিউশা অতান্ত শোচনীয়। বন্বেতে কোয়াপারেটিভগুলিতে সরকারী শেয়ার ক্যাপিটাল ৪ কো ১০ লক্ষ টাকা, পাঞ্চাবে ২ কোটি টাকা, মধ্য প্রদেশে ২ কোটি টাকা, অন্ধে ১ই কোটি টাক মাদ্রান্ধে ১ কোটি ৩৮ লক্ষ টাকা, সেখানে পশ্চিম বাংলায় মাত্র ১৯ লক্ষ টাকা। এই হণ্ড পশ্চিম বাংলা সরকারের কণ্ডিবিউশন যা দিয়ে তাঁরা কোয়পারেটিভগুলিকে সাহায়্য করছেন

অনা দিকে আমারা দেখি যে তৃতীয় স্ল্যানের মধ্যে তাঁদের টার্গেট ছিল স্মল সাইজড় ক্রেডিট সোসাইটি ২ হাজার ৭৫০, সেখানে দ্বিতীয় স্ল্যানে হয়েছে ৪৭৭; লার্জ সাইজড় ক্রেডিট স্মাসাইটির টার্গেট ছিল ১ হাজার, হয়েছে মাত্র ৫১৪। ১৯৫৯-৬০ সালে সার্ভিস কোয়াপারেটিভ ন্যাপটি ছিল ১ হাজার, হয়েছে মাত্র ৭৯২টি এবং ১৯৬০-৬১ সালে টার্গেট ৩ হাজার সেটা কত হবে জানি না। তারপর স্টেট এগ্রিকালচারাল ফান্ড বলে যে ফান্ড আছে এবং স্টেট ডে**ভলপমেন্ট** ফান্ড বলে যে ফান্ড আছে বস্তৃত পক্ষে কোন কিছু, খরচ সেখান থেকে হয়নি। প্রাকৃতিক বিপর্যায়, বন্যা, নানা কারণে লক্ষ লক্ষ কোয়াপারেটিভের অবস্থা আজ অত্যন্ত খারাপ অবস্থায় _{যাবে} তাদের এই সব ফাল্ড থেকে সাহায্য করা হবে। কিন্তু আশ্চর্যের কথা যে, ১৯৬০ সালে ব্যাপকভাবে বন্যা হল, কোয়াপারেটিভগুলির শ্বাহানির জন্য অবস্থা খারাপ হল, অথচ এই ফাল্ডগ্রনি থেকে কোয়াপারেটিভগ্নিলিকে সাহাযা দেওয়া হয়নি। ডেভালপমেণ্ট খাতে টাকা বরান্দ হয়েছে সে টাকাও প্রোপ্রবি খরচ হয় নি। ১৯৬০-৬১ সালের বাজেটে দেখতে পাচ্চি যে, রিভাইজড বাজেটেও সে টাকা খরচ হয় নি, সেণ্টাল কোয়াপারেটিভ ব্যাণ্কের ৫০ হাজার টাকা খরচ হয় নি: ক্রেডিট সোসাইটির ৩} লক্ষ টাকা তাঁরা খরচ করতে পারেন নি। এই সমস্ত সোসাইটিগুলির পরিচালনা পর্ম্বতি অতানত মারাত্মক। সার্ভিস কোয়াপারেটিভগুলির ক্ষেত্রেও দেখা যায় যে একই অবস্থা। স্ল্যানিং কমিশনও বলেছেন, কিন্তু প্রকৃতপক্ষে সাভিস কোয়াপারে-টিভ সম্পর্কে অনেক সন্দেহ উপস্থিত হয়েছে। বেটার ফার্মিং কোয়াপারেটিভ সমবায় দণ্ডরের ্রিসাবে বাংলা দেশে অতানত কম। দিবতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় স্ল্যানিং কমিশন গ্রহণ করেছিলেন যে সার্ভিস কোয়াপারেটিভ করবেন কিন্তু সেই সার্ভিস কোয়াপারেটিভ তাঁরা তৈরী করতে পারলেন না। সার্ভিস কোয়াপারেটিভগুলিকে যে সাহায্য নিয়ে তৈরী করবার তাঁরা চেষ্টা ক্রছেন—ততীয় পঞ্চবাধিকী পরিকল্পনায় তাঁরা সমগ্র পশ্চিমবঙ্গে সাভিসি কোয়াপারেটিভ করবেন—তাতে প্রত্যেক সার্ভিস কোয়াপারেটিভকে পাঁচ বছরে ১২০০ টাকা সাহায্য দেবার পবিকল্পনা নিয়েছেন।

এবং দেখতে পাচ্ছি সার্ভিস কো-অপারেটিভকে প্রথম বছরে ৪০০ দ্বিতীয় বছরে ৪০০, তৃতীয় বছরে ২০০, চতুর্থ বছরে ১০০ এবং পশুম বছরে ১০০ দিয়েছেন। তাহলে যেখানে আপনারা গ্রামাণ্ডলের কৃষক সম্প্রদায়কে তাদের চাহিদা অনুযায়ী সাহায্য করবার জন্য একান্ত চেণ্টা করবেন বলেছেন সেখানে এই ৪০০ টাকা দিয়ে কিভাবে কো-অপারেটিভ চলবে সেটা চিন্তা কর্ন। তবে আপনারা যাই কর্ন আমার মনে হয় এইভাবে যদি তাদের সাহায্য নিতে হয় তাহ*লে* সেখানে সার্ভিস কো-অপারেটিভ থাকতে পারবে না। তারপর প্রডিউসার্স কো-অপারেটিভ সম্বন্থে আমার বক্তব্য হচ্ছে যে এই সমবায় সমিতিগুলোকে কৃষি-সমবায়ের দিকে নিয়ে যেতে হবে। অবশ্য তিনি বলেছেন পশ্চিম বাংলায় ১৫০টি সমবায় সমিতি তৈরী **হয়েছে**, কিন্তু গতবারে আমি বলেছিলাম যে এই কো-অপারেটিভের কাজ মূলতঃ ১২টিতে সন্তোষজনক-ভাবে চলেছে এবং সরকারের যে নীতি সেই নীতির ফলে আমরা দেখতে পাচ্ছি যে এই এগ্রিকাল-চারাল কো-অপারেটিভ সোসাইটিগুলো যাতে মূলতঃ ঠিক মত চলতে না পারে তাঁরা তারই বাবস্থা করছেন। তারপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাম্বের ব্যাপারে কো-অপারেটিভ সো**নাইটির** পক্ষ থেকে বারে বারে রিপ্রেজেন্টেশন দেওয়া হয়েছে এবং এই আসেম্বলী হাউসেও বলা হয়েছে যে এটা থাকার ফলে বহু কো-অপারেটিভ সোসাইটিকে বিপদাপন্ন হয়ে উঠে যেতে হয়েছে। ^{কিন্}তু আশ্চর্যের বিষয় যে মন্ত্রী মহাশয় বারে-বারে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও আজকে **এই** ^{এতি} প্রকালচারাল ইনকাম ট্যাক্স তুলবার ব্যবস্থা হচ্ছে না। তারপর মাননীয় স্পূর্ীকার মহাশয়, আপনি হয়ত জানেন যে ত্রিবেণীর কাছে "ত্রি-ফুসলী কৃষি-সমবায় সমিতি" নামে যে সমবায় র্মামতি আছে সেটি পাঁচ বছর আগে তৈরী হয়ে অত্যন্ত সন্তোষজনকভাবে কাজ চালিয়ে বাচ্ছে এবং ডাঃ রায় নিজে গিয়ে সেটি দেখে এসেছেন। শুধু তাই নয়, ১৯৫৯ সালে এই সমিতি একটি ভাল সমবায় সমিতি হিসেবে বিধানচন্দ্র রায় সমবায় শিল্ড প্রতিযোগিতায় পারিতোষিক ^{হি}সেবে বেষ্ট কাপ্ পেয়েছে। কিন্তু সম্প্রতি শোনা যাচ্ছে ব্যাণ্ডেলে সন্পার থার্মাল পাওয়ার শ্রেশন প্রতিষ্ঠাকলেপ এই সমিতির বেণীপরে, রাঘবপরে এবং হাজীপরে মৌজার ৫০০ বিঘা ^{জমি} এাাকুইজিশন করবার চেন্টা করা হচ্ছে। এ সম্পর্কে ১৯৬০ সালের সেপ্টেম্বর মাসে

ডি. এম. বিধানবাব, এবং ফেট ইলেকট্রিসিটি বোর্ডকে জানিয়েছেন এবং তারপর সেই জিমির জয়েন্ট সার্ভে হয়েছে। কিন্ত আশ্চর্যের বিষয় সেই সার্ভে হওয়া সত্ত্বেও আবার ৮. ২. ৬১ তারিখে জানান হয়েছে, for information, the State Electricity Board is reluctant to part with the land and for it a second requisition order is being sought shortly. কাব্রেই এ থেকে এটাই দেখতে পাচ্ছি যে, এক দিকে সমবায় মন্ত্রী নিজে যেখানে সমিতিকে উৎসাহ দিচ্ছেন, পারিতোষিক দিচ্ছেন অন্য দিকে সেখানে আর একটা ডিপার্ট-মেন্টের তরফ থেকে উন্নয়ন মন্ত্রী তাঁদেরই জমি অ্যাকোয়ার করছেন। স্বতরাং আজ আমি এই হাউদে ডিমাণ্ড কর্রাছ এই সম্পর্কে তিনি যেন একটা প্রতিশ্রুতি দেন। অবশ্য তাঁরা একটা বিকলপ প্রস্তাব দিয়েছেন এবং এই জমি নেওয়ার ব্যাপারে বলেছেন for acquisition of staff quarters as dumping. কিন্তু আমার কথা হোল যে কো-অপারেটিভ সোসাইটি ৪ বছবে ৫ গুণ ফসল ফলিয়েছে এবং ভালভাবে কাজ করে যাচ্ছে তাঁদের জমি কি জন্য নেওয়া হচ্ছে ^১ তারপর চাষের প্রয়োজনীয় দুব্য সমবায় সমিতির মারফং সাপ্লাই করবার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং সে হিসেবে এটা দ্বীকার্য যে মার্কেটিং সোসাইটি অনেক বেশী তৈরী হয়েছে। কিন্ত গ্রামাঞ্চলের কৃষকদের ফার্টিলাইজার সরবরাহ করবার যে ব্যবস্থা আছে তাতে দেখছি যে মাকেটিং সোসাইটি বা অন্যান্য সোসাইটির মারফং সেই ফার্টিলাইজার বিলি করবার ব্যবস্থা না করে তা Shaw Wallace কোম্পানীকে দেওয়া হয়েছে। এর কারণ কি? তারপর নন-এগ্রিকালচারাল কো-অপারেটিভ সোসাইটি সম্পর্কে আমার বন্তব্য হচ্ছে যে তাদের মধ্যে তাঁত সমবায় সমিতিই সর্বাপেক্ষা উল্লেখযোগ্য এবং তা ছাড়া এ সম্পর্কে পশ্চিম বাংলার বিভিন্ন জেলায যে সমিতিগুলো আছে তার মধ্যে ডিডিট্রক্ট আর্টিজ্যান্ কো-অপারেটিভ এবং তাদের উপরে প্রতিক্সিয়াল কো-অপার্বেটিভ সেখানে আছে।

[5-30—5-40 p.m.]

কিন্তু পশ্চিমবঙ্গের তাঁত সমবায়ের ক্ষেত্রে আমরা দেখতে পাছি যে তারা ৮০ পার্সেণ্ট স্তার জন্য দক্ষিণ ভারতের উপর নির্ভর করছে। ডাঃ বিধানচন্দ্র রায় প্রতিপ্রাতি দিয়েছিলেন যে তিনি স্পিনিং মিল করবেন, কবে থেকে প্রতিপ্রাতি শ্বনে আসছি, কিন্তু কোন বাবস্থা আজ পর্যন্ত হল না। কল্যাণীতেও স্পিনিং মিল হবে। কিন্তু কবে হবে তা জানি না। আমি দাবি করছি স্তার জন্য স্মুষ্ট্র্যু একটা পরিকল্পনা করা দরকার। আমরা দেখতে পাছি মার্কেটিং সোসাইটিগ্রিল খারাপ দামের স্তা বেশী দরে জোগায়—ধনেখালি কো-অপারেটিভ থেকে এই কম্পেলন পাওয়া গেছে। অন্য দিকে এই সব তন্তুবায় সমিতিগ্রিলকে রিবেট দেওয়ার নাঁতি সরকার গ্রহণ করেছেন। কিন্তু দেখা যাছে অত্যন্ত বিলম্বে এই রিবেট দেবার ব্যবস্থা করেছেন। আমরা জানি হ্গলী জেলার বিভিন্ন কো-অপারেটিভকে রিবেট দেওয়া হছে না এবং পশ্চিমবংগর সমস্ত তন্তুবায় সমিতি কেন্দ্রের কাছে এখনও পর্যন্ত ১৯ লক্ষ্ম টাকা রিবেট পাবে। এই রিবেটগ্রিল তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করা দরকার।

Shri Sasabindu Bera:

মিঃ ডেপন্টি স্পীকার, স্যার, ডাঃ রায় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন যে সমবায় আন্দোলন গ্রামীন জীবনে অর্থনীতির ক্ষেত্রে বিশেষ প্রভাব বিস্তার করেছে। এ কথা সম্পূর্ণ অস্বীকার করি না। কারণ, সমবায় আন্দোলনের যে রূপ আমারা দেখছি তা র্ক্তেডি আন্দোলন রূপ আমাদের কাছে প্রকাশিত হয়েছে এবং সমবায় বিভাগের কোন কার্যক্রম যদি থাকে তাহলে তা ঐ ঋণ দান সমিতির মাধ্যমে জনসাধারণ দেখতে পাচছে। বাস্তবিকপক্ষে এই সমবায় আন্দোলনকে ভাল করে গড়ে তোলবার জন্য সরকার পক্ষের উৎসাহ নেই এবং সেই উৎসাহ না থাকার জন্য জনসাধারণের মধ্যেও সমবায়ের উৎসাহ স্টিট করা সম্ভব হয় না। দ্বিতীয় পণ্ডবার্যিকী পরিকল্পনাকালে ১ কোটি ১৬ লক্ষ ৫১ হাজার টাকা বায় করবার কথা ছিল, তার মধ্যে বার হছে ১ কোটি ১৩ লক্ষ ২১ হাজার টাকা। বায় হয় নি ৮৩ লক্ষ ৩০ হাজার টাকা—প্রার

গতকরা ৪০ ভাগ টাকা বায় করা যায় নি। এই অধ্ক পরিষ্কার করে তুলছে কো-অপারেটিভ ব্যাড়িয়ে তোলবার ক্ষেত্রে সরকারের উৎসাহ কত কম। এই সমবায়ের ক্ষেত্রে সরকার এ পর্যন্ত কি কান নিদিশ্ট নীতিতে আসতে পেরেছেন? কোন নিদিশ্ট নীতি এ পর্যন্ত তারা গড়ে তুলতে প্রেছেন বলে আমি মনে করি না। কো-অপারেটিভগ্নলির এলাকা কতখানি হবে, তারা কি কি _{কাজ} করবে এই নিয়ে দেখছি বিভিন্ন সময় মতের পরিবর্তন হচ্ছে। এক সময় দেখেছিলাম ছোট ভাট কো-অপারেটিভগ্নলিকে প্রশ্রয় দেওয়া হবে না, কাজেই বৃহৎ এলাকা নিয়ে কো-অপারেটিভ স্নাসার্হটি গঠিত হবে। কিন্তু তারপর ছোট ছোট গ্রাম এলাকা নিয়ে কো-অপারেটিভ সোসাইটি আরুত করা হয়েছে। এক সময় মাল্টিপারপাস সোসাইটির রেওয়াজ খুর দেখেছিলাম, পরে দেখা গুল মাল্টিপারপাস সোসাইটি সরকারী মতে উপযুক্ত নয়, কাজেই ইউনিটারি প্রালিস নিয়ে কো-অপারেটিভ সোসাইটি গঠন করবার চেষ্টা হ'ল। কাজেই এই সব দেখে আমরা স্কুম্পণ্ট বাঝি যে সরকার এখনও কোন নীতি ঠিক করতে পারছেন না এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরি-কল্পনার মধ্যে দেখছি নতুন স্কীমের অবতারণা করেছেন। কাজেই কো-অপারেটিভ নিয়ে তাঁরা গ্রাদ চেন্টা করে থাকেন তাহলে যে পথে সাফল্য লাভ করা যেতে পারে এমন কোন পথ বেছে নিতে েবা পারছেন না এ কথা নিঃসন্দেহে বলা যেতে পারে। সারে আমরা অনেক ফিরিম্তি দেখছি— সকেন্ড স্ব্যানের মধ্যে ১০৬টা লার্জ সাইজ মার্কেটিং সোসাইটি করা হয়েছে, এর মধ্যে ৮৩টাকে লান, গ্রাণ্টস দেওয়া হয়েছে, ৩৬টা গোডাউন তৈরী করা হয়েছে, ১৮টা মার্কেটিং সোসাইটিকে ্লান, গ্রান্টস দেওয়া হয়েছে, ৫১৪টা লার্জ সাইজ ক্রেডিট কো-অপার্রেটিভ সোসাইটি করা হয়েছে, ১২৪টা স্মল সাইজ ক্রেডিট সোসাইটি রিভিটেলাইজ করা হয়েছে। কিন্ত আমি জিজ্ঞাসা র্বার এই সমস্ত সোসাইটিগুলি কি করছে? মার্কেটিং সোসাইটিগুলি যদি দেখেন তাহলে দেখবেন যে এলাকায় মার্কেটিং সোসাইটিগুলি তৈরী হয়েছে বা তার গোডাউন তৈরী হয়েছে স্থানে ব্যবসা হচ্ছে না। সেখানে স্থানীয় লোক যারা ব্যবসা ব্বে তারা সেগ**ুলিকে কৃক্ষিগত** ্রের রেখেছে —কো-অপারেটিভের নামে সরকারের টাকা নিয়ে নিজেদের ব্যবসাকে ভালভাবে র্নলিয়ে যাচচ।

বাস্তবিক কো-অপারেটিভের ভিত্তিতে ব্যবসা চালাবার ক্ষেত্রে সরকারের কোন সহযোগিতা া উৎসাহ বা নিদিপ্টি কর্মপন্থা আমরা দেখতে পাচ্ছি না। লার্জার দ্কেল-এ কো-অপারেটিভ সাসাইটিগুলি করা হল, এদের ক্রমোলতির একটা ছবি তাদের সামনে তলে ধরা হ'ল এর জন্য ন্যানেজার নিষাক্ত করা হ'ল, ব্যবস্থা হল যে কয়েক বছরের পর কো-অপারেটিভ সোসাইটি**গ,িল** খখন আর্ম্মানর্ভারশীল হয়ে উঠবে তখন তারা ম্যানেজারদের মাহিনা দিতে পারবে, কিন্তু এই का-अभारतिष्ठि सामार्षेग्रील कि कतर्रात, ना कतर्रात स्म मन्दर्ग्य मत्रकात किছ्र्र वायम्था कतर्रात না। সরকারের রিপোর্টে দেখা যাচ্ছে যে রাইস এ্যান্ড প্যাডি ইত্যাদির প্রাইস পলিসির জন্য অনেক মাকেটিং সোসাইটি তারা মাকেটিং করতে পারে নি. অনেক গোডাউন তৈরী করতে হয়ে-^{ছিল} কিন্তু তারা ব্যবসায় হাত দিতে পারে নি। অথচ ম্যানেজিরিয়াল কন্ট কো-অপারেটি**ড**-^গ্রালকে দেওয়ার ব্যবস্থা করা হল না। যে সমস্ত ক্রেডিট সোসাইটিগ**্রাল** এদের <mark>উপরকার</mark> সোসাইটিকৈ তার প্রাপ্য সনুদ দিয়ে উদ্বৃত্ত যে সনুদ তারা পায় এবং তার থেকে তাদের যে দ্নাফা থাকে তা থেকে আবার এদিকে অভিট এক্সপেন্স ইত্যাদি আছে, রানিং এক্সপেন্স আছে. ^{্সগ}্রিল দেওয়ার পরে আর ম্যানেজার পালন করা সম্ভব নয়। অনেক কো-অপারেটিভ সোসাইটি গঠিত হয়েছে এবং অনেক অর্থ ব্যয় হচ্ছে। আজকে আমার মনে হয় এ সম্বন্ধে একটা thorough enquiry হওয়া দরকার এবং এর প্রগ্রেস রিপোর্ট এ পর্যান্ত সংগ্রহ করা ^{ররকার।} একটা ইভালায়েশন রিপোর্টের অত্যন্ত প্রয়োজন আছে যে কো-অপারেটিভ মা্ভমেন্ট, ^{কা-অ}পারেটিভের পিছনে এত অর্থ বায় করে আমরা এ পর্যন্ত কি করতে পেরেছি। স্যার, কো-অপারেটিভ সম্বন্থে সরকারী উৎসাহ কতখানি সে সম্বন্থে আমি কিছু বলতে চাই কিন্তু ^{তার} পূর্বে আর একটা কথা বলি যে সরকারের কো-অপারেটিভ ডিপার্টমেন্টের **সং**শা অন্যান্য ^{ডিপার্টমেশ্টের} একটা কো-অপারেশন থাকা দরকার। ল্যান্ড রিফর্মস এ্যা**ক্টে** আছে যদি কোন ^{জীম} সরকারের হাতে থাকে তা হলে সেই জীম কো-অপারেটিভ সোসাইটি যারা গঠিত করবে

জাদের মধ্যে বণ্টনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। আমার এলাকায় শ্যামপরে থানায় দামোদরের পাশে চর উঠেছিল, কো-অপারেটিভ সোসাইটি গঠিত করে সেগালি বণ্টনের ব্যবস্থা করা হল। কো-অপারেটিভ এ্যাসিট্যান্ট রেজিম্ট্রার মহাশয়ের সহযোগিতা পাওয়া গেল। কিন্ত কালেক্টারের সহযোগিতা পাওয়া গেল না। এমনি করে কো-অপারেটিভ ডিপার্টমেণ্টের সংখ্য সরকারের অন্যান্য ডিপার্টমেশ্টের যদি সহযোগিতার অভাব থাকে তাহলে কো-অপারেটিভ কি করে বাডবে? আর একটা দৃষ্টান্ত দিতে পারি-সরকার কি করে কো-অপারেটিভ গড়ে তোলবার জন্য অগ্রগামী হচ্ছেন। হাওড়া জেলায় শ্যামপরে থানায় রাস্তা-ঘাটের হালে উর্যাত হয়েছে। বাগনান থেকে একটা সডক শ্যামপুরের দক্ষিণ প্রান্ত পর্যন্ত গেছে। ঐ রাস্তায় এতদিন রুরাল ট্যাক্সিগুলি চলত, সেখানে বাস চালাবার কিছু ব্যবস্থা করা হচ্ছে। শ্যামপুরের যে এলাকার উপর দিয়ে বাস চলবে সেই এলাকার মানুষের পাকেটের পয়সা থেকে সেই বাস পয়সা পাবে। সেখানকার লোকেরা একটা কো-অপার্রোটভ ট্রান্সপোর্ট সোসাইটি করবার চেষ্টা করেন—তার কিছু, পরে দেখা গেল যে তার উত্তরে বাগনান এলাকা, অবশ্য বাগনান এলাকার কিছ, অংশ দিয় সেই রাস্তাটা গেছে এবং বাস চলাচল এই রাস্তার উপর দিয়ে করবে, সেই বাগনান এলাকা থেকে কো-অপারেটিভ সোসাইটি রেজিড্রেশনের জন্য দর্থাস্ত করা হল। তার থেকে বহু, দুরে উলুবেডিয়া থেকেও উলুবেডিয়া জোনাল কো-অপারেটিভ সোসাইটির রেজিড্রে-শনের জন্য দরখাসত করা হল। উল বেড়িয়া শ্যামপরে থেকে বেশী দরের, বাগনান দ্বিতীয়। অন্যগ্রলির সঙ্গে শ্যামপুরের সোসাইটিও রেজিড্রেশনের জন্য রেকর্ড করা হল, কিন্তু এ্যাসিস-টাান্ট রেজিন্টার উপস্থিত ছিলেন না বলে সহি হয় নাই। কিছুকাল পরে আমি জানলাম যে অন্য দুটো কো-অপারেটিভ সোসাইটি রেজিণ্টার করা হল, শ্যামপুরেরটা করা হল না। আমি आजिमांगाचे दर्जाञ्चादात म्राष्ट्रण प्रथा कत्रलाम. ठाँक वललाम य गामिन्द्रात किन कत्रलन ना। তিনি বললেন যে ট্রান্সপোর্ট কো-অপারেটিভ সোসাইটি করতে হলে তার ওয়ার্কার্স ৯০%থাকা চাই এবং ফাইনানসিয়ার মেম্বার্স ১০% বড় জোর থাকা চাই তা না হলে কো-অপার্রেটিভ সোসাইটি রেজিজ্ফেশন করা যাবে না। আমি জানি না সরকারের এই নীতি কিনা কারণ এই নিয়ে আমি খবে বিতষ্ণ হয়ে উঠেছি।

[5-40-5-50 p.m.]

ষা হোক, এ্যাসিসট্যাণ্ট রেজিষ্ট্রার মহাশয় বললেন, এই সরকারী নীতি এবং তা না হলে কো-অপারেটিভ সোসাইটি রেজিজ্রেশন করা যাবে না। আমি বললাম দেখন দন্-পাঁচটা বাস চলায় যে সংখ্যক ওয়ার্কার হবে, তারা বাসের জন্য ফাইনান্স করবে কি করে? কাজেই আপনি ষেভাবে করতে বলছেন সেটা আসলে ক্যাপিটালিষ্ট অর্গানাইজেশন হয়ে যাবে, কো-অপারেটিভ কি করে হবে! তিনি বললেন—না, গভর্নমেণ্টের এই নীতি। আমি বললাম—আপনাদের এই নীতিকে ধন্যবাদ। অন্য যে দন্টি কো-অপারেটিভ সোসাইটি করেছেন, তাতে কি আছে ৯০% ওয়ার্কার্স মেন্বার আর অন্যান্য ১০% মেন্বার? তিনি কোন উত্তর দিলেন না। এই তো আপনাদের নীতি।

সেখানকার লোকের যাদের কো-অপারেশন দরকার, যারা কো-অপারেটিভ সোসাইটি করবে, তাদের আপনারা উৎসাহিত করতে পারছেন। তাদের দিয়ে কো-অপারেটিভ গড়ে তোলবার জনা সরকারী প্রচেণ্টা কোথায়? তাদের উৎসাহ দেবার জন্যই বা সরকারী প্রচেণ্টা কোথায়? তা কোথাও নাই। এখানে স্বার্থবাদী কতকগন্ত্রি মানুষ আছে, যারা এই কো-অপারেটিভ সোসাইটির মাধামে নিজেদেরই সুযোগ-স্ক্রিধা করে নিতে চেণ্টা করেন। আজ আপনাদের কো-অপারেটিভ মাডামেটি জনসাধারণের মধ্যে কোন উৎসাহ বা উদ্দীপনা স্থিত হয় নি, ক্রমেই যেন অন্ধক্রের মধ্যে তা চলে যাছে। এর ন্বারা আজ সমাজ-জীবনে কোন কল্যাণ আসে নি। আপনি একটি ডেবে দেখ্ন, কিন্ডাবে কি হলে এটাকে—এই কো-অপারেটিভকে ভাল করা যেতে পারে তা দিরে জনসাধারণের, তথা দশের কল্যাণ করা যেতে পারে।

Shri Sudhir Chandra Bhandari:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সমবায়ের সাথে আজ সরকার যে নীতি নিয়ে চলেছেন, তাকে আর যা হোক্ সমবায় বলা যায় না। এটাকে বিশেষ করে কংগ্রেসের একচেটিয়া সম্পত্তি বলা যাতে পারে। এটা কংগ্রেসের একচেটিয়া ব্যাপার। তার জন্য আমাদের পশ্চিমবঙ্গে এই সমবায়ের বিশেষ কোন অগ্রগতি বা উন্নতি দেখা যাচ্ছে না। আমাদের বিভিন্ন ক্ষেত্রে ঋণ দান হাড়া সমবায় সমিতিগৃলির আর বিশেষ কোন অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে না। গ্রাম্য ঋণের প্রয়োজনের তৃলনায় যে সমসত ঋণ দেওয়া হচ্ছে, তা শতকরা দ্বাতিন ভাগ মাত্র। এবং বাদবাকী ঋণ কি কৃষকের, কি অন্যান্য ব্যাপারে, আমরা জানি মাসিক শতকরা চার টাকা হার স্বদে গ্রামের ণ্টকরা ৯৭/৯৮ জন লোককে, কৃষককে অনোর কাছ থেকে ঋণ নিতে হচ্ছে। এদিক থেকেও দুখতে গোলে সমবায়ের কোন অগ্রগতি দেখতে পাচ্ছি না।

আর একটি জিনিষ দেখছি, এই সমবায়ে সরকারের নিয়ন্ত্রণ ও একনায়কত্ব চলেছে এবং একে কৃষ্ণিত করে রাখার সরকারী প্রচেষ্টা চলেছে। যদিও কৃষককে সামান্য ঋণ দেওয়া হচ্ছে, তব্ও এক কৃষকপ্রেণী ছাড়া অন্য কোন শ্রেণীর কোন উপকারে এটা আসছে না। কৃষিজ্ঞাত দ্রব্যেরও খবিদ-বিক্রয়ের ব্যবস্থা এই সমবায়ের মাধ্যমে হচ্ছে না। এই হচ্ছে অবস্থা। তাছাড়া কৃষি দমবায়ের হাতেও জমি দেওয়ার কোন ব্যবস্থা নাই। বিনাম্লো সার, বীজ ও সেচের ব্যবস্থা ওবার কোন প্রচেষ্টা সরকারের নাই। আর প্রকৃতপক্ষে কৃষি ব্যবসায় সমবায়ের মাধ্যমে করারও কোন প্রিকল্পনা সরকারের আছে বলে দেখতে পাচ্ছি না। মোটাম্বিট এই অবস্থা আমরা দেখতে পাচ্ছি।

আর সমবায় আন্দোলন জনগণের মধ্যে প্রসার লাভ করছে বলেও কোন লক্ষণ এর মধ্যে দেখা যাছে না। সমবায়ের আদর্শ ও নীতি পশ্চিমবংগ সম্পূর্ণ ব্যর্থতায় পর্যবিস্ত হয়েছে এটা একটু লক্ষ্য করলেই দেখা যাবে।

আর ঋণের সম্পর্কে একটা পক্ষপাতিছ ও দুন্নীতিম্লক ব্যবস্থা চলছে। উৎকোচ নাছিগতভাবে বা দলগতভাবে দেওয়া হচ্ছে। কারণ উৎকোচ না দিলে ঋণ পাওয়ার ক্ষেত্রে কোন স্যোগ স্বিধা পাওয়া যাচ্ছে না। আর কৃষি সমবায়ের নামে বড় বড় জমিদার, জোতদার ও কিম চোরদের নিয়ে কৃষি-সমবায়ের বাবস্থা হচ্ছে। তাছাড়া বড় বড় চোরা-কারবারী মজ্তুদারদের নিয়েও সমবায় বাবসায় প্রতিষ্ঠান গঠন করবার প্রচেণ্টা হচ্ছে। বড় বড় মুনাফাখোর, একচেটিয়া প্রাজিপতিদের শিল্প সংগঠনের লক্ষণ দেখা যাচ্ছে এর মধ্যে। এই রকম একটা মাবায়ক অবস্থার মধ্যে আজ সমবায় আন্দোলন বা পশ্চিমবজ্যের সমবায়ের অবস্থা আমরা দেখতে পাছি। আমরা আরো দেখতে পাছি যে আমাদের কৃষি অপেক্ষা সরকারের এই সমবায়ের উপব আম্থা বেশী আছে। আর সমবায়ের মধ্যে কংগ্রেস কর্মীদের একচেটিয়া ব্যাপার আমরা দেখতে পাছি। আমি জানি, আমি ১৪ বংসর যাবং এই সমবায় প্রতিষ্ঠানের সঙ্গে সংশিল্ড। এই সমবায়ের মধ্যে কংগ্রেসের আধিপত্য থাকা সত্ত্বেও কি এদের আতৎক, কি এদের বিভীষিকা! এই সমবায়ের মাধ্যমে অনেক কিছু কাজ করা যেতে পারে। সাজাস্কাজ থাদা ও অন্যান্য জিনিষের ব্যবসাব্যাক্যি নিয়ন্ত্রণ করা যেতে পারে। সমবায়ের মাধ্যমে খাদ্যের ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ করা যেতে পারে। সমবায়ের মাধ্যমে খাদ্যের ব্যবসা-বাণিজ্যের না। তবে খাদ্যের মূল্য এর দ্বারা নিয়ন্ত্রণ করা যেতে পারে।

কিন্তু সরকারের ওদিকে কোন দ্ঘিতভগ্নী দেখতে পাচ্ছি না। যদি সমবারের মাধ্যমে কৃষি উৎপাদন সম্বন্ধে লক্ষ্য করে চলি, এবং প্রকৃতপক্ষে প্রকৃত প্রতিটি কৃষককে জমি দিয়ে, সমবার ব্যবস্থার মধ্য দিয়ে, তাদের বিনাম্ল্যে সার, বীজ, সেচ প্রভৃতির ব্যবস্থা করতে পারি তাহলে প্রচুর কৃষি উৎপাদন বৃদ্ধি করতে আমরা পারবো। কিন্তু এদিকে তাদের কোন লক্ষ্য নেই। এ রকম একটা ব্যবস্থা তাদের কাজের ভিতর দেখতে পাচ্ছি না। তাই বলছি আমাদের বর্তমান কংগ্রেস সরকারের ল্বারা কোন দিন সমবায় আন্দোলন বা সমবার ব্যবস্থার উন্নতি করা সভ্তব নয়। তাদের পক্ষে এটা করা দ্রুহ। তাছাড়া দেখতে পাচ্ছি—কংগ্রেসের মধ্যে যত্দিন নানা দল ছিল, ততদিন আমরা দেখেছি কংগ্রেস একটা সমবায় পন্ধতি বা সমবায়ের নীতি ও আদর্শ নিয়ে চলতো। কিন্তু যখন থেকে দেখতে পাচ্ছি—১৯৪৫-৪৬ সালের পরে কংগ্রেস

একটা প্রান্ধিবাদী, সাম্রাজ্যবাদীদের দালালে পরিণত হয়েছে, তখন থেকে দেখতে পাচ্ছি কংগ্রেসের সমবায় আন্দোলনের মধ্যে বা এই সব সমবায় প্রতিষ্ঠানের মধ্যে অন্য কোন রাজনৈতিক দল বা বামপূল্থী দলের, বিশেষ করে কমিউনিস্ট পার্টির সমবায় প্রতিষ্ঠানের মাধ্যমে কোন কাজ করার সুযোগ-সুবিধা দেখতে পাচ্ছে না। আরও অভিযোগ হচ্ছে যে, কংগ্রেস দলের পক্ষে সমবায়ের মাধ্যমে কি করে কৃষি সমাজতন্ত্র বাংলা দেশে ও ভারতবর্ষে প্রতিষ্ঠিত হতে পারে, তা চিন্তা করতে পার্রাছ না। আমরা প্রতিটি ক্ষেত্রে লক্ষ্য করেছি, যে সমবায় সম্পর্কে যে একটা পরিষ্কার ধারণা থাকা উচিত ছিল, তা তাঁদের নেই। বিশেষ করে পল্লী অণ্ডলে বিভিন্ন রাজনৈতিক দলের সংমিশ্রণে এক-একটা পল্লী অণ্ডল হয়, এবং সেখানে এক-একটা সমবায় সমিতি রেজিম্দ্রী হয়। অতএব সেখানে কিভাবে পরস্পরের মধ্যে কাজ করা যেতে পারে সেই সম্পর্কে একটা পরিষ্কার ধারণা থাকা দরকার। ১৯৪০ সালের আইন অনুযায়ী এখনও সেইভাবে সমবায় সমিতিগুলি চলছে। তৎকালীন ইংরাজ সামাজ্যবাদ, তাঁদের নিজেদের সুযোগ-সুবিধার জনা, তাঁদের একটা मालाल मुच्चि कत्रवात कता नानान तकम आहेन-कानान करतन। ১৯৪২ **माल**त कानान आमता আরও দেখতে পাচ্ছি, স্বাধীন দেশের সমবায় পর্ণ্ধতির মাধ্যমে যে সামরিক অগ্রগতির পরিকল্পনা এবং গ্রাম্য-জীবনের অর্থনৈতিক উন্নতি সাধন ও থাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়া, তার দ্ভিউভজী আমাদের সরকারের আছে বলে, কোন দিক দিয়ে তার প্রমাণ পাওয়া যাচ্ছে না। সতেরাং আমি মনে করি সেদিক দিয়ে একটা পরিষ্কার আইন বা নিয়ম হওয়া একান্ত বাঞ্চনীয়। এবং এই সম্পর্কে একটা বিল আনা দরকার। তা না হলে এই সমস্ত শুধু কাগজে-কলমে রেখে বা আইনসভায় বড় বড়, লম্বা-৮ওড়া কথা বলে কোন লাভ হবে না। স্থলে সমবায় খাতে দেখতে পাচ্ছি মাত্র ৬৭ লক্ষ্ম কয়েক হাজার টাকার ব্যাপার। এটা একটা মারত্মক ত্রুটি-বিচ্যুতি বলে আমি মনে করি। এই সম্পর্কে আরও পরিজ্কার একটা আইন হওয়া বাঞ্চনীয়।

আমি আশা করি, আমি যেগ্নলি বললাম, সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয় বিশেষ দ্ভিট দেবেন।

[6-40-6-50 p.m.]

Shri Haran Chandra Mondal:

মাননীয় সহকারী সভাপতি মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে সমবায় খাতে বায়-বরান্দের দাবী উত্থাপিত করেছেন তার সমালোচনা করতে গিয়ে দেখা যায় যে চলতি বছরে যে টাকা বাজেটে বরান্দ হয়ে ছিল, সেই টাকাটা ঠিক ঠিক মত খরচ তিনি করেন নি। এবং আগামী বছরের জন্য যে টাকা বাজেটের বরান্দে ধরা হচ্ছে, সেটাও তিনি ঠিকমত খরচ করবেন, এটাও আশা করা যায় না। আমি সংক্ষেপে তার একটা দৃষ্টান্ত আপনার কাছে রাখছি।

একটা সংক্ষিপত দৃষ্টানত আমি আপনার সামনে রাখছি। ১৯৬০-৬১ সালে ধরা হয়েছিল ৬৫ লক্ষ ৫৮ হাজার। সংশোধিত বাজেটে বছরের শেষে খরচ হয়েছে ৪৬ লক্ষ ৩৫ হাজার টাকা। বাকী ১৯ লক্ষ ২৩ হাজার টাকা কোন কাজে লাগান হল না। সমবার উরয়নম্লক পরিকল্পনার ধরা হয়েছিল ৪৫ লক্ষ ৫ হাজার টাকা। কিন্তু সরকার যে কাজ করছেন তাতে দেখা যায় খরচ হয়েছে ২৫ লক্ষ ৭০ হাজার টাকা। এতে দেখতে পাই ১৯ লক্ষ ৩৫ হাজার টাকার কাজ করা হয়নি। সমবায় উয়য়নম্লক কাজের তান্বির তদারকের জন্য যে সমন্ত লোক নিয়োগ করেছেন তাতে বায় হছেছ ১৯ লক্ষ ২১ হাজার টাকা। সেখানে বায় বেড়ে যাছেছ। এখন সমবায় উয়য়ন খাতে যে সমন্ত টাকা ধরা হয়েছিল তা যদি ঠিক ঠিকভাবে খরচ করা হত তাহলে সমবায়ের মাধামে গ্রামীন সমাজের সাধারণ মান্বের মানোয়য়নের কাজ কিছ্টা এগতে, সাধারণ মান্বের তাতে কিছ্টা উপকার হত। আজকে আমরা দেখছি যে সমন্ত ইন্ডিভিজর্মাল সোসাইটি ছিল, সেন্দ্রাল কো-অপারেটিভ সোসাইটি ছিল সেসব গ্রাম সমিতিগ্রিল তুলে দিয়ে লার্জ সাইজ্ড সোসাইটির স্থিট করেছেন এবং বিগ্ এরিয়া নিয়ে যে সামতি তৈরী করবেন, তার জন্য যে নিয়ম-কান্ন তৈরী করেছেন তা অত্যন্ত ভয়াবহ, এই নিয়মের মধ্য দিয়ে দেশের সাধারণ মানুর চলতে পারে না, বিশেষ করে স্বন্ধরন অগুলে যেখানে এক ফসলী অগুল সেখানে বাস্ত্ব

অভিস্তৃতা থেকে দেখছি যে ধান হচ্ছে তা দিয়ে সমবায় ঋণ পরিশোধ করতে হবে, তাতে সমবায় আইন অনুষায়ী ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে টাকা পরিশোধ করতে হবে। দ্বিতীয়তঃ দেখতে পাই ধানের বাজার অত্যন্ত কম যার জন্য ধান বিক্লী করে টাকা দিতে গেলে অনেক অস্ক্রিধা আছে। অনেকে টাকা দিতে পাববে না। নিয়ম আছে ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে টাকা পরিশোধ করে ডিমাণ্ড লিষ্ট সাবমিট্ করতে হবে টাকা পাবার জন্য। কিন্তু এভাবে সম্তা দরে বিক্রী করে দিলে শেষে তারা কি থাবে? তারপর আর একটা দেখতে পাই প্রাকৃতিক কোন কারণে বা নৈসগিক কোন কারণে অনেক জমিতে ফসল হয় না। ফসল না হলে সে জমিতে যে ঋণ নিয়েছে সেই জমির মালিকতা শোধ করতে পারে না। আইনে যেখানে বলা হয়েছে যে কারণ দেখিয়ে সার্বাডিভিশনাল ম্যাজিডেউটের কাছ থেকে পার্রামশান নিতে হবে কি কারণে টাকা তারা দিতে পাচ্ছে না। ম্যাজিম্েট্রটের পারমিশান নিতে গেলে অনেক তোষামোদ করতে হবে, ধর্ণা দিতে হবে তাদ্বর তদারক করতে হবে। এই পার্রামশান পাওয়াটা একটা গ্রেড্পূর্ণ বিষয় কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়ের দ্ভিট আকর্ষণ করছি কোন মেন্বার প্রাকৃতিক, নৈস্গিক কারণে টাকা দিতে না পারলে তার জন্য সমষ্টিগতভাবে মেশ্বাররা কেন ভোগ করবে? সেজন্য সাব-ডিভিশনাল ম্যাজিম্<u>ণ্</u>টেটের উপর নোটিশ থাকুক যে প্রাকৃতিক অব**স্থা** তদন্ত করার। তাহ**লে** আশা করা যায় যে স্বিধা হতে পারে। কিন্তু তা না করে আমরা দেখতে পাচ্ছি দু বছর হল লার্জ সোসাইটি হচ্ছে এবং এজনা অনেক হাজ্যামা মান্মকে পোয়াতে হচ্ছে। তাছাড়া স্কুরবন অঞ্চলে তাঁত শিল্প আছে। যে সমবায়ের মাধ্যমে তারা টাকা নিয়ে তাঁত শিল্প পরিচালনা করছে কিন্তু অনেক সময় দরখাস্ত করেও--দরখাস্তের নকল আমার কাছে আছে--দরকার হলে পরে সময় মত নানা আপত্তি দেখিয়ে টাকা দেওয়া হচ্ছে না। কাজেই সমবায় উন্নয়নমূলক কাজ দ্বারা যাতে জীবিকা নির্বাহের সূর্বিধা মানুষের হতে পারে তা হচ্ছে না। ফলে সমবায় খাতে অনেক টাকা থেকে যাচ্ছে। বন্যা, প্ল্যাবন ইত্যাদির যে ক্ষতি হয় এবং যে দুর্ভোগ মান্ত্রকে ভোগ করতে হয় তার জন্য সমবায় প্রথায় যে সাহায্য দেওয়ার টাকা দেওয়ার প্রথা আছে তাও দেওয়া হয় না। সেজন্য সমবায়ের মাধ্যমে দেশের সাধারণ মানুষের জীবিকার্জনের উল্লয়ন করতে হলে সরকারের সক্রিয় দূল্টি সেদিকে দিতে হবে যাতে সমবায়ের মধ্যে কোন দূলীতি না থাকে।

অনেক ক্ষেত্রে দেখতে পাছিছ যে, সমবায় বানচাল হয়ে যাছে। সমবায়ের কাজ ঠিকমত হয় না তার কারণ এর মধ্যে দ্বনী তি দুকে গিয়েছে। এই সমবায়ের যে টাকা পরসা তা তারা আত্মসাৎ করে নেয়। এর জন্য যদি প্রয়োজন হয় তাহলে তার জন্য উপযুক্ত শাসনব্যবস্থা গ্রহণ করা দরকার। চাষীরা ধান উৎপাদন করে সমবায় ঋণ পরিশোধ করে কিন্তু যখন বাজারে কম রর থাকে তখন যদি একটা ধর্ম গোলা করে ধান জমা রাখে তাহলে যখন দর বেশী হবে তখন ধান বিক্রম করলে তাদের এই ঋণ পরিশোধ করতে অস্বিধা হবে না। এই রকম পরিকল্পনা থাকা দরকার। মার্কেটিং সোসাইটি করলেও, বিভিন্ন জায়গায় আমরা দেখেছি যে, এই সোসাইটিতে ঋণ নিয়ে যারা ব্যবসা করবে সেখানে বেশী করে ঋণ দেওয়া হয় না। এদের যদি ঠিকভাবে ঋণ দেওয়া হোত তাহলে তার দ্বারা উপকার হোত। এদিকেও আমি মন্দ্রী মহাশয়ের দ্ভিট আকর্ষণ করছি। আর এই সব সমবায় সমিতি যাতে ঠিকভাবে চলে তার জন্য তিনি সক্রিয় দৃষ্টি এদিকে রাখবেন।

Shri Tarapada Chaudhuri:

মিঃ ডেপর্টি স্পীকার, স্যার, আজকে সমবায়কে যে গ্রুত্ব দেওয়া হচ্ছে আমাদের গ্রামীণ অর্থনৈতিক উন্নতিকলেপ, আমি মনে করি, বিধানসভার সদস্য এবং পার্লামেণ্টের সদস্য সকলেই বিদি আজ এই গ্রুত্ব আরোপ করতেন তাহলে আজকে যে সমবায়ের অবস্থা আছে তার একটা বিরাট পরিবর্তন সাধিত হোত। এবং রিসেন্টাল রিজার্ভ ব্যাঙ্কের গবর্ণর, মিস্টার আয়েঙ্গার এই কথা বলেছেন, কো-অপারেটিভ লিডারশিপ আজ আসছে না। আজ এর নেতৃত্বের প্রয়োজন আছে। কারণ আমরা যে নেতৃত্ব দিচ্ছি তা অল্প সময়ের জন্য এবং আমাদের রাজ্যে এটা একটা গ্রুত্বপূর্ণ বিষয়। এখন কথা হচ্ছে, আজকে মাননীয় সদস্যরা টাকার কথা বলছেন যে, ৬

কোটি টাকা ঋণ দেবার কথা ছিল কিন্তু আডাই কোটি টাকা দেওয়া হল কেন। এ প্রশেনর উত্তর হচ্ছে যে টাকার অভাব নেই। কিন্তু আমাদের স্ট্রাকচার অভাব। আপনার through loan পাশ করা হয় সেই লোন ফেরত এসে রিজার্ভ ব্যাণেক ডিপোজিট হয়। পর আমাদের প্রাথমিক সমিতির যে অবস্থা হয়. সেখানে কেন্দ্রীয় ব্যাঙ্কের অবস্থা এবং অন্যান্য প্রাদেশিক ব্যাঙ্কের অবস্থা ভাল হয়। আমাদের প্রাথমিক সমিতির বিরাট সমস্যা আছে যার পরিবর্তনি আরশাক। আমি বলতে চাই একটা জিনিষ গত চার বংসর যাবং এই বিধানসভার সদস্য হিসাবে বাজ্য সরকারকে জানিয়ে আসছি যে মার্কেটিং সোসাইটি যদি ডেভেলপ না করা হয় তাহলে ক্রেডিট এক্সপানশন হতে পারে না। কারণ প্রোডাকশন প্রোগ্রাম করতে হলে ক্রেডিট দিতে হবে। এবং সরকারী নীতি হিসাবে গ্রণমেণ্ট অফ ইণ্ডিয়া ঘোষণা করেছেন এগ্রিকালচারাল প্রোডাকশন প্রোগ্রামের জন্য, ইভন সাবমার্রাজনাল কার্লাটিভেটার্স'দের লোন দাও। ল্যাণ্ড সিকিউরিটি চেয়ো না। এই নীতি এাাকসেপ্টেড হয়েছে। যদি প্রোডাকশন প্রোগ্রাম কার্যকরী করতে হয় তাহলে প্রয়োজন কি? প্রথম হচ্ছে ইরিগেশন ফেসিলিটিজ, তা আছে। কিল্ড ফার্টিলাইজার ডিন্টিবিউশন-এ প্রথম পদক্ষেপ আমরা করতে চাচ্ছি এবং সেই জন্য বলোঁ ২ শাম এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের সোসাইটির দূর্ণিট আকর্ষণ করে, এই অভিযোগ করেছিলাম যে এই ব্যাপারে কি দণ্টিভগণী রাজ্য সরকারের আছে। কিন্ত আমাদের এই চিংকার সত্তেও তার কোন পরিবর্তন করতে পারেন নি।

[6-6-10 p.m.]

র্যাদ উড়িষ্যা পারফেক্ট স্টেট হতে পারে; আসাম পারফেক্ট স্টেট হতে পারে। উড়িষ্যা এমন কিছ, পারফেক্ট স্টেট নয়; আসাম পারফেক্ট স্টেট নয়, বিহার এমন কিছ, পারফেক্ট স্টেট নয় তারা যদি সেখানে ফার্টিলাইজার ডিস্ট্রিবউশন ভার নিতে পারে সেখানে কেন পারব না। আমি মনে করি আমাদের এখানে যে সমস্ত সংস্থা আছে বিশেষত মেদিনীপরে এবং বর্ধমানে আমি এখানে চ্যালেঞ্জ করে যাচ্চি যদি আমাদের উপর ভার দেওয়া হয় তাহলে আমরা বর্তমানের চেয়ে ভালভাবে ফার্টিলাইজার ডিন্টিবিউশন-এর কাজ চালাতে পারব। সেই জন্য আজ বর্ধমান মেদিনীপুরের সংস্থাগুলি ফার্টিলাইজার ডিম্টিবিউশন-এর মনোপলি চায়। আজকে প্রমাণ করে দিতে চাই যে আমাদের মনে একটকে দ্বিধা নাই। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব Shaw Wallace-কে না দিয়ে ফার্টিলাইজার ডিম্ট্রিবিউশন-এর ভার আমাদের উপর দেওয়া হউক। অত্যন্ত পরীক্ষামালকভাবে একবার বর্ধমান জেলার সংস্থার উপর মনোর্পাল দেওয়া হউক। আজকে প্রশ্ন এসেছে গ্যারাণ্টি দিতে হবে তিন মাসের ক্রেডিট-এ। এটা একটা অভূতপূর্ব ঘোষণা। প্রত্যেক রাজ্যে ক্রেডিট-এ মাল দেওয়া হয় সেখানে ক্রেডিট-এ সাংলাই দিতে হবে। আমরা বলতে চাই আমরাও ক্রেডিট দিতে প্রুহতত আছি তিন মাসের জন। পাঁচ-সাত লাথ টাকা। সম্প্রতি একটা কমিটি সেট-আপ হয়েছিল ডেভেলপমেণ্ট কমিশনার এবং তার চেয়ারমানে ও এখানকার এগ্রিকালচারাল ডিপার্টমেণ্টের সেক্রেটারী ও অন্যান্য ডিপার্টমেণ্টের সেক্রেটারীরা মিলে একযোগে সিম্ধান্ত নিয়েছেন যে ফার্টিলাইজার ডিম্ট্রিবিউশন-এর মনোপলি বর্ধমান জেলার কো-অপার্রেটিভ-এর মাধ্যমে দেওয়া হবে। জানি না কেবিনেট সম্মতি দেবেন কী না। এখানে যখন আমার বলার সুযোগ হয়েছে তখন আমি মুখামন্ত্রীর কাছে সনিব^{ৰ্}ধ অনুরোধ করব যে অন্তত বর্ধমান জেলাকে একবার ডিড্রিবিউশন-এর ভার দিয়ে দেখন আমরা চালাতে পারি কিনা। বর্ধমান প্রাদেশিক ব্যাহ্ক এগ্রিকালচারাল মাকেটিং সোসাইটি, জোনাল মাকেটিং সোসাইটি তারা বৈঠক করেছিল যে কিভাবে ডিজ্মিবিউশন হবে শেয়ার কোথা থেকে আসবে রিসোর্সসেস কোথা থেকে আসবে। সেখানে রাজ্য সরকারকে এ্যাসিওর করতে চাই এবং এার্বসিলিউট গ্যারাণ্টি দিতে চাই যে আমরা তিন মাসের ক্রেডিট চেক দেব এবং cheque will be payable তাহলেই cheque will be good for payment. সে-ক্ষেন্তে Is there any change of loss? আমি মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই যে রিজার্ভ ব্যাৎক অফ ইণ্ডিয়া বৃশ্বমান জেলাকে select করেছে for intensive development of co-operative।

তারপর National co-operative development-এর আমি একজন সদস্য তাদের ২০ তারিথের মিটিং-এ আমি attend করেছিলাম, তাঁরা বলেছেন marketting finance develop করতে না পারলে এক্স্পেন্সন ক্রেডিট হবে না। আমরা ২০ টাকা ফার্টিলাইজার দেব বাকী ৮০ টাকা ক্রেডিট দেব। এবং পরে সেই টাকা আদায় করে নেব। আমরা লোন ইন কাইন্ড এগন্ড লোন ইন ক্যান্দ দেব—দুই সিন্দেইম এ্যাড্রুট করব। তাহলে আর কোন অস্ক্রিধা থাকবে না। স্যার, আপনি জানেন যে, ফার্টিলাইজর ডিস্ট্রিবউশন ব্যাপার নিয়ে কি রকম বার্গলিং হয় এবং যেভাবে চাম্বীকে দর দিতে হয় সেটা সকলেই জানেন। একে বর্ধমানের ফার্টিলাইজার চা-বাগানে বিক্রী হচ্ছে। আর চাম্বীদের ১২, ১৪, ১৫ টাকা পর্যন্ত দিতে হয়। স্কুতরাং ডিজ্রিবিউশন এর্নিসউর করতে হলে কো-অপারেটিভ এর মাধ্যমে ফার্টিলাইজার ডিজ্রিবিউশন করতে হবে। তাহলে কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি স্কুত্বভাবে কাজ করতে পারবে। এবং ফার্টিলাইজার ডিজ্রিবিউশন-এর কাজ ভালভাবে চলবে। তারপরে চাষ্বীদের যে সার্গ্রাস ধান হবে তারা সেটা জ্যা দেবে।

লোন রিপেমেণ্ট তাঁরা এই মার্কেটিং সোসাইটির মাধ্যমে করেন তাহলে আজকে সারুলাস প্রোডিউস মার্কেট আমাদের হাতে আসবে। কাজেই আজকে এক্সপানসন অফ ক্রেডিট বলছেন টাকা যদি ফেরং আসে—আমাদের ৭ কোটি টাকা সিলিং আছে আমি ইউটিলাইজ করেছি মার আডাই কোটি টাকা। অর্থাৎ সাডে চার কোটি টাকা ইউটিলাইজ করতে পারিনি, কারণ কোন আক্রচার নেই। অর্থাৎ মার্কেট জ্বাক্রচার বেশী ডেভালপ করেনি। মার্কেটিং গোডাউন হয়েছে মাকেণিং সোসাইটি হয়েছে। বাঙলা সরকার শেয়ার ক্যাপিটাল করেছেন যথেষ্ট, কিল্টু আমি বলছি শ্র্যে শেয়ার ক্যাপিটাল কণ্ট্রবিউট করলে হবে না। শেয়ার ক্যাপিটাল কণ্ট্রবিউশন করলে भरत ना काल लातक हाय़---फाश्मान कि? फार्टिनारेलात-अत कथा आभि वर्नाष्ट्र। फार्टिनारेलार ডিজ্রিবিউশন সম্বন্ধে আমি মুখামন্ত্রীকে অত্যন্ত আবেদন জানাব যে একটা জেলা বর্ধমান যেটাকে সিলেক্ট করেছি, পাইলট প্রোজেক্ট হিসাবে আমাদের বর্ধমান জেলাকে যদি মনোপলি দেন তাহলে আমরা দেখাব বর্ধমান জেলায় দেওয়া হয় না। ফার্টিলাইজার ডিজ্মিবিউশন অন জেলায় আমরা চাই—সেই পরিচয় তাঁর কাছে আমরা দেব। আর একটা গরেত্বপূর্ণ বিষয় হঙ্গে এই যে যেখানে লং টার্ম ক্রেডিট– দীর্ঘ মেয়াদী ঋণ-এর বাবস্থা হয়েছে সেখানে প্রথমে যদি টাকাং দরকার হয় তাহলে ল্যান্ড মার্টগেজ ব্যাঙ্ক নিজে টাকা দিয়ে মার্টগেজ সিকিউর করেন। মার্টগেছ সিকিওর-এর পরে অন দি বেসিস অফ দ্যাট মর্টগেজ ডিবেণ্ডার ফ্লোট করা হয় এবং সেই ডিবেণ্ডা: দেনট হয়ে টাকা আসে এবং যাঁরা এ।।ডভান্স করেন তাঁদের রি-পে করা হয়। অন্ধ, মাদ্রাজ, বন্দে প্রত্যেক রাজ্য সরকারই এ্যাড-ইন্টারিম ফাইন্যান্স দেন—কোন জায়গায় ৩৫ লাখ ৪০ লাখ এব ২০ লাখ—এক বছরের জন্য। অর্থাৎ যে সময় পর্যন্ত মর্টগেজ করবার জন্য টাকা দরকার হ সেই ১৫/২০ লক্ষ্ণ টাকা এক বছরের জন্য এয়াডভান্স করেন এবং সেই এয়াডভান্স মর্টগোং ক্রেডিট করার পর। সেই মর্টগেজ-এর জন্য বেসিস ডিবেণ্ডার করা হবে এবং সেই ডিবেণ্ডার-এ টাকা যখন আসবে তখন এই মর্টগেজ-এর লোন রি-পেমেণ্ট দেওয়া হবে। আমাদের রাজ সরকার সর্বপ্রথমে দশ লক্ষ টাকা দির্মোছলেন এবং তার ব্রনিয়াদে এথানে মর্টগেজ তৈরী হয়েছে মর্টগেজ ডিবেণ্টার হয়েছে। সম্প্রতি এ্যাড-ইণ্টারিম ফাইনান্স-এর অভাব হওয়ার কারণ রাভ সরকারের কাছ থেকে এ্যাড-ইন্টারিম ফাইনান্স পেতে দেরী হয়। আমরা প্রাদেশিক ব্যাৎক থেত ২ লক্ষ টাকা দিয়েছি এবং প্রয়োজন হলে আরও পাঁচ-সাত লাথ টাকা এ্যাডভান্স দেওয়া হবে কিন্তু তাতে অসুবিধা হবে এবং স্তদের হার বেড়ে যাবে। সেজন্য মুখ্যমন্তীকে বলব যে অথ দণ্তর গ্যারান্টি চাওয়া বা ফাইল চাওয়াতে আঁতকে ওঠেন এবং তাঁরা ফাই**ল খালে দেখেন ন** ডিবেণ্ডার ফ্রোট হলেই টাকা চলে আসবে, কিন্তু সেই ডিবেণ্ডার-এর ফাইল এখনও অর্থ-দশ্তা পড়ে আছে কেন জানি না। এপ্রিল মাস থেকে চার মাস পর্যন্ত কোন ডিবেণ্ডার রিজার্ভ ব্যাং মারফং আসবে না। প্রোপোজাল ডিবেগ্ডার যদি গ্যারান্টি দিয়ে দেন সেই ফাইল অনেক দি করতে পারব না। প্রোপোজাল ডিবেণ্ডার যদি গ্যারাণ্টি দিয়ে দেন সেই ফাইল অনেক দি ধরে যে কেন পড়ে আছে জানি না-তাহলে ইননিউমারেব লা ডিবেণ্ডার আমরা ফ্লোট করা

পারি তা না হলে এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত আমরা কিছু করতে পারব না। আমার সময় নেই—লালবাতি জ্বালিয়ে দিয়েছেন--তা না হলে অনেক কিছু বলবার ছিল সেসব বলতে পারলাম না।

[6-10-6-20 p.m.]

Shri Ramanuj Halder:

মাননীয় স্পীকার মহাশয়, আজকের আলোচনা প্রসঙ্গে আমার বন্তব্য হচ্ছে যে, গত ৫০ বছর ধরে যদিও সমবায় সমিতির উন্নয়নের চেণ্টা চলছে কিন্তু সারা ভারতের অন্যান্য প্রদেশের তুলনায় আমাদের পশ্চিম বাংলা এ ব্যাপারে কতথানি পশ্চাংপদ হয়ে রয়েছে তার কয়েকটা নজীর আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। প্রথম কথা হোল এমন পশ্চাৎপদ হয়ে থাকার মূল কারণ সরকারের তরফ থেকে সমবায় সম্বন্ধে কোন বলিষ্ঠ এবং স্ক্রুস্পন্ট নীতি ঘোষণা করা হয়নি এবং সরকার যে স্ল্যান করেন তাতে তাঁদের নৈতিক স্ল্যান অপেক্ষা ভোতিক স্ল্যানের' দিকেই লক্ষ্য বেশী এবং এর ফলে লক্ষ্য কর্রাছ যে সমবায়ের মূল উন্দেশ্য ব্যাহত হয়ে আজ তা জনগণের সংশ্রব-মুক্ত হয়ে বিচ্ছিন্ন হয়ে আসছে। এ পর্যন্ত সমবায় চালাবার যে পরিকল্পনা চলেছে তা রিজার্ভ ব্যাঞ্কের রিপোর্ট থেকেই পাওয়া যায় যে, পশ্চিম বাংলার সমবায়ের অবস্থা এত শোচনীর্য় যে তাঁরা তাঁদের বরান্দকত অর্থ বায় করতে পারেনি এবং যে পরিমাণ কাজ করবার কথা তাতে তারা যোগ্যতার অভাব এবং অনিপ্রণতার জন্য পশ্চাংপদ হয়ে রয়েছে। স্যার, সমবায়ের মূল উদ্দেশ্য হচ্ছে কৃষি ও শিল্পের উন্নতির মারফং দেশের লোকের আর্থিক অবস্থার উন্নতি করে জীবনকে চরিত্র ও ব্যক্তিছে উল্লীত করা। শুধু তাই নয়, গতবার মুখ্যমন্ত্রী বলেছিলেন টু ওয়ার্ক টুগোদার, কিন্তু আমি মনে করি শুধু একত্রে কাজ করাই নয়, সকলের কার্যশিক্তি মিলিত করে সর্বশক্তিকে সর্বসাধারণের জন্য লাভ করাই হবে সমবায়ের মূল নীতি। কিন্তু দৃঃখের বিষয় স্বাধীনতা প্রাণ্তির পর দেশের জনগণের মধ্যে যে প্রেরণা এবং উৎসাহ ছিল তা সরকরের দ্রান্ত নীতির ফলে ব্যর্থ হয়ে যাচ্ছে এবং জনগণের মধ্যে সমবায়ের আর সাডা পাওয়া যায় না। স্যার. দেশের জনগণের মধ্যে গণতান্ত্রিক পর্ম্বতিতে ধাংপা দিয়ে বলা হচ্ছে যে দেশের সম্পদ বৃদ্ধি হলেই তাতে निम्म म्टारतत मान, स्वतं कलाां १ रहा। किन्छु अपे वला यारा ना। मर्ज्य मर्द्या अपेछ वला যায় না যে কয়েকজন ধনী শিল্পপতির আয় বৃদ্ধি পেয়ে জাতীয় আয় বাড়লেই তাতে সাধারণ মানুষের আয় বাড়ে। তারপর সমবায়ের মাধ্যমে দেশের কৃষি ও শিল্পের উন্নতির প্রতি যে দূর্গিট রাখা হয় নি তার মূল কারণ হোল ব্যক্তি-স্বার্থ ব্যাহত হয় এই ভয় সরকারের আছে। এবং তার ফলেই অলপ ধনিক গোষ্ঠীর হাতে অর্থ কৃক্ষিগত হয়ে তাঁদের প্রভাব বেশী দেখা যাচ্ছে। স্তুতরাং অধিকসংখ্যক জনসাধারণের কর্মশ্রম এবং কর্ম করবার ক্ষমতা যখন ধনীর অর্থের মধ্যে র পকের মূর্তি নিয়ে দাঁডিয়ে রয়েছে তখন যদি সেটাকে ব্যাহত করে ব্যক্তিগত ব্যবসা ও শিল্পে যে প্রাজ চলছে তাকে বাধা দেওয়া না যায় তাহলে শ্বধ্ব গ্রাটকতক সরকারী কর্মচারী এবং मित्रम् जनमाधात्रगरक निरः मभवारात कल्या कता यात ना ।

তারপর আমি মনে করি ট্রেনিং দেওয়া দরকার এবং এ ব্যাপারে গত বারের বাজেটে দের্ঘছি ৭৫ হাজার টাকা বায় করা হয়েছে। কিন্তু এ বছরে কোন টাকা ধরা হয়নি কেন? তারপর আমি মনে করি গ্রামে সমবায় সমিতি প্রতিষ্ঠা করবার সময় গ্রামের ধ্রন্ধর এবং দলীয় স্বার্থের লোকেরা তার মধ্যে ঢোকে বলে গ্রামের দরিদ্র জনসাধারণের কর্মক্ষমতা ষেভাবে সমাজ উয়য়নের কাজে ব্যাপ্ত হতে পারত তা তাদের অপচেন্টার ফলে পারছে না এবং তার ফলে এগ্রেলা মর্ন্টিমেয় লোকের হাতে থেকে যাছে। কাজেই আমি মনে করি ট্রেনিংপ্রাপ্ত সরকারী কর্মাচারীদের নিয্তুক্রে সমবায়ের ট্রেনিংয়ের ব্যবস্থা করে ঝাতে এটা গ্রামে গ্রামে সন্প্রসারিত করা যায় তার ব্যবস্থা করা উচিত। কিন্তু আশ্চর্যের বিষয় যে তা না হয়ে বরং তার উল্টো ব্যবস্থাই হছে। তারপর স্যার, আমি লক্ষ্য করে দেখিছি যে সরকার একদিকে অসংখ্য দাসকে বন্ধ্যায় বে'ধে চাব্ক মেরে ধনের রথ চালাবার মতলব নিয়েছেন আর অন্য দিকে জনসাধারণের কাছে এই বলে ধাশ্পা দিছেন যে এতেই তোমাদের মঙ্গল এবং উয়িত হবে। যা হোক্, এবারে আমি সারা ভারতের সংগ্যে

उमनाम्नकणार्य रिटमय करत प्रथाव य कि अमराग्न अवस्थात मधा निरम्न दार्शना प्राप्तात मधा स्थान स् সমিতি তাদের কাজে অগ্রসর হচ্ছে। স্যার, আপনি লক্ষ্য করে দেখুন, সমবায়ের মধ্যে পার থাউজে ৬ পপ্লেশনের যেখানে আমাকে ৭৫·৩১ এবং অন্যান্য প্রদেশে ৭৮·৭৪ সেখানে আমাদের এখানে মাত্র ৫৭.৫৪। শুধু তাই নয়, তাদের মেম্বারশিপ এবং সমিতির সংখ্যা যেখানে অন্যান্য প্রদেশে ২৬ হাজার সেখানে আমাদের এখানে মাত্র ১৯ হাজার, যেখানে ইউ. পি.তে ৬২ হাজার সেখানে আমাদের এখানে ১৯ হাজার। তারপর যেখানে গত বংসর পশ্চিম বাংলা ১৬ লক্ষ ৭৮০ জন মেম্বার করেছে সেখানে অন্যান্য জায়গা তার চেয়ে অনেক গুণ বেশী করেছে। যা হোক, মৌলিক নীতির দিক থেকে প্রশ্ন হচ্ছে সরকারের তরফ থেকে জনসাধারণের মধ্যে সমবায়ের নীতি স্প্রসারিত না করবার মূল কারণ হচ্ছে তাঁরা মূচ্টিমেয় লোকের মাধ্যমে অর্থ পূর্ণজি রেখে দিয়ে জনসাধারণের কাছে বলছেন যে, এখনও পর্যণ্ড সমবায় সমিতিগুলো সে নীতিতে চলছে তাতে অনেক রকমের ত্রটি দেখা যায়। অধিকাংশ সমিতিগুলি লাগ্নির কারবার একট্রখানি লাভ দেখা গেছে মাত্র। সাধারণ মান্য যারা অন্যের কাছ থেকে চড়া হারে স্কুদের টাকা নিয়ে কৃষি-ব্যবস্থা ও অন্যান্য শিল্পব্যবস্থা করত এখন তারা সমবায়ের মাধ্যমে কিছু পরিমাণে সুযোগ পাচ্ছে। কিন্তু আমরা জানি সারা পশ্চিম বাংলায় বেসরকারী ঋণের পরিমাণ হচ্ছে ৭৩ পার্সেণ্ট। সরকার এখন পর্যন্ত এর কোন ব্যবস্থা করতে পারেন নি। যারা বেসরকারী ব্যবসায়ী তারা অসম্ভব স্কুদের হার বাড়িয়েছে—যত টাকা নেওয়া হবে দৈনিক তত পয়সা স্কুদ দিতে হবে। যদি একশো টাকা নেওয়া হয় তাহলে দৈনিক একশো পয়সা সূদ দিতে হবে। মাননীয় তারাপদবাব, যে-কথা বললেন যে প্রাদেশিক ব্যাঞ্চগর্নার উপর এমন কতকগ্রাল নিয়ম করা হয়েছে যে তারা স্বাধীনভাবে ব্যবসা করতে পারে না। তাদের যদি স্বাধীনভাবে ব্যবসা করবার সুযোগ না থাকে তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রন্ন হচ্ছে, এই প্রতিশিস্যাল ব্যাৎকগুলি রাখার সাথকিতা কি আছে? প্রতিশিস্যাল ব্যাৎক-গুর্নির উপর বৃষ্ঠতঃ কেন্দ্রীয় ব্যাৎকগুর্নির উপর চড়া হারে সূদ গ্রহণ করে নিয়ে তারা বেচ থাকবে এটা কি একটা সমবায় উন্নয়নের উদ্দেশ্য? র্যাদ তাদের স্বাধীনভাবে বাবসা করবার সুযোগ না দেওয়া হয় তাহলে প্রাদেশিক ব্যাৎক রাখার কোন সার্থকতা নেই। আমি মনে করি প্রাদেশিক ব্যাৎক না রেখে কেন্দ্রীয় ব্যাৎকগ্রনির উপর সরাসরি রিজার্ভ ব্যাৎেকর কাছ থেকে অলপ হারে সদ নিয়ে সমবায় সমিতিগুলিকে সম্প্রসারিত করবার সুযোগ দেওয়া যথেষ্ট ভাল। তাছাড় সমবায় সমিতিগু, লিকে যে প্রাইমারি ঋণ দিয়ে থাকেন তা অতান্ত অসময়ে দেন। আর একট জিনিস, যে উদ্দেশ্যের জন্য এই টাকা ব্যয় করছেন সেই উদ্দেশ্যে টাকা কোন রকম কাজে লাগে না। আমি বলতে পারি ৫ পার্সেণ্ট টাকা সেই উদ্দেশ্যে ব্যয়িত হয় না। ফার্টিলাইজার কেনবার জন্য হোক, কৃষির উন্নতির জন্য হোক, শিল্পের উন্নতির জন্য হোক যে ঋণ আপনারা দিচ্ছেন ত যথার্থ উদ্দেশ্যে ব্যয়িত হচ্ছে না। কারণ, সাধারণ মান্য দরিদ্র, তাদের আর্থিক অবস্থা এমন ভাবে ভেপে চূর্ণ-বিচূর্ণ হয়ে গেছে যে তারা টাকাটা ঐ কাজে না লাগিয়ে পেটে খাবার জন বায় করে ফেলছে। আর আমাদের মন্ত্রীরা দ্রের থেকে গণতন্তের নামাবলি গায়ে দিয়ে তাদে কাছে নানা রকম প্রচার করছেন। আমরা অধিকাংশ ক্ষেত্রে দেখতে পাই যে পরিমাণ টাকা কৃষি লোন, সারের জন্য দেওয়া হয়. প্রায় সবটাই অসময়ে দেওয়া হয়। ফলে কৃষককে চড়া সন্দে বজার থেকে টাকা সংগ্রহ করে বায় করতে হয় এবং যখন নতুন ফসল উঠে তখন সেই ফসল নাম মাত্র মালের বিক্রি করে দিয়ে তাদের এই ঋণ চড়া সাদ সহ পরিশোধ করতে হয়। সেজন্য আ মনে করি কৃষককে দীর্ঘ-মেয়াদী এবং মধ্য-মেয়াদী ঋণ দেওয়া প্রয়োজন এবং লক্ষ্য করা দরকা ষে অন্ততঃ অধেকি পরিমাণ টাকা সার ও কৃষি-যন্দ্রপাতি ক্রয়ের জন্য দিলে আর বাকি অধে টাকা সমিতিগুলিকে দেওয়া হবে। সমবায় সমিতিগুলিকে বর্তমানে আড়াই শো টাকা দেও হয়। এই ঋণ চাষের পক্ষে উপযুক্ত নয়, এর পরিমাণ বৃদ্ধি করা দরকার। আমি মানে কা অন্ততঃ ৫ শো টাকা করা দরকার। যে সমস্ত কারবারনামা করবার জন্য আইন রেখেছে সেই কারবারনামায় জনসাধারণের যথেষ্ট অস্ত্রিধা হয়। কারবারনামায় রেজিম্মিকরণ কেন এটা মাত্র তমলত্বের মাধ্যমে করা যেতে পারে। সত্তরাং জনসাধারণের যদি কল্যাণ করতে হ

তাহলে আমার মনে হয় তাদের উপর বিশ্বাস স্থাপন করা দরকার, জনসাধারণের সংগে সংযোগ স্থাপন করা দরকার। কিন্তু যাঁরা সমবায় পরিচালনা করেন তাঁরা দলীয় স্বার্থের স্ব্যোগ নিয়ে এমন বিদ্রান্ত অবস্থার স্থিতি করেন যে সরকারী কর্মচারী পর্যন্ত সাধারণভাবে যাদের মনের ইচ্ছা অন্য দিকে থাকলেও সেই দলীয় স্বার্থকে প্র্ভুট করবার জন্য প্রচেন্টা করে থাকে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার দ্বিট আকর্ষণ করিছি সেটা হচ্ছে গত ১৬. ৮. ৬০ তারিখে ২৪-পরগণায় সমবায় ইউনিয়ন তৈরী করবার জন্য যখন প্রমিনেন্ট কো-অপারেটস্দের আহ্বান করা হয় তখন বেছে বেছে কংগ্রেস কর্মীদের, যাঁরা কোনকালে কো-অপারেটিভের সঞ্জে জড়িত নয়, তাঁদের আহ্বান করে কন্ফারেন্স করা হল। অত্যন্ত দ্বংথের বিষয়, তারাপদবাব্ব যিনি সমবায় সম্পর্কে উৎসাহী অন্ততঃ প্রচার করে বেড়ান, তাঁর দ্বিট আকর্ষণ করা সত্ত্বেও তিনি এ বিষয়ে হস্তক্ষেপ করেন নি এবং উধ্বত্ম দলীয় স্বার্থের খাতিরে এই সমস্ত লোকদের নিয়ে ইউনিয়ন গঠন করার জন্য প্রচেটা করেছেন।

[6-20-6-30 p.m.]

আমার প্রশ্ন হচ্ছে দলীয় স্বার্থের উধের্ব না উঠলে কখনও আমাদের দেশের জনসাধারণের ম**ংগল সমবা**য়ের মাধ্যমে হতে পারে না। জনসাধারণের কর্মদক্ষতাকে উন্নীত করার প্রচেষ্টা র্ঘদি না থাকে তাহলে দেশের জনগণের অর্থনৈতিক অবস্থা কখনও উল্লীত হবে না। বর্তমানে যে অবস্থা আছে, সেই অবস্থায় তার প্রচেষ্টা কখনও চলতে পারে না। যে ধনী লোক সে ধনী থেকে যাবে এবং যে দরিদ্র সে দরিদ্র থেকে যাবে। সেজন্য আমি কতকর্গনি প্রশন করতে চাই— ডাইরেক্ট রিক্রুটমেণ্ট আর প্রমোশনে কি রকম তফাৎ দেখুন। কতকগুলি সুপারভাইজারকে প্রমোশন দিয়ে অভিটরে উল্লোভ করা হয়, কিন্তু কিছু, দিন পরে তাঁদের কার্য শেষ হয়ে যাবার পর—কাজের সময় কাজি, তার কাজ ফুরালে যা হয়, সেই হয়েছে—তাঁদের রিভার্ট করে নীচে নামিয়ে দেন। ডাইরেক্ট রিক্র্ট এবং প্রমোটিদের বেতন সমান হলেও এ'দের পেন্সন পাবার সনুযোগ নাই এবং ইচ্ছাকৃতভাবে এ'দের রিভার্ট করা হয়। আরো অসনুবিধা হচ্ছে এই যে, এই সমুহত কর্মচারীরা যাঁরা অডিট করেন তাঁরা আবার পাট সংগ্রহ করেন। গ্রামের সাধারণ মান্_বষ **লেখাপড়া জানে না। এই সম**স্ত স**্**পারভাইজাররা টাকা আদায় করছেন, আবার অডিটরস্বর্প কাজ করছেন—এর মধ্যে দুনীতি থাকলে গাঁয়ের জনসাধারণের সাধারণভাবে ঠকে যাবার প্রচুর সম্ভাবনা থাকে। আর একটা অস্ববিধা হচ্ছে যাঁরা গাঁয়ে-গাঁয়ে কাজ করেন—এমন কোন সমবায় প্রতিষ্ঠান নেই যেখানে সরকারের নিয**়**ন্ত কর্মচারী অথবা কেন্দ্রীয় ব্যাঙ্কের কর্মচারীদের থাকা-খাওয়ার স্বযোগ পাচ্ছে। কতকগ্বিল জিনিস আমরা দেখতে পাই, সরকারী নীতির মভাব, বিনা-বেতনের কর্মচারীদের দ্বারা পরিচালন ব্যবস্থা, কর্মচারীদের সংখ্যা অত্যন্ত অল্প এবং টাকা যে পরিমাণ বরাদ্দ করা হচ্ছে সেটা নিতান্ত প্রহসনবাঞ্জক এবং এত অলপ টাকা দিয়ে নমবায়ের মাধ্যমে জনসাধারণের উন্নতি করা সম্ভব হবে না। কাজেই এর জন্য আরো বেশী পরিমাণে টাকা বরান্দ করার প্রয়োজন আছে। অর্থের অভাব, অসময়ে ঋণ দান, জনগণের মশিক্ষা, শুধু সরকারী ব্যবস্থার অভাব এবং মন্থর গতি—এর অগ্রগতিকে ব্যাহত করছে। তার টপর সমবায়ের কোন প্রচার-ব্যবস্থা নেই—সরকারী এবং বেসরকারী কর্মচারীদের মধো যাগাযোগের অভাব রয়েছে। ছোট ছোট সোসাইটিগ**্বলি যেখানে আছে সেখানে লার্জার বাজা**ব এস্ববিধা আছে। সমবায়ের মধ্যে যে দ্বনীতি নানাভাবে প্রসার পাচ্ছে, সরকারের মতলব নেই গকে দুর করে একটা স্পরিচ্ছন্ন নীতির মাধ্যমে সমবায়ের সম্প্রসারণ করার। সেজন্য স্যার. **াজেটে যে টাকা বরান্দ করা হয়েছে এর অপচয় হওয়ার সম্ভাবনা দেখে আমি এর প্রতিবাদ** rরছি। কাজেই হয় বহলে পরিমাণ টাকা এর জন্য বৃদ্ধি করা হোক, না হয় এই সমবায় খাত ারবাদী করে দেয়া হোক।

Shri Ajit Kumar Ganguli:

স্যার, এখানে অনেক আলোচনা হল। এথানে তারাপদবাব, যে কথা বলেছেন আমি মনে

করি ও'র কথাটা ঠিক ফার্টিলাইজার সম্বন্ধে, তবে সংস্যা সপো আর একটা কথা বলি তিনি বর্ধমানের কথা বলেছেন, কিন্তু তিনি বোধহয় জানেন যে ২৪-পরগণা জেলা একটা প্রকাশ্ত জেলা এবং এখানেও বহু সমিতি আছে—সে সম্বন্ধে তাঁকে একট্ন মনে করিয়ে দিছি। এখানে আমি আপনার মাধ্যমে ডাঃ রায়ের কাছে গোটাকতক কথা বলতে চাই। বস্কৃতার সময় তিনি অনেক ইমপ্রভ্রমেণ্টের কথা বলেছেন। উনি ডান্তার, এটা তাঁর বোঝা উচিত যে শ্র্ম্ব সংখ্যায় উপর ইমপ্রভ্রমেণ্টের কথা বলেছেন। উনি ডান্তার, এটা তাঁর বোঝা উচিত যে শ্র্ম্ব সংখ্যায় উপর ইমপ্রভ্রমেণ্টের কথা বলেছেন। উনি ডান্তার, এটা তাঁর বোঝা উচিত যে শ্র্ম্ব সংখ্যায় উপর ইমপ্রভ্রমেণ্ট নির্ভ্রর করে না। বাংলা দেশে যে সমসত সমবায় দেখেছেন তিনি উত্তর দেবার সময় বলবেন যে কটা সমবায় সেলফ্-সাফিসিয়েন্ট রয়েছে, তাঁদের দ্বারুপ্থ হছেে না। কতগর্নিল সমবায়? কত সভা হয়েছে? সেগ্লিল আপনি বল্ন। না বললে উত্তর হবে না। আপনার বলা উচিত। এই প্রসঞ্চে একটা কথা বলছি, এটা আমার কথা নয়। থার্ড এান্র্রেল কোতপারেটিভ কংগ্রেস-এ কে. ডি. মালব্য একটি কথা বলেছিলেন, সেটা বলে দিই

It was not thought or conceived of as a popular movement but as an official policy—in the policy official attitude was more in evidence. এই হচ্ছে কথা। আপনাদের অফিসিয়ালডমের বাইরে আপনারা যেতে পারছেন না। তা না হলে হতে পারতা। তিনি আরো বলেছেন—

Britishers have gone but the legacy of their methods still binds us. Instead of making the movement free from official control such control is being intensified today.

আমি একথা বলছি কেন : ম্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করে দেখবেন, আউট-লাক এই সরকারী কর্মচারীদের। কো-অপারেটিভ-এর ডাঃ রায়কেও ম্মরণ করতে বলি। কো-<mark>অপারে</mark> টিভ প্রাইভেট বৃদ্ধি বলে আমরা মনে করি না। It is not at all a private body কেন? It is not a social body. তবু আমি বুঝতে পার্রাছ না কেন সরকারী কর্মচারীরা সব সময় সেটা আগ্লে বসে আছেন? টাকাটা যেন গভর্ন মেশ্টের টাকা। এ গভর্ন মেশ্টের টাকা নয় তার শেয়ারের against-এ টাকা নেয়, এটা প্রাইভেট বডির লোন নয়। তাদের এগার্টিচিউট জন্য বাংলা দেশের লোক মনে করেন তাঁরা বাাধ্ক-লোন্ নিচ্ছেন। It it no loan—It is a Bank. (अपिटक योष ना यान, जारुटल कि घटि । छाः तास्र प्राप्त कत्र विन यथन वना হয়েছিল, তিনিও জানেন, তখন একজন কর্মচারী ক্রতিত্ব দেখাবার জনা বন্যা-পর্ীডিত সাতাশে গ্রামে গর্ব ধরতে লাগলো—টাকা দেয়নি বলে। তিনি বললেন, দেখে নিচ্ছি কিভাবে টাকা আদাঃ করতে হয়? কৃষকদের কাছে গর্ব তাদের সন্তান-তুলা। সেই গর্বাদ কেউ ধরে আনতে যায় তারা আকুল হয়ে পড়ে। জমিজমা বেচে টাকা দেয়। কর্মচারীরা প্রতিযোগিতা আরম্ভ করে কে কতথানি টাকা আদায় করতে পারে। এর মাল কথা তাঁকে পারণ করতে বাল। এর মতে আছে সেন্স অফ সিকিউরিটি। এটা তারা চায়। গভর্ননেন্ট টাকা দেন। তাই বলে কি তাঁর মাথা কিনতে চান। আমাদের নিশ্চয়তা কোথায় -যেখানে টাকা পাব ? এই সেন্স অফ সিকিউরি গভর্নমেন্টের দিক থেকে না হলে কিছ্য হতে পারে না। এই জিনিসের জন্য জমির ব্যবস্থ —আপনারা বলবেন আছে। তাদের জমি নাই—আছে দেড়শত টাকা পর্যবত। জামীন ব্যবস্থ তুলে দিতে হবে। আপনাদের জিজ্ঞাসা করি, আপনারা মিউনিসিপ্যালিটিকে টাকা দেন না এডুকেশনাল ইন্সটিটিউশনকে টাকা দেন না? কোথায় জামীনের ব্যবস্থা? তা সোশ্যাল বডি ত্রী ইউনিভাঙ্গিটিকে লক্ষ লক্ষ টাকা দেন, এড়কেশন,ল ইম্সাটিটিউশনকে টাকা দেন। সেখানে জামী দরকার নাই। আর এগালি গ্রামের ক্ষক হয়েছে বলে? সোশ্যাল পটাটাস নাই বলে? এ জিনিষ আপনার মাধ্যমে এই হাউসে র।খতে চাই। গোদের উপর বিষ ফোড়ার মত একটা বাবস ও'রা করেছেন। সেটা হচ্ছে ইং'রেজ আমলের লেগাসী এই নমিনেশন তলে দিয়েছেন ঠিক কিন্তু পেছন দরজা দিয়ে আর একটা নমিশেনের ব্যবস্থা করেছেন। আর্পান জানে**র—এরা আব** একটা শেয়ার কেনেন, সরকার থেকে শেয়ার কেনা হয় বলে তাঁদের লোক ওখানে তাঁরা রাখকে তারাপদবাব কে বলি, আমাদের ২৪-পর্গণা জেলায় ডাঃ জীবনরতন ধর, যিনি কো-অপার্কোটভ-৬ কিছুই জানেন না, তাঁকে এর মধ্যে রাখা হয়েছে। রামান,জবাব, বললেন—তাঁদের দলের স্বাথে

জন্য। এই যে পন্ধতি তাঁরা নিচ্ছেন, তার জন্য গভর্নমেণ্ট রিপ্রেজেণ্টেটিভ রাখছেন ঐ সেণ্টাল ব্যাণ্ডেক আছে, মার্কেটিং কো-অপারেটিভ-এ আছে। ডাঃ রায় এ সম্বন্ধে কোন ব্যবস্থা করে উঠতে পারছেন না। যাঁরা কো-অপারেশন সম্বন্ধে কিছুই জানেন না, এমন লোক এর মধ্যে দিয়ে যদি কো-অপারেটিভগ্নিকে দলীয় প্রাধান্যের ব্যাপারে আনতে চান, তাহলে ঐ কো-অপারেটিভ মুভমেণ্ট-এর কোন ব্যবস্থা হতে পারে না। সেই সাথে সরকারী কর্মচারীদেরও কাজে লাগাছেন। বাগদার বি. ডি. ও. তিনি কো-অপারেটিভ সম্বন্ধে সাব-ডিভিশনের মধ্যে পরীক্ষায় ভাল নম্বর করেছেন যে বাাওক, ফার্টে, সেকেণ্ড হরেছে, সেটা তিনি কংগ্রেসের দলীয় স্বার্থে ভাঙবার চেড্টা করছেন। এইভাবে কো-অপারেশন গো করান যাবে না। যদি কো-অপারেশন-কে গ্রো করাতে চান, তাহলে এই পথে সেটা করতে হবে, সে সম্বন্ধে আমি একটা কথা বলে দেই; একটা সাজেশন আমি দিচ্ছি—প্রথম যারা নির্মাতভাবে কাজ করে, তাদের সিকিউরিটিকে তুলে দিন; যারা এগিয়ে যেতে চাচ্ছে, তাদের আজকে আরো প্রভৃত পরিমাণে সাহায্য করবে এটা আমি আশা করি।

[6-30-6-40 p.m.]

Shri Ledu Majhi:

তারপর ১৯৫৯ সালে আর একটা নতুন স্থীম আপনি নিলেন—West Bengal Health Services Rule 59 dated 30-7-59 ৷ তাতে নন-গেজেটেড লাইসেন্সিয়েট এল. এম. এফ. ডাক্তারদের জন্ত স্কেল অফ পে, প্রোমোশান, unified health service cadre sanction করা আছে। তার কি হয়েছে ? আপনার ডিপার্টমেণ্টের মধ্যে হুনীতি, দলাদলি এবং নিজেদের মধ্যে অন্তর্ম দ্বের জন্ম সমস্ত স্কীমগুলি কার্যকরী করতে পারেন না। এই বে আপনি স্কীমটা নিয়েছিলেন ১-১-৫৯ তারিখে সেই সময় এল, এম, এফ ডাক্তার ছিলেন > হাজার > শো ৫০ জন। এই ১ হাজার ১ শো ৫০ জনের fixation of pay ইত্যাদি ব্যাপারে ১লা জাত্মারী ১৯৬১ সাল এই ২ বছরের মধ্যে দেই স্কীম কার্যকরী করা হলনা। ১৯৫৯ সালে আপনি যে fixation of pay schemeএর কথা বলেছেন তাতে এই ১ হাজার ১ শো ৫০ জনের মধ্যে মাত্র ৫৯ জন স্থােগ পেয়েছেন। যদি নিয়মিত প্রোমোশান পেয়ে যেত, যদি special favour scheme না করতেন ভাহলে ৩২৭ জনের পাওয়া উচিত ছিল। আপনি সেটা অস্বীকার করতে পারেন ? আমি এবারে health in Third Five Year Plan সম্বন্ধে কিছু বলতে চাই। ১৯৪৬ দালে ভোর কমিটি রেকমেও করেছিলেন যে ১৫ পাসে টি রেভেনিউ যেন হেল্থ প্রোগ্রামের পিছনে থরচ করা হয়। Indian Medical Association সেই ১৫ পার্সেণ্ট বাতে প্ল্যানে ধর। হয় গেজন্ত তারা রেকমেও করেছেন। Central Council of Health তাঁর। >০ পার্দেণ্ট রেকমেণ্ড করলেন। National Development Council দেখানে মাত্র ৪.৩ পাসে তি ভাংকদান করলেন যদিও দেকেও প্ল্যানে ৮ পার্সেণ্ট ছিল। Third Plana সেটা কমে এসেছে। আমি এবার ওয়াটার সাপ্লাইএর কথা বলব। ছোট ছোট শহরে এবং গ্রামে পানীয় জলের যে অভাব রয়েছে সে সম্বন্ধে আমাপনাদের পাবলিক হেল্থ ডিপার্টমেণ্ট কাজ কিছু করছেন কি ? সরকারের অগ্রান্থ ডিপার্টমেণ্টগুলি সম্বন্ধে বলে কিছু লাভ নেই। কিন্তু আপনার পাবলিক হেল্থ ডিণার্টনেন্ট, যেমন রিফিউজী ডিপার্টনেন্ট, এস, ডি, ও,র আংগুরে যতগুলি টিউবওয়েল দেয় সেগুলি থারাপ হয়ে যাবার পর ৬ মাস ২ বছরের মধ্যেও রিপেয়ার করা হয়না। সাধারণতঃ পাবলিক টিউবত্যেল যেগুলি পৌরসভা এলাকায়, ইউনিয়ন বোর্ড এলাকায় করেন সেগুলির লাইফ খুব বেশী থাকেনা, সেগুলি রিপেয়ার করার দরকার হয়: ভাষদি আপুনারা না করেন ভাহলে সেথানে যে লোকাল বডি রয়েছে ভাদের হাতে এটা ছেড়ে দিন, তাঁরা সেগুলি করুন। ভাও আপনারা করবেন না। জলের সমস্তা মেটাবার জন্ত Metropolitan Water and Sewerage Board গঠন করে গঙ্গা নদীর ছই পাশে বছ মিউনিসিপালিটির উপর জলের ব্যবস্থা করার কথা আমরা জানি। অবশ্র এও আমরা জানি যে ডা: রাষ Miscellaneous Loans budget যেদিন প্লেস করলেন সেদিন ভিনি বলেছিলেন যে গলার পশ্চিমণারে এট মিউনিসিণ্যালিটি এবং গঙ্গার এপারে নর্থ এবং সাউথ দমদম এলাকায় এই স্থীম করেছেন। আমরা দার্জিনিং মিউনিসিণ্যাল কন্ফারেন্সের রিগোর্টে এই হুইটি স্থীম পেয়েছি এবং দমদম মিউনিসিণ্যাল এলাকায় এই জল দেবার কাজকর্ম আরম্ভ হয়েছে। কিন্তু আপনাদের এই জল দেওয়ার ব্যবহাটা কিন্তাবে হচ্ছে? সেল্ক পেইং ইণ্ডান্তী যেভাবে আপনারা করেছেন সেই নীতি আপনারা গ্রহণ করেছেন? অর্থাৎ জল দেব টাকা নেব এই নীতি গ্রহণ করেছেন? This is a self-paying industry। কিন্তু ভার, আমি এখানে বলব water is an essential necessity of life—যারা গরীব তারা টাকাণ্ড দিতে পারবেনা, জলও থেতে পারবেনা।

তাহলে জলের ব্যবস্থা আপনি থার্ড ফাইফ ইয়ার প্ল্যান করেছেন, ভাল ব্যবস্থা করেছেন কিন্তু সোটা কাদের জন্ম করেছেন? উপর তলার মান্ত্রের জন্ম থারা টাকা দিতে পারবেন তাঁরা জল পাবেন, থারা টাকা দিতে পারবেন না তাঁদের দেবেন না। এবার আমি হসপিটাল বেড সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৫১ সালের সেনসাস ফিগার ধরে আমি ক্যালকুলেশান করেছি— সাধারণ হাসপাতালগুলিতে বেডের সংখ্যা ০.৩৮ পার থাউজেগু কিন্তু আমাদের রেকমেওেশন ছিল বহু জায়গায় atleast 1 bed per thousand of the population.

আজকে আমাদের ৩॥ কোটা পপুলেসন—ভাহলে অন্ততঃ ৩৫ হাজার বেড আজকে দরকার। এদিকে আমি দৃষ্টি দিতে অমুরোধ করবো। ডিট্রিক্ট হাসপাতালগুলির আরো উন্নতি করা প্রয়োজন। দেখানে যদি স্পেদালিষ্ট ডাক্তারের ব্যবস্থা, ভাল ঔষধপত্রের ব্যবস্থা এবং ভাল ইকুইপমেণ্টের ব্যবস্থা না থাকে ভাহলে লোকে কোলকাতায় আসবে। এখানে রাস হবে এবং ভারপর মেডিকেল কলেজের ছুই বেডের মাঝখানে, মাটীর উপর, বারাণ্ডায় রোগীগুলিকে রেখে চিকিৎসা বিভাট স্থাষ্ট হবে। সৈত্য Specialist Doctor for Medicine, Surgery, Gynaecology, Radiology, ENT. Venereal Disease. এই সমস্ত ডিষ্টেক্ট হাসপাতালগুলিতে ব্যবস্থা করতে হবে, সেথানে ল্যাবরেটরী করতে হবে। গুধু কোলকাতা এবং বড বড লোকের জানগাগুলিতে এই ব্যবস্থা না করে ছোট সহরেও এই সমস্ত বাবস্থা করুন। তারা গরীব হলেও তাঁদের বাঁচবার অধিকার আছে, তাঁরাও কোলকাতার লোকের মত ট্যাক্স দেন এবং দেই ট্যাক্সে আপনার ডিপাটমেণ্ট চলে, সরকার চলে, এমন কি এই হাউদে এদে আমরা যে বক্তৃতা করার স্থযোগ পাচ্ছি তার মধ্যেও গরীবদের ট্যাক্স আছে: তারা যদি এসমন্ত সুযোগ স্থবিধা না পান তাহলে মফঃম্বলের লোকে চিকিৎসা পাবেননা। ডিট্রিক্ট য়্যাডভাইজরী কমিটি আপনি করেন না কেন ? ডিট্রিক্ট য্যাডভাইজরী কমিটি করে তার মধ্যে যার। মেডিকেল প্রাকটিদানার রয়েছেন বা অন্ত লোক যাঁদের দিতে হয় দেন। টি, বি. সম্বন্ধে মাননীয় ডাঃ নারায়ণ রায় মহাশয় বলেছেন, ডোমিসিলিয়ারী টি টমেণ্ট সম্বন্ধে তিনি বলেছেন-- ডোমিসিলিয়ারী ট্টিমেন্ট আরো আমাদের বাড়ানো দরকার। আপনি অবগ্র আপনার বক্ততায় বলেছেন যে ভোমিদিদিলয়ারী টিটমেণ্ট আগামী বছর থেকে আরম্ভ হবে কিন্তু আমি বলছি আপনার কাছ থেকে আশ্বাস আমরা পাছিছ – কার্যাতঃ কভটা এটা হবে দেটা দেথবার বিষয়। টি, বির মটোলিটি হয়তো কমেছে কিন্তু ইন্সিডেণ্ট রেট কি কমেছে? তামোটেই কমেনি। অর্থাৎ আজকার দিনে নুতন ন্তন ভাল ওয়ুধের জন্ত টি বি কমতে পারে কিন্ত ইন্সিভেণ্ট রেট কমেনি। বি সি জি ভ্যাকসিনেসন সম্বন্ধে ফিগার রাখলেন ু আমি বলবো দশ বছর আগে ১২৫০ সালে পশ্চিমবাংলায় বি সি জির ষে ক্যামপেন করা হয়েছিল সেই ক্যামপেন আপনার আমলে আপনি বন্ধ করে দিয়েছেন এবং বন্ধ করার ফলে কি হয়েছে- ওয়ান টু টেন এজ গ্রুপের প্রত্যেকটা ছেলে আজ আনপ্রোটেকটেড। এই সমস্ত শিশু যারা আনপ্রোটেকটেড রয়েছে, ভেবে দেখুন, বাংত বছর পরে সমাজের যুবা তারা আনপ্রোটেকটেড অবস্থায় থাকবে। যে দেশে যক্ষার ইন্সিডেণ্ট কমেনি সে দেশে এটা কত বিপজ্জনক অবস্থার সৃষ্টি করবে ভা একবার চিস্তা করে দেখুন। এবার ত্মল পক্স ভা)কসিনের কথা আমি বলবো। সেদিন কিছুটা উল্লেখ করেছি কিস্তু এটা আপনার ডিপার্টমেন্ট বলে আজকেও বলছি। আপনি ফভোয়া দিলেন – ২৪ পরগণা এবং অহান্ত জেলাগুলিতে প্রভ্যেক পৌরসভা এলাকা, প্রত্যেক গ্রাম এলাকায় সেখানে বিপজ্জনক অবস্থা সৃষ্টি হয়েছে বলে আপনি সেখানে আপনার ডিপার্টমেন্ট থেকে গেজেট নোটিফিকেসন করলেন কিস্তু গেঙেট নোটফিকেসন যে সময় করলেন ঠিক সেই সময় পৌর এলাকাগুলিতে আপনি ভা)কসিনেসন লিক্ষ্ বন্ধ করে দিলেন।

[10-10-10 a.m.]

মাত্র্যকে মারার যে পছায় নিয়ে যাচ্ছিলেন, ভাব ছটোব মধ্যে সামঞ্জল্ল কোণায় ৪ আলানি দেখালেন গেজেটে পাবলিশ্ করে বাংলাদেশে হয়ত বসন্ত লেগে গেল। Small poxএ লোক मद्राद, किन्तु व्यापनि मिट्टे मान दक्ष करत मिलन निम्ल मत्रदेतार। Titanus, Diphtheria, Whooping cough এই সমন্ত অসভ্য রোগের treatment চলতে পারে কলকাভাম: আর-জি-কর হাসপাতালে, আরো তু-একটি জায়গায় রেখেছেন। আবার সেই কলকা ায়। কেন্ত্ এই সমস্ত অস্ত্রথ কি বাংলাদেশের গ্রামে গ্রামে, বাংলাদেশের ছোট ছোট জাবগা, শহর ইত্যাদি কি নাই ? সবই কেবল কলকাতার লোককে খুদী করবার জন্ত, বঙলোকদের খুদী করবার জন্ত প এই ব্যবস্থা করছেন, শুধু কি কলকাতার লোকের ট্যাক্স থেকে আপনার স্বাস্থ্য দপ্তর চালাচ্ছেন ৪ বাংলাদেশের গ্রামের মান্ত্র কি এজন্ত ট্যাক্স দেয় না ৪ কেন আপনি এই সমন্ত বোগের treatment গ্রামে গ্রামে, ছোট ছোট সহরে সহরে ব্যবহা করবেন না ? কেন হাসপাতালে - মিউনিসিণ্যালিটির ও ডিষ্ট্রাক্টে, ডিষ্ট্রাক্ট বোর্ড ডিসপেন্সারীতে, হেল্থ সেণ্টারের মারক্ত এই treatment চাল করবেন না ? কেন Medical Practitionerদের সাহায্য এ ব্যাপারে নেবেন না ? কেন Indian Medical Association এর সাহায়্য নেবেন নাণু আপুনি নিজে ডাফ্টার, এই Indian Medical Association এর সঙ্গে আপনার যোগাযোগ রখেছে। মাননীয় স্পীকার মহাশ্যু আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অমুরোধ করবো কেন তিনি প্রাইভেট Practitionerদের সাহায্য নেবেন না ? কেন Medical Association ও Practitionerদের কোন সাহায় নিচ্ছেন না ?

কেন আপনি Mosquito controlog ব্যবহা করছেন না ? আপনারা কলকাত। এবং তার আশেপাশে যে সমস্ত সহর ও উপসহর গড়ে তুলছেন, চারিদিকের লোক বাস করতে পারছে না মশার উৎপাতের জন্তা। এই প্রসঙ্গে মন্ত্রীমহাশ্যের কাছে একটা প্রস্তাব করবো—এই মিউনিসিপাল এলাকাগুলিতে একটা করে Mosquito Control Deptt. করা যায় কিনা ? যদি তা করা সম্ভব হয়, তাহ'লে Non-Medical Biologist appoint করুন, এক একটা এলাকার জন্তা। এগুলি যদি পৌরসংস্থাগুলির উপর ছেডে দেন, তাহলে আমি বলবো তাদের আর্থিক সামর্থ্য গুধুনয়, তাদের আর্থিক সামর্থ্য গুপ্তাব্যেজনীয় অভিজ্ঞতা নেই বলে এই ছটি কারণে তা ব্যাহত হবে। আপনার ডিপার্টমেন্ট পেকে এই Non-medical Biologist appoint করুন, তাহলে সবকিছু সুষ্ঠুভাবে চলতে পারে। কলকাতা ও তার আন্দেপাশে মশা একটা বিরাট শমস্তা হয়ে দাঁড়িয়েছে। কলকাতার যে সমস্ত এলাকায় আগে মশা ছিল না, সেখানে মশার উৎপাত দেখা দিয়েছে। কলকাতার একটা বিশিষ্ট এলাকা সেই রাসবিহারী এভেনিউর লোক কেউ আত্ম আর মশারী ছাড়া শুভে পারে না। দমদমে যান, বরাহনগরে যান এই সব জারগা গড়ে উঠছে, সেখানে মশার উৎপাত্তের বিরুদ্ধে ব্যবহা করতে হবে। আপনার ডিপার্টমেন্টের কাছে এক সময় আমি লিখেছিলাম যে মশা নিবারণ করবার জন্ত আপনারা কোন ব্যবহা করুন এবং যেগুলি ব্যবহা

শাছে, তা কাজে লাগান। তার উত্তর আমি পেয়েছিলাম—ম্যালেরিয়া নাই। কাজেই এই Anti-mosquito measure নেবার, বা destruction করবার কোন ব্যবস্থার দরকার নাই। Mosquito destructionএর ব্যবস্থা ম্যালেরিয়া না থাকলেও নেবার দরকার আছে। এটাই আমি অমুরোধ করবো।

স্পীকার মহাশয়, আপনার মারফৎ মন্ত্রীমহাশয়ের কাছে তার ডিপার্টমেন্টের General Administration সম্বন্ধে ছটো জিনিব রাথবা। অবশু মাত্র তিন চার দিন হয় West Bengal Civil List corrected upto April 1960. ধন্তবাদ সরকারকে, আজ এক বছর পূর্ণ হবার আাগে সিভিল লিষ্ট পেয়েছি 1960, গলদ রয়ে গিয়েছে। Part XV, Pages 231—311. এই Chapter-এ পাব লিক হেল্থ ও মেডিকেলের জন্ত প্রায় ৮০ পৃষ্ঠা ব্যাপী বহু নাম রয়েছে, হোমরা চোমরাদের নাম, তার মধ্যে খুজে পাবেন ২৪টী। তার মধ্যে ১০ জন Re-employeed after superannuation, এই যে অবস্থা এটা কেন ?

[A voice: একটা পিঁজরা পোল করে তুলেছেন!]

আপেনার এই ডিপার্টমেণ্টে বৃদ্ধত্ব, জড়ত্ব আর কূটনীতিতে অভিজ্ঞ— এই সমস্ত বৃটিশ সাম্রাজ্যবাদের ধ্বজাধারী বৃটিশ সাম্রাজ্যের সেই সময়কার ঐতিহ্য বহনকারী এই সমস্ত লোক নিয়ে আপনার ডিপার্টমেণ্ট চালাচ্ছেন।

তাঁর। সেই সময়ের লোক, আপনি সেটা ভূলে যেতে পারেন না। আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনের সাথে তাঁদের কোন যোগ ছিল না। সেই সময়, বুটিশ আমলে, তাঁরা শুধু ইংরাজের কুটনীতি শিথেছেন; আজকে তাঁরা আপনার এই ডিপার্টমেন্টকে প্রতি পদে পদে বাংলাদেশের সমস্ত বিভাগের কাছে ও মান্থযের কাছে হেয় প্রতিপন্ন করছেন।

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের স্বাস্থ্য মন্ত্রীকে তাঁর। হেয় প্রতিপন্ন করবার চেটা করছেন, শুধু তাই নয়, তাঁরা সমস্ত স্বাস্থ্য বিভাগটাকে একটা অপদার্থ বিভাগে প্রতিপন্ন করছেন। এবং কৃটনীতি শুধু নয়, নিজেদের ভিতর দলাদলি চলেছে। যে কথা জোড়াবাগানের মাননীয় সদস্ত বলেছেন, আমি তাঁর নাম করে বলতে চাই না। স্বাস্থ্য বিভাগের মধ্যে ছুনীতি আমরা লক্ষ্য করছি। এখানে যে ২৪টা নাম আছে, তার মধ্যে ২৪ সংখ্যক নামের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি! প্রীমতি উমা মিত্র, B. Sc. N. (Tornete), D. P. H. N. (Tornete), A.D.H.S. (Nursing), West Bengal. ইনি additional Director of Health Service (Nursing) এ ছিলেন, এখন বোধ হয় in the meantime, তিনি Director হয়ে গিয়েছেন। তাঁর date of appiontmett হছে 1. ব. 1943, আমার ভুল হলে, যেন মাননীয় মন্ত্রীমহাশয় সংশোধন করে দেন। কারণ, এটা এক বছরের পুরাণ বই। তিনি বিরাট একটা post দখল করে বেসে আছেন। আমার মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য তিনি কি ডাক্টার ও ডাক্টার না হওয় দোবের নয়। Nursing qualification থাকলে, নার্সিংএর Deputy Director হওয়া য়য়। কিন্তু এই qualification নিয়ে আপনার ডাক্টার হওয়া য়য় কিনা?

আমি একটু আগে বলৈছি Superannuated যে সমস্ত লোক এখানে রাখা হয়েছে, তাঁদের কথা। এই সমস্ত লোক নিয়ে আপনি কি করে এফিসিয়েণ্টলি কাজ করতে পারবেন ? আজকাল দেখা যান্ন—বাংলাদেশের বহু শিক্ষিত, বিশেষ অভিজ্ঞা যুবক যারা বিদেশ থেকে শিক্ষা প্রাপ্ত হয়ে,

স্থাস্থ্য এবং চিকিৎসা বিজ্ঞানে বিশেষ করে অভিজ্ঞাত। লাভ করে এসেছেন। সেই সমস্ত ভারণ যুবক ষারা বাংলাদেশের আশা ভরসা, তাঁরা বাংলাদেশ ছেড়ে স্থদ্র মালয়, বর্মায় এবং ইংলতে পর্যান্ত গিরে practice করতে সুরু করেছেন। কাবণ, ভাদের বাংলাদেশে স্থান নেই, এবং ভারা বাঙ্গালী বলে ভারতবর্ধের অন্ত কোন স্থানেও পাতা পায় না। আপনি তাদের সহক্ষে বিশেষ কোন বাবস্থা করতে পারছেন না। তাঁরা আপনার দপ্তরটাকে একটা বেডাজালে ঘিরে রেখে দিয়েছেন। **এই সমস্ত** ভক্**ণ অভিত্ত** ফরেন কোয়ালিফাযেড ডাক্তারদের যদি আপনি আপনার ডিপার্টমেণ্টে রা**থতে** পারতেন, এবং তাদের ঠিক ভাবে তৈরী করে নিতে পারতেন, তাহলে আগামী দশ বছরের মধ্যে আমাদের স্বাস্থ্য বিভাগকে একটা আদর্শহানে নিমে যেতে পারতেন। বাংলাদেশের যত ডাকোর অভিজ্ঞতা লাভ করেছে, ভারতবর্ধের এন্ত কোন প্রদেশে সেই রকম অভিজ্ঞ ডাক্তার নেই। অবচ আমাদের বাংলাদেশের এই সমন্ত অভিজ্ঞ ডাক্তারদের আপনার দ্পুরে নিয়ে, ঠিক ভাবে কাজ করতে পারছেন না। এর চেয়ে ছঃথের বিষয় আগর কি হতে পাবে। এই নার্সিং এর qualification নিয়ে শ্রীমতি উমা মিত্র, যিনি একজন ডিরেক্টর হিগাবে ছেল্প ডিপার্টমেন্ট রঙেছেন, তিনি **বে** ভাক্তার নন, সে কথা আমি আগেই বলেছি। কিন্তু আপনার ডিপার্টমেণ্টের বিশেষ করে এই মহিলাটির বিরুদ্ধে গত হই বছর যাবং যে সমস্ত অভিযোগ উঠেছে, তার কি আপেনি কোন তদস্ত করেছেন ? গত বছর বাজেট আলোচনার সময 'বহুমতী' বাগজে তাঁব বিকল্পে যে নিন্দাবাণী ছেপে বেরিয়েছিল, এবং বাজেট বক্তৃহায় বিভিন্ন সদস্তর। যেসকল অভিযোগ তাঁর বিকল্পে করেছিলেন, তার কি আপনি তদন্ত করেছিলেন গ

তারপর আপনি কি লক্ষ্য করে দেখেছেন শত, শত male nurse & female nurse দেৱ কি ভাবে হাসপাতালে কাজ করতে হয় ? তাদের সম্বন্ধে যে সমস্ত অভিযোগ উত্থাপিত হয়, ছা নিষ্পত্তি হতে চলেছে, কিন্তু আপনার বিশেষ করে নার্সিং ডিপার্টমেণ্ট থেকে কেন ভার ভদন্ত করা হয়নি গ

স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে এবং হাউদের সামনে রাখছি---এ সম্বন্ধে একটা তদস্ত কমিটি গঠন করা হোক এবং particularly, বিশেষ করে, এই ডিপার্টমেন্টের কোপায়. কভথানি ফুনীতি চলেছে, তা অম্প্রসন্ধান করা হোক।

[10-10-10-20 a.m.]

আর হুটি তার জুড়িদার আছে, নাম বলে কোন লাভ নাই, এই অবস্থা হয়েছে। ১।৬ হাজার অস্থায়ী nurse, male এবং female Class IV কর্মচারী তারা হয়রানীতে পড়েছে, অসহায় অবস্থায় পড়েছে এবং এই সমস্ত লোকেরা যথন আগনার department এর বড় কর্ত্তাদের কাছে যান Director of Health Services এর কাছে যান তার কাছে অভিযোগ করেন কিন্তু এই একটা জায়গা—Director এর পক্ষপুষ্ট বলে আপনি কিছুই করতে পারেন না, ^{এর} চেয়ে অবস্তায় আমার কি হতে পারে? কিছু দিন আগে আমাদের মাননীয় সদস্ত জোড়া-ৰাগানের সদস্ত এখানে জিজ্ঞাসা করেছিলেন nurseদের কি বিবাহ করা অন্তায়! আমিও জিজ্ঞাদা করি nurseat কি বিয়ে করতে পারবে না? এরকম আইন আপনারা করে রেখেছেন কিন্তু আপনার মাধ্যমে জিজ্ঞানা করছি—derartmentএর Headএর বেশায় কি এ আইন প্রাজ্য হবে না ? এই Deptt. এর Head কি বিবাহিত নম ? না কি বহু বিবাহ করলে ৰে দেৱে খালন হয়**!**

আমি আর একটা ঘটনা আপনার কাছে ছুলে ধরবো। আগুতোষ কর male nurse কাঁচড়াপাড়া থেকে লিথছেন তিনি ১৮ বছর চাকুরি করেছেন, Joint Bengalএ চাকার Civil Surgeonএর underএ ছিলেন কিন্তু কোন reasoning নাই—7th June 1960তে তাকে চাকুরি থেকে বরথান্ত করা হয়েছে। তার মা প্রাণকুমারী কর মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের কাছে লিথেছেন, কিন্তু কোন জবাব নাই। তারণর ডাঃ রায়ের কাছে লিথেলেন এবং ৭ জন M. L. A. এদিককার এবং ওদিককার সকলে recommend করলেন, নামগুলি আমি পড়ে দিতে পারি, তারও কোন জবাব নাই। এই সমন্ত ব্যাপার আপনাদের কি আমি বুঝতে পারি না—আমি গুরু হতাশ হয়ে ভাবি যে বাকুড়ার আনাথবন্ধ রায় যাকে বাকুড়ার লোকের অত্যন্ত সম্মান করতো, যাকে গরীবেরা বন্ধু বলে জানতো, তিনি আজ মন্ত্রীত্বের আসনে বদে গরীবদের নিম্পেষন যয়ের যয়্রী হচ্ছেন কেন ? তাঁব Director তার দলাদ্লিপুই হয়ে আজকে departmentএর সমন্ত ব্যবহাকেই নই করে দিছেন কেন ?

আমি আর একট কথা বলেই শেষ করবো সেটা হল Lumbini Park Mental Hospitalএর কথা। আমি ছু একমিনিটেই শেষ করছি। মাননীয় গিরিক্র শেথর বস্থু মহাশয় এই হাসণাতাল প্রতিষ্ঠা করেছিলেন। Bedএর সংখ্যা হল ১৫০ এবং bed মারফং আয় হয় ২৬ হাজার টাকা। West Bengal Govt. দেন ৪০ হাজার টাকা, আর Central Refugee Deptt. ছুবারে দেয় ২০ হাজার এবং ৪০ হাজার টাকা, Calcutta Corporation দিভ ২০ হাজার টাকা কিন্তু তারা সেটা দেওয়া বন্ধ করে দিয়েছে। কারণ তারা এর হিসাব পত্র দেন না। এখানে male nurseদের বেতন দেওয়া হয় ২৫ টাকা আর সামান্ত খাবার দেওয়া হয় আরু তেওখনের বেতন দেওয়া হয় ২৫ টাকা আর সামান্ত খাবার দেওয়া হয় আরু তেওখনের বেতন দেওয়া হয় ১৫ টাকা।

(The hon'ble member having reached his time limit resumed his seat.)

Shri Nepal Ray: মাননীয় স্পীকার মহোদয়, Health বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য আপুনার সামনে রাথছি। বিরোধী দলের বন্ধুর। আমাদের Health Ministera উচ্চসিত প্রশংসা করেছেন। এটা সভাই আনন্দের কথা যে, Health Ministerকে জনদুরদী বলে বিরোধীদলের বন্ধরা সম্বোধন করেছেন। আমি আজকে বাংলাদেশের. Health Directorate? জন্ম কি উন্নতি হয়েছে সেটা আপনার সামনে রাখতে চাই। সারা ভারতবর্ষে ০ হাজার লোকে? জন্ম একটা করে bed, অর্গাৎ 39 per thousand; আর আমার পশ্চিমবঙ্গে হচ্ছে 1 per thou and । এটা कि कम कथा। जामि तलाता शन्तिमतालत Health dept. माता ভाরতবর্ষে মধ্যে স্বচেয়ে উন্নতত্ত্ব কর্মক্ষমতা দেখিয়েছে। আর একটা হচ্ছে, ১৯৪৮ সাল থেকে. Health dept. পেকে একটা পুস্তিকা দিয়েছে তাতে দেখছি, ১৯৪৮ সাল থেকে ১৯৬০ সালের figure দেও আছে, দেটা থেকে আমি পড়ে গুনাচ্ছি। 1948এ total health centre ছিল ৩টি এবং bec ছিল ১২টি। আজকে হয়েছে, মাননীয় মন্ত্ৰীমহাশয় বলেছেন, health centre । শত. আর bec হচ্ছে ৪০৮৬টি। এই সমস্ত কি প্রামে হয়নি? Healh centre সহরে হয় না, গ্রামেই হয় আর nursing department সম্বন্ধে আমি পরে বলছি। আমাদের পশ্চিমবঙ্গে দেখতে পার্চি total nurse হচ্ছে ৪২৪০। তার মধ্যে, trained nurse হচ্ছে ১৭১৭; un-trined nurse ১০৬০: আর under training ১৪০৭টি। আর bed বলেছেন ২৭৬১ টি। এইগুলি আর্চি আপনার সামনে ধরছি। কেন ধরছি, কারণ পশ্চিমবঙ্গে যথেষ্ট উন্নতি হচ্ছে, বিশেষ করে Medica এবং Health departmenta, এটা কেউ অস্বীকার করতে পারেন না। আর আমাদের Proje

Socialist বন্ধু যে কথা বলেছেন, Nursing dept. সম্বন্ধে, তিনি ভিক্ত সমালোচনা করেছেন। এটা সত্য কথা আমিও স্বীকার করে নেবো। তবে তিনি যে ভাষায় বলেছেন আমি সে ভাষার বলবোনা। এর জন্ত মন্ত্রীমহাশয়ের কঠোর দৃষ্টি দেওয়া দরকার। আমি বলবো এটা ঠিক বে, মধ্যবিত্ত বাঙ্গালী যে ৪ই হাজার মেয়ে আছে তারা Mrs. Mitraর কাছে ভাল ব্যবহার পায় না। একথা কংগ্রেস বন্ধুরা বলেছেন, বিরোধী দলের বন্ধুরাও বলেছেন যে তারা তাঁর কাছে ভাল ব্যবহার পান না। অবেশ্য তিনি আনাার সঙ্গে কোনদিন থারাপ ব্যবহার করেননি। আনমি সব সময় ভাল ব্যবহারই পেয়েছি। কিন্তু অনেক nurse আমার আছে complain করেছে যে ভাদের সঙ্গে থারাপ ব্যবহার করে থাকে। এথানে ৩জন M.L.A.ও complain করেছেন যে ভারা ভাল राउहात भान नि । याहे ट्रांक এहे मिरक आमि Health dept. এवर Health Ministera দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এই directo: aterক তাঁর direct control করা দরকার। কারণ বাংলাদেশের মধ্যবিত্ত মেয়েরা যদি আজকে Government machineryর এই অবস্থা দেখে. তাহ**লে অত্যন্ত হঃখের দক্ষে বলতে** বাধ্য হব যে তারা এই Government machinery উপর সমস্ত শ্রদ্ধা হারাবে। আগেকার দিনে European বা Anglo-Indian মেয়েরাই এই কাজে **আসতো, বাঙ্গালী মে**য়েরা আসতো না। কিন্তু আজকে বাঙ্গালী প্রচুর মেয়ে আসতে আরম্ভ করেছে। আমি নিজে প্রতিদিন ৮০০টি মেয়েকে Writers Buildings পাঠাই এই চাক্ষীর জন্ম। ভাদের যদি encourage না করেন তাহলে ভাল nurse কি করে তৈনী করতে পারবেন।

[10-20-10-30 a. m.]

ভারপর, আরেকটা বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যেমন ধরুন, হাসপাতালে bed পাওয়া যায় না-T.B. কুগী মারা যাবার পর, বা অর্গছারের কাছে পৌচাবার পর admission এর চিঠি আসে। কেন ? কাঁচড়াপাড়া হাসপাতালের কথা বলি, আমরা জানি সেথান থেকে আনেকেই ভালো হয়েছে। কিন্তু আনেক ক্ষেত্রে দেখতে পাওয়া যায় স্কুন্ত হবার পরও তারা bed ছাডতে পারে না-সাধারণভাবে একজন patient পিছ আপনাদের ৩০০ টাকা খরচ হয়, যারা ভালো হয়েছে অথচ হাদপাতালে পাকতে বাধ্য হচ্ছে তাদের জন্ত মাদে থরচ ১০০ টাকা। ভাদের কোন কাজে নিযুক্ত করে দিলে এই টাকাটা বাঁচতে পারে। দেইজন্ত আমি বলব, সরকারী চাকুরীতে ex T.B. patientলের priority দেওয়া হবে, শতকরা ২৫ ভাগ চাকরী তাদের দিতে श्रव। किञ्च कानकार्वाहे अहै। implementation हत्र ना, Health Dept. जारनद तन्तरन ना. কারণ তাদের নিলে অস্কবিধা হয়. যে সমস্ত তাদের কাছে বসে কাজ করেন তাদের **অ**নেক সময় মাণত্তি থাকে। ভাহলে Govt. order এর কি মূল্য হল ? Govt. order আছে ধারা malaria employees যারা ২০০ দিনের উপর কাজ করেছে ভাদের বিভিন্ন হাসপাতালে নেওয়া ংবে, কিন্তু কোন হাসপাতালে কয়জনকে রেখেছেন ? এগু ল আপনারা enquiry করে দেখেছেন 🕈 হাসপাতালের Supdt. তাঁর গোঞ্চিভুক্ত লোকছাড়া অন্ত কাউকে নেবেন না, কেন তাঁরা Govt. arder মানবেন না ? তাঁদের শান্তি দেবার জন্ম কোন ব্যবস্থা করেছেন। তাঁরা যদি মনে করেন ম্বীর হুকুম, Director এর order না মেনেও ভারা কাজ করতে পারবেন ভাহলে কাজ চলবে কি ^{ক্রে} ? যদি এসৰ enquiry করে অপরাধীদের punishment না দেন তাহলে একটা অরাজকতার रिष्ठि হবে।

ভারণর, আরো কভগুলি বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করব হাওড়া হাসপাতালে ডা: রাথাল দত্ত ২৫ বংসর hony. radiologist ছিলেন, তিনি 1954 retire করেছেন, কিন্তু তা সত্ত্বে হাওড়া হাসপাতালকে private chamber হিসাবে ব্যবহা कदाइन, अदः मदकादी film private practices वादशाद कदाइन। अमद किनिय दक्ष करून শেখানে উপযুক্ত লোক দিন, আজকাল আনেক ভালো radiologist রয়েছেন। Employee State Insurance Schemed আপনারা অনেক লোককে রেথেছেন যাদের retire করা উচিত এটা যদি না করেন তাহলে যুবকদের মধ্যে frustration আসবে, young doctorদের মধে frustration আদবে। তারপর, ১৬।১০।৫৮ তারিখের workerদের সম্পর্কিত order আজ্বপর্য implemented হল না। এটা implemented হলে fourth grade workerদের অনেৰ দাবীদাওয়া পূরণ হত। এ নিয়ে আমরা Dr. Royএর কাছেও গিয়েছি। Directorকে আমর বছবার বলেছি। এপর্যন্ত মাত্র ২ জন Special Officer নিযুক্ত হয়েছেন, কিন্তু জাঁৱাও এম rank এর যে তাঁদের ভুকুম দেবার কোন ক্ষমতা নাই। এরকম Special Officer রাখার কো অর্থ হয় না। এই ব্যাপারটা Chief Ministerএর underএ থাকলেও একটা order আন্ত গেলেও মাস লেগে যায়। তারপর, fourth grade employeesদের ইংরাজ আমলে কো service condition ছিল না, অনেক লেখালেখির পর এনম্পর্কে আমরা একটা Governmen Order বের করেছিলাম, কিন্তু ভাও implemented হল না। তাদের কোন gratuity নাই কোন pension নাই যার ফলে বুড়ো বয়সে তাদের ভিক্ষার ঝুলি নিয়ে রাস্ভায় বেকতে হয় Government order রয়েছে ৫ বৎসর চাকরীর পর permanent করা হবে, কিন্তু প্রায় একটানাএকটা অজুহাত তাদের dismissalএর order দেওয়া হচ্ছে। আমামিমন্ত্রীমহাশয়ে আবার স্বিন্য়ে বল্ছি, এগুলির যদি প্রতিকার না করেন ভাইলে হাসপাভালগুলি বন্ধ হয়ে যাবে Medical College থেকে কিছুদিন আগে ৮০ জন nurseকে বরখাস্ত করা হয়েছে। Director এর হুকুম আছে বরথান্ত করোনা। তা' সত্ত্বেও দেখছি পর ভদিন আবার ৬ জন বরথান্ত হয়েছে আমি তাদের nurse বলেছি, তাদের সন্ধকারী ভাষায় বলা হয় attendant। তারা যদি surplu हरत्र शारकन काहरण कि कारमन sliding scaled upgrading कहा यात्र ना। व्याप्ति रार्था ভালের dismissalএর order Dy. Supdt. দিয়েছেন। ভারপর, কোন হাসপাভালের নিজ recruitment কবার ক্ষমত। নাই। কিন্তু medical collegeএর Supdt.এর নামে কাগদে advertise করা হচ্ছে কোন অধিকারে। তাহলে কি আমাদের এই কথাই বলতে হবে দে আপনাদের তুকুম কেউ মানতে চায় না ? আমি মনে করি যাঁরা আমাদের পশ্চিমবাংলা সরকারে অধীনে কাজ করবেন তাঁদের মন্ত্রী মহাশয় যে order দেবেন তা অক্ষরে অক্ষরে মানা উচিত।

[10 30—10 40 a.m.]

Dr. Bindaton Behari Basu: মাননীয় স্পীকার মহাশয়, চিকিৎসা ও জনস্বাস্থ বিভাগে ১৯৬০-৬১ সালের বাজেটে এই থাতে ১৯৫৯-৬০ সালের বাজেট পর্যালোচন করলে দেখা যাবে যে ১৯৫৯-৬০ সালের বরাদ্দীকত টাকার একটা মোটা অংশ ব্যাক্ষর এবং বর্তমান সালেও এই থাতে বাজেটের পরিমাণ কমান হয়েছে। অর্থাৎ এর দারা প্রমাণ করার চেষ্টা হয়েছে যে পশ্চিমবংগে জনস্বাস্থ্য ও চিকিৎসা ব্যবস্থার উর্লিট হয়েছে বলে এর অর্থের বেশী প্রয়োজন নেই। কিন্তু বাস্তব চিত্র আমরা দেখতে পাছি বে পশ্চিমবংগের এ হাজার ব্যক্তিন পিছু একটা বেড এর বিভিন্ন আউটডোরে বেসমস্ত ক্লণী attend করেন দেখা

গাছে তাদের মধ্যে শতকর। ১০ জনকে indoor bed দেবার কথা, কিন্তু দেখানে ২।১ জনকে ndoor bed দেওয়া সম্ভব হয়েছে। এই বিভাগে প্রত্যেকটা দিকে অপদার্থতার পরিচয় দেখা — দ্য়েছে। ইদানিং এই বিভাগে নানাপ্রকার ছনীতি ও দলাদ্দির ব্যাপারে সাধারণ কর্মচারীয়া যে ত্রভাগ ভোগ করছে, কোথাও কোথাও অকারণ ছাটাই হচ্ছে তার প্রমাণ বহু আছে। গভ এক ংসরের মধ্যে এই বিভাগ সম্বন্ধে যেসমস্ত গুরুতর অভিযোগকরাহয়েছে সেঙলি ছ্নীতি দমন ৰ্ভাগে**র তদন্ত সাপেক**। কিন্ত কোনও তদন্তের রিপোট প্রচার করা হচ্ছে না। আমামরা এ**ই** চার**ণে দাবী করি যে এইসম**ত্ত ভদত্তের রিপোর্ট প্রকাশ করা হোক। ইদানিং দেখা যাচেছ .. গচরাপাড়া, ক্লঞ্চনগর, জলপাইগুডি, হাওড়া ইভ্যাদি সব জায়গায় চতুর্থ শ্রেণীর কয়েকজন কর্মচারীকে বুনা কারণে ছাটাই করা হয়েছে- এসম্বন্ধে তদন্ত হওয়া প্রয়োজন। জলপাইগুড়ির এই বিভাগে াঞ্চানন পরামাণিক ও অমূল্য বণিক নামে ২ জন পেণ্টারকে জি. ডি. এ.-এর কাজ করাতে বাধ্য করায় চারা অংশীকার করে বলে তাদের উপর অভ্যাচার করা হয়। চতুর্থ শ্রেণীর কর্মচারীরা তাদের াকরীর স্থায়ীত্ব সম্বন্ধে ৮ ঘণ্টার উপর খাটনির মাগ্গী ভাতা, well furnished quarterএর ।দ**েল** বাড়ীভাড়া ভাতা ইত্যাদি কয়েকটা নাুনতম দাবী নিয়ে আন্দোলন করে আসছে। ১৯৫৮ ালে এই দপ্তর থেকে আশ্বাস দেওয়া হয়েছিল যে এইসমন্ত দাবী মানা হবে, কিন্তু আজ পর্যন্ত তাদের সেই দাবীগুলি পুরাপুরিভাবে মানা হয়নি যার জন্ম তাদের মধ্যে বিপর্যয় স্পষ্টি হচ্ছে। সরকার যদি াবী না মানেন তাহলে তারা অনুশন করবে। নীলরতন সরকার হাসপাতালে untrained নাস দের ট্রনিং দেওয়ার স্থযোগ না দিয়ে তাদের degrade করে মাইনে কমিয়ে দেওয়া হল। এইরকম মবিচার এই বিভাগে চলছে এবং এইরকম বহু ফুর্নীতির নিদশন আমরা রাখতে পারি। সাগর দত্ত ্যাসপাতাল সরকার ২ বংসর পূর্বে গ্রহণ করেছিলেন এবং তথন আখাস দিয়েছিলেন একে গ্রহণ করার ার মেডিক্যাল কলেজের কর্মচারীদের যে গ্রেড, ভাতা ও মাইনে ইত্যাদি দেওয়া হয় এদেরও সেই-গাবে স্থযোগ স্থবিধা দেওয়া হবে। কিন্ত আজ পর্যন্ত সেসব হল না। স্থার, তুনীতির বহু অভিযোগ ুই বিভাগ সম্বন্ধে দেওয় যায়। পল্লী অঞ্চলের দরিদ্র টি. বি. রুগাকে বেডের জন্ম যথন দরখান্ত ্রতে হয় তথন তার সংগে X-ray plate সাব্যিট করতে হয়। এসম্বন্ধে একটা ঘটনা আমি বলব ম হাওড়া জেলার ঝাপড়দহ ইউনিয়নে ত্রংথীরাম কাড়ার খলে একজন দরিদ্র রুষক স্থানীয় কোন দাত্ত ব্যক্তির সাহায্যে যুগাস্থানে পিটিশন করল। দুরুথাস্ত যুথাস্থানে গেল এবং তাঁরা acknowedge করে জবাব দিলেন যে বিচার বিবেচনা করা হবে এবং ইতিমধ্যে আপনি স্থানীয় কোন হেল্গ-শণ্টারে attend করুন। হেল্প সেণ্টার থেকে তার বাড়ী ০ মাইল দূরে। কাজেই তার প্রেক হল্প সেণ্টারে attend করে চিকিৎসা গ্রহণ করা সম্ভব নয়। এই দর্থান্ত ৮-৫-৬০ তারিখে দেয় । বং reminder দেয় ১৫-৮-৬০ ভারিখে। অথচ কর্তার অবস্থাও এদিকে দিন দিন খারাণ হয়ে ^{বতে} লাগল বলে ৬-১১-৬০ ভারিথে ফের চিঠি দিল। কিন্তু তার কিছ হল না যার ফলে কয়েক-^{দিনের} মধ্যে সে মারা গেল। সে যে ৩৬৫ু মারাগেল তানয় তার পরিবারের ছটোলোককে সে nfect করে গেল। এইরকম বহু ঘটনার কথা আমি আপনাদের জানাতে পারি।

ভার, ইণ্ডিয়ান মেডিকেল য়্যাসোদিয়েসন তাঁদের সেক্রেটারী প্রীসোরেন সেনগুপ্তের মারফৎ বিশেষ বি পল্লীগ্রামের ইনফেক্সাস্ রোগীদের চিকিৎসা এবং রুরাল হেলথ সেন্টার মারফৎ সাব সিডিমারী মিডিকেল প্রাকটিস্ এবং ডোমিসিলিয়ারী ট্রিটমেন্টের ব্যাপারে যে সাজেসনস্ স্বাস্থ্যমন্ত্রীকে দিয়েছিলেন স্টা তিনি ষদিও গ্রহণ করেন কিন্তু আজপর্যন্ত ভা' কার্যকরী করতে পারলেন না। স্থতরাং এতে বিকারী ঔষধের ষেমন ওয়েছেজ হচ্ছে ঠিক ভেমনি গোগীদেরও কোন উপকার হচ্ছে না। কারণ মিধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে ঔষধ দিয়ে এক্স-রে করে হয়ত রোগীদের হেল্প সেন্টাতে আসতে শিলেন, কিন্তু হেল্প সেন্টার দুরে আছে বলে অনেকে আসতে পারে না এবং তার ফলে যেমন

ঔষধের অপেবাবছার হয় ঠিক ভেমনি রোগীরাও ধীরে ধীরে মৃত্যুম্থে পতিত হয়। তারপর প্রাইমারী হেল্থ দেণ্টার সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে যে, তাদের ঘরগুলো টিনের চালা এবং থোলা জায়গায় অবস্থিত বলে গ্রমকালে রোগীদের ভ্যানক কট হয় এবং তার ফলে অনেক সময় দেখা গেছে বে রোগীরা গ্রমের দিনে হুপুরবেলায় ঘরে টিকতে না পেরে কাছাকাছি গাছতলায় গিয়ে আংশ্রম নেয অবশ্য অনেকদিন থেকেই সেথানে একটা কাঠের সিলিং করে দেবার ভন্ত বলা হয়েছিল কিন্তু সে প্রস্তাব গ্রহণ করা হয়নি বলে সেই সিলিং তৈরী হয়নি। তথু তাই নয়, এইসমত হাসপাভালগুলোর ধার দিয়ে ইলেকটুক লাইন যাওয়া সভেও এতে ইলেকটি দিটির ব্যবস্থা নেই। ভারপর প্রাইমারী হেলপ দেণ্টারগুলোতে বর্তমানে এত বেশা সংখ্যক রোগী আসছে যে বর্তমানে যে কয়জন ডাক্তার আছেন তাঁদের দিয়ে সমস্ত রোগী য্যাটেও করান যায় না। ঔষধ এবং প্রেস্ক্রিপসন বাবদ ২ আনা নেওয়া হয় এবং ১০ বছর আগে যে দামে ঔষধ দেওয়া হোত আজও সেই দামে ঔষধ দেওয়া হয়। ভারপর প্রাইমারী হেল্প সেণ্টারগুলোতে যে সমস্ত ante-natal, সার্জিকাল, ছোঁয়াচে এবং অ্যান্য কম্প্লিকেটেড কেদের রোগীরা আ্থাসে তাদের থানাবা সদর হাসপাতালে রেফার করা হয়। কিন্তু দেখানে স্থান না থাকার জন্য এবং তাদের পক্ষেও শহরে আসতে না পারার জন্য রোগীদের ভয়ানক অস্থবিধা হয় কাজেই মন্ত্ৰী মহাশয়কে অনুরোধ করছি যে তিনি যদি অস্ততঃ সপ্তাহে ১ দিন বিশেষ বিশেষ রোগের স্পেসালিই ডাক্তারদের দিয়ে এই সমস্ত রোগীদের জন্য আউটডোর ট্রিটমেণ্টের ব্যবস্থা করতে পারেন তাহলে তাদের ভালভাবে সার্ভিস দেওয়া যেতে পারে। তারপর জলকল সম্বন্ধ আমার বক্তব্য হচ্ছে যে গত বন্যার সময় হাওড়া জেলা প্লাবিত হয়েছিল, কিন্ত স্থানীয় লোকের কনট্রবিউসন্দিতে পারেনি বলে আবজপর্যস্ত সেখানে রি-সিংকিং করা হোল না ফলে ঐ এলাকার দ্বিদ্র জনসাধারণরা পাণীয় জল পাচ্ছে না। কিন্তু আশ্চর্যের বিষয় যেখানে সরকারের শোষিত নীতির মধ্যে দেখতে পাচ্ছি যে তাঁরা জনসাধারণের জন্য পাণীয় জলের ব্যবস্থা করবেন সেখানে যদি কন্টুবিউসন না দেওয়ার জন্য জনসাধারণ পাণীয় জল না পায় ভাহলে কি হবে তাঁরা তাঁদের নীতি ্ন কার্যকরী করছেন ? যা হোক্, পাণীয় জলের অভাবে সংক্রামক ব্যাধির স্ঠি হয়ে বছ প্রাণ নষ্ট হতে পারে। কাজেই এই সব নানা কারণে আমি এই বাজেট সমর্থন করি না এবং মনে করি যে এতে জনসাধারণের কল্যাণ হতে পারে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ কর্নছি।

[10-40-10-50 a.m.]

Shri Niranjan Sen Gupta: মাননীয় স্পীকার মহাশয়, আমি অস্ত কথায় যাবার আগে একটা বিষয় আত্মান্ত্রীর কাছে রাথতে চাই সেটা হ'ল মাননীয় জ্যোভিবাব তাঁর ৮৫ নম্বর কাটমোশানে দিয়েছেন যে পুরুলিয়া সদর হাসপাতালে ম্যাটারনিটি ওয়ার্ডে আমাদের পার্টির সেক্রেটারী শ্রীঅমূল্য কর্মকারের স্ত্রী সন্তান প্রসবের জন্ত গিয়েছিলেন। সন্তান প্রসব হয়েছে কিন্তু একদি গভীর রাত্রে দেখা গেল নবজাত শিশু মেঝেতে পড়ে রয়েছে। সেথানে কোন লোকজন নেই, কোন আফিসার, নার্স কেউ নেই। ভারপর চিৎকার করে লোক ডেকে আনতে হয়েছে। এই বে হাসপাতালে নবজাত শিশু মেঝেতে পড়ে আছে তার কাছে কোন নার্স নেই এই অবস্থা কেন হয়েছে পকে এর জন্ম দায়ী প এ সম্বন্ধে জবাবটা যেন তিনি হাউসে দেন।

তারপর মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন পাবলিক হেল্থ বিভাগে অল রাউণ্ড প্রগ্রেস হ^{রেছে।}
কিন্তু বাংলাদেশের মফ:ত্বল শহরগুলির দিকে তাকালে দেখা যায় সেথানে জলের কি সঙ্ক^{টজনক}
অবস্থা। সেথানে জল সরবরাহের ব্যবস্থার কোন উন্নতি হয়নি। বেমন ধরুন খড়গপুর মিউনিসি

প্যালিটির কথা। খড়গপুর মিউনিসিপ্যালিটি একটা বড় মিউনিসিপ্যালিটি, সেখানে বছ লোকের বাস কিন্তু সেথানে কোন ওয়াটার ওয়ার্কস নেই। পাতকুষার উপর নিভর করে সেই মিউনিসি-প্যালিটির লোক। গ্রীম্মকালে পাতকুয়ার জল যথন শুকিয়ে যায় তথন কি অবস্থা হয় সেটা আপনারা অমুমান করতে পারছেন। তার জন্ম কি ব্যবস্থা করেছেন সেটা আপনার কাছে জানতে চাই।

তারপর কাঁচড়াপাড়া মিউনিসিণ্যালিটি সম্বন্ধে ছু' একটা কথা বলতে চাই। কাঁচড়াপাড়া মিউনিসিণ্যালিটিতে আপনার ১৯৫২ সালে ৪ লক্ষ ২০ হাজার টাকার একটা স্বীম কমপ্পিট করলেন এবং তাতে ৫ লক্ষ গ্যালন জলের বরাদ ছিল কিন্তু সেই স্বীম কমপ্পিট হওয়ার পরে দেখা গেল সেখানে ৩ লক্ষ গ্যালন জল উপস্থিত হয়। সেই ওয়াটাব ওয়ার্কদে একটা ওয়াও ৪০ হাজার পোকের জল পাওয়া যায় বাকি অন্ত কোন ওয়ার্ডে জল পাওয়া যায়না, প্রচুর লোক জলকষ্ট ভোগ করছে। মিউনিসিণ্যালিটি অগমেণ্টেসান স্বীম দিয়েছিল আপনাদের কাছে কিন্তু সেই অগমেণ্টেসান স্বীম গ্রহণ করেননি। যে ১ লক্ষ ২০ হাজার টাকা ব্যয়েব মত স্বীম আপনারা দিয়েছেন সেই টাকা মিউনিসিণ্যালিটি থেকে দিতে হবে। কিন্তু আমার বক্তব্য হছে মিউনিসিণ্যালিটির অবস্থা এই হাউসে বারবার আলোচিত হয়েছে, তাদের টাকা নেই তারা কোন কাজ করতে পারেনা, রাস্তাঘাটের সংস্কার হয়না, সেই অবস্থায় আপনি সেই মিউনিসিণ্যালিটির ঘাড়ে জিনিসটা চাপিয়ে দিয়ে চুণ করে বিসে আছেন আর কাঁচড়াপাড়ার লোক জলাভাবে গ্রীগ্রের দিনে তাহী তাহী করছে।

ভারপর আসানসোলের কথা বলব। আসানসোলের লোককে জল কিনে খেতে হয়। বাংলাদেশে এমনও অঞ্চল আছে যেখানে জল কিনে খেতে হয়। আসানসোলে জলের ব্যবস্থা আপনারা কি করেছেন সে সম্বন্ধে আপনার কাছে জানতে চাই।

ভারপর গ্রামে জলের বাবস্থা অত্যন্ত শোচনীয়। এই হাউদে মেন্সান হয়েছে যে গ্রামে পাণীয় জলের জন্ত আপনারা যে টিউবওয়েল করেছেন সেই টিউবওয়েলগুলি ১০ দিন, ১ মাস, ২ মাস পরে থারাপ হয়ে যায় কিন্তু সেই থারাপ টিউবওয়েল সংবারের আর কোন ব্যবস্থা নেই। আপনারা করাল ওয়াটার সাপ্লাই এর উয়তির জন্ত কি ব্যবস্থা করেছেন দেখতে পেলাম না? আমি বিভিন্ন অঞ্চলে ঘুরে দেখেছি—আমার নিজের এলাকায় ভটপুকর গ্রামে গুপুর রোদে ১৷২ মাইল দূরে গিয়ে মেয়েরা জল নিয়ে আসছে। কেন এইরকম হবে ? সেখানে টিউবওয়েল থারাণ হয়ে আছে, আমি নিজে আপনার কাছে দরবার করেছি, দরখান্ত দিয়েছি, বহুক্ষেত্রে জানিয়েছি কিন্তু সেই অসংস্কৃত, অকেজো টিউবওয়েল সারাবার কোন উপায় হল না। এতাে শুরু একটা কেল্রের কথা গেল। আমি এখানে জার করে বলতে পারি যে আজ বাংলাদেশের গ্রামে গ্রামে পাণীয় জলের অভাব রয়েছে। গ্রমকাল আসছে, আপনাদের এই গভর্পমেটে ভার কোন স্করাহা করেন নি।

এবং যেটুকু স্থরাহা করেছেন সেটুকু পরিপূর্ণভাবে করেন নি। টিউবওয়েলগুলি সারাবার পর্যস্ত বাবছা নেই একথা জার করে বলছি। থালে গ্রামাঞ্চলে কেন, সহরে অনেক জাঃগায় যে টিউবওয়েলগুলি আছে সেই টিউবওয়েলগুলি কাজ করে না। আপনাদের কাছে যে দরথান্ত করা হয়, যে প্রতিনিধি দল পাঠানো হয়, যা কিছু বলা হয় আপনার। তার উপর কেন কোন য়াাকসন নেন না এটাই আমার জিফ্ফান্ত। আমি একথা বলবে৷ বাংলাদেশের গ্রামাজীবনে পাণীয় জলের জন্ত লোকের যে আকৃতি মিনতি—তারা যে আকুল বেদনা আজ ভোগ করছে সেদিকে মন্ত্রীমহাশয় এবং তাঁর বিভাগ কোন দৃষ্টিপাত করেন না। তারপরে আর একটা কথা বলবে৷ যে কোলকাতা সহরে এখন মশারি টান্সিয়ে থাকতে হয়। বেলগাছিয়ায় আমি সেদিন গিয়েছিলাম—সেখানে এত মশার

উপদ্ৰব যে সেথানকার বাসিন্দারা আমাকে বল্লেন সেথানে মশারী না টাঙ্গাইলে দিনে থাকা ষায় না আমি একথাও বলবো বে টালীগঞ্জ এলাকায় মশার উপদ্রবে মামুষ রাত্রে পাগলের মত করে। শাপনার স্বাস্থ্যবিভাগ যদি এই সামাত্র ব্যবস্থাটক করতে না পারেন তাহলে কিসের জত্ত এই খাষ্টা বিভাগ ? যেথানে সাধারণ লোক, গরীব লোকের বাডীতে পাথা দিনরাত ঘুরছেনা বা ভারা এমার কণ্ডিসন রুমে নেই দেখানে তারা কিভাবে থাকবে ৭ মশার উপদ্রব থেকে কিভাবে ভারা রক্ষা পাবে সেটা স্পীকার মহাশয়, আপনার মাধামে আমি মন্ত্রীমহাশয়কে ভিজ্ঞাস। করছি। কোলকাতার আউট স্বার্টনে এবং কোলকাতা সহরের ভেতর এত যে মশার উপদ্রব দেখান মন্ত্রীমহাশয় কি ব্যবস্থা করছেন, কি তাঁর নীতি আশাকরি তিনি এর জবাব দেবেন। আমি আবো ক্ষেক্টী কথার উল্লেখ কর্ছি সেটা হচ্ছে কোচবিহার সহরের সদর হাসপাতাল সম্বন্ধে। আমার কাছে একটা দীর্ঘ চিঠি এসেছে—যদি এটা এই হাউদে পড়তে যাই তাহলে আমার সময় ফুরিয়ে যাবে। শেখানে অব্যবস্থা, অপ্রভুলতা যথেষ্ট পরিমাণে রয়েছে। কোচবিহার সদর হাসপাতালের দিকে আপনি দৃষ্টি দিচ্ছেন না। কোচবিহারে আর একটা টি. বি., হাসপাতাল আছে যার নাম হচ্ছে জে. ডি. হাসপাতাল—সহর থেকে ২॥ মাইল দরে। এখানে ডাক্তার, নাস['], বেড প্রভৃতির অভাব রমেছে। ২২।২৪টা বেড আছে কিন্তু রোগীর সংখ্যা ৬৫ এবং রোগীরা মেঝেয় শুয়ে থাকে। সেথানে ষারা স্থাংকসান বেডে আছে তাদের ২॥ টাকা করে দেন, ডাক্তার যাদের টি. বি. রোগী বলে গ্রহণ করেছেন তাদের দৈনিক ১১ করে দেন—এটা যে কি ব্যবস্থাতা আমি বঝতে পারি না। আমার একটা কথা বলি জে. ডি. মাঝীপাড়া হাসপাতাল সরকার থেকে নিংছেন এবং লোকের ধারণা ছিল যে এবার কিছ উন্নতি হবে কিন্তু চঃথের বিষয় সেই মাঝীপাড়া আউটডোর হাসপাতালে ডাক্তার নেই ও ধ নেই, কোন কিছু ব্যবস্থা নেই অথচ সেই ডিট্টিক্ট বোডের হাসপাতাল সরকার নিয়ে নিলেন। এগুলি করা কি আপনার কর্তব্য নয়? হাসপাডালগুলি খুলেছেন, সেগুলির ভার নিয়েছেন অব্বচ সেখানে রোগী মারা যায়: কোন চিকিৎসার ব্যবস্থা করতে পারেননা—এর কি কোন প্রতিকার নেই। তাই আপনাকে বলছি স্পীকার মহাশয়ের মাধ্যমে যে আপনি গরীব লোকদের জন্ম পাণীয় জলের ব্যবস্থা করুন, তারজভা অভাথাত থেকে যদি টাকার দরকার হয় তাহলে মন্ত্রীমহাশয়কে চা**প দিন। সহরগুলিতে** জলের বাবস্থা করুন, কোলকাতার নাগরিকদের মুশার উপদ্রব থেকে রক্ষা করুন এবং হাসপাতালগুলিকে যথেষ্ট পরিমাণে সাহায্য দিয়ে দেখানে রোগীরা যাতে ভালভাবে চিকিৎসিত হয় তার ব্যবস্থা করুন। এগুলি না করলে অল রাউপ্ত প্রগ্রেসের কোন মানে হয়না এটা আমি বলবো।

[10-50—11 a.m.]

Dr. Beni Chandra Dutt: Mr. Speaker, Sir, last year, in the course of the discussion of the Health budget I had the occasion to complement the Health Directorate and the Hon'ble Minister for successful implementation of certain schemes for improvement of the different heads under Medical and Public Health. The working result of that has been that malaria, the greatest curse of the country, has almost been wiped out. The incidence of infectious diseases like cholera and small-pox has been controlled. The mortality rates including infant mortality has appreciably gone down. These are no mean achievements for a State which only a decade ago was on the verge of bankruptcy. Coming to this year's Budget figures and also from the speech of the Hon'ble Minister, it is apparent that not only the rate of improvement has been maintained but that schemes of far reaching significance are going to be introduced—I

mean the scheme of socialising the Health Services. Already there is the Employees' State Insurance Scheme. Although this scheme was started aid to these employees has fallen on the State Government. The Corporation has been spending Rs. 18.40 nP. per patient per month. Its to contribute Rs. 1.50 nP. to Rs. 4 according to the scale of pay. Sickness benefit, death benefit and all that.

Now, this has been operating in an area in Calcutta, Howrah and the number of persons getting the benefit is 2,70,000 and 738 doctors have been employed. The scheme is shortly to be extended to Hooghly and the 24-Parganas and there is, however, a scheme for extending the benefit to the families of these employees. But for want of hospital accomodation the scheme has been kept in abeyance. I learn that 12 more hospitals are going to be established for the benefit of the employees as well as their families. In order to enable the other citizens to have similar benefits, I understand that the Government is embarking on a scheme to establish Zonal Centres in Calcutta. I learn that there are 11 zones and there will be 3 or 4 zones where the common man will be able to enrol himself for a small consideration and get the benefit of all sorts of treatment including domiciliary treatment and hospitalisation, if necessary. This will be a great step towards socialising the Health Services and although it falls far short of what is prevailing in the U.K. and in other advanced countries, I should say that this would be a great beginning.

Now what about the Medical services? These have been re-graded and three scales of pay have been fixed. The basic one is from Rs. 250 to Rs. 650, but there is a rider to this that doctors working in the hospitals will be debarred from having a private practice and will be given in lieu a compensatory non-practising allowance of Rs. 75/-. This, I should say is too small compared with the practice they had been hitherto enjoying.

Sir, there is another aspect of the scheme. The medical graduates who have otherwise qualified themselves by obtaining post-graduate degrees or by qualifying themselves in foreign countries will all be required to come through the bottom of this grade with only this advantage that their services will be antedated by the number of years they have taken to medical profession. This is a small concession and the result has been that this has not only been acting as a deterrent to these specially qualified medical personnel but has been preventing the country from utilising the services of these talented graduates, for we find that many of these graduates after returning to India are going out abroad for service while some are not returning from Dugland. So I suggest that these specially qualified medical men should be put at the top of the grade, so that in course of a few years they may be promoted to the Selection Grade. As regards the Selection Grade this was a grade for those specialists who have been working in the Medical College or the Sukhlal Karnani Hospital and similar institutions. These posts were held by the eminent men in the profession either on an honorarium of Rs. 260/- with a right of private practice or on a contract service. Now, with the introduction of the new scheme, private practice has been

debarred and the result has been that there has been a dearth of suitable candidates for filling up some of the most important posts in the teaching institutions, and the Government, therefore, has been forced to concede these honorary doctors to continue in an honorary capacity. Whilst those who have entered the service have now been claiming that they are suffering financially and that they should be given the right of private practice, this has been allowed to only a few of them. Now this is highly discriminatory as the persons who have already accepted the service feel that their claim also should be entertained. I suggest, therefore, that some sort of right of private practice should be accorded to these specialists, for it is to these specialists that the general people are looking forward for help whenever any serious case occurs. Calcutta is famous for its very up-to-date medical components and people from various parts of India come here for medical treatment. If all these specialists are debarred from private practice, Calcutta will cease to be the centre of high grade medical perfection. I, therefore, feel that these specialists should be allowed to carry on some sort of private practice, some sort of controlled practice. Let a ceiling be fixed of their pay or on the fees that they have been realising and let some percentage of the fees so realised be made over to the Government. That will be a realistic solution of the whole problem,

[11-11-10 a.m.]

Regarding hospitals, Sir, I must say that while the number of beds of the hospitals have been multiplying, cases of incivility or neglect of duty are matters of daily complaints

Sir, whatever the authorities may say, such as dearth of the number of doctors, hard work, all these things, there is no denying the fact that hospitals are now soulless institutions

Mr. Speaker: Your time is up and you cannot get any more time. You may, however, finish your sentence.

Dr Beni Chandra Dutt: Sir, in European countries there is a system of allowing private practitioners to see and watch the progress of the cases and report to the authorities when any incident occurs. But this is being denied to us. This system of keeping the hospitals in a state of seclusion was the privilege of the late I M.S. group and it is a pity that it has been allowed to be perpetrated even now. Sir, I had occasion in the past to plead for granting some sort of recognition to the private practioners who send cases to hospitals but that has gone unheeded. I again place it before the Hon'ble Minister to consider the promise which was given for keeping the doors of hospitals open to the general public.

Shrimati Labanya Prova Ghosh: মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবংগের কংগ্রেমী শাসনের অরপ যদি আমরা বিচার করতে চাই—চিকিৎসা বিভাগই তার মূর্ত পরিচয়। কারণ রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রীর শাসন ক্ষমতা বিষয়ে আমাদের যে ধারণাই থাক্—তার চিকিৎসা-প্রতিভা চিহরে সমগ্র ভারতের সংগে আমাদের সকলের অন্তরের সম্মান তাঁর জন্যে রয়েছে। এফেন

প্রতিভাধর ব্যক্তির আপন বিষয়ের ক্ষেত্র গঠনেও যে শোচনীয় অসামর্থ্য মূর্ভ হয়ে উঠেছে— ত। সতিটি **জ্বতাস্ত তুঃখ** এবং গ্লানির বিষয়। আমাদের মনে হয়—তাাঁর চিকিৎসা প্রতিভা ধাকলেও রোগার্ড বি**পর** মাত্র্যের প্রতি তাঁর অন্তরের দরদ সন্তবত: নেই। তা থাকলে তাঁর মতো প্রতিভাবান ব্যক্তি হাতে ক্ষমতাপেয়েও অবস্থিত আমতি বিপন্ন মাকুষের জন্য সুব্যবস্থার ক্ষেত্র স্ফ্রেন না এর কারণ বোঝা সত্যই হরহ। অনাহারক্লিষ্ট, আর্থিক বিপদে জর্জরিত—বাংলার অগণিত মানুষ আজ বিভিন্ন রোগে বিপন্ন হয়ে চিকিৎসার আশ্রয় প্রার্থন। করছে তাদের নামে বিপুল পরিমাণ অর্থের বরাদ হচ্ছে। কিছ উপযুক্ত ব্যবস্থা গড়বার দরদ এবং সাধনা নেই চিঞ্ছাহীন ব্যবস্থায় ও চুরিতে অজ্ঞ বরাদের অর্থ তছনছ হয়ে বাচ্ছে—ষেটুকুও গড়ে উঠেছে তার মধ্যেও ব্যবদা অসম্পূর্ণ আয়োজন নিষ্ঠুর ব্যবহার চিকিৎসাক্ষেত্রের সমগ্র ব্যবস্থার মহিমাকে পশু করে দিছে। আমি জানি, সমগ্র বাংলার জীবনে আজ এই সত্য অবস্থা। এবং আমি আমার জেলার তথা প্রমাণের বাবস্থা বিশ্লষণের ভিত্তিতেই এই আলোচনা উপস্থাপিত করেছি। দীর্ঘকালের অনাদৃত, উপেক্ষিত, বহু আদিবাসী হরিজন অধ্যাধিত আমাদের জেলারই প্রতি যথন রাজ্য সরকারের এই আচরণ- তথন অন্য স্থানের অবস্থা কী চলছে তা সহজেই অনুমেয়। বংগভ্ক্তির পর থেকে এতদ্ন পার হযে গেল আমাদের জেলার চাহিদার উপযোগী করে দদর হাদপাতালকে বাডাবার, তাকে উন্নত করবার কোনো চেষ্টা আজও পথস্ত হোল না। জেলার জন্য এ একমাত্র আধ্রেষ্ট্রাপ্র চিকিৎসা প্রতিষ্ঠান কিন্তু তা চাহিদার তুলনায় আজও নিতান্ত অকিঞ্চিৎকর। যে জেলাকে হিন্দীসাম্রাজ্যবাদ, রাজ্যপুনর্গঠন ক্মিশন ও পশ্চিমবংগের রাজ্য সরকার মিলিত চক্রাস্তকে ভেংগে থও বিচ্ছিন্ন করে দিলেন অর্থ নৈতিক জীবনে ঘোরতরভাবে বিপন্ন সে জেলার জনসমাজে আজ চুভিক্ষ, অনাহার, ফ্লা, কুঠ, ফ্রুত ক্রমবর্ধমান ধারায় অগ্রদর হয়ে চলেছে অথচ এদের জন্য জেলায় ব্যবস্থাও নেই, এদের বাইরে যাবার দামর্থ্য বা স্কুযোগও নেই কিন্তু তার জন্যে কল্যাণকামী রাষ্ট্র বা পঞ্চবার্যিকী পরিকল্পনা কারুরই কোনো তুশ্চিস্তা নেই—দেখানকার উপেক্ষিত, অনাহারক্লিষ্ট মান্তবের জন্যে যক্ষা স্থানেটরিয়ামের কল্পনা আমাদের কাছে আজ আকাশকৃত্বম পৃথিবীর মধ্যে কুষ্ঠ অধ্যবিত অঞ্চলগুলির অন্যতম যে পুরুলিয়া জেল। তার কুঠবোগের সংগে সংগ্রামের উপযুক্ত ব্যবস্থার কোন উত্তোপ রাজ্য সরকারের নেই – এর চেয়ে বড় মানী এবং হৃংথের কি হতে পারে। মামুষের জীবনে কুষ্ঠ রোগ যে কত ছঃথের এবং অভিশাপের তা পৃথিবীর সকলেই জানেন। তার সমস্তার প্রতিও যাদের দরদ নেই তাঁদের বিষয়ে আমরা কি ভাবতে পারি। সাধারণ রোগ ব্যাধির ব্যাপকক্ষেত্রে চিকিৎসার জন্য হেল্থ সেণ্টার নামে অকিঞ্চিৎকর কিছু ব্যবস্থা করা হয়েছে---এগুলিও বিশেষ কাজেরই হয় নি কারণ পরিকলনা ও পরিচালনা উভয়ের মধ্যেই বহু ক্রটি রয়েছে এবং চলেছে। স্থতরাং আমরা দেখতে পাচ্ছি বিশেষ এবং ব্যাপক এই উভয় চিকিৎসার কোনো দিকেই ব্যবস্থার আন্তরিক কোনো প্রচেষ্টা নেই। এর চেয়ে আর পশ্চিমবঙ্গ সরকারের প্রানীর কি থাকতে পারে গ

Shri Saroj Roy: স্পীকার মহোদয়, মন্ত্রীমহাশয় তার প্রারম্ভিক বক্তৃতায় একট। কথা বলেছেন—all round progress। আমি শুধু একট। উদাহরণ এখানে দিলেই দেখবেন দে, Public Healthএর দিক থেকে তা কিভাবে হচ্ছে। বাংলাদেশের রাজধানী কলকাতা এবং এটা দারা ভারতবর্ধের ভিতর স্বচেয়ে বড় মহানগরী; তার গত বেংসরের হিসাব দেখলেই বুঝবেন অবস্থাটা কি! গত বেংসর কলকাতায় মোট ১৭০৯০৮টি লোক মারা গিয়েছে। তার মধ্যে কলেরায় মারা পিয়েছে ৪৭৯০; বসস্তে ২৬৯০; কিন্তু এই হিসাব ছাড়িয়ে গিয়েছে যক্ষা। ভার হিসাব যদি দেখি তাহলৈ দেখবা ১০ হাজার ১৯৫৫-৫৮ সালে। কলকাতায় কলেরার ফলে মহামারী হয়েছে ১৯১৬ সালে, আরু ১৯৫৭ সালে বসস্ত মহামারী দেখা দিয়েছিল। এই অবস্থা মহানগরী হিসাবে

সারা ভারতবর্ষে কেন, পৃথিবীতে আর অন্ত কোথাও দেখা যায় না। যদি কলকাভার অবস্থা এইরকম হয়, ভাহলে গ্রামাঞ্চলের অবস্থা কি তা ভালভাবে বুঝতে পারছেন। কথায় কথায় এঁরা বলে থাকেন ৰে গ্ৰাম পেকে malaria eradicate করেছেন। ভাল কথা। কিন্তু গ্রামাঞ্চলে এখন malariaর বদলে tuberculosis ব্যাপকভাবে দেখা দিয়েছে। একথা বারবার ইতিপূর্বে আপনাদের বলেছি। এবং এই tuberculosis সম্পর্কে করা হয়েছে কি ? একটা কথা গুনতে পাই – after care colonyর ব্যবস্থা করা হচ্ছে। মেদিনীপুরে Digri After Care Colony খোলা হয়েছে কিন্তু তার ঘর ভাড়া হল ৪০ টাকা। সাধারণ মধাবিত কয়টি লোক এইরকম কলোনীতে ৪০ টাকা দিয়ে পাকতে পারে। তাছাড়া যে হাসপাতাল খোলা হয়েছে তার সলে একটা out door খোলার কথা বছবার বলা হয়েছে, এবং Chief Minister যথন দেখানে গিয়েছিলেন সেটা open করার জন্ত তথন আমাদের জানান হয়েছিল যে এথানে একটা out-door থোলা হবে। কিন্তু আজ পর্যন্ত সেই out-door খোলা হল না৷ তারপর আমাদের গডবেতায় একটা স্বাস্থ্যকেন্দ্র আছে দেখানে electricity আছে এবং T.B. রোগীদের জন্ম bed আছে। এবং এখানে X'-Ray করার স্থােস থাকা সত্ত্বেও এই bed গুলি থালি পড়ে থাকে। রোগী ভতি করা হয় না। এই নিয়ে Directorate-এ দুরখান্ত দেওয়া হয়েছে। September 7th-এ দেখানে ৫০টি bedএর মধ্যে ৩৬টা খালি পড়েছিল। আগষ্ট মাসে ৩৯টি bed থালি ছিল কিন্তু রোগী ভতি করা হয়নি। ভতি করা হয়নি এইরকম একটা case আমি directorate-এ দিয়েছিলাম। তার enquiry হয়েছিল কি enquiryর ফল কি হল? সেইজন্ম বলছি—bed সেখানে ধাকা সত্তেও, খালি থাকা সত্তেও বোগী ভাতি কৰা হয় না।

[11-10-11-20 a.m.]

T.B., pepticulcer এই ছটি বোগ গ্রামাঞ্চলে ক্ষেত্মজুরদের মধ্যে ব্যাপকভাবে দেখা দিয়েছে। ভাক্তাররা আমাদের বলেছেন – না থাওয়ার দরুণ, কিনে পেলে চেপে যাওয়ার জন্তই এসব রোগ আক্রমণ করে। যাই হোক, রোগের প্রথম অবস্থায় চিকিৎসার কোন ব্যবস্থা না থাকার ফলে আজকে মেদিনীপুরের কেশপুর, গড়বেতা প্রভৃতি অঞ্চলের সাওতালদের মধ্যে এই রোগ ব্যাপকভাবে দেখা দিয়েছে এবং বিশেষকরে segregationএর কোন ব্যবস্থা না থাকায় এই রোগ আরো বেশী করে ছড়িয়ে পড়ছে। আমাম একটা গ্রামের হিসাব নিয়েছিলাম, সেথানে ১৭ ঘর আদিবাসীর মধ্যে ২২।২০ জন লোক টি. বি. রোগাক্রাস্ত। তারপর, আপনার। সকলেই জানেন বাঁকুড়া জেলায় কুঠরোগ ভীষণ আকার ধারণ করেছে। পার্শ্ববর্তী মেদিনীপুর জেলায়ও এই হুরারোগ্য ব্যাধি ক্রমশঃ বিস্তারলাভ করছে। Second Plan-এ গড়বেতা থানায় পাঁচটি কুষ্ঠবোগ চিকিৎনা কেন্দ্র থোলার কথা ছিল---কেন দেগুলি হয়নি, আশাকরি মন্ত্রীমহাশয় এথানে বলে দেবেন। গোয়ালতোড়ে প্রতি সপ্তাহে একজন ডাক্তার যান, এবং রাস্তার দাঁড়িয়ে তিনি injection দেন যেহেতু কোন জায়গা সংগ্রহ করা ছয়নি। আজ যেভাবে দেশের মধ্যে নানারকম রোগের প্রাত্তাব হচ্ছে তাতে একথা অনায়াসে বলা যেতে পারে যে জনস্বাস্থ্যের কোনরকম উন্নতি হয়নি। ভারপর, আব একটা বড় সমস্তা হচ্ছে, পানীয়জলের অভাব। মন্ত্রীসহাশয় বাঁকুড়া জেলার লোক, ভিনি জানেন, গ্রীমকালে বছদূর থেকে মেয়েদের জল আনতে হয়। কেশপুর ধানায় গত ১০ বৎসরেও health centre হল না, সেখানে ১৬টি ইউনিয়ন—তাই আমি মন্ত্রীমহাশয়কে অমুরোধ জানাচ্ছি, দেখানে health centre হবে কিনা ভিনি ষেন জ্বাবে জানিয়ে দেন।

Shri Shib Das Ghatak: মা: শ্লীকার মহাশয়, আমাদের স্বাস্থাবিভাগের ব্যবস্থানি আজকে দেশের নানাস্থানে আধুনিক যন্ত্রপাতিসমন্থিত চিকিৎসাকেন্দ্র পড়ে উঠছে যার ফলে নানারকম ব্যাধির আক্রমণ পূর্বাপেক্ষা অনেক কমে গিয়েছে। একথা অস্থাকার করা যায় না যে আমাদের প্রয়োজনাম্বণাতে ব্যবস্থা হয়নি, কিন্তু আপনারা সকলেই জানেন সেই পরিকল্পনা আমাদের সরকারের আছে। একটা বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করব—গুধু কলকাভায় Medical College করলেই হবে না, মফ:স্বলেও medical College হবার পরিকল্পনা আছে। আমাদের পরিকল্পনায় আমাদের ভারতবর্ষে ২১টি Medical College হবার পরিকল্পনা আছে। আমাদের পশ্চিমবাংলায়—আসানসোলে, পুক্লিয়ায়, বীয়ভূ:ম Medical College করার প্রয়েজনীয়তা আছে। বিশেষকরে আসানসোলে Medical College করার সার্থকতা আছে, কারণ সেথানে বড় বড় হাসপাতাল আছে, Private Companyর হাসপাতাল আছে। আজকে মফ:স্বলে কারুর কোন মারাত্রক রোগ হলে কলকাভায় নিয়ে আসা ছাডা গতান্তর নাই।

আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা আজকে এখানে অনেকরকম সমালোচন। করলেন, স্বাস্থ্যবিভাগে দুর্নীতি আছে, nurse থাকে না, ডাক্তার থাকে না। কিন্তু এরজন্য আমাদের বিরোধীপক্ষের বন্ধুরাও থানিকটা দায়ী—তাঁরা আজকে সবকিছুর মধ্যে রাজনীতি চুকিয়ে দেশের মধ্যে একটা বিশৃত্যলা সৃষ্টি করছেন। আমি তাঁদের বলব, দুর্নীতি দূর করতে গেলে দেশের সন্তানসন্তভিদের মধ্যে দেশান্ধাধ জাগ্রত করতে হবে, national interestকে স্বাত্যে স্থান দিতে হবে। ভুধুমাত্র মন্ত্রীমহাশন্ধকে গালাগাল দিলে হবে না। আমাদের মুখ্যমন্ত্রী ভুধু বাংলার নয়, ভুধু ভারতবর্ষের নয়, সমগ্র পৃথিবীর একজন শ্রেষ্ঠ চিকিৎসক। আমাদের স্বাস্থ্যবিভাগে military, ex-army man, General ধেকে Colonel, Captain, Lieutenant এরকম আছেন।

[11-20-11-30 a.m.]

ওঁরা যদি সেই মিলিটারী স্পিরিট নিয়ে কাজ করেন তাহলে I am sure this will be a very ideal truth of Bengal. জেনারেল চক্রবভার অনেকে সমালোচনা করেন, কিন্তু জেনারেল চক্রবর্তীর এখনও যে কর্মশক্তি আছে তাতে যদি তিনি সেবার মনোভাব নিয়ে কাজ করেন ভাহলে এই বুদ্ধ বয়সে তিনি তাঁর স্থনাম রক্ষা করতে পারবেন। ভারপর স্বাস্থ্যবিভাগের কোন নিজস্ব ইঞ্জীনিয়ার নেই। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেন যে আমাদের ইঞ্জীনিয়ারের অভাবে বটলনেক স্বষ্টি হয়। অর্থাৎ তাঁদের P. W. D. Construction Board ইত্যাদির মুখের দিকে চেয়ে পাকতে হয়। শেক্ষন্ত বলছি যে, হেল্থ ডিপার্টমেণ্টের নিজস্ব ইঞ্জিনীয়ার থাকা উচিত। শিক্ষা বিভাগের মত এটাও একটা মিসনারী অৱগ্যানিজেশান। কিন্তু সেই শিক্ষাবিভাগকেও স্কুল, কলেজ করতে গিয়ে খনেক অস্ক্রিধায় পড়তে হয়। তারপর ধাইতাক ডিপার্টমেন্টও একটা মন্ত বড় বটলনেক। আনেক পরিকল্পনা তারা বৎসরের প্র বৎসর ফেলে রেথে দেয়। আমি মনেকরি আছামগ্রী মহাশয়ের এদিকে দৃষ্টি দেওয়া উচিত। স্বাস্থ্যবিভাগের আর একটা বড় বিভাগ জল—This is the most essential need in human life. War emergency বলে ধনি এটাকে গ্ৰহণ করি, ভাহৰে আমরা এর অবভাব দূর করতে পারব। আবজ ১৪ বছর আমরা স্বাধীনতা পেয়েছি, কিন্তু এখনও গ্রামে গ্রামে, শহরে শহরে জলের অবভাব রয়েছে। এ বিষয়ে একটা কমপ্লিট প্রোজেক্ট গ্রহণ করা আবিশুক। নিরঞ্জন দেন মহাশয় আসানসোলের কথা বলেছেন—বেন মায়ের চেয়ে মাদীর দরদ বেশী। এই নিয়ে স্বাস্থাবিভাগের মন্ত্রীমহাশয় থেকে আরম্ভ করে চীফ ইঞ্জিনীয়ার, ডাইরেক্টার অফ

হেল্থ সার্ভিসেদ সবাই ওয়াকিবহাল আছেন। ৪ কোটি টাকার একটা স্কীমও রয়েছে—দেটা cold storage-এ গেল কিনা জানি না—দেটা একটু তরান্বিভ করবেন। আদানদোল স্কীমে বে কাজ চলছে দেটা দ্রুতগভিতে করা দরকার। আবার সামনে গ্রীয় আদছে বলে কাজ খুব expedite করা দরকার। আজ একথা বলতে চাই বে সরকার পরিকরনা গ্রহণ করছেন কিন্তু execution-এ একটু জাের দরকার। আসানসোলে নাকি ৩৫০ বিঘা agricultural land নিয়েছেন হাঁসপাভালের জন্তু, কিন্তু আমি যত্তদ্র জানি বে, কোন agricultural land নেননি। আমি বলব—দেবা, স্বাস্থ্য, শিক্ষা এবং থান্তবিভাগকে রাজনীতির উর্ধে রেখে দেবার মনোভাব নিয়ে সকলের এগিয়ে আসা উচিত এবং এ বিষয়ে Sir, let us help the Government এবং তাতেই আমরা মনে করি জনকল্যাণ হবে।

Dr. Dhirendra Nath Baneriee: মাননীয় স্পীকার মহাশয়, আগামী বছরের বাজেটে এই থাতে যদিও ৮ কোটি ৮১ লক্ষ ৯৩ হাজার টাকা ধরেছেন কিন্তু চলতি বছরের বাজেটে যে ১০ কোটি ৩৬ লক্ষ ৭৪ হাজার টাকা ধরা হয়েছিল তার মধ্যে দেখতে পাচ্ছি যে প্রায় ৩৫ লক্ষের মত টাকা খরচ করা সম্ভব হয়নি এবং এই ৩৫ লক্ষের মধ্যে ৩১ লক্ষ ৭০ হাজার টাকা হাসপাতাল থাতে ধরা ছিল। কাজেট এট যে সব টাকা থবচ করা সম্ভব হোল না তার ফলে হয়েছে যে, যে টাকা থবচ হয় তার 🖁 অংশ কোলকাতার আশে-পাশের জন্ম থরচ হয় আর জেলাগুলিতে জনসংখ্যার ৬০ ভাগ পাকা সত্তেও সেখানের জন্ম ^{মু} অংশ খরচ হয় না এবং এর ফলে দেখেছি যে উত্তর বঙ্গে এবং আমাদের জেলায় তেমন কোন অগ্রগতি হয়নি। অবশ্র অনেক চেঁচামেচির করার পর যদিও বালুর**ঘা**টে ১২ লক্ষ টাকা থরচ করে সদর হাসপাতাল থোলা হোল কিন্তু ডিসেম্বর মাসে থোলার সঙ্গে সঙ্গে চাদপাতালের ১ তলা ভত্তি হয়ে যাবার ফলে আর রোগী নেওয়া সম্ভব হোল না। তবে আশ্চর্যের বিষয় যে কর্তৃপক্ষকে জানান সত্ত্বেও তাঁরা দোতালার তৈরী করে এক্সটা বেড দেবার ব্যবস্থা করলেন না। শুধু ভাই নয়, সেথানে যে ইয়ার, নোজ, থোট এবং ডেণ্টাল ট্রিটমেণ্ট করবার জন্ম কোন স্পেদালিষ্ট নেই তা' দেবার যেমন বাবস্থা তাঁরা করলেন না ঠিক তেমনি যে দার্জন, ডাব্ডার, নাদ এবং ক্মপাউণ্ডার দেখানকার জন্ত প্রয়োজন তারও যোগান দিতে পারলেন না। তবে এই যে পারলেন না তার কারণ আমাদের অভিজ্ঞতা থেকে যা বুঝতে পেরেছি তা' হোল এই বে, মন্ত্রীমহাশয়ের সঙ্গে সেক্রেটারিয়েটের কোন সংহতি নেই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মন্ত্রীমহাশয় দরদী হতে পারেন, কিন্তু মন্ত্রীত্ব করতে গেলে যে virility-র দরকার সেই virility-র বিশেষ অভাব আমি মন্ত্রীমহাশয়ের মধ্যে দেখতে পেয়েছি এবং এই virility-র অভাব রয়েছে বলেই তিনি আজ জাঁব দলবলের জন্ম সেক্রেটারিয়েট এবং ডাইরেকটরেট-এর অচল অবস্থাকে সচল করতে পাবছেন না এবং তার ফলে সারা পশ্চিম বাংলায় হেল্থ ডাইরেকেটারেট-এর আগুরে যে সমস্ত নিম্ন কর্মচারীরা ছডিয়ে রয়েছে তাঁরা সুশৃঞ্জভাবে কাজ করতে পারছেন না এবং তাঁদের সঙ্গে দরদ দিয়ে ভালভাবে বাবহার করা হচ্ছে না। যেমন ভার, ১৯৫৬ দালে এই দরকারের যে কর্মচারী রিটায়ার করে গেল দেই কমপাউণ্ডার বোমকেশ দত্ত ডাইরেকটরেট-এ অনেক তদবির করা সত্ত্বেও আজ পর্যস্ত তাঁর রিটায়ারিং বেনিফিট আদায় করতে পারল না। তারপর মেদিনীপুরের আর একজন কমপাউণ্ডার ষিনি বালুর্ঘাটে কাজ করতেন তাঁকে কুচবিহারের মফ:ম্বলে ট্রান্সফর করে দেওয়া হোল অপচ একবার বিবেচনা করা হোল না কেএই গরীব কম্পাউগুার তাঁর পরিবারবর্গকে কোপায় রাখবেন। অবখ সেই ভদ্রলোক তাঁর এবং তাঁর পরিবারবর্গের অমুবিধার কথা জানিয়ে এবং তাঁর কর্তৃপক্ষ সি. এম. ও. এবং ডি. এম ও.-র কাছে তদবির করে এক দরখান্ত ডাইরেকেটরেট-এ পাটিয়েছে কিছ সরকার একবারও ভাবলেন না যে পাড়াগাঁতে এই ভদ্রলোকের পরিবারবর্ণের কি অবস্থা হবে॥ কাজেই সরকারের যদি মানবভাবোধ না থাকে তাহলে তাঁরা যত টাকাই থরচ করুন না কেন তা' দিয়ে

তাঁরা জনসাধারণের কল্যাণ করতে পারবেন না। তারপর আরও ২০০টি বিষয় সরকারের গাক্ষণতির কথা জানাতে চাই যে, আজ পশ্চিম বাংলার মফঃস্থল এলাকায় এবং পশ্চিম দিনাজপুর জেলায় টি. বি. এবং লেপ্রোসী ভয়ানক ভাবে বেড়ে যাওয়া সত্ত্বে সরকার ভা' প্রিভেণ্ট করবার জন্ম কোন ব্যবস্থা গ্রহণ করছেন না এবং রায়গঞ্জ হাসপাভালে যে একারে প্ল্যাণ্টটি পড়ে রয়েছে সেটি এই ৪ বছরের মধ্যেও কাজে লাগাতে পারলেন না।

রায়গঞ্জে জন সেবার জন্ম একটি বেসরকারী প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করবার জন্ম তার। চেষ্টা করছে অথচ পশ্চিমবংগ সরকার তাদের যথাষথ ভাবে সাহায্য দিছেন না। বালুরঘাটে প্রথম পরিকল্পনার সময় তপন থানায় রামপাড়া চাঁচড়া ইউনিয়নে health center building তৈরী হয়ে আছে, বোল্লা বোয়ালদার ইউনিয়নে ছুটো হেলথ সেন্টার দাঁডা অবস্থায় ভেঙ্গে পড্ডে অথচ ৩৫ লক্ষ্ণ টাকা ফেরং যাছে। তবুও জনকল্যানে সেগুলিকে চালাবার বাবস্থা হল না। কাজেই সরকারের কাছে দাবি করব বে তাঁরা মানবিক বোধে এই কাজ করবার জন্ম অগ্রণী হবেন।

[11-30—11-40 a.m.]

Shri Renupada Haldar: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের এই রাজ্যে রোগ ও রোগীর সংখ্যা যত বাড়ছে ততই আমরা দেখছি এই বিভাগের বায় বরাদ কমে যাছে। গত বছর যে বয় বরাদ ধর। হয়েছিল ভার থেকে এ বছর অনেক কম করে ধর। হয়েছে। কিন্তু সরকার প্রমান করতে চেয়েছেন যে আমাদের দেশে রোগ ও রোগার সংখ্যা অনেক কমেছে। আমরা দেখছি রোগ ও রোগীর সংখ্যা কমা দূরে থাকুক ক্রমশঃ বেড়েই চলেছে। আগে ১৯৪৭ সালে ই. এন. টি. ডিপার্টমেন্টে যত রোগা ছিল এখন তা বেডে প্রায় ২০ গুণ হয়েছে। খণ্চ তার জন্ম নতন কোন ব্যবস্থা করা হয়নি। চকু চিকিংসার ব্যাপারে আমরা দেখছি যে এক একটা হাসপাভালে যে সব রোগারা যায় তাদের ১৷১॥ মি:নট করে দেখে ছেন্ডে দেওয়া হয়। মঞ্জীমহাশয় নি**শ্চয়ই** জানেন যে ১।১॥ মিনিটে কোন রোগীর কোন চকু পরীক্ষা করা যাযনা। এই সমস্ত ব্যাপারে যদি একটা স্থষ্ঠু বাবস্থা করা যায়, যদি বেশা করে ডাক্তার নিমোগ করা যায়, বেশা চিকিৎসা কেন্দ্র খোলা যায় ভাহলে নিশ্চয়ই এই সব রোগাঁর চিকিৎসা ভালভাবে হতে পারে। সরকার তরফ থেকে বলা হচ্ছে কলকাতার ওভারক্রাউডিং কমাবার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু আমরা দেখছি যদি পল্লী অঞ্চলে হাসপাতাল যাদ গড়েনা ওঠে তাহলে নিশ্চয়ই এই ভীড থাকবে, কলকাতা শহরে তারা মাসতে বাধ্য হবে। আমরা দেখছি ইউনিয়ন ছেলগ गেটারওলি সরকারের তরফ থেকে মন্ত্রী মহাশয় যেসব প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই অনুসারে গতে উঠছেন। আমাদের জয়নগর ধানায় ১৪টা ইউনিয়ন আছে, প্রতিটি ইউনিয়নে ২০২৬ হাজার লোক বাস করে, ১৮টি ইউনিয়নের প্রত্যেকটিতে ইউনিয়ন হেলথ দেণ্টার করার কথা কিন্তু দেখানে মাত্র টি হয়েছে এবং দেখানেও যে ব্যবস্থা করা হয়েছে ভাতে করে সেই ইউনিয়নে বাস করা বায় না , ভাই এক্ষেত্রে বলতে চাই সমস্ত ইউনিয়নে হেল্প দেণ্টার না করতে পারণে ২৷০ ইউনিয়নে মিলিয়ে একটা হেল্গ দেণ্টার করুন এবং তাতে যতথানি সম্ভব রোগাঁর চিকিৎসার ব্যবস্থাকরুন। থানা হেল্প সেণ্টারের কথা বলব না-অন্তান্য জায়গাতে থানা হেলথ সেন্টার আজ পথস্ত করা হয়নি। জয়নগর থানাতে যদিও একটা করা হয়েছে কিন্তু সেখানে কোন রকম চিকিংদার ভাল ব্যবহা নাই—রাভাঘাট মোটেই নেই, স্পেশালিষ্ট নেই, এক্স-রে এর কোন ব্যবস্থা নেই। তারণর আলিপুর একটা সাব-ডিভিসান অর্থচ পেখানে sub-divisional health centre নেই। হয়ত মন্ত্রী মহাশর বলবেন বাঙ্গুর হাদপাভাল

শাহে। কিছু বাঙ্গুর হাসপাতালে পল্লী অঞ্চলের বোগীদের খুব বেশী স্থবোগ স্থবিধা নেই। এছাড়া ভারমগুহারবারে একটা হাসপাতাল আছে। এই হাসপাতাল আগেকার দিনে বে শ্বস্থায় ছিল সেই শ্বস্থায় রয়ে গেছে। স্পাণে যে বেড ছিল সেই বেড বরে গেছে আর কোন বেড বাড়ান হয়নি। সেথানে বোগীরা বারান্দায় পড়ে শীভ, গ্রীয়, বর্ষায় কট পাছে। যাদের মারাত্মক রোগ হয়েছে তাদের অল্ল একটুলানি আউটভোরে দেখে ছেড়ে দেওয়া হয়। এই শ্বস্থা সেথানে চলছে। এইজনা আমি বলভে চাই এই সমস্ত বড় বড় কথা বললে হবে না, গ্রামে যদি স্বাস্থাবেন্দ্র খোলা না বার এবং চিকিৎসার স্কুট্র ব্যবস্থা করা না যায় ভাহলে নিশ্চয়ই গ্রামের লোকের স্বাস্থ্যের উন্ধতি হবে না।

টিউবওয়েল সম্বন্ধে একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। আপনি জানেন যে গ্রামাঞ্চলে নলকুপ দেওয়ার জন্য প্রতিশ্রুতি দিয়াছিলেন কিন্তু আজও অনেক এলাকা আছে সেখানে প্রচুর লোক বাস করে অওচ একটা নলকুপ নেই। যে সমন্ত নলকুপ বসানো হয়েছে আপনাদের অব্যবস্থার ফলে এক বছর পরে সে জল থারাপ হয়ে যায়। সেই সমন্ত নলকুপ সারানোর কোন ব্যবস্থা নাই, বা নলকুপ বসানোর পরে যে জল থাতে ২।৫ বছর চলতে পারে তারও কোন ব্যবস্থা আপনারা করছেন না। আমরা ভেবেছিলাম যে সমন্ত এলাকা আনসাক্সেস ফুল বলে ঘোষনা করেছেন, যেথানে টিউবওয়েল বসানো যাছেনা সেখানে নিশ্চয়ই অন্যভাবে জল দেওয়ার ব্যবস্থা করা হবে। টি. বি. বা কুঠ রোগের কথা বলার কিছু নেই। গ্রামের মধ্যে এই রোগগুলি ছেয়ে গেছে কিন্তু সে অবস্থার কোন ব্যবস্থা নাই। কাজেই একথা আমি বলতে চাই আজকে চিকিৎসার ব্যাপারে আপনারা যে ভাবে দৃষ্টি দিয়েছেন তাতে জনস্বাস্থ্য ভাল হতে পারে না এবং তারহার। জনসাধারনের মংগল হতে পারে না।

Dr. Hirendra Kumar Chattopadhyay: মাননীয় সহকারী সভাপাল মহাশয়, মন্ত্রীমহাশয়, তাঁর বক্তৃতায় বলেছেন যে অল রাউণ্ড প্রপ্রেস হয়েছে। প্রতা ঠিকই বলেছেন। তার কারণ হছেছে অল রাউণ্ড, অর্থাৎ সব গোল এই ডিপাটমেণ্টের সেটা ভর্জমা করে উনি অল রাউণ্ড বলেছিলেন। এই ডিপাটমেণ্ট সম্বন্ধে বলতে গিয়ে নারায়ণবাবু যেকথা বলেছিলেন সেটার কিটিনিউয়েশনে আমি বলতে চাই—আর, জি, কর মেডিকেল কলেজ সম্বন্ধে বলবার সময় তিনি কিবলেছিলেন। তারপরে আমি জানাতে চাই উনি ষ্টেটমেণ্ট দিয়েছিলেন কলিং য়্যাটেন্সন্ নোটাশের উত্তরে যে এক্সচেকার যদি কুলোয় আমাদের সহায়ভূতি আছে, টাকায় যদি হয়। মাননীয় সহকারী সভাপাল মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি—আর, জি, কর, মেডিকেল কলেজ বিল যথন আনে তথন আমাদের মুখ্যমন্ত্রী সেই বিলটাকে মুভ করেছিলেন এবং আমি আপনাকে বলে দিতে চাই তারিথ দিয়ে কবে তিনি কি বলেছিলেন। ২৫শে জুন ১৯৫৮ সালে ফার্স্ট রিডিং অব দি বিলের সময় তিনি বলেছিলেন যে মেডিকেল কলেজ, নীলরতন সরকার এইসব জায়গায় যে ই্যাপ্তার্ড আছে—সেই ই্যাপ্তার্ড আর, জি, কর-এ করবো এবং ওরা জুলাই ১৯৫৮ সালে থার্ড রিডিং অব দি বিলের সময় তিনি কি বলেছিলেন সেটা তাঁকে অরণ করিষে দিছি। তিনি ছিলেন ফাইনান্স মিন্টার এক্সচেকারের অধ্যক্ষ। অতএব এক্সচেকারে সে জিনিষ নিশ্চমই হবে। তা নাহলে মুখ্যমন্ত্রী মিধ্যাভাষণ বা মিধ্যা আর্থাদ দিয়েছিলেন এটা আমর। বিশাস করতে পারি না। তিনি বলেছিলেন—

"In the N.R S. Medical College the average per capita expenditure is 1100 or something like that, in the case of Calcutta Medical College it is 1000 and in the case of R. G. Kar Medical College it is 260, and we are trying to raise it to 1000 বলে তিনি বলেছিলেন—the salaries of professors, teachers and other staff"........

এই কথা ৰখন বলেছিলেন ভখন তিনি কি জানতেন না যে তাঁর এক্লচেকার বলে একটা জিনিৰ আছে? তিনি বলেছিলেন—taking over the R. G. Kar Medical College by the Government means an additional expenditure of Rs. 14 lakhs.

অর্থাৎ বর্তমানে যা খরচ করেন তারচেয়ে ১৪ লক্ষ টাকা বেণী খরচ করবেন এই প্রতিশ্রুতি দিয়েছিলেন। আমার কাছে যুগান্তরের একটা এডিটোরিয়াল রয়েছে, তার হেডিং ছচ্ছে "প্রতিশ্রুতি ও প্রতিকার"। প্রতিশ্রুতি তিনি দিয়েছিলেন কিন্তু প্রতিকার কি করলেন ? ১৪ লক্ষ টাকা য়্যাভিসনাল খরচ প্রতাত বছর য়্যান্থয়াল রেকারিং ইন য়্যাভিসন টু দি এক্সপেণ্ডিচার যা আগে ছত। এখানে মন্ত্রীমহাশয় বলেন এক্সচেকারে যদি সামলানো যায়। যিনি ফাইনান্স মিনিষ্টার তিনি বলেছিলেন—য্যাভিসনাল ১৪ লক্ষ টাকা দেওয়া হবে। তিনি বলেছিলেন—This will be spent for the teachers, professors and other staff.

কিন্তু আজকে স্বাস্থ্যমন্ত্রী এক্সচেকার দেখিয়ে দিলেন। তাহলে কি আমরা ধরে নেবো মুখ্যমন্ত্রী তথা ফাইনান্স মিনিষ্টার বলে দিয়েছেন যে দেব না এবং তারজন্ম তিনি এক্সচেকারের কথা বলছেন ? আর একটা কথা বলি—কলেজের উন্নতি নিশ্চয়ই হয়েছে—আপনি গিয়ে দেখবেন ১৯১৬ সালে যেনব য়ানাটমির মডেল ছিল, ডায়াগ্রাদন চার্ট ছিল, যা কিছু ছিল সেগুলি পড়ে আছে এবং আরে দিনকতক পর সেগুলিকে আগুতোষ মিউজিয়াম বা ক্যালকাটা মিউজিয়ামে পাঠানো হবে। সেগুলি রিপ্লেস্ড হয়নি। উন্নতি কিসে হয়েছে ? দেথে আহ্লন কেবল বড় বড় ইমারত তোলা হছে, আর এটা ভাঙ্গছেন ওটা হছে, এমনকি এক বছরের মধ্যে ছ'বার রং হয়ে গেল। মহারাণী এলিজাবেথ সেই রাস্তা দিয়ে আসবেন বলে আর একবার তাকে হেজলিন, স্বো মাথিয়ে দিয়ে কনে-বৌ করলেন, এই জিনিষ্ চলেছে। আমাদের মুখ্যমন্ত্রীর যা দৃষ্টিভঙ্গী ভাতে ওঁকে বলতে হবে সাজাহান দি সেকেণ্ড।

[11-40-11-50 a.m.]

কারণ সাজাহান যত ইমারত করে গিয়েছিলেন—ভারণর দ্বিতীয় ডা: বিধানচন্দ্র রায়ের মত আর কেউ ইমারত করেনি। লোক মরে মকক—দেখার দরকার নাই। ছাত্ররা কি শিক্ষা পাচ্ছে দি মডেল আছে কি নাই, ভাও দেখার দরকার নাই। শিক্ষকরা থেতে পাচ্ছেকিনা, staff থেতে পাচ্ছে কিনা—ভা ও দেখার দরকার নেই কিন্তু যেখানেতে Contractor আছে, দেখানকার কাজ এগিয়ে চলেছে। এ বিষয়ে ধতুবাদ দেব। ভার কারণ ভারতের ইতিহাসে লেখা আছে—কয়টী পিরিয়ড্ আছে? একটী হিন্দু পিরিয়ড্, একটা মহমেডান পিরিয়ড্—আর একটা রটিশ পিরিয়ড্। আর ১৯৪৭ সালের পর থেকে আছে—Contractors period। এরা বর্তমানে কাজ করে চলেছে। ভারজত্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। উনিও ভো ছিলেন ঐ কলেজের ছাত্র। তিনি সেখানকার ছর্দশার কথা জানেন। অভএব ঐ অজুহাত দেবেন না। ডা: নারায়ণ রায় সেই কোন্চেনের উত্তর দিয়েছেন। ঐ লাইনটা ঢোকাবেন না। if the exchequer permits.

খিনি exchequerএর অধিপতি তিনি ১৯৫৮ সালে বলে গিয়েছেন বে ১৪ লক্ষ টাক। additional annual recurring expenditure হবে, একথা তিনি চোথ থুলেই বলেছেন। এবং ভিনি একথাও বলেছেন—This is meant for the salaries of teachers, professors and other staff. তারপর equipmentএর জন্ত—ছেলেদের জন্ত দেটা করন। তারপর বলতে চাই

--এভ দিন ধরে ছাত্রদের শিক্ষার জন্ম শিক্ষকরা বলে আসছেন, মন্ত্রীমহাশরও তা জানেন। বিশিষ্ট-विनिष्टे यात्रा প্রফেমর ছিলেন, यात्रा जिनत्या हाका माहेरनरक retire करतरहन, উनि जातन । जिनि সেসৰ কথা জেনেও কি আজকে একথা বলা চলে তিনি অপদাৰ্থ লোক? করেন নি হাজার টাক। মাইনেতে appointment ? কোন জানগান করেন নি ? তারপর superannuated লোকের কথা বলছিলাম। Superannuation সম্বন্ধে একটা কথা বলুন। যদি superannuated লোক ৰাখতে হয়, তলাকার দিকের একটা কেদের কথা বলি। একটা ভদ্রলোক তিনি নীচতে কাজ করতেন। বেমন তার ৫৫ বংসর বয়স হয়ে গেল, সঙ্গে সঙ্গে তার চাকরীকে থেয়ে দিলেন। এবং শুধ তাই নয়, তারপরে যিনি আস্বেন— ৬টী মেখার তার ফ্যামিশীতে, তার নাম হচ্ছে হরিচরণ শীল। তাঁকে বললেন—Get out of the quarter. বেরিয়ে চলে যাও ৫৫ বছর বয়সে। আমি জিল্পাসা করি -- স্বাইকে যদি ৫৫ বছর বয়সে বাংলাদেশে চাকরী পেকে বের করে দেওয়া হয়, ভাহলে আপত্তি নাই। তাহলে বুঝলুম যে Socialism হলো। কিন্তু আমি জানতে চাই ৬০ হলে, ৬৫ হলে এখনো তাদের বাড়িয়ে চলেছেন, Superannuated হয়ে বাড়ান হচ্ছে। তার মানে কি? यদি ডাগর হয়, তাকে আরও ডাগর করতে হবে। কিন্তু ৫৫ বছর বয়স যার হয়েছে, নীচুন্তরে যে আছে, তাকে বিদায় দেও। আমি জিপ্তাদা করি—efficiency কোথায় ? Top-এ ? এই যে efficiency ব জন্ম বাজেটে টাকা চাচ্ছেন, এই হেল্থ বাজেটকে দাফল্যমণ্ডিত করতে বলে কি top officerর দেখানে কাজ করছেন ? তাহলে জানি না যথন Director থেকে আরম্ভ করে ডেপুটী, 'পুটী, অমুক, তমুক যতগুলি আছে, করেছেন, তাতে কাজ বেড়েছে? কাজের efficiency বেড়েছে? সেক্রপা আমি জানতে চাই। সেই হরিচরণ শালের স্ত্রী, সেই ভদ্রমহিলা দর্থান্ত করেছেন—স্বাস্থ্যমন্ত্রীর কাছে, দুরুখান্ত করেছেন বিধানবাবুর কাছে। কিন্তু ভাতে কোন ফল হয় নাই। ৫৫ বছর বয়স হয়েছে - তুমি অতি বৃদ্ধ হয়েছ, আর থাকতে পারবে না। কিন্ত আমাদের কোলে যে শিশুগুলো ৬৪. ৬৫, ৭২ পর্যন্ত যাদের বয়স হয়ে গিয়েছে, সেগুলো থাকুক। কারণ সেগুলো বড় কর্মঠ। কর্মঠ বলে তাদের রাথা হচ্ছে। আমার তাঁকে তার কোয়াটার থেকে তাড়িয়ে দেওয়া হচ্ছে। এই অবস্থা इ.१७५

তারপর দিতীয় কথায় আসছি—Health Services Scheme সম্বন্ধ আপনার কি মনে থাকতে পারে। কিছুদিন আর্গে হয়েছিল। সেটা হলে। Contract Service. এই Contract Service শুরু মেডিকেল কলেজে চালু হয়েছিল। এর নাম ছিল New set-up, সেই New set up শুরু একটা হলো, তারপর সেটা out হয়ে absoluted হয়ে গেল। নীলরভনে আর সেই New set-up হল না। মেডিকেল কলেজে New set-up-এ থারা appointed হলেন, তাঁদের মোটা মাইনে দেওয়া হল। তথন পাইভেট প্রাকটীন্ allowed ছিল না। কি করতে হবে! না, হাসপাতালের মধ্যে cubicle তৈরী করে দেব। যেথানে cubicle practice করতে হবে! থারা appointed হলেন, তাঁরো মোটা মাইনে নিলেন। পাঁচ বছর কেটে গেল, ৬ বছর পর্যন্ত extension হয়ে গেল। কিন্তু cubicle আর জন্মগ্রহণ করলো না। সে যে কার গর্ভে ছিল, কে যে গর্ভবঙী ছিলেন, তা বুমতে পারলাম না। তার জন্ম হল না। সেথানে তাঁরা মোটা মাইনে নিমে চলে গেলেন। কিন্তু cubicle আর হল না।

এবার ছেল্থ স্কীম যা হয়েছে চমৎকার। উনি বললেন একেবারে নেচি করেংগা, আমি কাউৰে প্রাইভেট প্রাকটিন করতে দেবো না। তাঁদের মধ্যে জনকতক বললেন টিচিং ক্যাডার করুন, শিক্ষর একটা আলাদা টাইপ। সেথানকার যারা কর্তা, তাঁরা বললেন, ভা হতে পারে না। আজকে যিনি আছেন মেদনীপ্রেতে Assistant Surgeon, তিনি এখানে এসে Anatomyর প্রকেসর হয়ে থেতে পারেন। কারণ Writers' Buildings Superintendent ইঞ্জিনীয়ার যদি এম.এম

পাশ করা হয়, তাহলে তাঁকে প্রেসিডেন্সী কলেজে Economicsএর প্রফেসর করা যার। এই যদি বিছা বৃদ্ধি হয়, কর্তাদের যদি extension এর পর extension দিয়ে, মোটা মাইনে দিয়ে রাখতে হয়, তার মানে কি? বৃদ্ধির গোড়াতে ছাই দিয়ে রাখা ছাড়া আর কিছু নয়। এই জিনির তাঁরা করেছেন এবং সেখানে স্কীম কি হল? অনেকের, যাদের ধরবার লোক আছে, যাদের আমরা বলি uncle—তাঁদের uncleএর কাছে তাঁরা সিয়ে পড়লেন, আমি জানি না, বোধহয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে; তাঁরা সেখানে uncleএর কাছে গিয়ে পড়ভেই;—uncle order দিয়ে দিলেন — না, না, এদের একটু private practice করতে দেওয়া হোক। এদের প্রাইডেট প্র্যাকটিদ করতে ছেড়েদেওয়া হল। যা একবার advertisement করা হয়েছে whole-time শোই বলে; যা পাবলিক সার্ভিদ কমিশনের কাছে গিয়েছে whole-time সাভিদ বলে; ভারপর ভাকে কোন্ আধিকারে, কোন্ নীতি অহুসারে বদলান হল, আমি জিজ্ঞাসা করি। তাঁরা ক্রমে, এমে side-track করে তাঁদের প্র্যাকটিদ করতে দেওয়া হল বেছে, বেছে। যেমন সেকালে বিয়ের অয়মব্রা সভাতে মেয়েরা ছেলে বাছাই করতেন, দেইরকমভাবে অয়মব্রা হবার মত ব্যবস্থা এখানে করা হয়েছে। গুনেছিলাম মৃথ্যমন্ত্রী মহাশয় করেছেন। তিনি যদি না করে থাকেন, তাহলে অহা কোন মন্ত্রী মহাশয় করেছেন।

মুখামন্ত্রী মহাশয় স্বয়ম্বরা সভার মত, বেছে বেছে জনকয়েককে ডেকে, তাদের প্র্যাকটিদ করতে দেওয়ার ব্যবস্থা করলেন। তাদের প্র্যাকটিস করতে দেওয়া হল কি গ বিকালের দিকে একট controlled practice. ওঁদের কণ্ট্রোল যা হচ্ছে, বর্তমান শাসনকালে যা দেখছি, ওঁরা যেটিছে কণ্ট্রোল বলে হাত দিয়েছেন, সেটিতেই সোনা ফলিয়েছেন। এইত তাদের কণ্টোলের ব্যবস্থা। আমি জিজ্ঞাসা করতে চাই এই ধাপ্পাবাজী করবার কি দরকার ছিল গ এই ফ্রীম করাতে অনেক ভাল ভাল লোক যার৷ প্রাইভেট প্র্যাকটিশ করত, তারা তাদের ঐ প্র্যাকটিশ ছেড়ে সাপনাদের ঐ স্কামেতে আনতে চায়নি। কারণ এটা হচ্ছে non-practising. কিন্তু আপনারা non-practising বলে appointment দিয়ে, থিড়কির দরজা দিয়ে তাদের practice চুকিয়ে দিলেন তাদের পেটে। এটা কিরকম নীতি ৪—এটা সৎ এবং নীতি বিগহিত কি না, আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে গুনতে চাই। পাবলিক সাভিস কমিশনের যে recommendation তা তারা জানেন, অথচ তা তারা আনেন না। আজকের 'যুগান্তর' পড়বেন। আমি বিশেষ করে মাননীয় মন্ত্রী মহাশয়কে এটা পড়তে বলছি। এথনও আমার পড়া শেষ হয়নি, সেই রত্ন, আমি য়াত্রোপ্রিয়েদন বিলের সময় present করবো। আজকে পাবলিক সাভিদ কমিশন কি opinion দিয়েছেন ঐসকল superannuated শোকদের পুনর্নিয়োগ করে রাথবার জন্ম ; সেটা পড়েও কি আপনাদের লজ্ঞা হয় না? পাবলিক শার্ভিদ কমিশন ত বামপত্মীর বারা তৈরী নয়। সেই পাবলিক দার্ভিদ কমিশনটা ত প্রায় ওঁদেরই, ^{ওঁদের}ই **লোক সেথানে appoint করছেন। ঐ লোক সেগানে** চলে গিয়েছেন। এথন ধিনি ियादमान, **তिनि পূর্বে ছিলেন বস্থদ** ফাইনাম্প সেক্রেটারী, সেই গণেশ দাস, যাকে বলেন বি. দীমগুপ্ত। তিনি ত এই রিপোর্ট দিয়েছেন। তাদের এই বিপোর্ট-এর পরে, আপনারা কি করে তাঁদের **এইভাবে রাখেন** ? আর ছোট ছোট গরীব যারা, তাদের মারবার জন্ম কিছুতেই decision ইয় না, তারা শেষ হয়ে যায়। ছোটদের বেলায় decision হয় না, কিন্তু রাতারাতি decision হয় বিড়দের বেলায়। কলকাতায় zonal থাতে জিনিষ হবে। কবে হবে জানি না। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন next year এ হবে। কিন্তু দেখলাম last year এ একজন superannuated ভাকারকে ১২০০-১৪০০ টাকা মাইনে দিয়ে, তার appointment হয়ে গেল। তথন ত দেরী हैं। कि छा कतरक १ वफ़्राम्ब रवनाम माहेरन দিতে গিয়ে চিন্তা করতে হম না। শুধু গরীবের বেলাম শাইনে দিতে গোলে চিন্তা করতে হয়।

ভারপর আর একটা ব্যাপার আছে, সেটা হচ্ছে Central Medical Stores. এসম্বন্ধে আমি বেশী কিছু বলবো না। কারণ মাননীয় সদশু সিদ্ধার্থ শংকর রায় যেরকম বস্ত্র হরণ করে গিয়েছেন দৌপদীর, সেইরকমভাবে বস্ত্র হরণ না করলেও বস্ত্রের আঁচলটা তুলে দেখিয়ে দেবো। এখানে দেখুন কি হয়েছে—R. G. Kar Medical Colleged Anatomy পড়াবার আমার উপর ভার ছিল। Anatomy পড়াতে গেলে মড়াকে formaline injection করে, সেটা preserve করতে হয়। আমি যখন charge নিয়েছিলাম—তখন সেখানে আমি মড়ার উপর formaline injection দিই, মড়া আবার পচে মরে যায়। জ্যান্ত মাহুষ মরে গুনেছি। কিন্তু মড়া আবার পচে মরে যেতে লাগলো, তখন আমি কি করবো! ঐ original bottle, যেটা Central Medical Stores থেকে এসেছিল pack হয়ে, সেটা আমি ছ-জায়গায় পাঠিয়ে দিলাম। কারণ আমি একটু ছঠ প্রকৃতির লোক। Chemical examiner to the Government of West Bengal, সেখানে পাঠালাম এবং Drug Licensing Officerএর Laboratoryতে পাঠিয়ে দিল্ম। দেখানে কি বেরোলো ংলখানে formalineএর standard strength হছে 40%, সেখানে বেরোলো কি! না, 29%. অর্থাৎ ১১ পার সেণ্ট কম। অর্থাৎ সেই Formalineতে ২৫ পার সেণ্ট গৌড়া। এবং যার জন্য মড়া পচে যেতে লাগলো।

[11-50-12-00 noon]

মড়া পচে যেতে লাগল এবং এটা ছু-জায়গার report—একটা হল—Chemical examiner to the Government of West Bengalএর report আর একটা কোথাকার তা পাইনি। তিনি চিঠি লিখলেন—

"It is desired that these two kinds of formaline must be used for the purpose for which it was intended until the reports of chemical analysis are received. Further steps in this matter according to the provisions of the Drugs Act are being taken."

কি হয়েছে দেটা জানাবেন। তারপর যে মালগুলি এসেছে তা কোন্ কোম্পানীর দেটা কংগ্রেমী বন্ধদের আমি থেঁজি করে দেখতে বলি কেন না বোতলে কোন কিছু লেখা নেই। সেখানে ছিল Messrs Hindusthan Scientific and Chemical Industries, Sterling Laboratories, Calcutta Drug Company. আমি কিন্তু telephone গাইড খুঁজে এর নাম পেলাম না—এমনই বনেদী firm এটি। এখন তো uncleএর রাজস্ব চলেছে, nephew কোথাকার জানি না, 11% এবং 40% এর জায়গায় 25% substandard মাল supply করা হছে। ওরা বলেন আমরা কেবল ছুর্নীতির কথা বলি। দ্রের নীতির কথা না বলে কাছের নীতির কথা বলবো এমন উপায় তো নাই! Medical Budget সম্বন্ধে বলবো medical শিক্ষার উন্নতি হবে না। উউবওয়েল বসালেই যেমন জল উঠে না, Bed বাড়ালেই তেমনি রোগী আসে না। হাসপাতালের কি অবস্থা। জল নাই, sufficient nurse নাই, strike হছে 4th grade employeesদের। স্বতরাং তবু Bed বাড়ালেই বা কি হবে? স্বতরাং স্বর্কম ব্যবস্থাদি করে তবে Bedএর সংখ্যাবাড়িরে দিন।

Dr. Sisir Kumar Saha: ডেপ্টিম্পীকার মহোদয়, আগামী বৎসরের জন্ম জনস্বাস্থ্য ৩ চিকিৎসা থাতে স্বাস্থ্য মন্ত্রীমহোদয় যে বায় বরাদ করিয়াছেন তাহা আমি পূর্ণ সমর্থন করিয়া **আ**পনার মাধ্যমে কিছু বলিতে চাই। স্বাধীনতা লাভের পর গত ১০ বংসরে চিকিংসা ও জনস্বা**ন্থ্যের** ষথেষ্ঠ উন্নতি হয়েছে একথা কেহ অস্বীকার করিতে পারেন না। কিন্তু আমার বিরোধী পক্ষের বন্ধগণ বিরোধিতা করিবার উদ্দেশ্রেই স্কুষ্ঠ নমালোচনার পরিবর্তে —বিরোধী সমালোচনা করেন। আমাদের মাননীয় শাস্থ্য মন্ত্রীমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন যে—all round progress হচ্ছে। অবিভক্ত বাংলাম জনস্বাস্থ্য ও চিকিৎসাথাতে মাথা পিছু '৯৫ টাকা ব্যয় হইত। স্বাধীনতা লাভের পর ১৯৪৮ সালে ২'২২ টাকা ব্যয় হইয়াছিল এবং তা ক্রমশ: বুদ্দি পাইয়া ১৯৬০ সালে ৪'৭২ টাকা বায় হয়েছে। এটা ভারতবর্ষের অন্তান্ত প্রদেশের তুলনায় সর্বাপেক্ষা বেশী Highest in India. মধ্যপ্রদেশের মাধাপিছ খরচ হয় ২ টাকা মাদ্রাজে ২'৭৫ টাকা বোদ্বতে ২'৩৭ কেরলে ত'৯৫ রাজস্থানে ত'ত২ আর West Bengala ৪'৭২ নয়া প্রসা থরচ হয়। ১৯৪৮ সালে Health Centreda সংখ্যা ছিল তিনটি এবং বেডের সংখ্যা ছিল ১২। ১৯৬০ সালে Health Centreda সংখ্যা হয়েছে ৪৮২ এবং বেভের সংখ্যা ৪০৮৬। জেলাও মহকুমায় হাস্পাতালের বেডের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাইয়াছে। ১৯৪৮ সালে আমাদের রাজ্যের বেডের সংখ্যা ছিল ১৭৫৪৯ এটা ক্রমশ: বৃদ্ধি পাইয়া ১৯৬০ সালে হয়েছে ২৭৬১১ সিট। তথাপি চাহিদার তলনায় ইহা অপ্রচুর। স্কুতরাং গৃহ চিকিৎসার জন্য একটি নূতন কর্মস্টী ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অস্তর্ভুক্ত रुदेशास्त्र ।

এই পরিকল্পনা সম্বন্ধে আমাদের স্বাস্থ্যমন্ত্রী তাঁব প্রারন্তিক ভাষণে বর্ণনা করেছেন। তারপর ম্যালেরিয়া আমাদের দেশের একটা মারাত্মক ব্যাধি। ম্যালেরিয়ায পলীগামে বহু লোক মারা যেতো এবং এই ব্যাধিতে ভূগতে ভূগতে জনগণের স্বাস্থ্য থারাপ হওয়ার জন্য নানাপ্রকার সংক্রামক রোগে আক্রান্ত হোত। কিন্তু anti-malaria campaignর ফলে আমাদের দেশে মালেরিয়া একেবারে কমে গিয়েছে। ১৯৪৮ সালে ম্যালেরিয়ায় মৃত্যুর হার হাজার করা ৩'৬ ছিল এবং এখন ১৯৬০ সালে সেটা কমে হয়েছে ০°১২। এখন ম্যালেরিয়া কমেছে রটে কিন্তু তার জায়গায় T. B. আমাদের দেশে ব্যাপকভাবে দেখা দিয়েছে। T. B. আগে সহর ও শিল্লাঞ্জে দীমাবদ্ধ ছিল এখন পল্লীগ্রামেও এটা ছড়িয়ে পড়েছে। T. B. Controlর জন্য আমাদের Government B. C. G. Vaccinationর ব্যবস্থা করেছেন। ১৯৬০ দাল পর্যন্ত ৫২,১০,১৬৫ জনকে B. C. G. Vaccination দেওয়া হয়েছে এবং ১,৩৩,২৭,৫৪০ জনের টিউবারকুলোসিদ টেষ্ট করা হয়েছে। আমাদের রাজ্যে T. B. patientর সংখ্যা ৪ লক্ষের বেশা। কিন্তু bedর সংখ্যা সরকারী ও বেসরকারী মিলিয়ে ৩৫০০ হাজার। কৃগীর তুলনায় bedর সংখ্যা অনেক কম। একটা bedএ বংসরে ২ জনের বেশী চিকিৎসা করা সম্ভব নয়। অর্থাৎ বৎসরে ৭ হাজার বেশী T. B. রুগার চিকিৎসা করা সম্ভব নয়। তাছাড়া ডেপুটী স্পীকার মহাশয়, আপনি জানেন পল্লীগ্রামে T. B. রুগীর চিকিৎসার বিশেষ ব্যবস্থা নেই। স্মামাদের Government গৃহ চিকিৎসার জন্য বিনামূল্যে ঔষধ ও ইনজেক্সনের ব্যবস্থা করেছেন বটে কিন্তু পল্লী অঞ্চলের লোকের পক্ষে স্বস্ময় সে সুযোগ নেওয়া সন্তব নয় : কারণ জেলায় একটা মাত্র T. B. Clinic আছে, সেথানে পদ্লীগ্রামের সাধারণ মামুষের পক্ষে Diogonosis করার জনা X-ray করাইতে বেতে যে থরচা হয় তা সব সময় বহন করতে তারা পারে না। সেইজনা ডেপুটী স্পীকার মহাশয়, আমি আপনার মাধামে মন্ত্রী মহাশয়কে আর্তুরোধ জানাবো যেন মহকুমায় হাসপাতাল এবং গ্রামে যেসমন্ত Thana বা Primary Health Centre আছে সেথানে T. B. Clinic করা হোক এবং T. B. রোগাদের জন্য ছইটি করিয়া বেড. ব্যা হোক।

Shri Tarapada Dey: মাননীয় ডেপ্টী স্পীকার মহাশয়, আমি আপনার মারফং স্বাস্থ্য-মন্ত্রীর নিকট কয়েকটি বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। সবচেয়ে প্রথম কথা আমাদের গ্রামাঞ্চলে পাণীয় জল সরবরাহের প্রতি তাঁর দৃষ্টি আংকর্ধণ করছি। দেশ এই ১৩ বংসর স্বাধীন হুয়েছে, এই ১০ বংসরের মধ্যে আমাদের পাণীয় জলের এই সমস্তা সমাধান করা উচিত ছিল। কিন্ত কুর্ভাগোর বিষয় এখন পর্যস্ত গ্রামের লোক জল পায়না। এর প্রধান কারণ যে নীতি সরকার গ্রহণ করেছেন tube well sink করার জন্ম, সেই নীতির মধ্যে গুরুতর গলদ রয়েছে। এর জন্ম স্থামাদের local contribution হিসাবে প্রত্যেক জায়গা থেকে ১০০ টাকা করে দেবার কথা আছে। সাধারণ tube wellর জন্ম, deep tube wellর জন্ম নয়। সে জারগার লোক টাক। পয়সা থরচ করতে পারে না। এইরকম বহু জায়গা আছে, যেখানে মাইলের পর মাইল কোন tube well নেই। অথচ যে অঞ্চলের লোকদের প্রসা আছে, যারা প্রসা দিতে পারে, দেখানে দেখা গিয়েছে যথেষ্ট tube well আছে। এমন কি প্রয়োজনের অভিরিক্ত tube well আছে। দেইজন্ত আমার যে প্রস্তাব দেট। হচ্ছে, এইরকম local contribution দেবার যে পদ্ধতি আছে তা তুলে দিয়ে সমস্ত জায়গায় পর্যাপ্ত পরিমাণে tube well দেওয়া উচিত। এবং এটাকে জাতীয় সমস্থা হিসাবে গ্রহণ করা উচিত। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই, আমাদের যে tube well দেওরা হয়, আমরা local committeeতে দেখেছি, অত্যন্ত অপ্রচুর দেওয়াহয়। আমি আমার committeeর কণা বলতে চাই, যেখানে ৫০টি tube well দরকার new এবং resinking, সেখানে মাত্র ১০টি মঞ্র করা হল। এই ভাবে পাণীয় জলের কোনদিনই সমস্তাসমাধান হবে না। **আনার একটা বিষয় মন্ত্রী মহাশ**য়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আবে tube well দেওয়া হোত ভার life 👣 বংসর থাকভো। এখন যে tube well দেওয়া হয় ভার life হু'এক বংসরের বেনী চলে না। হাওড়াতে ভাই দেথছি, আমাদের এলাকাভেও ভাই দেথছি, ১---> ই বংসর পর আবার শেশুলি resinking করার প্রয়োজন হয়। এইভাবে জলকট থেকে যাছে। সেইজন্ম পাণীয় জলের সমস্তাকে জাতীয় সমস্তা হিদাবে গ্রহণ করে, টাকা পয়সা না নিয়ে, সমস্ত এলাকায় যদি tube well দেবার ব্যবস্থা করেন তাহলে হতে পারে।

[12—12-10 p.m.]

ডোমজুরে একটি health centre হয়েছে, সেখানে ১০০ উপর T. B. রগী যায়। আজকাল T. B. রগী বায়। আজকাল T. B. রগী বায়। আসন্তব রকম ছড়িয়ে পড়ছে। Health Centre থেকে ঔষধ দেওয়া হয় বটে, কিন্তু তা পর্যাপ্ত নয়। তারপর, ছধের ব্যবস্থা করতে হবে। আজকে ছধের ব্যাপারে রাজনীতি করা হছে, এই জিনিষটা বন্ধ করতে হবে। Health Centred T. B. রুগীদের জন্য seatus ব্যবস্থা আছে, বেমন epidemic diseasedর জন্য আছে, কিন্তু seat প্রয়োজনের তুলনায় অতাত আরু। Maternity ward হয়েছে ভাল কথা, কিন্তু বহু প্রস্তুতি আজকে মারা যাছে, তার প্রধান করেল হন্তেই ante-natal perioda যেধরণের ঔষধ দেওয়া উচিত তা দেবার ব্যবস্থা না করলে আসল সমস্থারই সমাধান হবে না। ঔরধের পরিমাণ বাড়াবার জন্য এখানে বহুবার বলা হয়েছে। ডেলিন্ডারী হবার পরও জনিক সময় ঔষধপত্রের প্রয়োজন হয়—ante-natal periodaর জন্য ভাল ঔষধপত্রের ব্যবস্থা করা দরকার। Health Centrea বেডের অভাবের কথা এখানে অনেকেই বলেছেন। থানা health centrea ২০টি বেড থাকে। কোন বিশেষ বড় ডান্ডার থাকেন না। ঔরধপত্রের ব্যবস্থা নাই। কিছু হলেই লোকে স্বাভাবিকভাবে টাউনের হাসপাতালের সাহায্য গ্রহণ করতে চলে আনে। ভারপর, নামেমাত্র cholera ও small pox ward আছে বটে, কিছু

ক্লণীরা দেখানে গিয়ে একরকম বিনা চিকিৎসায় মারা বায়, ভাদের সেরকম বন্ধ নেওয়া হয় না। সেজস্ত আমার কথা হচ্ছে, কলেরা wardএর bedএর সংখ্যা বাড়িয়ে দিন এবং বাতে proper treatment হয় তার ব্যবস্থা করুন। বেসব জায়গায় electricity গিয়েছে সেসব জায়গায় হাসপাভালগুলিতে electricityর ব্যবস্থা করুন। তারপর, প্রভ্যেক health centreএর সংগে ambulance রাখার ব্যবস্থা করা দরকার। তারপর, stretcher ব্যবস্থাও করা দরকার। আমি এই প্রসংগে আরেকটা বিষয়ের প্রতি আপনাব দৃষ্টি আকর্ষণ করছি—হাওড়া মিউনিসিপ্যালিটিতে বহু trenching ground রয়ে গিয়েছে, এবিষয়ে আনেকবার আপনার কাছে petition করা হয়েছে। সেখানে এখন refugee colony হয়েছে। কিন্তু বর্ষাকালে এগুলি একেবারে বাসের অযোগ্য হয়ে প্রে।

Dr. Radhanath Chattoraj: মাননীয় স্পীকার মহাশয়, কলিকাতা ক্যান্থেল মেডিক্যাল কলেজে রূপান্তরিত করা হল, কিন্তু বর্ধমান, জলপাইগুডি Medical School তুলে দিয়ে শিক্ষা সংকোচন করা হল—এই নীতির আমি প্রতিবাদ করি। বর্ধমান বিশ্ববিতালয়ের সংগে বর্ধমান একটা মেডিক্যাল কলেজ স্থাপন করা প্রয়েজন। তারপর, আমার আরেকটা বক্তব্য হচ্ছে, বর্ডমানে আমাদের দেশে চিকিৎসাবিজ্ঞান western কারদায় ও পদ্ধতিতে শেখান হয় যার জন্ত আয়ুর্বেদ সম্পর্কে আমাদের ডাক্তারদের জ্ঞান থুবই সীমাবদ্ধ। সেজন্ত আমি প্রতাব করি বর্ধমান বিশ্ববিতালয়ে — অন্ত কোথাও এখন না হলেও —আয়ুর্বেদ সম্পর্কে একটা post-graduate courseএর ব্যবস্থা করুন। তারপর, অন্তান্ত রাজ্যে pharmacist graduate রাখা হয়েছে, কিন্তু আমাদের এই রাজ্যে pharmacist graduate পাওয়া যায় না। তারপর, compoundership training এয়াতে degree course প্রবর্তন করা যায় তার জন্ত আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাংলাদেশের dental college বহুদিনের প্রাচীন প্রতিষ্ঠান। এই মন্ত্রীসভার মধ্যেও ভাল dental surgeon আছেন। কিন্তু আজপর্যস্ত আমাদের এখানে M.D.A. পদ্ধান হয় না। গত বৎসর গাঁচজন ছাত্র আই।বিভাগের মাধ্যমে ব্যোস্ব্রেত এই dental course প্রার জন্ত দ্বথান্ত এমন সময় গিয়ে পৌছায় যথন ভতি হবার নিদিষ্ট সময় উত্তীর্ণ হয়ে গিয়েছে।

ভারপর, আমাদের নেভারা প্রায়ই বলেন, go back to villages! অন্তান্ত দেশে গারা পল্লী অঞ্চলে work করতে যান সরকার থেকে তাঁদের subsidy দেওয়া হয়। আমাদের দেশে ভা হয় না। পল্লী অঞ্চল গারা যাবেন তাঁদের উংসাহিত করার জন্ত কোন পরিকল্পনানাই। জেলা হাসপাতালগুলিতে specialist দিয়ে চিকিৎসা করার ব্যবহা নাই, ভার জন্ত কলকাভায় ভূটে আসতে হয়। কলকাভায় এসে চিকিৎসা করানোর খরচ বহন বরা অনেকের পক্ষেই সন্তব নয়। সেজন্ত আমি প্রস্তাব করি যে, মফঃস্থালের ভাল ভাল চিকিৎসকদের বিশেষ বিষয়ে training দিয়ে সদ্র হাসপাতালসমূহে নিযুক্ত করা হোক।

আারেকটা বিষয়ের প্রতি আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বীরভূম জেলার বিক্রেষ্থে উষ্ণ প্রস্তরণ আছে, এই প্রস্তরণের জলে তেজগ্র পদার্থ আছে বলে বিশেষজ্ঞরা বলেন। এই জল থেলে gastric ulcer, পেটের ব্যারাম ইত্যাদি ভাল হয়। কিন্তু দেখানে থাকবার জামগানাই। এ নিয়ে বহুদিন ধরে আালোচনা হয়েছে, কিন্তু আজপর্যন্ত কোন ব্যবস্থাকরা হল না। স্থথের কথা, কিছুদিন আগে Director দেখানে গিয়েছিলেন এবং সেটা দেখে এগেছেন।

[12-10-12-20 pm.]

ষদিও যেতে দেরী হয়েছে তবে স্থাবর বিষয় যে আমাদের Director General সেথানে কিছুদিন আগে গিয়েছিলেন এবং সেথানে সব দেখে এসেছেন। এবিষয়ে আমি স্বাস্থ্যমন্ত্রীর বিশেষ

করেন। লাভপুর ও কীর্ণাহার হাসপাতালের পাশ দিয়ে যে ইলেকট্রিক তার গেছে সেই হাসপাতালে যাতে বৈছ্যতিক আলো হয় সেই ব্যবস্থা করা উচিত। লাভপুর থানায় চিবা, দাঁডকা এবং জামলায় তটা স্বাস্থ্যকেন্দ্র হবার কথা নিয়ে বহুদিন থেকে এনকোয়ারী চলছে এবং সেই এনকোয়ারীর শেষ হচ্ছে না। স্বতরাং আমি বলব যে এই এনকোয়ারীর অবসান করিয়ে বাতে সেখানে স্বাস্থ্যকেন্দ্রগুলি তৈরী হয় সেবিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশে থাতে সমস্ত বিষয়ে প্রচুর পরিমাণ ভেজাল প্রবেশ করেছে এবং এর ফলে টি. বি. এবং অন্তান্ত রোগ বাড়ছে। এই ভেজাল থাতের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করার জন্ত আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Ananda Gopal Mukhopadhyay: মাননীয় স্পীকার মহোদয়, স্বাস্থ্যমন্ত্রী महाभग्न (य राग्न रवास्म्य मारी এथान उथापन करवाइन स्मर्टे मारीरक आमि ममर्थन कवि धि धर সমর্থন জানিয়ে সারা পশ্চিমবংগের স্বাস্থ্যবিভাগের কর্মতৎপরতার ছবি আপনার সামনে তুলে না ধরে আমি কয়েকটা বিশেষ বিষয়ের প্রতি হাউদের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। স্তার, পশ্চিমবাংলায় এমন একটা মহকুমা আছে যার অধিকাংশ লোক শূণ্যে বাস করে। আপনার কাছে কথাটা হয়ত একটু আশ্চর্য ঠেকবে, কিন্তু আমার কোন মহকুমার 🤟 ভাগের উপর জায়গা নীচেটা ফাঁকা। Underground এ দেশে ছিল, ২০০ বংসর ধরে কয়লা কাটার কাজ চলে। তিন ভাগের উপর জায়গা সাব-ডিভিসানে ফাকা গেছে। অতএব সেই অঞ্চলের জনদাধারণ কিভাবে বাস করছে সেটা কল্পনা করুন। ওয়াটার সোস কিভাবে হতে পারে সেম্ছল্পে যাঁরা বিশেষজ্ঞ আছেন তাঁরাই ভাল জানেন। একটু আগে আমার সহকর্মী বন্ধু শিবদাস ঘটক মহাশয় আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলেন কিন্তু তার সময় কম ছিল বলে তিনি শুধু ৪ কোটি টাকার কথা উল্লেখ করেই তাঁর বক্তব্য শেষ করে গেছেন। আমি এসম্পর্কে বলব যে পশ্চিমবাংলা সরকার সেথানকার সমস্তা সম্পর্কে সম্পূর্ণ সচেতন। নন-টিউবওয়েল এরিয়া, কারণ কোলিয়ারী যেখানে কয়লা কেটে নিয়েছে তার হাজার ফুট নীচে যদি যেতে পারা যায়—কোন জায়গায় ১৯ হাজার ফুট ডেপথ আছে—তাহলে জল পাওয়া যায়। পশ্চিমবাংলা সরকার সেথানে যদি কুঁয়ো কিছু করতে পারতেন তাহলে বর্ধার সময় কিছু জল জমতে পারত, অন্তসময় পাওয়া যাবে না। সমস্ত পারপোলেটের নীচে প্রায় ২৭ লক্ষ লোকের বেশী বাস করে—এক একটা ইউনিয়ানে যেথানে ৭৮ হাজার লোক থাকত এথন সেথানে ২২ হাজার পপুলেশান হয়েছে। পশ্চিমবংগ সরকায়ের বহু চেষ্টায় রাণীগঞ্জে জলের ব্যবস্থা হয়েছে, আসানসোল হবার পথে।

কিন্তু কাজ ষেভাবে চলছে তাতে আসানসোলের ষে প্রাব্রেম তাকে ট্যাকেল করতে হলে অনেক বেশী সময় লাগবে। তবে এই যে বিবাট পপুলেসন এঁদের সম্বন্ধে অর্থাং আসানসোল অঞ্চল এবং হোল রাণীগঞ্জ কোল বেল্টে জল সাপ্লাই করবার জন্ত ১৯৫০ সালে পশ্চিমবংগ সরকার একটি স্বীম করেছিলেন যে মাইথন থেকে জল নিয়ে এসে সেই জল কোলিয়ারী, গ্রামাঞ্চল এবং মিউনিস্নিপ্যালিটিতে সাপ্লাই করবেন এবং তাতে ৪ কোটি টাকা থরচ হবে। তারপর ১৯৫০ সাল থেকে আরম্ভ করে ১৯৫৬ সাল পর্যন্ত পশ্চিমবংগ সরকার এই স্বীম সম্বন্ধে অনেক আলাপ আলোচনা করে এবং বিশেষজ্ঞদের নিয়োগ করে এই স্বীম তৈরী করে আজ এই ১৯৬১ সাল পর্যন্ত সেই স্বীম নিয়ে কেন্দ্রীয় সরকারের দার্ম্বই হয়ে বসে রয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, এই অঞ্চলে বেশীর ভাগই কয়লা শিল্প এবং এখানে যে কয়লা থনি রয়েছে তাঁদের মধ্য থেকে কোল মাইন ওয়েলফেয়ার ফাও বলে একটা ফাও স্ঠি করে এখানকার শ্রমিকদের কল্যাণের জন্ত কাজ করা হয়। তাই পশ্চিমবংগ সরকার দাবী করেছিলেন যে এই ৪ কোটি টাকার মধ্যে যদি কোল মাইন ওয়েলফেয়ার ফাও ১ কোটি

টাকা' দের এবং পশ্চিমবংগ সরকার ১ কোটি টাকা দের এবং বাকী ২ কোটি টাকা ধার হিসেবে নেওরা হয় ভাহলে এই স্কীম কার্যকরী করে আদানসোল অঞ্চলের ১৪ লক্ষ লোকের জম্ভ জলের ব্যবস্থা করা যায়। স্থার, এর মধ্যে ২৫০টি কোলিয়ারী, শিল্লাঞ্চল এবং মিউনিসিপাল টাউন পড়ে, কিন্ত ছংখের সংগে আজ এই হাউসে জানাচ্ছি যে, প্রথম সাধারণ নির্বাচনে আমি এথানে এসেছি এবং ভারপের আজ দীর্ঘদিন অতীত হয়ে দিতীয় নির্বাচনের ৫ বছর শেষ হতে চলল এবং এই দীর্ঘদিনের মধ্যে আমি এবং শিবদাসবাবু এই ব্যাপার নিয়ে কমপক্ষে অস্তভঃ ৫০ বার পশ্চিমবংগ সরকারের দারস্থ হয়েছি এবং পশ্চিমবংগ সরকারও প্রায় ২০০ বার কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় যে সেই দাবীটি এখন পর্যন্তও কেন্দ্রীয় সরকারের এ বিভাগ থেকে সে বিজ্ঞাগ এই করে ঘূরে বেড়াচ্ছে। অথচ এদিকে দেখছি আদানসোলের ১৪ লক্ষ লোক আজ জলের জন্ত জগবানের উপর নির্ভর করে বসে রয়েছে এবং কোথায়ও বা ১, টাকা দিয়ে জল কিনতে হচ্ছে আবার কোথায়ও বা মেয়েদের ৩/৪ মাইল দূর থেকে কোলিয়ারীর ওয়েই ওয়াটার এনে থেতে হছে। কাজেই পশ্চিমবংগ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে যে আবেদন জানিয়েছে সেটা আমি সমর্থন করি এবং মনে করি যে এই হাউসের মতামতের যদি কোন মূল্য থাকে ভাহলে সেই হীম কার্যকরী করা হোক। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ledu Majhi: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোগের চিকিৎসার ক্ষমতা সরকারের সামান্ত হলেও জনস্বাস্থ্যকে রোগে পরিণত করার ক্ষমতা সরকারের ভালই আছে। প্রতিষেধের যে ব্যবস্থাগুলি কম থরচ ও শিক্ষার উপর নির্ভর করে তারও ব্যবস্থা সরকারের আজও অতি সামান্ত। আমাদের জেলায় ভয়াবহভাবে কুঠরোগের প্রসার ক্রত অগ্রসর হয়ে চলেছে। যেসব সাধারণ ব্যবস্থাম এর ভয়াবহ প্রসার বন্ধ হতে পারে তার প্রতিও সরকারের আদে লক্ষ্য নেই। যক্ষা প্রভৃতি রোগেরও সেই একই অবস্থা। আমাদের জেলায় যেসব হেল্প সেণ্টার দেখছি সেণ্ডলোতে সামান্ত ওয়থ দেওয়াছাড়া জনস্বাস্থ্য রক্ষার আর কোন কাজ নেই। এইসব সেণ্টারের কেন্দ্র কোথায় এবং কিভাবে তারা কাজ করছে লোক তা জানে না। এই মহান্ জনযান্তার ভার যদি সরকারকে নিতে হয় ভাহলে সরকারের মানসিক স্বাস্থ্যের দিকে অবিলয়ে লক্ষ্য দেওয়া দরকার বলে আমরা মনে করি।

Shri Md. Zia-Ul-Huque: মাননীয় স্পীকার মহাশয়, প্রায় ২॥০ ঘণ্টা ধরে মাননীয় বদ্ধরা যে বক্তৃতা করলেন তাতে শুনলাম যে আমাদের দেশের স্বাস্থ্যের পরিবর্তনের জন্ত তেমন কোন উল্লেখযোগ্য প্রচেষ্টা হয়নি এবং যদিও বা কিছু হয়ে থাকে তা তেমন ভালভাবে হয়নি.। কিন্তু আসল কথা হোল কেবল আলোচনা করলে বা কেবল এটা হয়নি, সেটা হয়নি একথা বললে কিছু হবে না, স্বাস্থ্যের উন্নতি যে জাতীয় পরিকল্পনা এই হিসেবে তাকে দেখতে হবে। য়া হোক্, স্বামি আমার বন্ধদের এবং বিশেষতঃ বিরোধীদলের বন্ধদের প্রাকৃ-স্বাধীনতা কালে আমাদের দেশেল লোকের স্বাস্থ্যের অবস্থা কি ছিল আর স্বাধীনতার পরেই বা তাঁদের কি অবস্থা হয়েছে বা কছাটা উন্নতি হয়েছে দেটা একবার চিস্তা করতে বলি। আমার পূর্ববর্তী বক্তা বলে গেছেন যে, যেখানে ১৯৪৮ সালে আমাদের এখানে এটি স্বাস্থ্যকেক্ত এবং ১২টি বেড ছিল সেথানে এখন ৪৮৩টি হেল্প সেটোর এবং ৪ হাজারের উপর বেড হয়েছে। তারপর ১৯৪৮ সালে যেথানে আরবান এরিয়ায় ৪৮৫টি প্রতিষ্ঠান এবং ১৭,৫০০ বেড ছিল সেথানে এখন ১৫০০ প্রতিষ্ঠান এবং ২৭,৫০০ বেড হিল সেথানে এখন ২৭,৫০০ বেড হেয়ছে। কাজেই এ প্রেকেই বোঝা যায় যে কোন কোনটা প্রায় ও গুল বুদ্ধি পেরেছে।

[12-20-12-30 p.m.]

শাগে। ছেল্ধ নেন্টার ছিল প্রায় ১৫০টা এখন হয়েছে ধা শো, ৩ গুণেরও বেশী। ফ্যামিলী

প্ল্যানিং সম্বন্ধে বলা যার ১৯৫৬ সালে বেথানে ছিল ৯টা আজকে সেধানে হয়েছে ১০০টা। আউটডোর, ইনভোৱে > বছরে > কোট পেশেন্টকে চিকিৎসা করবার চেষ্টা করছি। এটাও কি স্বামানের **क्षांक्रिक माक्रमामा मह ? जामाराम्य अथारम एउए दाठे करम श्राह ६० भारम के अवर जाह दरा**फ গেছে গড়পড়ভা ১১ বছর। এটা কি স্বাস্থ্যের উর্লভির প্রমাণ নয় ? এ ছাড়া ইনফেক্সাস ডিভিড ৰাকে বলা হয় দেই ম্যালেরিয়াতে হাজার হাজার লোক মারা বেত, এখন ভার প্রতিরোধ কর। হরেছে। স্যালেরিয়া প্রতি গ্রামের মাত্মকে মৃত্যুমুথে টেনে নিয়ে গিয়েছিল, আৰু ভা বছলাংশে চেক করা হয়েছে। ১৯৪৮ দালে মারা গেছে প্রতি হাজারে ৩.৬. ১৯৬০ দালে দেটা দাঁডিয়েছে হাজারে • ১২। লেপ্রোসির জন্ত ১৯৪৮ সালে স্পেশাল বেড ছিল ৭৪৪, আজকে ১৯৬ সালে হয়েছে ২ হাজার ৫ শো। ইনফেক্সাস ডিজিজের জন্ম বেড ছিল ১১৬৭, আজকে হয়েছে ২॥ ছাজার। এটা নিশ্চয়ই সকলকে স্বীকার করতে হবে যে স্বাস্থ্যের ক্ষেত্রে উরতি হয়েছে। ভবে এটুকু বলব আপনাদের সকলের সহযোগিতা এবং সাহায়। পেলে উন্নতি আরও ত্বায়িত করা যায়। আমি নিজে মফ:খলের হেল্থ দেণ্টারে যাই, জনসাধারণের সংগে সংযোগ করি এবং প্রত্যেক রোগীকে নিভতে জিজ্ঞাসা করি তোমাদের অস্কবিধা কি ? ভাদের কাছে যে অস্কবিধার সংবাদ পাই ভার প্রতিকারের চেষ্টা করি। এর ফলে আজকে আমি বলব আগে যে অভিযোগ আসত এখন ভা অনেক কমে গ্লেছ। অভিযোগ যে একেবারে নেই তা আমি বলতে চাই না, তবে আনেক কমে গেছে। আমি আর বিশেষ কিছু বলতে চাই না, অনাধবাবু আপনাদের আরও শোনাবেন। ভবে আমি এটুকু বলব যে দেশের লোকের মুখের দিকে তাকিয়ে রাজনীতি ত্যাগ করে আপনারা যদি এই জাতীয় পরিকল্পনাকে সফল করার জন্ম সকলের সংগে হাতে হাত মিলিয়ে অগ্রসর হন ভাহলে নিশ্চয়ই স্বাস্থ্যের উন্নতি করতে পারব এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমরা স্বাধীন হয়েছি, স্বাধীন দেশের মান্নুষের মত আমাদের দেশের মান্নুষের স্বাস্থ্যের উন্নতি করব। আমাদের সরকারী কর্মচারীরা দিনবাত্রি পরিশ্রম করে এগিয়ে চলেছেন—আমরা যেখানে যেখানে গিয়েছি দেখানে এটা দেখতে পেয়েছি। এই সংগে আর একটা কথা বলতে চাই ষেটা শিববাবুও বলেছেন, ভারতের স্থনামধন্ত শ্রেষ্ঠ চিকিৎসক ডা: রায়, তাঁর ডাইবেক্ট ইন্ট্রাক্সান স্থামরা স্বসময় পেয়ে থাকি, সেজভ এত অগ্রগতি সম্ভব হয়েছে। আশা করি তাঁর কাছ থেকে আরও সহামুভূতি পাব এবং আপনাদের সকলের কাছ থেকে সাহায্য ও সহামুভূতি পাব এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Phakir Chandra Ray: মাননীয় স্পীকার মহাশয়, পদ্মীঅঞ্চলে এখনও বে পানীয়জল সম্প্রার সমাধান হচ্ছে না ভার একটা কারণ হচ্ছে করাল ওয়াটার সাল্লাই বে ডিপার্টমেণ্টের হাতে আছে সেই ডিপার্টমেণ্ট অত্যস্ত অবোগ্য। অবোগ্যতার কারণ হচ্ছে আমার যতনুর মনে হয় ১৯৪৬ সালে এই ডিপার্টমেণ্ট শুক্র হয় এবং ১৯৪৬ সাল থেকে আজ পর্যস্ত বারা এই ডিপার্টমেণ্টে কার্জ করছেন তাঁদের অধিকাংশ হচ্ছে অস্থায়ী। ছিতীয় কথা হচ্ছে—পদ্মীঅঞ্চলে জল সরবরাহের জ্ঞানাপ্রকার কর্তৃপক্ষ আছে—ডিট্রেক্ট বোর্ড আছে, ইউনিয়ন বোর্ড আছে। এই পাঁচরকমের কর্তৃপক্ষ আছে বলে জল সাপ্লাই-এর ব্যবস্থা ভাল হচ্ছে না। যদি পদ্মীঅঞ্চলে জল সাপ্লাই ভাল করতে হয় ভাহলে এই ডিপার্টমেণ্টের কর্মচারীদের চাকরীর স্থায়ীত্ব দরকার এবং এই বিভিন্নরকমের এজেন্সির শেষ করে একটা ইউনিফায়েড এজেন্সি হওয়া দরকার। বর্ধমান ডিভিসানের ক্ররাল ওয়াটার সাপ্লাই-এর কথা আমি বল্লতে চাই। এখানে যিনি ভারপ্রাপ্ত চীফ ইঞ্জিনীয়ার আছেন ভিনি একেবারে অবোগ্য। তাঁর বিক্লকে একটা কেস চলছে। কল্যাণীতে বোধহর ট্রাইবুনাল করে ভার সম্পর্কে সেখানে এন্কোয়ারী করা হচ্ছে। এই ভদ্রলোককে সাসপেও করা উচিত, তাঁকে বর্ধমানের মত একটা ইমপোর্ট্যানি ভিভিসানের চার্জের রাখা উচিত নয়। এই বর্ধমান ডিভিসান সম্পর্কে আমি যতন্ত্র

জন্ত প্রায় ১৫ লক্ষ টাকা ধরা আছে। কিন্তু জামুয়ারী মাসের প্রথম দিক পর্যন্ত দেবারচার্জ ৫ হাজার কি ৬ হাজার টাকার বেশী খরচ হয়নি।

টাকা রয়েছে, কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গ সরকার টাকা দিচ্ছেন কিন্তু লোকের জ্ঞলকষ্ট অভ্যস্ত বেশী পাকাসত্ত্বেও কাজ হয় না, লোকের জলের বাবস্থা হয় না? এব একমাত্র কারণ হচ্ছে এই ডিপার্টমেণ্টের অযোগ্যতা। যদি সত্য স্তাই সরকার জনসাধারণের জলাভাব দুরীভূত করতে পারেন এই ডিপার্টমেণ্টের যোগ্যতা বাডিয়ে, তাহলে এই সমস্থার অনেকথানি সমাধান হবে। আমি ম্দ**ংসল অঞ্জে থাকি, কাজেই** সেথানকার হাসপাতালের অভাব-অভিযোগের ২০১টা ক**ণা বলি।** বর্ধমান জেলায় বর্ধমান সদর হাসপাতাল রয়েছে—সেথানকার লোকেরও হৃদরোগ হয় এবং এ≹ ভূদ**রোগ পরীক্ষা করবার** জ্লাসেথানে যন্ন গিয়েছিল, বোধহ্ম ৫।৭ বছর হয়ে গেল সেই **যন্ত্র সারাবার** জ্যু সেথানে **লোক গেল** না। সেথানে অনেক ওণ্ধ বরফ দিয়ে রাথা হয় এবং তারজ্যু একটা রেফ্রিজারেটর বর্ধমান জেলা হাসপাতালে ছিল: সেই রেফ্রিজারেটরের মেরামতের কণা বহুবার বলা হয়েছে কিন্তু তার কোন ব্যবস্থা আজপর্যস্ত হল না। হাসপাতাল অনেক জায়গায় হয়েছে এটা ঠিক্ই এবং বৈত্যতিক আলো অনেক জায়গায় হয়েছে—বৈত্যতিক আলো পাশ দিয়ে যাচ্ছে অওচ হানপাতালগুলি বৈত্যতিক আলোর স্থযোগ পাবেনা। আমি তুটো একজাম্পল দিতে পারি— একটা একজাম্পল হচ্ছে — বৰ্ধমানেৰ পুলিশ হাসপাতাল, আৱ একটা একজাম্পল হচ্ছে – ডায়মণ্ডহাৰবাৰ হাসপাতাল। তারপরে আজকাল হাসপাতালে রোগীকে ভতি হতে হলে তাকে অনেকরকম ঘষ দিতে হয়। একটা ঘুষের রকম হচ্ছে যে আরি. এম. ও-কে ফি দিয়ে আগে দেখাতে হবে। আরে. এম. ও-কে যদি ফি দিয়ে দেখানো যায় ভাহলে রোগীর সীট পাওয়ার বাবস্থা হয়ে যায়। যদি আমার. এম. ও-কে ফি না দেওয়া যায় তাহলে সীট পাওবা অসন্তব হয়ে পডে। ভায়মওহারবার হুদ্রপিটালের একটা অভিযোগের কথা স্থার, আপনার কাছে মোদান করি। দেটা হচ্ছে ৪।৫ বছরের একজন মুদ**লমান ছেলেকে কুবুর কাম**ডে**ছিল।** কুকুরে কামডাবার পর চিকিৎসার জন্ম ছেলের বাপ ছেলেটা**কে** শেখানে নিয়ে যায়। তারজভা ওমুধ তাকে কিনতে হয় এবং চিকিৎদাযে ডাক্তাররা করেন সে**ই** ডাক্তারদের তারজন্ম প্রসা দিতে হয়। এস. ডি. ও. বা স্থানীয় এম. এল. এ.-দের চিঠিও সেক্ষেত্রে কার্যকরী হয় না। যদি সভিত্যকারে হাসপাতালকে জনসাধাবণের প্রতিষ্ঠানে পরিণত করতে হয় ভাছলে এর মধ্য থেকে এই জাতীয় হুনীতি দুরীভূত করতে হবে।

[12-30—12 40 p.m.]

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, I have so long carefully listened to the speeches which have just been delivered on the floor of the House. I have also gone through the amendments for reduction of demands on Grants Nos. 21 and 22 under 38 Medical and 39-Public Health. I have also paid my attention to all the allegations and adverse commends which have been made by my friends on the opposite and also the commends made by my friends on this side of the House.

Sir, Shri Niranjan Sengupta has reminded me of the cut motion given by Shri Jyoti Basu in which he has referred to a matternity case which was admitted in the Purulia Hospital.

The patient—a multipara—was admitted in Purulia hospital recently towards the evening for confinement with light pains. Her pain increased towards midnight, when she was taken to labour room. There were other emergent cases in the maternity ward the same night-for example an eclampsia case, and the nurse on duty had to rush back to the ward for looking after the convulsions leaving the patient in the labour room with the sweeper woman in attendance In the meanwhile, being a multipara case and due to precipitate labour she was delivered of a child. Accidentally probably due to the sweeper woman's in attention the child slipped into the bucket placed underneath for reception of placenta. The matter has been regretted. We join in the same voice in decrying it. We made a sifting enquiry. After the enquiry it was found that there was no wilful negligence but accidentally the patient was delivered of a child when she was not expected to—within a few minutes—within a very short time. We carried out an investigation. After that we gave them warning. The nurse was transferred and also other staff considered indirectly responsible are being moved away. We are still going on with the investigation. Lately within the last three or four days—I sent the Assistant Directors to enquire into it in detail. After all, I am convinced in the same way. In fact about a week before I went to Shri Jyoti Basu and told him all about it; and he has accepted it. I think this will satisfy honourable members.

First of all, I will take up the remarks made by Mr. Ghani during the discussion in connection with the budget and also in connection with the Governor's address. Dr. Ghani had very damaging remarks to make against the working of the Department, the policy of the Government, ann specifically he has brought charges about maladministration; he has drawn a very dark picture regarding the leprosy clinic. There is a very queer thing that he suggested; he suggested that whenever I go to Bankura, I put up in the house of a particular doctor. Nothing can be more queer than this. It is entirely imaginary. I do not know whether it belongs to the imagination of a lotus-eater. I have got a house in Bankura and a big establishment there. It is not necessary for me to go anywhere else. That applies to myself. For making a digression I beg to be excused for taking some time.

Regarding the R. G. Kar Medical College, that has been a very vexed problem. Many of the honourable members have commented on it. Dr. Ghani has painted a very dark picture. He has said that it is in a condition of standstill. You have already heard about the strikes in the R. G. Kar hospital. They have got an organisation. Persons connected with them have to carry on some of their activities. I think the thing can be settled. Only two days ago they went on deputation to the Hon'ble Chief Minister. All those points which can be easily solved were raised. There may be some tangible reasons for the delay in the payment, that there are more than seven to eight hundred workers and there is the question of settlement of their pay, fixation of their pay and so on and so forth. All these have to be done, and it will take a pretty long time. This is being done.

He has said that there were no arrangements for operations in the hospital. Sir, nothing can be more perversion of truth than this. The hospital does a large number of important surgical operations. He has mentioned specially the want of catgut.

Mr. Speaker: You are going to answer the points which have been raised in the Governor's speech. You are only to answer the points which have been raised today. I would request you to be short in your speech.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, I have not had the opportunity to say on all these matters. Sir, I have told you that this is a very vexed problem and on which we have got criticisms in the Press and we have got comments also everywhere. That is why I am dilating so much on all these things and there is a necessity for it. It is not only unavoidable but it is essential.

Sir, Dr. Hirendra Kumar Chattopadhyay has remarked about the R. G. Kar Hospital and he said that the promise held out by the Hon'ble Chief Minister has not been kept. We are unmindful of everything and we are not going to do it-it is not a fact at all. If you go through the data and the recurring expenditure of the College immediately after it was taken, you will find that large sums were allotted for the repair works which require about seven lakes of rupees. Then there were other expenditures also. All the defects which were existing at the time when the College was taken over, were attended to so that they can be put into proper action. Then there were difficulties with regard to the water supply position. A tube-well of two inches diameter has been installed there and we are also going to instal a six inches diameter tube-well and that will, I think serve the purpose of the whole Institution. There will be no clamour after that. The recurring expenditure that we are making over that College is 45 lakhs of rupees and for the hospital 195 lakhs, the total being about Rs. 24 lakhs. One hundred students were taken in each years. We spent Rs. 9 5 lakhs and 55 lakhs for the hospital. That comes to about Rs. 64 lakhs. Sir, there also we are meeting the expenses of 100 students every year. If you compare R. G. Kar with the Medical College, you will find Medical College Hospitals get more than double the establishment than we have got in R. G. Kar. Naturally it is quite proportionate. Dr. Hiren Chatterjee, I find, has not the courage to remain here to hear all these things. He is a versatile man from the education as well as the medical points of view and he interferes in everything. Had he been here at the present moment, that would have opened his eyes.

Sir, Dr. Narayan Roy has given certain concrete suggestions for which I thank him, viz. the emergency cases of accidents. During my introductory speech in the beginning I have already said how we are going to implement this so that they may be an equitable distribution of the emergency cases throughout the whole area of Calcutta.

[12-40-12-50 p.m.]

Now, Sir, you have already heard—it was published in the papers also—that Calcutta will be divided into 11 zones and the big hospitals will be taken as the main centres or headquarters round about which there will be four or five subsidiary centres at the neighbouring

dispensaries or hospitals which are already existing in the respective areas, and which will be taken up to serve the purpose of the subsidiar centres. The whole scheme is now under assessment and examination by a Special Officer whom we have appointed and after his report on the scheme is received, further action will be taken and, as I have said attempts will be made to implement the scheme during the coming year. Sir, he has also mentioned about the R. G. Kar Medical College but I have already dealt with that.

Sir, regarding nursing arrangements—this is also a very importan problem—there have been various improvements in this direction Dr. Narayan Chandra Roy has given a suggestion that if we recruit nurse from their home districts and place them in those districts, then it would be possible for them to work wholeheartedly and there will be greate facilities regarding their other amenities and also the security and protection which these girls require. Sir, we always try to recruit nurse from every district and place them in their respective home districts and I must say that we always try to recruit nurses with the necessary qualifications. Every nurse has to have a certain amount of qualifications intellectual capabilities and also personal qualities. But nurses with requisite qualifications are not always available and since we are already in dearth of nurses we have sometimes to lower the standards. I can say that our standard at the present moment is not very high and this is because we want to have a large number of girls trained up for the nursing profession. So the preparation for the nursing profession, namely the training itself, has to conform to certain standard of qualifications because these nurses have to deal in situations of life and death but a the same time we have to gear up our necessity of providing as many nurses as possible and in order to do that we have to conform to the standard which is necessary, otherwise they might jeopardise the lives o patients in the hospitals. Sir, you are aware of all this and that is the reason why according to the phased programme that we have we are trying to produce as many trained nurses as possible. Now, Sir, if you look to the picture of the nursing arrangements which we have got now. you will find that the total number of nurses working at the present moment in the State of West Bengal is 4,298. Of these, we have got the Grade I of 42 Nursing Superintendents' group; then we have also got Grade I comprising 135 Nursing Sisters' group; then the Grade II group—the Staff Nurses, and they are about 721 and then we have got the Grade III—the auxiliary Nurse-cum-Midwives numbering 819. We have got the Sevikas numbering 1460 who are under training now and we have got about 1,000 untrined nurses. In addition to that there are about 100 Lady Visitors and 500 Midwives and Dais. This is our positson.

In order to maintain the ratio of nurses and beds—1:5, we require 180 more nurses in the next year because we expect that there will be an addition of 900 beds to the existing ones. Regarding the beds, my friend Shri Ziaul Haque has already dealt with the problems. I need not go into the details. My other friends have also adequately narrated all the improvements that have been made. I am thankful to them that they have come forward with these statements for the information of the House. We expect that in the course of the coming year there will be an addition of 210 qualified nurses. This will enable us to maintain the ratio of 1 nurse to 5 beds.

Shri Pabitra Mohan Roy also has raised the same question of congestion in the hospitals. Sir, you have seen how we have made arrangements, beds so that we can accommodate more patients. I have already dealt with this question in my speech.

